Barcode - 4990010123260
Title - Bengal Legislative Assembly Proceedings (1978) vol.69, pt.2
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 940
Publication Year - 1978
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13
4990010123260

Vol. 69 No. 2

# ASSEMBLY PROCEEDINGS

## OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

## Sixty Ninth Session

(November-December Session, 1978)
(From the 17th November to the 15th December, 1987)

(The 1st, 4th, 5th, 6th, 7th, 8th, 13th, 14th, and 15th, December, 1978)

Price : Rs. 116.00

Published by authority of the Assembly under Rule 356 of the
of Procedure and Conduct of Business in the
West Bengal Legislative Assembly

Vol. 69
No. 2

ASSEMBLY PROCEEDINGS

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

Sixty Ninth Session

( November-December Session, 1978 )

( From the 17th November to the 15th December 1978 )

( The 1st, 4th, 5th 6th 7th 8th 13th, 14th and 15th December 1978 )

Published by authority of the Assembly under Rule 353 of the
Rules of Procedure and Conduct of Business in the
West Bengal Legislative Assembly

## GOVERNMENT OF WEST BENGAL

### Governor

### SHRI TRIBHUBAN NARAYAN SINGH

### Members of the Council of Ministers

1. Shri Jyoti Basu, Chief Minister and Minister-in-charge of Home Department (excluding Jails, Transport, Passport, Civil Defence and Parliamentary Affairs Branches), Sports Branch of Department of Education, Department of Power and Hill Affairs Branch of Department of Development and Planning.
2. Shri Krishna Pada Ghosh, Minister-in-charge of Department of Labour.
3. Dr. Ashok Mitra, Minister-in-charge of Finance Department, Department of Development and Planning (excluding Sundarban Areas, Hill Affairs and Jhargram Affairs Branches) and Department of Excise.
4. Shri Pravas Chandra Roy, Minister-in-charge of Department of Irrigation and Waterways and Sundarban Areas Branch of Department of Development and Planning.
5. Shri Amritendu Mukherjee, Minister-in-charge of Department of Animal Husbandry and Veterinary Services.
6. Shri Buddhadev Bhattacharjee, Minister-in-charge of Department of Information and Cultural Affairs.
7. Shri Prasanta Kumar Sur, Minister-in-charge of Department of Local Government and Urban Development and Metropolitan Development Branch of Public works Department.
8. Shri Radhika Ranjan Banerjee, Minister-in-charge of Refugee Relief and Rehabilitation Department and Relief Branch of Relief and Welfare Department.
9. Shri Benoy Krishna Chowdhury. Minister-in-charge of Department of Land Utilisation and Reforms and Land and Land Revenue.
10. Shri Chittabrata Mazumder, Minister-in charge of Department of Cottage and Small-Scale Industries.

11. Shri Mohammed Amin, Minister-in-charge of Transport Branch of Home Department.

12. Shri Partha De, Minister-in-charge of Primary Education, Secondary Education and Library Service Branches of Department of Education.

13. Shri Hashim Abdul Halim, Minister-in-charge of Legislative Department and Judicial Department.

14. Shri Parimal Mitra, Minister-in-charge of Department of Forest and Department of Tourism.

15. Dr. Kanailal Bhattacharya, Minister-in-charge of Department of Commerce and Industries and Department of Public Undertakings and Department of Closed and Sick Industries.

16. Shri Sambhu Charan Ghosh, Minister-in-charge of Department of Education (excluding Sports, Primary Education, Secondary Education and Library Service Branches).

17. Shri Bhakti Bhusan Mandal, Minister-in charge of Department of Fisheries and Department of Co-operation.

18. Shri Kamal Kanti Guha, Minister-in charge of Department of Agriculture

19. Shri Jatin Chakraborty, Minister-in-charge of Public Works Department (excluding Metropolitan Development Braneh and Department of Housing.

20. Shri Nani Bhattacharya, Minister-in-chargo of Department of Health and Family Welfare.

21. Shri Debabrata Bandopadhyay, Minister-in-charge of Department of Panchayats and Community Development and Jails Branch of Home Department.

22. Shri Sudhin Kumar, Minister-in-charge of Department of Food and Supplies.

23. Shri Bhabani Mukherjee, Minister-in-charge of Parliamentary Affairs Branch of Home Department.

24. Srimati Nirupama Chatterjee, Minister of State-in charge of Welfare Branch of Relief and Welfare Department.

25. Shri Sambhunath Mandi, Minister of State-in-charge of Scheduled Castes and Tribes Welfare Department, and Jhargram Affairs Branch of Department of Development and Planning.

26. Shri Sibendra Narayan Chowdhury, Minister of State-in-charge of Transport Branch of Home Department.

27. Shri Md. Abdul Bari, Minister of State for Primary Education, Secondary Education and Library Service Branches of Department of Education.

28. Shri Kånti Biswas, Mintster of State-in-charge of Department of Youth Services and Passport Branch of Home Department.

29. Shri Ram Chatterjee, Minister of State-in charge of Civil Defence Branch of Home Department,

**WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY**
**PRINCIPAL OFFICERS AND OFFICIALS**

**Speaker : Shri Syed Abul Mansur Habibullah**

**Deputy Speaker : Shri Kalimuddin Shams**

**SECRETARIAT**

**Secretary : Shri P. K. Ghosh**

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

1. A, B. Goani Khan Chowdhury, Shri, (48-Sujapur-Malda)
2. A. K. M. Hassan Uzzaman, Shri (92-Deganga-24-Parganas)
3. Abdul Bari, Shri, Md. (60-Domkal-Murshidabad)
4. Abdul Quiyom Molla, Shri (119-Diamond Harbour-24-Parganas)
5. Abdur Razzak Molla. Shri (106-Canning East-24-Parganas)
6. Abdus Satter, Shri (55-Lalgola-Murshidabad)
7. Abedin, Dr. Zainal (34-Itahar-West Dinajpur)
8. Abul Hassan, Shri (145-Bowbazar-Calcutta)
9. Abul Hasant Khan, Shri (50-Farakka-Marshidabad)
10. Abul Mansur Habibullah, Shri Syed (277-Nandanghat-Burdwan)
11. Adak, Shri Nitai Charan (17+-Kalyanpur-Howrah)
12. Anisur Rahaman, Shri (93-Swarupnagar-24-Parganas)
13. Atahar Rahaman, Shri (59-Jalangi-Murshidabad)
14. Bag. Dr. Saswati Prasad (204-Mahishadal-Midnapore)
15. Bagdi, Shri Lakhan.[263-Ukhra (S.C.)-Burdwan]
16. Bandyopodhyay, Shri Gopal (183-Singur-Hoogly)
17. Bandyopadhyay. Shri Balai (184-Haripal-Hoogly)
18. Bandyopadhyay, Shri Debabrata (63-Berhampur-Murshidabad)
19. Banerjee Shri Amiya (96-Hasnabad-24-Parganas)
20. Banerjee, Shri Binoy (156-Sealdah-Calcutta)
21. Banerjee Shri Madhu (257-Kulti-Burdwan)
22. Banerjee, Shti Radhika Ranjan (136-Kamarhati-24-Parganas)
23. Bapuli, Shri Satya Ranjan (123-Mathurapur-24-Pargnnas)
24. Barma, Shri Manindranath [9-Tufanganj (S.c.)-Cooch Behar]
25. Barman, Shri Kalipada [101-Basanti (S.C.)-24 Parganas]
26. Basu, Shri Bimal Kanti (5-Cooch Behar West-Cooch Behar)
27. Basu. Shri Debi Prosad (77-Nabadwip-Nadia)
28. Basu, Shri Gopal (129-Naihati-24-Parganas)
29. Basu, Shri Jyoti (117-Satgachia-24-Parganas)
30. Basu, Shri Nihar Kumar (131-Jagatdal-24-Parganas)
31. Basu Ray, Shri Sunil (258-Barabani-Burdwan)
32. Bauri, Shri Bijoy [241-Raghunathpur (S.C.)-Purulia]

33. Bauri. Shri Gobinda [240-Para (S.C.)-Purulia]
34. Baxla, Shri John Arther [10-Kumargram (S.T.) Jalpaiguri]
35. Bera, Shri Pulak (203-Moyna-Midnapore)
36. Beta, Shri Sasabindu (172 Shyampur-Howrah)
37. Bhaduri, Shri Timir Baran (64-Beldanga-Murshidabad)
38. Bharati, Shri Haripada (142 Jorabagan-Calcutta)
39. Bhattacharjee, Shri Buddhadev (140-Cossipur-Calcutta)
40. Bhattacharya, Shi Kamal Krishna (180-Serampore-Hoogly)
41. Bhattacharya, Dr. Kanailal (165-Shibpur-Howrah)
42. Bhattacharya, Shri Nani (12-Alipurduar-Jalpaiguri)
43. Bhattacharya, Shri Gopal Krishna (135-Panihati-24-Parganas)
44. Bhattacharyya Shri Satyapada (68-Bharatpur-Murshidabad).
45. Bisui Shri Santosh [221-Garbeta West (S.C.)-Midnapore]
46. Biswas, Shri Binoy Kumar (82-Chakdah-Nadia)
47. Biswas, Shri Hazari [53-Sagardighi (S.C.)-Murshidabad]
48. Biswas, Shri Jayanta Kumar (61-Naoda-Murshidabad)
49. Biswas, Shri Jnanendranath [74-Krishnaganj (S.C.)-Nadia]
50. Biswas, Shri Kamalakshmi [84-Bagdaha (S,C.)-24-Parganas].
51. Biswas Shri Kanti Chandra (86-Gaighata-24 Parganas)
52. Biswas Shri Kumud Ranjan [98 Sandeshkhali (S.C.)-24-Parganas]
53. Biswas Shri Satish Chandra [80-Ranaghat East (S.C.)-Nadia]
54. Bora, Shri Badan [255-Indus (S.C.)-Bankura]
55. Bose, Shri Ashoke Kumar (148-Alipur-Calcutta)
56. Bose, Shri Biren (25-Siiiguri-Darjeeling)
57. Bose, Shri Nirmal Kumar (20-Jalpaiguri-Jalpaiguri)
58. Bouri, Shri Nabani [249-Gangajalghati (S.C.)-Bankura]
59. Chakraborty, Shri Jatin (151-Dhakuria-Calcutta)
60. Chakraborti, Shri Subhas (139-Belgachia-Calcutta)
61. Chakrabortty, Shri Umapati (196-Chandrakona-Midnapore)
62. Chakraborty, Shri Deb Narayan (189-Pandua-Hoogly)
63. Chattapadhya, Shri Sailendra Nath (181-Champdani-Hoogly)
64. Chattaraj, Shri Suniti (288-Suri-Birbhum)
65. Chatterjee, Shri Bhabani Prosad (293-Nalhati-Birbhum)
66. Chatterjee, Shrimati Nirupama (173-Bagnan-Howrah)

67. Chatterjee Shri Ram (185-Tarakeswar-Hoogly)
68. Chatterjee, Shri Tarun (265-Durgapur II-Burdwan)
69. Chatterjee, Shri Santasri (179-Uttarpara-Hoogly)
70. Chowdhuri, Shri Subodh (47-Manikchak-Malda)
71. Chhobhan Gazi, Shri (120-Magrahat West-24-Parganas)
72. Chowdhury, Shri Biswanath (38-Balurghat-West Dinajpur)
73. Chowdhury, Shri Gunadhar (254-Kotulpur-Bankura)
74. Chowdhury, Shri Abdul Karim (28-Islampur-West Dinajpur)
75. Chowdhury, Shri Benoy Krishna (271-Burdwan South-Burdwan)
76. Chowdhury, Shri Bikash (262-Jamuria-Burdwan)
77. Chowdhury, Shri Sibendra Narayan (8-Natabari-Cooch Behar)
78. Chowdhury, Shri Subhendu Kumar [46-Malda (S.C.)-Malda]
79. Dakua, Shri Dinesh Chandra [3-Mathabhanga (S.C.)-Cooch Behar]
80. Das, Shri Banamali [283-Nanur (S.C.)-Birbhum]
81. Das, Shri Jagadish Chandra (128 Bijpur-24-Parganas)
82. Das, Shri Nikhil (158-Burtola-Calcutta)
83. Das, Shri Nimai Chandra (118-Falta-24-Parganas)
84. Das, Shri Sandip (146-Chowringhee-Calcutta)
85. Das, Shri Santosh Kumar (168-Panchla-Howrah)
86. Das, Shri Shiba Nath [205-Sutahata (S.C)-Midnapore]
87. Das Mahapatra, Shri Balai Lal (212-Ramnagar-Midnapore)
88. Das Sharma, Shri Sudhir Chandra (224-Kharagpur Town Midnapore)
89. Daud Khan, Shri (107-Bhangore-24-Parganas)
90. De, Shri Partha (251-Bankura-Bankura)
91. Deb, Shri Saral (90-Barasat-24-Parganas)
92. Dey, Shri Ajoy Kumar (194-Arambagh-Hoogly)
93. Digpati, Shri Panchanan [193-Khanakul (S.C.)-Hoohly]
94. Doloi, Shri Rajani Kanta [219-Keshpur (S.C.)-Midnapore]
95. Ghosal, Shri Aurobindo (171-Uluberia South-Howrah)
96. Ghosh, Srimati Chhaya (58-Murshidabad-Murshidabad)
97. Ghosh, Shri Debsaran (72-Kaliganj-Nadia)
98. Ghosh, Shri Krishna Pada (155-Beliaghata-Calcutta)
99. Ghosh, Shri Malin (178-Chanditala-Hoogly)

## ALPHABETICAL LIST OF MEMBERS

100. Ghosh, Shri Sambhu Charan (186-Chinsura-Hoogly)
101. Golam Yazdani, Dr, (41-Khorba, Malda)
102. Goppi, Srimati Aparajita (4-Cooch Behar North-Cooch Behar)
103. Goswami, Shri Ramnarayan (273-Raina-Burdwan)
104. Goswami, Shri Subhas (248-Chhatna-Bankura)
105. Guha, Shri Kamal Kanti (7-Dinhata-Cooch Behar)
106. Guha, Shri Nalini Kanta (141-Shyampukur-Calcutta)
107. Gupta, Shri Jyotsna Kumar (284-Bolpur-Birbhum)
108. Gupta, Shri Sitaram (130-Bhatpara-24-Parganas)
109. Habib Mustafa, Shri (44-Araidanga-Malda)
110. Habibur Rahaman, Shri (54-Jangipur-Murshidabad)
111. Haldar, Shri Krishnadhan [124-Kulpi (S.C.)-24-Parganas]
112. Haldar, Shri Renupada [122-Mandirbazar (S.C.)-24-Parganas]
113. Hashim Abdul Halim, Shri (89-Amdanga-24-Parganas)
114. Hazra, Shri Haran [169-Sankrail (S.C.) Howrah]
115. Hazra Shri Manoranjan (192-Pursurah-Hoogly)
116. Hazra, Shri Sundar (222-Salbani-Midnapore)
117. Hira, Shri Sumanta Kumar [154-Taltola (S.C)-Calcutta]
118. Jana, Shri Haripada(Bhagabanpur) (208-Bhagabanpur-Midnapore)
119. Jana, Shri Hari Pada (Pingla) (217-Pingla-Midnapore)
120. Jana, Shri Manindra Nath (177-Jangipara-Hoogly)
121. Jana, Shri Prabir (206-Nandigram-Midnapore)
122. Kalimuddin Shams, Shri (147-Kabitirtha-Calcutta)
123. Kar, Shri Nani (88-Ashokenagar-24-Parganas)
124. Kazi Hafizur Rahaman, Shri (56-Bhagabangola-Murshidabad)
125. Khan, Shrl Sukhendu [256-Sonamukhi (S.C.)-Bankura]
126. Kisku, Shri Upendra [245-Raipur (S.T.)-Bankura]
127. Koley, Shri Barindra Nath (175-Amta-Howrah)
128. Konar, Shri Benoy, (275-Memari-Burdwan)
129. Kuiry, Shri Daman, [236-Arsha-Purulia)
130. Kujur, Shri Sushil [14-Madarihat (S.T.)-Jalpaiguri]
131. Kumar, Shri Sudhin (163-Howrah Central-Howrah)
132. Kundu, Shri Gour Chandra (81-Ranaghat West-Nadia)
133. Let (Bara), Shri Panchanan [290-Mayureswar (S.C.)-Birbhum]

134. Lutful Haque, Shri (51—Aurangabad—Murshidabad)
135. M. Ansar-Uddin, Shri (167—Jagatballavpur—Howrah)
136. Mahanti, Shri Pradyot Kumar (228 – Datan – Midnapore)
137. Mahata, Shri Satya Ranjan (237 – Jhalda – Purulia)
138. Mahato, Shri Nukul Chandra (234 – Manbazar – Purulia)
139. Mahato, Shri Shanti Ram (238 – Jaipur – Purulia)
140. Maitra, Shri Birendra Kumar (42 – Harishchandrapur – Malda)
141. Maitra, Shri Kashi Kanta (75—Krishnagar East – Nadia)
142. Maity, Shri Bankim Behari (207 – Narghat – Midnapore)
143. Maity, Shri Gunadhar (125 – Patharpratima – 24-Parganas)
144. Maity, Shri Hrishikesh (126 – Kakdwip – 24-Parganas)
145. Maity, Shri Satyabrata (211 – Contai South – Midnapore)
146. Majee, Shri Surendra Nath [232—Kashipur (S.T.) – Purulia
147. Majhi, Shri Dinabandhu [66—Khargram (S.C.)—Murshidabad]
148. Majhi, Shri Raicharan [282—Ketugram (S.C.) – Burdwan]
149. Majhi, Shri Sudhangsu Sekher [233—Bunduan (S.T.)—Purulia]
150. Maji, Dr. Binode Behari [247—Indpur (S C.)—Bankura]
151. Maji. Shri Pannalal (176—Udaynarayanpur—Howrah)
152. Maji, Shri Swadesranjan (201—Panskura East – Midnapore)
153. Majumdar, Shri Chittabrata (162—Howrah North—Howrah)
154. Majumdar, Shri Sunil Kumar (285—Labhpur—Birbhum)
155. Mal, Shri Trilochan [292—Hansan (S.C.)—Birbhum]
156. Malakar, Shri Nani Gopal (83—Haringhata—Nadia)
157. Malik, Shri Purna Chandra [272—Khandoghosh (S.C.)—Burdwan]
158. Malik, Shri Sreedhar [267—Ausgram (S.C.)—Burdwan]
159. Mandal, Shri Bhakti Bhusan (286—Dubrajpur—Birbhum)
160. Mandal, Shri Gopal [197—Ghatal (S.C.) – Midnapore]
161. Mandal, Shri Prabhanjan (127—Sagore—24-Parganas)
162. Mandal, Shri Rabindranath [91—Rajarhat (S.C.)—24-Parganas
163. Mandal, Shri Siddheswar [287—Rajnagar (S.C.)—Birbhum]
164. Mandal, Shri Sudhangshu [99—Hingalganj (S.C.) – 24-Parganas]
165. Mandal, Shri Sukumar [79—Hanskhali (S.C.) Nadia)
166. Mandal, Shri Suvendu (220—Garhbeta East – Midnapore)
167. Mandi, Shri Sambhunath [232—Binpur (S.T.)—Midnapore]
168. Mazumdar, Shri Dilip Kumar (264—Durgapur-I—Burdwan)
169. Mazumdar, Shri Dinesh (108—Jadavpur—24-Parganas)

170. Md. Sohorab, Shri (52—Suti—Murshidabad)
171. Ming. Shri Patras [26—Phansidewa (S.T.)—Darjeeling]
172. Mir Abdus Sayeed, Shri (115—Maheshtala—24-Parganas)
173. Mir Fakir Mohammad, Shri (71—Nakashipara—Nadia)
174. Mitra, Dr. Ashok (140—Rashbehari Avenue—Calcutta)
175. Mitra, Shri Parimal (19—Kranti—Jalpaiguri)
176. Mitra, Shri Ranjit (85—Bongaon—24-Parganas)
177. Mohammad Ali, Shri (43—Ratua—Malda)
178. Mohammed Amin, Shri (133—Titagarh—24-Parganas)
179. Mohanta, Shri Madhabendu (70—Palashipara—Nadia)
180. Majumder, Shri Hemen (104—Baruipur—24-Parganas)
181. Mondal, Shri Ganesh Chandra [100—Gosaba (S.C.)—24-Parganas]
182. Mondal, Shri Kshiti Ranjan [97—Haroa (S.C.)—24-Parganas]
183. Mondal, Shri Raj Kumar [170—Uluberia North (S.C.)—Howrah]
184. Mondal, Shri Sahabuddin (73—Chapra—Nadia)
185. Modal, Shri Sasanka Sekher (291—Rampurhat—Birbhum)
186. Morazzam Hossain, Shri Syed (218—Debra—Midnapore)
187. Mostafa Bin Quasem, Shri (94—Baduria—24-Parganas)
188. Motahar Hossain, Dr. (294—Murarai—Birbhum)
189. Mozumder, Shri Jaminikishore (37-Kumarganj, West Dinajpur)
190. Mridha, Shri Chitta Ranjan [105—Canning West (S.C.)—24-Parganas]
191. Mukherjee, Shri Amritendu (76—Krishnagar West—Nadia)
192. Mukherjee, Shri Anil (252—Onda—Bankura)
193. Mukherjee, Shri Bama Pada (259—Hirapur—Burdwan)
194. Mukherjee, Shri Bhabani (182—Chandernagore—Hoogly)
195. Mukherjee, Shri Bimalananda (78—Santipur—Nadia)
196. Mukherjee, Shri Biswanath (202—Tamluk—Midnapore)
197. Mukherjee, Shri Joykesh (166—Domjur—Howrah)
198. Mukherjee, Shri Mahadeb (239—Purulia—Purulia)
199. Mukherjee, Shri Narayan (95—Basirhat—24-Parganas)
200. Mukherjee, Shri Niranjan (112—Behala East—24-Parganas)
201. Mukherjee, Shri Rabin (113—Behala West—24-Parganas)
202. Mukhopadhyay, Dr. Ambarish (243—Hura—Purulia)
203. Mullick Chowdhury, Shri Suhrid (159—Maniktola—Calcutta)
204. Munsi, Shri Maha Bacha (27—Chopra—West Dinajpur)
205. Murmu, Shri Nathaniel [36—Tapan (S.T.)—West Dinajpur]

206. Murmu, Shri Sarkar [39 —Habibpur (S.T.)—Malda]
207. Murmu, Shri Sufal [40 – Gajoi (S.T.) – Malda]
208. Nanda, Shri Kiranmoy (214 – Mugberia – Midnapore)
209. Nurbula, Shri Dawa (24 – Kurseong – Darjeeling)
210. Naskar, Shri Gangadhar [109 – Sonarpur (S.C.) – 24-Parganas]
211. Naskar, Shri Sundar [110 – Bishnupur East (S.C.) – 24-Parganas)
212. Nath, Shri Manoranjan (279 – Purbasthali – Burdwan)
213. Neogy, Shri Brajo Gopal (190 – Polba – Hoogly)
214. Nezamuddin, Shri Md. (153 – Entally – Calcutta)
215. O'Brien, Shri Neil Aloysins (Nominated)
216. Ojha, Shri Janmejay (215 – Pataspur – Midnapore)
217. Omar Ali, Dr. (200—Panskura West – Midnapore)
218. Oraon, Shri Nohan Lal [18 – Mal (S.T.) – Jalpiguri]
219. Paik, Shri Sunirmal [209 – Khajuri (S.C.) – Midnapore]
220. Pal, Shri Bankim Behari (223—Midnapore, Midnapore)
221. Pal, Shri Bijoy (260 – Asansol – Burdwan)
222. Pal, Shri Rashbehari (210 – Contai North – Midnapore)
223. Panda, Shri Mohini Mohan (244 – Taldanga – Bankura)
224. Pandey, Shri Rabi Shankar (144 – Barabazar – Calcutta)
225. Pathak, Shri Patit Paban (161 – Bally – Howrah)
226. Phodikar, Shri Prabhas Chandra (198 – Daspur – Midnapore)
227. Pramanik, Shri Abinash [188 – Balagarh (S.C.) – Hoogly]
228. Pramanik, Shri Radhika Ranjan [121 – Magrahat (S.C.) – 24-Parganas]
229. Pramanik, Shri Sudhir [2 – Sitalkuchi (S.C.) – Cooch Behar]
230. Purkait, Shri Prabodh [102—Kultali (S.C.) – 24-Parganas]
231. Rai, Shri Deo Prakash (23 – Darjeeling – Darjeeling)
232. Raj, Shri Aswini Kumar (250 – Barjora – Bankura)
233. Ramjan Ali (29 – Goalpokhar – West Dinajpur)
234. Rana, Shri Santosh (230 – Gopiballavpur – Midnapore)
235. Ray, Shri Achintya Krishna (253 – Vishnupur – Bankura)
236. Ray, Shri Birendra Narayan (57 – Nabagram – Murshidabad)
237. Ray, Shri Matish (137 – Baranagar – 24-Parganas)
238. Ray, Shri Naba Kumar [32 – Kaliaganj (S.C.) – West Dinajpur]
239. Roy, Shri Amalendra (67 – Barwan – Murshidabad)
240. Roy, Shri Banamali [15 – Dhupguri (S.C.) – Jalpaiguri)
241. Roy, Shri Dhirendra Nath [21 – Rajganj (S.C.) – Jalpaiguri]

242. Roy, Shri Haradhan (261 – Raniganj – Burdwan)
243. Roy, Shri Hemanta Kumar (278 – Manteswar – Burdwan)
244. Roy, Shri Krishnadas (227 – Narayangarh – Midnapore)
245. Roy, Shri Monoranjan (199 – Nandanpore – Midnapore)
246. Roy, Shri Nanu Ram [195 – Goghat (S.C.) – Hoogly]
247. Roy, Shri Pravas Chandra (111 – Bishnupur West – 24-Parganas)
248. Roy, Shri Sada Kanta [1 – Mekliganj (S.C.) – Cooch-Behar]
249. Roy, Shri Tarak Bandnu [17 – Maynaguri (S.C.) – Jalpaiguri]
250. Roy Barman, Shri Khitibhusan (116 – Budge Budge – 24-Parganas)
251. Roy Chowdhury, Shri Nirode (87 – Habra – 24-Parganas)
252. Rudra, Shri Samar Kumar (157 – Vidyasagar – Calcutta)
253. Saha, Shri Jamini Bhusan (132 – Noapara – 24-Parganas)
254. Saha, Shri Kripa Sindhu [191 – Dhaniakhali (S.C.) – Hoogly]
255. Saha, Shri Lakshi Narayan [266 – Kanksa (S.C) – Burdwan]
256. Sajjad Hussain, Shri Haji (30 – Karandighi— West Dinajpur)
257. Samanta, Shri Gouranga (216 – Sabong – Midnapore)
258. Santra, Shri Sunil [274 – Jamalpur (S.C.) – Burdwan]
259. Sanyal, Shri Samarendra Nath (69 – Karimpur – Nadia)
260. Sar, Shri Nikhilananda (281 – Mongalkot – Burdwan)
261. Sarkar, Shri Deba Prasad (103 – Joynagar – 24-Pargans)
262. Sarkar, Shri Kamal (134 – Khardah – 24-Parganas)
263. Sarkar, Shri Sailen (46 – Englishbazar – Malda)
264. Sarkar, Shri Ahindra (35 – Gangarampur – West Dinajpur)
265. Sarkar, Shri Dhirendranath [33 – Kushmandi (S.C.) – West Dinajpur]
266. Satpathy, Shri Ramchandra (231 – Jhargram – Midnapore)
267. Sen, Shri Bholanath (268 – Bhatar – Burdwan)
268. Sen, Shri Deb Ranjan (269 – Galsi – Burdwan)
269. Sen, Shri Dhirendranath (289 – Mahammad Bazar – Birbhum)
270. Sen, Shri Lakshmi Charan (160 – Belgachia West – Calcutta)
271. Sen, Shri Sachin (152 – Ballygunge – Calcutta)
272. Sen Gupta, Shri Dipak (6 – Sitai – Cooch Behar)
273. Sen Gupta, Shri Prabir (187 – Bansberia – Hoogly)
274 Sen Gupta, Shri Tarun (138—DumDum, 24 Parganas)
275. Shaikh Imajuddin, Shri (62 – Hariharpara – Murshidabad)
276. Shamsuddin Ahmad, Shri (49 – Kaliachak – Malda)
277. Shastri, Shri Vishnu Kant (143 – Jorasanko – Calcutta)

278. Sing, Shri Buddhadeb [229 - Nayagram (S.T.) - Midnapore]
279. Singh, Shri Chhedilal (114 - Garden Reach - 24-Parganas)
280. Singh, Shri Khudi Ram [226 - Keshiary (S.T.) - Midnapore]
281. Singha Roy, Shri Jogendra Nath [13—Falakata (S.T.)—Jalpaiguri]
282. Sinha, Shri Atish Chandra (65—Kandi—Murshidabad)
283. Sinha, Dr. Haramohan (280—Katwa—Burdwan)
284. Sinha, Khagendra Nath [31—Raiganj (S.C.)—West Dinajpur]
285. Sinha, Shri Prabodh Chandra (213—Egra—Midnapore)
286. Sinha Ray, Shri Guru Prasad (276—Kalna—Burdwan)
287. Sk. Siraj Ali, Shri (225—Kharagpur Rural—Midnapore)
288. Soren, Shri Suchand [246—Ranibandh (S.T.)—Bankura]
289. Subba, Shrimati Renu Leena (22—Kalimpong--Darjeeling)
290. Sur, Shri Prasanta Kumar (150—Tollygunge—Calcutta)
291. Tah, Shri Dwarka Nath (270—Burdwan North—Burdwan)
292. Talukdar, Shri Pralay (164—Howrah Sauth—Howrah)
293. Tirkey, Shri Manohar [11—Kalchini (S.T.)—Jalpalguri]
294. Tudu, Shri Bikram [253—Balarampur (S.T.)—Purulia]
295. Uraon, Shri Punai [16—Nagrakata (S.T.)—Jalpalguri]

**Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provision of the Constitution of India**

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 1st December, 1978 1 P. M.

**Present**

Mr. Speaker (SHRI SY[redacted] in the Chair, 14 Minist[redacted] Members.

## HELD OVER STARRED QUESTIONS

**(To which oral answers were given)**

### বাগনান থানায় ত্রাণসামগ্রী ছিনতাই

[ 1-00—1-10 P.M. ]

*৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *৮৭।) **শ্রীসন্দীপ দাস ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সাম্প্রতিক বন্যার পরিপ্রেক্ষিতে বাগনান থানায় বিতরণের জন্য নির্দিষ্ট ত্রাণসামগ্রী ছিনতাই হয়েছে ;

(খ) সত্য হ'লে উক্ত ছিনতাইকারিগণ কি কোন রাজনৈতিক দলভুক্ত ; এবং

(গ) উক্ত ছিনিয়ে নেওয়া জিনিস কি তাঁরা পরে বন্যাক্লিষ্ট ব্যক্তিদের মধ্যে বিতরণ করেছেন ?

**Shri Jyoti Basu, Chief Minister :**

(ক) হ্যাঁ, এরূপ একটি ঘটনার খবর পাওয়া গিয়েছে ;

(খ) জানা যায়নি ;

(গ) জানা নেই।

**শ্রীসন্দীপ দাস ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, এই ঘটনা যখন ঘটে তখন ওখানে কাছাকাছি রাজ্যসরকারের কোন মন্ত্রী উপস্থিত ছিলেন কিনা ?

**শ্রীজ্যোতি বসু ঃ** না, এরকম কোন খবর আমার কাছে নেই।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, যারা এটা করেছে তারা কোন পার্টিভুক্ত—সি. পি. এম ?

**শ্রীজ্যোতি বসু ঃ** তারা কাকে ভোট দিয়েছে আমি জানি না।

**শ্রীসন্দীপ দাস ঃ** মাননীয় মুখ্যমন্ত্রীমহাশয় জানাবেন কি, এ সম্পর্কে কোন এফ. আই. আর করা হয়েছে কিনা ?

**শ্রীজ্যোতি বসু ঃ** না, এরকম কোন খবর নেই যে কারুর নামে এফ. আই. আর করা হয়েছে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় মুখ্যমন্ত্রীমহাশয় বললেন যে তারা কাদের ভোট দিয়েছে তা জানা নেই। আমার প্রশ্ন, যে সমস্ত ব্যক্তি এটা করেছে তাদের আইডেনটিটি বা তারা কারা সেটা জেনেছেন কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** এতই যদি জানা যেত তাহলে তো প্রশ্নের উত্তরটাই অন্য রকম হ'ত। তারা কংগ্রেস (আই), না, ঐ আর একটা কংগ্রেস যা আছে তাই··· (ভয়েস ঃ—সি. পি. এম) সি. পি. এম এসব কাজ করে না, কংগ্রেসই করে থাকে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় মুখ্যমন্ত্রীমহাশয়কে দেখছি প্রথমেই উত্তেজিত হয়ে গিয়েছেন, উত্তেজিত হবার কিছু নেই, প্রশ্নের জবাব তো দিতে হবে। আমার প্রশ্ন, মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এ ব্যাপারে কাউকে গ্রেপ্তার করেছেন কিনা ?

**শ্রীজ্যোতি বসু ঃ** না, করি নি।

**শ্রীরজনীকান্ত দোলুই ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে ছিনতাই হয়েছে ত্রাণ সামগ্রী, কিন্তু সেইগুলো কি উদ্ধার করা হয়েছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** এই রকম একটা খবর আমার কাছে ছিল, কিন্তু উদ্ধার হয়েছে কি না, এই সব খবর পরবর্তী কালে আমার কাছে আসেনি।

**শ্রীজন্মেজয় ওঝা ঃ** এই ছিনতাই এর ঘটনা আপনাকে কে জানালো ?

**শ্রীজ্যোতি বসু ঃ** তার নাম আমার কাছে নেই।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি আজ পর্য্যন্ত জানেন না যারা এই সব কাজ করেছে, তারা কারা ?

**শ্রীজ্যোতি বসু ঃ** জানলে উত্তর দিতাম।

**শ্রীসুনীতি চট্টরাজ :** মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি, এই রকম ঘটনা ঘটে গেল, পুলিশ যে উপযুক্ত তদন্ত করলো না, উপযুক্ত রিপোর্ট মুখ্যমন্ত্রীকে দিলো না, তারা কি পশ্চিমবাংলাকে অন্ধকার রাখতে চান—মুখ্যমন্ত্রীমহাশয়কে যে ভেগ রিপোর্ট দিলো, এই বিষয়ে কি পশ্চিমবাংলাকে তিনি অন্ধকারে রাখতে চান ?

**শ্রীজ্যোতি বসু ঃ** না জানলে আমি তো বলতে পারি না যে আমি জানি—এটা হতে পারে না।

**শ্রীসন্দীপ দাস ঃ** মন্ত্রীমহাশয়ের এই বিষয়ে অনুসন্ধান করার ইচ্ছা আছে কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** আপনি যদি বলেন তাহলে খোঁজ নিয়ে দেখতে পারি, তবে আমার কোন ইনটেনশন নেই।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মন্ত্রীমহাশয় বললেন, নিজের কোন ইচ্ছা নেই, সি. পি. এম, দলভুক্ত কেউ ইনক্লুডেড বলেই কি তাঁর ইচ্ছা নেই ?

**শ্রীজ্যোতি বসু ঃ** আমি তো আগেই বললাম, যারা ছিনতাই করেছিল, তারা কংগ্রেসকে ভোট দিয়েছে কি সি. পি. এম. কে ভোট দিয়েছে, তা আমার জানা নেই।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** তাহলে তদন্ত করবার নির্দেশ দিচ্ছেন না কেন ?

**শ্রীজ্যোতি বসু :** যিনি প্রশ্ন করেছেন উনি যদি বলেন তাহলে আর একবার খোঁজ করে দেখতে পারি, তবে আমার এই বিষয়ে ইচ্ছা নেই।

**শ্রীসন্দীপ দাস ঃ** মুখ্যমন্ত্রীমহায়কে অনুরোধ করছি যে এই বিষয়ে একটা তদন্ত হোক।

( নো রিপ্লাই )

**শ্রীশেখ ইমাজুদ্দিন :** এই রকম ঘটনা ঘটলো, সরকারের কি দায় দায়িত্ব নেই অনুসন্ধান করে দেখবার ?

**মিঃ স্পীকার :** একই প্রশ্ন এই ভাবে বারবার করেছেন কেন বুঝতে পারছি না। যাই হোক, এখন আমি মেম্বারদের বলছি, আজ স্থগিত প্রশ্ন অনেক কম আছে এবং চার পাতার কোশ্চেন আছে। সাপ্লিমেণ্টারী করবার সময় একটু খেয়াল করে করবেন, তা নাহলে অসুবিধা হবে।

## মেদিনীপুরে সরকারী রিলিফের আটা লুঠ

*১০৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭৯।) **শ্রীসন্দীপ দাস :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুরের রামনগরে সাম্প্রতিক বন্যার সময়ে সরকারী রিলিফের আটা ছিনিয়ে নেওয়া হয় ; এবং

(খ) সত্য হলে,—

(১) স্থানীয় বি ডি ও এ বিষয়ে পুলিসকে জানিয়েছিলেন কি, ও

(২) জানিয়ে থাকলে, পুলিস ঐ ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করেছিলেন ?

**শ্রীজ্যোতি বসু :** (ক) এবং (খ) :—

গত ৫.৯.৭৮ তারিখে রামনগরের বি. ডি. ও-র অভিযোগের ভিত্তিতে ভারতীয় দণ্ডবিধির ৩৭৯।৪৪৭।১৮৬ ধারায় একটি কেস চালু হয়। যদিও বিষয়টি বিচারাধীন, তবুও প্রাথমিক অনুসন্ধানের ফলে যা জানা গেছে তা এই যে অনবধানতাবশত গ্রাম পঞ্চায়েতের প্রধান, উপ-প্রধান এবং কয়েকজন সদস্য দুইটি নৌকা সহযোগে বন্যাপীড়িত বেদিয়া অঞ্চলে রিলিফ বিতরনের জন্য রওয়ানা দেন। তাঁদের সঙ্গে একজন এ. এস. আই এবং একজন কনষ্টেবল ছিল কিন্তু ভুল বোঝাবুঝির ফলে ব্লকের কোন কর্মচারী ছিল না। ঘটনাটি আদৌ ছিনতাইয়ের নয়।

**শ্রীসন্দীপ দাস :** মাননীয় মুখ্যমন্ত্রী কি জানাবেন, বি, ডি, ও পুলিশকে যে অভিযোগ করেছিল, তার মধ্যে ছিনতাই-এর ঘটনা বলে উল্লেখ করেছিল কি না ?

**শ্রীজ্যোতি বসু ঃ** আমার কাছে সেই রকম রিপোর্ট নেই, কিন্তু এটা নিয়ম অনুযায়ী নিয়ে যাওয়া হয়নি, কারণ আমি আগেই বলেছি, যাদের থাকার কথা ছিল, তারা ছিলেন না, সেই জন্য একটা রিপোর্ট এই বি, ডি, ও'র পক্ষ থেকে আসে এবং সেই অনুযায়ী একটা মামলা রুজু হয়েছিল।

**শ্রীসন্দীপ দাস ঃ** এই ব্যাপারে সি, পি, এম-এর রামনগর কেন্দ্রে বিগত নির্বাচনে যে প্রার্থী ছিলেন, তিনি কি এই ঘটনার সঙ্গে জড়িত ?

**শ্রীজ্যোতি বসু ঃ** তিনি সি, পি, এম, এর প্রার্থী ছিলেন কিনা জানিনা, তবে রোহিনীবাবু বলে একজন এর সঙ্গে জড়িত এবং তিনি সি, পি, এম, এর সদস্য।

**শ্রীসন্দীপ দাস ঃ** মুখ্যমন্ত্রী মহাশয় কি জানাবেন, বি, ডি, ও'র উপর থেকে চাপ দেওয়া হয়েছে কি না, জেলা শাসকের তরফ থেকে এই মামলা প্রত্যাহার করার জন্য নির্দেশ দেওয়া হয়েছিল কি না ?

**শ্রীজ্যোতি বসু ঃ** না সেই রকম কোন নির্দেশ দেওয়া হয়নি, কোন চাপ সৃষ্টি হয়নি।

[ 1-10—1-20 P.M. ]

**শ্রীজন্মেঞ্জয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে, এখানে আপনি বলছেন ত্রাণ সামগ্রীর সঙ্গে পুলিশ ছিল, একজন এ, এস, আই এবং কনষ্টেবল ছিল, কিন্তু কার নির্দেশে তারা সেখানে ছিল ?

**শ্রীজ্যোতি বসু ঃ** আমার কাছে রিপোর্ট আছে, তাতে দেখছি তারা সেখানে অনেকক্ষণ ধরে অপেক্ষা করছিল ঐসব ত্রাণ সামগ্রী পৌঁছে দেবার জন্য। কিন্তু যাদের আসবার কথা ছিল, অর্থাৎ যাদের সঙ্গে তাদের যাবার কথা ছিল, তাদের আসতে দেরী হয়ে যায়। তখন তারা মনে করেন ত্রাণ সামগ্রী তাড়াতাড়ি পৌঁছে দেওয়া দরকার। তখন ৪৭০ কে, জি, সেখানে ত্রাণ সামগ্রী ছিল, সেগুলি তারা নিয়ে গিয়ে যাদের দেবার কথা তাদের মধ্যে বিতরণ করতে শুরু করেন। কিন্তু পরবর্তী কালে খুব সহজেই বুঝতে পারা যায় যে এটা একটা টেকনিক্যাল-এরর হচ্ছে। যার ফলে ৪১০ কে, জি, মত পরে জমা দেওয়া হয়। আর যেটা বিতরণ করেছিল, সেটারও লিষ্ট আছে। টেকনিক্যাল-এরর হয়েছিল বলেই তারা জমা করে দিয়েছে ;

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** আপনি বললেন, যাদের থাকবার কথা ছিল, তারা ছিল না। এই তারাটা কারা, এটা আপনি বাই পাশ করে যাচ্ছেন। আপনি কি দয়া করে বলবেন তারা কারা ?

**শ্রীজ্যোতি বসু :** বি, ডি, ও এবং তাঁর অনুমোদিত কোনও লোকের থাকবার কথা ছিল, কিন্তু তাঁরা তখনও পৌঁছননি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** আপনি মূল প্রশ্নের উত্তর দেবার সময় বলেছেন, যাদের থাকবার কথা ছিল, তারা ছিল না। আমার স্পেসিফিক প্রশ্ন হচ্ছে, তারা কারা, বি, ডি, ও, না সরকারী কর্মচারীদের কো-অর্ডিনেশন কমিটির লোকেরা ?

**শ্রীজ্যোতি বসু :** সেটা না বলার কোনও কারণ নেই, কিন্তু প্রশ্নে সেটা জানতে চাওয়া হয়নি। আর কো-অর্ডিনেসন কমিটি সরকারী কর্মচারীদের একটা ইউনিয়ন, একটা এ্যাসোসিয়েসন, তারা অনুমতি নিয়ে নিশ্চয়ই একাজ করতে পারেন।

**শ্রীজন্মেঞ্জয় ওঝা :** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, সাধারণতঃ ত্রাণের নৌকায় পুলিশ থাকবার কথা নয়, কিন্তু এখানে অভিযোগ উঠেছে যে, ওখানে কিছু টেকনিক্যাল ডিফেক্ট ছিল এবং পরে আপনি বললেন যে, ওখানে এ, এস, আই, এবং কনষ্টেবল ছিল, তা তারা কার নির্দেশে ছিল ?

**শ্রীজ্যোতি বসু :** আপনি ইনফরমেশন দিচ্ছেন, না নিচ্ছেন ?

**শ্রীজন্মেঞ্জয় ওঝা :** পুলিশ কেন ছিল, কার নির্দেশে ছিল ?

**শ্রীজ্যোতি বসু :** এ, এস, আই, বা এস, পি-র এটা কাজ নয়, পুলিশেরই এটা কাজ নয়। একথা আমি বার বার বলেছি যে, ওদের থাকার কথা নয় এবং ওদের থাকবার কথা ছিল না। সেখানে একটা টেকনিক্যাল-এরর হয়েছিল। পুলিশ ওখানে শুধু নৌকা করে মালগুলি পার করে দিয়েছিল।

**শ্রীরজনীকান্ত দলুই :** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বললেন যে, প্রধান এবং উপ-প্রধান ছিলেন সেই নৌকায় এবং তাঁরা নিয়ে গিয়েছিলেন। তা ঐ প্রধান এবং উপ-প্রধান কোন দলের লোক জানাবেন কি ?

**শ্রীজ্যোতি বসু :** আমি আগেই বলেছি, সি, পি, আই, (এম) দলের লোক।

**শ্রীসন্দীপ দাস :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, স্থানীয় এম, এল, এ, চীফ সেক্রেটারীকে বা আপনাকে ঘটনাটি জানিয়েছিলেন কি ; এবং জানিয়ে থাকলে সরকার এ ব্যাপারে কোনও ব্যবস্থা নিচ্ছেন না কেন ?

**শ্রীজ্যোতি বসু :** আমি একটা রিপোর্ট পেয়েছিলাম এবং সেটা আমার কাছে সরাসরি এয়েছিল, না চীফ সেক্রেটারীর মাধ্যমে এসেছিল, সেটা আমার মনে নেই। এই সব কাগজ দেখে সেটা সম্বন্ধে আমি কিছুই বলতে পারছি না।

**শ্রীদেবপ্রসাদ সরকার :** আপনি বলছেন ভুল বোঝাবুঝির জন্য এই রকম ঘটনা ঘটে গিয়েছে। কিন্তু যাদের থাকবার কথা ছিল ঐ সমস্ত জিনিষ দেখবার জন্য, সেই সমস্ত সরকারের লোকজন সেখানে ছিলেন না, তাহলে সেখান থেকে মাল চলেগেল কি করে ; তাহলে কি সেটা বলপূর্বক লুট-তরাজ করা হয়েছিল ?

**শ্রীজ্যোতি বসু :** আমি প্রথম প্রশ্নের জবাবে বলছি যে, তাঁরা ছিলেন জিনিষগুলি পৌঁছে দেবার জন্য। যখন যোগাযোগের বিঘ্ন ঘটল তখন প্রধান এবং উপপ্রধান সেখানে ছিলেন এবং তাঁরা তাড়াতাড়ি করে জিনিষগুলি পৌঁছে দেবার জন্যই এই কাজ করেছিলেন। তাঁরা এর মধ্যে অন্যায় কিছু নেই মনে করেই পৌঁছে দিয়েছিলেন। যখন দেখা গেল Technical error হয়েছে—কাদের কাদের দিয়েছেন তার একটা নামের list ছিল—সেই ৪১০ কে, জি, বা এই রকম পরিমাণ জিনিষ জমা করে দিয়েছিলেন।

## হোমগার্ড

*১০৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩০।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যে হোমগার্ডের সংখ্যা কত ;

(খ) হোমগার্ডদের স্থায়ীভাবে নিয়োগের কোন পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে কি ;

(গ) নতুন হোমগার্ডদের কিসের ভিত্তিতে নিয়োগ করা হয় এবং

(ঘ) ইহা কি সত্য যে,—

(১) অধিকাংশ হোমগার্ড কোন সক্রিয় রাজনৈতিক সংস্থার সহিত যুক্ত, ও

(২) প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকদের অনেকে হোমগার্ডের কাজ করেন ও ভাতা গ্রহণ করেন ?

**শ্রীরাম চ্যাটার্জী :** (ক) ৩২, ১৩০।

(খ) না।

(গ) ১৯৬২ সালের পশ্চিমবঙ্গ হোমগার্ড আইনের ৪নং ধারা অনুসারে পুলিশ এবং অন্যান্য সরকারী সংস্থাকে সাহায্য করিবার জন্য প্রয়োজনানুসারে স্বেচ্ছাসেবক নিয়োগ করা হয়।

(ঘ) (১) এইরূপ কোন তথ্য জানা নেই।

(২) প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকদের হোমগার্ড সদস্য হওয়ার আইনগত কোন বাধা নাই এবং কিছু সংখ্যক হোমগার্ড শিক্ষকতার কাজ করেন। তাঁহারা ডিউটি করিলে ভাতা পান।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, এই হোমগার্ড সম্পর্কে বিশেষ করে যারা অফিসার তাদের সম্পর্কে কোন অভিযোগ পাচ্ছেন কি ? কারণ গ্রামাঞ্চলে দেখা যাচ্ছে অধিকাংশই কংগ্রেস দলভুক্ত ঠ্যাঙারে বাহিনী হিসাবে কাজ করেন ?

**শ্রীরাম চ্যাটার্জী :** বর্ত্তমানে যে সরকার গদীতে আসীন আছেন সেই সরকার ঐ অফিসাররা কংগ্রেস দলভুক্ত না বামপন্থী দলভুক্ত সেটা দেখে না। আমরা মানুষের কাজ দেখি, কাজ দেখে নিয়োগ করি। কিছু কিছু হোমগার্ড আছেন—আমার কাছে রিপোর্ট এসেছে—সেই রিপোর্ট অনুযায়ী এনকোয়ারী করা হচ্ছে।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** হোমগার্ডে যে সমস্ত অফিসার কাজ করবেন তাদের নিরপেক্ষ থাকা বাঞ্ছনীয় কিন্তু কার্য্যতঃ তা ঘটছে না—এই রকম যদি আমি দৃষ্টান্ত দিই তাহলে পরে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেবেন কি ?

**শ্রীরাম চ্যাটার্জী :** দেবেন, আমি নিশ্চয়ই দেখবো।

**শ্রীরজনীকান্ত দলুই :** মাননীয় মন্ত্রীমহাশয় এই যে এত সংখ্যক হোমগার্ড রয়েছে বললেন—তাদের স্থায়ী ভাবে নিয়োগ করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

**শ্রীরাম চ্যাটার্জী:** আপনাদের সময়ে নিয়োগ করা উচিৎ ছিল। এই হোমগার্ড বাহিনীদের নিয়ে আপনারা অনেক দুষ্কার্য্য করেছিলেন কিন্তু আমরা এদের মানুষের সেবায় কাজে লাগিয়েছি, হোমগার্ড সেন্ট্রাল গভর্নমেণ্ট এবং পশ্চিমবাংলা দুদিক থেকেই নিয়োগ হয়। পশ্চিমবঙ্গ সরকারের অধিকার নেই এই হোমগার্ড বাহিনীকে স্থায়ী করা।

[ 1-20—1-30 P. M. ]

**শ্রীসুনীতি চট্টরাজ:** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে হোমগার্ডরা যাঁরা ভালভাবে কাজ করেছেন তাঁদের কোন স্পেশাল রিওয়ার্ড পেমেণ্ট করবেন কি না?

**শ্রীরাম চ্যাটার্জী:** পশ্চিমবঙ্গ সরকারের হোমগার্ডদের আগে কোন ভাতা ছিল না, এই সরকার তাঁদের ভাতা দিচ্ছেন—আর বণ্যার্ত মানুষদের যাঁরা রেসকু করেছেন তাঁদের রিওয়ার্ড দেবার বন্দোবস্ত হচ্ছে।

**শ্রীকৃপাসিন্ধু সাহা:** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে কাজের ভিত্তিতে নেওয়া হয়, কোন রাজনৈতিক দল হিসেবে নেওয়া হয় না, বহু জায়গায় ওদের অফিসাররা সক্রিয় ভাবে রাজনীতি করেন। তাদের সম্পর্কে সরকার কি ভাবছেন?

**শ্রীরাম চ্যাটার্জী:** প্রথম হচ্ছে যে যাঁরা রাজনীতি আগে থেকে করছেন—আগেকার সরকারের মত আমরা তাঁদের বিনা নোটিশে ছাঁটাই বা পেটাই করছি না। আমরা লিষ্ট করছি, প্রথমে নোটিশ পাঠাচ্ছি, তারপর সরাবার চেষ্টা করছি। ঐ রকম লোক আমরা রাখব না।

**শ্রীরজনীকান্ত দোলই:** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ১৯৪২ সালের আইন অনুযায়ী আপনি নিয়োগ করছেন। আপনি ১৯৪২ সালের আইনকে বদল করবার চেষ্টা করছেন কি?

**মিঃ স্পীকার:** দি কোয়েশ্চেন ডাস নট এ্যারাইজ।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র:** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন ঐ ৩২৪০০-র মধ্যে কতজন অফিসার এবং কতজন জেনারেল ক্যাডারভুক্ত আছেন?

**শ্রীরাম চ্যাটার্জী:** নোটিশ চাই।

**বীরভূমের নান্নুর থানায় সমাজবিরোধীর আক্রমণ**

*১০৯। (অনুমোদিত প্রশ্ন নং *১২৬।) **শ্রীসুনীতি চট্টরাজ :** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার নান্নুর থানার অন্তর্গত কুড়েয়া নিবাসী উপ-প্রধান শ্রীকিরিটি ভৌমিক বন্যার পরবর্তী কালে কোন সমাজবিরোধী কর্তৃক আহত হয়েছিলেন এরূপ কোন সংবাদ সরকারের গোচরে আসিয়াছে কি ;

(খ) আসিয়া থাকিলে, এপর্য্যন্ত এফ আই আর-এ কতজন আসামী অ্যারেস্ট হইয়াছে ;

(গ) ঐ সকল আসামীর বিরুদ্ধে পুলিস কর্তৃক কি কি ধারায় মামলা রুজু করা হইয়াছে ; এবং

(ঘ) উক্ত পুলিশ মামলায় চার্জ-শীট হইয়াছে কি ?

**শ্রীজ্যোতি বসু :** (ক) হ্যাঁ, এসেছে।

(খ) থানায় দেওয়া প্রাথমিক এজাহারে মোট ১৭ জনের নাম ছিল। পুলিশ ৮ জন আসামীকে গ্রেপ্তার করেছে এবং ১২ জন আসামী আদালতে আত্মসমর্পন করেছে। এই ২৫ জনের মধ্যে ১৬ জনের নাম এফ. আই. আর-এ আছে। একজন পলাতক আছে।

(গ) ঐ আসামীদের বিরুদ্ধে নান্নুর থানা গত ১৭।১০।৭৮ তারিখে ভারতীয় দণ্ড বিধির ১৪৮।১৪৯।৩৪২।৩২৩।৩২৬ নম্বর ধারায় অভিযোগ দায়ের করেছে।

(ঘ) মামলাটি এখন তদন্তাধীন।

**বারাসাত মহকুমায় ক্ষতিগ্রস্ত প্রান্তিক চাষীদের সার ও বীজ সরবরাহ**

*১১০। (অনুমোদিত প্রশ্ন নং *১৯১।) **শ্রীসরল দেব :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বারাসাত মহকুমার ক্ষতিগ্রস্ত প্রান্তিক চাষীদের অধিক পরিমাণে সার ও বীজ সরবরাহ কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

**শ্রীকমলকান্তি গুহ** : হ্যাঁ, আছে।

পশ্চিমবঙ্গ সরকারের কৃষিমন্ত্রী মহাশয় কর্তৃক অনুমোদিত।

## রামপুরহাট মহকুমায় বিদ্যুৎ সরবরাহ

*১১১। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৭।) **শ্রীশশাঙ্কশেখর মণ্ডল** : বিদ্যুৎ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার রামপুর হাট মহকুমার বেশির ভাগ অঞ্চলে প্রায়ই সন্ধ্যার দিকে বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকে এ সম্পর্কে সরকার কি অবহিত আছেন ; এবং

(খ) থাকিলে, সত্বর ইহার প্রতিকারের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন ?

**শ্রীজ্যোতি বসু** : (ক) হ্যাঁ, মাঝে মাঝে সন্ধ্যার সময় সরবরাহের ঘাটতি থাকার দরুণ বিদ্যুৎ সংযোগ ছিন্ন করতে হয়।

(খ) সাঁওতালডিহিতে আর একটি ১২০ মেগাওয়াট চালু করার চেষ্টা চলছে। স্থানীয় বিদ্যুৎ সমস্যা সমাধানের জন্য মুরারই অঞ্চলে একটি ৩৩ কেভি সাব ষ্টেশন নির্মাণ করা হচ্ছে। এই সাব ষ্টেশন রঘুনাথ গঞ্জ সাব ষ্টেশনের সহিত সংযুক্ত হলে বিদ্যুৎ সরবরাহ মোটামুটি স্থিতিশীল হবে।

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডল** : সন্ধ্যার সময় যে অসুবিধা হচ্ছে তার প্রতিকার শীঘ্র হবে কিনা ?

**মিঃ স্পীকার** : মন্ত্রীমহাশয় এর উত্তর দিয়েছেন।

**শ্রীসুনীতি চট্টরাজ** : রামপুর হাটের বিদ্যুৎ সরবরাহ থ্রু সাঁওতাল দি হবে না থ্রু ম্যাসেনজোর হবে ?

**মিঃ স্পীকার** : এই প্রশ্ন ওঠে না।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী** : অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ স্যার—সুনীতিবাবু যে প্রশ্নটা করেছিলেন সেটা খুব রেলেভেন্ট আপনি যদি শুনতেন তাহলে আপনি এটা এ্যলাউ করতেন।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** লোডশেডিং হবার কোন কারণ নেই সেই হিসাবে আমি জিজ্ঞাসা করছি যে রামপুর হাটে বিদ্যুৎ সরবরাহ সাঁওতালদি সিষ্টেমে হচ্ছে না ম্যাসেনজোর সিষ্টেমে হচ্ছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** আপনি যদি প্রশ্ন করতেন তাহলে টেকনিকাল দিক থেকে ভাল ভাবে জেনে বলতে পারতাম। আপনি বললেন যে লোড শেডিং এর কোন কারণ নেই। কেন নেই এটা যদি বলে দেন তাহলে ভাল হয়।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** এখানে বিদ্যুতের উন্নতি কবে নাগাত হবে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** আমার আগের প্রশ্নের জবাব শুনলে এই রকম অবাস্তব প্রশ্ন করতেন না।

**মিঃ স্পীকার ঃ** আপনারা উত্তরগুলি একটু ফলো করবার চেষ্টা করুন।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** আমরা জানি মুখ্যমন্ত্রীর হ্যবিট হচ্ছে অপোজিসানকে ছোট করে দেখা। আপনি আপনার দাম্ভিকতা না দেখিয়ে আমাদের প্রশ্নের জবাব দিন।

**বালি অঞ্চলে চাষের জমি হইতে বালি তোলার ব্যবস্থা**

*১১২। (অনুমোদিত প্রশ্ন নং *২৫২।) **শ্রীনামুরাম রায় ঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বালি অঞ্চলের (গোঘাট ব্লকে) ঝুটামারী বাঁধ ভাঙ্গিয়া দুই হাজার একর ফসলের জমিতে ৪-৫ ফুট বালি পড়িয়া চাষের জমিগুলি একেবারে নষ্ট হইয়া গিয়াছে ;

(খ) সত্য হইলে, সরকার ঐ সকল জমি হইতে বালি তোলার ব্যবস্থা করিয়াছেন কিনা ; এবং

(গ) "খ" প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে উক্ত কাজ কবে নাগাত শেষ হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** (ক) ইহা সত্য যে, গোঘাট ব্লকের ঝুঁটিমারী বাঁধ ভাঙ্গিয়া ফসলের জমিতে প্রচুর বালি পড়িয়াছে। বালি পড়ার ফলে বহু চাষের জমি এখন আবাদের অযোগ্য হইয়া পড়িয়াছে। তবে উক্ত এলাকায় জরীপের

কাজ সম্পূর্ণ না হওয়া পর্য্যন্ত জমির পরিমাণ ও বালির গভীরতা সম্বন্ধে তথ্য জানা যাইবে না।

(খ) প্রকৃত তথ্যের ভিত্তিতে বিশেষজ্ঞগণ কর্তৃক প্রকল্প নির্দ্ধারণ না করা পর্যন্ত অনুরূপ কাজে হাত দেওয়া সম্ভব নয়।

(গ) এই প্রশ্ন আপাততঃ ওঠে না।

**শ্রীজন্মেঞ্জয় ওঝা:** আমরা কি করে নোবো যে আগামী ২ বছরের মধ্যে সেখানে চাষ হবে না?

**শ্রীকমলকান্তি গুহ:** বিশেষজ্ঞরা রিপোর্ট দিলে আমরা সেই ভাবে কাজ করবো।

**শ্রীজন্মেঞ্জয় অঝা:** যতদিন পর্যন্ত বালি সরানো না হবে ততদিন পর্যন্ত বিকল্প চাষের ব্যবস্থা কি হবে?

**শ্রীকমলকান্তি গুহ:** তোরমুজ, ফুটি ইত্যাদি যাতে হয় সেজন্য আমরা কৃষকদের সহযোগিতা করছি।

**শ্রী শেখ ইমাজুদ্দিন:** বালি সরাবার জন্য কি ব্যবস্থা হচ্ছে?

**শ্রীকমলকান্তি গুহ:** আমি আগেই বলেছি যে বিশেষজ্ঞ নিয়োগ করা হয়েছে।

**শ্রী হাবিবুর রহমন:** বিশেষজ্ঞরা কবে নাগাদ রিপোর্ট দেবেন?

**শ্রীকমলকান্তি গুহ:** তাদের অনুসন্ধানের কাজ শেষ হলে রিপোর্ট দেবেন।

**শ্রী হবিবুর রহমন:** নির্দিষ্ট তারিখ কি ঠিক করে দিয়েছেন?

**শ্রীকমলকান্তি গুহ:** এ বিয়ষ কোন তারিখ ঠিক করা যায় না—বরং এর গভীরতা কতদূর তা তারাই বুঝতে পারবেন। আমরা টেকনিসিয়ান নই সেইজন্য আমরা টাইম ঠিক করতে পারি না।

**শ্রীসুনীতি চট্টরাজ:** কত টাকা এর মধ্যে ইনভল্‌ব আছে?

**শ্রীকমলাস্তি গুহ:** সেটা বুঝতে পারছি না কারণ ২ ফুট হবে না তিন ফুট হবে।

## অসাধু ব্যবসায়ীর শাস্তি

*১১৩। (অনুমোদিত প্রশ্ন নং *২০৩।) **শ্রীরজনীকান্ত দোলই:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বিগত বন্যার পর অসাধু ব্যবসায়ীদের প্রতি সরকার যে হুঁশিয়ারি দিয়েছিলেন তার পরিপ্রেক্ষিতে কতজন ব্যবসায়ীকে ইতিমধ্যে শাস্তি দেওয়া হয়েছে?

**শ্রীজ্যোতি বসু:** মোট ১৪৮২ জনের বিরুদ্ধে ১২৯৮টি মামলা দায়ের করা হয়েছে। তার মধ্যে এ পর্য্যন্ত ৬৭০টি কেসে ৭৬২ জনের বিরুদ্ধে চার্জশীট দাখিল করা হয়েছে। ৬২৮টি কেস তদন্তাধীন আছে। এ পর্য্যন্ত পাঁচজন আদালত কর্তৃক দণ্ডিত হয়েছে।

[ 1-30 – 1-40 P. M. ]

**শ্রীরজনীকান্ত দলুই:** যাদের বিরুদ্ধে মামলা ও চার্জসিট দায়ের করা হলো তাদের বিরুদ্ধে কি রকম চার্জ ছিলো?

**শ্রীজ্যোতি বসু:** সমস্ত ধারাগুলি নেই তবে দেখছি যে চাল, আটা, কাপড়, তেল, কেরসিন, সুজি, বেবিফুড, বনস্পতি, নুন ইত্যাদি নিয়ে ওরা কালোবাজারি করছিল এবং তাদের মেটিরিয়াল ও সিজ করা হয়েছে। তারপর কেসগুলি দায়ের করা হয়েছে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী:** এসেনসিয়াল কমোডিটি এ্যাক্ট অনুসারে করা হয়েছে না এন্টিপ্রফিটিয়ারিং এ্যাক্ট অনুসারে করা হয়েছে?

**শ্রীজ্যোতি বসু:** দুটি অনুসারেই হয়েছে সম্পূর্ণ ডিটেলস এখন নেই।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী:** এসেনসিয়াল কমোডিটি না এন্টি প্রফিটিয়ারিং এ্যাক্ট অনুসারে হয়েছে সেটা জানতে চাই?

**শ্রীজ্যোতি বসু:** কোন আইনের কোন ধারা অনুসারে হয়েছে জানতে চাইলে দিয়ে দেবো।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী:** আমি জানতে চাই দুটো আইনের কোন্ এ্যাক্ট অনুসারে হয়েছে?

**শ্রীজ্যোতি বসু:** আমি আন্দাজে বলতে পারবো না। আপনি জানতে চাইলে পরে জানিয়ে দেবো।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন এতে টোটাল কত এ্যামাউন্ট খাদ্য সিজ করা হয়েছে ?

**শ্রীজ্যোতি বসু :** আমার কাছে রিপোর্ট যেটুকু আছে সেটা বলছি। চাল ৩,১৫৬ কুইন্টল, ধান ৭৬৫ কুইন্টল, গম এবং গমজাত জিনিস ২,২৭৮ কুইন্টল, ডাল ১,৭০৭ কুইন্টল, তেল ২,১১৭ কুইন্টল, চিনি ১৮১ কুইন্টল, ফার্টিলাইজার ১,২৫২. কেরোসিন ৪১,৮৭৯ লিটার, নুন ৬২৬ কুইন্টল. বেবিফুড, হর্লিক্স ১,৪০১ ফায়েল, ধুতি শাড়ী ইত্যাদি ২০০ পিস আর ১০০ মিটার, ভোজটেবল অয়েল প্রোডাক্টস ৬৫০, সিমেন্ট ৩২২ এই রিপোর্ট আমার কাছে আছে।

**শ্রীদেবপ্রসাদ সরকার :** মাননীয় মন্ত্রীমহাশয় এত ব্যবস্থা নেওয়ার কথা বললেন, নিত্যপ্রয়োজনীয় দ্রব্য কয়লা আজ কোন কোন জায়গায় ২০ টাকা দরে বিক্রি হচ্ছে, যেমন মুর্শিদাবাদে আমি দেখে এলাম, এখানে কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না কেন অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে ?

**মিঃ স্পীকার :** এ সাপ্লিমেণ্টারী হয় না।

**শ্রীসুনীতি চট্টরাজ :** অনেকগুলি মাল সিজ হয়েছে মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, আমার প্রশ্ন হচ্ছে এই সমস্ত জিনিসগুলি যেগুলি সিজড হয়েছে সেগুলি আদালতের হেপাজতে আছে, না, পুলিশের হেফাজতে আছে, নাকি আলিমুদ্দিন ষ্ট্রীটের হেপাজতে আছে ?

**শ্রীজ্যোতি বসু :** নোটিশ দিলে বলতে পারব কোথায় কতগুলি আছে।

### "সরকারী ক্রীড়া উন্নয়ন সংস্থা" গঠন

*১১৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামীণ ক্রীড়ার প্রসারে সরকারের কোন সুনির্দিষ্ট পরিকল্পনা আছে কি ; এবং

(খ) থাকিলে, গ্রামীণ ক্রীড়ার সম্প্রসারণের জন্য ব্লক পর্যায়ে "সরকারী ক্রীড়া উন্নয়ন সংস্থা" গঠনের প্রয়োজনীয়তা সম্বন্ধে সরকার বিবেচনা করছেন কি ?

**শ্রীজ্যোতি বসু :** (ক) হ্যাঁ। সরকার ৮১টি গ্রামীণ ক্রীড়া কেন্দ্র স্থাপনের জন্য কাজ সুরু করেছেন। এছাড়াও যুব কল্যাণ দপ্তর এ বিষয়ে কিছু কর্ম করে থাকেন।

(খ) না, বর্ত্তমানে ব্লক পর্যায়ে "সরকারী ক্রীড়া উন্নয়ন সংস্থা গঠনের কোন পরিকল্পনা নাই।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র:** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি মালদহ জেলায় ব্লকগুলিতে দেখছি কোথাও কোথাও বি. ডি. ও. একটা করে কমিটি তৈরী করেছেন, এই কমিটিগুলি কি সরকার অনুমোদিত কমিটি ?

**মিঃ স্পীকার:** সাপ্লিমেণ্টারী নট এ্যালাওড।

*১১৫ (হেল্ড ওভার)

**শ্রীসুনীতি চট্টরাজ:** মাননীয় অধ্যক্ষ মহায়য়, আপনার কাছে আমার নিবেদন এই যে আমরা গত সেসানে ৮০০ কোশ্চেন দিয়েছিলাম তার মধ্যে ৪০ টার বেশী উত্তর পাইনি। সেজন্য এ সেসানে বেশী কোশ্চেন দিইনি, তাও যদি হেল্ড ওভার থাকে তাহলে কি করে কি হবে ?

**মিঃ স্পীকার:** ৪০ টার অনেক বেশী কোশ্চেনের উত্তর হয়েছে। এইভাবে না জেনে এ্যাসেম্বলী প্রোসিডিংস সম্বন্ধে মন্তব্য করবেন না।

**শ্রীসুনীতি চট্টরাজ:** স্যার, আমি বলছি মিনিষ্টার হেল্ড ওভার করছে, নট ইওর চেয়ার।

**মিঃ স্পীকার:** গত এ্যাসেম্বলী সেসানে যত কোশ্চেনের উত্তর হয়েছে এত কোশ্চেনর ডিল আর হয়নি, এটা আপনি এ্যাসেম্বলী রেকর্ড থেকে দেখে নেবেন।

**শ্রীসুনীতি চট্টরাজ:** আমি বলেছি যে আমিই ৪০ টা কোশ্চেন দিয়েছি, নট ইওর ডিপার্টমেণ্ট।

[ 1-40—1-50 P. M. ]

**মিঃ স্পীকার:** আপনারা খোঁজ নিয়ে দেখবেন ম্যাকসিমাম কোশ্চেন আমার সময়ে দেওয়া হয়েছে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী:** স্যার, আমরা যেটা বলছিলাম যে আমরা কোশ্চেন খুব কম দিয়েছি—আপনার কাছে অনুরোধ করছি যে আপনি ডিপার্টমেণ্ট-এর মিনিষ্টারদের যদি বলেন যে উত্তরগুলি যেন তাড়াতাড়ি আসে। আমরা বিরোধী দল থেকে খুব কম কোশ্চেন দিয়েছি। প্রশ্নগুলি যা আসছে সেগুলি বেশীর ভাগই সরকার পক্ষের এবং এতে সরকারের প্রশস্তি গাওয়া হচ্ছে। যে প্রশ্নগুলি অপোজিশান থেকে আসছে সেগুলির উপর আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

**বারাসাতে দেগঙ্গা ব্লকে কৃষিঋণের টাকা বন্টন**

*১১৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৩।) **শ্রীসরল দেব:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বারাসাতে দেগঙ্গা ব্লকে গত আষাঢ় মাসে ৬০/৬৫ হাজার টাকা কৃষিঋণ বাবত বরাদ্দ করা হইয়াছিল ; এবং

(খ) সত্য হইলে, ঐ ঋণের টাকা বন্টন করা হইয়াছে কি ?

**Shri Kamal Kanti Guha ; Minister-in-charge for Agriculture Deptt. :**

(ক) হ্যাঁ। গত আষাঢ় মাসে দেগঙ্গা ব্লকে ৬০,০০০ টাকা ঋণ কৃষি উপকরণ ক্রয় বাবদ বরাদ্দ করা হইয়াছে।

(খ) হ্যাঁ। উক্ত টাকা কৃষকদিগকে বন্টন করা হইতেছে।

**শ্রীসরল দেব:** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে কৃষি ঋণ দেগঙ্গা বারাসত, আমডাঙ্গায় দিয়েছিলেন আমন চাষের জন্য আপনাদের ডিপার্টমেন্টের ইনএফিসিয়েন্সির জন্য সেই ঋণ চাষীরা পায় নি কিন্তু যখন আমন ধান কাটা হচ্ছে সেই সময় ঋণ বিলি করা হচ্ছে—এটা কি সত্য ?

**শ্রীকমল কান্তি গুহ:** আমন ধানের জন্য কৃষি ঋণ সে কথা নয় আমাদের টাকাটা যখন আসে, আমরা যখন কেন্দ্রের কাছ থেকে ঋণ বাবদ টাকাটা পাব তখনি আমরা জেলায় জেলায় বরাদ্দ করে দিই। কোন বর্ষের জন্য এই টাকা বরাদ্দ হবে জেলার শাষক, মহাকুমা শাষক এবং কৃষি অফিসাররা মিলে এটা ঠিক করেন। এখন যে টাকাটা দেওয়া হচ্ছে সেটা আমন ধান কাটার জন্য নয়, সেটা রবিশস্য চাষের জন্য গম চাষের জন্য দেওয়া হচ্ছে।

**শ্রীসরল দেব:** সাধারণতঃ আমরা জানি আষাঢ় শ্রাবণ মাসে আসে আমন চাষের জন্য এবং দেগঙ্গা ব্লকে টাকাটা এসেও গেছে কিন্তু এ. ই. ও. বিভিন্ন ব্যাঙ্কের কাছে জানতে চান যে তাদের ঋণ আছে কিনা, তারজন্য এই ডিলে হচ্ছে। আমরা জানি বিভিন্ন ব্লকে টাকাটা এসেছে আমদের জন্য নট ফর রবি ক্রপ—এটা কি জানেন ?

**শ্রীকমল কান্তি গুহ:** আমন চাষের জন্য টাকা আসে না।

**শ্রীহবিবুর রহমান:** এই যে কৃষি লোন যেটা দিচ্ছেন চাষীদের যদি ব্যাঙ্কে কোন টাকা বাকী থাকে তাহলে কি তারা এই ঋণ পাবে ?

**শ্রীকমল কান্তি গুহ ঃ** আমরা চাষীদের ব্যাঙ্কে দেনা আছে কিনা সেটা দেখছি না সরকারী কৃষি ঋণ আমরা দিচ্ছি যারা ডিফলটার আছেন তাদেরও—বন্যার কথা বিশেষ করে বিবেচনা করে এবারে তাদেরও ঋণ দেওয়া হচ্ছে।

**শ্রীহবিবুর রহমান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে ব্লক অফিসার ব্যাঙ্ক থেকে তথ্য সংগ্রহ করছেন যে তাদের কোন দেনা বাকী আছে—বিশেষ করে কো-অপারেটিভ ব্যাঙ্ক থেকে তথ্য সংগ্রহ করা হচ্ছে এবং যাদের ডিউ আছে তাদের দেওয়া হচ্ছে না।

**শ্রীকমল কান্তি গুহ ঃ** আপনি গুলিয়ে ফেলছেন, যেটা সরকারী কৃষি ঋণ দেওয়া হচ্ছে সেটা ডিফলটার হলেও লোন দেওয়া হবে বলে সরকার সারকুলার দিয়েছেন সেটার জন্য এটা হচ্ছে না। আমার মনে হয় ঐ কো-অপারেটিভ ব্যাঙ্ক-এ যাদের আগের ঋণ আছে তাদের সম্বন্ধে এই তথ্য অনুসন্ধান করা হচ্ছে। যদি বিশেষ কোন ব্লকের এই ধরণের ব্যাপার থাকে আপনি লিখিতভাবে জানাবেন যে সরকারী ঘোষিত নীতির বিরুদ্ধে কোন কাজ হচ্ছে কিনা তাহলে আমি ব্যবস্থা নেব।

### পশ্চিমবঙ্গে গ্যাসটারবাইন স্থাপন

*১১৭। (অনুমোদিত প্রশ্ন নং *২০৬।) **শ্রীরজনীকান্ত দলুই ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ইহা কি সত্য যে, কন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গে বিদ্যুতের জন্যে পাঁচটি গ্যাস টারবাইন স্থাপনের প্রস্তাব মঞ্জুর করেছেন ; এবং

(খ) সত্য হ'লে—

(১) এই প্রকল্পের জন্য সরকারের কত টাকা খরচ হবে, ও

(২) কোথায় কোথায় ঐ টারবাইনগুলি স্থাপন করা হবে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** (ক) হ্যাঁ।

(খ) (১) এই প্রকল্পের জন্য সরকারের প্রায় উনত্রিশ কোটি টাকা খরচ হইবে।

(২) মোট পাঁচটি গ্যাস টারবাইন স্থাপিত হইবে। ইহাদের মধ্যে শিলিগুড়িতে একটি, হলদিয়ায় দুইটি এবং কসবায় দুইটি গ্যাস টারবাইন স্থাপিত হইবে।

**শ্রীরজনীকান্ত দলুই** ঃ আপনি বললেন যে ২৯ কোটী টাকা খরচা হবে, সেই টাকাটা কোথা থেকে আসছে দয়া করে জানাবেন কি ?

**শ্রীজ্যোতি বসু** ঃ পশ্চিমবাংলা সরকার এই টাকা দেবে। আমরা ফিনানসিয়াল ইনষ্টিটিউশান-এর সঙ্গে কথা বলেছি যাতে করে আমরা টাকা পেতে পারি এবং আমাদের বাজেটের মধ্যে ইতিমধ্যে ১০ কোটী টাকা ধরেছি।

**শ্রীসুনীতি চট্টরাজ** ঃ এই পাঁচটা গ্যাস টারবাইন থেকে কত পাওয়ার জেনারেট হবে ?

**শ্রীজ্যোতি বসু** ঃ আমাদের এখন যা হিসাব তাতে ১০০ মেগাওয়াট।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি** ঃ এই গ্যাস টারবাইনগুলি কোথা থেকে কেনা হচ্ছে এবং কার কোলাবরেশানে কেনা হচ্ছে ?

**শ্রীজ্যোতি বসু** ঃ একটা বৃটীশ কম্পানী, তার নাম জন ব্রাউন।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি** ঃ জার্মান কোলাবরেশানে কি কোন কোটেশান এসেছিল যেটা আপনারা প্রত্যাখ্যান করেছিলেন—এটা কি সত্য ?

**শ্রীজ্যোতি বসু** ঃ আমরা তো গ্লোবাল টেণ্ডার কল করেছিলাম—বিভিন্ন দেশ থেকে দিয়েছিল—জাপান, জার্মান, আমেরিকা থেকে কিন্তু যে কমিটি ছিল তারা অনুমোদন করেছেন এই জন ব্রাউন কম্পানীকে।

**শ্রীরজনীকান্ত দলুই** ঃ এই গ্যাস টারবাইনগুলি স্থাপন করতে কত সময় লাগবে —দয়া করে জানাবেন কি ?

**শ্রীজ্যোতি বসু** ঃ আমরা যা ভেবেছি, বৃটিশ কম্পানীর সঙ্গে কথা হয়েছে আমাদের এবং এখান থেকে লোক পাঠান হচ্ছে এবং ওরাও পরে আসবেন। আমাদের ওরা বলেছেন যে আগামী বছর মাঝামাঝির মত সময় হতে পারে। কিন্তু একটা জিনিষ আমার এই সময় বলতে একটু অসুবিধা হয়, আশঙ্কা হয় যে এখানে আমাদের নিজেদের কিছু কাজ আছে যেটা আমাদের করতে হবে এই ইরেক্ট করবার জন্য। আর যেটা নাকি ওরা দেবেন, ওরা বলেছেন ওরা একটা সময় বেঁধে দিয়েছেন। এই দুটো মিলিয়ে আমাদের এখন দাঁড়াচ্ছে আগামী বছর মাঝামাঝি সময়।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি এই গ্যাস-টারবাইনের জন্য গ্লোবাল টেণ্ডার কল করা হয়েছিল, সেই টেণ্ডার কমপ্লিট করবার আগে তিনি চেনেন কিনা জানিনা—আমাদের অমল দত্ত কি এই ব্যাপারে নিগোশিয়েশান করতে গিয়েছিলেন ?

**শ্রীজ্যোতি বসু ঃ** এই রকম কেউ যান নি।

### খেলাধুলায় পশ্চিমবঙ্গকে উন্নতকরণ

*১১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খেলাধূলায় পশ্চিমবঙ্গকে উন্নত করার কোন পরিকল্পনা রাজ্যসরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, ঐ পরিকল্পনাগুলি কি ?

**শ্রীজ্যোতি বসু, মুখ্যমন্ত্রী ঃ** (ক) হ্যাঁ, আছে।

(খ) (১) প্রতি জেলায় স্টেডিয়াম, সুইমিংপুল ইত্যাদি নির্মাণ ;

(২) রাজ্য ক্রীড়া পর্ষদের বিভিন্ন উপসমিতির মাধ্যমে সব জেলায় বিভিন্ন খেলাধুলার শিক্ষা শিবিরের ব্যবস্থা করা।

(৩) রাজ্য ক্রীড়া পর্ষদের মাধ্যমে বিভিন্ন জেলায় স্থায়ী শিক্ষা শিবিরের জন্য খেলাধূলার সরঞ্জাম দেওয়া।

(৪) ক্রীড়া শিক্ষকের অভাব দূর করার জন্য এন. আই. এস. কোচদের পরিচালনায় "under study coaches" শিক্ষা শিবিরের মাধ্যমে প্রশিক্ষক তৈয়ার করা।

(৫) প্রত্যেক জেলা থেকে বাছাই করা খেলোয়াড়দের নিয়ে রাজ্যস্তরে প্রতিযোগিতার মাধ্যমে জাতীয় গ্রামীণ ক্রীড়ায় অংশ গ্রহণের জন্য দল গঠন করা ও আর্থিক অনুদান মঞ্জুর করা।

(৬) আন্তঃজেলা ক্রীড়া প্রতিযোগিতার অংশ গ্রহণের জন্য আর্থিক সাহায্য করা।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** এই শিক্ষা শিবিরের কথা বললেন এগুলি কি এখন কাজ করছে না ভবিষ্যতে এদের কাজ সুরু হবে ?

**শ্রীজ্যোতি বসু :** না, এটা এখনও হয়নি, আমরা এটা চেষ্টা করছি যাতে করে আমরা বাইরে থেকে আনতে পারি এবং আমাদের এখানে ব্যবস্থা করতে পারি। কারণ এটা বহু দিনের দাবী—কিন্তু এখনও এটা ঠিক করে উঠা যায়নি।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** কোন্ কোন্ খেলা এতে অন্তর্ভুক্ত হবে ফুটবল ক্রিকেট ছাড়া ?

**শ্রীজ্যোতি বসু :** আমি ডিটেল এখন বলতে পারব না, আপনি আলাদা প্রশ্ন করবেন আমি বলতে পারব।

## বারাসাতে স্টেডিয়াম নির্মাণ

*১২১। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৭।) **শ্রীসরল দেব :** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বারাসাতে একটি স্টেডিয়াম নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে—

(১) উক্ত স্টেডিয়াম নির্মাণ বাবদ কত টাকা মঞ্জুর করা হইয়াছে, ও

(২) উক্ত স্টেডিয়ামের কাজ কবে নাগাত শুরু হইবে ?

**শ্রীজ্যোতি বাসু, মুখ্য মন্ত্রী :** (ক) আছে।

(খ) (১) সরকারের পক্ষ হইতে ১৯৭৬-৭৭ সালে উক্ত স্টেডিয়াম নির্মাণ কালে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা মঞ্জুর করা হইয়াছে।

(২) উক্ত স্টেডিয়ামের নির্মাণ কার্য কবে শুরু হইবে তাহা উক্ত স্টেডিয়ামের জন্য গঠিত "বোর্ড অফ ম্যানেজমেণ্ট" ঠিক করিবেন।

**শ্রীসরল দেব :** আপনি কিছুক্ষণ আগে প্রশ্নোত্তরে বললেন যে বিভিন্ন জেলায় একটি করে স্টেডিয়াম গড়ে তোলার রাজ্য সরকারের পরিকল্পনা আছে, বারাসাত উত্তর ২৪ পরগণা জেলার হেড কোয়ার্টার, ইতিমধ্যে সেখানে ৫০ হাজার টাকা মঞ্জুর করা

হয়েছে, এই টাকা তো একটা স্টেডিয়াম তৈরীর পক্ষে যথেষ্ঠ নয়, সেজন্য আরও বেশী টাকা দেবার সরকারের কোন পরিকল্পনা আছে কিনা ?

**শ্রীজ্যোতি বসু ঃ** পরিকল্পনা তাঁরা নিজেরা তৈরী করে কিভাবে করবেন কত খরচ হবে, এসব দেখুন, তারপরে দেখা যাবে। যদি টাকা কম পড়ে ব্যবস্থা আমাদের করতে হবে, স্টেডিয়াম অর্ধেকটা হয়ে পড়ে থাকবে, এটা নিশ্চয়ই চাই না।

**শ্রীসরল দেব ঃ** এই স্টেডিয়াম কমিটির চেয়ারম্যান হচ্ছে জেলা ম্যাজিষ্ট্রেট, যাতে এই স্টেডিয়াম তৈরীর কাজ অবিলম্বে সুরু করেন, তার জন্য কোন ইন্‌সট্রাকশন দেবেন কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** আমি খোঁজ নিয়ে দেখব কতটা কি হয়েছে, হয়ে না থাকলে যাতে কাজ এগিয়ে যায় তার ব্যবস্থা করতে বলব।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি এই স্টেডিয়াম তৈরী করার পরিকল্পনা কবে থেকে সুরু হয়েছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** কবে সেই ডেট্‌ আমার জানা নাই।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** এটা কি এই সরকার-এর আমলে না কি আগেকার সরকারের আমলে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** আগেকার সরকারের আমলে।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী দেখছি অধিকাংশ প্রশ্নের উত্তর দিতে গিয়ে বললেন জানা নাই, তাই আমার প্রশ্ন তিনি দয়া করে জানাবেন কি যে তিনি যে ম্যাটিরিয়েলস্‌ অফিসারদের কাজ থেকে চেয়েছিলেন, সেই সাফিসিয়েন্ট ম্যাটিরিয়েল অফিসাররা দিচ্ছেন না, ইগনোর করছেন ?

**মি স্পীকার ঃ** এটা হাইপোথেটিক্যাল প্রশ্ন।

**Short notice Starred Question**

**(To which oral answers were given)**

**ফরাক্কায় সুপার থার্মাল পাওয়ার স্টেশন**

*১২২। [ অনুমোদিত প্রশ্ন নং *৩৮৭ ( এস এন ) ] **শ্রীআতাহার রহমান, শ্রীআবুল হাসনাৎ খান, শ্রীদীনবন্ধু মাঝি** এবং **শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার ফরাক্কায় সুপার থার্মাল পাওয়ার স্টেশন স্থাপনের সিদ্ধান্ত পাকাপাকিভাবে হইয়াছে কি ; এবং

(খ) হইয়া থাকিলে করে নাগাত উক্ত পাওয়ার স্টেশন স্থাপনের কাজ শুরু হইবে?

**Sri Jyoti Basu, Chief Minister :** (ক) না। ফারাক্কায় সুপার থার্মাল পাওয়ার স্টেশন স্থাপনের ব্যাপারে কেন্দ্রীয় সরকারের চূড়ান্ত সিদ্ধান্ত এখনো পাওয়া যায় নাই।

(খ) এ প্রশ্ন এখন ওঠে না।

**Unstarred Questions**

**(To which written answers were laid on the table.)**

**বেকারদের কর্মসংস্থান**

১৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৫।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বামফ্রন্ট সরকার গঠিত হওয়ার পর এ পর্যন্ত কতজন বেকার যুবকদের কাজ দেওয়া সম্ভব হইয়াছে?

**শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় :** বামফ্রন্ট সরকার গঠিত হওয়ার পর জুলাই, ১৯৭৭, হইতে জুন, ১৯৭৮, পর্যন্ত সময়ের মধ্যে ১৫,৬৩০ জন বেকার ব্যক্তিকে পশ্চিমবঙ্গে কর্ম বিনিয়োগ কেন্দ্রসমূহ মারফত কাজ দেওয়া সম্ভব হইয়াছে।

**কেন্দ্রীয় পুনর্বাসন দপ্তরের বিলোপ**

১৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৯।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অদূরভবিষ্যতে কেন্দ্রীয় পুনর্বাসন দপ্তর তুলে নেওয়ার প্রস্তাব সম্পর্কে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের নিকট থেকে এযাবৎ কোন পত্র পেয়েছেন কিনা ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হ'লে—

(১) ঐ প্রস্তাবের বিরোধিতা ক'রে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের নিকট কোন স্মারকপত্র পাঠিয়েছেন কি, এবং

(২) কেন্দ্রীয় সরকার তার কি উত্তর দিয়েছেন?

**উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রীমহাশয়ঃ** (ক) না।

(খ) (১) সংবাদপত্রের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের পুনর্বাসন বিভাগ উঠিয়ে দেওয়ার কথা জানতে পেরে মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীর নিকট পুরোনো সমস্যার বিস্তারিত উল্লেখ ক'রে এই সময়ে পুনর্বাসন বিভাগ উঠিয়ে না দেওয়ার জন্য একটি সুদীর্ঘ চিঠি দেন।

(২) প্রধানমন্ত্রীর নিকট থেকে কোন উত্তর পাওয়া যায় নি।

**সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়**

১৭। (অনুমোদিত প্রশ্ন নং ৪৭।) **শ্রীজন্মেঞ্জয় ওঝাঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত বন্যায় কোন্ কোন জেলায় কতগুলি মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয় গৃহ

(১) সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত ও (২) আংশিক ক্ষতিগ্রস্ত হইয়াছে;

(খ) ঐ সমস্ত বিদ্যালয়ে পরীক্ষা ও পড়াশুনা চালাইবার জন্য সাময়িক কি ব্যবস্থা লওয়া হইয়াছে; এবং

(গ) বিদ্যালয় গৃহগুলি মেরামত ও পুনর্নির্মাণের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) এ সম্বন্ধে দুইটি পৃথক পৃথক তালিকা এই সঙ্গে পেশ করা হইল।

(খ) ও (গ) প্রাথমিক বিদ্যালয় গৃহগুলি মেরামত ও পুনর্নির্মাণের ক্ষেত্রে অস্থায়ী চালা (শেড) নির্মাণের জন্য সরকার কর্তৃক ১২ লক্ষ টাকা মঞ্জুর করা হইয়াছে।

মাধ্যমিক বিদ্যালয়গুলির মেরামত / পুনর্নির্মাণের জন্য কতটা আর্থিক সাহায্য প্রয়োজন তাহা নির্ণয়ের জন্য জিলা পরিষদের সহায়তায় একটি সমীক্ষা করা হইতেছে এবং কি ধরণের বাড়ি নির্মাণ করা যায় তার নকশা প্রস্তুত করা হইতেছে।

## STATEMENT I

*Statement referred to in reply to clause 'Ka' of Unstarred Question No. 17 (Admitted Question No. 47)*

| Flood-affected districts | Approximate number of Primary School buildings damaged | Arrproximate numbers of Primary School buildings destroyed |
|---|---|---|
| Bankura .... | 300 | 200 |
| Birbhum .... | 600 | 400 |
| Burdwan .... | 800 | 400 |
| Hooghly .... | 574 | 1,084 |
| Howrah .... | 600 | 700 |
| Malda .... | 200 | 150 |
| Midnapore . | 1,600 | 800 |
| Murshidabad .... | 730 | 251 |
| Nadia ... | 1,001 | 586 |
| 24-Parganas .... | 1,000 | 1,500 |
| | 7,405 | 6,071 |

STATEMENT II

*Statement referred to in reply to Clause 'Ka' of Unstarred Question No. 17 (Admitted Question No. 47)*

**Flood Damage Estimates**

| District | Number of affected institutions completely/heavily | | | | | | Number of affected institutions partially | | | | | | Grand Total (A B) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | High | Jr.H. | H.Md. | Jr.Md. | Jr.Md. | Total (A) | High | Jr.H. | H.Md. | Jr.Md. | Sr.Md. | Total (B) | |
| 1. Bankura | 4 | 7 | ... | ... | .... | 11 | 20 | 15 | .... | .... | .... | 35 | 46 |
| 2. Birbhum | 6 | 9 | .. | | .... | 15 | 60 | 19 | 1 | 2 | 2 | 84 | 99 |
| 3. Burdwan | 30 | 30 | 3 | 3 | ... | 66 | 61 | 2 | 2 | 2 | 1 | 68 | 134 |
| 4. Calcutta | .... | .... | .... | .... | .... | .... | 29 | 19 | 1 | 1 | .... | 50 | 50 |
| 5. Hooghly | 14 | 32 | 1 | ... | ... | 47 | 95 | 52 | 2 | 2 | .... | 151 | 198 |
| 6. Howrah | 13 | 26 | .... | .. | .... | 39 | 120 | 52 | .... | 11 | 4 | 187 | 226 |
| 7. Malda | 1 | 5 | .... | 3 | .. | 9 | 9 | 10 | 2 | 12 | .... | 33 | 42 |
| 8. Midnapore | 23 | 66 | .... | .... | .. | 89 | 209 | 132 | 1 | 1 | .... | 343 | 432 |
| 9. Murshidabad | 7 | 19 | .. | 1 | .... | 27 | 67 | 39 | 1 | 4 | .... | 111 | 138 |
| 10. Nadia | 10 | 20 | .... | .... | .... | 30 | 95 | 40 | 1 | 5 | .... | 141 | 171 |
| 11. 24-Parganas | 25 | 106 | 1 | 6 | ... | 138 | 233 | 212 | 6 | 13 | 14 | 478 | 616 |
| Total .... | 133 | 320 | 5 | 13 | .... | 471 | 998 | 592 | 17 | 53 | 21 | 1,681 | 2,152 |

## পাঁউসী ও কালিনগর সেক্‌শনে স্লুইস গেট নির্মাণ

১৮। (অনুমোদিত প্রশ্ন নং ৪৮।) **শ্রীকিরণময় নন্দ ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর সেচ বিভাগের অন্তর্গত পাঁউসী ও কালিনগর সেকশনে বিগত ১৯৭৭ সালের জুলাই মাস হইতে ১৯৭৮ সালের অক্টোবর মাস পর্যন্ত কতগুলি স্লুইস গেট নির্মাণ করা হইয়াছে ;

(খ) কোন্ কোন্ স্থানে উক্ত স্লুইস গেটগুলি নির্মিত হইয়াছে ;

(গ) আর কতগুলি স্লুইস গেট নির্মাণের পরিকল্পনা আছে ; এবং

(ঘ) উক্ত স্লুইস গেটগুলি কোথায় কোথায় নির্মাণ করার পরিকল্পনা আছে ?

**সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) মোট ১৭টি স্লুইস পাঁউসী সেক্‌শনে নির্মাণ করা হইয়াছে। ইহাদের মধ্যে পিয়ালী স্লুইস নূতন নির্মাণ করা হইয়াছে। বাকিগুলির রিমডেলিং অথবা স্পেশাল রিপেয়ার্স করা হইয়াছে।

(খ) প্রথম ১২টি স্লুইস আর্গোয়াল ড্রেনেজ কোর্ট-এর বাম তীরে করা হইয়াছে এবং পিয়ালী, উত্তর চৌমুখ, আমলাবেড়িয়া, কালগাই ও বামুনগড়-এ একটি করিয়া করা হইয়াছে।

(গ) আরও ১২টি স্লুইস রিমডেলিং বা নূতন নির্মাণের পরিকল্পনা আছে।

(ঘ) আর্গোয়াল ড্রেনেজ কোর্টের দক্ষিণ তীরে ৮টি স্লুইস রিমডেলিং-এর এবং কালিয়াঘাই-এর বাম তীরে ৪টি স্লুইস রিমডেলিং বা নূতন নির্মাণের পরিকল্পনা আছে।

## লোডশেডিং-এর ফলে শ্রমদিবস অপচয়

১৯। (অনুমোদিত প্রশ্ন নং ৬১।) **শ্রীকিরণময় নন্দ ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের জুলাই মাস হইতে ১৯৭৮ সালের ৩০-এ অক্টোবর পর্যন্ত লোডশেডিং-এর ফলে কতগুলি শ্রমদিবস নষ্ট হইয়াছে ; এবং

(খ) উক্ত লোডশেডিং-এর ফলে যে উৎপাদন নষ্ট হইয়াছে তাহার আর্থিক মূল্য কত ?

**শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ও (খ) এই সম্পর্কিত কোন পরিসংখ্যান সরকারের কাছে নাই।

## চণ্ডী নদী সংস্কার

২০। (অনুমোদিত প্রশ্ন নং ৮৪।) **শ্রীসন্দীপ দাস ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ময়না ও পিংলার সন্নিহিত চণ্ডী নদীর সংস্কারের কোন প্রকল্প সরকারের আছে কি ; এবং

(খ) যদি থাকে তা কি ধরনের এবং কবে নাগাত তা কার্যকরী হইতে পারে ?

**সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) আছে।

(খ) পাটচান্দা ও পাঁচথুপি খাল সংস্কারের মূল প্রকল্পের চণ্ডী নদীর গভীরতা ও পরিসর বৃদ্ধির জন্য পুনঃখনন করার পরিকল্পনা করা হইয়াছে। এই মূল প্রকল্পটি বর্তমানে অনুমোদনের জন্য গঙ্গা ফ্লাড কণ্ট্রোল কমিশনের বিবেচনাধীন আছে। উক্ত অনুমোদন পাওয়া গেলেই প্রকল্পটি কার্যকরী করার প্রস্তুতি গ্রহণ করা হইবে।

## নারিকেলডাঙ্গা গার্লস স্কুলের প্রধানা শিক্ষিকার পদচ্যুতি

২১। (অনুমোদিত প্রশ্ন নং ৯০।) **শ্রীসন্দীপ দাস ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নারিকেলডাঙ্গা গার্লস স্কুলের প্রধানা শিক্ষিকাকে পদচ্যুত করা হইয়াছে ; এবং

(খ) সত্য হইলে, এই পদচ্যুতির কারণ কি ?

**শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ**

(ক) প্রধানা শিক্ষিকার এক আবেদনপত্রে জানা গিয়াছে যে তিনি ১০-৭-৭৮ তারিখে সাময়িকভাবে পদচ্যুত হইয়াছেন।

(খ) পদচ্যুতির প্রকৃত কারণ নিরূপণের জন্য সরকারী পর্যায়ে তদন্ত করিয়া দেখা হইতেছে।

## হুগলী জেলায় উপ-স্বাস্থ্যকেন্দ্র

২২। (অনুমোদিত প্রশ্ন নং ৯২।) **শ্রীদেবনারায়ণ চক্রবর্ত্তী:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অগ্রনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলায় উপ-স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা কত (ব্লকওয়ারী);

(খ) উহার মধ্যে কোন্ কোন্ কেন্দ্রে কতজন স্বাস্থ্যকর্মী স্থায়িভাবে থাকেন;

(গ) উক্ত স্বাস্থ্যকর্মীগণ পঞ্চায়েতের নির্বাচিত প্রতিনিধিগণের সহিত নিয়মিত যোগাযোগে কাজ করিয়া থাকেন কি; এবং

(ঘ) গ্রামীণ স্বাস্থ্য পরিকল্পনার সর্বাঙ্গীণ উন্নতির জন্য সরকার উহাদের কি কোন নির্দেশ দিয়াছেন?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক)—

| ব্লক | | | সংখ্যা |
|---|---|---|---|
| আরামবাগ | — | — | ৪ |
| বলাগড় | — | — | ৫ |
| চণ্ডীতলা-১ | — | — | ৩ |
| চণ্ডীতলা-২ | — | — | ২ |
| চুঁচুড়া-মগরা | — | — | ২ |
| ধনিয়াখালি | — | — | ৬ |
| গোঘাট | — | — | ৩ |
| হরিপাল | — | — | ২ |
| জাঙ্গিপাড়া | — | — | ৩ |
| খানাকুল-১ | — | — | ৩ |
| খানাকুল-২ | — | — | ২ |
| পোলবা | — | — | ৩ |
| পাণ্ডুয়া | — | — | ৬ |
| পুরশুড়া | — | — | ২ |
| সিঙ্গুর | — | — | ৩ |
| শ্রীরামপুর-উত্তরপাড়া | — | — | ১ |
| তারকেশ্বর | — | — | ২ |
| | | | মোট—৫২ |

(খ) প্রতি উপ-স্বাস্থ্যকেন্দ্রে একজন করিয়া স্বাস্থ্যকর্মী ( হেল্‌থ অ্যাসিস্ট্যাণ্ট ) নিযুক্ত আছেন।

(গ) হ্যাঁ।

(ঘ) হ্যাঁ।

## রাজ্য বিদ্যুৎ পর্ষদের কর্মচারীদের ধর্মঘট

২৩। ( অনুমোদিত প্রশ্ন নং ১৬৭। ) **ডাঃ মোতাহার হোসেন ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ১০ই ও ১১ই অগাস্ট, ১৯৭৮, সালে রাজ্য বিদ্যুৎ পর্ষদের কিছু কর্মচারী ধর্মঘট করেছিলেন ঃ এবং

(খ) সত্য হ'লে—

(১) তাঁরা কোন্ ইউনিয়নভুক্ত কর্মচারী,

(২) ধর্মঘটে অংশগ্রহণ করার জন্য তাঁদের বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে কিনা, ও

(৩) নেওয়া হ'লে কি ব্যবস্থা নেওয়া হয়েছে ?

**বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) (১) ধর্মঘটী কর্মচারিগণ পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ ওয়ার্কাস ইউনিয়ন দলভুক্ত।

(২) না।

(৩) প্রশ্ন উঠে না।

## এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে চাকরি

২৪। ( অনুমোদিত প্রশ্ন নং ১৭৪। ) **ডাঃ মোতাহার হোসেন ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৮ সালের ১লা জুলাই পর্যন্ত পশ্চিমবাংলায় এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জওয়ারী তালিকাভুক্ত বেকারের সংখ্যা কত ;

(খ) ঐ তারিখ পর্যন্ত এমপ্লমেন্ট এক্সচেঞ্জওয়ারী কতজনের নাম চাকরির জন্য সুপারিশ করা হইয়াছে ; এবং

(গ) তন্মধ্যে কতজন ( এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জওয়ারী ) চাকরি পেয়েছেন ;

**শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক), (খ) ও (গ) এতৎসংক্রান্ত বিস্তারিত বিবরণী লাইব্রেরী টেবিলে রাখা হইল।

### তারাপীঠে টুরিস্ট লজ নির্মাণের পরিকল্পনা

২৫। ( অনুমোদিত প্রশ্ন নং ২৮৫।) **শ্রীশশাঙ্কশেখর মণ্ডল ঃ** স্বরাষ্ট্র ( পর্যটন ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রামপুরহাট থানার তারাপীঠে পর্যটক ও পুণ্যার্থীদের সুবিধার জন্য পর্যটকাবাস ( টুরিষ্ট লজ ) নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, কবে নাগাত তাহা কার্যকরী হইবে ?

**স্বরাষ্ট্র ( পর্যটন ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) তারাপীঠে ঐ পর্যটকাবাসটির নির্মাণকল্পে উপযুক্ত জমি অধিগ্রহণের চেষ্টা চলিতেছে। আশা করা যায়, আগামী আর্থিক বছরের মাঝামাঝি পর্যটকাবাসটির নির্মাণকার্য আরম্ভ হইবে।

### পুনর্বাসন বিভাগের অধীন উৎপাদন কেন্দ্র

২৬। ( অনুমোদিত প্রশ্ন নং ৩০৮।) **শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুনর্বাসন বিভাগের অধীনে পশ্চিমবঙ্গে কয়টি উৎপাদন কেন্দ্র আছে ;

(খ) এই উৎপাদন কেন্দ্রসমূহে মোট কতজন কর্মী নিযুক্ত আছেন ;

(গ) ইহাদের দৈনিক গড় মজুরী কত ; এবং

(ঘ) উৎপাদন কেন্দ্রের কর্মীদের স্থায়ীকরণের বিষয় সরকার বিবেচনা করছেন কি ?

**উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) চারটি।

(খ) ৪৮৭ জন।

(গ) কর্মীদের গড় মজুরী ১ থেকে ১০ টাকা পর্যন্ত।

(ঘ) উৎপাদন কেন্দ্রের কর্মীরা পুরোপুরি সরকারী কর্মচারী কিনা তা বিচার করা হচ্ছে। এরপর স্থায়ীকরণের বিষয় বিবেচনা করা যেতে পারে।

**প্রশিক্ষণ প্রাপ্ত কম্যুনিটি হেল্‌থ ওয়ার্কার্সের ভাতা**

২৭। (অনুমোদিত প্রশ্ন নং ৩৫০।) **শ্রীসুভাষ গোস্বামী ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কম্যুনিটি লেল্‌থ ওয়ার্কার্সগণকে মাসিক ৫০ টাকা হারে ভাতা দেওয়া হয়; এবং

(খ) সত্য হইলে, উক্ত ভাতা বৃদ্ধি করার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) প্রশিক্ষণপ্রাপ্ত কম্যুনিটি হেল্‌থ ওয়ার্কার্সগণকে মাসিক ৫০ টাকা হারে ভাতা দেওয়া হয়।

(খ) উক্ত ভাতা বৃদ্ধি করার কোন পরিকল্পনা নাই।

**কর্মসংস্থান কেন্দ্রের মাধ্যমে সরকারী চাকরি**

২৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫৮।) **শ্রীকিরণময় নন্দ ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কর্মসংস্থান কেন্দ্রের মাধ্যমে ১৯৭৭ সালের জুলাই মাস হইতে ১৯৭৮ সালের ৩০এ অক্টোবর পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকারের অধীনে কতজন ব্যক্তি কর্মে নিয়োজিত হইয়াছেন; এবং

(খ) কর্মসংস্থান কেন্দ্রের মাধ্যম ছাড়া উক্ত সময়ের মধ্যে কতজন ব্যক্তি সরকারী চাকরীতে নিযুক্ত হইয়াছেন?

**শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) জুলাই, ১৯৭৭ হইতে জুন, ১৯৭৮ পর্যন্ত পশ্চিমবঙ্গে কর্মসংস্থান কেন্দ্রসমূহ মারফত রাজ্য সরকারের অধীনে মোট ৪,৮৪৮ জন ব্যক্তি কর্মে নিযুক্ত হইয়াছেন। ৩০এ অক্টোবর পর্যন্ত নিযুক্তির সংখ্যা সংগ্রহ করা হইতেছে। এতদ্‌সংক্রান্ত বিবরণী যথাসময়ে লাইব্রেরী টেবিলে রাখা হইবে।

(খ) কর্মসংস্থান কেন্দ্রের মাধ্যম ছাড়া সরকারী চাকরিতে নিযুক্তির পরিসংখ্যান শ্রমদপ্তরে জানা নাই।

**Adjournment Motion**

**মিঃ স্পীকার ঃ** আমি মাননীয় সদস্য সর্বশ্রী সুনীতি চট্টরাজ, রজনীকান্ত দলুই, মহম্মদ সোহরাব ও বীরেন্দ্র কুমার মৈত্র, এঁদের প্রত্যেকের কাছ থেকে একটি করে মুলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি।

প্রথম নোটিশে শ্রীচট্টরাজ সাধারণভাবে আইন শৃঙ্খলার অবনতি ও বে-আইনীভাবে কাজ সম্পর্কে আলোচনার জন্য মুলতুবি প্রস্তাব এনেছেন।

দ্বিতীয় নোটিশে শ্রীদলুই বামফ্রন্টের শরিক দলগুলির মধ্যে বিভেদের জন্য প্রশাসনিক ক্ষেত্রে অসুবিধা সৃষ্টির উপর আলোচনা করতে চেয়েছেন।

তৃতীয় নোটিশে জনাব মহঃ সোহরাব রাজ্যের শিক্ষা জগতে দলবাজির জন্য অরাজকতার উপর আলোচনার জন্য মুলতুবি নোটিশ এনেছেন।

এই তিনটি নোটিসেই মুলতুবী প্রস্তাবের উপযোগী কোন সাম্প্রতিক সুনির্দিষ্ট জরুরী প্রকৃতির ঘটনার উল্লেখ নেই।

চতুর্থ নোটিসে শ্রীবীরেন্দ্র কুমার মৈত্র বর্তমান ধানকাটা মরশুমে জোরপূর্বক ধানকাটার ঘটনার উল্লেখ করে মুলতুবী প্রস্তাব এনেছেন। এগুলি সাধারণ আইন শৃঙ্খলা জনিত ঘটনা এবং এগুলির প্রতিকার প্রচলিত আইনের ব্যবস্থার মধ্যেই আছে।

সুতরাং আমি উপরোক্ত সবকটি নোটিসেই আমার অসম্মতি জ্ঞাপন করছি।

শ্রীসুনীতি চট্টরাজ মহারাজ আপনি আপনার সংশোধিত মোশানটি পড়ুন।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** বামফ্রন্ট সরকার আসার পর গ্রামের সাধারণ মানুষ ভীতসন্ত্রস্ত। গণ আদালত, ধান লুট, হত্যা, নারী ধর্ষণের প্রভৃতি বে-আইনি কাজের সংখ্যা দিনের পর দিন বেড়ে যাচ্ছে। আজ বিরোধীপক্ষের জন প্রতিনিধিরা সি. পি. এম.-এর লোক কর্তৃক নানান জায়গায় নির্যাতিত হওয়া সত্ত্বেও উপযুক্ত বিচার পাওয়া যাচ্ছে না। যে সমস্ত প্রশাসক নিরপেক্ষভাবে সাধারণের স্বার্থে কাজ করতে চাইছেন তাদের উপর নেমে আসছে বদলি করার হুমকি।

তাই আজ হাউস ১ ঘন্টার জন্য এ্যাডজোরন করে উপযুক্তভাবে আলোচনার সুযোগ দিন।

সমস্তটাই এডিট করে দিয়েছেন তবুও সেইটুকুই পড়লাম।

**শ্রীবীরেন্দ্র কুমার মৈত্র ঃ** মাননীয় স্পীকার মহাশয়, জনসাধারণের পক্ষে

গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হ'ল—

মাননীয় ভূমি সদ্ব্যবহার বিভাগীয় মন্ত্রী মহোদয়ের বিধানসভা আরম্ভের ঠিক প্রাক্কালে বর্তমান এবং তথাকথিত পুরাতন বর্গাদারের মধ্যে সমানভাবে ফসল ভাগ এবং প্রকৃত জমির মালিককে সম্পূর্ণ বঞ্চিত করার যে গুরুত্বপূর্ণ বিবৃতি প্রকাশ করা হয়েছে তার ফলে পশ্চিমবঙ্গের সর্বত্র বিশেষ করে মালদহ জেলার গ্রামাঞ্চলের এক নিদারুণ বিভ্রান্তিকর অবস্থার সৃষ্টি হয়েছে। কোনদিন বর্গাদার ছিলেন না এমন সমস্ত বিশেষ বিশেষ রাজনৈতিক দলের ক্যাডার বা সমর্থকরা পুরাতন বর্গাদারের দাবী নিয়ে জোর করে লাগান পাকা ধান কেটে নিয়ে চলে যাচ্ছে। ইতিমধ্যে মালদায় এইরকম ৬৮টি ঘটনার সংবাদ পাওয়া গেছে। এরা কোনদিন বর্গাদার ছিল কিনা তা নির্ধারণের কোন ব্যবস্থা বা প্রয়োজন প্রচারিত সরকারী নীতিতে নেই। সম্প্রতি মালদহ জেলায় হবিপুর থানার মানদিঘী করমটোলো গ্রামে মা, মেয়ে, জামাই ও নাতিকে হত্যা করা হয় এবং একের উপর অপরকে শুইয়ে একই গর্তে ঘন কবর দেওয়া হয়েছে এটাও ধান কাটার বিবাদেরই ফলশ্রুতি।

আমি লিখেছিলাম যে মন্ত্রী মহাশয় আলোচনা করুন, ধান কাটার ফসলের উপরে, উনি যে পলিসি বলেছিলেন সেইটার উপরে আলোচনা হক—এইটা প্রার্থনা জানিয়েছিলাম।

[2-00—2-10 P.M.]

**Shri Rajani Kanta Doloi :** Sir, this House do now adjourn its business to discuss a definite matter of urgent public importance.

Sharp difference amongst the constituent parties of the Left Front Government is adversely affecting the administration in the State. The constituent parties are sharply divided on sharing the benefits of forcible harvesting and the paddy looted by them from the poor cultivators. The administrative machinery set up to maintain law and order has virtually collapsed and is lying at the mercy of C.P.I. (M). Differences have also cropped up on the issue of division of quota for recognition of schools on political considerations.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে সি. পি. এম. এবং আর. এস. পি.-র সঙ্গে

গোলমাল চলছে তার জন্য স্যার, আপনি এক ঘণ্টা হাউস মুলতবী রেখে ওঁদের বলুন একটা মিটমাট করে নিতে।

**শ্রী মহম্মদ সোহরাব:** মাননীয় স্পীকার মহাশয়, আমার বক্তব্য হচ্ছে বিশ্ব-বিদ্যালয় থেকে আরম্ভ করে প্রাথমিক স্তর পর্যন্ত শিক্ষা ক্ষেত্রে খুব দলবাজী চলছে। এমন কি বামফ্রন্ট সরকারের বিভিন্ন দল পর্যন্ত এতে বিব্রত বোধ করছেন এবং সেখানে এমন অবস্থার সৃষ্টি হয়েছে যে সেখানে ওঁদের কোন কোন দল মিটিং বর্জন করতে বাধ্য হয়েছে। আমি অনুরোধ করছি যে শিক্ষা ক্ষেত্রে এই যে নৈরাজ্য চলছে যে অরাজকতা চলছে বিশ্ববিদ্যালয় স্তর থেকে প্রাথকিম স্তর পর্যন্ত, তার অবসান হওয়া খুবই প্রয়োজন এবং তার জন্য তাঁরা যেন ব্যবস্থা গ্রহণ করেন।

### Calling attention to Matters of Urgent Public Importance

**মিঃ স্পীকার:** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃটি আকর্ষণী নোটিশ পেয়েছি, যথা:—২৮/১১/৭৮ তারিখে এম. এল. এ. হোষ্টেলে জল ও বিদ্যুতের অভাব শ্রীসুনীতি চট্টরাজ, (২) সল্ট লেক ডিভিসন কর্তৃক বেআইনীভাবে কণ্ট্রাক্ট দেওয়া শ্রীসুনীতি চট্টরাজ, (৩) গ্রাম পঞ্চায়েত পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদের বিভিন্ন সভায় উপস্থিতির জন্য আর্থিক ক্ষতি রোধের ব্যবস্থা, শ্রীজামিনী মজুমদার, (৪) কোবলা ফেরত আইনের ফলে গরীব কৃষকদের হয়রানি, শ্রীজামিনী মজুমদার, (৫) মুর্শিদাবাদ জেলায় ভগবানগোলা থানার অন্তর্গত জীবনপুর গ্রামে দিবালোকে খুন ও ফলে সন্ত্রাসের সৃষ্টি, শ্রীকাজী হাফিজুর রহমান, (৬) মুর্শিদাবাদ জেলায় প্রাইভেট বাস ও ট্রাক ধর্মঘট শ্রীহাবিবুর রহমান, (৭) নদীয়া জেলায় তেহট্ট থানার দেবনাগপুরে চাষীর লড়াই, শ্রীরজনীকান্ত দোলুই, (৮) বিভিন্ন জেলায় গণ আদালত স্থাপন ও আইন শৃঙ্খলার অবনতি, শ্রীরজনীকান্ত দোলুই (৯) বারাকপুর মহাদেবানন্দ কলেজে ২৯।১১।৭৮ তারিখে আশ্রম সন্ন্যাসী ও শিক্ষক জখমের ঘটনা, শ্রীরজনীকান্ত দোলুই, (১০) কলকাতা পুরসভার বিভিন্ন ডিষ্ট্রিক্ট অফিসে ভাঙ্গচুর শ্রীরজনীকান্ত দোলুই এবং

11. Visit of Minority Commission to West Bengal—Shri Rajanikanta Doloi.
12. Rise in price of wheat—Shri Rajanikanta Doloi.
13. C. L. W. Workers' fast at Asansol—Shri Rajanikanta Doloi.
14. Closure of Shri Durga Flour Mills—Shri Rajanikanta Doloi.

আমি ঐ ১২নং নোটিশটি রাইস ইন প্রাইস অব হুইট শ্রীরজনীকান্ত দোলুই কর্তৃক আনীত নোটিশটি গ্রহণ করছি বাকী গ্রহণ করছি না। মন্ত্রী মহাশয় নাই। সরকারী তরফ থেকে আপনারা বলুন কবে এর উত্তর দেবেন।

**শ্রীদীনেশ মজুমদার :** স্যার, ৫ই ডিসেম্বর এর উত্তর মন্ত্রী মহাশয় দেবেন।

## MENTION CASES

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দায়িত্ব অনেক বেশী কারণ আমরা বিরোধী পক্ষে আছি আর সেইজন্যই আমাদের কিছু কিছু ঘটনা এখানে বলতে হয়। ২৮-১১-৭৮ তারিখ মঙ্গলবার বেলা ১১টার সময় বাসন্তী কেন্দ্রের চুনাখানা অঞ্চলের পূর্ব বয়ার সিং গ্রামে সি. পি. এম.-এর গঙ্গা মাইতি, ভবতোষ বর, সূর্যকান্ত বর, অনিল বর চারজন চারখানা বন্দুক নিয়ে কংগ্রেসের লোকদের ( ভাগচাষী ) নির্মমভাবে গুলি চালায় এবং একজন মহিলা সহ ৬ জন গুলিবিদ্ধ অবস্থায় হাসপাতালে ভর্তি হয়।

এদের মধ্যে কাদের খাঁ, তার ১৬ বছর বয়স, সে নীলরতন হাসপাতালের ২৬ নং বেডে মৃত্যুর সঙ্গে পাঞ্জা কষছে। সি. পি. এমের অত্যাচারে আজ প্রকৃত ভাগচাষীরা ধান কাটতে গিয়ে বর্গীদের গুলিতে হতাহত। এই ব্যাপারটি ও.সি.-কে জানানো হয়েছিল, কিন্তু ও.সি. আজ পর্যন্ত এই বিষয়ে কোন এ্যাকসান নেয় নি। তাদের বন্দুক সিজড্ হয় নি, আসামীরা ধরা পড়ে নি, অথচ ৪টি বন্দুক থেকে রীতিমত ভাবে গুলি ছোঁড়া হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন্য জায়গায় কংগ্রেসের বন্দুক হলে ধরা পড়ে, অথচ সি. পি. এম.-এর ৪টি বন্দুক থেকে গুলি চালাল পুলিশ এখন পর্যন্ত নিশ্চিন্ত হয়ে বসে আছে, একজন আসামীকেও ধরে নি। ৪টি বন্দুক থেকে ফায়ার করা হয়েছে। আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে ভর্তি হয়ে আছে। স্যার, দেশের শান্তি শৃঙ্খলা একেবারে নষ্ট হয়ে গেল।

**শ্রীসন্তোষকুমার দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পাঁচলা কেন্দ্রের সবকটি হাসপাতাল অত্যন্ত সঙ্কটজনক অবস্থায় রয়েছে। দীর্ঘ দেড় বছর ধরে বার বার আবেদন করা সত্ত্বেও এবং বিভিন্ন অফিসে গিয়ে দরবার করা সত্ত্বেও হাসপাতাল গুলির কোন উন্নতি হচ্ছে না। ছুটি হাসপাতালে এখন পর্য্যন্ত কোন ডাক্তার নেই। ৪ বছর ধরে বারে বারে জানানো হয়েছে একটি রুরাল হসপিটালের জন্য ৪০ লক্ষ ৩০ হাজার টাকা স্যাংসাণ্ড হয়ে রয়েছে অথচ সেই হাসপাতালটি খোলা হচ্ছে না। কুলাই-এ একটা নতুন হাসপাতাল খোলা হয়েছে, আউট ডোরের ভাল ব্যবস্থা নেই, ডাক্তার নেই। আর দেউলপুরের একটি প্রাইমারী হাসপাতালকে

সাবসিডিয়ারি হাসপাতালে পরিণত করা হয়েছে। এই অব্যবস্থার জন্য পাঁচলার মানুষ দিনের পর দিন বিক্ষুব্ধ হয়ে পড়ছেন।

**শ্রীনির্মলকুমার বোস:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতায় ট্যাক্সির একটা দারুণ সমস্যা--প্রয়োজনের সময় ন্যায্য ভাড়ায় ট্যাক্সি পাওয়া একেবারে অসম্ভব হয়ে দাঁড়িয়েছে। হাওড়া স্টেশন কিম্বা শিয়ালদহ স্টেশনে নামলে কিম্বা হাসপাতালে যাবার প্রয়োজন হলে, পরীক্ষার সময় প্রয়োজন হলে প্রায়ই ট্যাক্সি পাওয়া যায় না। দেখা যায় লাল কাপড় দিয়ে মিটার মোড়া আছে এবং অধিকাংশ সময়েই তারা বলে আমরা মিটারে যাব না, এমনি ভাড়ায় কণ্ট্রাক্ট করে যাব। কয়েকদিন আগে আমি দিল্লী থেকে ফিরে দমদম এয়ারপোর্টে নেমে দেখি কোন ট্যাক্সি নেই। একটি ট্যাক্সি দেখি ৫০/৬০ টাকা চাইছে, প্রকৃত ভাড়ার চেয়ে অনেক গুণ বেশী। এই ব্যাপারে পুলিশ যাতে উপযুক্ত ব্যবস্থা নিতে তৎপর হয়ে ওঠে—সময় মত ন্যায্য ভাড়ায় যাতে জনসাধারণ ট্যাক্সি পেতে পারে তার জন্য উপযুক্ত ব্যবস্থা নিতে আমি অনুরোধ করছি।

**শ্রী মহম্মদ সোহরাব:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ৫ দিন থেকে মুর্শিদাবাদ জেলার বেসরকারী বাস ধর্মঘট চলছে। এর ফলে মুর্শিদাবাদ জেলার মানুষের বিভিন্ন জায়গায় কাজকর্মে যাওয়ার খুব অসুবিধা হচ্ছে—বিশেষ করে বহরমপুর, জঙ্গীপুর, কাঁদি ইত্যাদি জায়গায় যাওয়া অত্যন্ত কষ্টকর ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। কয়েকদিন হয়ে গেল, আজ পর্যন্ত কোন রকম ব্যবস্থা গ্রহণ করা হয় নি। অনতিবিলম্বে যাতে এই বাস ধর্মঘট মিটে গিয়ে জনসাধারণের যাতায়াতের সুবিধা হয় তার জন্য আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**ডাঃ হরমোহন সিংহ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরী বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। বন্যার ফলে আহমেদপুর কাটোয়া লাইন একেবারে বিধ্বস্ত হয়ে গেছে। আজ পর্যন্ত কোন মেরামতের কাজ হয়নি। ঐ এলাকার অসংখ্য জনসাধারণ দুর্গতির মধ্যে পড়েছে। তারা ঠিকমত যাতায়াত করতে পারছে না। কয়েকটি মাত্র বাস চলাচল করে। সেই বাসে যে ধরণের ভীড় হয় তাতে করে যাতায়াতের পথে প্রায়ই এ্যাকসিডেন্ট হচ্ছে। কাজেই এই আহমেদপুর কাটোয়া ট্রেন লাইনের কাজ তরান্বিত করার জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**মিঃ স্পীকারঃ** এটা তো রেলওয়ের ব্যাপার। আপনাদের ওখানকার এম. পি.-কে দিয়ে বিষয়টি বলান।

**ডাঃ হরমোহন সিংহঃ** আপনার মাধ্যমে বিষয়টি উত্থাপিত হলে এর গুরুত্ব অনেক বেশী হয়—আপনি যদি বিষয়টি পাঠিয়ে দেন তাহলে আমার মনে হয় খুব ভাল হয় এবং এই বিষয়টি সকলে উৎসাহ নিয়ে তাড়াতাড়ি করবার চেষ্টা করবেন।

**মিঃ স্পীকারঃ** আপনারা একটা ইউন্যানিমাস রেজলিউশান করে পাঠিয়ে দিন তাহলে খুব ভাল হবে।

[2-10—2-20 P.M.]

**শ্রীরজনীকান্ত দলুইঃ** মাননীয় স্পীকার মহাশয়, গতকালের অমৃতবাজার পত্রিকা দেখে আমরা অবাক হয়েছি। মহেশতলায় যে বাই-ইলেকসন হচ্ছে সেটা চিফ মিনিস্টার এ্যানাউন্স না করে আলিমুদ্দিন স্ট্রীট থেকে প্রমোদ দাশগুপ্ত এ্যানাউন্স করেছেন। অর্থাৎ মহেশতলার বাই-ইলেকসনের কথা জ্যোতিবাবু বলছেন না, বলছেন প্রমোদবাবু। স্যার, এই এক্সট্রা-কনস্টিটিউসন্যাল অথরিটি সম্বন্ধে এর আগেও আপনার কাছে বলেছি এবং আজ আবার বলছি। আমরা জানতে চাই একথা বলার কি অধিকার আছে প্রমোদবাবুর? কি ক্ষমতাবলে তিনি এসব কথা বলছেন? মহেশতলার বাই-ইলেকশনে বামফ্রন্টের একজন প্রভাবশালী সদস্যকে দাঁড় করানোর চেষ্টা করা হচ্ছে এবং শোনা যাচ্ছে মুখ্যমন্ত্রীর পদ থেকে জ্যোতিবাবুকে সরিয়ে দিয়ে তাঁকে মুখ্যমন্ত্রী করা হবে। প্রমোদবাবু যেভাবে কথাবার্তা বলছেন তাতে বুঝতে পারছি না পশ্চিমবাংলায় কি রকম গণতন্ত্র চলছে। এটা কি গণতান্ত্রিক পদ্ধতি, না স্বৈরতান্ত্রিক পদ্ধতি। সেই অভিমত আপনি দিন।

**শ্রীসত্যরঞ্জন বাপুলীঃ** অন এ পয়েন্ট অব প্রিভিলেজ। বর্তমানে হাউস চলছে এবং আমরা দেখেছি মুখ্যমন্ত্রী দুদিন আগে এখানে এসেছিলেন এবং আজও এসেছেন। একটা উপনির্বাচনের ব্যাপারে যে কথা শুনলাম তাতে দেখছি হাউসের কোন মূল্য নেই। আমাদের হাউস যখন চলছে তখন চিফ মিনিস্টার হাউসে বলতে পারলেন না যে, ওখানে বাই ইলেকসন এবং আমি সেটা এ্যানাউন্স করব? স্যার, দি হোল অব ওয়েস্ট বেঙ্গল ইজ হিয়ার, কাজেই সেই বাই ইলেকসনের কথা উনি এখানে কেন বললেন না? উনি বাইরে একটা প্রাইভেট মিটিং-এ গিয়ে সেকথা বললেন এটা কি রকম কথা? আপনি স্যার, আমাদের হাউসের কাস্টোডিয়ান কাজেই আপনি আমাদের প্রিভিলেজ রক্ষা

করুন। মুখ্যমন্ত্রী এসব কথা হাউসে এ্যানাউন্স করবেন না এটা কি হচ্ছে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি তাঁকে হয় হাউসের মূল্য দিতে বলুন, না হয় হাউস বন্ধ করুন। দিস্ ইজ আওয়ার প্রিভিলেজ এ্যাণ্ড উই মাস্ট নো ইট। আমরা একথা মুখ্যমন্ত্রীর মুখ থেকে শুনতে চাই, সংবাদপত্রের কাছ থেকে শুনতে চাই না।

**মিঃ স্পীকার:** আপনি অন্যের সময় নষ্ট করছেন, আপনি এখন বসুন।

**শ্রীহরিপদ ভারতী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি অত্যন্ত দুর্ভাগ্যজনক ঘটনার দিকে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনিও আশা করি স্বীকার করবেন ভারত সেবাশ্রম সংঘ একটি সর্বজন শ্রদ্ধেয় প্রতিষ্ঠান এবং ত্রাণ কার্যে তাঁরা যে ইতিহাস রচনা করেছেন সেই ইতিহাসের জন্য আমরা সকলেই গর্বিত। সাম্প্রতিককালে বিধ্বংসী বন্যায় পশ্চিমবাংলার মানুষকে তারা যেভাবে সেবা করেছেন তার জন্য কোটি কোটি মানুষ তাঁদের কাছে চিরদিনের জন্য কৃতজ্ঞ থাকবে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় এই ভারত সেবাশ্রম সংঘের ৭ বিঘা জমি দক্ষিণ ২৪ পরগণা জেলার মথুরাপুর থানার অন্তর্গত জনেবেরিয়া গ্রামে যা রয়েছে সেই ৭ বিঘা জমির ধান জোর করে লুণ্ঠন করা হয়েছে। কারা এটা করেছে তা তাঁরা বলেননি এবং কোন দলকেও তাঁরা চিহ্নিত করেন নি। তাঁরা বলেছেন জোর করে এই ধান কেটে নিয়ে যাওয়া হয়েছে। তবে সবচেয়ে শোচনীয় বস্তু হচ্ছে তাঁরা যখন যথারীতি থানায় গেছে রিপোর্ট করতে তখন থানার কর্তা বলেছেন এই জাতীয় রিপোর্ট করলে কিছু হয় না কারণ ধান কাটলে আমরা কিছু করতে পারি না। মুখ্যমন্ত্রীকে জানাচ্ছি আইন শৃঙ্খলা কোন্ পর্যায়ে এসে নামলে থানা অফিসার একথা বলতে পারেন এবং ভারত সেবাশ্রম সংঘের মত একটি প্রতিষ্ঠানকে দুঃখ বহন করতে হয়।

**শ্রী শেখ ইমাজুদ্দিন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের প্রতি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। নিজাম বলে একটা কাগজে বিজ্ঞাপন বেরিয়েছে যে বেকার যুবকরা যদি সেই বিজ্ঞাপন দাতা সংস্থাতে চাকরীর জন্য আবেদন করে তাহলে তাদের চাকরীর ব্যবস্থা করে দেওয়া হবে এবং তারা নির্দেশ দিচ্ছে যে যারা চাকরী চায় তারা যেন ২৫০ টাকা করে জমা দেয়। এইভাবে অনেক বেকার যুবক ২৫০ টাকা করে তাদের কথা মত জমা দেওয়া সত্ত্বেও তাদের কোন চাকরী হচ্ছে না বা তাদের চাকরীর জন্য কোন ইন্টারভিউতে ডাকা হচ্ছে না। আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে এই ভুয়ো প্রতিষ্ঠান সম্পর্কে খোঁজ নেবার জন্য অনুরোধ জানাচ্ছি।

***মিঃ স্পীকার ঃ*** *এটা একটা সিরিয়াস ম্যাটার, এই বিষয়ে নোট করা হোক।*

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** আপনি তো নোট করে নিতে বললেন মিনিস্টারকে, মিনিস্টাররা কি এই বিষয়ে নোট করে নিলেন ?

**মিঃ স্পীকার ঃ** মিনিস্টার নোট না করলেও, আমার একটা সেকশন আছে, আমি সেখান থেকে খোঁজ খবর নিচ্ছি।

**শ্রীস্বদেশরঞ্জন মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলার এই বিধ্বংসী বন্যায় অনেক ভাড়াটিয়া আজকে গৃহহারা অবস্থায় দিন কাটাচ্ছে। মুখ্যমন্ত্রী তাঁর বিবৃতিতে এই ভাড়াটিয়াদের সম্পর্কে কিছু বলেন নি। এই ভাড়াটিয়ারা যে ঘরে ভাড়া ছিলেন, সেইগুলো পড়ে গেছে, যে বাড়িওয়ালাদের সামর্থ আছে, তারা সেই বাড়ি করে দিচ্ছে না আর যাদের সামর্থ নেই তারা তো বাড়ী তৈরী করতে পারছেই না। এই সব ভাড়াটিয়ারা একটা শোচনীয় অবস্থার মধ্যে কাল কাটাচ্ছে। আমার মনে হয় সরকার থেকে আশ্রয়হীন ভাড়াটিয়াদের সম্পর্কে ইমিডিয়েট ব্যবস্থা গ্রহণ করা দরকার। এই ব্যাপারটা আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাঁদিতে রাজ স্কুলের জন্য কাঁদি রাজ পরিবার থেকে কিছু সম্পত্তির ট্রাস্ট করা হয়েছিল। সেই ট্রাস্টের অধিকাংশ সদস্য মারা গেছে, সামান্য কয়েকজন বেঁচে আছেন। সেই সম্পত্তিগুলোকে দীর্ঘ মেয়াদী লিজ হিসাবে দিয়ে দেওয়া হচ্ছে। সেখানে দেওয়ানজীর পুকুর বলে একটা পুকুর আছে, তার পারে বড় বড় পাকা বাড়ি হয়ে যাচ্ছে। সেই পুকুরে আবার ফিশারী ডেমনস্ট্রেশন সেন্টার আছে। আমি এই ব্যাপারে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে এই স্কুলের আয় হয় কি না। আইনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, এই ট্রাষ্ট হস্তান্তর করতে পারে কি না এবং মৎসমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এই ডেমনস্ট্রেশন সেন্টারটিকে ঠিকভাবে চালু রাখা যাবে কি না।

**শ্রীসুনীতি চট্টোরাজ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সল্ট লেক রিক্ল্যামেশন ডিভিশন ১০-১১-৭৮ তারিখে একটা বিরাট টেণ্ডার ডাকেন যার আনুমানিক ব্যয় হবে প্রায় ৪০ লক্ষ টাকা বিভিন্ন কাজের জন্য। আমি দায়িত্ব নিয়ে

বলছি, আপনারা খোঁজ নিয়ে দেখুন—এর মধ্যে একজন সরকারী এম. এল. এ. ইনভল্ভ আছেন, কো-অর্ডিনেশন কমিটির একজন আছেন, যাঁর নাম আমি এখানে বলতে চাই না, তদন্তের সময় বলবো এমন কি ওখানকার এস. ই. পর্য্যন্ত ইনভল্ভ আছেন। যার ফলে একজিকিউটিভ ইঞ্জিনিয়ার, যিনি এই টেণ্ডার পাশ করতে পারছেন না এই তুজন নেতার জন্য। কারণ এই তুজন নেতা কনট্রাক্টারদের কাছ থেকে টাকা দাবী করেছিল। এস. ই. বলছে একজিকিউটিভ ইঞ্জিনিয়ারকে তুমি ফাইলটা বার করে দাও আমি দেখবো। এক নং কাজের জন্য প্রায় ১০ লক্ষ টাকা ধার্য্য হয়েছে। ১৫/১৬ জন টেণ্ডার দেয়, এর মধ্যে টু পার্সেন্ট এ্যাবাভ হচ্ছে ৩ জন। জি. ও. ডি. সি. কনষ্ট্রাকশন ২ পার্সেন্ট এ্যাবাভে টেণ্ডার দেয়। কিন্তু যেহেতু সে টাকা দিতে পারেনি, সেই হেতু এই টেণ্ডারটি পাশ করা হয় নি। ২ পার্সেন্ট এ্যাবাভে পাশ করা হয়েছে কিন্তু এই জি. ও. ডি. কনষ্ট্রাকশনের টেণ্ডার পাশ করা হয়নি।

আর তু'জন ছিলেন ২ পারর্সেন্ট-এর এ্যাবাভ, তাদের সরকারী টেণ্ডার দেওয়া হল। যে রকম স্যার, আমরা 'ল এণ্ড অর্ডার বলে কোনও জিনিষ আজকে পশ্চিমবঙ্গে খুঁজে পাচ্ছি না, সেই রকম তুর্নীতিও চলছে। ৪০ লক্ষ টাকার কাজে হাজার হাজার টাকা এম. এল. এ.-রা আমদানী করছে। সৎসাহস থাকে এর তদন্ত করুন। আমি আপনাদের কাছে নির্দিষ্ট ঘটনার উল্লেখ করলাম, যদি সৎসাহস থাকে তাহলে তদন্ত করুন।

[2-20—2-30 P.M.]

**শ্রী সামসুদ্দিন আহমেদ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী মহাশয় আজকে এখন এখানে উপস্থিত নেই। আমি আপনার মাধ্যমে একটি আইন-শৃঙ্খলাজনিত ঘটনার প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কালকে আমি মেদিনীপুরের একটি গ্রামের ২৫টি বাড়ীর মধ্যে ১৭টি বাড়ীতে একই রাত্রে ডাকাতির কথা বলেছিলাম। আজ আবার সেই মেদিনীপুর জেলার আর একটি ডাকাতির কথা উল্লেখ করছি।

গত ২২-১১-৭৮ তারিখে মেদিনীপুর জেলার নয়াগ্রাম থানার অধীন আঁধারী, খোবরাহারিপুর এবং গোপালপুর গ্রামে ৬টি বাড়ীতে ডাকাতি হয়েছে। একই রাত্রে ৬টি বাড়িতে ডাকাতি হয়েছে। সবচেয়ে তুঃখের ঘটনা হচ্ছে সেখানে মহিলারা ডাকাতদের বাধা দিতে চেষ্টা করেছিলেন, কিন্তু পুলিশ কোনও রকম চেষ্টা করেনি। আজকে সারা পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলা নেই, রাতে ডাকাতি, দিনেরবেলা খুন-খারাপী

এবং পার্টির লোকেদের দিয়ে ধান কেটে নেওয়ার অরাজক ব্যবস্থা চলছে। আমি জানতে চাইছি, এ বিষয়ে হোম-ডিপার্টমেন্ট নীরব কেন? আপনার মাধ্যমে জ্যোতি বাবুর কাছে আমি একথাটা জানতে চাইছি।

**শ্রীহবিবুর রহমান:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আইন-শৃঙ্খলার ব্যাপার নিয়ে দু' একটি ঘটনা আপনার মাধ্যমে হাউসে উত্থাপন করছি। মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা থানায় একটা সন্ত্রাসের এবং জঙ্গলের রাজত্ব বিরাজ করছে। এখানে একটার পর একটা খুন করে যাচ্ছে সি. পি. এম. গুণ্ডারা। এ সম্পর্কে আমি বার বার মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম। কিন্তু কোনও প্রতিকার হয়নি এবং প্রতিবিধানও পাওয়া যায়নি। মুর্শিদাবাদ জেলায় আমাদের কংগ্রেসের সহ-সভাপতি রেজাউল্লুল হক্-কে গত ১৩/৬/৭৮ তারিখে সকালে জন-সম্মুখে নৃশংসভাবে হত্যা করা হয়েছে। তারপর ১১/৮/৭৮ তারিখে ঐ হত্যাকাণ্ডের প্রত্যক্ষদর্শী সাক্ষী নূর মহঃ-কে রাত্রিবেলা হত্যা করে। এসম্পর্কে আমি ইতিপূর্বে দৃষ্টি আকর্ষণ করেছি। কিন্তু এখন পর্যন্ত কোনও প্রতিকার হয়নি। তারপর গত ২৩/১১/৭৮ তারিখে যখন আমাদের পরিষদীয় প্রতিনিধি দল মুখ্যমন্ত্রীর কাছে স্মারকলিপি দাখিল করেছিল তখন সেই স্মারকলিপিতে এই সমস্ত ঘটনার উল্লেখ করা হয়েছিল। মুখ্যমন্ত্রী আমাদের আশ্বাস দিয়ে বলেছিলেন যে, আমি এর পর থেকে আমার যে গুণ্ডাবাহিনী আছে সেই গুণ্ডাবাহিনীকে সংযত থাকবার জন্য বলব।

( গোলমাল )

গত ২৬ তারিখে মুখ্যমন্ত্রী বীরভূমে জনসভা করতে গিয়েছিলেন এবং তিনি সেখান থেকে ফিরে আসবার পর থেকে মুর্শিদাবাদ জেলায় অভিনব উপায়ে গুণ্ডারা আক্রমণ চালাচ্ছে। গত ২৮/১১/৭৮ তারিখে আমাদের কংগ্রেসী গরীব সমর্থক নিয়ামত শাহ-র বাড়ীতে ডাকাতি করার জন্য সি. পি. এম. গুণ্ডাবাহিনী আক্রমণ চালায় এবং তাঁর একটা চোখ নষ্ট করে দেয়। তাঁর একটি চোখ নষ্ট হয়ে গিয়েছে, সে এখন বহরমপুর হাসপাতালে রয়েছে। তাঁর উপর যখন আক্রমণ করা হয় তখন তাঁর স্ত্রী স্বামীকে বাঁচাবার জন্য এগিয়ে গেলে তাঁর বুকের স্তনের উপর ছুরি মারা হয়। শুধু তাই নয় মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাঁর ৫/৬ বছরের শিশু পুত্রকেও ধরে সেই গুণ্ডারা মারধর করে এবং তাঁর সামনেই তাঁর এক যুবতী মেয়ের ওপর নির্যাতন করা হয়েছে।

( গোলমাল )

**মিঃ স্পীকার ঃ** মিঃ রহমান, আপনি এবার বসুন। আপনি বক্তৃতা করবেন না।

**শ্রীহবিবুর রহমান ঃ** পাড়া-প্রতিবেশীরা যখন তাঁদের রক্ষা করতে যায়, তখন তাদের উপরও আক্রমণ করা হয়েছে। আজকে আমাদের কংগ্রেস কর্মীরা এবং সাধারণ মানুষরা ভীত-সন্ত্রস্ত।

( গোলমাল )

এইভাবে নির্যাতন করা হচ্ছে। পাড়া প্রতিবেশীরা আজকে ভীত-সন্ত্রস্ত, মানুষেরা বসবাস করতে পারছে না। ( মিঃ স্পীকার ঃ কি হচ্ছে কি? আপনি বসুন )। সুতরাং এই কথা বলে আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**মিঃ স্পীকার ঃ** আপনি এই যে এতক্ষণ সময় নিলেন—তাহলে কি আমি আপনাদের সামনে এই কাগজগুলি ( মেনসানের কাগজ ) ছিঁড়ে ফেলে দেবো?

**শ্রী আবদুস সাত্তার ঃ** আপনি ছিঁড়ে ফেলে দেবেন বললেন—এটা বলা ঠিক নয়।

**মিঃ স্পীকার ঃ** তা আমি কি করবো? এগুলি কি আমার ঘরে জমা করে রেখে দেবো?

**শ্রীঅতীশচন্দ্র সিনহা ঃ** আপনি ছিঁড়ে ফেলে দেবো, এই কথাটা বলায় আমি মনে আঘাত পাচ্ছি।

**মিঃ স্পীকার ঃ** আমি মাননীয় সদস্যদের জিজ্ঞাসা করি, এই কাগজগুলি কি আমার ঘরে জমা হয়ে থাকবে?

**শ্রীঅতীশচন্দ্র সিনহা ঃ** আপনি যদি বলতেন এগুলি আর কাজে লাগবে না, শুধুই জমা হয়ে থাকবে তাহলে ভাল হতো, কিন্তু "ছিঁড়ে ফেলে দেবো" এই কথাটায় আমার প্রাণে আঘাত লাগছে?

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় স্পীকার স্যার, অনেক এম. এল. এ. আপনার কাছে প্রটেকসান চায় এবং তাঁরা পান...

**মিঃ স্পীকার ঃ** মেনসান আওয়ারে যদি আইন ভঙ্গ করে বক্তৃতা করেন তাহলে কত সময় লাগে সেটা ভেবে দেখেছেন কি ?

**শ্রীকৃষ্ণদাস রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গণ-আদালতের একটি করুণ কাহিনী আপনার কাছে তুলে ধরছি। মেদিনীপুর জেলায় বেলদা থানার সাবড়াগ্রামের ১৮ নং মহল্লায় জনৈক সেক্ আলাউদ্দিনের সন ১৩৮৪ সালের অগ্রহায়ণ মাসে একটি কোদাল চুরির অভিযোগকে কেন্দ্র করে সি. পি. আই. এমের কৃষক পার্টির গণ-আদালতের বিচারে সেক্ সেলিমুদ্দিন নামক জনৈক গ্রামবাসীকে সেক্ আয়মৎ খাঁ সি. পি আই. এম.-এর লিডার ২৫০০ টাকা জরিমানা করে এবং ৫ জুতা মারা হয়। টাকা না দিতে পারার জন্যে তাঁর কাছ থেকে সোনার ২টি বালা ( ৩ ভরী এক আনা ), সোনার আংটি ( ৪ আনা ) মোট ৩ ভরী পাঁচ আনার সোনার জিনিষপত্র আদায় করে নেওয়া হয়। দিনের পর দিন এই ধরনের চরম অত্যাচার চলছে। এই রকম অত্যাচারে শত শত লোক ঘর ছাড়া হচ্ছে। স্যার, আমি মুখ্যমন্ত্রীর সাথে দেখা করে এইসব ঘটনার কথা বলেছি কিন্তু কিছুই প্রতিকার হচ্ছে না। আমি আপনার মাধ্যমে অনুরোধ করবো, যেন অবিলম্বে গণ-আদালত বন্ধ করা হোক এবং সাধারণ মানুষকে শান্তিতে থাকতে দেওয়া হোক।

[2-30—2-40 P.M.]

**শ্রীজন্মেঞ্জয় ওঝা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই বন্যা ত্রাণের কাজের জন্য সরকারী কর্মচারীদের টিফিন খরচা দেওয়া হয়েছে কিন্তু স্যার, হতভাগ্য চৌকিদাররা এক ফোঁটা কিছুই পায় নি। তারাই সবচেয়ে বেশী কাজ করেছে, কেউ জলে নেমে মালপত্র বয়েছে, কেউ নৌকা চালিয়েছে, কেউ আবার কোন কোন রিলিফ বাবুদের জিনিষ মাথায় করে নিয়ে গেছে, তাদের যেন টিফিন খরচা দেওয়ার ব্যবস্থা করা হয়।

**শ্রীমহাদেব মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, এবং সঙ্গে সঙ্গে উচ্চ শিক্ষা বিভাগের মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি, আমি একটি বিশেষ ব্যাপার তাঁর নজরে আনতে চাই। পুরুলিয়ার জে. কে. কলেজ এতদিন ধরে পুরণো কলেজ হওয়া সত্বেও তাতে কোন বিজ্ঞান অনার্স নেই। যে টাকা স্যাংসন হয়েছিল সেই টাকা এখন পর্য্যন্ত কাজে লাগেনি। তার সঙ্গে আরও কিছু ব্যাপার আছে সেটা হচ্ছে এই যে সেখানে ৩টে শিফটে ছাত্র

পড়ান হয়, সকাল, দুপুর এবং রাত্রি এই ৩টে শিফটে ছাত্রদের বসবার কোন জায়গা নেই। একটা ৭৫ হাজার টাকার স্যাংসন করা হয়েছিল আউটার ষ্টুডেন্টস্‌দের রেষ্ট রুমের জন্য। কোন কাজই এখন ও হয়নি, তাই আজকে আমি মন্ত্রীমহাশয়দের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীদেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এটা গতকাল ছিল—হয়নি বলে আজ কলিং এ্যাটেনসন হয়ে গেছে। আপনারা দেখেছেন যে গত পরশু দিন কাগজে সরকারী বিজ্ঞপ্তিতে দেখলাম সরকার র‍্যাশনে গমের দাম কিলোপ্রতি ৫ পয়সা বাড়িয়েছেন, এমনিতেই মূল্যবৃদ্ধি, সেখানে সরকার দাম না বাড়িয়ে ৫ পয়সা সাবসিডি দিয়ে দিন যাতে সাধারণ মানুষের উপর চাপ না পড়ে।

**Shri Rabi Shankar Pandey :** अध्यक्ष महोदय, मैं आपके माध्यम से पुन: इस बातकी दोहराना चाहता हूँ कि बिधानसभा का जिस समय अधिवेशन चलता है, उस समय सरकार के मंत्रियों का पुलीस कर्त्तव्य हो जाती कि जो भी पौलिसी मैटर घोषित करें, वह बिधानसभा के अन्दर करें। किन्तु बड़े खेद के साथ कहना पड़ता है कि खाद्य-मंत्री महोदय ने गेंहू का जो मूल्य ५ पैसा वढ़ाया है, असकी घोषणा उन्होंने ले सदन के वाहर की है। इसलिए मेरा कहना यह है की उन्होने कर्त्तव्य की अबहेला ना की है। इसकी घोषणा सदन में विधायकों के सम्मुख करनी थी। ऐसा ना करने के उन्होंने बिधानसभा की मर्य्यादा को भंग किया है।

मैं आपने एस० यू० सी० के माननीय सदस्य के साथ हूँ, जिन्होंने आभी उल्लेख किया है कि इस बढ़ती कीमत को सरकारको स्वयं बहन करना चाहिए। मेरा भी अभिमत यही है, क्यों कि वंगाल की जनता अभौ वाढ़ की विभिषिका से पीड़ित है। उसके पास यह बढ़ती कीमत देने की क्षमता नहीं है।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কালকে যেটা ছিল সেটা বলতে পারছি না, আর একটা জরুরী জিনিস বলছি। নিজের ধান কাটার জন্য গত ২৭ তারিখ থেকে বুনিয়াদপুর জে. এল. আর. ও. অফিসের সামনে অনশনের ঘটনা নিয়ে একটা টেলিগ্রাম এসেছে আমার কাছে, আমি সেটা পড়ছি।

"Hunger strike by Md. Mohiuddin and his family before Buniadpur J.L.R.O. Office from 27th November for unauthorised crop cutting in their own cultivable land by C.P.I. (M)."

**শ্রীমাধবেন্দু মুখার্জী** ঃ—স্যার, নদীয়া জেলার তেহট্ট থানার অন্তর্গত দেবনাথপুর গ্রামে গতকাল সকালবেলা যখন কৃষকরা মাঠে যাচ্ছিল তখন একদল সশস্ত্র লোক তাদের উপর আক্রমন করার ফলে সি, পি, এম-এর সমর্থক দু জন কৃষক খুন হয়েছে এবং আরো অনেকে জখম হয়ে গুরুতর অবস্থায় হাসপাতালে আছে। আমরা খোঁজ নিয়ে জানলাম ওখানকার জোতদার ও সমাজবিরোধীদের একটা গ্যাং কংগ্রেস (ই) দ্বারা প্রশয়পুষ্ট হয়ে যেভাবে আক্রমন করেছে তাতে ঐ এলাকায় একটা গভীর ত্রাসের সৃষ্টি হয়েছে। আক্রমন কারীরা একটা পাট কাঠির ঘর থেকে জিনিস পত্র বার করে নিয়ে তাতে আগুন লাগিয়ে দেয় ও টেলিগ্রাফের তার কেটে নেয় এবং ঐ গ্রাম থেকে লোক যাতে বাইরে যেতে না পারে তার জন্য লোক মোতায়েন করে। এই ভাবে আমরা লক্ষ্য করছি যে কংগ্রেস (ই) গুণ্ডাবাহিনী ভীষণভাবে অত্যাচার আরম্ভ করেছে। এ দিকে মুখ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

## The West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1978.

**Shri Benoy Krishna Chowdhury** :—Sir, I beg to introduce the West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1978.

(Secretary then read the title of the Bill)

**Shri Benoy Krishna Chowdhury** :—Sir, I beg to move that the West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1978, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ১৯৭৮ সালে পশ্চিমবঙ্গ বাড়ি অধিগ্রহণ ও নিয়ন্ত্রণ ( সাময়িক বিধানগুলি ) ( সংশোধন ) বিধেয়কটি আপনার অনুমতি নিয়ে উৎথাপন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৪৭ সালে পশ্চিমবঙ্গ বাড়ি অধিগ্রহণ এবং নিয়ন্ত্রণ ( সাময়িক বিধানগুলি ) আইনের দ্বারা রাজ্য সরকার জনস্বার্থে বাড়িগুলির অধিগ্রহণ ও নিয়ন্ত্রণ করে থাকেন। এই অধি গৃহীত বাসগৃহ সরকারী অফিস, সরকারী কর্মচারীদের বাসস্থান, বিদ্যালয় প্রভৃতি বিভিন্ন প্রতিষ্ঠানের প্রয়োজনে ব্যবহৃত হয়। বর্তমানে এই রাজ্যে উল্লিখিত কোন কোন অধিগৃহীত বাড়িগুলি আরও রাখা প্রয়োজন। এই অধিগৃহীত বাসগৃহের সংখ্যা প্রায় ১৩ শত মতো।

পশ্চিমবঙ্গে বিশেষতঃ শহরাঞ্চলে বাসগৃহের সমস্যা বর্তমানে খুবই তীব্র। সরকারের বিভিন্ন জনকল্যাণমূলক কাজের জন্য ও বিভিন্ন প্রতিষ্ঠানের প্রয়োজনে এই সমস্ত বাড়িগুলি সংগ্রহ করা অত্যন্ত কঠিন। যতদিন পর্যন্ত বাসগৃহের সমস্যার তীব্রতা থাকবে ততদিন এই আইনের উদত্ত ক্ষমতা প্রয়োগ বহাল রাখা জনস্বার্থে অপরিহার্য বলে মনে হয়। আলোচ্য আইনটির কার্যকাল আগামী বছর ৩১ মার্চ শেষ হবে। কিন্তু পূর্বে অধিগৃহীত বাড়িগুলি দখল থাকা প্রয়োজন থাকায় এবং অদূর ভবিষ্যতে জনস্বার্থে নতুন গৃহগুলি যাতে অধিগ্রহণ করা যায় তারজন্য আইনের কার্যকাল আরও কিছুদিন বাড়ানো অত্যাবশ্যক এতদ উদ্দেশ্যে বর্তমানে বিলটিতে কার্যকাল আরও ৫ বছর বাড়ানোর প্রস্তাব করা হয়েছে। প্রস্তাবিত মেয়াদের পর অবস্থা অনুযায়ী বিশেষ পর্যালোচনা করা যাবে। মাননীয় অধক্ষ্য মহাশয়, আমি আশা করি বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে মাননীয় সদস্যরা বিনা দ্বিধায় আমার এই প্রস্তাবে সম্মতি দেবেন এবং আমার উত্থাপিত ১৯৭৮ সালের পশ্চিমবঙ্গ বাড়ি অধিগ্রহণ ও নিয়ন্ত্রণ (সাময়িক নিয়মাবলী) (সংশোধনী) বিধেয়কটি অনুমোদনের জন্য এটা গৃহীত হবে।

[2-40—2-50 P.M.]

**শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি** ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়, ১৯৪৭ সালের যে আইন '৭৯ সালের ৩১শে মার্চ শেষ হবে তার মেয়াদ ৫ বছর বাড়াবার জন্য উত্থাপন করেছেন। আমরা আশা করেছিলাম যে এই বিল কার্য্যকরী করতে গিয়ে যে কতকগুলি সমস্যার সম্মুখিন হয়েছেন প্রধানতঃ যার তিনটা পক্ষ একটা যাদের বাড়ী নেওয়া হয়, সেই বাড়ী অধিগ্রহণ করে যাদের টেনেন্ট হিসাবে রাখা হয়, এবং আর এক পক্ষ হচ্ছেন সরকার পক্ষ। তিনটা পক্ষ যেভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে সে কথা তিনি বিবেচনা করেছেন বা করবেন সে কথা আমাদের কাছে বলবেন। আইন উত্থাপন করতে গিয়ে সেই সমস্যা সমাধান করা দূরের কথা—সমস্যাগুলি তিনি অনুধারণ বা পর্যবেক্ষণ করেছেন কি না তা তাঁর কথা থেকে বোঝা যাচ্ছে না। এখানে উদ্দেশ্যে বলা আছে—১৯৪৭ সালেও যে আইন করা হয়েছিলো তাতেও এই কথা বলা আছে গৃহ সমস্যা অত্যন্ত তীব্রতর। এই সমস্যার সমাধান করতে গিয়ে জনস্বার্থে এবং এই স্বার্থ রক্ষার উদ্দেশ্যে বিভিন্ন সময় সরকারকে বাড়ী গ্রহণ করতে হয়। বিশেষ করে পাবলিক ইনটারেস্টে সেখানে সরকারী কর্মচারীদের রাখতে হচ্ছে বা সরকারী উদ্দেশ্যে তা করতে হচ্ছে। কিন্তু আমাদের অভিজ্ঞতা থেকে

জানাই যে, বাড়ীগুলি যা গ্রহণ করা হচ্ছে যে উদ্দেশ্যে সেই উদ্দেশ্য সাধিত হচ্ছে না এবং যে উদ্দেশ্যে গ্রহণ করা হচ্ছে বলা হয় তাও হচ্ছে না। কোন সরকারী কর্মচারীর সঙ্গে বাড়ী ওলার ঝগড়া হলে সেই কর্মচারী যোগাযোগ করে সরকারকে দিয়ে বাড়ীটি রিকুইজিসান করে সেখানে থাকার ব্যবস্থা করছেন। এর একমাত্র উদ্দেশ্য হচ্ছে বাড়ী ওলার ক্ষতি করা। আবার যে বাড়ী গ্রহণ করা হলো সরকার তারজন্য কমপেনসেসান দিলেন সেই বাড়ী যাকে রাখবার জন্য নেওয়া হলো তার বদলে সেখানে একদল আন অথরাইজ পারসন্ থাকে এবং এর ফলে সরকারকে বছরের পর বছর রাজ কোন থেকে টাকা দিতে হচ্ছে। আবার যে বাড়ী যে উদ্দেশ্যে নেওয়া হয়েছিলো সেই উদ্দেশ্য শেষ হবার পরেও সেই বাড়ী মালিককে দেওয়া হয় নি বা নুতন টেনেন্ট সেখানে রাখা হয় নি। এই ভাবে বছরের পর বছর ধরে সেখানে বাড়ী খালি পড়ে থাকে এবং সরকারী রাজকোষ থেকে টাকা খরচ হয়ে যাচ্ছে।

এইভাবে দেখা যাচ্ছে যে উদ্দেশ্যে ১৯৪৭ সালে তৈরী করা হয়েছিল আইনটা এবং তারপর তার মেয়াদ বাড়িয়ে বাড়িয়ে যাওয়া হয়েছে সেই উদ্দেশ্য সাধিত হচ্ছে না। সেজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এই বিলের মেয়াদ বর্ধিত করার পক্ষে মত দিয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে বিনীতভাবে অনুরোধ করতে চাই এই জিনিসগুলি তিনি যেন পর্যবেক্ষণ করে দেখেন যে মালিকের কাছ থেকে বাড়ী দেওয়া হয়েছে সে যদি মাইনরিটি লোক হয়, গরীব লোক হয়, তাহলে তার বাড়ীটাকে বহু বছর ধরে আটকে রেখে তাকে ক্ষতিগ্রস্ত করা হচ্ছে এবং সরকারকে লক্ষ লক্ষ টাকা তারজন্য দিতে হচ্ছে, তাতে দুই পক্ষই ক্ষতিগ্রস্ত হচ্ছে। আমরা অনেক জায়গায় দেখেছি যে উদ্দেশ্যে বাড়ীটা রিকুইজিসান করা হয়েছে, সেখানে যে লোকের ঢোকার কথা সেই লোক না ঢুকে অন্য লোক ট্রেসপাসারস ঢুকে বসে আছে, আন অথরাইজড পারসন্স ঢুকে বসে আছে, অথচ হাই কোর্টের মাধ্যমে সরকারের কাছ থেকে মালিক পক্ষ টাকা নিয়ে চলে যাচ্ছে। এই জিনিসগুলি ভালভাবে স্ক্রুটিনাইজ করা দরকার। কারণ, এর মধ্যে দুর্নীতি বাসা বেঁধে আছে। আমার মন্ত্রী মহাশয়ের কর্মের প্রতি, কর্ম ক্ষমতার প্রতি আস্থা আছে, উনি যদি স্ক্রুটিনাইজ করে দেখেন যে কিভাবে মালিক পক্ষ ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং যে পাবলিক পারপাসে বাড়ীটা নেওয়া হল সেই পারপাস সাধিত হচ্ছে না তাহলে এই বিলের মেয়াদ বর্ধিত করার যে উদ্দেশ্য সেটা সার্থক হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীআবদুস সাত্তার ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিলটা যেটা এনেছেন খুব ছোট এবং চেহারা দেখে মনে হচ্ছে কিছু বলার দরকার নেই এবং আপনি নিজেও বলেছেন ৪/৫ বছরের জন্য মেয়াদ বাড়াচ্ছে এতে বলার কি আছে, এটা পুরান আইন। এটা ঠিক যে ১৯৪৭ সালে এই আইন তৈরী হয়েছিল এবং তারপর মাঝে মাঝে এর মেয়াদ বেড়েছে। ১৯৬৯ সালে একবার বেড়েছে, তারপর ১৯৭৪ সালে বেড়েছে, বেড়ে ১৯৭৯ সালের ৩১শে মার্চ পর্যন্ত এর মেয়াদ আছে। আমার জিজ্ঞাসা হচ্ছে এই স্বল্প মেয়াদে ৪/৫ বছরের জন্য বাড়ান হচ্ছে কেন? আপনার উদ্দেশ্য কি এই বিলটা শেষ পর্যন্ত রিপিল করে দেবেন? যখন এ্যাকোমোডেশানের প্রশ্ন উঠবে—এ্যাকোমোডেশানের প্রশ্ন এত এ্যাকিউট, ১৯৪৭ সালে এ্যাকোমোডেশানের যে প্রব্লেম, এখন এ্যাকোমোডেশানের প্রব্লেম আরো এ্যাকিউট হয়েছে, তখন কি করবেন? আপনি প্রথমে আপনার বক্তব্যে বলেছেন যে এর উদ্দেশ্য হচ্ছে সরকারী কর্মচারীদের বাসস্থানের জন্য, অফিস কিংবা কোন ইনষ্টিটিউসানকে জায়গা দেওয়ার জন্য। আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি সেকসান ২ (এফ এফ) এর প্রতি, সেখানে পাবলিক পারপাসের একটাই উদ্দেশ্য—

Public purpose in this Act includes providing residenrtal accommodation for emplopees of the State Government where the provisions of such accommodation is in the opinion of the State Government necessary in the interest of the public service.

সুতরাং একমাত্র ফর দি এ্যাকোমোডেশান অব দি এমপ্লয়ীজ অব দি স্টেট গভর্ণমেণ্ট এর জন্য হবে, নাথিং এল্‌স। কিন্তু আপনি উদ্দেশ্য বলার সময় বললেন যে অফিস ইত্যাদি আরো পারপাস। এই পাবলিক পারপাসে কোন এ্যামেণ্ডমেণ্ট হয়েছে বলে আমি জানি না, এই এ্যামেণ্ডমেণ্ট যদি না হয়ে থাকে তাহলে একমাত্র উদ্‌দেশ্য হচ্ছে ফর দি এ্যাকোমোডেশান অব দি এমপ্লয়ীজ অব দি স্টেট গভর্ণমেণ্ট, এছাড়া আপনি করতে পারেন না। কিন্তু "উদ্‌দেশ্যে" আপনি অফিস ইনষ্টিটিউশান, বিভিন্ন পারপাসের কথা বলেছেন।

[2-50—3-00 P. M.]

সুতরাং আপনাদের পাবলিক পার্পাস আমি জানি না, আমি যে বইটা পেলাম লাইব্রেরী থেকে তাতে দেখছি এই এ্যামেণ্ডমেণ্ট নেই। হাউসিং মিনিস্টার অনেক বাড়ীঘর করেছেন এবং আরও অনেক তৈরী হচ্ছে। মনে করুন সাধারণ মানুষ

একটা বাড়ী করেছে বাস করবার জন্য, কিন্তু সেই বাড়ী নেবার পর যদি না ছাড়া হয় তাহলে তার কি উপায় হবে ? একরকম ছোট ছোট বাড়ী আপনারা অনেক নিয়েছেন। আমরা দেখেছি একবার আপনারা যে বাড়ী নিয়েছেন সেটা আর ছাড়া হচ্ছে না। বাড়ীর মালিক হয়ত মনে করছে এগুলি পরে রিলিজ্‌ড হবে কিন্তু দেখা যাচ্ছে সেগুলি আর রিলিজ্‌ড হচ্ছে না। সরকার এ্যাকমোডেসনের জন্য প্রচুর ঘর করেছেন, কাজেই হাউসিং দপ্তরের মিনিস্টারের সঙ্গে আপনার কোয়র্ডিনেসন থাকা দরকার। আপনারা যদি এই ভাবে ৪/৫ বছর করে বাড়িয়ে বাড়িয়ে যান তাতে কি লাভ হবে ? প্রেমিসেস্ এ্যাকুইজিসন এ্যাণ্ড রিকুইজিসন-এর ব্যাপারে অনেক আইন আছে। আমি বলি আপনারা একটা কমপ্রিহেনসিভ আইন আনুন এবং তার মধ্যে রিকুইজিসন, এ্যাকুইজিসন সবটাই থাকবে। তারপর এই বাড়ী নেবার পর এর যে রেণ্ট হবে সে সম্বন্ধে কোন প্রভিসন নেই। কমপেনসেসন সম্বন্ধে একটা কথা বলা হয়েছে সেকসন ইলেভেন-এ,—

Where the amount of compensation, it is stated, can be reached in accordance with an agreement. It is also stated that where no such agreement can be reached the State Government shall appoint a District Judge or an Addl. District Judge as arbitrator.

আমরা একটা ব্যাপার দেখি যে সমস্ত বাড়ী অধিগ্রহণ করা হয় সেগুলি সাধারণতঃ রিলিজ্‌ড হয় না। এর কারণ হচ্ছে একজন অফিসারকে আপনি হয়ত দিয়েছেন কিন্তু তিনি হয়ত রিটায়ার করলেন বা মরে গেলেন কিন্তু তারপর দেখা গেল তার কোন ওয়ারিস এসে সেই বাড়ী বছরের পর বছর দখল করে থাকেন। অথচ এর জন্য কোন ব্যবস্থা করা হয় নি। অর্থাৎ একজন আউটসাইডার সেখানে এসে অনেকদিন ধরে থাকবে অথচ আইনে তাকে বাধা দেবার উপায় নেই। আপনারা যদি মনে করেন এই আইন থাকবে না তাহলে এরকম ৫/৫ বছর করে আর বাড়াবেন না, বাড়ীর মালিককে রিলিজ করে দিন। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুনীতি চট্টরাজ ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় এই যে বিল এনেছেন তাতে তিনি ১৯৪৭ সালের ৫ আইনের ১ ধারা সংশোধন করতে গিয়ে ৫ বছর টাইম লিমিট বাড়িয়ে দিয়ে এ্যাড করতে চাচ্ছেন আপ টু থার্টি ফার্স্ট মার্চ, ১৯৮৪। স্যার, মন্ত্রী মহাশয় সেদিন বলেছিলেন যে, আজকে শুধু বর্গাদারদের কথা বললেই চলবে না, মালিকের হয়েও মাঝে মাঝে কথা বলতে হবে। তিনি যখন

মালিকের হয়ে কথা বলতে চান তখনে তাঁকে অনুরোধ করছি যদি তিনি পারেন তাহলে নেকস্ট একটা এ্যামেণ্ডমেণ্ট আনুন। কারণ আপনি জানেন অনেক বিধবা ভদ্রমহিলা আছেন যাঁদের একমাত্র উপার্জন হল এই বাড়ী, তাঁদের অন্য কোন সোর্স অব ইনকাম নেই বা ছেলেপেলেও নেই। তাঁরা এক্সপেক্ট করছিলেন এই বাড়ী পেয়ে তাঁরা নুতন ব্যবসা শুরু করবেন।

এই প্রসঙ্গে আমি মাননীয় মন্ত্রীকে বলছি আপনি একস্টেনশন করছেন, আপনার পাওয়ার আছে, করুন কিন্তু সেই সব গরীব বাড়ীওয়ালাদের কথা একটু চিন্তা করুন। আপনি বড় বড় জোতদারদের কথা চিন্তা করে সেই সব বাড়ী-ওয়ালাদের আগেকার যে রেট ছিল রিকুইজিশন রেট, সে সম্বন্ধেও চিন্তা করুন, নতুন করে রিকুইজিশন করুন যাতে ভ্যালু বাড়ে। ১৯৪৭ সালে ৫ আইনে যে ভ্যালু, ১৬ আইনে যে ভ্যালু, এখন সেই ভ্যালু নেই। একস্টেনশন করার সময় গরীব বাড়ীর মালিকদের স্পেশালি কম্পেনসেসন কত হবে, সেজন্য বাড়ীর ভ্যালু, রিকুইজিশন ভ্যালু নতুন করে করা যায় কি না নতুন করে চিন্তা করুন। আপনি দেখছেন না বর্ত্তমান মার্কেটের দিকে ? এই সরকার আসার পর হু হু করে জিনিস-পত্রের দাম চার দিকে বেড়ে যাচ্ছে, আইন শৃঙ্খলা নেই, লো ল এ্যাণ্ড অর্ডার। বেঁচে থাকাই একটা প্রব্লেম হয়ে দাঁড়িয়েছে। আজকে দায়িত্ব যখন নিয়েছেন আপনাকে চিন্তা করতে হবে। আপনার ব্রুট মেজরিটি আছে বলে ৫ বছরের জন্য এক্সটেনশন করবেন বড় বড় মালিকদের কথা ভেবে এবং যাদের ১০/১২টা বাড়ী আছে তাদের কথা ভেবে—তারাতো বেশী এফেক্টেড্ হবে না, সেজন্য আমি আপনার বিবেকের কাছে প্রশ্ন রাখছি, আমি কংগ্রেসের লোক বলেই বলছি তা নয়, আমি আপনার বিবেকের কাছে প্রশ্ন রাখছি ছোট বাড়ীর মালিক এতে ক্ষতিগ্রস্ত হবে কিনা ? যদি আপনার বিবেক বলে যে এ্যামেণ্ডমণ্ট এনেছেন তাতে ছোট ছোট বাড়ীর মালিকরা এই পাঁচ বছর সাড়ে পাঁচ বছর ক্ষতিগ্রস্ত হবে, বড় বড় মালিকরা ক্ষতিগ্রস্ত হবে যেমন ভাবছেন, তাহলে এটা উইথড্র করে নিন, আর একটা এ্যামেণ্ডমেণ্ট নিয়ে আসুন। সেকশন টুয়েলভের কথা সাত্তার সাহেব বলেছেন, আমিও ওঁর সঙ্গে এক মত। অনেক সময় আপনার ডিস্ক্রিশনারি পাওয়ার আছে, এম্প্লয়ী ছাড়াও আপনি কোন কোন জায়গায় অফিস পারপাসে দিতে পারেন, আইনের বাইরে যে কাজগুলি আপনারা করেন সেগুলি করতে পারেন। বে-আইনী কাজতো আপনারা অনেক পশ্চিমবঙ্গে করছেন, সেগুলি সেই বে-আইনী কাজগুলি আইনের মাধ্যমে আইন সিদ্ধ করা যায় কি না সেগুলি চিন্তা করুন। আর একটা

এ্যামেণ্ডমেণ্ট—এক্সটেনশন অব ফাইভ ইয়ার্স উইথ দিস প্রভিশন, রিকুইজিশন ভ্যালু দুই তিনটি যাদের বাড়ী আছে কি ৪/৫টি বাড়ী আছে সেগুলি বাড়িয়ে দিন, বর্তমান বাজারের দিকে তাকিয়ে সেই রিকুইজিশন ভ্যালু বাড়িয়ে দেবার চিন্তা করুন। এটুকুই আমার সাবমিশণ, আপনার বিবেকের কাছে, এই প্রশ্ন রেখে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ, বন্দে মাতরম্।

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ**—মাননীয় সদস্যরা যে কথাগুলি বললেন আমি তা খুব মন দিয়ে শুনেছি। প্রথম কথা হচ্ছে এই যে ১৯৪৭ সাল থেকে এতদিন হল বেড়েছে, এর জন্য দায়িত্ব আমার নয়, আমাদের নয়। দীর্ঘদিন সকলেই করেছেন বলেই আমাদের করতে হবে সেকথা বলছি না। এই পাঁচ বছরের দায়িত্ব আমাদের, দায়িত্ব নেওয়া হয়েছে বলেই বলছি এটা না হলে ডিসলোকেশন হবে। অনেক অফিস আছে, অনেক কর্মচারীর বাসস্থান আছে, এমন কি ফুড কর্পোরেশনের গো-ডাউন ইত্যাদি সব কিছু আইনের দিক থেকে একটু দেখে দিচ্ছি। আপনি দেখবেন চ্যাপটার টু এর থ্রীতে আছে—

Wherever it appears to the State Govt. that any premises in any locality are necded or likely to the needed for any public purpose it may by order in writing requisition such premises.

এখানে ইনকলুড শব্দটা পড়ছি, পাবলিক পারপাস বলে শুধু সরকারী কর্মচারীই ইনকলুড হয় না, সেখানে রাস্তাঘাট হাসপাতাল এই সমস্ত ওয়াইড রেফারেন্স রয়েছে। পাবলিক পারপাস বলে দেওয়া হয়েছে ইট ইনকলুডস প্রভিশন অব রেসিডেনশিয়েল হাউস অব গভর্ণমেণ্ট—এমপ্লয়ী, গভর্ণমেণ্ট এমপ্লয়ীর জন্যও করা হয়েছে। সেজন্যই এটা বলা হয়েছে।

[3-00—3-50 P.M. (Including Adjourment)]

এই ব্যাপারে আইনের কথা ছেড়ে দিচ্ছি। মাননীয় সদস্য প্রদ্যোৎ মোহান্তি এবং সুনীতি বাবু এই ব্যাপারে বলেছেন। আমিও বিষয়টি নিয়ে গভীরভাবে বোঝবার চেষ্টা করেছি। আমি এই জিনিসটা বুঝি, একজন লোকের ঘর আমি নিয়ে নিলাম এবং দীর্ঘদিন রেখে দিলাম এর কোন মানে হয় না। আমিও মনে করি এদের জন্য অন্য ব্যবস্থা করা উচিত। আমি লক্ষ্য করে দেখেছি বর্তমানে পশ্চিমবঙ্গ সরকারকে তাঁদের কর্মচারীদের বাসস্থানের জন্য এবং বিভিন্ন অফিসের

জন্য বাৎসরিক ভাড়া বাবদ যে টাকা দিতে হয় তার অনেক সাশ্রয় হয় যদি আমরা আর্বান সিলিং ল—এর এ্যাপ্লিকেসন করে কোলকাতা এবং বিভিন্ন জায়গায় সস্তায় জমি নিয়ে বাড়ী তৈরী করে তাদের প্রোভাইড করা যায় তাহলে অনেক সস্তায় এটা হতে পারে এবং তাতে তাদেরও সুবিধা হবে। ধরুন, কোন একটা বাড়ী হয়ত ১০০ টাকায় রিকুইজিসন করা হয়েছে অথচ দেখা যাচ্ছে সেই বাড়ী আজকে সে পেলে ১ হাজার টাকা ভাড়া পাবে। কাজেই তাদের এখানে লস হচ্ছে। আমি সেইজন্য বলেছিলাম এরকমভাবে চিরকাল আমরা বাড়াতে পারি না। তাহলে ইট ইজ বেটার মার্কেট ভ্যালু দিয়ে ওটা এ্যাকুইজিসন করা হোক। আমি আপনাদের বলছি, আমি যদি থাকি তাহলে চিরকালের জন্য এর আমি সমাধি করে দিয়ে যাব। তারপর, এরকম অনেক সময় হয় একজন অফিসার রিটায়ার করার পর তাঁকে সেখান থেকে উৎখাত করতে অনেক কাঠখড় পোড়াতে হয়। কাজেই এগুলিও আমাদের দেখতে হবে। আমি আপনাদের আগেই বলেছি, আমরা সমস্ত দিক থেকে মনে করি কোলকাতার যে বাসস্থানের সমস্যা সেটা গভীরভাবে চিন্তা করে এর একটা ব্যবস্থা করা উচিত এবং এই ব্যাপারে একটা কমপ্রিহেনসিভ বিল নিয়ে আসতে হবে এবং এই ব্যাপারে আপনাদের সঙ্গে আলোচনা করতে হবে। তাছাড়া ভাড়ার ক্ষেত্রেও একটা কনট্রোল্ড রেট করতে হবে যে, এই এরিয়ায় এই ফ্লোর স্পেস-এ এই হবে ফিক্সড ভাড়া।

অর্থাৎ একটা র‍্যাসনাল সিস্টেম করতে হবে এবং সেটা যাতে রেজনেবেল হয় সেটাও দেখতে হবে। আমি জিনিসটা বুঝি এবং এরকমভাবে বাড়াতে আমারও বিবেকে লাগে। এর সঙ্গে অন্য যে সমস্ত সমস্যার কথা উঠেছে সেটা সমাধান করবার জন্য আমি আপনাদের কাছে প্রতিশ্রুতি দিচ্ছি।

The motion of Shri Benoy Krishna Chowdhury that the West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1978, be taken into consideration, was then put and agreed to.

**Clause 1 to 2 and Preamble**

The question that Clauses 1 to 2 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Shri Benoy Krishna Chowdhury : Sir, I beg to move that the West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1978, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

**Shri Suniti Chattaraj :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই মাত্র telegram পেলাম, এখানে পড়ে দিচ্ছি।

"Unauthorised people led by C.P.M preventing from harvesting crop. Life insecured. Immediate steps solicited."

স্যার, আমাদের EX—M.L.A. Rabin Bera মেদিনীপুর থেকে পাঠিয়েছেন এটা। এই সম্পর্কে ব্যবস্থা নিতে আপনার মাধ্যমে মন্ত্রীসভাকে অনুরোধ করছি।

( At this stage the House was adjourned till 3-50 P.M. )

( After Adjournment )

[3-50—4-00 P.M.]

**শ্রীপ্রভঞ্জন কুমার মণ্ডল** ঃ—মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, অন এ পয়েণ্ট অব পারসোন্যাল এক্সপ্ল্যানেসন আমি বলছি। গত ২৯ তারিখে এই বিধানসভায় দাঁড়িয়ে মাননীয় সদস্য সত্য রঞ্জন বাপুলী মহাশয় সাগর থানার প্রফুল্ল রুইদাস নামে একজনের কথা উল্লেখ করেছেন এবং তার কথা উল্লেখ করতে গিয়ে তার উপর কিভাবে অত্যাচার করা হয়েছে সেই সম্পর্কে বলতে গিয়ে আমার একটা চিঠির ফটোষ্ট্যাট কপি আপনার কাছে উপস্থিত করেছেন। আমি সমস্ত জিনিস দেখলাম এবং দেখে যে চিঠি লিখেছিলাম সে সম্পর্কে তিনি বলেছেন অবিচার করা হয়েছে। কিন্তু আসল জিনিসটা তা নয়, আমি আমার পার্টির কর্মীদের বলেছিলাম এর একটা মীমাংসা করে নাও। কিন্তু স্যার, এই প্রফুল্ল রুইদাসকে সেখানে সমস্ত সমাজের সর্বশ্রেণীর লোক তাকে বয়কট করেছে এবং সকলেই তার বিরুদ্ধে। একথা যদি তিনি বলতেন তাহলে ভাল হোত। তিনটি গ্রামের লোক একযোগে তাকে বয়কট করেছেন। স্যার, ঐ লোকটি ৩০০ গরু মেরেছে এবং একটা নষ্ট চরিত্রের মেয়েছেলের সঙ্গে যোগাযোগ করে একটি লোককে বিষ দিয়ে মেরেছে। স্যার, বাপুলী মহাশয় আসল কথাটা এড়িয়ে গিয়েছেন।

**শ্রীসুনীতি চট্টরাজ** ঃ—স্যার, এটা কি পারসোন্যাল এক্সপ্ল্যানেসন। স্যার, ওনাকে বসিয়ে দিন। ( আপনি বসুন )

**শ্রীপ্রভঞ্জন কুমার মণ্ডল** ঃ—স্যার, অন এ পয়েণ্ট অব প্রিভিলেজ, আমি যখন আপনাকে পারসোন্যাল এক্সপ্ল্যানেসন দিচ্ছি তখন উনি আমাকে বসতে বলতে পারেন কি ?

( এই সময় মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় শ্রীপ্রভঞ্জন মণ্ডলকে বসিবার আদেশ দিলে মাননীয় সদস্য বসিয়া পড়েন )

**Tha West Bengal Land (Farm-Holding) Revenue Bill, 1978**

**Shri Benoy Krishna Chowbhury :** Sir, I beg to introduce the West Bengal Land (Farm-Holding) Revenue Bill, 1978.

( Secretary then read the title of the Bill )

**Shri Benoy Krishna Chowdhury :** Shri, I beg to move that the West Bengal Land (Farm-Holding) Revenue Bill, 1978, be referred to a select Committee of the House, consisting of :

(1) Shri Benoy Krishna Chowdhury, Minister-in-charge of Land Utilisation and Reforms and Land and Land Revenue Department.
(2) Shri Nakul Chandra Mahato
(3) Shri Joykesh Mukherjee
(4) Shri Benoy Konar
(5) Shri Dipak Sen Gupta
(6) Shri Ganesh Chandra Mondal
(7) Shri Gunadhar Chowdhury
(8) Shri Samarendra Nath Sanyal
(9) Shri Balai Bandyopadhyay
(10) Shri Sunil Kumar Majumdar
(11) Shri Suvendu Mandal
(12) Shri Atahar Rahaman
(13) Shri Ranjit Mitra
(14) Shri Bimalananda Mukherjee
(15) Shri Prabodh Chandra Sinha
(16) Shri Lutfal Haque
(17) Shri Biswanath Mukherjee
(18) Dr. Zainal Abedin
(19) Shri Ramzan Ali

that in order to constitute a sitting of the Committee the quorum shall be one-third of the total number of Members of the Committee ;

that the Committee shall make a report to this House by the end of the second week of the next Session.

আমি আরো প্রস্তাব করছি যে, এই সিলেক্ট কমিটির সভানুষ্ঠানের জন্য উক্ত কমিটির মোট সদস্য সংখ্যার এক তৃতীয়াংশ কোরাম বলে গণ্য হবে এবং এই কমিটি বিধানসভার আগামী অধিবেশনের দ্বিতীয় সপ্তাহের শেষে তাঁদের রিপোর্ট বিধানসভার কাছে পেশ করবেন। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্যগনের স্মরণ থাকতে পারে যে, বিগত বছরের বাজেট অধিবেশনে আমি উল্লেখ করেছিলাম যে, ভূমি রাজস্ব নির্ধারণের জন্য একটি নতুন আইন প্রনয়ন করা হবে। আমি আরো বলেছিলাম যে, ভূমির উৎপাদনশীলতা এবং অন্যান্য বিষয়ের উপর নির্ভর করে একটি যুক্তিশীল ভূমি রাজস্বের ব্যবস্থা প্রবর্তন করা উচিত। বর্তমান বিধেয়কটিতে আমাদের সেই পূর্বপ্রতিশ্রুতি পালন করা হচ্ছে। মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে, বর্তমান ভূমি রাজস্ব ব্যবস্থা ঠিক সময়োপযোগী নয় এবং ভূমি রাজস্ব নির্ধারণের পিছনে বিশেষ কোন যুক্তি খুঁজে পাওয়া যায় না। জমির উৎপাদনশীলতা, ভৌগলিক অবস্থান এবং জমির ভবিষ্যৎ উৎপাদনশীলতার সঙ্গে সম্পর্ক রহিত যে ভূমি রাজস্ব ব্যবস্থা বহুদিন ধরে চলে আসছে, তা অনেক সময়েই সামাজিক ন্যায় বিচারের ক্ষেত্রে অন্তরায় হয়ে দাঁড়িয়েছে এবং বর্তমান সরকারের ভূমি সংস্কার নীতি রূপায়ণের পথেও প্রতিবন্ধকতার সৃষ্টি করছে। এইজন্যই আমি বর্তমান বিধেয়কটিতে রাজস্ব নির্ধারণের নীতির আমূল পরিবর্তন করার প্রয়াস পেয়েছি, যাতে ছোট ছোট জমির মালিকদের রাজস্ব থেকে অব্যাহতি দেওয়ার প্রস্তাব যেমন করা হয়েছে, তেমনি বড় বড় জোতের মালিকদের ক্রমবর্ধমান হারে রাজস্ব নির্ধারণের প্রস্তাব করা হয়েছে। বর্তমান বিধেয়কটিতে পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইনের চতুর্থ অধ্যায়টি যেখানে ভূমি রাজস্ব নির্ধারণের ব্যবস্থা ছিল বাতিল করা হচ্ছে। বর্তমান বিধেয়কটিতে যেহেতু বর্তমান ভূমি রাজস্ব নির্ধারণ ও আদায়ের ব্যবস্থার আমূল পরিবর্তন করার প্রস্তাব করা হয়েছে, সেজন্য আমি প্রস্তাব করছি যে এই গুরুত্বপূর্ণ বিধেয়কটি এই বিধান-সভার সিলেক্ট কমিটির নিকট পাঠানো দরকার। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আশা করবো, বিষয়টির গুরুত্ব অনুধাবন করে মাননীয় সকল সদস্যই আমার এই প্রস্তাবে সম্মত হবেন।

**Dr. Zainal Abedin** :– Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th November, 1979.

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মন্ত্রীসভার প্রবীন সদস্য শ্রীচৌধুরী ভূমি রাজস্ব র‍্যাশনালাইজেসন করার জন্য যে প্রস্তাব করেছেন আপাতদৃষ্টিতে এতে মতবিরোধ কম হলেও এর ভিতরে যে বক্তব্য রাখা হয়েছে তাতে রাজা মহারাজারা উল্লসিত হলেও পরে আপনাদের দল ছেড়ে দেবার সম্ভাবনা আছে। লর্ড কর্ণওয়ালিস চিরস্থায়ী বন্দোবস্ত দেবার পর ভূমি রাজস্ব সম্বন্ধে সুপরিকল্পিতভাবে বৈজ্ঞানিক ভিত্তিতে কোন সিদ্ধান্ত নেওয়া হয় নি। (ভয়েসঃ আপনারা ৩০ বছরে করেন নি কেন?) আপনারা তো মাঝে ১৯৬৭/১৯৬৯ সালে এসেছিলেন, তখন আপনারা ঘাস কাটছিলেন কেন? আপনারা জানেন এগ্রিকালচার ইনকাম ট্যাক্স, ইন এ্যাডিসান টু ল্যাণ্ড রেভিনিউ একটা চালু আছে। আমরা দেখছি এগ্রিকালচার ইনকাম ট্যাক্স, যার আয় ৩ হাজার এক টাকা তাকে ১৫০১ টাকার উপর ট্যাক্স দিতে হয়। হোয়ার এ্যাজ সি. পি. এম. এর জনতা প্রীতি এত বেশী—সম্প্রতিকালে কেন্দ্রে জনতা সরকার আসীন হবার পরে ইনকাম ট্যাক্সের একটা আইন করল। আগে ছিল ১০ হাজার টাকা ইনকাম করলে পারসোন্যাল একজেমসান ছিল, সেটাকে বাড়িয়ে পারসোন্যাল একজেমসান ১২ হাজার করে দিল এবং সল্যাবটা বাড়িয়ে দিল এবং সি· পি. এম· অত্যন্ত আনন্দের সঙ্গে জনতা সরকারের গুনগান গেয়ে চলেছে—কারণ তাদের প্রয়োজন।

[4-00—4-10 P.M.]

আমার বক্তব্য হচ্ছে ডাবল স্ট্যানডার্ড, ইট ইজ এ ডাইরেক্ট ট্যাক্স। ইনকাম ট্যাক্স—এর বেলায় একটা স্ট্যাণ্ডার্ড ১২ হাজার এবং এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স যাদের আছে তাদের ক্ষেত্রে ৩ হাজার ১ টাকা এবং আপনি সেখানে ৫ হাজার ১ করার প্রস্তাব করেছেন। কাজেই ডাবল স্ট্যাণ্ডার্ড হয়ে যাচ্ছে। আমার মনে একটা প্রশ্ন উঠেছিল যে, একটা দেশে একই সংবিধানের শাসনে থেকে কেন ২ শ্রেণীর নাগরিক তৈরী হবে? আপনি সেখানে কৌশলে ওই ভোক্যাল ক্লাস, আর্বান ক্লাস এলাইট ক্লাস, এডুকেটেড ক্লাস—কে জয় করবার জন্য একটা কনসেসনের ব্যবস্থা করেছেন। সেই কনসেসন, সুপার কনসেসন দেবার ব্যবস্থা ভারতবর্ষে চালু রয়েছে। আপনি নিশ্চয়ই একথা মানবেন যে, এক শ্রেণীর জন্য ১২ হাজার এবং আর এক শ্রেণী লোকের জন্য ৩ হাজার এবং আপনি সেটাকে ৫ হাজার করতে চলেছেন।

আপনি জানেন বর্তমান সামাজিক এবং অর্থ নৈতিক কাঠামোর পরিপ্রেক্ষিতে একান্নবর্তী পরিবার ভেঙ্গে যাচ্ছে। ফ্যামিলি ডেফিনেসন ল্যাণ্ড রিফর্মে আছে, এ হাসব্যাণ্ড, সন্স এ্যাণ্ড আনম্যারেড ডটার্স। কিন্তু এখানে যে প্রস্তাব করেছেন সেটা সুদূরপ্রসারী আপনি বলছেন ফ্যামিলি ডেফিনেসন, ফ্যামিলি ইনরিলেসন টু এ রায়ত স্যাল কনসিস্ট অব দি রায়ত, হিজ অর হার পেরেণ্টস ইত্যাদি, ইত্যাদি। মাইনর সন্স এ্যাণ্ড আনম্যারেড ডটার্স এতে আমি আপত্তি করছি না, কিন্তু আপনি একটা বাস্তব কথা বলবেন তো। আপনাকে মনে রাখতে হবে আজকে একান্নবর্তী পরিবার ভেঙ্গে যাচ্ছে। সে, ফর ওয়ান, একজনের ৫টি ছেলে আছে এবং তারা ৫টি আলাদা হোল্ডিং নিয়ে থাকে। কিন্তু আপনি যখন ফ্যামিলি এ্যাসেসমেণ্ট করবেন তখন আপনি আমার সঙ্গে আমার ভাইর সঙ্গে এবং প্রত্যেকটি সন্তানের সঙ্গে পেরেণ্টকে যোগ করবেন। এটা ভেরি ইনোকুয়াস। অর্থাৎ এই এ্যাণ্ড হিজ অর হার পেরেণ্টস অর্থাৎ বাবা এবং বাবার বাবা এটা তো একটা মারাত্মক ব্যাপার। এই যেমন রাধিকাবাবু অনেক সময় বলেন মিসার বাবা হবে। যা হোক, আমার মনে হয় বাস্তব ভিত্তির উপর আপনি এটা দেখেননি এবং যাঁরা এটা ড্রাফট করেছেন তাঁরাও এটা ভেবে দেখেন নি। তবে যদি পার্পাসফুল্লী এটা করা হয় তাহলে এর ইমপ্লিকেসন কিন্তু মারাত্মক হবে। হিজ অর হার পেরেণ্টস এই কথাটা ইনোকুয়াস যদি মনে হয় তাহলে আমার মনে হয় ইট উইল বি হিট বাই আর্টিকেল টু টুয়াণ্টি সিক্স এগেন, তা আমরা যতই সংশোধন করি না কেন। তারপর, আর একটা কথা পরিষ্কার করে বলেন নি, রুলস—এ বলবেন বলেছেন। রিজিয়নগুলি হচ্ছে কিন্তু কো-টার্মিনাস উইথ ডিস্ট্রিক্টস অর আর্বিট্রেরিলী সাবডিভিসন কি হবে সেটা জানা যায় নি।

ঢু নং কথা, আমার যেটা মনে হয়েছে, আপনি যদি ১০ নং ধারাটা দেখেন—সেটা বোঝাই দায়, আপনি কি বলতে চেয়েছেন—১০ নং ধারায় একটা এক্সপ্ল্যানেশন দিয়েছেন পার্সন্যাল কালটিভেশন সম্পর্কে। তারপর আবার প্রভাইসোর পর ঢু নং এ

Explanation····Personal cultivation····Proviso in calculating the area of farm-holding of a raiyat, who does not personally cultivate the same or a portion of it, then 25 per cent of the area cultivated otherwise shall be excluded where the plough, cattle, manure and seeds necessary for cultivation are supplied by the raiyat and forty per cent of the area not in personal cultivation in all other cases shall be excluded.

এটার ভিত্তিটা কি ? আপনি তো ভাগচাষ আইনে ক্লিয়ার বলেই দিয়েছেন যে নিজে পার্সন্যাল কালটিভেশন করবে না, আইদার ফিপটি পার্সেণ্ট পাবে অর ৭৫ পার্সেণ্ট বর্গাদার পাবে, এই তো আপনি বলে দিয়েছেন। সিড, ম্যানিয়োর দিলে ৬৫ পার্সেণ্ট পাবে, সেটা তো আপনি বলে দিয়েছেন। এখানে আপনি ফর্টি পার্কেণ্ট বলছেন, এটার বেসিসটা কি ? কিসের বেসিসে বললেন, এটা আমি জানতে চাইছি। নেক্সড, আপনি একজেম্পশন দেওয়ার পর যে পেনাল্টির ক্লজটা রাখছেন, সেই পেনল্টির ক্লজটা আমার নিজের ধারণা যে দেশে এখনও Sizeable portion of the population are not acquinted with the 3 rs.

লিটারেসি নেই আপনি জানেন, শিক্ষা বর্জিত আছে। চার একর পর্য্যন্ত একজেম্পশন দিচ্ছেন, তার মানে চার একর ১০ শতক যার জমি, ১৩ বিঘা—আনলাকি থার্টিন ইজ হিলার। আনলাকি থার্টিন, এই জমি পাচ্ছে। যারা লেখাপড়ার আশীর্বাদ থেকে বঞ্চিত, সেই মানুষগুলো এতে আছে, তারা জানবে কি করে ? আজকে সেই জন্য পেনাল্টির যে ক্লজটা দিয়েছেন, এই পেনাল্টির ক্লজটা বোধ করি আরও লিনিয়েন্ট এ্যাণ্ড লিবারেল হলে ভাল হতো। আপনার যদি কিছু আক্রোশ থেকে থাকে, প্ররোচিত যদি আপনাকে কেউ করেও থাকে এই আপার ক্লাসের জন্য—আনলাকি থার্টিন, আজকে অনেকেই তো ১৩ বিঘা জমির মালিক হয়ে গেছে। সি. পি. এম.-রা তো হয়েই গেছে জবর দখল করে। আর একটা জিনিস খুব কিউরিয়াস ঠেকেছে, এখানে সি. পি. এম. রাজত্ব কায়েম হবার পর, অনেক সি· পি· এম· এর ছোট নেতা, বড় নেতা অবৈধ ভাবে ১৩ বিঘার বেশী জমি দখল করে বসে আছে, আনরেকর্ডেড, যারা জবর দখল করে বসে আছে, যারা হুকুম দখল করে আছে বন্য আইন, জঙ্গলের আইন অনুসারে, তাদের ক্ষেত্রে রেট আপনি বসাবেন কি না, সেই কথা বলা নেই। আমার মনে হচ্ছে, এটা বাই ফোর্সিব্ল অকুপেশন, জোর দখল যেটা বলা হয়, সেটা বলা নেই আপনারা ফাইন্যানশিয়্যাল মেমোরেণ্ডামের সঙ্গে, বিনয়বাবু প্রবীন মানুষ, উনি যে বিলগুলো আনেন, সরাসরি বিরোধিতা করার অবকাশ খুব কম থাকে, সেই কথা আমি আগেই বলেছি। কর্ণওয়ালিশের চিরস্থায়ী বন্দোবস্তের পর আজকে র‍্যাশন্যালাইজ এবং সায়েন্টিফিক বেসিসে করা হয় নি, এটা যেমন ঠিক, আপনি আবার সেখানে আর একটা রেখে দিচ্ছেন, যেটা ফিক্স করবেন রেটের ভ্যাল্যু, সেটা পাঁচ বছরের জন্য রাখবেন। এই বামফ্রন্ট সরকারের বিশেষ করে সি. পি. এম. দলের প্ররোচনায় কিছু কিছু অবহেলার জন্য এই বিধ্বংসী বন্যায় যে ক্ষতি বর্জন করা যেত, সেই ক্ষতি

হয়ে গেল, আপনারা ঐ পাঁচ বছরের রেটের যে সিদ্ধান্ত, যেটা ঘোষণা করা যাবে যে ভ্যালু রেটের ভ্যালু অব ল্যাণ্ড, এটা আপনি পাঁচ বছরের জন্য রাখছেন। এই পাঁচ বছরের মধ্যে যদি এই জাতীয় ন্যাচারাল ক্যালামিটিজ আসে, আপনার সেখানে একজেম্পশনের বিধান কোথায়, এখানে দেখতে পাচ্ছি না। আমার মনে হয় আপনি একজেম্পশন দেননি। আজকে আমাদের দেশে যেখানে ক্রপ ইনসিয়োরেন্স নেই, আমাদের দেশে যেখানে এখনও আমরা সব কিছু প্রকৃতির বিপর্যয় বন্ধ করতে পারি নি, ফর নো ফল্ট অব দি রায়ত, সেখানে পাঁচ বছরের জন্য ইনফ্লেক্সিব্ল যদি কোন বিধান রাখেন তাহলে ভবিষ্যতে আপনারা তো এক দলীয় শাসন ব্যবস্থায় যেতে চাইছেন, বোধ করি, এই অপচেষ্টা যারা করছেন, আপনাদেরই কিছু অসুবিধা হবে বলে মনে করছি।

[4-10—4-20 P.M.]

আপনারা এ্যাপারেটাস-এর কথা ফাইনান্সিয়াল মেমোরেণ্ডামে বলেছেন যে, আপনাদের একজিষ্টিং এপারেটাস এবং এ্যাডমিনিষ্ট্রেটিভ মেশিনারি দিয়ে এগুলি এক দিকে যেমন এ্যাসেসমেণ্ট করবেন তেমনি অন্য দিকে রিয়েলাইস করবেন। কিন্তু এ বিষয়ে আমি আপনাদের সঙ্গে এক মত নই। কারণ এখনই এগ্রিকালচারাল ইনকাম-ট্যাক্স রেঞ্জ i রেঞ্জ ii রেঞ্জ iii করে দিয়ে আপনারা পৃথকভাবে এগ্রিকালচারাল ইনকাম-ট্যাক্স-এর জন্য পৃথক অফিসার বসাতে পারেন নি। মাননীয় অর্থমন্ত্রী এখন এখানে আছেন, তিনি নিশ্চয়ই স্বীকার করবেন মালদহে এখনো আপনারা এ্যাডমিনিষ্ট্রেটিভ এ্যাপারেটাস বসাতে পারেন নি। এখনো ছাড়ের ক্ষেত্রে ৩০০০ থেকে আর আপনারা দিতে পারছেন না। আজকে আপনি নাম্বার অফ এ্যাসেস ইজ মাচ মোরের ব্যবস্থা করুন। কিন্তু আজকে আপনারা এগ্রিকালচারাল ইনকাম-ট্যাক্স এ্যাসেস করতে পারছেন না। সে ফর চোপড়া, চোপড়া থেকে মালদহ পর্যন্ত এই এলাকার দূরত্ব ৪০০ মাইলের। এই ৪০০ মাইল পেরিয়ে এসে কাউকে যদি এগ্রিকালচারাল ইনকাম-ট্যাক্সের রিটার্ন, হিয়ারিং বা ট্যাক্স দিতে হয় এবং আপনি যদি এই জাতীয় মেশিনারীর উপর নির্ভর করতে চান, যেখানে বেশীরভাগ মানুষ শিক্ষা বর্জিত, শিক্ষার আশীর্বাদ থেকে বঞ্চিত সেখানে কখনই এটা আপনি করতে পারবেন না। আজকে সেখানে আপনি কিছু দায়িত্বশীলকে এগজিষ্টিং এ্যাপারেটাসে দিয়ে ফ্যাক্ট ফাইণ্ডিং, অর্থাৎ খবর জানবার চেষ্টা হয়ত করবেন। কিন্তু এই মেশিনারী দিয়ে তাও আপনি করতে পারবেন না। ইন্সপেক্টর

এনে এই মেশিনারীতে আপনাকে huge expenditure of assesing authority, inspecting authority and realising authority. করতে হবে। কালেকটরের এ্যাসেসমেণ্ট করার ক্ষমতা নেই। আমার মনে হচ্ছে কালেকটরের অফিসকে আপনি এ্যাপিলেট অথরিটি করতে চাইছেন। কিন্তু যেকথা আমি বলতে চাই, সেটা হচ্ছে একজিষ্টিং সিভিল এস. ডি. ও. যাঁরা আছেন, সাব-ডিভিসনের চার্জে যাঁরা আছেন, তাঁরা বর্তমানে বিচার ভুক্ত প্রায় হয়ে গিয়েছেন, কিন্তু ১৪৪-এর আর ১০৭-এর ছাড়া বিচার করেন না। কিন্তু এ্যাডভাইসারীর ক্ষেত্রে, এনকোয়ারীর ক্ষেত্রে রিলিফ, ইলেকসন এই জাতীয় ক্ষেত্রে—আপনাদের মধ্যে একেই সেখানে ঝগড়া বেঁধে উঠেছে, সভাবতই আবার হয়ত আগামী বছর ইলেকসনে চলে যেতে হতে পারে,—সিভিল এস. ডি. ও হচ্ছেন রিটার্নিং অফিসার ইন ডিফারেণ্ট ইলেকসন, তিনি নিশ্চয়ই তাহলে এই সকল ঝামেলাগুলি সামলান। তাহলে এক্ষেত্রেও এঁদের আপনি এ্যাপিলেট অথরিটি করুন। আমি বলছি ধান কাটার ক্ষেত্রে এঁদের কিছু ভূমিকা ছিল, কিন্তু এঁরা ঠিক মত দায়িত্ব পালন করতে পারেন নি। লেভিতেও ওঁদের এ্যাপিলেট অথরিটি করেছিলেন, কিন্তু ওঁরা মাইণ্ড এ্যাপলাই করতে পারেন নি। মাইণ্ড এ্যাপলাই করতে না পারলেও—যদি আপনারা জাষ্টিস চান, তবে আপনারা মুখে একটা কথা বলেন, আর অন্তরে আর একটা চান,—সেগুলি কিন্তু ডিসপুটেড নেই। আমার মনে হয় এ্যাডিসনাল বার্ডেন যেটা বাড়বে, সেটা তত প্রচুর নয়। জুডিসিয়ারি একজিকিউটিভ, অর্থাৎ এস. ডি. জে. এম-দের সিভিল এ্যাডমিনিষ্ট্রেসনে দেওয়া হচ্ছে। কিন্তু তাঁদের ১০৭-এর এ্যাপিলেট অথরিটি করতে পারছেন না। লেভির এ্যাপিলেট অথরিটি করতে পারছেন। এবারে অবশ্য লেভি করবেন না বলেছেন। তাহলেও সেই ক্ষেত্রে যদি হয় তাহলে এ্যাপিলেট অথরিটি থাকবে এস. ডি. ও.। কিন্তু এটা আমাদের কাছে অবাস্তব বলে মনে হচ্ছে। এই সব গুলির উপর ভিত্তি করেই আপনার এই বিলটির অবজেক্টস এণ্ড রিজন্স-এর সঙ্গে আমি এক মত, কিন্তু ফাইনানসিয়াল মেমোরেণ্ডামের সঙ্গে এক মত নই। তাহলেও আপনি এই ধারাগুলি নিয়ে আলোচনা করবার জন্য যে, ১৯ জনের নাম ঘোষণা করেছেন তার মধ্যে আমাদেরও কিছু সদস্য আছেন, সেখানে তাঁরা তাঁদের মতামত দেবেন। ৫০ থেকে ৬০ লক্ষ মানুষ, যাদের হোল্ডিং আছে তাদের ৫০%-ও যদি এর মধ্যে আসে তাহলে আপনি এ বিষয়ে একটু জনমত সংগ্রহ করুন এবং সেইজন্য প্রচার করুন। জনমত সংগ্রহের জন্য ১ বছরের সময় নিন।

এইভাবে যদি দীর্ঘ শতাব্দী পর্যন্ত চলে—উনবিংশ শতাব্দীর শেষ কোয়ার্টার থেকে বিংশ শতাব্দীর শেষ কোয়ার্টার পর্যন্ত—মানে ১০০ বছর যদি চলে—১ বছর তো ১০০ বছরের চেয়ে বেশী দাবী নয়—আপনি শুভবুদ্ধি সম্পন্ন লোক, প্রবীন ব্যক্তি, অতি বিপ্লবী কারও কথায় প্ররোচিত হবেন না—তাই আপনার কাছে অনুরোধ করবো যে, আপনি আমার এই প্রস্তাব গ্রহণ করবেন জনমত সংগ্রহের জন্য এবং এটা অন্ততঃ ১ বছর সময় দেবেন। তারপর দেখবো, এর কি ইমপ্রুভমেণ্ট হয়, কি প্রভিসন থাকে। এই কথা বলে, আপনি যে সময় দিয়েছেন তারজন্য আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আবদুস সাত্তার ঃ** অন এ পয়েণ্ট অব অর্ডার স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় তিনি একটি মোসান মুভ করেছেন এই বিলটাকে সিলেক্ট কমিটিতে পাঠাবার জন্য। এখন প্রশ্ন হচ্ছে, যাবে কি যাবে না এইটাই আলোচ্য বিষয়। এখন তো বিলে বলছেন না?

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** এটা কনসিডারেসন মোসান ফর পাবলিক অপিনিয়ন।

**শ্রীআবদুস সাত্তার ঃ** সিলেক্ট কমিটিতে পাটানোর জন্য মিনিষ্টার একটি মোশান মুভ করছেন, এটা হচ্ছে একটা মোসান আর আবেদিন সাহেব বলছেন ফর সার্কুলেসনের জন্য পাঠানো হোক—এটা হলো আর একটি মোসান। এই দুটি মোসান এসেছে। এখন আপনি মোসানের উপর বক্তব্য রাখার কথা বলছেন—নিশ্চয়ই বিলের উপর বলছেন না?

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** আপনার পয়েণ্ট অফ অর্ডারের উত্তর দিচ্ছি। রুল ৭৬(২) বি তে আছে—

If the member in charge moves that the Bill be referred to a Select Committee of the House, any member may move as an amendment that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by a date to be specified in the motion.

**শ্রীবিনয় কৃষ্ণ চৌধুরী ঃ**—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যেটা বলছেন সেইটাই সঠিক। এখানে আলোচ্য বিষয় হচ্ছে যে, আমি মুভ করছি

সিলেকট কমিটিতে দেবার জন্য আর আবেদিন সাহেব এনেছেন সার্কুলেসনের জন্য কেন সার্কুলেসনে দেওয়া দরকার তার যুক্তি দেখিয়েছেন। এই ব্যাপারে আরোও কেউ বলতে যদি চান বলতে পারেন। তারপরে আমি বলবো এটা সার্কুলেসানে দেবো কি না।

[4-20—4-30 P.M.]

**শ্রীআবদুস সাত্তার ঃ**—রিগাডিং সারকুলেশন ম্যাটারস—চেয়ারটা এমনই একটা জায়গা যিনি বসেন তিনি সবই জানেন।

**শ্রীদেবরঞ্জণ সেন ঃ**--It can not be expected from a respect able the member of this House. ও রকম বলবেন না।

**শ্রীআবদুস সাত্তার ঃ**—With respect to the chair. আমি এখনও বলছি চেয়ারে যিনি বসেন তিনি সবই জানেন। মা'র চেয়ে মাসীর দরদ বেশী। আমি বলতে চাইছি আবেদিন সাহেব যে সারকুলেশন মুভ করেছেন—কিসের উপর মুভ করেছেন।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ**—সাত্তার সাহেবকে আমি বলতে এ্যালাউ করেছি আপনার পার্সনাল এক্সপ্লানেশন কিছু যদি থাকে পরে বলবেন।

**শ্রীহাসিম আবদুল হালিম ঃ**—মিঃ ডেপুটি স্পীকার স্যার, আমার একটু বলার আছে—

**শ্রীআবদুস সাত্তার ঃ**—উনি কিসের উপর বলবেন?

**মিঃ ডেপুটি স্পীকার ঃ**—*কিসের উপর বলছেন না বলছেন আমি বুঝব, আমি* ওনাকে এ্যালাউ করেছি।

**শ্রীহাসিম আবদুল হালিম ঃ**—আমি জানতাম সাত্তার সাহেব ডিসট্রিকট কোর্ট মুনসেফ কোর্ট ঐ সব জায়গায় ওকালতি করেছেন, ওখানে ও রকম চলে, এটা হাউস এখানে ওরকম চলবে না।

**শ্রীআবদুস সাত্তার ঃ**—উনি সারা জীবন ক্রিমিন্যালদের কেস করেছেন—

**শ্রীহাসিম আবদুল হালিম** ঃ—আমি সারাজীবন ক্রিমিন্যালদের কেস করেছি—কিন্তু উনি কোনদিন আমার মক্কেল হন নি। সাত্তার সাহেব বলছেন কথাটা ৭৬ এ রুল ২, রুলটা পড়ছি কেন মুভ করেছে, রুল ২ বলছে if the member in charge moves that the Bill be referred to a Select Committee of the House, any member may move as an amendment that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by a date to be specified in the motion. এ্যামেণ্ডমেন্ট যেভাবে মুভ করুন সেটা উনি বলতে পারেন, বিলের বিস্তারিত আলোচনা করা যায় না।

**ডাঃ জয়নাল আবেদিন** ঃ—আই ডিসএগ্রি আমি আমার মোশান সাবস্ট্যান-সিয়েট করার জন্য এ্যামেণ্ডমেন্ট মোশানের সাপোর্টে জুডিসিয়াসলি কথা বলেছি, এখানে দেখা যাচ্ছে জুডিসিয়াল মিনিষ্টার ইনজুডিসিয়াস ইন দি হাউস।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র** ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বিলের উপরে কিছু বলতে চাই এবং জয়নাল আবেদিন সাহেব যে সার্কুলেসান মোশান এনেছেন সেটাকে সাপোর্ট করে বলছি। মন্ত্রী মহাশয় একজন বিপ্লবী লোক আশা করেছিলাম তিনি এরূপ একটা বৈপ্লবিক বিল আনবেন যাকে দেশের লোক স্বাগত জানাবেন। জয়নাল সাহেব ঠিকই বলেছেন তিনি এমন কৌশলে বিল আনেন যাকে সাপোর্ট না করে কোন উপায় নেই। এই বিল যে উদ্দেশ্যেই তিনি আমুন প্রথমে তিনি লিখেছেন rationalise and improve the system of land revenue এবং তার পরে লিখেছেন with a view to provide an incentive for increased production.

এটা হবে না। কেন হবে না—এই বিলের দ্বারা প্রোডাকসানের ইনসেনটিভ লোকের মধ্যে আসবে না। এই বিলের দ্বারা লোকেদের উকিলের পরামর্শ নিতে হবে এবং রিটার্ণ লেখার জন্য কতকগুলি দালাল আপনি সৃষ্টি করবেন। আপনারা বলবেন যে জনতা পার্টি জোতদারদের সার্পোটার। কিন্তু আমি বলতে চাই পশ্চিম-বাংলায় মধ্যবিত্ত বলে একটা শ্রেণী আছে যাদের ওড়ান যায় না। এ বিষয়ে আমি তাঁকে পুরান দিনে যেতে বলছি। ১৯৫৫ সালে যখন ল্যাণ্ড রেভিনিই বিল নিয়ে আলোচনা হচ্ছিল তখন আপনি কি বলেছিলেন সেটা আপনাকে একটু পড়ে শোনাচ্ছি—তাঁরা যা করেছেন এটা যদি তার ডিউ পার্ট হিসাবে এখানে নিয়ে এসে থাকেন তাহলে বাংলাদেশের লোক তাতে খুব বেশী উৎসাহ বোধ করতে পারে না।

আমরা যা করেছি এই ওয়েষ্ট বেঙ্গল স্টেট এ্যকুইজিসান এ্যাক্ট-এর দ্বারা তার সাপ্লিমেণ্ট করছি। তবে বাংলা দেশের দিক থেকে এর প্রয়োজন আছে। বলে এটা শুধু কৃষকের প্রবলেম নয়। তার সঙ্গে মধ্যবিত্তের স্বার্থ জড়িত আছে। গোটা দেশকে এগিয়ে নিয়ে যেতে হলে এর প্রয়োজন আছে।' আর এক জায়গায় বলেছেন, 'যারা সত্যকারের চাষ করছে সেই চাষী যদি প্রান ভরে জমিতে চাষ করতে না পারে তাহলে তার জনির উপর কোন মমত্ব বোধ জাগতে পারে না।' কিন্তু আজকে আপনি কি করছেন? এই বিল এনে আপনি কতকগুলি লিটিগেসানের সৃষ্টি করছেন। চাষীর দু টাকা খাজনা বাড়লো কিনা সেটা বড় কথা নয়। আপনি বলেছেন ১২ বিঘার পর ১৩ বিঘা হলে তাকে রিটার্ণ দাখিল করতে হবে। সে লেখাপড়া জানে না—তারপক্ষে এই কাজ করা সম্ভব সয়। কতকগুলি সুবিধাবাদি লোক যারা লেখাপড়া শিখেছে তারা এই কাজ করতে পারবে। তারপর আপনি বলছেন—"Rateable value of an area" means the cash value per hectre of the geoss out put of the main crops. একটা মৌজার মধ্যে ২০ রকম জমি আছে।' অথচ আপনি একই ডিষ্ট্রিক্ট-এর মধ্যে একই রকম রেভিনিউ করলেন। মালদা জেলায় ৪ রকমের জমি আছে—একটা ক্রপ ছাড়া তিনটা ক্রপ হবে না, একটা ডার এলাকা, আর একটা টার এলাকা। একটা থানাতেও এক রকম হয় না, তারপর পেরেণ্টস কি রকম ভাবে হবে সেটা কিছু বলেন নি। ফ্যামেলির মধ্যে পেরেণ্টস্ কি ভাবে আসছে জানি না। এ সবের জন্য এত অফিসার কোথায় পাবেন? জে এল আর ও এবং এস এল আর ও দের উপর আপনি নির্ভর করছেন।

[ 4-30—4-40 P.M. ]

জে এল আর ও দের উপর আপনি ল এণ্ড অর্ডার বর্গা অপারেসান এবং থানায় সমস্ত কেস করার ভার দিয়েছেন। এঁরা যেখানে কাজ করেন সেখানে গাড়ী—লোক—টাইপ মেসিম ইত্যাদি কিছু নেই।

এই ভ্যালুটা এ্যসেস্ করছেন এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স—আর আপনারা একটা করছেন। আজকে দু এক টাকা ট্যাক্স বেশী হলো কিনা সেটা বড় কথা নয়। আপনি প্রান্তিক চাষী ক্ষুদ্র চাষী এদের বাদ দিয়েছেন এবং বলেছেন বিহার ইউ পি তে মাপ করে দিয়েছে। আপনি বলেছেন Provided that such person or members of his family reside for the greater part of the year in the

locality where the land is situated and the Principal source of his income is Produce of such land. লোকালিটির ডেফিনেসান দেন নি। জেলার বা থানার মধ্যে থাকতে হবে কিনা বলেন নি। লোকালিটিটা আপনাকে পরিষ্কার ভাবে বলতে হবে। আমি যখন বিলাতে থাকি তখন আমাকে যদি কেউ জিজ্ঞাসা করে তাহলে আমি বলি ইণ্ডিয়ান, দিল্লীতে কেউ জিজ্ঞাসা করলে বলি ওয়েষ্ট বেঙ্গলের, কলকাতায় বলি—মালদার, এবং মালদায় বলি যে হরিশ্চন্দ্রপুর। আমাদের সংবিধাম বলেছে যে, যে কোন জায়গায় যে কোন সম্পত্তি আমি খরিদ করতে পারবো এবং যে কোন লোকালিটিতে আমি থাকতে পারবো। একজন পুলিস কনস্টেবল তার এক জায়গায় বাড়ীতে স্ত্রী পুত্র আছে চাকরীর জন্য সে যদি অন্য জায়গায় থাকে তাহলে সে সম্পত্তি করতে পারবে না? এ জিনিষ হতে পারে না। আমি মমে করি এবারের সেসানে এইটাই সবচেয়ে গুরুত্বপূর্ণ বিল যেটা আমরা মাত্র কয়েকদিন আগে পেয়েছি। আমি যেখান থেকে নির্বাচিত হয়েছি সেখানকার কর্ম্মী জনসাধারণের সঙ্গে এই নিয়ে আলোচনা করবার সময় দেওয়া হয়নি। এই বিলটা আগের সেসানে দেওয়া যেত কিম্বা বাজেট সেসানে আনা যেতে পারতো। এই ভাবে আপনারা আমাদের চিন্তা করবার সময় দেননি কারন মাত্র ৭ দিন আগে আমরা এটা পেয়েহি। এই বিলের বাংলা এখনও পায়নি ফার্ম হোল্ডিং কথাটার মানে কি বুঝতে পাচ্ছি না।

ফার্ম হোল্ডিং—১৫ বিঘা জমি থাকলেই কি আমি একটা ফার্মের মালিক হয়ে গেলাম? আমি মন্ত্রী মহাশয়ের কাছে একটা কথা বলতে চাই গ্রামবাংলায় একটা ভীষণ অরাজকতা চলছে। আইনের মাধ্যমে চললে আমি কিছু বলতাম না, কিন্তু বেআইনীভাবে চলছে। আমি আপনার কাছে, সরকারের কাছে জোড় হাত করে বলছি যে আপনারা শান্ত করুন, জমি নিতে চান নিয়ে নিন, কম্পেনসেসান দিয়ে দিন, সব বর্গাদারকে মালিক করতে চান করে দিন, কিন্তু পার্টির লোককে লেলিয়ে দিয়ে লোককে হয়রান করবেন না। আজকে কি মধ্যবিত্ত শ্রেণীকে শেষ করে দিতে চান? যে মধ্যবিত্ত শ্রেণী সমস্ত আন্দোলনের পুরোধা ছিলেন তাদের কি শেষ করতে চান? আপনারা জঙ্গলের নীতি কায়েম করতে চান, তার প্রথম পদক্ষেপ এটা, তা না হলে আজকে এই বিল এইভাবে আনতেন না। এটা যদি প্রথম পদক্ষেপ হয় তাহলে আপনাকে বলতে চাই পশ্চিমবাংলা এটা সহ্য করবে না। মধ্যবিত্ত শ্রেণীর কোমর ভেঙ্গে দিয়ে আপনারা যদি মনে করেন তারা কিছু বোঝে না, তারা আপনাদের পিছন পিছন দৌড়ে আসবে, সেটা বেশীদিন টিকবে না। আজকে ২৩ লক্ষ পরিবারকে

আপনারা বিপদের সম্মুখীন করেছেন। রিটার্ণ দিতে হবে, অফিসারদের পিছন পিছন ঘুরতে হবে। তাদের পায়ে ধরে বলতে হবে যে তাঁরা রেট ফিক্স করে দিন। কাজেই এই বিল সম্বন্ধে বলব জয়নাল সাহেব যেটা বলেছেন আমি আরো একটা কথা বলতে চাই যে লোকালিটির ডেফিনিসান নেই। এ্যাজ মে বি প্রেসক্রাইবড—কে প্রেসক্রাইবড করবে? প্রেসক্রাইব করবার জন্য সমস্ত ক্ষমতা হাতে রেখে দিলেন। আমরা জানতে পারব না রুলস্ কবে হবে, কি হবে। সেজন্য এই বিলকে সার্কুলেশানে দেবার জন্য জয়নাল সাহেব যে প্রস্তাব করেছেন সেটাকে আমরা সমর্থন করছি। এই বিল পাশ হলেই কাল থেকে এটাকে চালু করবেন এত ক্ষমতা আপনার নেই, এত ইনফ্রাসট্রাকচার আপনার নেই, সেজন্য দু'দিন পরে এটা করবেন। এটা আরো সমৃদ্ধ করুন, করে বাজেট অধিবেশনে এই বিলকে আনুন এই আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীআব্দুস সাত্তার:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের সামনে যদিও এখন বিলটা নেই তবুও বিল সম্পর্কে আলোচনা হয়েছে, ডাঃ আবেদিন সাহেব সার্কুলেশানের যে প্রস্তাব করেছেন সেটাকে আমি সমর্থন করছি। মাননীয় মন্ত্রী মহাশয় সিলেক্ট কমিটিতে পাঠাচ্ছেন বিলটা। রুল ৭৬ সাব রুল ২ সিলেক্ট কমিটিতে পাঠাবার জন্য, সেখানে সার্কুলেশান মোশানে পাঠাবার জন্য সাব রুল ৩ তে দেখবেন—

Where a motion that a Bill be circultaed for the purpose of eliciting opinion thereon is carried, and the Bill is circulated in accordance with that direction and opinions are received thereon, the member in charge, if he wishes to proceed with the Bill thereafter, shall move that the Bill be referred to a Select Committee of the House.

সুতরাং সার্কুলেশানের পরেও সিলেক্ট কমিটিতে পাঠাতে পারেন। এটা একটা গুরুত্বপূর্ণ বিল। আপনি জানেন যে ল্যাণ্ড রিফর্ম এ্যাক্টের কোন রেভেনিউ এখানে নেই। সেখানে সেক্সান ২২তে একটা রেভেনিউ প্রত্যেক জমির জন্য ধার্য করা আছে। আপনি এখানে যে ফার্ম হোল্ডিং করছেন এখানে এক এক জায়গায় এক এক জমির রকম থাকে, তার একটা গ্রস ভ্যালু অব দি প্রোডিউস থাকে, সেই গ্রস ভ্যালু অব দি প্রোডিউস ধরে এই রেভেনিউ আপনি ধার্য করছেন। কিন্তু ল্যাণ্ড রিফর্মস এ্যাক্টের সেকসান ২২তে যেমন রেভেনিউ ধার্য করার বিধান আছে সেই রকম এখানে কিছু বলেননি।

[ 4-40—4-50 P.M. ]

সুতরাং আপনি যদি আইন কিছু আনতে চান তাহলে আলাদা করে আইন আনছেন কেন? ল্যাণ্ড রিফর্মস্ এ্যাক্ট—এর একটা চেপ্টার তো রয়েছেই। অবশ্য ওটা বোধহয় রিপিল করেছে। তারপর দেখুন ল্যাণ্ড রিফর্ম এ্যাক্ট—এ ফ্যামিলির ডেফিনেসন এক রকম এবং আপনার আইনে আর এক রকম। ল্যাণ্ড রিফর্ম এ্যাক্ট যেটা রয়েছে সেখানে যদি রেভিনিউ সংক্রান্ত বিষয়ে একটা আলাদা চেপ্টার দিয়ে দেন তাহলে ভাল হয়। তারপর বীরেনবাবু বলেছেন আপনারা এমন একটা আইন আনছেন যাতে সত্যিকারের মধ্যবিত্ত এবং নিম্ন মধ্যবিত্ত পরিবারগুলো ধ্বংস হয়ে যাবে। আপনারা জানেন হরেকৃষ্ণবাবুর আমলে ৮নং ফর্ম দাখিল করবার কথা হয়েছিল এবং দেখা গেল গোডাউন ভর্তি হয়ে গেছে এবং সেই ফর্মগুলি সর্ট আউট করার ব্যবস্থা হয়নি। আপনি আবার সেটা নিয়ে আসছেন এবং সেটা হচ্ছে সেকসন টেন। আপনি আবার রিটার্ন দাখিল করবার প্রশ্ন আনছেন ১০নং ধারা অনুসারে এবং দেখা যাবে কোটি কোটি লোক এটা দাখিল করবে। কিন্তু এতে কোন কাজই হবে না, মাঝখান থেকে মানুষ শুধু ছুটবে এই রিটার্ণ দাখিল করবার জন্য এবং দেখা যাবে আপনি যেখানে যেতে চাচ্ছেন সেখানে আপনি যেতে পারবেন না। আপনারা বিরাট ভোটে এখানে এসেছেন কাজেই আপনাদের জনমত দেওয়া উচিত। আপনি সিলেক্ট কমিটির কথা বলেছেন, কিন্তু আমার মনে হয় এই রকম একটা গুরুত্বপূর্ণ বিলে জনমত সংগ্রহ করা উচিত। আপনি দেখবেন ল-এর কমপ্লিকেসন রয়েছে এবং ফ্যামিলি ডেফিনেসনের ক্ষেত্রেও কমপ্লিকেসন রয়েছে। তারপর, আপনি বলেছেন, এরিয়া মিন্স এ ট্রাক কমপ্রাইজিং-এ ডিষ্ট্রিক্ট অর ইটস্ পার্ট। অর্থাৎ একটা জায়গায় যত জমি আছে সেগুলি আপনি এক জায়গায় করছেন। আপনি নিশ্চয়ই স্বীকার করবেন এখানে ল-এর প্রশ্ন এসেছে। কাজেই আমি অনুরোধ করছি সার্কুলেসন মোসন যখন এসেছে তখন আপনি পাবলিক ওপিনিয়ন নেবার জন্য একে সার্কুলেসনে দিন এবং তারপর সিলেক্ট কমিটিতে পাঠান। রুল (৭৬।৩) অনুসারে আপনি এটা পাঠাতে পারেন। ডাঃ জয়নাল আবেদিন পাবলিক ওপিনিয়ান—এর জন্য সার্কুলেসনে দেবার যে প্রস্তাব করেছেন সেটা আপনি মেনে নিন এবং জনগনের উপর আপনাদের যে আস্থা রয়েছে সেটা প্রমাণিত হোক।

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্যদের বক্তব্য খুব মন দিয়ে শুনলাম। আমি অনুরোধ করব আমার বক্তব্যটাও তাঁরা মন দিয়ে

শুনবেন এবং বোঝবার চেষ্টা করবেন। প্রথম কথা এটা সার্কুলেসনে দেবার আমি কোন যুক্তি পাচ্ছিনা কারণ এটা সিলেক্ট কমিটিতে দেওয়া হচ্ছে—ইমপ্রুভ করবার জন্য চেষ্টা হচ্ছে। একটা জিনিস, যে সময় দিয়েছি তার মানে হচ্ছে যে আমাদের যে নেক্স্ট সেসন ফেব্রুয়ারী মাসে হতে চলেছে তাহলে আজকে ডিসেম্বর—এর ১লা তারিখ অর্থাৎ গোটা ডিসেম্বর, জানুয়ারী এবং ফেব্রুয়ারী মাস বাকী আছে। আমাদের দেশ যেটা ইংল্যাণ্ড বা ফ্রান্স নয়, যেখানে মাত্র শতকরা ২৮ ভাগ লোকের অক্ষরজ্ঞান আছে। এই বিলটি জটিল বিল, এটা ছেড়ে দিলেই লোকে বুঝতে পারবে না। এই বিল এখানকার প্রত্যেকটি সদস্যকে দেওয়া হয়েছে জনমত সংগ্রহ করার জন্য প্রত্যেক সদস্য এই বিল নিয়ে যান নিজ কন্সটিটিউএনসীতে এবং সেখানে গিয়ে সেখানকার লোকদের সঙ্গে আলোচনা করুন, নিজেরা বোঝান এবং তারপর তাদের সদস্যগুলো বুঝুন। এইভাবে যদি জনমত সংগ্রহ না করেন তাহলে এই বিলটা দিলে তার কোন অর্থ হবে না। কারণ, এই বিলকে জনমত সংগ্রহের উদ্যোগ নিতে হবে এবং সেই সম্পর্কে সচেতন হতে হবে এবং সেই সুযোগ রয়েছে আড়াই মাস। আপনারা জনমত সংগ্রহ করার সুযোগ পাচ্ছেন কাজেই জনমত সংগ্রহ করার ইচ্ছা থাকলে আড়াই মাস যথেষ্ট এবং এটা আপনাদের কর্তব্য কারণ এই বিলটা সাধারণ নয়। আপনারা জানেন এই বিলের একটা ব্যাপক গুরুত্ব রয়েছে এবং এর গুরুত্ব অনুভব করেছি বলেই কেউ বলবার আগে একে সিলেক্ট কমিটিতে দেওয়া হয়েছে। সেই সিলেক্ট কমিটিকে ১৫ দিনের মধ্যে রিপোর্ট দিতে বলা হয়নি বা তাড়াহুড়ো করে রিপোর্ট দিতে বলা হয়নি, তাদের আড়াইমাস সময় দেওয়া হয়েছে। এখানে একমাত্র জিনিস হচ্ছে ভূমিরাজস্ব জিনিসটা দীর্ঘদিনের পুরাণ জিনিস। বর্তমান সময়ের দিক থেকে এটাকে একটা বিজ্ঞান সম্মত ভিত্তিতে রাখার চেষ্টা করা হচ্ছে। এটা আমার কথা নয়, এর জন্য একটা কমিটি বসেছিল রাজ কমিটি বলে। তাদেরই রিকমেনডেসন যেটা ছিল তারই ভিত্তিতে, তার সবটা আমরা নেইনি, বিভিন্ন জায়গায় ইমপ্রুভমেণ্ট করা হয়েছে বটে, তবে তার ভিত্তিতেই এই জিনিস করা হয়েছে এবং এটা ভারতবর্ষের মধ্যে আমাদের রাজ্যেই প্রথম। এখানে একটা জিনিস বোঝা দরকার যাঁরা জানেন এই ব্যাপার সম্পর্কে, গোটাবাংলার ভূমির দিক থেকে বা কৃষকদের দিক থেকে অনেক কিছু করেছেন একমাত্র ব্যক্তি ছিলেন আমাদের ফজলুল হক সাহেব। তাঁর ১৯৩৮ সালের এ্যামেণ্ডমেণ্ট—এর পর আর কোন খাজনা বাড়েনি এই দীর্ঘ সময়ে। আজকে ভারতবর্ষের সমস্ত অর্থনীতিবিদরা একবাক্যে স্বীকার করেন যে ১০ বছর ধরে—এটা আলোচনা হচ্ছে যে এই জমির মালিকদের উপরে এক থেকে ১০ পারসেন্ট এই দীর্ঘ ৩০।৪০ বছরে এখানে

অনেকটা ওয়েল্থ এ্যাকমুলেটেড হয়েছে এবং প্রত্যেকটি রাজ্যে এই যাদের বলা হয় কুলাকলবি তাদের প্রচণ্ড চাপের কাছে কোন প্রচেষ্টাই এরকম গ্যাব করবার চেষ্টা করেননি।

[ 4-50—5-00 P. M. ]

অন্য দিক থেকে এটা স্যাচুরেশন পয়েণ্টে এসে গেছে। সেজন্য দেখবেন আমার যতটা খবর স্ট্যাটিসট্রিক্সের সিক থেকে, ৪০ লক্ষ পরিবার যাদের অল্প বিস্তর জমি আছে, তাদের মধ্যে আধ হেক্টার পৌণে চার বিঘার কম জমি আছে, প্রায় ১০ লক্ষ পরিবারের এই আধ হেক্টারের উপর জমি আছে, ২৫ লক্ষ পরিবারের এই আধ হেক্টার জমি আছে। সেজন্য বলা হয়েছে পরিষ্কারভাবে যে যাদের চার একরের উপর জমি আছে, তারা রিটার্ণ দেবে। এখানে পরিষ্কার করে যেটা বলছি সেটা হচ্ছে বাল্ক অফ দি প্রেজেণ্টাসের যাদের দেবার ক্ষমতা নাই তাদের রেটেবল্ ভ্যালু ৫ হাজার করা হয়েছে। এখানে বলা হয়েছে তার উপর থেকে স্ল্যাব করা হয়েছে, আমি প্রিন্সিপ্যলসের কথা বলছি, এটা ফ্ল্যাট রেট, হাইয়ার ইনকাম গ্রুপের লোক, ইনকাম ট্যাক্সের বেলায় যেমন স্ল্যাব থাকে, এখানেও সেই রকম হওয়া উচিত, কেন দু'রকম হবে। ওখানে মিডল ক্লাসের উপর গ্র্যাজুয়েটেড স্কেল হবে, এখানে তা হবে না, সেজন্য যতটা সম্ভব সেটা দেখাবার চেষ্টা করেছি। ডিটেলস্ সম্পর্কে পরে আলোচনা করে ইমপ্রুভ করা যাবে। বর্তমানে বিলটাকে সিলেক্ট কমিটিতে যখন দেওয়া হল জেনারেলি সেটা কনভেনশন···

**Mr. Deputy Speaker :** According to the Scheduled Time Allocation Order the time for discussion on this Bill is going to expire at 4·54 p.m. As some more time would be required I seek the consent of the House under rule 290 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly to extend the time fixed for this Bill by half-an-hour. I think the House will agree to it.

(Voices : Yes)

I therefore extend the time by half-an-hour.

Now, Shri Benoy Krishna Choudhury may like to continue his speech.

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী :** এখানে লক্ষ্য করা হয়েছে জাষ্টিসের দিকে। এখানে সোসাল জাষ্টিসের কথা উঠেছে। সেই জায়গায় এক দিকে নীচের দিকে একটা

ব্যাপক অংশ—আমি সংখ্যাটা ঠিক বলতে পারব না, ২৫ লক্ষতো বটেই, এমন বোধ হয় ৩০ থেকে ৩২ লক্ষ পরিবার হবে যাদের উপর কোন লেভি পড়বে না। মাঝে একটা স্ল্যাব থাকবে যাতে প্রেজেন্ট ইন্সিডেন্স অব রেন্ট তার থেকে বেশী হবে। এটা পরে আলোচনা করা হবে এবং এ সম্বন্ধে খুঁটিয়ে আলোচনা করা যাবে। এখন সার্কুলেশনে এটাকে দেবার কোন যুক্তি নাই, কেননা আমরা তো ওদিকে ছিলাম, সার্কুলেশনের মানে হচ্ছে এটাকে গেজিয়ে দাও। আর সার্কুলেশনে দেওয়ার মানেতো জনমত সংগ্রহ করা, সেটা এই আড়াই মাসে আপনারা দায়িত্ব নিয়ে জনমত জেনে নিয়ে সিলেক্ট কমিটিতে আলোচনা করতে পারবেন, এবং সেখানে আলোচনা করে বিলটাকে ইমপ্রুভ করতে পারবেন। সেজন্যই সিলেক্ট কমিটিতে এটাকে দেওয়া হয়েছে, বুঝে সুঝেই করা হয়েছে যাতে এটাকে আপনারা ইমপ্রুভ করতে পারেন। এত বড় একটা নতুন জিনিস ভারতবর্ষের আর কোন রাজ্যে যা হয় নি সেটা আমরা এই রাজ্যে করছি। এবং এই রাজ্যে যখন করব তখন অন্ততঃপক্ষে যাঁরা ফ্যাক্ট সেট করবেন, তাঁদের অনেক বিবেচনা করে করতে হবে। সেটা অনুধাবন করেই আমরা আপনারা সকলে মিলে চেষ্টা করছি এই আড়াই মাসে জনমত সংগ্রহ করে নিজেরা আরও সমৃদ্ধ হব এবং আরও ভাল করে এই বিল করব। এখানে অফ হ্যাণ্ড বক্তৃতা না করে আরও ভাল করে জনমত নিয়ে, বিলটাকে আরও ভাল করে পড়ে খুঁটিয়ে খুঁটিয়ে আলোচনা করে, প্রত্যেকটি লাইন ধরে আলোচনা করা হোক এবং সবাই মিলে এটাকে সর্বাঙ্গীন জিনিস করা হোক যেটা গোটা ভারতবর্ষের কাছে একটা নজির হয়ে থাকবে। আর যা হয়েছে ৭ কোটি ২০ লক্ষ টাকা যেখানে ভূমি রাজস্ব ছিল, সেখানে ছাড় দিয়েছি, দিয়ে দিয়ে সেটা ১ কোটি ৬৫ লক্ষে দাঁড়িয়েছে।

আমি তথ্য আপনাদের জন্য নিয়ে এসেছি। আমাদের ২৬ হাজার ১৯৩ জন এগ্রিকালচার ইনকাম ট্যাক্স দেন। আদায় এখনও পর্য্যন্ত কম হয় নি। আমি দু জায়গায় ফোন করে জানলাম ৬ কোটি ২৭ লক্ষ টাকা হয়েছে। এখন এই বামফ্রন্ট সরকার কাউকে ছাঁটাই করবে না। আপনারা যে বোঝা ঢুকিয়ে দিয়ে গিয়েছেন তা থেকে আমরা কাউকে সরাতে পারছি না। যা আছে তা দিয়ে হবে। বরং আরও র‍্যাশনাইজ করতে হবে। এর ডিফিক্যালটিস কতকগুলো আছে এবং ষ্টাফ বা ওয়ার্ক বা অন্যান্য সম্বন্ধে এক্সপারর্ট এ্যাসেসমেন্ট করতে হবে। আমি সেইজন্য মাননীয় সদস্যের সারকুলেশান মোশানের বিরোধীতা করছি এবং আমি তাঁকে অনুরোধ করবো তিনি সেটা প্রেস করবেন না।

[ 5-00—5-10 P. M. ]

The motion of Dr. Zainal Abedin that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon. was then put and a division taken with the following result :

## AYES

Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Bharati, Shri Haripada
Doloi, Shri Rajanikanta
Habibur Rahaman, Shri
Kazi Hafizur Rahaman, Shri
Mahanti, Shri Pradyot Kumar
Maitra, Shri Birendra Kumar
Maitra, Shri Kashi Kanta
Maity, Shri Bankim Behari
Md. Sohorab, Shri
Motahar Hossain, Dr.
Ojha, Shri Janmejay
Roy, Shri Krishnadas
Saha, Shri Kripa Sindhu
Sen, Shri Bholanath
Shaikh Imajuddin, Shri
Sinha, Shri Atish Chandra
Sinha, Shri Prabodh Chandra

## NOES

Abdul Bari, Shri Md.
Abdul Hasnat Khan, Shri
Abdul Quiyom Molla, Shri
Banerjee, Shri Amiya
Banerjee, Shri Madhu
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Debi Prosad
Basu, Shri Jyoti
Basu Ray, Shri Sunil
Baxla, Shri John Arther
Bhaduri, Shri Timir Baran
Bhattacharjee, Shri Buddhadev
Bhattacharya, Shri Kamal Krishna
Bhattacharyya, Shri Satya Pada
Bisui, Shri Santosh
Biswas, Shri Hazari
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kamalakshmi
Bose, Shri Ashoke Kumar
Bose, Shri Nirmal Kumar
Chakraborti, Shri Subhas
Chowdhury, Shri Subodh
Chatterjee, Shri Ram
Chatterjee, Shri Tarun
Chowdhury, Shri Benoy Krishna
Ghosal, Shri Aurobindo
Goppi, Shrimati Aparajita

Goswami, Shri Subhas
Hashim Abdul Halim, Shri
Hazra, Shri Haran
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Manindra Nath
Kar, Shri Nani
M. Ansar-Uddin, Shri
Majhi, Shri Pannalal
Majhi, Shri Sudhangshu Sekhar
Majumder, Shri Sunil Kumar
Mal, Shri Trilochan
Malik, Shri Sreedhar
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Sudhangshu
Mandal, Shri Sukumar
Mandal, Shri Suvendu
Mandi, Shri Sambhunath
Mazumder, Shri Dinesh
Ming, Shri Patras
Mitra, Dr. Ashok
Mitra, Shri Ranjit
Mohanta, Shri Madhabendu
Mojumder, Shri Jamini Kisore
Mondal, Shri Raj Kumar
Mostafa Bin Quasem, Shri
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Mahadeb
Mukherjee, Shri Niranjan
Munsi, Shri Maha Bacha
Murmu, Shri Nathaniel
Murmu, Shri Sarkar
Neogy, Shri Brajo Gopal
Pal, Shri Bijoy
Panda, Shri Mohini Mohan
Pathak, Shri Patit Paban
Raj, Shri Aswini Kumar
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Matish
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Tarak Bandhu
Roy Chowdhury, Shri Nirod
Sarkar, Shri Ahindra
Sen, Shri Deb Ranjan
Sen, Shri Dhirendra Nath
Sen Gupta, Shri Prabir
Singh, Shri Khudiram
Singha Roy, Shri Jogendra Nath
Sinha, Shri Khagendra Nath
Soren, Shri Suchand
Sur, Shri Prasanta Kumar

**ABSTENTIONS**

Sarkar, Shri Deba Prasad

The Ayes being 19 and the Noes 77, the motion was lost

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি কথা বলি, মাননীয় মন্ত্রী মহাশয়, ঐ যে আড়াই মাসের কথা বললেন—সেটা at the end of April হতে পারে কিনা সেটা কি তিনি বলবেন ?

শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ না।

The motion of Shri BENOY KRISHNA CHOWDHURY that the West Bengal Land (Farm-Holding) Revenue Bill, 1978, be referred to Select Committee of the House, consisting of :

(1) Shri Benoy Krishna Chowdhury, Minister-in-charge of Land Utilisation and Reforms and Land and Land Revenue Department
(2) Shri Nakul Chandra Mahato
(3) Shri Joykesy Mukherjee
(4) Shri Benoy Konar
(5) Shri Dipak Sen Gupta
(6) Shri Ganesh Chandra Mondal
(7) Shri Gunadhar Choudhury
(8) Shri Samarendra Nath Sanyal
(9) Shri Bilai Bandhyopadyay
(10) Shri Sunil Kumar Majumdar
(11) Shri Suvendu Mandal
(12) Shri Atahar Rahaman
(13) Shri Ranjit Mitra
(14) Shri Bimalananda Mukherjee
(15) Shri Prabodh Chandra Sinha
(16) Shri Lutfal Haque
(17) Shri Biswanath Mukherjee
(18) Dr. Zainal Abedin
(19) Shri Ramzan Ali

that in order to constitute a sitting of the Committee the quorum shall be one-third of the total number of Members of the Committee ;

that the Committee shall make a report to this House by the end of the second week of the next Session, was then put and agreed to.

Shri BENOY KRISHNA CHOWDHURY to move that the West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1978, be taken into consideration.

*(Here will be taken amendments, if any.)*

Shri BINOY KRISHNA CHOWDHURY to move that the West Bengal Premises Requision and Control (Temporay Provisions) (Amendment) Bill, 1978, as settled in the Assembly, be passed.

**শ্রীঅতিশচন্দ্র সিংহ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আণ্ডার রুল ১৮৫ এই মোসন তোলবার আগে জানাই যে যে বয়ান আমি দিয়েছিলাম তাকে পরিমার্জিত এবং পরিবর্ধিত হয়ে এটা যে আকারে এসেছে সেটাই আমি পড়তে বাধ্য এবং তাই-ই পড়বো। কিন্তু আজকে পশ্চিমবাংলার যে অবস্থা তার আইন শৃঙ্খলা, এবং দলবাজী যেভাবে চলছে তাতে আমার ভাষা যেভাবে আমি দিয়েছিলাম সেটা থাকলে আমি আনন্দিত হতাম। যা হোক যে কোন কারণেই হোক সেটা হয়নি। তাই আমি পরিবর্তিত এবং পরিমার্জিত করে যা করা হয়েছে সেটাই আমি পড়ে দিচ্ছি।

Whereas the police of Muraroi police-station in the district of Birbhum failed to take appropriate action in village Lakhidanga Malpara on 28th October, 1978, when about 350 persons gheraoed the house of a villager and burnt a person to death and injured ten others seriously, one of whom died later in hospital;

And whereas the police have been compelled to act under the dictation of a political party and this incident along with many other incidents of murder, dacoity and arson appears not to have been investigated by an impartial authority and it is felt as if the law and order do not exist in the area;

Therefore, this House upon the Government to investigate the case and restore law and order in the area.

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, শুধু যে এই এরিয়ায় হচ্ছে তাই নয়, শুধু যে বীরভূমের একটি গ্রাম বা সেই গ্রামের সংলগ্ন এলাকায় এই ধরণের ঘটনা ঘটছে তাই নয়, প্রতিদিন আপনি লক্ষ্য করছেন মেনসান আওয়ার এবং অন্যান্য যেসমস্ত বিরোধী দলের হাতে অস্ত্রশস্ত্র আছে তার মাধ্যমে বিভিন্ন ধরণের ঘটনা এখানে উল্লেখ করছি, যাতে আমরা দেখতে পাচ্ছি একটি বিশেষ দলের প্রতি নানা রকম অত্যাচার চলছে। যারা কংগ্রেস দলের সমর্থক বা বিরোধীদলে বর্তমানে যারা আছেন, তাদের দলের সমর্থকরা বিভিন্নভাবে পর্যুদস্ত হচ্ছেন, খুন হচ্ছেন, তাদের উপর নানা রকম অত্যাচার হচ্ছে, নানা রকমভাবে হয়রানি করা হচ্ছে। এমন কি বন্যার সময় বন্যাত্রাণ থেকে তাদের বঞ্চিত করা হয়েছে, তার নজীর আমরা এই হাউসের সামনে রেখেছি। কিন্তু তবুও আমরা খুব দুঃখের সঙ্গে লক্ষ্য করছি মাননীয় মুখ্যমন্ত্রী এমন একটা মনোভাব গ্রহণ করেছেন যেন কোন কিছুই হচ্ছে না—একটা তাচ্ছিল্যের মনোভাব—যেন কোথাও কিছু হচ্ছে না, সব ঠিক চলছে। আমরা অত্যন্ত দুঃখীত যে আজ পর্যন্ত সেই সামবিয়াং থেকে আরম্ভ করে কাশীপুর অবধি নৃশংস হত্যাকাণ্ড ঘটে গেল তার কিছুই হল না। একটা দুটো নয়, ৮।৯ জন, কোথাও আবার ১০।১১ জন খুন হয়ে যাচ্ছে—আমারা কেবল নিরপেক্ষ তদন্তের বেশী কিছু তো চাইনি, তাও পেলাম না। আমরা তো বলিনি আপনারা এটা প্রিভেন্ট করুন এই রকম ঘটনা যাতে ভবিষ্যতে না ঘটে—আমরা চেয়েছিলাম একটা নিরপেক্ষ তদন্ত করুন যে কারা এই ঘটনার জন্য দায়ী, মুখ্যমন্ত্রীর কাছ থেকে এই দাবী আদায় করতে পারিনি। অথচ মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমরা দেখেছি আপনারা সরকারে আসার পরে বহু কমিশন বসিয়েছেন। সেই কমিশনের কাজ কতখানি কি এগিয়েছে সেটা আমরা জানি না। কিন্তু সেই কমিশনের পিছনে যে লক্ষ লক্ষ টাকা খরচ হচ্ছে সেই বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু আজকে সংখ্যাগরিষ্ঠতার জন্য পশ্চিমবাংলার মানুষের উপর যে অত্যাচার করে যাচ্ছেন, যারা কোন আশ্রয় খুঁজে পাচ্ছে না—এই রকম যে অত্যাচার চলেছে তার কি কোন প্রতিকার হবে না? এর কি কোন নিরপেক্ষ তদন্ত হবে না? এই জিনিষ কিন্তু পশ্চিমবাংলায় বেশীদিন চলতে পারে না। আমি আবার মাননীর মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করব যে আপনি এই রকম তাচ্ছিল্যের মনোভাব দেখাবেন না। আজ কোন কিছু ঘটনার কথা বললেই আপনি বলেন অসত্য কথা। আমরা সেই জন্য আপনার কাছে বহু ঘটনা তদন্তের জন্য লিখিতভাবে, মৌখিকভাবে জানিয়েছি। এমন একটা সময়

এসেছিল যখন প্রফুল্ল চন্দ্র সেন মহাশয়ের লিখিত কাগজের মাধ্যমে আপনার সঙ্গে একটা চিঠিযুদ্ধ বা বাকযুদ্ধ চলেছিল। রোজই আমারা দেখতাম প্রফুল্ল চন্দ্র সেন মহাশয় ১৪০০।১৫০০ করে দরখাস্ত পঠালেন, আপনি বললেন হ্যাঁ, আমি পেয়েছি, তদন্ত করতে দিয়েছি। তার কিছুদিন পরে দেখলাম বলা হল যতগুলি পাঠালেন তার শতকরা ৯৯ ভাগই মিথ্যা—এটা যেন একটা রেগুলার এ্যাক্টের ব্যাপার হয়ে দাঁড়াল—এটা আমরা দেখলাম। এত যদি মিথ্যাই হবে তাহলে আপনাদের নিরপেক্ষ তদন্ত বসাতে এত ভয় কেন? ৯৯ ভাগ ঘটনাই যদি মিথ্যা হয় তাহলে একটি ছুটি ইন্সট্যান্স আপনারা তদন্ত করেই দেখুন না—এখানে এতজন মেম্বার আছেন। আমাদের দলের ছু চার জন, অন্যান্য দলের ছু চার জনকে নিয়ে একটা তদন্ত কমিশন করে পাঠান না, তারা ইনভেষ্টিগেট করুন—এতে পশ্চিমবাংলার মানুষের মনে সাহস ফিরে আসবে। আমি পারসেনটেজের হিসাবে যাচ্ছি না, সেদিন অর্থমন্ত্রী বললেন আপনারা নাকি ৫০।৬০।৮০।৯০।১০০ ভাগ ভোট পেয়েছেন। কিন্তু আপনাদের সমর্থক যাবা নন তারা আজকে লাঞ্ছিত হচ্ছেন, বঞ্চিত হচ্ছেন। আপনারা কত ভোট পেয়েছেন? যাদের উপর অত্যাচার হচ্ছে তারা আজকে কিন্তু এ্যাডমিনিষ্ট্রেসনের কাছ থেকে—এস. ডি. ও. ই বলুন আর বি. ডি. ও. ই বলুন, ওসি-ই বলুন, তাদের কাছ থেকে সমান নজর দৃষ্টিভঙ্গী পাচ্ছে না। এই রকম বহু নজীর আপনার কাছে দিতে পারি। আপনি পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী, আপনি তো সি. পি. এম. দলের মুখ্যমন্ত্রী নন—তবে আপনার যদি কোন হাত না থাকে, আপনার উপর যদি শক্ত হাতওয়ালা আপনাকে পরিচালনা করে—না তা হবে না, আপনি সি. পি. এম. এর মুখ্যমন্ত্রী, যেভাবে বলা হবে সেই ভাবে কাজ করতে হবে, তাহলে অবশ্য আমরা নাচার, আমাদের বলার কিছু নেই। কিন্তু মুখ্যমন্ত্রী হিসাবে আপনার পরম দায়িত্ব হল পশ্চিমবাংলার ৫ কোটি মানুষকে সমানভাবে দেখা—সেখানে আপনাদের সমর্থক কিছু আছে, এটা আমরা অস্বীকার করি না। কিন্তু আপনি শুধু সেই মানুষগুলিকেই দেখবেন, আর তার বাহিরে যারা রয়েছে কংগ্রেস সমর্থক এমন কি কোথাও কোথাও আপনাদের লেজুড়-বৃত্তি যারা করছে আর. এস. পি, ফরোয়ার্ড ব্লক, তাদের সমর্থকদেরও আপনি অনেক জায়গায় দেখছেন না। সুতরাং এটা তো আপনার মুখ্যমন্ত্রী হিসাবে কখনই করা উচিত নয়।

[ 4-10—4-20 P. M. ]

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, গত ১৫ই সেপ্টেম্বর, ১৯৭৮ আনন্দবাজার পত্রিকায় যে খবর বেরিয়েছে আমি তার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এখানে বলছে, পশ্চিমবাংলায় এবছর গড়ে প্রত্যহ ৩টি করে খুন হয়েছে। আমি তাদের উধৃতি দিচ্ছি, "পশ্চিমবাংলায় চলতি বছরে ৩টি করে খুন হয়েছে। জুলাই মাসে এমন দিন গেছে ১ দিনে ১৩টি খুন হয়েছে। যত দিন যাচ্ছে খুন প্রত্যহ দ্রুত বাড়ছে। ১৯৭৫।৭৬ সালের তুলনায় ১৯৭৭।৭৮ সালে অনেক বেশী সংখ্যায় মানুষ খুন হচ্ছে। তুলনামূলকভাবে অপরাধী গ্রেপ্তারের সংখ্যা বাড়েনি এবং ধৃত অপরাধীদের সাজা দেবার কাজও গড়ে কম। কোলকাতা বাদে রাজ্যে ৬৪১ জন খুন হয়েছে এবং এর সঙ্গে কোলকাতার খুন যুক্ত হলে অর্থাৎ এর সঙ্গে একটি বছরের হিসেব দেখতে বলছে। তারপর তাঁরা বলেছেন, এখনও ফসল কাটা বাকী। তখন খুনের সংখ্যা বৃদ্ধি পাবে এবং তখন দেখবেন ১২০০।১৩০০ লোক খুন হয়েছে। এই অবস্থার পরও যদি বলেন আমাদের আইন শৃঙ্খলার অবস্থা ভাল, যাকে তেল দিয়ে ঘুমানোর মত তাহলে আমার বলার কিছু নেই। তবে আপনাদের কুম্ভকর্ণের নিদ্রা যদি ভঙ্গ না হয় তাহলে পশ্চিমবঙ্গ রসাতলে যাবে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকের খবরের কাগজ দেখুন। আমার বাম দিকে যাঁরা বসে রয়েছেন তাঁদের এত সাহস নেই তাঁরা সি. পি. এম-এর বিরুদ্ধে কথা বলেন। কিন্তু আমি দেখছি বিভিন্ন জেলায় তাঁদের কর্মীরা খুন হচ্ছে। তাঁদের কর্মীদের সঙ্গে আমার যোগ রয়েছে, তারা বলছে আমরা নিপীড়িত হচ্ছি এসব কথা আপনারা এ্যাসেম্বলীতে বলেন না কেন? আমি তাঁদের বলছি, আপনাদের এই লেজুর বৃত্তি কিন্তু আপনাদের প্রিয় করছে না—আপনাদের অপ্রিয় করছে। আপনারা যদি এর প্রতিফলন বিধানসভায় করেন তাহলে ভাল হয়। আপনারা তো দেখেছেন সি পি আই আমাদের লেজুর হিসাবে থাকায় তাদের কি অবস্থা হয়েছে। এসব দেখেও যদি না শেখেন তাহলে কি আর বলব। আজকে আনন্দবাজার পত্রিকায় রয়েছে, বাসন্তি, গোসাবা সহ আরও কোন কোন জায়গায় সি পি আই (এম)—এর কর্মীদের সঙ্গে সংঘর্ষে নিহত হয়েছে। কিন্তু আশ্চর্যের বিষয় আপনারা এখানে মেনসন করেন অথচ আপনাদের কর্মীরা যে নিহত হল তারজন্য কোন প্রতিবাদ করেন না। আমি জানি আর এস পি-র বহু কর্মী দক্ষিণ ২৪ পরগনায় নিহত হয়েছে কিন্তু একদিনও তাঁরা এর প্রতিবাদ করেননি। একদিন মাত্র দেবসরণ ঘোষ এখানে বলেছিলেন, কিন্তু তারপর শুনেছি তিনি নাকি

মুখ্যমন্ত্রীর কাছ থেকে প্রচণ্ড ধমক খেয়েছেন। আমি বলছি, আপনাদের সমর্থক কি আমাদের সমর্থক এটা কথা নয়, মানুষ যেখানে খুন হচ্ছে সেখানে আপনারা সোচ্চার হবেন না? মানুষ—মানুষ, সেখানে আর এস পি, সি পি এম নেই। অথচ এরপরও মুখ্যমন্ত্রী বলছেন এখানকার মত আইন শৃঙ্খলা কোথাও নেই। আপনারা যদি এরপরও সোচ্চার না হন-তাহলে বুঝব আপনাদের মুখ সেলাই করা হয়েছে, আপনাদের মুখ খোলার কোন উপায় নেই। তারপর, একটা অত্যন্ত আশ্চর্য বিষয়ের প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করছি। এটা কংগ্রেসের কথা নয়, একজন এন সি সি কম্যাণ্ডার বলেছেন এবং সেটা ২৭ তারিখে স্টেটস্‌ম্যান কাগজে বেরিয়েছে। তিনি বলছেন, N. C. C. Official Seeks Security, Midnapore, November 27—Major J. C. Dosila, Officer Commanding, N. C. C. Tamluk stated in a letter to the Deputy Secretary, Education, to day that his life and Government property were in danger. He alleged that he had been threatened by some members of his civilian clerical staff. Major Dosila was gheraoed for five hours in his office on November 23. He had issued "show cause" notice to 15 employees asking them to explain by November 10 the reasons far their absence between January and September, failing which pepartmental action would be taken. The days of absence varied from 10 to 100.

টেন টু হাণ্ড্রেড। ১০ দিন থেকে ১০০ দিন পর্য্যন্ত এ্যাবসেন্ট আছে। কারণ উনি শো কজ করেছিলেন। হলো কি? ঘেরাও হলেন—But instead of complying, the clerical staff encouraged by the sub-divisional co-ordination committee, began an agitation and struck work from November 8 to 11. আরও হলো কি The co-ordination committee had threatened to intensify the movement in the district and the State, the Major added. এই যদি আইন শৃঙ্খলার পরিস্থিতি হয়, ন্যাশন্যাল ক্যাডেট কোরের মেজর পর্য্যায়ের একজন অফিসার, তাঁর লাইফ এ্যাণ্ড প্রপার্টি—মনে করছেন না তিনি সেখানে সুস্থভাবে থাকতে পারবেন, তাঁর কোন নিরাপত্তা আছে, এই যদি অবস্থা হয় একজন মিলিটারী অফিসারের, তাহলে সাধারণ নাগরিক, বিশেষ করে যাঁরা বিরোধী দলে আছি, আমাদের কোন্ নিরাপত্তা আছে মুখ্যমন্ত্রীর কাছে আমরা তা জিজ্ঞাসা করতে চাই, আপনি এই ব্যাপারে বলুন।

আজকে একজন মেজর, যার হাতে বন্ধুক আছে, রাইফেল আছে, সমস্ত রকম আগ্নেয়াস্ত্র আছে, সেও বলছে যে কো-অর্ডিনেশন কমিটি আমাকে নাজেহাল করছে, আর আপনারা কো-অর্ডিনেশন কমিটির জয়গান করেন। প্রথমে ভুল করে বলে ফেললেন যে কো-অর্ডিনেশন কমিটি একমাত্র সাহায্য করেছিল, আর কেউ করেনি, তারপর অন্যান্য সমস্ত যারা আছে, তারা যখন চেঁচামেচি শুরু করলো তখন বলতে বাধ্য হলেন যে অন্যরাও কিছু কিছু করেছিল। এই যদি আপনাদের গলার স্বর, মনের মনোভাব হয়, এই যদি আপনাদের বিরোধী দলের সদস্যদে প্রতি এবং পশ্চিমবাংলার জনগনের প্রতি দরদ হয়—আপনি সি. পি. এম. দলের মুখ্যমন্ত্রী, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী নন, এটা যদি উঠে পড়ে প্রমাণ করবার জন্য লাগেন তাহলে আমরা আপনাকে কি ভাবে বোঝাবো, সেটা আমরা বুঝতে পারছি না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার সময় বেশী নেই, আমি আর একটা দৃষ্টান্ত আপনার কাছে রাখছি, এই ভদ্রলোক, ডাঃ অনিল বাসু ইনি হচ্ছেন, রাণাঘাট কলেজের অধ্যক্ষ, ডক্টরেট, তিনি সৎ কি অসৎ সেই প্রশ্নে আমি যাচ্ছি না। আমার কাছে এসেছিলেন খুব কাঁদ কাঁদ অবস্থা, অত্যন্ত করুণ অবস্থা বুঝতে পারলাম, তাঁর মানষিক অবস্থা আমি বুঝতে পারলাম—১৯৭৭ সালের সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর মাসে একটা অডিট করা হয়েছিল, তিনি নাকি অত্যন্ত অসৎ, নানারকম ডিফল্‌কেশনের চার্জ আছে তাঁর বিরুদ্ধে, তিনি নাকি ছাত্রপরিষদকে সমর্থন করেন, ইত্যাদি দিয়ে তাঁর বিরুদ্ধে একটা অডিট করা হয়েছিল এবং তৎকালীন এস, ডি, ও, জি, বালগোপাল, তিনি ছিলেন সেই ম্যানেজিং কমিটি বা গভনিং বডির প্রেসিডেন্ট, তিনি এটা অর্ডার করেছিলেন। কি অজ্ঞাত কারণে জানি না, সেই এনকোয়ারি রিপোর্ট কোনদিন প্রকাশিত হয়নি। সেই এনকোয়ারি রিপোর্টে কি আছে তাঁকে জানানো হয়নি। তাঁর বিরুদ্ধে যদি কিছু দোষ থাকে, সে সম্বন্ধে কিছু বলবার জন্য তাঁকে সুযোগ দেওয়া হয়নি। তাঁকে শো কজ করা হয়নি। তারপর মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সেই এস, ডি, ও, কে সরিয়ে দেওয়া হলো। তাঁর সঙ্গে কথা বলে যে ধারণা হয়েছে, তাঁর বিরুদ্ধে রিপোর্টে বেশী কিছু ছিল না। তাই তাঁকে সরিয়ে দিয়ে আর একজন এস, ডি, ও, কে আনা হলো। সেই এস, ডি, ও,-র নাম হচ্ছে মিঃ বিশ্বাস। তারপর মিঃ বিশ্বাস কয়েকদিনের জন্য ছিলেন, তারপর আনা হলো আপনাদের মনোমত লোক সমাদ্দারকে। তিনি আবার নতুন করে এনকোয়ারি শুরু করলেন। সেখানে কিছু আপনাদের সমর্থক শিক্ষক আছেন, তারা সেখানে এ্যাজিটেশন করলেন তাঁকে সরাতে হবে।

[ 5-20—5-30 P.M. ]

এস. ডি. ও.-র কাছে গেলেন। এস. ডি. ও. বললেন এই প্রিন্সিপালকে নিয়ে ল এ্যাণ্ড অর্ডার প্রবলেম হয়ে যাবে। এবার বুঝতে পারছেন কি হচ্ছে? উনি এস. ডি. ও.-র কাছে গেলেন, যেয়ে বললেন, আমি প্রিন্সিপ্যাল অফিসিয়ালি আছি। কার কাছ-থেকে, এডুকেসান ডিপার্টমেন্ট থেকে অর্ডার আসেনি যে আমি প্রিন্সিপ্যাল নই, আপনি বলছেন, ল এ্যাণ্ড অর্ডারের প্রবলেম হবে। তা সত্বেও আমি নিশ্চয় কলেজে যাবো এবং যাবার দরকার আছে। করলেন কি সমাদ্দার সাহেব। ১৩ই নভেম্বর ১৪৪ ধারা জারী করে দিলেন। প্রিন্সিপ্যাল সরানো হচ্ছে ১৪৪ ধারা জারী করে। এই হচ্ছে আপনাদের আইন-শৃঙ্খলার নজীর। শ্রীপ্রশান্ত শূর এইবার হাসছেন। ওনার এতে খুব ভাল লাগছে। কারণ উনি তো নেতাজী-নগর ইনষ্টিটিউসান কলেজে একই পদ্ধতি গ্রহণ করেছেন। কাজেই খুব ভাল লাগবে শুনতে। মুখ্যমন্ত্রী জ্যোতিবাবুর শুনেছি নাকি ক্যারিসমা আছে শ্রীমতী গান্ধীর মতো। তাঁকে অনুরোধ করবো, দয়া করে আপনার ক্যারিসমাকে খর্ব হতে দেবেন না। এইটা যদি পশ্চিমবাংলার মানুষের কাছে প্রমাণিত হয় যে লোকটার দোষ প্রমাণিত হলো না তবুও তার প্রতি এই রকম করা হলো—তাহলে কি হবে? সে যদি দোষী প্রমাণিত হয় তাকে সরিয়ে দিন লাথি-ছেঁটা মেরে, আমার কোন কিছু বলার নেই, কিন্তু ১৪৪ ধারা জারী করে প্রিন্সিপ্যালকে সরাবেন—এটা কোন্ আইন-শৃঙ্খলার নজীর—এটা যদি আমাকে বলে দেন তাহলে আমি অত্যন্ত বাধিত হবো। এই অবস্থার মধ্যে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার মানুষ অন্ধকারের মধ্যে, ভীতির মধ্যে দিনযাপন করছে, রাত্রিযাপন করছে। তাই আপনার মাধ্যমে আমি সভার সকল মাননীয় সদস্যের কাছে বিনীতভাবে অনুরোধ করবো, আজকে আমি যে রেজুলেসান মুভ করেছি সেটা সমর্থন করতে। এর ভাষাকে অত্যন্ত সরলীকৃত করা হয়েছে। আমি প্রথমেই আমার মুখবন্ধে বলেছি এই সরলীকৃত ভাষাতে যে অবস্থার মধ্যে পশ্চিমবাংলার মানুষ আছে তার ঠিক প্রতিফলন হয়নি। আমার বক্তব্যের মধ্যে আমি হয়তো সেটা আপনাদের বোঝাতে পেরেছি। তবুও এই সরলীকৃত ভাষা পড়ে মনে হচ্ছে এটা কিছুই নয়। তাই আশা করি এটা আপনারা গ্রহণ করবেন, এটা আপনারা সমর্থন করবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকের এই বিতর্কে ঠিক অংশ নেবো ভাবিনি। কারণ আজকে যে গুরুত্বপূর্ণ বিলগুলি সামনে ছিল, আমার

ধারণা ছিল সেই বিলের উপর আলোচনা সারাদিন চলে যাবে। যে মোশান মাননীয় সদস্য অতীশ সিংহ এনেছেন, তিনি এটাকে বিরোধী দলের সদস্য হিসাবে এনেছেন, সেই দৃষ্টিকোণ থেকে দেখতে চাই না এবং আমি আমার অপর পক্ষের সরকার পক্ষের মার্কসবাদী কম্যুনিষ্ট, আর. এস. পি. ফরওয়ার্ড ব্লক, আর. সি. পি. আই. বাংলা কংগ্রেস সকল সদস্যকে অনুরোধ করবো এটাকে একটু ভালভাবে বিবেচনা করা দরকার। যে স্বৈরতন্ত্রের বিরুদ্ধে লড়াইয়ের কথা আমরা বলেছি, যে স্বৈরতন্ত্রের বিরুদ্ধে লড়াই করে গণতন্ত্র দেশে পুনঃপ্রতিষ্ঠিত হলো, যে লড়াইয়ের ফলে ভারতবর্ষের মৌল স্বাধীনতা আবার জনসাধারণের সহযোগিতায় এবং আশীর্বাদে পুণঃপ্রতিষ্ঠিত করতে পারলাম, আজকে ঘটনাচক্রে যদি আমরা পরস্পরের আচরণে এবং অতি উৎসাহে ওভারজেলাসনেসের জন্য দলবাজির জন্য যে পক্ষেরই হোক যদি এমন শক্তির উদ্ভব হয়, এমন ফোরসেস রিলিসড হয় যার ফলে আবার সেই গণতান্ত্রিক শক্তির উপর আঘাত এসে পড়বে এবং স্বৈরতান্ত্রিক শক্তি মদত পাবে, উৎসাহ পারে, প্রেরণা পাবে তাহলে কিন্তু সেটা অত্যন্ত দুর্ভাগ্যজনক হবে। সমস্যাটা যেন আমরা সেই দৃষ্টিকোণ থেকে দেখবার চেষ্টা করি। এটা ঠিকই প্রত্যেক দিনের কাগজ দেখলেই দেখা যায় প্রতিদিন কয়েকজন মানুষ খুন হচ্ছে, যে দলেরই হোক—অতীশবাবু বলেছেন একথা সকলেই স্বীকার করবেন। আজকে শুধু একথা বলে লাভ নেই, কারণ অনেক বলবার সুযোগ পাবো, কয়েক বছর বিধানসভা চলবে, আমরা বলতে পারবো, কটুক্তি করতে পারবেন, পাল্টা জবাব পাল্টা চিৎকার হতে পারে।

কিন্তু আমার প্রশ্ন হচ্ছে, এই যে ঘটনাগুলি ঘটছে, এই যে আইনের অবনতি ঘটছে এইসব তুচ্ছ করবার মত ঘটনা নয়। হতে পারে এমন একটা পরিস্থিতি যেখানে মাননীয় মুখ্যমন্ত্রী এবং তার স্বরাষ্ট্র দপ্তর সমস্ত বিষয়ের প্রতি দৃষ্টি রাখতে পারছেন না, প্রকৃত তথ্য এসে পৌছচ্ছে না। আমি মাননীয় মুখ্যমন্ত্রী, মন্ত্রীসভার মাননীয় সদস্যদের, ট্রেজারি বেঞ্চের সকল সদস্যদের এবং আমার বিরোধী পক্ষের শরিকদের মাননীয় সদস্যদের কাছে অনুরোধ করবো যে এই কথায় আমরা মনে প্রাণে একমত হবো, সরকার বিরোধী পক্ষের সমালোচনার কাছ থেকে যে সাহায্য ও সহযোগিতা পেয়ে থাকেন সেই সাহায্য এবং সহযোগিতা চাটুকার এবং স্তাবকদের কাছ থেকে পান না। শুধু সরকার সব ভাল কাজ করে যাচ্ছেন—পার্টি ইজ এ্যাবোব, অল রং, মাই পার্টি রাইট অর রং, মাই গভর্ণমেন্ট রাইট অর রং—আমরা যা করছি ঠিক করছি, এই রকম মানসিকতা যদি পেয়ে বসে তাহলে সর্বনাশের সূচনা হবে। আমি অনুরোধ করবো—আপনারা প্রচুর সংখ্যাগরিষ্ঠতা

নিয়ে আছেন, ম্যাসিভ, মানডেট আপনাদের আছে, গ্রুপ মেজরিটি হয়েছে, ৫ বছর আপনাদের কেউ টলাতে পারবে না। যদি স্বেচ্ছায় ছেড়ে দেন তাহলে আলাদা কথা। আপনারা গণতান্ত্রিক পদ্ধতিতে জনতার রায় নিয়ে এসেছেন, নিশ্চয়ই চালাবেন। কিন্তু পাল্টা চিৎকার করে, কটাক্ষ করে ব্যাঙ্গ করে যদি যুক্তিগুলি উড়িয়ে দেওয়া হয় তাহলে সমস্যার সমাধান হবে না। এখন যে ঘটনাগুলি ঘটছে সেই ঘটনাগুলির প্রতি স্বরাষ্ট্র দপ্তরের দৃষ্টি দেওয়া উচিত এবং মুখ্যমন্ত্রীর বলিষ্ঠ পদক্ষেপ নেওয়া উচিত। কিন্তু দুঃখের সঙ্গে বলছি, মুখ্যমন্ত্রী মহাশয় প্রায়ই বলেন স্পেসিফিক কেস কোথায়? মানুষ মারা যাচ্ছে এটা কি স্পেসিফিক কেস নয়? হত্যা হলো, আহত হলো, খুন হলো—এইগুলি কি স্পেসিফিক কেস নয়? গঞ্জডাঙ্গা গ্রামে ৭ জন মরেছে—এখানে অন্য কোন পলিটিক্যাল মোটিভেসন আছে কিনা জানি না—কিন্তু সেখানে মানুষ মরেছে এবং এই ঘটনা সত্য। সুতরাং এটা স্বীকার করতে অসুবিধা কোথায়? নদীয়া জেলায় মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় ফ্রন্টের মিটিং করতে গেলেন কৃষ্ণনগর সহরে ২৫ তারিখে। তার আগের দিন (২৪ তারিখে) গঞ্জডাঙ্গা গ্রামে, নবদ্বীপ থানার অন্তর্গত যেখানে এক ভয়াবহ ডাকাতি হয়ে গেছে—৬ জন মারা গেল, প্রায় ৭।৮ জন গুলিতে আহত হলো, তাঁদেরকে কৃষ্ণনগর সদর হাসপাতালে ভর্তি করা হলো—এটা কি স্পেসিফিক কেসের ঘটনা নয়? এই ডাকাতির পিছনে কি কারণ আছে, কি মোটিভ আছে তাতে আমি যাচ্ছি না কিন্তু এই ঘটনা ঘটেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একদিনের ঘটনায় ৬ জন গুলিতে মারা গেল এবং এদের মধ্যে একজনের বয়স বেশী ছাড়া বাকি সবাই যুবক,—৬।৭ জন গুলিতে আহত হয়ে হাসপাতালে গেল—একটি জেলায় এই রকম একটি ঘটনা ঘটলো, আর তার পরের দিন মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জেলা সফর করে এসেছেন—আমি আশা করতে পারি সভার সকল সদস্য আশা করতে পারেন যে অন্ততঃ মুখ্যমন্ত্রী মহাশয় বলুন "হ্যাঁ" এই ঘটনা ঘটেছে, মর্মান্তিক ঘটনা, কঠোর ব্যবস্থা নিচ্ছি, ডাকাতদের ধরবার ব্যবস্থা নিয়েছি এবং নির্দেশ দিয়েছি আমাদের কলিং এ্যাটেনসন করতে হবে? এর থেকে ধারণা হচ্ছে মুখ্যমন্ত্রী মহাশয় গুরুত্ব দিচ্ছেন না।

[5-30—5-40 P.M.]

এটা বলতে গেলে অপর পক্ষ মনে করবেন যে আমরা অহেতুক এই কথাগুলো বলে সরকারকে বিব্রত করছি, মোটেই তা নয়, কলকাতা মহানগরীতে দেখলাম তরুণীর মৃতদেহ রক্তাপ্লুত অবস্থায় রাস্তায় পড়ে আছে এটা ভয়াবহ

ঘটনা নয়? কেউ গ্রেপ্তার হচ্ছে না। আসামীদের পাওয়া যাচ্ছে না। অল্প দিনের মধ্যে ঘটনাগুলো ঘটছে। আমি দেখছি ২ দলের মধ্যে গুলী বিনিময় হচ্ছে, সেখানে পুলিশ গুলী চালাচ্ছে—লাঠি চার্জ করছে, যুবকদের ধরে নিয়ে আসছে। সেই সিদ্ধার্থবাবুর আমলে পুরোণো রিপোর্ট—এসব নক্‌শালদের কাজ। তাদের খুঁজে বার করবার চেষ্টা করছি। পুলিশের সঙ্গে তাদের একটা আণ্ডার-স্ট্যাণ্ডিং হয়েছে যে তোমরা বন্দুক এবং অন্যান্য জিনিষগুলো ছিনতাই করে বন্দুকগুলো আমাদের দাও আর অন্য লুঠের জিনিষগুলো তোমরা নাও। মুখ্যমন্ত্রী বলেছিলেন এসব তদন্ত করে দেখবেন। বীরভূমের নক্‌শালরা অভিযোগ করেছেন যে তাদের উপর ভয়াবহ অত্যাচার হচ্ছে। বাঁকুড়া থেকে অভিযোগ আসছে মুখ্যমন্ত্রী ৪ঠা সেখানে গিয়েছিলেন, আমি পরের দিন ৫ই তারিখে গিয়েছিলাম, আমার সঙ্গে শ্রদ্ধেয় হরিপদ ভারতী মহাশয় ছিলেন, সেখানে নক্‌শালদের উপর এবং তাদের পরিবার বর্গের উপর দারুণ অত্যাচার হয়েছে, তাদের খাবারের মধ্যে বালি, সিমেন্ট মিশিয়ে দেওয়া হচ্ছে। মেয়েদের মারধোর করা হচ্ছে নকশাল সন্দেহে। আমি অনুরোধ করছি যে, সমস্ত জিনিষটা বিবেচনা করে দেখবেন। এসবগুলোকে দলের ঘটনা বলে দেখবেন না। মুখ্যমন্ত্রী মহাশয়কে আমি অনেক স্পেসিফিক কেসের কথা বলেছি, মুখ্যমন্ত্রী মহাশয় নিজেও জানেন, তাঁর সঙ্গে প্রতিনিয়তই আমার চিঠির আদান প্রদান চলে—আমি অন্ততঃ তাঁকে শ্রদ্ধা জানিয়ে চিঠি দিয়ে তাঁর দৃষ্টি আকর্ষণের চেষ্টা করি—রাজনৈতিক মত পার্থক্য যতই থাক—Chief Miniter, I am sure you must be terribly shocked to hear this gruesome, horrible murder. এবং আমি জানি এ সম্বন্ধে কি করবেন। I am looking into the matter. আমি দেখছি, তিনি দেখছেন প্রত্যেকের কি হচ্ছে না হচ্ছে। Impact on the administration. এর উপর কিছু হচ্ছে না, পুলিশ মুখ্যমন্ত্রীর দাবড়ানীতেও কিছু করছে না। জানেন স্যার—

আমি একটা telegram পেলাম কুচবিহার থেকে এসেছে। Secretary Coochbehar District Janata Party: Prof. Usha Dutta and other teachers seriously assaulted by C. P. M. and S. F. I. Hospitalised. আর একটা tegleram এটা বাঁকুড়া থেকে এসেছে, আজকে সকালবেলায়, বলছেন "My brother Tarini Nath murdered on 29th instant cutting his paddy in plot number 34/77 under J.L. 144, Kankrasol, P.S. Bankurà. Enquiry solicited. Put the case before the Assembly for justice. Anjan Nath, Bankura. এরকম telegram প্রতিদিন প্রত্যেকের কাছে আসছে।

আগের সরকারের আমলেও আসত, এলে বলতেন যে বাজে কথা। আমি বলছি একটা টেলিফোন এলে কথা বলছি টেলিফোন ট্যাপ হয়ে কেটে গেল, অপারেটর বললেন কথা বলুন, আমি বললাম দেখুন আপনার ওখানেই গণ্ডগোল হচ্ছে, তিনি বললেন দেখছি, টেলিফোনে কথা বলতে পারলাম না, মানুষের কি রকম ভীত হয়ে পড়ছে, এরকম হওয়া উচিত নয়। সবং-এ এস. ডি. ও. এ্যাসালটেড হয়েছে, বি. ডি. ও. আহত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছে। ভদ্রমহিলাসহ একজন তরুণ যুবক—অটোরিক্সা চালকের মাথা আধখানা কামিয়ে দেওয়া হয়েছিল। আমি বলছি এগুলো আপনি চেকআপ করুন। আমি হাউসে বলেছিলাম, উনি বলেছিলেন দেখব কিন্তু দুঃখের সঙ্গে জানাচ্ছি যে প্রতিকার হয়নি। মাননীয় আইনমন্ত্রী উনি ওঁর স্বভাব সুলভ ভঙ্গীতে আমাদের পাশে এসে বসেন। উনিও প্রায় বিশ হাজার মামলা প্রত্যাহার করে নিয়েছেন, যেখানে নারীর সম্ভ্রম লুষ্ঠিত হচ্ছে—সিনেমা হাউস থেকে তরুণীকে নিয়ে চলে গেল, তারা অভিযুক্ত হয়েছে, মামলা চলছে।

সমস্ত জায়গায় এক এক বার এক মামলা প্রত্যাহার করে নেওয়া হচ্ছে এর ফলে বহু অসামাজিক ব্যক্তি ছাড়া পেয়ে যাচ্ছে। তাহলে সমাজে কিভাবে গণতন্ত্র ফিরে আসবে ? আমাদের দেশের এই যে অবস্থা অনেকদিন আগে থেকেই এটা হচ্ছে কিন্তু এখন এটা বেড়ে গেছে। আপনি যদি বলেন যে এর প্রতিকার করবো তাহলে আমরা এটা কাগজে কলমে দেখতে চাই না সত্যিকারের কাজের মধ্য দিয়ে দেখতে চাই। একজন বিখ্যাত দার্শনিক উইলডোর ব্যাঙ্ক তাঁর প্লেজার অফ ফিলোজফিতে একটা মন্তব্য করেছিলেন যেটা সর্বকালের সমস্ত দেশের কাছেই প্রশ্ন। তিনি প্রশ্ন তুলেছেন এইভাবে The last stage is gangman rule. Criminals flourish happily because they are guaranteed the full protection and co-operation of the law. If they belong to the organisation or have friends in it they have every assurance that if they commit a crime they will not be arrested, that if arrested they will not be convicted, that if convicted they will not be sent to jail, that if jailed they will be pardoned, that if not pardoned they will be permitted to escape. If in the practice of their profession they should be killed they will be burried with grandeur and ceremony due a member of the rulling class and memorial tablets will be erected in their honour.

আজকেও ঠিক তাই হচ্ছে। একজন মানুষ অপরাধ করলো তার দলের মধ্যে বা শাসক শ্রেণীর মধ্যে নিজের লোক থাকে এটা যদি সে জানে তাহলে অপরাধ করলেও সে

গ্রেপ্তার হবে না। যদি কোন কারণে পুলিস তাকে গ্রেপ্তার করে সে জানে যে তার জেল হবে না। হাকিম বা আদালত যদি তাকে জেল দেয় তাহলে শাসন যন্ত্রের মধ্যে তার লোক থাকলে সে জানে সরকারী নির্দেশে তার জেল থেকে মুক্তির ব্যবস্থা হবে। সরকারী নির্দেশে যদি তার মুক্তির ব্যবস্থা না হয় এবং প্রশাসনের মধ্যে যদি তার লোক থাকে সে জানে জেল থেকে পালিয়ে যাবার জন্য তাকে সাহায্য করা হবে, তাও যদি না হয় যদি কোন কারণে তার মৃত্যু হয় তাহলে মৃত্যুর পর তাকে শহীদের সম্মান দেওয়া হয় এবং তার জন্য ঐ স্তম্ভ করে ফলকে অনেক কথা লেখা হয়। আমাদের দেশ এখন সে দিকেই যাচ্ছে। মানুষের এই ধারণা আজকে ভেঙ্গে দেবার দরকার আছে। মুখ্যমন্ত্রীকে আমি তাই অনুরোধ করবো আপনি এইসব অরাজকতা ও হিংসার রাজনীতি বন্ধ করুন। এই কথা মনে রাখা দরকার মার্কসবাদ লেলিনবাদ এই কথা বলে না যে মওতা হল দলের হাতিয়ার, বরং মার্কসবাদ লেলিনবাদ হচ্ছে মানুষের সেবার যন্ত্র। তাই বলছি ভিন্ন মতালম্বীদের যেন লিকুইডেড করার চেষ্টা না হয় এবং রাজনৈতিক গণতন্ত্রের সঙ্গে যারা জড়িত তাদের যেন কণ্ঠ রোধ করার চেষ্টা না হয়। বিনয় চৌধুরী মহাশয় বললেন যে তিনি নাকি বিরাট পরিবর্তন করতে যাচ্ছেন। আমি বলছি এই সরকার যত ভাল আইন করুন না কেন দেশের মধ্যে যদি রাজনৈতিক গণতন্ত্র না থাকে, জনতা পার্টি বা বিভিন্ন রাজনৈতিক দল যদি স্বাধীনভাবে মত ব্যক্ত করতে না পারে, এস. ইউ. সি. এম. এল বা অন্য যে কোন রাজনৈতিক দল তারা যদি জনমত না তৈরি করতে পারে, আন্দোলন, সত্যাগ্রহ আইন আন্দোলন না করতে পারে তাহলে বুঝবো রাজনৈতিক গণতন্ত্র শেষ হয়ে যাবে, সমাজতন্ত্র শেষ হয়ে যাবে। সুতরাং সমাজতন্ত্রের মধ্য দিয়ে যদি আমাদের এগোতে হয় তাহলে আমাদের এক বিষয়ে সকলকে এক মত হতে হবে সেটা হচ্ছে আগে আমাদের গণতন্ত্রকে রক্ষা করতে হবে। এই কথা বলেই আমি মুখ্যমন্ত্রীকে বলছি অবস্থা কিন্তু ভয়াবহ হয়ে যাচ্ছে—অরাজকতা, লুঠ ইত্যাদি হিংসার রাজনীতি অবিলম্বে বন্ধ করা দরকার।

[5-40—5-50 P.M.]

**শ্রী আবদুস সাত্তার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কাশীবাবুর বক্তৃতার পর আমার বক্তৃতা আর জমবে না। আমি অভিনন্দন জানাচ্ছি বীরেনবাবুকে তিনি কাশীবাবুর বক্তৃতা বুঝতে পেরেছেন। আমি ক্ষুধিত পাষানের পাগলা মেহের আলির সঙ্গে জ্যোতিবাবুর তুলনা করছি। আমরা যখন ঘটনার কথা বলি তখন তিনি বলেন পাগলা মেহের আলির মত 'সব ঝুটা হ্যায়'। গত ২৩ তারিখে তাঁর সঙ্গে আলোচনা করে বলেছিলাম যে আমার দলের ৩৫ জন লোক খুন হয়েছে, একটা লম্বা লিস্ট দিয়েছিলাম এবং কতকগুলি স্পেসিফিক

কেস দিয়েছিলাম। কিন্তু তিনি কোন সময়ে বলেন নি যে, আপনার দলের লোকেরা আপনাদের আমলে আমাদের দলের ১১ শত লোককে মেরেছে বা আমার গাড়ীতে বোমা ফেলেছে। বহরমপুরের মিটিং-এ তিনি বলেছিলেন সাত্তার সাহেব এবং আরো এম. এল. এ. দেখা করতে এসে কতকগুলি অভিযোগ দিয়ে গেছেন। আমরা ৮ জন লোক গিয়েছিলাম তিনি ভালভাবে আমাদের সঙ্গে কথা বলেছিলেন এবং তিনি বলেছিলেন যে ল এণ্ড অর্ডার যাতে মেনটেণ্ড হয় দেখবো। তাঁর কথায় আমরা খুশি হয়েছিলাম। কিন্তু সেখানে তিনি একটা অসত্য ভাষণ দিয়ে এলেন যেটা আমরা যুগান্তরে পড়েছি যেটা ঠিক কি না জানিনা। ল এণ্ড অর্ডার দেশে নেই। এখানে যখন যুক্তফ্রন্ট ছিলো তখন তাঁর মুখ্যমন্ত্রী ছিলেন অজয় মুখার্জি এবং তিনি ছিলেন উপ মুখ্যমন্ত্রী—পুলিস মন্ত্রী।

তিনি তখন তাঁর পাল্লায় পড়ে এমন একটা অবস্থার সৃষ্টি করেছিলেন যে অজয় মুখার্জীকে বলতে হয়েছিল অসভ্য সরকার, জঙ্গলের রাজত্ব। সেই অসভ্য সরকার আবার ফিরে এসেছে। আমি তাঁর কাছে গিয়েছিলাম, তাঁর সঙ্গে দেখা করেছি রাইটার্স বিল্ডিংসে। আমার সঙ্গে আমাদের এম. এল. এ. হবিবুর রহমান সাহেব ছিলেন, তাঁকে বলেছিলাম যে আয়নুল হক বলে একটা ছেলেকে রঘুনাথগঞ্জের ও. সি. একটা মিথ্যা কেসে জড়িয়ে ধরে নিয়ে গিয়েছিল। যেদিন ঘটনা হয় সেদিন তিনি রিলিফের ঘটনায় জড়িত ছিলেন। তিনি পঞ্চায়েত সমিতির মেম্বার, একটা স্কুলের শিক্ষক, তাঁকে রঘুনাথগঞ্জের ও. সি. ধরে নিয়ে গিয়ে যেভাবে মেরেছিলেন তাতে তাঁর সমস্ত গায়ে দাগ পড়ে গিয়েছিল। তিনি রিলিজড হওয়ার ৬০ দিন পরে মুখ্যমন্ত্রীর কাছে তাঁকে ধরে নিয়ে এসেছিলাম এবং সমস্ত জামা খুলে গায়ের দাগ দেখিয়েছিলাম। ৭০ দিন আগে মার খেয়েছে, তখনও তার গায়ে দাগ ছিল। তিনি আমাদের আশ্বাস দিয়েছিলেন যে এর প্রতিকার হবে। আমি মুখ্যমন্ত্রীকে বলেছিলাম আপনি হাসপাতালে দেখুন, ডাক্তারের সার্টিফিকেট পাবেন, সবকিছু পাবেন। মুখ্যমন্ত্রী আমাদের যে আশ্বাস দিয়েছিলেন সে সম্বন্ধে পরে সেখানকার এস. পি. অফিসারদের কাছে খোঁজ নিয়ে জানলাম যে সে সম্বন্ধে মুখ্যমন্ত্রীর কোন রকম নির্দেশ তাঁদের কাছে যায়নি। তাকে অত্যন্ত নৃশংসভাবে মারা হয়েছিল। এইভাবে ল এণ্ড অর্ডার রক্ষা হচ্ছে। তিনি বলছেন আমার কাছে স্পেসিফিক কেস দিচ্ছেন না কেন? যে সমস্ত স্পেসিফিক কেস দিয়েছি উনি বলছেন সেগুলি এনকোয়ারী করতে পাঠিয়ে দিয়েছি। তারপরে কি হল সেটা ফলো আপ কিছু হচ্ছে না। এছাড়া আজকেও একটা ঘটনার প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করেছিলাম। ভগবান

গোলার রেজাবুল হক, তিনি সকালবেলায় চা খেতে যাচ্ছেন, তাঁকে খুন করা হল। তিনি একজন হেডমাষ্টার, আমাদের জেলা কংগ্রেসের ভাইস প্রেসিডেন্ট, তাঁকে হত্যা করা হল। কিছুদিন পরে তাঁর যে প্রধান সাক্ষী তাঁকেও সি. পি. এম-র লোকেরা আবার হত্যা করলো। গত ২৩-১১-৭৮ তারিখে আবার সেই স্মারকলিপি মুখ্যমন্ত্রীকে দিয়েছিলাম। ২৮-১১-৭৮ তারিখে তাঁদের দলের আরো দু'জনকে, তার নাম হচ্ছে নিয়ামত এবং তার স্ত্রীর বুকে চাকু বসিয়ে মারসিলেস্‌লি মারা হয়েছে এবং তার ছেলে এবং যুবতী মেয়ের উপর অত্যাচার করা হয়েছে। গত ২৮ তারিখে রেজাবুলের ভাইপো বাবলু, যার নাম লুতফর হক, তাকে সি. পি. এম.-র গুণ্ডারা শেষ করে দেওয়ার চেষ্টা করেছে। এছাড়াও আছে মেদিনীপুরের গণ-আদালত। আমি আগেও বলেছি, এখনও বলছি এখানে প্রায় ১৬টি কেস আছে। দাঁতন থানায় সমস্ত গণ-আদালতের লোকেরা বাদী বিবাদী বলে নোটিশ করেছে, সেখানে জরিমানা করা হয়েছে, জুতা মারা হয়েছে, নাকখৎ দেওয়া হয়েছে। যারা টাকা দিতে পারেনি তাদের বাড়ী-ঘর লুণ্ঠন করা হয়েছে। আমি পরে এই লিষ্ট মাননীয় স্পীকার মহাশয়ের কাছে দেব যাতে মুখ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে দেওয়া হয়। তিনি এই সমস্ত এনকোয়ারী করে দেখুন। আমি জানি সি. পি. এম. একদিকে জি. আর. এর গম চুরি করে বড়লোক হচ্ছে, টাকা-পয়সা চুরি করছে আপত্তি নেই ......

ল এ্যাণ্ড অর্ডার আছে, সব ঠিক হ্যায় আর আমরা যা বলছি সব ঝুটা হ্যায় এই আওয়াজ ওরা একদিকে তুলছেন আর অন্যদিকে মেদিনীপুর, হুগলী, বীরভূম প্রত্যেকটি জেলায় ধান কাটার ব্যাপারে কি অবস্থা হচ্ছে সেটা সকলেই জানেন। এর আগেই সুনীতিবাবু বলেছেন ফরমার এম. এল. এ. বলছে unauthorised people lead by C.P.I.(M) preventing from hervesting crop. Life insecured. Immediate steps solicited. Rabin Bera, Ex-M.L.A. এছাড়াও আরো ঘটনা আছে যেখানে দেখা যাবে জমির ধান জোর করে কেটে নেওয়া হচ্ছে। হাইকোর্টের রুল আছে, ইনটারিম অর্ডার আছে কিন্তু তা সত্বেও ধান কেটে নেওয়া হচ্ছে। আমরা জানি, আজকে যারা গণতন্ত্রের কথা বলছেন তাদের গণতন্ত্রের প্রতি বিশ্বাস নেই। গণতন্ত্রের হত্যাকারী যারা, লুণ্ঠনকারী যারা তারাই গণতন্ত্রের কথা বলছেন। আজকে অন্যের জমি থেকে জোর করে যেখানে ফসল কেটে নেওয়া যায় সেই গণতন্ত্রে ওরা বিশ্বাসী, মানুষকে খুন করার অধিকার যদি থাকে তাহলে সে গণতন্ত্রে ওরা বিশ্বাসী। স্যার, ক্ষুদ্র চাষী, প্রান্তিক চাষী ধান বুনেছে আর সেই ফসল ওরা জোর করে কেটে নিচ্ছে। আজকে ওরা যদি খুন হন তাহলে দেখা যাবে পুলিশ

সেখানে এ্যালার্ট, গ্রামকে গ্রাম সেখানে এ্যারেষ্ট করা হচ্ছে অথচ সেখানে যদি অন্য মানুষ খুন হয় এবং সি. পি. এম.-এর লোক যদি আসামী হয় তাহলে সেখানে এ্যারেষ্ট করা হচ্ছে না। কোথায় আছে ল এ্যাণ্ড অর্ডার ? আজকে আপনারা জঙ্গলের মন্ত্রী হয়েছেন এবং হয়ে এইসব কাজ করছেন। স্যার, যেখানে সি. পি. এম.-এর লোক আসামী সেখানে পুলিশ কোন এ্যাকসান নিচ্ছে না। আমরা এ বিষয়ে বারবার মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি কিন্তু তিনি কোন ষ্টেপ নেননি। স্যার, ওরা ল এ্যাণ্ড অর্ডার বলতে যা বলছেন বা তার যে ডেফিনেসান দিচ্ছেন তাতে সি. পি. এম. যদি খুন করে, লুঠ করে তাহলে সেখানে গণতন্ত্র আছে—সি. পি. এম. যা কছু করুক না কেন তা আইনসিদ্ধ। স্যার, মুখ্যমন্ত্রী জ্যোতিবাবুর একই কথা যে আমরা যা বলি সবই ঝুটা হ্যায়। এই কথা বলে মাননীয় সদস্য অতীশবাবু যে প্রস্তাব নিয়ে এসেছেন তা সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**ডাঃ মোতাহার হোসেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলায় সি. পি. এম. যে জঙ্গলের রাজত্ব কায়েম করার প্রয়াস চালাচ্ছে তার প্রতিবাদে মাননীয় সদস্য শ্রীঅতীশচন্দ্র সিনহা মহাশয় যে মোশান নিয়ে এসেছেন তাকে আমি সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, আপনার এডিটেড ভারসানে যে ঘটনার কথা উল্লেখ করা হয়েছে সেই গ্রাম—লক্ষীডাঙ্গা—মালপাড়া গ্রাম—আমার কনষ্টিটিউয়েন্সী মুরারই নির্বাচন কেন্দ্রের ভেতরে। স্যার, এই ঘটনার কথা আমি আপনাদের কাছে বলব। একটা ভাত টিপে দেখলে যেমন বোঝা যায় হাড়ির ভেতরে কি অবস্থা তেমনি ঐ ঘটনা থেকেই বুঝতে পারবেন গোটা পশ্চিমবাংলার কি অবস্থা। স্যার, ঐ ঘটনা সাই বাড়ার ঘটনাকেও হার মানিয়ে দিয়েছে। ঘটনাটি হচ্ছে, গত ২৮-১০-৭৮ তারিখে সকালবেলায় হঠাৎ শোনা গেল ইউনুস শেখ বলে একজন কংগ্রেস সমর্থকের বাড়ী আক্রমণ করা হবে। কিছুক্ষণ পরে ৩০০/৩৫০ সি. পি. এম. সমর্থক হৈ হৈ করে ছুটলো সেই কংগ্রেস সমর্থকের বাড়ীর দিকে। ভয়ে মেয়েরা বাড়ী ছেড়ে পালিয়ে গেল। কংগ্রেস সমর্থকরা দু মাইল দূরে একটি পুলিশ ফাঁড়ি আছে সেখানে গিয়ে খবর দিল। পুলিশ ফাঁড়ি থেকে একজন এ. এস. আই. একটি রিভলভার নিয়ে এবং দুজন কনষ্টেবল দুটি রাইফেল নিয়ে সেখানে উপস্থিত হল। তারপরের ঘটনা মাননীয় অধ্যক্ষ মহাশয়, যা ঘটেছে তা সবই পুলিশের সামনে ঘটেছে। সেখানে ৩০০/৩৫০ সি. পি. এম. সমর্থক ইউনুস শেখের বাড়া ঘেরাও করলো এবং ইট পাটকেল ছুঁড়তে আরম্ভ করলো। মেয়েরা আগেই চলে গিয়েছে, পুরুষরা বাড়ীর মধ্যে ঢুকে দরজা

বন্ধ করে দিল। সি. পি. এম. সমর্থকরা তখন ভাঙ্গচুর আরম্ভ করলো। তারা পূর্ব দিকের একটি বিশাল পাঁচিল ভেঙ্গে বাড়ীর মধ্যে ঢুকে পড়লো। তখন প্রাণ ভয়ে বাড়ীর লোকেরা একটি ঘরের ভেতরে ঢুকে পড়লো। সি. পি. এম. সমর্থকরা তখন লুঠপাট, ভাঙ্গচুর আরম্ভ করলো। দোতলা মাটির ঘর যেটাকে কোঠা বলে সেখানে উঠে গিয়ে সেই কোঠার তিন জায়গায় ফুটো করলো। সেই ফুটো দিয়ে কেরোসিন দিয়ে আগুন লাগিয়ে দিয়ে ঘরের মধ্যে ফেলে দিল সেই ঘরে যেখানে ঐ লোকগুলি আশ্রয় নিয়েছিল। প্রাণ ভয়ে যখন ঐ লোকগুলি ঘর থেকে বেরুতে আরম্ভ করল তখন সি. পি. এম. এর সমর্থকরা যারা বাহিরে ছিল মারাত্মক অস্ত্র শস্ত্র নিয়ে টাঙ্গি ছোড়া বল্লম দিয়ে আঘাত করতে আরম্ভ করল। পরপর ১০ জনকে তারা আঘাত করতে আরম্ভ করল। জাফর শেখ বলে এক যুবককে জ্যান্ত পুড়িয়ে মারা হল সেই ঘরে। আর ১০ জনকে হাসপাতালে ভর্ত্তি করা হল। পরে মোয়াজ্জেম শেখ বলে একজন হাসপাতালে মারা গেল, আর সব মারাত্মক ভাবে জখম হয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, এই ঘটনার পর ওখানে বিক্ষোভ মিছিল বেড়িয়েছিল—সাধারণ মানুষ বেড়িয়ে এসে ধিক্কার জানিয়েছে—ঘটনাকে কেন্দ্র করে মুরারই বন্ধ হয়েছে। তারপর এই ঘটনাকে কেন্দ্র করে আমাদের সভানেত্রী ও আমি মহাকরণে মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করি এবং তাঁকে ঘটনার কথা বলি এবং এটা বিচার বিভাগীয় তদন্তের জন্য দাবী করি। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় ধৈর্য্য সহকারে আমাদের কথাগুলি শুনেন এবং প্রশ্ন করেন বিচার বিভাগীয় তদন্ত কেন করতে হবে। আমি বললাম বিচার বিভাগীয় তদন্ত আমরা চাইছি তার কয়েকটি সংগত কারণ আছে। এটা দুই দলের মধ্যে কোন সংঘর্ষ নয়, মারামারি নয় কারণ দুই দলের মধ্যে যদি সংঘর্ষ হত মারামারি হত তাহলে কমবেশী দুই দলের লোক হতাহত হত। কিন্তু সি. পি. এম. বেপোরোয়া ভাবে আক্রমণ করেছে, লুঠতরাজ, খুন জখম দাঙ্গা হাঙ্গামা করেছে। এতে অপর পক্ষের লোক কেউ হতাহত হয় নি। সেখানে যে ঘটনা ঘটেছে পুলিসের সামনে সুতরাং যথারীতি যদি পুলিশকে দিয়ে এনকোয়ারী হয়, পুলিশকে বাঁচাতে গিয়ে সত্য ঘটনা বেরুবে না, তাই আমি বিচার বিভাগীয় তদন্তের দাবী করছি। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে বললাম যে যেখানে প্যানিক সৃষ্টি হয়েছে, সাধারণ মানুষ নিরাপত্তার অভাববোধ করছে, মানুষ শেকী হয়ে পড়েছে, সরকারের প্রতি আস্থা তারা রাখতে পারছে না। সুতরাং বিচার বিভাগীয় তদন্ত করলে সাধারণ মানুষ মনে করবে যে সরকার চেষ্টা করছে আইন শৃঙ্খলা রাখার জন্য। সেই জন্য আমি বিচার বিভাগীয় তদন্তর দাবী করছি। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে

বলেছিলাম যে এই ঘটনাটা আমার কেন্দ্রের একটি বিচ্ছিন্ন ঘটনা নয় এবং এর আগে কাশিমনগর গ্রামের আকবর শেখকে সি. পি. এম.-এর কর্মীরা খুন করেছে। এবং এর আগে জাজিগ্রামে খুন হয়েছে। তারপর কাঠিয়া গ্রামে তুলসী চাটার্জী বলে এক ভদ্রলোকের বাড়ী ঘেরাও করে তাকে গৃহবন্দী করে রেখে তিন চার দিন ঝি চাকরকে পর্যন্ত তার বাড়ীতে ঢুকতে দেওয়া হয়নি এবং বাড়ীর পাশে টিউবওয়েল থেকে জল পর্যন্ত আনতে দেওয়া হয় নি। তিনি তিন চার দিন জল পর্যন্ত খেতে পান নি। তারপর তাকে থানায় ডেকে সি. পি. এম.-এর সমর্থক কর্মীরা গণআদালত বসিয়ে যার কথা মাননীয় সদস্যরা এর আগে বলেছেন—তাকে বলে যে তোমাকে ৩২০ টাকা মুক্তিপণ দিতে হবে। তারপরে স্যার, চাচোলি গ্রামে শুধু আমাদের এলাকার ঘটনা বলছি—একটা এলাকায় যদি এই রকম ঘটনা ঘটতে পারে তাহলে আইন শৃঙ্খলা আর কি থাকতে পারে—চাচোলী গ্রামে জিতেন মণ্ডলের বাড়ী ঘেরাও করে তাকে হুমকি দেওয়া হয়। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে বললাম যে এটা একটা বিচ্ছিন্ন ঘটনা নয়, এর পিছনে যে নেপথ্যের নায়ক সি. পি. এম.-এর নেতার স্থানীয় নেতা দুর্গা ঘোষ, বজলে আহমদ তাদের খুঁজে বের করতে হলে বিচার বিভাগীয় তদন্ত করা দরকার, পুলিশী তদন্তে হবে না। মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন ঠিক আছে আমি রিপোর্ট পাইনি, রিপোর্ট পেলে আপনাদের সঙ্গে আলোচনা করব এবং দেখব যে বিচার বিভাগীয় তদন্ত হবে কিনা। স্যার, বড়ই দুঃখের বিষয় ১ মাস হতে চলল মুখ্যমন্ত্রী মহাশয় আমাদের সঙ্গে কোন আলোচনা করেন নি, এবং আমাদের চিঠি দিয়ে জানান নি যে ঘটনাটা কি হল এবং তদন্ত হচ্ছে কিনা। তারপরে আমি আমার এলাকায় গিয়েছিলেম এবং আশ্চর্যের ব্যাপার সেখানে শুনলাম সেখানে দুর্গা ঘোষ এবং বজলে আহমদ যারা বিচার বিভাগীয় তদন্তের কথা শুনে আতঙ্কিত হয়েছিল তারা লোককে বুঝাতে আরম্ভ করল যে আমরা সব মেনেজ করে ফেলেছি এবং বলেছি যে ৭/৮ বছরের পুরানো ঝগড়াকে কেন্দ্র করে এইসব হয়েছে—এই রিপোর্ট গেল, এখন আর কোন চিন্তা নাই। স্যার, আমি জানি না এটা সত্য কিনা এবং উপর থেকে এই ব্যাপারে কোন ইঙ্গিত দেওয়া হয়েছে কিনা—আমি ওখানে গিয়ে এই সংবাদ শুনলাম। স্যার, আপনি জানেন শুধু মুরারই নয় গোটা পঃ বাংলায় একই অবস্থা। চোর ডাকাত খুনী তাদেরকে ছেড়ে দেওয়া হয়েছে, দিনের পর দিন তারা বেপরোয়াভাবে তাদের সেই কাজ তারা চালিয়ে যাচ্ছে।

[6-00—6-10 P.M.]

দিনের পর দিন তারা বেপরোয়াভাবে তাদের কাজকর্ম অবাধে চালিয়ে যাচ্ছে। পুলিস সি. পি. এম. কর্মী, সি. পি. এমের সমর্থক এবং সি. পি. এমের আশ্রয় পুষ্টদের বিরুদ্ধে ডায়েরী নিচ্ছে না, ডায়েরী নিলেও তাদের এ্যারেষ্ট করছেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাইছি, তিনি অসহায় কিনা জানি না, যদি কোন বিবেকবান কর্ত্তব্যপরায়ণ পুলিশ অফিসার সত্য রিপোর্ট দিচ্ছেন তাহলে সেটা ডি. আই. জি., আই. জি., হোম সেক্রেটারী হয়ে মুখ্যমন্ত্রীর কাছে যাচ্ছে এবং সেখান থেকে ফাঁস হয়ে যাচ্ছে এবং সেই লোকের কাছে চলে যাচ্ছে যে ওমুক অফিসার তোমার বিরুদ্ধে অভিযোগ করেছেন। আমাদের প্রদেশ দপ্তরে প্রায়ই এই রকম খবর আসছে। কোন বিবেকবান পুলিশ অফিসার সরাসরি ব্যবস্থা নিতে পারছেন না। পুলিশ অফিসার আমাদের কর্মীদের বলছেন, আমরা আর আপনাদের রক্ষা করতে পারবো না, একমাত্র ভগবানই ভরসা। এই কথা সত্য কিনা মুখ্যমন্ত্রী বলবেন। এইসব খুনীরা যখন জজকোর্ট এ্যানটিসিপেটরি বেল মুভ করছে তখন সি. পি. এম. মন্ত্রীর অধীন পি. পি. সেই বেল পিটিসান অপোজ করছে না। যার ফলে জজ বলছেন যখন অপোজ করছে না, তখন তো ছাড়তে হবে। খুন, ডাকাতি, জখম করছে, আবার ছাড়াও পেয়ে যাচ্ছে —এই তো অবস্থা হয়েছে। মুখ্যমন্ত্রী যেন আইনের শাসন প্রবর্তন করেন। মাননীয় শ্রীঅতীশ সিংহ যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅশোককুমার বসুঃ** মিঃ ডেপুটি স্পীকার স্যার, অতীশবাবু যে মূল ঘটনাকে কেন্দ্র করে প্রস্তাবটি রেখেছেন, সেই মূল ঘটনাটি সুকৌশলে এড়িয়ে গেলেন। কিন্তু আমি আশ্বাস দিতে পারি যে আমরা সেই ঘটনাকে এড়িয়ে যাবো না। আর সাত্তার সাহেব সেই ঘটনার যেভাবে বর্ণনা দিলেন সেটা আষাড়ে কাহিনী, প্রকৃত ঘটনা অন্য। আমি নিশ্চিতভাবে বলতে চাই ঘটনাটি দুর্ভাগ্যজনক এবং এও বলতে চাই এই দুর্ভাগ্য অতীশবাবু অনুতাপ প্রকাশ করবেন। কারণ তিনি জানেন বীরভূমের মুরারইয়ে তাঁর দল কংগ্রেস এবং এস. ইউ. সির সঙ্গে যে লড়াই চলছে, সেই লড়াইয়ের পরিণতি হলো এই দুর্ভাগ্যজনক ঘটনা। আমরা তখন ক্ষমতার আসনে ছিলাম না। ১৯৭৩ সাল থেকে সুরু করে ১৯৭৭ সালের মে মাস পর্যন্ত ২০টি মামলা এই মুরারই থানা অঞ্চলে দায়ের করা হয়েছে এবং এই ২০টি মামলায় ৭৮ জন কোন না কোনটায় সময় থেকে সমায়ন্তরে জড়িত ছিলেন—এটা কি অস্বীকার করতে পারেন? অবশ্য পার্থক্য আছে। সেটা হচ্ছে ওই ২০টি মামলার কেউ যদি নথিপত্র দেখেন তাহলে দেখবেন কখনও তারা ফরিয়াদী কখনও আসামী হিসাবে আছেন। তারা কখনও হয়েছেন কমপ্লেন্যান্টে, কখনও বা এ্যাকুউসড। আমি একথা বলতে চাই, ১৯৭৩ সাল থেকে ১৯৭৭ সালের মে মাস

পর্যন্ত আমরা যখন ক্ষমতায় আসি নি তখনও পর্যন্ত এই দুই দলের লড়াই ছিল। ২৮শে অক্টোবরের ঘটনার সঙ্গে জড়িত সেখানে ৫ জন নিহত হয়েছেন এবং ২৫ জন-এর বেশি লোক আহত হয়েছেন।

১৯৭৩ সালে বিভিন্ন মামলায় শুধু যে তারা যুক্ত ছিল তা নয়, ১৯৭৭ সাল পর্যন্ত যে সব এফ. আই. আর. হয়েছে সেই এফ. আই. আর. এও তাদের প্রত্যেকের নাম ছিল আসামী হিসাবে একথা কি তাঁরা অস্বীকার করতে পারেন? জুতোর কাঁটা কোথায় ফোটে? সেটা হোল এই অতীশবাবুর সেদিন গোসা হয়েছিল সম্ভবতঃ অতীশবাবু সেটা গোপন করলেন। আসল ব্যাপার হোল যে আসামীরা আজকে ধরা পড়েছে পুলিশ গ্রেপ্তার করতে সমর্থ হয়েছে এবং সেই ধরা পড়লো কখন? ধরা পড়লো প্রপার্টি এ্যাটাচ করার পর—এই অতীশবাবুর গাত্র দাহের কারণ এই জন্যই হোল ঘটনার সাথে রটনার পার্থক্য। কিন্তু অতীশবাবু তো এস. ইউ. সি. সম্পর্কে কোন অভিযোগ করলেন না। কারণ মুবারই থানা অঞ্চলে যে ঘটনা ঘটুক না কেন এই পশ্চিমবাংলার বিধানসভায় এস ইউ. সি.-র সঙ্গে তাদের হরিহর আত্মা। আইন শৃঙ্খলা সম্পর্কে অতীশবাবু অনেক কথা বলেছেন আমি জানি না এ কথা এখানে বলা যায় কিনা এবং আমি একথা ব্যবহার করতে চাই না এই ভাষা গ্রাহ্য হবে কিনা তাহলে তাদের লেজ উল্টে দেখার কথা বলতাম। অতীশবাবু একটু পিছনের দিকে ফিরে তাকান। গত ২৭শে তারিখে আপনাদের পুষ্ট যুগান্তর পত্রিকায় কি লিখেছে দেখুন। লিখেছে "কংগ্রেসী আমলে আইনের শাসন তো দূরের কথা এমন সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি করেছিলেন যে সাধারণ মানুষের কোনও দুষ্কর্মের প্রতিবাদ করারও সাহস ছিল না।" আশ্চর্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হোল ওদের স্বভাব ওরা মিছিল করবে, মহাকরণের উপর ইট পাটকেল ছুঁড়বে, সোডার বোতল ছুঁড়বে, কাঁচের শারসি ভাঙ্গবে আর ফিরে এসে বলবে আইন শৃঙ্খলা গেল গেল বলে রব তুলবে। আমরা জানি কয়লার ময়লা ধুলে যায় না। কাশীবাবু অনেক কথা বলে গেলেন ওঁদের সমর্থন করে গেলেন আইন শৃঙ্খলার অনেক অবমাননার উদহরণ দিলেন। কিন্তু এইসব বলে লাভ নেই—সেই ভাঙা পুরানো রেকর্ড আপনারা বাজিয়েই চলেছেন। আমরা ভেবেছিলাম যে অন্তত চিকমাগালুরের নির্বাচনে ইন্দিরা গান্ধীর জয় লাভর পর তারা একটু শিক্ষা লাভ করবে এবং বিগত সমস্তিপুরের নির্বাচনের ঐ ভোটের ব্যবধান ঘটার পর হয়তো একটু সতর্ক হবেন। কিন্তু কাকস্য পরিবেদনা। কোথায়ও সে সব কিছু দেখছি না। আমরা দেখতে পাচ্ছি এই বিধানসভায় বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হয়ে বিরোধিতা করতে তাঁরা পঞ্চমুখ। এ যেন রসুনের কোয়া। রসুনের গায়ে প্রতি খোসা আলাদা আলাদা কিন্তু ছাড়াতে ছাড়াতে মুখের কাছে গিয়ে দেখুন সব মিলে একাকার। জনতা

কংগ্রেস (ই) কংগ্রেস সব একসঙ্গে মিলেমিশে গিয়েছে এই বিধানসভায় এই শয্যায় তারা শয্যাসঙ্গী হয়েছেন। একটি স্বার্থের গাঁটছড়ায় ঐক্যবদ্ধ তা হোল বামফ্রন্ট বিরোধিতা।

[ 6-10—6-20 P.M. ]

ওরা যে কথা বলছেন তার উত্তরে বেশী কিছু বলার প্রয়োজন নেই। আজকে জনতা দল আইন শৃঙ্খলার প্রশ্ন তুলেছেন। তারা তো জানেন আইন শৃঙ্খলা পরিস্থিতি কোথায় গিয়ে পৌঁছেছে। শুধু তাদের নয়, সারা ভারতবর্ষের শ্রদ্ধেয় নেতা শ্রীজয়প্রকাশ নারায়ণ তিনি বক্তৃতা করতে গিয়েছিলেন, সেই বক্তৃতা পর্যন্ত সুষ্ঠভাবে করতে পারেন নি, বাধা দেওয়া হয়েছে। বাবু জগজীবন রামের মাথা ফেটে যায়, চন্দ্রশেখরকে বক্তৃতা করতে গিয়ে ফিরে আসতে হয়, আর এই পশ্চিমবাংলায় সেদিনও শ্রীমতী ইন্দিরা গান্ধী বক্তৃতা করে গেছেন। কোথাও কোন আইন শৃঙ্খলার প্রশ্ন উঠেনি। এখানে বিরোধী দলই শুধু আইন শৃঙ্খলার প্রশ্ন তুলছেন। শুধু তাই নয়, আইন শৃঙ্খলার অবনতি কিভাবে ঘটেছে তার ভুরি ভুরি নজীর দিতে পারি—আমি দেব না। আমি একটি মাত্র দিচ্ছি। আনন্দ বাজার পত্রিকায় একটি সংবাদ বেরিয়েছে ( ভয়েস ঃ জয়নাল আবেদিন ঃ কবে কার ? ) এটা হচ্ছে ২৫শে সেপ্টেম্বর ১৯৭৬ সাল—সেখানে বলা হচ্ছে প্রতি ১২ ঘণ্টায় একটি খুন—এ হচ্ছে লক্ষ্ণৌ অঞ্চলে—অপরাধের কেস হিসাবে এইবারে লক্ষ্ণৌ উত্তর প্রদেশের সব জেলাকে টেক্কা দিয়েছে। ( ভয়েস ঃ শ্রীবীরেন্দ্র কুমার মৈত্র— আপনাদের এখনকার হিসাবটা একটু বলুন ) উনি যে কথা বললেন সেই কথায় আসছি। দিল্লীতে এই সেদিন প্রকাশ্য দিবালোকে ২ জন শিশুকে নির্মমভাবে হত্যা করা হয়েছে, একথা আপনাদের সকলেরই জানা আছে। এটা টাইমস অব ইণ্ডিয়া, ষ্টেটসম্যান সমস্ত কাগজেই বেরিয়েছে। তারপর দিল্লীতে গত এক মাস যাবৎ সন্ধ্যা ৬টার পর কোন লোকজন রাস্তায় বেরোতে পারে না—এই তো হচ্ছে ঘটনা। এই সেদিন দিল্লীতে কি ঘটনা ঘটেছে সেই কথা আপনারা জানেন না ? এই সেদিনও দিল্লীতে জঘন্য সাম্প্রদায়িক ঘটনা ঘটেছে। তারই পরিপ্রেক্ষিতে দুজন কেন্দ্রীয় মন্ত্রী পদত্যাগ করলেন, তারা অবশ্য পরে ফিরে এসেছেন। আপনারা জানেন না আলিগড় বিশ্ববিদ্যালয়ে কোন্ দুঃখজনক ঘটনা ঘটেছে ? কাজেই আইন শৃঙ্খলা সেখানে কোথায় গিয়ে পৌঁছেছে সেই ব্যাপারে আপনাদের লজ্জা পাওয়া উচিত। ( ভয়েস ঃ শ্রীবীরেন্দ্রনাথ মৈত্র ঃ আলিগড়ে তবু প্রধানমন্ত্রী গিয়েছিলেন, এখানে মুখ্যমন্ত্রী গিয়েছিলেন ? ) পশ্চিমবঙ্গ হল এমনই একটা রাজ্য যেখানে কোন সাম্প্রদায়িক

দাঙ্গা হাঙ্গামা নেই—এটা নিয়ে আজকে আমরা গর্ব করতে পারি। প্রধানমন্ত্রী আলিগড় গিয়েছিলেন, এই কথা ঠিক। কিন্তু সংবাদটা আপনি একটু পড়ে দেখুন। আপনারা জানেন বিহারে ট্রেনে, বাসে অগ্নি সংযোগ চলেছে, সেখানে সরকারী সম্পত্তির ক্ষতি সাধন করা হয়েছে এবং ১০ জনেরও বেশী নিহত হয়েছে, অন্ধ্রে ৫০ জনেরও বেশী নিহত হয়েছে, উত্তরপ্রদেশে অনেক মানুষ নিহত হয়েছে। আইন শৃঙ্খলার প্রশ্নে আমি বলতে পারি এই সেদিনও তিনি আপনাদের স্বরাষ্ট্র মন্ত্রী ছিলেন, শ্রীচরণ সিং তিনি পশ্চিমবাংলায় এসে বলে গেছেন যে পশ্চিমবাংলায় আইন শৃঙ্খলার অবস্থা অনেক ভাল—জানি এটা বললে তো আবার আপনাদের গোঁসা হবে, চরণ সিং এখন আপনাদের মধ্যে মন্ত্রী হিসাবে নেই, তার কথা না হয় ছেড়েই দিলাম। আর একটি সংবাদ বেরিয়েছে—সেদিন জেনারেল ম্যানেকশ এসেছিলেন পশ্চিমবঙ্গে। তিনি বলে গেছেন ভারতবর্ষের যতগুলি রাজ্য ঘুরেছেন তার মধ্যে পশ্চিমবাংলার আইন শৃঙ্খলার প্রশ্ন সব চেয়ে ভাল। কাশীবাবু একজন ভাল বক্তা। তিনি খুব সুন্দর বলেন। তিনি একজন বিজ্ঞ লোক। তিনি শেষকালে একজনের বাণী পড়ে শোনালেন ইংরাজীতে। তার সমস্ত মর্মার্থ না বোঝা গেলও এটা বোঝা যায় যে, প্রশাসনযন্ত্রকে আমরা নাকি এইভাবে ব্যবহার করছি। উনি যে কথা বললেন তাতে আমি এইটুকু বলতে পারি যে ওনার বক্তব্য শুনে আমি খুশী হয়েছি। কারণ আমি শুনলাম যে শ্রোতা নাকি কখন কখন বাধা দেয়—আমি দেখছি এখানে বাধা দিচ্ছে। ওদের আমলেই ঘটেছিল. চণ্ডীপদ মিত্র, এম. এল. এ. তাকে যারা হত্যা করেছিল তারা সব ছাত্রপরিষদ, যুব কংগ্রেসের ছেলে। রঘু ব্যানার্জী ও তার সঙ্গে আরো যে ৬ জন ছিল তাদের সব আটক করা হয়েছিল, বিচারও হয়েছিল এবং বিচারে সাজাও হয়েছিল। কিন্তু বিচারকের ঘরে রিভলবার দেখিয়ে মুক্তি পেয়েছিলেন। হ্যাঁ, উনি যে কথা বললেন এটা ঠিক যে ওদের আমলে এই ঘটনা ঘটেছে।

অতীশবাবু আপনারা তো জানেন ঐক্য প্রস্তাবের তো দেরি আছে। এখন তো স্বীকার করলেন যে কোন ঘটনা ঘটেছিল—ইউ. পি.-তে জনতা এম. এল.-এর যে মৃত্যু, সেই খুনের কথা তো আপনাদের জানা আছে হরিপদবাবু। কাশীবাবু চলে গিয়েছেন, বেশী বলার দরকার নেই শুধু শেষে বলব, সাত্তার সাহেব অজয়বাবুর কথা উল্লেখ করে বললেন যে ঐ সরকারের আমলে নাকি বলা হয়েছিল 'অসভ্য সরকার'। আমি বলি, সাত্তার সাহেব, যে অজয়বাবুর কথা আপনি বললেন সেই অজয়বাবু আজকে কোথায় পশ্চিবঙ্গের মানুষের তা জানতে বড় সাধ হয়। আমি বলি, তিনি নেই, ইতিহাস বড় নির্মম, ইতিহাস বিশ্বাসঘাতকদের ক্ষমা করে না। কিন্তু ইতিহাসে আমরা আছি, আমরা থাকবো। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনির্মল বসু :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধীদলের মাননীয় সদস্য শ্রীঅতীশচন্দ্র সিংহ মহাশয় যে প্রস্তাব এনেছেন আমি তা বিরোধিতা করবার জন্য দাঁড়িয়েছি। আমি অত্যন্ত ধৈর্য্য সহকারে দুই কংগ্রেস ও জনতা সদস্যদের বক্তৃতা শুনছিলাম। আমি মাননীয় সদস্য শ্রীঅশোক বসুর সঙ্গে কণ্ঠ মিলিয়ে বলতে চাই যে আমি বিস্মিত হয়ে ভাবছিলাম যে কংগ্রেস ও জনতা দলের সদস্যরা কি করে বলেন যে পশ্চিমবঙ্গে আইন-শৃঙ্খলা নেই। বেশী দিনের কথা নয়, অল্প কিছু দিন আগে যখন কংগ্রেস এখানে শাসনে ছিলেন তখন কি অন্ধকারের রাজত্ব পশ্চিমবঙ্গে হয়েছে।

**ডাঃ জয়নাল আবেদিন :** ( কোয়েশ্চেন ) দিল্লীতে ইন্দিরা গান্ধীর রাজত্বে সারা ভারতবর্ষে কি অন্ধকারের রাজত্ব আমরা দেখেছি ? কোথাও কি শান্তি-শৃঙ্খলা ছিল ? সর্বত্র গুণ্ডাদের দৌরাত্ম্য, সর্বত্র মস্তানগিরি—কোথায় নয় ? অফিস, হাসপাতাল, বিশ্ববিদ্যালয়, কলেজগুলিতে কি অবস্থা হয়েছিল আমরা দেখেছি। কোন পরীক্ষা হতে পারবে না, বিশ্ববিদ্যালয়ে কোন কিছু করবার উপায় ছিল না এই ছিল অবস্থা। এই তো কাছেই হার্ডিঞ্জ হোষ্টেলটি একটা সাংঘাতিক গুণ্ডা, বোম্বেটে, ডাকাত, খুনীদের আড্ডাখানায় পরিণত হয়েছিল। এখন কংগ্রেস ভারতবর্ষের অধিকাংশ জায়গাতেই নেই—যেখানে আছে যেমন অন্ধ্র সেখানে হায়দ্রাবাদে সাম্প্রদায়িক দাঙ্গা হল কয়েকদিন আগে। কই, তার বিরুদ্ধে তো একটি কথাও বললেন না ? কয়েকদিন আগে হায়দ্রাবাদে ওসমানিয়া বিশ্ববিদ্যালয়ে গুণ্ডামি হল, কই তার বিরুদ্ধে তো একটি কথাও বললেন না ? যেখানে সামান্য দু-একটি জায়গায় আছেন সেখানেও সেই গুণ্ডামি চলছে। এই যেখানে অবস্থা সেখানে কোন্ লজ্জায় বলেন যে পশ্চিমবঙ্গে আইন-শৃঙ্খলা নেই ? আমি আশা করেছিলাম জনতা দলের প্রতিনিধিরা বলবেন যে আলিগড়ের ব্যাপারে আমরা লজ্জিত। বীরেন মৈত্র মহাশয় চিৎকার করে উঠছেন আলিগড়ের কথা উঠতেই কিন্তু এই আলিগড়ের ব্যাপারে সারা ভারতবর্ষের মাথা হেঁট হয়েছে সারা পৃথিবীর কাছে। ধর্মনিরপেক্ষতার জন্য যে ভারতবর্ষ সর্বত্র সম্মানীত, সংখ্যালঘুরা এখানে নিরাপদে বাস করেন সেখানে আলিগড়ে দুমাস ধরে দাঙ্গা চলছে। একদিন নয়, দুদিন নয় দুমাস ধরে সেখানে ধিকি ধিকি আগুন জ্বলছে। জনতার শাসন দিল্লী থেকে এটা কতদূরে ? বেলচি বিহারে কি হল ? সেখানে হরিজনদের পুড়িয়ে মারা হ'ল। বিহারে আজ এই মুহূর্তে কি হচ্ছে ? সেখানে ট্রেন বন্ধ, থানা জ্বালিয়ে দেওয়া হচ্ছে, স্কুল কলেজ বন্ধ। আর দিল্লীর ঐ বিল্লা, রঙ্গীর কথা তো সবাই জানেন। সেখানে রোজ ঘটনা ঘটছে। সন্ধ্যার পর

কউ দিল্লীতে বেরোয় না। দিল্লীতে মেয়েদের সম্মান নিরাপদ নয়। এই অবস্থা লছে জনতা শাসিত রাজ্যে, কংগ্রেস শাসিত রাজ্যে এবং খাস রাজধানী দিল্লীতে। মার কংগ্রেস, জনতা বলে—"চালুনি বলে ছুঁচ তোর বড় ছেঁদা"।

[6-20—6-30 P. M.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয় পশ্চিমবঙ্গে বর্ত্তমান অবস্থায় সাধারণ অবস্থা কি? ুন, খারাপী, চুরি, ডাকাতি—কে দাবী করেছে? মুখ্যমন্ত্রী কখনও বলেছেন যে শ্চিমবঙ্গে একটাও চুরি হয়নি? কখনও বলেছেন যে একজনও খুন হয়নি? কখনও লেছেন কোথাও কোন গোলমাল হয়নি? পুঁজিবাদী সমাজ ব্যবস্থায় এই জিনিস লবে। এতদিন ধরে—গত ৩০ বছর ধরে কংগ্রেসী শাসনের ফলে আমাদের সমাজ ্যবস্থাকে যেখানে এনে দাঁড় করিয়েছেন, এখানে এই জিনিস চলবে। কিন্তু সবটা মলিয়ে অবস্থা কি? আজকে পশ্চিমবঙ্গের অবস্থা স্বাভাবিক, চুরি, ডাকাতি মেছে। খুন, খারাপী নিশ্চয়ই কমেছে। আমি আসি এখন আমার বিশ্ববিদ্যালয়ের থায়। কংগ্রেসী আমলে সেখানে কি হয়েছে? আমি সিনেটের নির্বাচিত সদস্য, সনেটে উপাচার্য্য বসে আছেন, আমি বক্তৃতা করছি, ছাত্র পরিষদের জবরদস্ত নেতা মামার মাইক বন্ধ করে দিলেন, আমাকে বলতে দিলেন না। বললেন বক্তৃতা রতে দেব না, এই জিনিস হয়েছে। সিনেটের সদস্য বিশ্ববিদ্যালয়ে গেছে, ছাত্র রিষদের ছেলেরা এসে ধরেছে—সিনেটের মেমবাররা এলে ঠ্যাং ভেঙ্গে দেব— প্রতিকার হয়নি। আজ সমস্ত বিশ্ববিদ্যালয় চলছে, সমস্ত কলেজ চলছে, সব রীক্ষা চলছে, পরীক্ষা হলে মস্তানরা গিয়ে নকল সাপ্লাই করতে পারছে না, বামাবাজী করতে পারছে না। কদিন আগের কথা জনতার সদস্যরা স্মরণ করুন, কন্দ্রীয় শিক্ষামন্ত্রী ডঃ প্রতাপ চন্দ্র চন্দ্র ভারতবর্ষের সমস্ত রাজনৈতিক দলের প্রতিনিধিদের সভা ডেকেছিলেন, কংগ্রেস দলের সদস্যরাও ছিলেন, আমি আমার লের পক্ষ থেকে উপস্থিত ছিলাম। সারা ভারতবর্ষে, সমস্ত রাজ্যের অধিকাংশ ায়গায় বিশ্ববিদ্যালয় বন্ধ, একমাত্র ব্যতিক্রম পশ্চিমবঙ্গ। সব কটা বিশ্ববিদ্যালয় খালা। কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় বিশ্বভারতী খোলা। তাঁরা চিন্তিত কি করে বশ্ববিদ্যালয় চলবে? কি করে কলেজ চলবে? প্রতাপবাবু বলছেন, পারা যাচ্ছে া। দিল্লী বিশ্ববিদ্যালয় কদিন আগে বন্ধ হয়েছে, মহারাষ্ট্র—বোম্বাই বিশ্ববিদ্যালয়ের পাচার্য্যের ঘর ভেঙ্গে তছনছ করে দিয়েছে। অন্ধ্রের কথা বলেছি, তছনছ করে দিয়েছে। বোম্বাই বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য অধ্যাপক রাম যোষী, জনতা পার্টির

সমর্থক, আমার বিশেষ বন্ধু, ওসমানিয়া বিশ্ববিদ্যালয়ের রাম রেড্ডী, আমার বিশেষ বন্ধু, তাঁরা কি অবস্থায় সেখানে আছেন? আজকে কংগ্রেস দলের শাসন অন্ধ্রে, মহারাষ্ট্রে। কি বলবো, কংগ্রেসেরই কিছু অংশ আছে, আমরা তো সেখানে নেই, সেখানকার কি অবস্থা? যদিও আমাদের সমর্থন আছে সেই সরকারের পিছনে। আজকে নির্বাচনের কথা কেউ কেউ উল্লেখ করলেন, কর্ণাটকে নির্বাচন হলো, কংগ্রেসী শাসন সেখানে, চিকমাগালুরে খুন হলো, গায়েত্রীর প্রাণ চলে গেল। গুণ্ডামী হলো। বিহারের সমস্তীপুরে—কালকের খবরের কাগজে বেরিয়েছে একজন গুলিতে মারা গেছে। আর এখানে যে উপনির্বাচন হয়েছে, কোন গোলমাল হয়েছে? পঞ্চায়েত নির্বাচনে এত অভিযোগ, কজন মারা গেছে? নির্বাচন শান্তিতে একমাত্র পশ্চিমবঙ্গে হতে পারে, বিহারে হতে পারে না, কর্ণাটকে হতে পারে না। জানি না রবিবার ফতেপুরে কি হবে। এখনই দু চারটে খুন হয়ে গেছে। নির্বাচন এখানে শান্তিপূর্ণভাবে হওয়া সম্ভব। ধানকাটার দু একটি ঘটনা ঘটেছে, আমাদের দেশের ভূমি ব্যবস্থা এমন, জোতদারী ব্যবস্থা এমন—এখানে এত উকিল আছেন, কোর্টে ওকালতি করেন, জানি না ফৌজদারী আদালতে আসল মামলা কোনটা হয়, জমির মামলা, জোতদার চাষীর মামলা।

**Mr. Deputy Speaker :** According to the scheduled allocation of time order the discussion on this motion should end by 6-32 P.M. But some more time is required to dispose of this motion. Therefore, under rule 290 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I seek the consent of the House to extend the time fixed for this motion by half and hour. I hope the House will agreed to it.

( Voices-Agreed )

Therefore, the time is extended by half and hour. Now, Shri Nirmal Bose will continue his speech.

**শ্রীনির্মল বোস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ধান কাটার মরশুমে বরাবরই দু চারটে গোলমাল হয়, যতদিন এই ভূমি ব্যবস্থা জোতদার, বড়লোকদের কর্তৃত্বে থাকবে, ততদিন কিছুটা চলবে। এই সরকার আসার পর গত বছর কমেছে, এই বছরও কমেছে আগের আগের তুলনায়, কংগ্রেসী আমলের তুলনায়, এই কথা অস্বীকার করা যাবে না।

তবে এখানে ওখানে যে দু-চারটি ঘটনা ঘটেছে তার কারণ আমি বলছি, পুঁজিবাদি অসাম্য যতদিন থাকবে, দারিদ্র যতদিন থাকবে, অসামাজিক লোকেরা যতদিন থাকবে, ধনী-দরিদ্রের বৈষম্য যতদিন থাকবে ততদিন হবে। তবে আমি এই কথা বলছি না যে বামফ্রন্ট সরকারের শরিকী দলের মধ্যে কোথাও হচ্ছে না। নিশ্চয়ই হয়েছে, সাহস আছে, স্বীকার করবো। কিন্তু কথা হলো, আমাদের মধ্যে কোথাও যদি কিছু ঝগড়াঝাটি হয় তা আমরা সকলে মিলে বসে, আলোচনা করে মিটিয়ে নেবো। কালকে বর্ধমানে এই যে ঘটনা ঘটেছে—কাগজে বেরিয়েছে—সেটা আমরা সকলে মিলে বসে কি করে নিস্পত্তি করা যায় তার চেষ্টা করেছি—আমরা জানি, এতে কায়েমী স্বার্থ খুশি হয়নি, পুলিশের খানিকটা অংশ খুশি হয়নি, প্রশাসনের খানিকটা অংশ খুশি হয়নি। আমরা এও জানি, যে এরা এই গণ্ডগোল বাড়াবার চেষ্টা করবে, ইন্ধন যোগাবার চেষ্টা করবে। আমরা ১৯৬৭ সালে এবং ১৯৬৯ সালে কি দেখেছি, যখন যুক্তফ্রন্ট সরকার হয়েছিল তখন এরা গোলমাল বাঁধাবার চেষ্টা করেছিল এবং গোলমাল বাঁধিয়ে—আমরা সেটা পরবর্তীকালে বুঝেছি এবং তার থেকে শিক্ষাগ্রহণ করেছি—সুতরাং ঠিকভাবে চলবার চেষ্টা করছি—নিজেদের ভুল, নিজেদের বিভেদ নিজেরা মেটাবো। আজকে কংগ্রেস পক্ষ থেকে চিৎকার করে বললেন—আমি জিজ্ঞাসা করি আপনাদের গার্জেনি করবার অধিকার কবে থেকে দিয়েছি ? আমাদের গোলমাল আমরা মিটিয়ে নেবো, আপনাদের করবার কিছু নেই। দু-একটি ঘটনা হয়তো ঘটতে পারে কিন্তু উস্কানি দিয়ে কাউকে বিভ্রান্ত করতে পারবেন না। আমাদের ঝগড়া আমরা মিটিয়ে নেবো। 'Suppressic Veri and suggestic falsi' নিজেদের মধ্যে কি হচ্ছে সেটা আগে দেখুন। আমাদের সরকারে আসবার পরে কংগ্রেস দুইভাগ হয়ে গেল। মারামারি করে এক কংগ্রেস অন্য কংগ্রেসের অফিস থেকে টাইপ রাইটার মেসিন নিয়ে পালালো। জনতা পার্টির সদস্য আজকে অবশ্য কিছু বলেন নি কিন্তু অন্যদিন উস্কানি দিয়েছেন। আমি বলি, আপনাদের কি হচ্ছে ? কেন্দ্রে কি করছেন ? এ ওকে গাল দিচ্ছে, ও ওকে গাল দিচ্ছে। সুতরাং আমি এই কথাই বলবো, এইসব উস্কানি দিয়ে কাজ হবে না, আমরা আপনাদের ফায়দা ওঠাতে দেবো না। ১৯৬৭ সাল আর ফিরে আসবে না, ১৯৬৯ সাল আর ফিরে আসবে না। আমরা ঐক্যবদ্ধ আছি, ঐক্যবদ্ধ থাকবো। শত্রুর মুখে ছাই দিয়ে বামপন্থী দলের ঐক্য থাকবে এবং এই সরকার আরোও সাড়ে তিন বছর থাকবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসত্য পদ ভট্টাচার্য্য** ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুরারই থানা—এলাকায় চিরকালই খুন-খারাপি, মারামারি লেগেই থাকে। কংগ্রেসীরা অনেক কথাই বলে গেলেন, এখানে খুন হচ্ছে, ওখানে মারামারি হচ্ছে, কিন্তু আপনাদের আমলে কি হয়েছে? সাত্তার বলে একটি লোক যে একটি খুনের কেসের আসামী সেই ভদ্রলোকটি মোহিত মণ্ডলকে হত্যা করেছিল। অতীশবাবু যখন মন্ত্রী ছিলেন তখন কান্দিতে কাঠাল তলায় প্রকাশ্য দিবালোকে খুন করেছিল কারা? সেসব কথা আমরা ভুলে যায়নি। আপনারা এর কি প্রতিকার করেছিলেন? এ. বি. টি-এর নেতা শ্রীসন্তোষ ভট্টাচার্য্যকে আপনাদেরই আমলে খুন করা হয়েছে, চণ্ডী মিত্র কাদের আমলে খুন হয়েছে? আবেদিন সাহেব মাথা নাড়াবেন না—যখন আপনারা গাড়ীতে একটি গরীব লোককে চাপা দিয়েছিলেন তখন কি ক্ষমা চেয়েছিলেন? আপনার হাত জোড় করে ক্ষমা চাওয়া উচিৎ ছিল। তারপর ঐ কেসের জন্য আপনার মতের বিপরীত রিপোর্ট দেওয়ায় হাসপাতালের ডাক্তারকেও আপনি হুমকি দিয়েছিলেন এবং পরে তাঁকে সাসপেণ্ড করেছিলেন। মনে নেই এসব কথা? আমরা এইসব কথা ভুলিনি এবং এইসব কথা ভোলা যায় না। ফরওয়ার্ড ব্লকের নেতা অজিত বিশ্বাস কাদের আমলে মারা গেছে? হেমন্ত কুমার বসুর মৃত্যুর জন্য কারা দায়ী?

কেন্দ্রে তখন কংগ্রেস সরকার ছিল না? আজকে এখানে বড় বড় কথা বলেন আপনাদের আমলে খুন, ডাকাতি, রাহাজানি কতবার হয়েছিল বলুন। আপনাদের আমলে মানুষ রাস্তা দিয়ে যেতে পারত না, মানুষের জীবন বিপন্ন ছিল, রাত্রে কোনদিন মানুষ বেরতে পারত না? ৫ কোটি মানুষের দেশে ডাকাতি কিছু হবে না? দু-একটি মানুষ মরবে না? আপনাদের সময়ে ধান কাটার সময় গোলমাল হয়নি? আপনাদের আমলে জোতদাররা ভাগচাষীদের ধান জোর করে কেটে নিয়ে গিয়েছিল। বীরেনবাবু চীৎকার করছেন—নিজে চাষ করতে পারবেন না, ভাগচাষী দিয়ে চাষ করাবেন, বর্গা যখন রাখছেন তখন সেটা আপনাকে মেনে নিতে হবে। ভাগে বোনা সব ফসল নিজেদের ঘরে তুলে নেব তাদের না দিয়ে, আপত্তি করলেই যত সব গণ্ডগোল—আপনাদের আমলে আইন শৃঙ্খলা ছিল? মন্ত্রী সন্তোষ রায় যখন পদত্যাগ করলেন তখন তার সাক্ষীকে খুন করেন নি? সুনীতি চট্টরাজ খুন করেন নি, গণ্ডগোল করেন নি? আপনারাই জঙ্গলের রাজত্ব প্রতিষ্ঠা করেছিলেন, এখন তার অবসান হয়েছে। কাজেই ওসব আর টেনে আনবেন না। আপনাদের পায়ের

তলায় মাটি আছে কি না দেখবেন। এক সঙ্গে থাকলে একটু ঝগড়া ঝাটি হবে। আমরা নিজেরাই সেটা মিটিয়ে নেব। সংগ্রামের মধ্যে দিয়েই ফ্রন্টকে বাঁচিয়ে রাখব। জয়নাল সাহেব যখন মন্ত্রী ছিলেন তখন গরীব মানুষকে চাপা দিয়ে চলে এসেছিলেন। তাদের ডেকে একবার কথা পর্যন্ত বলেন নি। ক্ষতিপূরণ পর্যন্ত দেননি। আপনারা আবার আইন শৃঙ্খলার কথা তুলছেন? তাদের কোন জবাব পর্যন্ত দেন নি। (ভয়েসঃ ডাঃ জয়নাল আবেদিনঃ ৫ হাজার টাকা ক্ষতিপূরণ দিয়েছি) আইন শৃঙ্খলার কথা তুলে বলছেন কোথায় একটা খুন হয়েছে, কোথায় একটা ডাকাতি হয়েছে ইত্যাদি—ডাকাতি হবার সঙ্গে সঙ্গে কিন্তু খবর চলে আসছে। মশাই আপনারা ছিলেন নাকি? কালকের ডাকাতি সংবাদ আজকে খবর চলে এল কি করে? বলা হচ্ছে রোজ একটি করে ডাকাতি হচ্ছে। ডাকাতি হবে না? আপনাদের আমলে ডাকাতি হত না? আপনাদের আমলে বরং বেশী ডাকাতি হত, চুরি বেশী হত। আপনাদের অত্যাচারে বাড়ীর মেয়েরা বাইরে বেরতে পারত না। আপনাদের অত্যাচারে কলকাতার রাস্তায় সন্ধ্যার পরে মহিলারা বেরতে পারত না। আপনাদের আমলে এমন অবস্থা হয়েছিল যে মানুষ নির্ভয়ে রাস্তা চলতে পারত না। আজকে আপনাদের মুখে বলার অধিকার নেই জঙ্গলের রাজত্ব। অজয় বাবু যেমন জঙ্গলের রাজত্ব বলেছিলেন, তিনি আজকে সেই জঙ্গলের মধ্যে বিলীন হয়ে গেছেন। আপনারা কোথায় ছিলেন, আর কোথায় গিয়ে পৌঁছেছেন সেটা একটু চিন্তা করে দেখবেন। আপনারা পশ্চিমবাংলায় যে জঙ্গলের রাজত্ব সৃষ্টি করেছিলেন তার তুলনায় বর্তমানে শান্তি শৃঙ্খলা আছে অনেক বেশী। দু-একটি কোথায় কি ঘটনা ঘটেছে তাই নিয়ে এই কথা বলা যায় না যে পশ্চিমবাংলায় একেবারে শান্তি শৃঙ্খলা নেই। বড় বড় কথা বলে কিছু হবে না। আজকে বাহিরের দিকে তাকিয়ে দেখুন সেখানে কি অবস্থা হচ্ছে। কলকাতায় একজনকে যে হত্যা করা হয়েছে, সেই হত্যাকারীকে এখন পুলিশ খুঁজে পাওয়া যায়নি, ধরার চেষ্টা করছে। আপনাদের আমলে সেই চেষ্টা করা হয়নি। দমদমে কতগুলি হত্যা করেছেন, বরানগরে কতগুলি লোককে হত্যা করেছেন? হত্যা করে রাস্তায় ফেলে দিয়ে এসেছিলেন, মনে নেই সেই কথা? ১৯৭২ সাল থেকে আপনারা হাজার হাজার মানুষকে হত্যা করেছেন, আর এখন নির্লজ্জের মত আইন শৃঙ্খলার কথা বলছেন? সেইগুলি আপনাদের খেয়াল রাখতে হবে। আপনাদের সময়ে কেমন করে হাজার হাজার যুবককে হত্যা করেছিলেন সেটা খেয়াল রাখতে হবে। সেই জন্য আমি মনে করি আজকে যে প্রস্তাব এনেছেন তা অত্যান্ত উদ্দেশ্য প্রনোদিত

এবং মিথ্যাচারে ভর্তি এবং একটি খুনী আসামীর জন্য যে দরদ দেখাচ্ছেন—সেই জন্য আমি এই প্রস্তাবকে ঘৃণাভরে প্রত্যাখ্যান করছি।

**31st Report of the Business Advisory Committee.**

**Mr. Deputy Speaker :** I am presenting the 31st Report of the Business Advisory Committee. The meeting of the Committee was held to-bay, the 1st December, 1978 in the Chamber of the Hon'ble Speaker. In that meeting the programme of business and allocation of time from 6th December, 1978 to 8th December, 1978 have been recommended as follows :

Wednesday, 6.12.78 : The Bengal Legislative Assembly (Members Emoluments) (Amendment) Bill, 1978.
(Introduction, Consideration and Passing)····1 hour.

Thursday, 7.12.78. : The Motor Transport Workers (West Bengal Amendmend) Bill, 1978.
(Introduction, Consideration and Passing)····1 hour.

Friday, 8.12.78 : (i) The West Bengal Gambling and Prize Competition (Amendment) Bill, 1978.
(Introduction, Consideration and Passing)····1 hour

(ii) Private Members Resolutions····2½ hours.

Now I call upon the Chief Whip, Shri Dinesh Mazumdar to move the motion on this Report.

**Shri Dinesh Mazumdar :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিধানসভার কার্য্য উপদেষ্টা সমিতির ৩১ তম প্রতিবেদনের যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

**Mr. Deputy Speaker :** I think the House agrees to it.

The motion was adopted.

**শ্রীদেবীপ্রসাদ বসু ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধীদলের বক্তব্য আমি মনোযোগ দিয়ে শুনেছি, এটা তাঁদের উপলব্ধি করতে বলি যে জনসাধারণের মধ্যে ব্যক্তি স্বার্থ সংঘাতে একটু বাড়াবাড়ির জন্য এই ঘটনা ঘটছে। তফাত হচ্ছে যে এক পক্ষ নিজেদের আশ্রয়ের সুবিধার জন্য যদি একটি রাজনৈতিক দলের আশ্রয় নেন অপর পক্ষ দেখুন ঠিক তার উল্টো রাজনৈতিক দলের কাছে গিয়ে আশ্রয় নেয় এবং তার সঙ্গে আরও কিছু রাজনৈতিক রঙ মাখিয়ে দিয়ে তাদের বক্তব্য উপস্থিত করেন। যাঁরা বিরোধী দলের হাফ নেতা তাঁরা যদি একটু ধৈর্য্যশীল হতেন, আর একটু বিচক্ষণ হতেন এবং অভিযোগকারী যে ছিল তাঁকে যদি একটু জেরা করতেন তাহলে ঘটনার প্রকৃত রূপ তাঁদের কাছে প্রকাশ হয়ে যেত এবং তাহলে দেখা যেত তথাকথিত যেসব রাজনৈতিক দল বিরোধীপক্ষে রয়েছেন তাঁদের কাছে শতকরা ৯৯ ভাগই রাজনৈতিক খবর আসছে। আমার সময় কম, আমি কিছু কিছু উদাহরণ দিতে পারি, অসংখ্য ঘটনা আছে, আমার বক্তব্যের সমর্থনে আমি কিছু কিছু ঘটনা দিচ্ছি—গত ২১শে নভেম্বর আনন্দবাজার পত্রিকার ৫ পৃষ্ঠায় একটা খবর বেরিয়েছিল। অভিযোগ করেছেন নবদ্বীপ কেন্দ্রের প্রাক্তন ইন্দিরা কংগ্রেসের এম. এল. এ. শ্রীরাধারমন সাহা বলেছেন বর্তমান সি. পি. এম. এম. এল. এ. অর্থাৎ আমি বাইরে থেকে লোক নিয়ে গিয়ে মায়াপুরে মারপিট করে আসি। ভাগ্যিস সে সময় সেখানে ইন্দিরা কংগ্রেসের অধিবেশন বর্জনের ব্যাপার না থাকত তাহলে ঘটনা অন্য রকম হোতো। বাইরের লোক কে জানেন, জনতা পার্টির মাননীয় সদস্য শ্রীজনমেজয় ওঝা এবং শ্রীকিরণময় নন্দ, নবদ্বীপের অবস্থা দেখতে গিয়েছিলেন, আমি তাঁদের সাদর আহ্বান জানিয়েছিলাম। আমি তাঁদের সাহেব সাধুদের মঠ দেখিয়ে চৈতন্য মঠ একটি দেখিয়ে আরেকটি যখন দেখতে যাচ্ছি—সেখানে তখন ২জন সন্ন্যাসীর মধ্যে লড়াই হচ্ছে—অধ্যক্ষের পদে কে দখল নেবে এই নিয়ে। দারোগা, পুলিশ জড় হয়েছে। আমরা ভিতরে না গিয়ে বাইরে থেকেই পুলিশকে বলে এলাম দেখবেন মারপিট যাতে না হয়, শান্তি-শৃঙ্খলা থাকে, অধ্যক্ষের পদের কথা পরে হবে। দুর্ভাগ্যবশতঃ যদি জনতা পার্টির এম. এল. এরা আমার সঙ্গে না থাকতেন তাহলে এ ঘটনার শ্রাদ্ধ কতদূর গড়াত কে জানে। গঞ্জডাঙ্গায় যে ঘটনা ঘটেছিল তাতেও বিরোধী দলের দুই নেতা হাজির ছিলেন।

ওরা বললেন পাঁচু ঘোষের মড়া আমার কেনা না সে আমার দলের। অপর পক্ষ বললেন এটা আমার—যাই হোক ওরা সি. পি. এম সম্পর্কেও ভাগ দিতে কার্পণ্য করেনি কেন না, বললেন ডাকাতটাকে সি. পি. এমকে দিয়ে দাও। প্রকৃত ঘটনা

জানার পর আমরা আর অগ্রসর হয়নি। ২।৩ দিন আগে সকাল বেলায় একজন লোক এসে বললো এক্ষুণি চলুন রক্তারক্তি আরম্ভ হয়ে গেছে। 'আমি কি হয়েছে জিজ্ঞাসা করায় সে বললো সি. পি. এম, ইন্দিরা কংগ্রেসের গর্ভ স্রাব করে দিয়েছে। আমি আর থাকতে না পেরে রিস্কায় গিয়ে দেখলাম। আসামী একজন বাস শ্রমিক ও আমাদের শ্রমিক ইউনিয়ানের সভ্য। ফরিয়াদি হচ্ছে তার স্ত্রী। স্ত্রীর বাপের বাড়ীর লোকেরা ইন্দিরা কংগ্রেসের সমর্থক। ঘটনা হচ্ছে স্বামী যখন কাজ করতে যায় সে দুপুরে ম্যাটিনি শোতে সিনেমা দেখতে যায়। এরফলে স্বামী ফিরে এসে কোন দিন খেতে পায় না। ফলে স্বামী রেগে গিয়ে রেশানের থলিটা তার পেটে মারে। কিন্তু বাচ্চা বের হয়নি কিছু রক্ত স্রাব হয়। আমি নিজে টাকা দিয়ে সি. পি. এম, কংগ্রেস ঐক্য বিধান করে এলাম। সেদিন যদি নবদ্বীপে না থেকে বিধান সভায় থাকতাম তাহলে কি ঘটনা হতো তা চিন্তা করে দেখুন। আপনারা সকলেই বলতে আরম্ভ করতেন রাজনৈতিক দলের উপর এই যে আক্রমন সংবিধান বিরোধী নজীর বিহীন এবং জয়নাল সাহেব সবার দিকে পেছন করে আপনার দিকে মুখ করে বলতেন আণ্টা কনষ্টিটিউসানাল-এর বিরুদ্ধে-"ইয়ে" করে' এটা বন্ধ করুন। এই কথা বলে আমি শেষ করছি।

**শ্রীদেবপ্রসাদ সরকার** ঃ—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজমের এই প্রস্তাব আইন শৃঙ্খলা নিয়ে প্রস্তাব। আমরা জানি এই সমাজে আইন শৃঙ্খলার যে কাঠামো আছে সেটা সম্পদশালী ব্যক্তিদের স্বার্থেই আছে। কিন্তু তা হলেও একে সাধারণ মানুষের স্বার্থে কতটা ব্যবহার করা যায় বামফ্রন্ট সরকারের কাছ থেকে দেশের মানুষ এটাই আশা করে। কিন্তু বিভিন্ন ক্ষেত্রে আমরা কি দেখছি? গ্রামাঞ্চলে একটা দুষ্ট চক্র, পুলিশ প্রশাসন ও জোতদার মিলে ভাগচাষীদের উপর অত্যাচার করে আসছে। যারা আইনের রক্ষক তারাই আজ আইনের ভক্ষক। পুলিস জোতদারদের কাছ থেকে টাকা খেয়ে গরীব চাষীদের বিরুদ্ধে কি ভাবে মিথ্যা কেস সাজায় এই কথা সকলেই জানেন যেটা কংগ্রেস আমলে হতো সেটা এই আমলেও আমরা দেখছি। পুলিশ জোতদার প্রশাসন ঐক্যবদ্ধ ভাবে আজও ভাগচাষীদের উপর অত্যাচার করছে। আজও বিভিন্ন জায়গায় যে সমস্ত সমাজবিরোধী আছে তারা জোতদারদের বন্দুক নিয়ে ভাগচাষীদের ধান কেটে নিচ্ছে কিন্তু সেইসব বন্দুক সিজ করা হচ্ছে না। আপনারা আমাদের ব্যাণ্টার করতে পারেন কিন্তু এটাই বাস্তব ঘটনা। প্রতিদিন কাগজে দেখছি যে ভাবে খুনের সংখ্যা বেড়ে যাচ্ছে এটা একটা রেকর্ড যেটা আপনারা অস্বীকার করতে পারেন না। এটা ধরার কোন ব্যবস্থা নেই।

চোলাই মদ থেকে আরম্ভ করে ভাটিখানাগুলি বেশ ভালভাবে চলছে। আপনাদের অর্থমন্ত্রী এই সমস্তগুলিকে ঢালাও লাইসেন্স দিয়েছেন। আইন শৃঙ্খলার কথা বলে শ্রমিক-চাষী ও গণ আন্দোলনকে পুলিশ দিয়ে পিটিয়ে মারা হচ্ছে। সাঁওতালদি বিদ্যুৎ প্রকল্পে শ্রমিকদের উপর, মেডিকেল কলেজের ছাত্রদের উপর, মরিজঝাঁপিতে উদ্বাস্তুদের উপর পুলিশী অত্যাচারের কথা সকলেই জানেন। অশোকবাবু উৎসাহ ভরে রিমার্ক করলেন এবং বললেন যে এস ইউ সি-কংগ্রেস আঁতাত হয়েছে এইভাবে ব্রাকেট করে কোন লাভ নেই। জনসাধারণ জানে এস ইউ সি একমাত্র বামপন্থী দল এবং বিপ্লবী দল। এদের ম্যালাইন করবার জন্য আপনারা ব্যাকেট করবার জন্য যতই চেষ্টা করুন তাতে কোন লাভ হবে না। জলন্ধর কংগ্রেসে আপনারা বলেছেন কংগ্রেস, জনতা, আকালি দলের মধ্যে যে প্রগতিশীল অংশ আছে তাদের নিয়ে একটা বৃহত্তর বামফ্রন্ট করতে হবে—এস ইউ সি বাদ। এস ইউ সি এই রকম লেফট ইজম-এ বিশ্বাস করে না। আজকে তাই আপনারা জোতদারদের সঙ্গে মিলেছেন। আপনারা এইসব জিনিস বন্ধ করুন এবং খুন রাহাজানি এগুলি প্রতিরোধ করবার চেষ্টা করুন ও কালবাজারী অসাধু ব্যবসায়ী যারা আইনকে পদদলিত করে কোটি কোটি মানুষকে অভুক্ত রাখছে তাদের বিরুদ্ধে এসেনসিয়াল কমোডিটি এ্যাক্ট ব্যাপক ভাবে প্রয়োগ করুন ও আইন শৃঙ্খলা রক্ষা করুন।

[6-50—7-00 P.M.]

শ্রীজ্যোতি বসু ঃ—ডেপুটি স্পীকার মহাশয়, যে মোশানের উপর এই আলোচনা হবার কথা ছিল বিরোধী পক্ষের একজন বাদে আর কেউ সে সম্বন্ধে বললেন না, অন্য সব অবান্তর কথা বললেন। ডাঃ মোতাহার হোসেন ছাড়া আর সবাই যা বলেছেন তা সম্পূর্ণ অবান্তর কথা, সুতরাং সমস্ত কথার জবাব দেওয়ার প্রয়োজন নেই। এইমাত্র যিনি বক্তৃতা করলেন এস ইউ সি দলের তিনি এই মোশানটি পড়েন নি। এই মোশান-এ পরিষ্কার লেখা আছে মুরারই পুলিশ স্টেশনে লখীডাঙ্গা মালপাড়া সেখানে একটা ঘটনা হয়েছিল, তা নিয়ে হচ্ছে এই মোশান এবং সমস্ত পশ্চিমবঙ্গে নয়, ঐ অঞ্চলে আইন শৃঙ্খলা ভঙ্গ ইত্যাদি ইত্যাদি বলে মোশান, ইংরাজিতে যা লেখা আছে দেখেছি। সুতরাং সমস্ত অবান্তর কথার জবাব না দিয়ে অত্যন্ত সংক্ষেপে জবাব দেব। কারণ, আমাদের এদিকের বন্ধুরা অশোক বোস, দেবী বসু প্রভৃতি অনেকেই তার জবাব দিয়েছেন। মোশানের ব্যাপারে যেটা আমি দেখলাম,

দু'একজন রেফার করেছেন, সাত্তার সাহেব, আরো একজন অনেক কথা বললেন, বলতে গিয়ে বললেন যে সি পি এম-এর লোক হলে বা বামপন্থী পক্ষের লোক হলে তাদের এ্যারেষ্ট করা হয় না, এই বিষয় নিয়ে একটা প্রশ্নোত্তরের সময় বলেছিলাম—ওরা বলছেন এটা সি পি এম করিয়েছে, তাদের সঙ্গে কংগ্রেসের ঝগড়া, সেজন্য খুন হয়েছে—সেটা হচ্ছে সেখানে ১৪ জন এ্যারেস্ট হয়েছিল, আর ৬৯ জনকে খোঁজা হচ্ছিল, তারা কোর্টে সারেণ্ডার করেছে, একজন বেল পায়নি, আর একজন এ্যানটিসিপেটরী বেল নিয়েছে, এই হচ্ছে ঘটনা। অথচ সব অসত্য কথা বলে গেলেন। না জানার কথা নয়, এইসব কথা প্রশ্নোত্তরের সময় বলেছিলাম। ডাঃ মোতাহার হোসেন এই প্রশ্ন আগেই করেছিলেন, তার জবাবে যা বলেছিলাম তার বাইরে বলার কিছু নেই। খুন হয়েছে, সে যেই হোক না কেন, সেটা কোর্টে যাবে। আমি বারবার বলছি এই যে এই রকম অতিরঞ্জিত কথা বলছেন দুটো দলের মধ্যে হচ্ছে এটা ঠিক নয়। ১৯৭০ সাল থেকে সাম্প্রতিক ঘটনা পর্যন্ত আমি হিসাব করে দেখেছি যে প্রায় ১৯টি মামলা হয়েছে এবং সেখানে নানাভাবে গ্রামে দলাদলি, তার মধ্যে কিছু রাজনৈতিক লোক জড়িত, এইসব সেখানে হয়েছে। এইসব ঘটনার সঙ্গে যারা জড়িত আছে মামলা তাদের বিরুদ্ধে হয়েছে। অথচ আশ্চর্য হচ্ছি কোন মামলায় জয় হয় নি। খুন হয়েছে—কংগ্রেসের লোক খুন হল, বলছে এস ইউ সি—কংগ্রেসের ঝগড়া, মামলা হল, কিছু হল না, খালাস হয়ে গেল। কাজেই খুন-খারাপি চাই না আমরা, আমরা চাই রাজনৈতিক লড়াই, মানুষ মানুষের কাছে যাবে। একদিন ইন্দিরা কংগ্রেসে যাঁরা ছিলেন তাঁরা আমাদের কাছে এসেছেন। গণতন্ত্র প্রিয় মানুষ যারা তারা সবাই মিলে ভারতবর্ষ ব্যাপী লড়াই করে ইন্দিরা কংগ্রেসকে হঠিয়ে দিয়েছে। আমরা রাজনৈতিক পথ নিতে চাই, রাজনৈতিক আলোচনা হোক, আমরা মানুষের কাছে যাই, আমরা আমাদের কথা বলি, আপনারা আপনাদের কথা বলবেন। আমরা নিজেরা ঠিক করে নিয়েছি যে অন্য পথে যাব না। কংগ্রেস থেকে আমাদের ১১শো ছেলেকে খুন করা হল, আমাদের অফিস করতে দেওয়া হল না, আমাদের ঘর ভাঙ্গা হল, আমাদের উপর অত্যাচার হল, ২০ হাজার লোককে এলাকা থেকে তাড়িয়ে দেওয়া হল। তাতে কি কংগ্রেসের লাভ হয়েছে? সুতরাং আমরা সেই পথ নেব কেন? আমরা জানি সেই পথে গেলে কি হয়। সেজন্য আমরা মানুষের উপর বিশ্বাস রেখে চলছি। সাত্তার সাহেব বললেন আমি নাকি বলেছি না কিছু নয়, এইরকম কিছু হয়নি। কাশীকান্ত মৈত্র বললেন আমি বলেছি যে আমাকে স্পেসিফিক কেস বলুন। উনি বলছেন

স্পেসিফিক কেস কি বলব, বন্যায় যদি বলি হাজার হাজার মারা গেছে, আপনাকে বলতে হবে হাজার হাজার মারা গেছে। কি করে মারা গিয়েছে, তাদের নাম ঠিকানা কি এইসব খোঁজ করছি। তাও সব সংবাদ এখনও পাওয়া যাচ্ছে না। আর এখানে উনি বললেন যে এই হচ্ছে স্পেসিফিক ঘটনা, আপনি যে দিন গেলেন নদীয়াতে সেদিন এইরকম একটা হত্যা হয়ে গিয়েছে যে এক জামাই তার শ্বশুরকে খুন করে দিয়েছে। সে পালাচ্ছিল গ্রামের লোকেরা তাকে তাড়া করেছে এবং তাদের মধ্যে কয়েকজন খুন হয়ে গিয়েছে, সে গুলি করেছে। সেখানে তখনই পুলিশ গিয়েছে, ব্যবস্থা যা হবার হয়েছে। এটা কোথায় হয়েছে যে যেখানে এরকম ঘটনা ঘটেছে সেখানে গ্রেপ্তার হয়নি? সেখানে পুলিশ খুঁজছে না? সে কোন পক্ষের লোক, কি ব্যাপার—রাজনৈতিক, না, অরাজনৈতিক সে সব তো অন্য কথা। সেটা যদি আমাকে কেউ বলতে পারেন—সেই জন্যই আমি স্পেসিফিক চাই যে আমাকে বলুন কোথায় ঘটনা হয়েছে অথচ লোককে খুঁজছে না, লোক গ্রেপ্তার হচ্ছে না। আমাকে তো আমাদের পক্ষের লোকেরাও বলেন যে আপনি যাই করুন, আপনি হতে পারেন পুলিশ মন্ত্রী কিন্তু পুলিশের একটা অংশ তারা এখনও ঐ কংগ্রেসীদের সঙ্গে আছে, তাদের কথা শুনেই এলাকায় এলাকায় চলছে। সেই সব গুণ্ডা যাদের সঙ্গে তারা সম্পর্ক গড়ে তুলেছিল তাদের সঙ্গে এখনও তারা সম্পর্ক রেখে চলেছে। একথা তো আমাদের পক্ষের লোকরাও আমাকে বলেন। তারা বলেন, একে বদলে দিন, তাকে বদলে দিন। আমি বলি, কাকে বদলাব, কার ঘাড়ে কাকে দেব? আমাদের সমাজ ব্যবস্থায় অনেক খারাপ কাজ এদের দিয়ে করানো হয়েছে, অনেক অন্যায় কাজ এদের দিয়ে করানো হয়েছে এবং সেই জন্যই অনেক বদ অভ্যাস এদের হয়েছে। কাজেই কিছুটা তো থাকবেই এবং সেটা বুঝেই তো আমরা সরকারে এসেছি। আমরা আস্তে আস্তে এসবের পরিবর্তন করতে চাই এবং মানুষের সঙ্গে যাতে তাদের সুসম্পর্ক গড়ে ওঠে সে ব্যবস্থা করতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আশ্চর্য্য হলাম এটা দেখে যে একটা বিষয়ে মোশান আনা হ'ল আর অন্য সব বিষয় নিয়ে এখানে বলা হচ্ছে। এর কি কোন দায়িত্ব নেই? এম. এল. এ. হলে কি দায়িত্ব থাকবে না? আমরাও তো বিরোধী দলে ছিলাম কিন্তু এরকম তো কোনদিন হ'ত না যে একটা ব্যাপারে প্রস্তাব আনলাম এবং অন্য আর একটা বিষয় নিয়ে বললাম। এসব জিনিস তো আপনারা অন্য ভাবে কিছু এনে বা বাজেট সেশানে বলতে পারেন। আইন শৃঙ্খলার সাধারণভাবে তো এটা কোন প্রস্তাবই নয়। সেইজন্য

আমি আর বিশেষ কিছু বলতে চাই না, শুধু কথাটা যখন উঠেছে তখন বলি, আমরা মনে করি পশ্চিমবাংলায় যে আইন শৃঙ্খলার অবস্থা এইরকম ভারতবর্ষের কম জায়গাতেই আছে। এটা আমি খুব গর্ব করে বলছি না—এই অবস্থাতেও তো খুন হয়, ডাকাতি হয়, চুরি হয় আমাদের সমাজ ব্যবস্থায় এসব চলছে। কেউ যদি বলেন এটা সম্পূর্ণ বন্ধ করার ব্যাপারে তাহলে বলব এটা সম্ভব নয়, কিন্তু এরমধ্যেও যতটা কমানো যায় তার প্রচেষ্টা আমাদের করতে হবে—বিরোধীদলেরও করতে হবে, আমাদের সকলকে একসঙ্গে হয়ে এইসব করতে হবে। বিরোধীদলের সঙ্গে আমাদের মতপার্থক্য, মতবিরোধ নিশ্চয়ই আছে মৌলিক বিষয়ে কিন্তু সেগুলি তো মারামারি করে, হাঙ্গামা করে কিছু করা যাবে না। ইন্দিরা কংগ্রেসের লোকেরা জানেন যখন আমার কাছে এসে বললেন যে ইন্দিরা গান্ধী এখানে এসে বক্তৃতা দেবেন—তিনি তো যেখানে যান সেখানে ইট, পাটকেল পড়ে, মারপিঠ লেগে যায়—হয় ওদের মারেন না হয় ওরা মারেন কিন্তু আমি বলেছিলাম, আমাদের পশ্চিমবঙ্গে এসব হবে না, উনি এখানে এসে নির্বিঘ্নে, শান্তিপূর্ণভাবে মিটিং করে যেতে পারেন। ভয় কি আমাদের ? উনি তো ১১ বছর প্রধানমন্ত্রী ছিলেন—ভারতবর্ষের মানুষ তো ওকে তাড়িয়ে দিয়েছে। আমাদের তো দাঙ্গা হাঙ্গামায় দরকার নেই। আমরা তো তার বিরুদ্ধেই লড়াই করেছি। এই যে ১১শো ছেলে আমাদের মারা গেল আমরা কি তাদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাব—কংগ্রেস যে পথ নিয়েছিল সেই পথ আমরা নেব ? না, এটা কখনও হতে পারে না। আমার আর কিছু বলার নেই, এই বলে আমি শেষ করলাম।

**Mr. Deputy Speaker :** The revised allocation of time order for discussion of the motion should end by 7.02 p.m. but some more time would be required to dispose of the motion. Therefore, under Rule 290 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I seek consent of the House to extend the time to dispose of the motion by half an hour.

I think the House will agree to it.

( Voices—Agreed )

Therefore the time is extended by half an hour.

Now I call upon Shri Atish Singh to give his reply.

[7—7-10 P.M.]

**শ্রীঅতীশ চন্দ্র সিংহ**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকারী পক্ষ থেকে এবং মাননীয় মুখ্যমন্ত্রীর বক্তব্য এই মোশানের উপর শুনলাম। তাঁর বক্তব্যে আমার মনে হয় যে তিনি যখনই তার সঙ্গে আমরা দেখা করতে গিয়েছি—আমার মোশানের মূল স্পিরিটটা বোধহয় সরকারী সদস্য নিতে পারেন নি—যাই হউক যখনই আমরা মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করতে গিয়েছি তিনি যে ভাবে আমাদের সঙ্গে কথা বলেছেন এবং যেভাবে আশ্বাস দিয়েছেন সেটা মুখ্যমন্ত্রীর যোগ্য কথা, কখনও তিনি বলেননি যে আপনারা চলে যান দেখব না, এসব হতে পারে না—এই সব কথা উনি কোন দিন বলেননি। সেই জন্য আমি আমার বক্তব্য সম্বন্ধে আমি বলেছি যে মাননীয় মুখ্যমন্ত্রী তিনি যথেষ্ট চেষ্টা করছেন কিন্তু উপরের হাত যদি কিছু থেকে থাকে তা আমি জানি না। কিন্তু আসল কথা হচ্ছে যে শুধু ঐ যখন আমরা দেখা করতে যাচ্ছি—আমরাই হউক বা ইন্দিরা কংগ্রেসের কেউ হউক বা জনতা দলের কেউ হউক তিনি তখন মিষ্টি কথায় বলেন আচ্ছা আমি দেখব, আমার কাছে রেখে যান, আপনাদের টেলিফোন নাম্বারটা রেখে যান আমার সেক্রেটারীর কাছে, আমি নিশ্চয়ই দেখব এবং কথা নিয়ম মাফিক একটা উত্তরও তাঁর কাছ থেকে কোন কোন সময় আসে যে আপনি যে অভিযোগ করে গেছেন তা আমরা ইনভেসটিগেশানের জন্য পাঠিয়েছি এবং যথা সময়ে আপনাকে জানান হবে। এই সৌজন্যমূলক ব্যবহার আমরা তাঁর কাছ থেকে পেয়েছি—এটা অস্বীকার করার উপায় নাই। কিন্তু যাহার বিরুদ্ধে অভিযোগ যেখানে ঘটনাগুলি ঘটছে সেই ঘটনাগুলির কোন প্রতিকার হচ্ছে না। যেখানে ঘটনাগুলি ঘটছে এবং তার দলের যারা সমর্থক নন তারা দিন দিন ভীত সন্ত্রস্ত হয়ে জীবন যাপন করছে—এটা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় তিনি নিশ্চয়ই স্বাভাবিক ভাবে স্বীকার করবেন না কিন্তু সেই ঘটনাগুলি ঘটছে এগুলি যে শুধু আপনাদের কাদা জোড়ার জন্য বা গালাগালি দেবার জন্য এবং ঘটনাগুলি অতিরঞ্জিত করে বাড়িয়ে বলবার জন্য এখানে আনিনি। কিন্তু ঘটনা ঘটছে অথচ আপনারা নিজেরা বলছেন আমরা গণতন্ত্রকে বাঁচিয়ে রাখতে চান। মাননীয় মুখ্যমন্ত্রী এক্ষুণি বলবেন যে ধরে নিলাম তর্কের খাতিরে যে আমরা যে ভাবে চলেছিলাম তার ফলে জনগণ আমাদের সরিয়ে দিয়েছেন, আপনারা সেই ভাবে চলতে চান না। কিন্তু কার্যত লোয়ার লেভেল-এ গিয়ে মুখ্যমন্ত্রী যা এখানে ভাষণ, এখানে কার্য কলাপ—এই দুটোর মধ্যে আকাশ পাতাল তফাত হয়ে যাচ্ছে। আমি বলছি যেটা আপনারা তা স্বীকার করছেন না, এই খানেই আমাদের দুঃখ এবং এর ফল

আপনারা পরে বুঝতে পারবেন। সেজন্য আপনাদের কাছে বারবার বলছি যে সরকারী পক্ষ থেকে যদি আপনারা এই কথাগুলির গুরুত্ব দেন ভাল কথা, যদি না দেন তাহলে ভবিষ্যতে পঃ বাংলার মানুষ তারা যেমন আমাদের ক্ষুদ্র সংখ্যায় এখানে পাঠিয়েছে তেমনি আগের বার আপনাদেরও ক্ষুদ্র সংখ্যায় পাঠিয়ে দেবেন। আর একটা কথা আপনারা বারবার বলেন যে কংগ্রেস আমলে ৩০ বছরে কি হয়েছে—সেটা আপনারা নিজের বিবেককে জিজ্ঞাসা করুন। আর আপনারা ৬৭ সাল আর ৬৯ সালে ২২ মাসের রাজত্বে কি করে গেছেন—আপনার তখন পঃ বাংলায় কি অবস্থায় রেখে গিয়েছিলেন দয়া করে সেই প্রশ্নটা আপনারা আপনাদের বিবেককে জিজ্ঞাসা করুন। আপনারা সেই সময় যে অবস্থায় পঃ বাংলাকে রেখে গিয়েছিলেন—আপনারা বলছেন আমরা নাকি ১১৫ কোটি টাকার দায় দায়িত্ব চাপিয়ে দিয়ে গেছি। তখনকার হিসাব যদি আপনারা নেন তখন সেন্ট্রাল গভর্ণমেন্টের কাছে অনেক টাকা দেওয়া বাকী ছিল—এই সব অংক ১'০ কোটীর অনেক বেশী। আপনারা যে কথায় কথায় ১১০০ কর্ম্মী খুন হয়েছে বলে বলেন তার কোন স্পেসিফিক কোন নামের তালিকা আমরা পাইনি। তাই আজকে আমরা দেখছি মাননীয় মুখ্যমন্ত্রীর যদি সৎউদ্দেশ্য থাকে তাহলে নিশ্চয়ই দেখবেন এটা আশা করি। এই আশা করে আমি এই রেজুলেশান এনেছি, এবং আশা করেছিলাম যে সরকার পক্ষের সদস্যরা তারা এতে রাজী হবেন, যে সত্যিকরে যারা সি· পি· এম· এর নয় তারা আজকে নিগৃহীত হচ্ছে তারা লাঞ্ছিত হচ্ছে এবং বহু জায়গায় সেই ঘটনাগুলি বাড়ছে কমছে নয়। এই বন্যাত্রাণে যে দলবাজী হচ্ছে, যেভাবে শাষানি হচ্ছে আমাদের সমর্থকদের উপর আগে সেটা কখনই হয়নি। তাই একটা গল্পের কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব। সেটা হচ্ছে একজনের খুব পেটের অসুখ হয়েছিল—এখানে দেবীবাবু খুব রসিক লোক, দেবীবাবুর মত আরও দশজন সদস্য থাকলে এই হাউসটা খুব লাইভলি হত অনেক ভালভাবে আলোচনা করতে পারতাম। যাই হউক সেই লোকের পেটের অসুখ হওয়ার জন্য সে কবিরাজ মহাশয়ের কাছে যায়—বলে কবিরাজ মহাশয় আমার খুব পেটের অসুখ, আমাকে বারে বারে বাথরুমে যেতে হচ্ছে আমাকে ভাল ঔষধ দিন। তো তিনি বললেন, আচ্ছা, ঠিক আছে, দেখি কি একটা ঔষধ দেওয়া যায়। তুই একটা কাজ কর। সে জিজ্ঞাসা করলো, কি। না, তুই দুই হাত লাল শালু কিনে আন। তো তাতে কি হবে? না, তুই ভাল করে কঁষে করে পেটে বাঁধ। তাহলে তোর পেটের অসুখ সেরে যাবে। তাতে কি কারো পেটের অসুখ সারে? হ্যাঁ, দেখ আমি যা বলছি, ওই এক হাত লাল শালু তাতে

এতগুলো কারখানা বন্ধ হয়ে যাচ্ছে, আর দু হাত লাল শালুতে তোর পেটের অসুখ বন্ধ হবে না। তো আজকে দেখছি লাল শালু পরলেই পেটের অসুখ, মনের অসুখ, সব অসুখ সারবে। আর লাল শালু না পরলে কোন অসুখ সারবে না।

আমি আমার মোশান আপনাদের আবার এ্যাকসেপ্ট করবার জন্য অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীজ্যোতি বসু** ঃ—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এতো অবান্তর কথা এ্যাসেমব্লীতে আমি আগে কখনও শুনি নি, এখন যা শুনছি। যাই হোক, আমি বলছি যে মোশান ওঁরা এনেছেন তাকে প্রত্যাখানকরবেন সবাই।

The motion of Shri Atish Chandra Sinha that

Whereas the police of Muraroi police-station in the district of Birbhum failed to take appropriate action in village Lakhidanga-Melpara on 28th October, 1978, when about 350 persons gheraoed the house of a villager and burnt a person to death and injured ten others seriously, one of whom died later in hospital ;

And whereas the police have been compelled to act under the dictation of a political party and this incident along with many other incidents of murder, dacoity and arson appears not to have been investigated by an impartial authority and it is felt as if the law and order do not exist in the area ;

Therefore, this House urges upon the Government to investigate the case and restore law and order in the area.

Was then put and lost.

**Mr. Deputy Speaker :** I now call upon Shri Jayanta Kumar Biswas to move his motion.

**ডাঃ জয়নাল আবেদীন ঃ** Sir, I rise on a point of order over this time.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা আগে যে বুলেটিন পেয়েছিলাম, যে অর্ডার পেপার পেয়েছিলাম তাতে এই মোশানকে নো-ডে-ইয়েট-নেমড-মোশান হিসাবে অর্থাৎ 190 of rules of procedure হিসাবে ছিল। আজকে আপনি এই মোশানটা

সারকুলেট করেছেন ১৮৫ এ। এই মোশানটা ঠিক এইভাবে যেভাবে লিপিবদ্ধ করা হয়েছে এটাকে আপনি এইভাবে এ্যালাউ করতে পারেন না। কারণ, it is hit by rule.

আমি ওই ধারাটা আপনাকে তুলে ধরছি, In order that a motion may be admissible it shall satisfy the following conditions, namely এরপর আপনি ৮ উপধারাটা দেখুন (viii) it shall not relate to any matter which is under adjudication by a court of law.

আপনি শুনেছেন, কাগজেও দেখেছি, শা কমিশন কেন্দ্রীয় সরকার-এর কাছে যে রিপোর্ট পেশ করেছেন তার ভিত্তিতে শ্রীমতী ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে আটটি কেস বিচারাধীন আছে বিভিন্ন আদালতে। শা কমিশনের রিপোর্টের ভিত্তিতে যদি কেস বিচারাধীন থাকে তাহলে বিচরাধীন কোন মকদ্দমা থাকাকালীন সেই বিষয় নিয়ে আলোচনা এই হাউসে বা পার্লামেণ্টে হতে পারে না। আপনার কাছে অনুরোধ করি ১৮৭-এ যে জিনিষ বিচারাধীন আছে আপনি সে জিনিষ আলোচনার জন্য গ্রহণ করতে পারেন না। নেক্সট সাবমিশান স্যার, আণ্ডার রুল ১৭০ এগেন যদি আমরা ধরেও নিই যে ট্রান্সফরসেশান হয়েছে ১৯০ মোশান ১৭০-এতে তাহলে This is a type of resolution, again which is a put by 173 (ii) আমি সেখানেও আপনার দৃষ্টি নিবদ্ধ করছি আপনি এই মোশানটা এ্যালাউ করতে পারেন না। ১৭০-এতে বলা আছে, In order that a resolution may be admissible it shall satisfy. সাবরুল ( ফাইভ )-এতে It shall not relate to any matter which is under adjudication by a court of law.

আমার বক্তব্য হচ্ছে, দিস রেজুলেশান ইজ এ্যা মেটামোরফসিশ। আমার বক্তব্য হলো ১৯০ থেকে চলে গেলো ১৮৫-এতে, আবার ১৭০-এর সুযোগ নেওয়ার চেষ্টা করছেন সরকার পক্ষ এখানেও বাধা হয়ে দাঁড়াচ্ছে সাবরুল ( ফাইভ )।

[7-10—7-20 P.M.]

স্যার, আমার থার্ড সাবমিসন আপনার কাছে যে শাহা-কমিশন এসেনসিয়ালি যদিও কোয়াসি-জুডিসিয়ারী-এর বিচারপতি ছিলেন সুপ্রীম কোর্টের প্রাক্তন চীফ জাসটিস। সেই শাহা কমিশনের প্রতিবেদন আমাদের কাছে বিলি করা হয়েছে এবং সেখানে আমরা দেখেছি অনেকগুলি বক্তব্য রাজনৈতিক বিচার বিভাগীয় নয়।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** This is not a point of order.

**শ্রীজয়নাল আবেদিন ঃ** স্যার, আমাকে বলতে দিন আমার পয়েণ্ট অব অর্ডারটা কি সেটা না শুনলে আপনি কি করে রুলিং দেবেন ?

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** I would not allow you.

**শ্রীজয়নাল আবেদিন ঃ** স্যার, আমার পয়েণ্ট আমাকে বলতে দিন।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** বলুন কি আপনার পয়েণ্ট অফ অর্ডার।

**শ্রীজয়নাল আবেদিন ঃ** স্যার, আর্টিক্যাল ২১১ আপনি দেখুন সেখানে পরিষ্কার বলা আছে এই রকম জিনিস আপনি এ্যালাউ করতে পারেন না।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** আপনি যে পয়েণ্টটা রেজ করতে চাচ্ছেন তাতে কোন পয়েণ্ট অফ অর্ডার হতে পারে না।

**শ্রীজয়নাল আবেদিন ঃ** স্যার, আমাকে পয়েণ্ট ফরমুলেট করতে দিন। যে মামলা বিচারাধীন আছে কন্‌ষ্টিটিউসনের আর্টিক্যাল ২১১-তে পরিষ্কার বলা আছে নো ডিস্কাসন স্যাল বি টেক প্লেস। এবং উই আর বাউণ্ড দিস।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** Your point of order is out of order. Now we are going to discuss the such commission report.

**শ্রীভোলানাথ সেন ঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, অন এ পয়েণ্ট অব অর্ডার, রুল ১৮৭(২)-তে আছে It shall not contain arguments, inferinas isonical expressions, imputations or defamatory statements. এখানে দেখুন যেহেতু শাহ কমিশনের···

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** মিঃ সেন what is written here need not be read out.

**শ্রীভোলানাথ সেন ঃ** স্যার, রুল ১৮৭-তে পরিষ্কার বলা আছে যে এই মোশন আনা যেতে পারে না।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** এই মোশন আমরা এ্যালাউ করেছি আপনি বসুন মিঃ বিশ্বাস আপনি আলোচনা শুরু করুন।

( গোলমাল )

( কংগ্রেস বেঞ্চের সমস্ত সদস্য একসঙ্গে চীৎকার করতে থাকে )

**শ্রীভোলানাথ সেন :** এ কি রকম কথা আমার পয়েন্ট অব অর্ডার শুনবেন না কিছু বলতেই দিলেন না। তাহলে আমরা এই হাউস পরিত্যাগ করলাম।

( ভীষণ গোলমালসহ সমস্ত কংগ্রেস পক্ষ সভা ত্যাগ করেন। )

**Mr. Deputy Speaker :** Mr. Jayanta Biswas will now move his motion.

**Shri Bholanath Sen :** Sir, please allow me to speak on the point of order.

**Mr. Deputy Speaker :** Mr. Sen please take your seat. I have heard your point of order. I have already ruled it out. I have given a chance to Shri Rajani Doloi to speak.

( Noise )

**Shri Rajani Kanta Doloi :** I am in full agreement with Dr. Abedin and Shri Bhola Sen. You have not allowed to raise the point of order. My point of order is that the Shaw Commission report is a farce.

**Mr. Deputy Speaker :** There is no point of order. I do not allow it. Mr. Jayanta Biswas will please move his motion.

( Noise )

**(At this stage members in the Congress (I) and Congress benches walked out of the chamber)**

**Shri Jayanta Kumar Biswas :** Sir, I beg to move

"যেহেতু শাহ কমিশনের রিপোর্টে সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছে যে, ভারত রাষ্ট্রের পূর্বতন প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী জরুরী অবস্থায় লক্ষ লক্ষ রাজনৈতিক নেতা ও কর্মীদের হত্যা বা কারারুদ্ধ করে, জনসাধারণের উপর অত্যাচার চালিয়ে এবং রাজ্যে রাজ্যে সামরিক ও আধা-সামরিক বাহিনী মোতায়েন করে সারা দেশ জুড়ে আধা ফ্যাসিস্ট কায়দায় একনায়কতন্ত্রী শাসনব্যবস্থা প্রতিষ্ঠা করার সুপরিকল্পিত ষড়যন্ত্র করেছিলেন,

যেহেতু বিগত লোকসভা নির্বাচনের সুযোগে পূর্বতন প্রধানমন্ত্রীর রাজত্বের বিরুদ্ধে দেশের কোটি কোটি রুদ্ধবাক, অপমানিত ও নিগৃহীত মানুষের রায় স্বৈরতন্ত্রী শাসন বাবস্থার বিরুদ্ধে জনগণের ক্ষোভ ও রোষের বহিঃপ্রকাশ এবং, যেহেতু শুধু নির্বাচনের মাধ্যমে স্বৈরতন্ত্রী শাসনব্যবস্থার অপসারণ বা অন্ধকারের রাজত্বের অবসানই

।, জনসাধারণ চেয়েছিলেন গণতন্ত্র হত্যাকারী, অত্যাচারী ইন্দিরা গান্ধী ও তাঁর হগৃহীত দুষ্টচক্রের সমস্ত অপকর্মের বিচার ও শাস্তি।

অতএব পশ্চিমবঙ্গ বিধানসভা শাহ কমিশনের রিপোর্টের ভিত্তিতে ইন্দিরা গান্ধীর চার তরান্বিত করার জন্য রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের নিকট দাবি নাচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমার কাছে শাহ কমিশনের দুখণ্ড রিপোর্ট ছে। এই রিপোর্টের ছত্রে ছত্রে, পৃষ্ঠায় পৃষ্ঠায় জরুরী অবস্থাকালে গোটা ভারতবর্ষ ড় যে হত্যা, যে অত্যাচার, যে জুলুমের রাজত্ব চলেছিল সেই রাজত্বের অভূতপূর্ব না ইতিমধ্যেই হয়েছে। আমরা সবাই বিশেষ করে যারা প্রগতিশীল রাজনীতির ই যুক্ত, এইসব ঘটনা আমাদের অজানা নেই।"

[7-20—7-30 P.M.]

জরুরী অবস্থাকালে যে অত্যাচারের স্ট্রিম রোলার আমাদের উপর দিয়ে চলে য়ছিল আমরা সেই অত্যাচারের স্মৃতিকে এখনও ভুলতে পারি নি। শাহ শনের রির্পোটে যে কথা বলা হয়েছে সেই কথার ভিত্তিতে সমগ্র ভারতবর্ষের কোটি জনসাধারণ ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে লড়াই ঘোষণা করেছে। ইন্দিরা ীকে আজকে অতীতের ইতিহাসে পরিণত করে দিয়েছে। ভারতবর্ষের াড়িত, লাঞ্ছিত, অপমানিত মানুষ জাগ্রত হয়ে ইন্দিরা গান্ধীকে দূরে ঠেলে ছে। স্যার, শাহ কমিশনের রিপোর্টের মধ্যে বলা হয়েছে যে গণ মাধ্যমগুলির রাধ করা হয়েছিল, সংবাদপত্রের উপর সেনসারশিপ আরোপ করা হয়েছিল, ষ তার মতামত প্রকাশ করতে পারতো না, চিন্তার স্বাধীনতাকে লুপ্ত করার ন্ত্র করা হয়েছিল। এর সঙ্গে পুলিশ এবং সি. আর. পি. বাহিনীকে সারা দেশ মোতায়েন করা হয়েছিল। গরীব মানুষ যারা, খেটে খাওয়া শ্রমজীবী যারা তারা যাতে কখনও মাথা তুলে দাঁড়াতে না পাড়ে সেই চক্রান্ত তারা ছিলেন—এইসব কথা শাহ কমিশনের রিপোর্টের মধ্যে থেকে গিয়েছে। স্যার, রা দিল্লীর সেই ঘটনার কথা ভুলি নি—তুর্কমান গেটের সেই ঘটনার কথা, বাগের ঘটনার কথা, অর্জুননগরের সেই ঘটনার কথা যেখানে সঞ্জয় গান্ধীর াচনায় হাজার হাজার বাড়ী ভেঙ্গে দেওয়া হল, মসজিদ ভেঙ্গে দেওয়া হ'ল, রাঙ্গীয়ে দেওয়া হল হাজার হাজার মানুষকে। মানুষের উপর যে াচার করা হল সেসব কথা আমরা ভুলি নি। আমরা তার সঙ্গে সঙ্গে দেখেছিলাম ার পরিকল্পনার নাম করে কি ভাবে সেখানে নাসবন্দীর ঘটনা ঘটেছিল। সেখানে নির্বীজকরণের নাম করে কি ভাবে ওরা গোটা জাতিকে পঙ্গু করার

ষড়যন্ত্র করেছিল সেই কথা রিপোর্টের মধ্যে আছে। স্যার, আমরা দেখেছি, যে সমস্ত বরেণ্য নেতাদের গ্রেপ্তার করা হল—জয়প্রকাশ নারায়ণ, জ্যোতির্ময় বসু থেকে আরম্ভ করে হাজার হাজার বামপন্থী কর্মীকে সেখানে জেলের ভেতরে তাদের উপর কি অত্যাচার নেমে এসেছিল। সেখানে মিসার অপপ্রয়োগ ঘটেছিল। আমাদের মতন সাধারণ কর্মীরাও রেহাই পায়নি সেই মিসা, ডি. আই. আর.-এর কবল থেকে। স্যার, জেলের ভেতরে যে অভিজ্ঞতা আমাদের হয়েছে সেই অভিজ্ঞার কথা আমরা ভুলতে পারি নি, দেশের কোটি কোটি মানুষও সে কথা ভুলতে পারবেন না। মিসার অপপ্রয়োগ সম্বন্ধে আমি খুবই সংক্ষেপে কয়েকটি কথা বলব। এটা আমার কথা নয়, ষ্টেটসম্যান কাগজের যিনি সম্পাদক তিনি শাহ কমিশনের রিপোর্টের উপর রাজনৈতিক ভাষ্য রাখতে গিয়ে যে কথা বলেছিলেন আমি সেই কথাই বলছি। স্যার, ওরা বামফ্রন্টের কথা বলে না। সেই ষ্টেটসম্যান কাগজের সম্পাদক বলছেন—Thousands were thrown into prison, the Maintenance of Internal Security Act was blatantly and constantly misused, rules and procedures were thrown to the winds, personal scores were settled and dissidents were made an example by wrongful confinement or arrest or harassment. এইসব কথা যারা গণতন্ত্রে বিশ্বাস করে তাদের কণ্ঠেই উচ্চারিত হয়েছিল, সাংবাদিক, বুদ্ধিজীবী তারাই এইসব কথা বলেছেন। সঙ্গে সঙ্গে আমি বলতে চাই যে আমরা দেখেছি, ইন্দিরা গান্ধীর দম্ভ কোথায় বা কোন পর্যায়ে গিয়েছিল—গোটা দেশ জুড়ে অত্যাচার করেছিল, হাজার হাজার মানুষকে খুন করেছিল। বীরের রক্তস্রোত, মাতার অশ্রুধারায় সমস্ত ভারতবর্ষ যেখানে বন্দী হয়ে গিয়েছিল সেখানে সেই রক্তস্নাত ভারতবর্ষের উপর জবরদস্তিমূলক একনায়কতান্ত্রিক শাসন ব্যবস্থা কায়েম করা হয়েছিল। আজকেও আমরা দেখছি যুগান্তর পত্রিকায় ইন্দোর থেকে তিনি বলছেন, আমাকে অপমান করার লোক জন্মায়নি। স্যার, যেখানে ভারতবর্ষের লক্ষ কোটি লোক শপথে, সংকল্পে উদ্দিপ্ত যে ইন্দিরা কংগ্রেসকে আর মাথাচারা দিয়ে উঠতে দেব না, ইন্দিরা গান্ধীর সমস্ত পাপাচারের বিচার করতে হবে তখন তিনি বলেন, আমাকে অপমান করার লোক জন্মায় নি। তা ছাড়া স্যার, আপনারা জানেন লোকসভার প্রিভিলেজ কমিটির কথা কয়েকদিন আগে উঠেছে। সেখানে অধ্যাপক সমর গুহের নেতৃত্বে যে প্রিভিলেজ কমিটি আছে সেই প্রিভিলেজ কমিটি অভিযোগ এনেছেন যে ভারতবর্ষের যে সংসদ যা সার্বভৌম ক্ষমতার অধিকারী সেই সংসদের মর্যাদা, সার্বভৌমিকতা, লোকসভার কর্তৃত্ব এবং ভারতবর্ষের গণতান্ত্রিক বুনিয়াদকে ভাঙবার চক্রান্ত করেছিলেন ইন্দিরা গান্ধী। তাই আজকে পশ্চিমবঙ্গের

এই বিধানসভা থেকে আমরা সিদ্ধান্ত গ্রহণ করতে চাই যে, জনতা নেতৃত্বের দ্বিধা-গ্রস্ততার জন্য যেখানে ইন্দিরা গান্ধীর বিচার তরান্বিত হচ্ছে না সেখানে ইন্দিরা গান্ধীর বিচার দ্রুত ঘটাতে হবে, তরান্বিত করতে হবে। কারণ আমরা দেখতে পাচ্ছি যতদিন যাচ্ছে ততই ইন্দিরা গান্ধী এবং তার লোকেদের স্পর্ধা আকাশচুম্বী হয়ে যাচ্ছে। চিকমাগালুরের নির্বাচনের পর ঐ তটিনীর যে কালো ছায়া সমস্ত ভারতবর্ষে পড়তে শুরু করেছে তার বিরুদ্ধে আমাদের ঐক্যবদ্ধ ভাবে লড়াই করতে হবে। শাহ কমিশনের রিপোর্ট যেখানে অবিসংবাদী ভাবে প্রমাণিত হয়েছে যে ইন্দিরা গান্ধী ভারতবর্ষের গণতন্ত্রকে হত্যা করার ষড়যন্ত্র করেছিলেন, ভারতবর্ষের গণতন্ত্রের বুনিয়াদকে ধ্বংস করার চেষ্টা করেছিলেন সেখানে সেই কারণে আজকে এই পশ্চিমবাংলার বিধানসভায় যারা উপস্থিত আছে তাদের সকলের কাছে আমার আবেদন, আপনারা আমার এই প্রস্তাবকে সমর্থন করুন যাতে কেন্দ্রীয় সরকারের কাছে আমার আমাদের বক্তব্য পাঠাতে পারি যে ইন্দিরা গান্ধীর বিচার তরান্বিত করা হোক। এই কথা বলে আমার প্রস্তাবটি আপনাদের সকলের বিবেচনার জন্য রেখে আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রীহরিপদ ভারতী:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সরকার পক্ষের মাননীয় বন্ধু যে বেসরকারী প্রস্তাব এখানে উপস্থাপিত করেছেন জনতা দলের পক্ষ থেকে অনিবার্যভাবে আমি তা সমর্থন করবার জন্য দাঁড়িয়েছি। আমি এই প্রস্তাবকে একটি আন্তরিক ইচ্ছার সার্বিক প্রকাশ বলে মনে করি এবং সেই আন্তরিক ইচ্ছা কেবলমাত্র মাননীয় বন্ধু জয়ন্ত বিশ্বাসের নয়, সেই আন্তরিক ইচ্ছা এই বিধানসভার সদস্যদেরই শুধু নয়, সেই আন্তরিক ইচ্ছা ভারতবর্ষের কোটি কোটি মানুষের। যে বন্ধুরা এখানে এইমাত্র আইন উত্থাপন করে, আইনের আশ্রয় গ্রহণ করে চলে গেলেন আমার বিশ্বাস তাদেরও আন্তরিক ইচ্ছা বিচার হোক, সত্য উদ্ঘাটিত হোক। ইন্দিরা গান্ধীর বিচার কেবলমাত্র ইন্দিরা গান্ধীর পরিপন্থী মানুষেরা চান না, আমি যতদুর জানি যারা ইন্দিরা গান্ধীর সমর্থক তারাও চান বিচার হোক। উভয়ের উদ্দেশ্য অবশ্য বলাবাহুল্য ভিন্ন ভিন্ন। আমরা চাই তার বিচার হোক তিনি যে অপকর্ম করেছেন তার জন্য, ইন্দিরা গান্ধীর অনুরাগী বন্ধুরা চান তার বিচার হোক এই সত্যকে প্রমাণিত করবার জন্য যে তিনি কোন অন্যায় করেন নি। লক্ষ্য যার যাই থাক বিচারপ্রার্থী কিন্তু আমরা সকলেই। তাই আমি মনে করি এই প্রস্তাব সকলেরই আন্তরিক ইচ্ছার বহিঃপ্রকাশ মাত্র। এই প্রস্তাবের মধ্যে দুটি দিক আছে—একটি যুক্তির দিক যে যুক্তি

বিভিন্ন ঘটনা প্রবাহের উপর প্রতিষ্ঠিত এবং আর একটি দিক হচ্ছে সিদ্ধান্তের দিক যেখানে ইন্দিরা গান্ধীর বিচারকে তরান্বিত করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন জানানো হয়েছে।

[7-30—7-40 P.M.]

যে ঘটনা এখানে উপস্থিত হয়েছে তার মূল্যায়ণ, তার ব্যাখ্যা হয়তো ভিন্ন ভিন্ন বন্ধু ভিন্ন ভিন্ন ভাবে করতে পারেন। তথাপি ঘটনাকে কেউ অস্বীকার করতে পারবেন, এমন কথা আমি মনে করি না। আমাদের দেশে আভ্যন্তরীণ জরুরী কোন সিভিল ওয়ার-কে কেন্দ্র করে হয়নি, কোন আপৎকালীন অবস্থাকে কেন্দ্র করে হয়নি, সীমান্তে কোন হানাদারদের উপস্থিতির জন্য হয়নি, কোন বহিঃশত্রুর আক্রমণের জন্য হয়নি, এটা হয়েছিল ইন্দিরা গান্ধীর প্রধানমন্ত্রীত্ব বাঁচাবার জন্য, এই সত্যকে কেউ নিশ্চয়ই অস্বীকার করতে পারেন না। আমি যখন এখানে আইনের তর্ক শুনছিলাম—আমি আইনজ্ঞ নই, কিন্তু আমি কৌতুকের সঙ্গে অনুভব করছিলাম যে আইনহীন আইনের পরিপ্রেক্ষিতে আইনের এমন ভাবে উপস্থাপনা যারা করেন, তারা সত্যই ধন্যবাদার্হ অন্য দিক থেকে। কারণ আমরা সেই আইন দেখেছি, কোন আইন নেই, কোন বিচার নেই, কোন অভিযোগ পত্র পেশের ব্যবস্থা নেই, একজন মানুষকে বিনা বিচারে আবদ্ধ করে দিনের পর দিন, নির্বাচনের মধ্যে দিয়ে এসে যারা আজকে গণতন্ত্রের কথা বলেছেন, তারা কি ভাবে সেদিন গণতন্ত্রকে হত্যা করেছে, বিচারকে হত্যা করেছে, মানবিক অধিকারকে পদ দলিত করেছে তা আমরা দেখেছি এবং সেদিনের পরিবর্তে আজকে যেভাবে বিচারের কথা উঠেছে, নিঃসন্দেহে তা যৌক্তিক, নিঃসন্দেহে তা কোটি কোটি ভারতবাসীর অন্তরের ইচ্ছা বলে মনে করি এবং আজকে সেই বিচার যখন এসে উপস্থিত হয়েছে, আমি মনে করি, আমার কংগ্রেসী বন্ধুদেরও একমত হয়ে এই বিচারের দাবী করা উচিত। তারা যদি মনে করেন যে ইন্দিরা গান্ধী মহোদয়া যে ব্যাখ্যা দিয়েছিলেন, দেশকে রক্ষা করবার জন্য তিনি এমার্জেন্সী ঘোষণা করেছিলেন, গণতন্ত্রকে বাঁচাবার জন্য গণতন্ত্রকে পদ দলিত করেছিলেন, দেশের নিরাপত্তার জন্য কিছু কিছু দেশোদ্রোহীকে তিনি কারারুদ্ধ করেছিলেন, তিনি কোন অন্যায় করেন নি এমার্জেন্সী ঘোষণা করে, মানুষকে যারা রুদ্ধ করে, তাহলে তারই তো বিচার হওয়া উচিত। তিনি যে সম্পূর্ণ নির্দোষ, এই প্রমাণ করবার জন্যও তো বিচারের দাবী তাদের কণ্ঠে উত্থিত হওয়া আবশ্যক। কিন্তু আমি দুঃখের সঙ্গে লক্ষ্য করলাম, তারা বিচারও চান না, বোধ করি মনে মনে

তারা বোঝেন বিচার হলে দোষী সাব্যস্ত হবেন, তাদের নেত্রীর সাজা হবে, সেই সাজাকে এড়াবার জন্য হয়তো এমন করে অনেক সাজ সজ্জা করে আইনের অনেক তর্জমা আমাদের সামনে উপস্থাপিত করে তারা বিদায় গ্রহণ করলেন। আজকে প্রশ্ন এই, যদি বিচার না হয়, ইন্দিরা গান্ধীর পক্ষের লোকেরা বারবার বলবার সুযোগ পাচ্ছেন, ইন্দিরা গান্ধী দোষী নন, জনতা সরকারের হাতে কোন তথ্য নেই, কোন প্রমাণ নেই, ইন্দিরা গান্ধীকে দোষী সাব্যস্ত করবার মত কোন পাথেয় তাদের নেই। তাই বিচারের কথা মাঝে মঝে বলেন, সাহ কমিশন বসান, অনেক অভিযোগ উপস্থাপিত করেন, অনেক তথ্য পরিবেশন করেন। কিন্তু আসলে মূল্যহীন তাই বিচার করতে পারছেন না, ইন্দিরা গান্ধীকে অভিযুক্ত করবার মত কোন সম্পদ তাদের নেই। আমি জনতা পার্টির পক্ষ থেকে আজকে কেন্দ্রীয় জনতা সরকারের কাছে এই আবেদন দৃঢ়তার সঙ্গে জানাতে চাই যে তাদের অভিযোগ যে মিথ্যা নয়, ইন্দিরা গান্ধী যে সত্য সত্যই অপরাধী, অন্ততঃ এইটুকু দেশবাসীর কাছে প্রমাণ করবার জন্য অচিরে তারা বিচারের ব্যবস্থা করুন। বিচারে যদি তিনি সত্য সত্যই নির্দোষ হন, আমার বলবার কিছু নেই। আমরা যে কারা জীবনযাপন করেছি, অন্যায় দেখেছি, আইনহীন ব্যবস্থা দেখেছি, গণতন্ত্রকে পদদলিত হতে দেখেছি, তা যদি সব মিথ্যা হয়, মায়া হয়, তবু আমি দুঃখ করবো না। কিন্তু বিচার হোক, আইনের বিচারের মাধ্যমে একটা সত্য উদ্ঘাটিত হোক, ন্যায়ের প্রতিষ্ঠা হোক, এই আমরা চাই এবং সেই জন্যই আমরা চাই যে এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে এখানে গৃহীত হোক। আজকে প্রশ্নটা ব্যক্তির নয়, ইন্দিরা গান্ধী মহোদয়ার বন্ধুরা এই কথা ভাবেন, অনুরাগীরা হয়তো ভাবেন, তাদের নেত্রীর বিচার হবে, যে ভদ্রমহিলার একদিন ভারতবর্ষের সঙ্গে একাত্ম হয়ে গেছেন, স্তাবকের কণ্ঠে উত্থিত হয়েছে ইন্দিরা ইজ ইণ্ডিয়া, ইণ্ডিয়া ইজ ইন্দিরা, তাঁর বিচার হবে ভারতবর্ষের আদালতে? যিনি সমস্ত আদালতকে নিজে নিয়ন্ত্রিত করেছেন, যিনি আমাদের সামনে সম্পূর্ণ সমস্ত শক্তিকে করায়ত্ব করেছেন, আজ কোন্ আদালত তাঁর বিচার করবে, এই দৃশ্যটা তারা মনে মনে সহ্য করতে পারছেন না। তাই হয়তো এই কথা বলছেন এবং তারা আজকে সঙ্গে সঙ্গে এই কথাও মনে করছেন যে বিচারের আবশ্যকতা কি? জনতার রায় তো হয়ে গেছে। চিক্‌মাগালুরে বিচার হয়ে গেছে। জনগণ ভোট দিয়েছে, ইন্দিরা গান্ধী বিজয়িনী হয়েছেন ৭৭ হাজার ভোটে, জনগণ রায় দিয়েছেন ইন্দিরা গান্ধী নির্দোষ। একটা নির্বাচনে, একজন প্রার্থীর জয়লাভ যদি এমন ভাবে সমস্ত ইতিহাসকে নতুন করে আবার সামনে উপস্থিত করতে পারে, সমস্ত ঘটনাকে মিথ্যা বলে প্রমাণ করতে

পারেন, আমার কিছু বলবার নেই। কিন্তু সেই বন্ধুদের উদ্দেশ্যে এই কথাও নিশ্চয়ই আমি মনে করিয়ে দেবো, ঐ চিকমাগালুরের যে নির্বাচন কেন্দ্র, সেখানেও অন্ততঃ দু লক্ষ মানুষ ভোট দিয়েছেন ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে।

অতএব রায় সম্পূর্ণ এক-তরফা হয়নি, তাঁর বিজয়ের পরেও হয়নি এবং সেই বিজয়ের সঙ্গে সঙ্গে ওখানে আমরা দেখছি—যেদিন বোম্বাইয়ে পৌর নির্বাচন হয় সেইদিন নির্বাচন কিভাবে অনুষ্ঠিত হয়েছে তা আপনারা নিশ্চয়ই অবগত আছেন। সংবাদপত্রে চিকমাগালুর নির্বাচনের সংবাদ যেদিন সমস্ত পাঠক-পাঠিকারা পড়েছেন প্রভাতে, সেইদিনই বোম্বাইয়ে আরোও সচেতন নাগরিকেরা ভোট দিতে গেছেন পৌরসভার নির্বাচনের জন্য এবং তাঁরা ইন্দিরা গান্ধীর দলকে ধরাশায়ী করে দিয়েছেন। তাঁরা রায় দিয়েছেন ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে। অতএব একটা নির্বাচনের পরিপ্রেক্ষিতে যারা মনে করছেন ইন্দিরা গান্ধী জয়ী হয়েছেন, জনগণ সাধুবাদ দিয়েছেন এবং জনগণ তাঁকে সমর্থন করেছে, আমি তাঁদের বুদ্ধির প্রশংসা করতে পারি না। এমনভাবে মিথ্যাকে সত্যে পরিণত করা যায় না, পাপকে লুকানো যায় না, গণতন্ত্রের প্রতিষ্ঠা এইভাবে সম্ভবপর নয়। কাজেই আজকে বিচার আবশ্যক, ইন্দিরা গান্ধীর নানা কারণে বিচার আবশ্যক। একটা ব্যক্তির কথা নয়, নীতির কথা গণতন্ত্র সত্য, ভারতবর্ষে স্বীকৃত আছে, গৃহীত আছে। গণতান্ত্রিক পদ্ধতিতে ভারতবর্ষ পরিচালিত হবে, না স্বৈরতন্ত্র আমাদের দেশে প্রতিষ্ঠিত হবে প্রশ্ন সেইখানেই। সুতরাং বিচার হবে এবং তা আদালতের বিচার হবে। বিচার হবে সেইখানেই যে তরুণী নিজের সন্তান কামনা করেছে কিন্তু ইন্দিরা গান্ধীর জন্য তাঁর সন্তান কামনা চিরতরে ব্যর্থ হয়ে গেছে, বিচার হবে তরুণীর দীর্ঘশ্বাসের মধ্য দিয়ে ইন্দিরা গান্ধীর। যখন মানুষ কারাবাস করছেন তার জন্য পিতা-মাতা অকাল মৃত্যু বরণ করেছেন—তাঁদের দীর্ঘশ্বাসের মধ্য দিয়ে ইন্দিরা গান্ধীর বিচার হবে, বিচার হবে ইন্দিরা গান্ধীর অজস্র অপকৃত্তির মাঝখান দিয়ে তাঁর স্বৈরতান্ত্রিক সর্বনাশের মধ্য দিয়ে এবং সেই বিচার অচিরেই হওয়া আবশ্যক। যদি গণতান্ত্রিক প্রতিষ্ঠা আমরা চাই, ব্যক্তি স্বাধীনতা প্রতিষ্ঠা চাই, সত্যের জয় চাই, তাহলে অবিলম্বে বিচার হওয়া আবশ্যক। কোন ধোঁয়া নয়, কুয়াশা নয়, রহস্য আবৃত পরিচ্ছেদ নয়, কোনও অনিশ্চিত পরিবেশ নয়—ইন্দিরা গান্ধী অপরাধী, না অপরাধী নয় সেই রায়ের ব্যবস্থা আপনাদের প্রস্তাবে আছে। তাই আমি এই প্রস্তাবকে সমর্থন করতে দাঁড়িয়েছি। কিন্তু সঙ্গে সঙ্গে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার নিবেদন আমরা গণতন্ত্রের প্রতিষ্ঠার জন্য, ব্যক্তি স্বাধীনতার প্রতিষ্ঠার জন্য, ন্যায় নীতির প্রতিষ্ঠার জন্য সুবিচারের আশায় যেমন ইন্দিরা গান্ধীর

বিচার চাইছি তেমনি সঙ্গে সঙ্গে আমরা নিজেরাও প্রস্তুত থাকি এই কথা ভাবার জন্য, এই কথা বলবার জন্য যে, আমরা বিচারপ্রার্থী কিন্তু সঙ্গে সঙ্গে আমরাও আমাদের চলনে-বলনে, ধ্যানে-ধারণায় আমাদের আচরণে প্রাত্যহিক নিয়ম রক্ষার মধ্য দিয়েও যেন আমরা ঐ গণতন্ত্রকে মর্যাদা দিয়ে থাকি, আমাদের যে দাবী সেই দাবীর অনুকূলে পর্যালোচনা করবার সুযোগ আমরা গ্রহণ করে থাকি। এইটুকু বলে এই প্রস্তাবকে সর্বান্তকরণে সমর্থন করছি।

**শ্রীসুভাষ চক্রবর্ত্তী:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উত্থাপিত প্রস্তাবকে সমর্থন করতে গিয়ে দু-একটি কথা উল্লেখ করতে চাই। এটা ঠিকই খুবই দুঃর্ভাগ্য এবং পরিতাপের বিষয় যে, ইন্দিরা গন্ধী যেভাবে গণতন্ত্রকে পদদলিত করেছেন ভারতবর্ষের ৬০ কোটি মানুষকে কারাগারে ১৯ মাস আবদ্ধ করে রেখে এবং সমস্ত রীতি-নীতিকে ভঙ্গ করে তাঁর প্রধানমন্ত্রীত্ব রক্ষা করার জন্য যেভাবে সারা ভারতবর্ষের লোকেদের উপর ষ্টীম রোলার চালিয়েছে সেই রকম একজন ব্যক্তির বিরুদ্ধে দেশের সাধারণ মানুষ ১৯৭৭ সালের মার্চ মাসে যে রায় দেন সেই রায় আজ পর্যন্ত কার্যকরী করা যায়নি। কারণ সর্বোচ্চ আদালত—যাই হোক না কেন—দেশের ৬০ কোটি মানুষের যে সংশোধীয় বিচার তাদের ভোটের মধ্য দিয়ে, নির্বাচনের মধ্য দিয়ে করেছেন—সেইদিনই প্রতিফলিত হয়ে গেছে যে ইন্দিরা গান্ধী দোষী, ইন্দিরা গান্ধী অপরাধী। এ বিষয়ে সংশয় সন্দেহ আজকে দেশের মানুষের সামনে নির্বাচনের ফলাফল বেরুবার পর নয়। এটা অত্যন্ত পরিতাপের বিষয় যে, সারা দেশের মানুষ সোচ্চার কণ্ঠে যে দাবী করলো, যে বক্তব্য রাখলো লাঞ্ছনার এবং অবিচারের বিরুদ্ধে, নিপীড়িত হওয়ার বিরুদ্ধে যে রুখে দাঁড়ালো এবং স্বৈরতন্ত্রের মূল উৎপাটিত করলো, সেই স্বৈরতন্ত্রের মূলকে আরোও সম্পূর্ণভাবে বিচ্ছিন্ন করার জন্য তাঁর যে প্রয়োজনীয় শাস্তি সেই শাস্তির প্রশ্নে আমরা নানা রকম গড়িমসি দেখছি। এটা দুঃর্ভাগ্য হলেও সত্যি যে, ২০ মাস ধরে এই ঘটনা ঘটে চলেছে এবং এখনো অস্পষ্ট আছে। আজকে শুনলাম, সুপ্রীম কোর্ট রায় দিয়েছে যে, বিশেষ আদালত হতে পারবে।

বিষয়টা এত বিলম্বিত কেন তা আমরা বুঝতে পাচ্ছি না। এ ক্ষেত্রে আমার একটা গল্পের কথা মনে পড়ে যাচ্ছে। একটা বাড়ীতে চোর পড়েছে সেই বাড়ীর লোক সুপুরুষ লোক সিঁদ কাটছে দেখে বললেন যে কিভাবে সিঁদ কাটে দেখি, তারপরে ভেতরে ঢুকে এসে চোর যখন আলমারি ভাঙ্গছিলো তখন তিনি বললেন যে কিভাবে আলমারি ভাঙ্গে দেখি এবং সে যখন চলে যায় তখন তিনি বললেন সে কিভাবে চলে যায় আমি দেখি। ইন্দিরা গান্ধীর বেলায়ও আমাদের দেশে সেই রকম হচ্ছে।

সারা দেশের মানুষ যাকে ঘৃণা করেছে তাকে ডিফেণ্ড করার কোন প্রশ্ন ওঠে না। এই প্রস্তাবে আলোচনায় দুই কংগ্রেসের একজনও নেই। এত জুলুম, এত অত্যাচার হয়েছিলো যার সম্পর্কে এখানে মুখোমুখি দাঁড়িয়ে কথা বলার সাহস তাঁদের নেই। সেইজন্য আইনের প্রশ্ন তুলে তারা বিধানসভা থেকে চলে গেলেন। সেইজন্য এই প্রস্তাব সমর্থন করতে গিয়ে এই কথাই বলবো যে, জনতা দলের পক্ষ থেকে তাঁরা যেন কেন্দ্রীয় সরকারের উপর তীব্র চাপ সৃষ্টি করেন যাতে ইন্দিরা গান্ধীর বিচার ত্বরান্বিত হয়। এই অনুরোধ রেখে আমি শেষ করছি।

[7-40—7-50 P.M.]

**শ্রীমতী অপরাজিতা পোদ্দী:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই সভায় যে প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে কিছু বলতে চাই। যে বলিষ্ঠ প্রস্তাব এসেছে তার পেছনে আমাদের দৃঢ় সমর্থন আছে। আমরা অনেক রক্ত, অনেক অশ্রু ঝড়িয়ে এই বিধানসভায় এসেছি। তাই বিগত দিনের কথাগুলি আমরা ভুলতে পারবো না। সেজন্য আমরা বিশ্বাস করি আমরা আজ এখানে যে ঐতিহাসিক প্রস্তাব নিতে যাচ্ছি সেটা সারা ভারতবর্ষ দেখবে এবং আইন সম্পর্কে কতকগুলি বক্তব্য রেখে কংগ্রেস যে বেরিয়ে গেল এটা লোকে দেখবে। যারা গণতন্ত্রের কথা বলেন তাঁরা সেই বীভিষিকাময় দিনগুলির কথা ভুলে গেছেন। ভারতবর্ষের মানুষ ভুলতে পারে না ইন্দিরা গান্ধীকে, যিনি গণতন্ত্রকে হত্যা করেছিলেন এবং স্বৈরতন্ত্রের নায়িকা হতে চেয়েছিলেন। সারা ভারতবর্ষের মানুষ সেইজন্য ভারতবর্ষের বুক থেকে তাঁকে সরিয়ে দিয়েছেন। জরুরী অবস্থাকালীন যেসব ঘটনা ভারতে হয়েছিলো এবং শাহ কমিশনের সামনে সেসব তথ্য উদ্‌ঘাটিত হয়েছিলো তাতে পৃথিবীর মানুষ স্তম্ভিত। কমিশন না বসলে সেই সমস্ত জিনিষ বেরতো না। সেইজন্য আমরা মনে করি গণতন্ত্রের হত্যাকারী ইন্দিরা গান্ধীর যিনি আবার স্বদর্পে রাজনীতিতে প্রবেশ করার চেষ্টা করছেন পঃ বঙ্গের রাজনৈতিক সচেতন মানুষ এটা নিশ্চয়ই প্রতিহত করার চেষ্টা করবেন। কিন্তু আমরা যারা প্রগতিশীল চিন্তাধারায় বিশ্বাসী তাঁরা বিশ্বাস করি যে চিকমাগালুরে নির্বাচনে জয়ী হয়ে ইন্দিরা গান্ধী আবার রাজনীতিতে প্রবেশ করছেন তার মানে ভারতবর্ষে স্বৈরতন্ত্রের পুনঃ প্রবেশের একটা ষড়যন্ত্র হচ্ছে। প্রত্যেক মানুষের একটা কর্তব্য হবে একে রোখার। শাহ কমিশনে জিজ্ঞাসা করা হয়েছিল কি পরিবেশে ভারতবর্ষে জরুরী অবস্থা ঘোষণা করা হয়েছে—তখন ভারতবর্ষে কি বহিঃশত্রু আক্রমণ চলছিল, দেশের ভিতরে কি কোন বিপ্লব হচ্ছিল? অতএব তিনি কেন এটা ঘোষণা করেছিলেন? একথা আজকে সকলেই জানেন যে ইন্দিরা গান্ধী তাঁর ব্যক্তিস্বার্থ

চরিতার্থ করার জন্য এবং দিল্লীর মসনদে নিজের পরিবারের চিরস্থায়ী ব্যবস্থা করার জন্য এই চেষ্টা করেছিলেন। এলাহাবাদ হাইকোর্ট থেকে তাঁর নির্বাচনকে যখন অবৈধ বলে ঘোষণা করা হয়েছিল তখন ভারতবর্ষে যুদ্ধকালীন অবস্থা ছিল না, বহিঃ আক্রমণ হয়নি, বা কোন প্রদেশে বিপ্লবও ছিল না। ১৯৭১ সালে যখন পাকিস্তান ভারত আক্রমণ করেছিল সেই সময় জরুরী অবস্থা থাকা সত্বেও কেন তিনি পুনরায় জরুরী অবস্থা ঘোষণা করেছিলেন? তাহলে কি একথা সত্য নয় তাঁর নিজের ক্ষমতা বজায় রাখার জন্য এবং তাঁর পুত্র সঞ্জয়কে দিল্লির মসনদে প্রতিষ্ঠিত করার জন্য এলাহাবাদ হাইকোর্টের রায়কে পদদলিত করে ২৫শে জুন রাত্রিবেলা তিনি ভারতবর্ষে জরুরী অবস্থা ঘোষণা করেছিলেন। এ বিষয়ে তিনি কোন মন্ত্রীর সঙ্গেও আলোচনা করেন নি। এই রকম দৃষ্টান্ত ভারতবর্ষের রাজনীতিতে নেই। ১৯৭১ সালে যখন জরুরী অবস্থা ঘোষণা করা হয় তখন দেখা যায় মন্ত্রী পরিষদের মধ্যে আলোচনা করা হয়েছিল।

[7-50—8-00 P.M.]

১৯৭১ সালে যখন জরুরী অবস্থা ঘোষণা করা হয় তখন দেখা যায় মন্ত্রী পরিষদের সঙ্গে ইন্দিরা গান্ধী আলোচনা করেছিলেন। কিন্তু যখন ১৯৭৫ সালের ২৫শে জুন রাত্রিবেলা তিনি জরুরী অবস্থা ঘোষণা করলেন তখন মন্ত্রী পরিষদের কারও সঙ্গে আলোচনা করলেন না। কেন করলেন না? শুধু কি তাই, এই শাহ কমিশনে যে সমস্ত তথ্য উদঘাটিত হয়েছে—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সমস্ত তথ্যগুলো আমাদের হাতে এসেছে। এই সমস্ত তথ্য সব সময় আপনার কাছে হাজির করা সম্ভব নয়, কিন্তু এই কথা আমি জোরের সঙ্গে বলতে চাই আজকে পশ্চিমবঙ্গের রাজনৈতিক সচেতন মানুষ তারা জানে কোথায় রাজনীতিকে নিয়ে যেতে চাইছেন। তাঁরা জানেন আজকে গোটা ভারতবর্ষের গণতন্ত্রকে হত্যা করে সেদিন যখন ভারতবর্ষের রাজনৈতিক সচেতন মানুষ-এর বিরুদ্ধে সোচ্চার হবার প্রচেষ্টা করেছিল কিভাবে তখন গণতন্ত্রকে হত্যা করা হয়েছিল। ২৫শে জুন, ১৯৭৫ জরুরী অবস্থার কথা কোন সংবাদপত্রে যাতে প্রচার হতে না পারে রাত্রিবেলা সমস্ত ঐ সংবাদপত্রের অফিসে বিদ্যুৎ সরবরাহ বন্ধ করে দেওয়া হয়েছিল। এমন ঘটনা এমন নজির ৩০ বছরের ভারতবর্ষের রাজনৈতিক ইতিহাসে নেই, যে দেশে এমনভাবে গণতন্ত্রকে হত্যা করা হয়েছে সংবাদপত্রের কণ্ঠরোধ করা হয়েছে। শুধু তাই নয় আরও লজ্জার কথা যে কথাটা আমি এখানে দেখতে পাচ্ছি যে ভারতবর্ষের বিশিষ্ট রাজনৈতিক কর্মীদের রাতারাতি গ্রেপ্তার করা হয়েছে বিরোধী দল নয়, কংগ্রেসেরই বিশেষ সদস্য যাঁরা ইন্দিরা গান্ধীর এই জরুরী অবস্থাকে সমর্থন করতে পারেন নি। তাঁদের রাতারাতি

গ্রেপ্তার করা হয়েছে এবং আমাদের সর্বজন শ্রদ্ধেয় প্রবীণ নেতা শ্রীজয়প্রকাশ নারায়ণকেও রেহাই দেওয়া হয়নি। সমস্ত ভারতবর্ষে ধিক্কার দিয়ে উঠেছিল প্রবীণ। জনপ্রিয় নেতাকে কেন কারারুদ্ধ করা হয়েছে? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আর একটি কথা এখানে বলে দিতে চাই যে আমি আতঙ্কিত হচ্ছি এই কারণে, যারা এমনভাবে দেশের উপর অত্যাচার চালাবার জন্য সমস্ত দিকের কণ্ঠরোধ করবার প্রচেষ্টা করেছিল—হাজার হাজার মানুষকে মিশায় গ্রেপ্তার করেছিল কারারুদ্ধ করে রেখে দিয়েছিল, শত শত লোককে গুলী করে হত্যা করা হয়েছিল শত শত মানুষের জীবন-যাপনকে বিপর্য্যস্ত করা হয়েছিল, শত শত মায়েদের উপর অত্যাচার করা হয়েছিল। যে সংবাদপত্র সত্য কথা উদঘাটন করবে সেই সংবাদপত্র গণতন্ত্রকে রক্ষা করবার জন্য—বিরোধী দল বলুন, সরকার পক্ষ বলুন যে অন্যায় করে তার কথা জনসমক্ষে প্রকাশ করবেন সেই গণতন্ত্রের সংবাদপত্রের টুঁটি টিপে ধরা হয়েছিল। সংবাদপত্রের সমস্ত সংবাদ নিষিদ্ধ করে দেওয়া হয়েছিল। শুধু তাই নয় আর একটি কথা আমি এখানে বলতে চাই, এমনভাবে পরিবারের শাসনকে কায়েম করবার জন্য নানাভাবে অত্যাচার চালিয়েছিলেন, এবং সেই কারণে আমরা দেখতে পাচ্ছি যে স্নেহলতা রেড্ডীর মত মহিলাকে—তার উপর অত্যাচার করে তাঁকে হত্যা করা হয়েছিল এবং তাঁর কন্যা নন্দা আজ আহত। তিনি চিকমাগালুর নির্বাচনের সময় সত্য কথা বলতে চেয়েছিলেন, সেই জন্য আজ আহত হয়ে হাসপাতালে আছেন। আমি এই কথা বলতে চাই যে মাননীয় সদস্যরা যে কথা বলে গেলেন, আমি তাঁদের স্মরণ করিয়ে দিতে চাই যে এটা পশ্চিমবাংলা। পশ্চিমবাংলার মানুষ জানে অন্যায়ের বিরুদ্ধে গিয়ে লড়াই করতে হয়। পশ্চিমবাংলার মানুষ জানে যে গণতন্ত্রকে হত্যা করে স্বৈরতন্ত্র প্রতিষ্ঠার জন্য গোটা ভারতবর্ষে ষড়যন্ত্র করছে সেই ষড়যন্ত্রের বিরুদ্ধে কি করে লড়াই করতে হয়। পশ্চিমবাংলার মানুষ জানে, কিভাবে হাজার হাজার মানুষের উপর অত্যাচার চালিয়ে এসেছে, সেই বিভীষিকাময় দিনগুলো আমরা ভাবতে পারি না। যে দিন মিশা, ডি. আই. আর. রুল এবং ইন্দিরা গান্ধীর 'ল' ডিপার্টমেন্ট যে গোয়েন্দা দপ্তরকে নিয়ে সমস্ত রাজনৈতিক কর্মীদের বিরুদ্ধে লাগিয়ে-ছিলেন এটাই একমাত্র স্মরণ করিয়ে দিতে চাই যে—মার্কিন যুক্তরাষ্ট্র সেখানে এমনি ভাবে গোয়েন্দা দপ্তরকে চালান হয়েছিল। আমি মনে করি এখানে সমস্ত তথ্য আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি দেখে শিউরে উঠি যে গোয়েন্দা বিভাগকে কি ভাবে কাজে লাগিয়েছিলেন। সমস্ত রাজনৈতিক দলগুলোর বিরুদ্ধে তাদের তিনি কাজে লাগিয়ে তাদের বিরুদ্ধে যেভাবে সমস্ত দলকে রাজনৈতিক নেতাদের বন্দী করবার জন্য ষড়যন্ত্র করেছিলেন। এই ষড়যন্ত্র আবার যাতে না হয় সেই কারণে আজকে যে

প্রস্তাব জয়ন্ত বিশ্বাস মহাশয় এনেছেন আমি তাকে সমর্থন জানাই এবং এই কথা আমি বলব শুধু পশ্চিমবঙ্গে নয়, ভারতবর্ষের শত শত হাজার হাজার মহিলা যেন স্নেহলতার আত্মার প্রতি সম্মান রেখে বলুক যে ইন্দিরা গান্ধীর বিচার চাই, এবং সেই বিচার দেখার জন্য ভারতবর্ষের মানুষ প্রতীক্ষিত হয়ে আছে। ইন্দিরা গান্ধীর গণতন্ত্র হত্যাকারীর শাস্তি হোক, বিচার হোক এটা আজকে আমরা চাই এবং পশ্চিমবঙ্গের মেয়েরা আজকে এর পিছনে এসে দাঁড়াক। এই কথা বলে এই প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীজয়ন্ত বিশ্বাস আজকে যে প্রস্তাব এখানে উথাপন করেছেন সেই প্রস্তাব আমি সমর্থন করছি। একথা ঠিকই যে ইন্দিরা গান্ধীর ১১ বছরের বিশেষ করে ১৯ মাসের জরুরী অবস্থা ভারতবর্ষের গণআন্দোলনের ইতিহাসে এক কলঙ্কময় অধ্যায় যেটা ব্যাখ্যার অবকাশ রাখে না। প্রস্তাবে বিচারকে ত্বরান্বিত করার যে কথা বলা হয়েছে আমি তাকে সমর্থন করে বলছি যে ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে দুর্নীতির এই যে বিচার অর্থাৎ খানিকটা আইনী-কানুনী দৃষ্টিভঙ্গীতে দুর্নীতির অভিযোগের ভিত্তিতে বিচার করার চেষ্টা করা হয়েছে, কিন্তু ইন্দিরা গান্ধীর যে অপরাধ সেই অপরাধ নিছক কিছু দুর্নীতির ব্যাপার নয়, এই অপরাধ একটা রাজনৈতিক অপরাধ। কারণ, ইন্দিরা গান্ধী এমন একটা রাজনীতির প্রবর্তন করেছিলেন যে রাজনীতি ভারতবর্ষের কোটি কোটি মানুষের গণতান্ত্রিক অধিকারকে হরণ করে নিয়েছিল। এ একটা গণদ্রোহী রাজনৈতিক অপরাধ। আপনারা জানেন যে সংবিধানের পর্যন্ত আমূল পরিবর্তন করে ব্যক্তি স্বাধীনতাকে হরণ করার কাজ এই ইন্দিরা গান্ধী করেছিলেন। তিনি সমস্ত ক্ষমতাকে কুক্ষিগত করে এই বুর্জোয়া ব্যবস্থায় বিচার বিভাগের যতটুকু আপেক্ষিক স্বাধীনতা আছে সেই স্বাধীনতাকে হরণ করার চেষ্টা করেছিলেন। শুধু তাই নয়, আমাদের এই সমাজ ব্যবস্থায় সাংবাদিকতার যতটুকু স্বাধীনতা আছে সেই সাংবাদিকতার স্বাধীনতাকেও পদদলিত করার চেষ্টা করেছিলেন। আইন করে সংবাদপত্রের স্বাধীনতা, সাংবাদিকদের স্বাধীনভাবে মতামত প্রকাশের স্বাধীনতা তাও হরণ করে নিয়েছিলেন। সর্বোপরি জরুরী অবস্থার মত এই রকম এইটা জঘন্য ব্যবস্থা প্রবর্তন করেছিলেন। তাই ওঁর যে অপরাধ সেই অপরাধ নিছক একটা দুর্নীতির ব্যাপার নয়, এটা একটা রাজনৈতিক অপরাধ। ফলে এখানে সাধারণ অপরাধীদের যে পদ্ধতিতে বিচার হয় সেই পদ্ধতিতে জনতা সরকার বিচার করবার চেষ্টা করেছিলেন, স্পেসিফিক

চার্জের ভিত্তিতে, একটা অত্যন্ত দীর্ঘসূত্রী ব্যবস্থায় কমিশনের কাছে নিয়ে আসা, তার থেকে কোর্টে নিয়ে যাওয়া, এইসব ব্যবস্থায় সাংবিধানিক নানা রকম অসুবিধার কথা তাঁরা বলেছিলেন, কিন্তু আমার বক্তব্য যে গোটা দেশের গণতন্ত্রকে হরণ করার চেষ্টা করেছিল, এতবড় যে অপরাধ সেই অপরাধকে প্রতিহত করবার জন্য প্রয়োজন হলে সংবিধানকে সংশোধন করার পদক্ষেপ পর্যন্ত জনতা সরকার নিতে পারেননি। তাঁরা সমগ্র বিষয়টিকে অত্যন্ত গতানুগতিক একটা কানুনী দৃষ্টিভঙ্গী থেকে দেখেছেন, রাজনৈতিক দৃষ্টিভঙ্গী থেকে বিষয়টিকে বিচার করেননি। ফলে এখানে হয়েছে মূল ত্রুটি। শুধু তাই নয়, এই যে বিচার বিভাগীয় তদন্ত এই কমিশনের মাধ্যমে যেটা করছেন সেখানে এমন একটা দীর্ঘসূত্রীতা রয়েছে যার ফল হিসাবে আমরা দেখলাম চিকমাগালুর নির্বাচনের মধ্য দিয়ে ইন্দিরা গান্ধীর পুনরভ্যুত্থান। আপনারা সবাই স্বীকার করবেন মাত্র ২ বছর আগে গোটা ভারতবর্ষের মানুষ ইন্দিরা গান্ধীকে শুধু ব্যক্তিগতভাবে নয়, দলগতভাবে পরাস্ত করেছিলেন, জঘন্য ঘৃণায় তাঁরা ছুঁড়ে ফেলে দিয়েছিলেন। সাধারণ মানুষের কংগ্রেসের বিরুদ্ধে, ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে, তার স্বৈরতন্ত্রের বিরুদ্ধে একটা প্রচণ্ড বিক্ষোভ ধূমায়িত হয়ে উঠেছিল, সেই বিক্ষোভ জনতা সরকারের দীর্ঘসূত্রীতার জন্য স্তিমিত হয়েছে একথা বলতে আমি বাধ্য। শুধু জনতা সরকারের দীর্ঘসূত্রীতা নয়, অপর পক্ষে জনতা সরকার সম্পর্কে জনসাধারণের যে ভাবমূর্তি সেটাও ক্রমাগত লুপ্ত হতে বসেছে।

[8-00—8-12 P.M.]

জনতা সরকার নির্বাচনের সময় অনেক প্রতিশ্রুতি দিয়ে ক্ষমতায় এসেছিলেন কিন্তু তারা সেই সমস্ত নির্বাচনী প্রতিশ্রুতি পালন করেননি—অত্যন্ত নির্লজ্জভাবে সেই প্রতিশ্রুতি থেকে তারা দূরে সরে গিয়েছেন এটা অত্যন্ত বাস্তব সত্য কথা। আজকে যে স্বৈরতন্ত্রের বিরুদ্ধে ওরা এত কথা বলছেন সেই স্বৈরতান্ত্রিক ব্যবস্থার বিরুদ্ধে কিন্তু ওরা কোন কার্যকরী পদক্ষেপ গ্রহণ করেননি। ৪২তম সংবিধান সংশোধন সম্পর্কে ওরা এত কথা বললেন কিন্তু আজকেও ৪২তম সংবিধান সংশোধনের জঘন্য কতকগুলি ধারা অব্যাহত আছে। আজকেও বিভিন্ন রাজ্যসরকার ইচ্ছা করলে পি. ডি. এ্যাক্টের প্রবর্তন করতে পারেন, আজও জরুরী অবস্থা প্রবর্তন করা যেতে পারে। স্যার, ইন্দিরা গান্ধীর মতন এতবড় স্বৈরাচারী শক্তির পুনরুত্থান বা স্বৈরতন্ত্রের পুনরভ্যুত্থানের বিরুদ্ধে ব্যাপক জনমত গড়ে তোলার জন্য আজকে বিধানসভা থেকে আমরা প্রস্তাব গ্রহণ করতে চলেছি, তাই আজকে অত্যন্ত প্রাসঙ্গিকভাবেই যে প্রশ্নটা দেখা দেয় সেটা হচ্ছে এই যে স্বৈরতান্ত্রিক শক্তির পুনরভ্যুত্থান ঘটছে এর কারণ

কি সেগুলি আমাদের খুঁটিয়ে দেখা দরকার। কারণগুলি যদি আমরা না ধরতে পারি বা তাকে যদি আমরা প্রপার ́রেকগনিশান না দিই তাহলে শুধু প্রস্তাব নিয়ে কিছু হবে না। আমি বলব, ইন্দিরা গান্ধীর পুনরভ্যুত্থানের পেছনে জনতা দলের অবদান রয়েছে। স্যার, এই প্রসঙ্গে বিস্তারিতভাবে আলোচনা করলে আমরা দেখবো প্রথমতঃ লোকসভার নির্বাচনের সময় ইন্দিরা গান্ধীর উপর থেকে পুঁজিপতিরা তাদের সমর্থন তুলে নিয়েছিলেন আর জনসাধারণ চেয়েছিলেন ইন্দিরা গান্ধী পরাজিত হোক। কিন্তু জনসাধারণের আকাঙ্খা এবং ভারতবর্ষের পুঁজিপতিদের আকাঙ্খা এই দুটো এক ছিল না। ভারতবর্ষের পুঁজিপতি শ্রেণী, মালিক শ্রেণী যাদের ইন্দিরা গান্ধী অত্যন্ত লয়্যাল সার্ভিস দিয়ে গিয়েছে, তাদের স্বার্থ দেখেছে। সেই পুঁজিপতি এবং মালিক শ্রেণী সাময়িকভাবে ইন্দিরা গান্ধীকে নির্বাচনের মাধ্যমে সরাবার চেষ্টা করেছিলেন। কারণ তারা অনুধাবন করেছিলেন যে ইন্দিরার এই স্বৈরাচারী ব্যবস্থার জন্য দেশের মানুষের মধ্যে একটা প্রচণ্ড বিক্ষোভ ধুমায়িত হয়েছে এবং এটা যদি চলতে দেওয়া হয় তাহলে ইন্দিরা বিরোধী বিক্ষোভ হয়ত ভারতবর্ষের মাটিতে বামপন্থী আন্দোলনের খাতে প্রবাহিত হতে পারে। এটা আশঙ্কা করেই সেদিন ভারতবর্ষের পুঁজিপতি শ্রেণীরা কৌশলগত আপাতদৃষ্টিতে ইন্দিরা গান্ধীকে ক্ষমতা থেকে সরিয়ে দেবেন এটাই ঠিক করেছিলেন। তার সঙ্গে সঙ্গে তারা ঠিক করেছিলেন তারা বিশ্বাস করতে পারেন, আস্থা রাখতে পারেন এমন একটি দল বা শক্তিকে ক্ষমতায় নিয়ে আসতে। সেই হিসাবে তারা জনতা দলকে খাড়া করলেন। আপনারা দেখেছেন, লোকসভার নির্বাচনের ৪৮ ঘণ্টার মধ্যে জনতা দল করা হয়েছিল। এটা হ'ল পুঁজিপতিদের বিশ্বাসভাজন বা আস্থাভাজন দ্বিতীয় বিকল্প দল। এই যে দ্বিদলীয় গণতন্ত্র প্রতিষ্ঠা করবার চক্রান্ত ভারতবর্ষের পুঁজিপতিরা করেছিলেন এই চক্রান্তটা ধরা দরকার। আজকে আবার ভারতবর্ষের পুঁজিপতিরা দেখছে যে ভাবে জনতার ভাবমূর্তি দ্রুত লোপ পাচ্ছে তার ফলে জনতাকে হয়ত আর বেশীদিন ক্ষমতায় রাখা যাবে না তাই তারা আবার ইন্দিরা গান্ধীর পুনরভ্যুত্থানের চেষ্টা করছে। তাই আমরা দেখেছি চিকমাগালুর নির্বাচনে এত কোটি কোটি টাকা খরচ হল। এর পেছনে কাদের সমর্থন ছিল? এর পেছনে ভারতবর্ষের পুঁজিপতিদের সমর্থন না থাকলে এত টাকা খরচ হ'ত না। কাজেই এই যে দ্বিদলীয় গণতন্ত্রের চক্রান্ত এটা আজকে দেশের মানুষের সামনে তুলে ধরা দরকার। আজকে একে প্রতিহত করবার একমাত্র উপায়— এখানে আমি বলতে বাধ্য হচ্ছি, বামফ্রন্টের বন্ধুদের এখানে অবদান কম নয় বিশেষ করে তার প্রাধান শরিক সি. পি. আই. (এম.)-এর অবদান। ভারতবর্ষের

সি. পি. আই. এবং সি. সি. এম. যারা নিজেদের বামপন্থী বলে দাবী করেন তারা যদি পুঁজিপতিদের এই চিহ্নিত দুটি দলের চরিত্র তুলে ধরে ভারতবর্ষের প্রকৃত বাম এবং গণতান্ত্রিক দলগুলিকে নিয়ে বামপন্থী মোর্চ্চা গড়ে তুলতেন তাহলে একটা বিকল্প শক্তি গড়ে উঠতো, তাহলে আজকে আর ইন্দিরা গান্ধীর পুনরভ্যুত্থান সম্ভব হত না। তাই আমি বলব, ইন্দিরা গান্ধীর পুনরভ্যুত্থানের পেছনে যেমন জনতা দলের অবদান রয়েছে তেমনি সি. পি. আই., সি. পি. এম. বলে তথাকথিত বামপন্থী দলগুলির অবদান রয়েছে।

**শ্রী হাসিম আবদুল হালিম:** মাননীয় স্পীকার মহাশয়, এই বিষয় নিয়ে আলোচনা করতে গেলে প্রথমেই আমি বলতে চাই যে ইন্দিরা কংগ্রেস ও অন্য কংগ্রেসের যারা আছেন সেসব সদস্যরা এই হাউস থেকে বেড়িয়ে গেছেন—তারা একটা অজুহাত তুলেছেন যে এই বিষয় নিয়ে আলোচনা করা যায় না। আমি বলতে চাই যে ১৭০, ১৮৭ রুলস বিষয়ে যেটা তারা বলেছিলেন যে এমন কোন ব্যাপার যদি বিচারাধীন হয় এটা হাউসে আলোচনা করা যায় না। কিন্তু এই হাউসে আমরা এই প্রস্তাবে কি বলতে চাইছি যে বিচার হউক, কোন বিচারাধীন বিষয় নিয়ে তো কোন আলোচনা হচ্ছে না। শা-কমিশন কয়েকটা ফাইণ্ডিং করেছে, কয়েক জায়গায় তার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হয়েছে বলে মনে করছেন কিন্তু যেহেতু একটা কমিশন বিচার করতে পারে না তারা শুধু একটা রিপোর্ট দিতে পারে একটা রেকমেণ্ড দিতে পারে। তারপর সরকার তার ব্যবস্থা করেন। আমরা তাই বলছি কমিশন একটা রিপোর্ট দিয়েছে সেই রিপোর্টের উপর আইন অনুযায়ী মামলা হওয়া উচিত—তাতে তার যদি শাস্তি হয় আইনে যদি প্রমাণিত হয় যে অন্যায় করেছে, অপরাধ করেছে তাহলে তার শাস্তি হবে। এই রেজুলেশানের মাধ্যমে আমাদের মাননীয় সদস্য শ্রীজয়ন্তকুমার বিশ্বাস মহাশয় যে প্রস্তাব মুভ করেছেন সেটাই আমরা চাইছি। তারপর জনতা সদস্য মাননীয় হরিপদ ভারতী মহাশয় অবশ্য সমর্থন করেছেন কিন্তু দুঃখের কথা তাদের আজকে এই হাউসে দেখতে পাচ্ছি না। এটা খুবই লজ্জার কথা। স্যার অনেক জায়গায় আমাদের শুনতে হয় জনতার মধ্যে কেউ কি ইন্দিরার সমর্থন আছে—কেন আজকে এই সব প্রশ্ন উঠে? তার বিচার ব্যবস্থা করা উচিত ছিল কোর্টে প্রমাণ করে তার শাস্তির ব্যবস্থা করা উচিত ছিল যাতে প্রতিশ্রুতিবদ্ধ জনতা লোকসভার নির্বাচনের সময় তারা বলেছিলেন যে যদি আমাদের সরকার হয়, যেসব অন্যায় অপরাধ করেছে ইন্দিরা তার তারা উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন। পৌনে দুই বছর হয়ে গেছে

কেন্দ্রতে জনতা সরকার কিন্তু আজ পর্যন্ত কোন উপযুক্ত ব্যবস্থা করা হয়নি। নানান রকম অজুহাত। ইন্দিরাও সুযোগ পেয়েছে সেও নানান রকম অজুহাত করছে, নানান রকম টালবাহানা আমরা দেখছি। ভারতের এবং পশ্চিমবাংলার জনসাধারণ, অত্যাচারিত মানুষ তাদের উপর অত্যাচার হয়েছে অন্যায় হয়েছে তারা আজও বিচারের মুখ দেখল না। তারা বলে শাস্তি হবে না। চিকমাগালুর নির্বাচনে যে ইন্দিরা সুযোগ পেল—কারা সেটা করে দিল—যারা আজ পর্যন্ত তার শাস্তির ব্যবস্থা করেননি—সে মানুষের কাছে দাঁড়িয়ে বলতে পারল যে আমার বিরুদ্ধে তো কোন অভিযোগ নেই তাই বিচার হল না—আমি তো কোন অন্যায় করিনি। যদি আজকে একটা বিচার হয়ে থাকতো, যদি তার দোষ কোর্টে প্রমাণিত হয়ে থাকতো, তার যদি শাস্তি হত তাহলে সে কি চিকমাগালুর নির্বাচনে দাঁড়াতে পারত—সেখানে জনসাধারণের কাছে কি যেতে পারত—জনসাধারণকে বলতে পারত যে কোর্ট আমার বিরুদ্ধে কোন কিছু বলেনি। তার বিরুদ্ধে আজ পর্যন্ত কোন ব্যবস্থাই নেওয়া হল না। এই সুযোগটা তাকে করে দেওয়া হল। সেজন্য তিনি চিকমাগালুরের মানুষকে ধাপ্পা দিয়ে নানান রকম মিথ্যা কথা বলে সাদা সরল মানুষকে ভুল বুঝিয়ে আবার ভোটে এসে প্রমাণ করে দিলেন যে দেখ মানুষ আমাকে চায়। কিন্তু সেটা কি বাস্তব কথা? সেজন্য আমরা বলছি যে যত তাড়াতাড়ি সম্ভব শা-কমিশনের যা ফাইণ্ডিং হয়েছে যেখানে তার দোষ প্রমাণিত হয়েছে তার একটা বিচার হউক। উপযুক্ত আইন মতে ব্যবস্থা গ্রহণ করা হউক। আমরা তো বিচার করতে বলছি—তাঁদের সময় তো বিচারের কোন প্রশ্ন উঠতো না। তারা আইন করত যে কোর্টে কোন বিচার হবে না। ' কোর্টের কোন ক্ষমতা নাই। তাদের মতে কমিটেড জুডিসিয়ারী—অদ্ভুত অদ্ভুত কথা শুনতাম আমরা। তার মতে জাজ সাহেব নাকি কমিটেড জাজ দরকার, যে উনার হুকুম শুনবে। তারাই আবার আজকে নির্লজ্জভাবে এখানে বলছে এই হাউসে আলোচনা করার ক্ষমতা নাই। তাদের রাজত্বে তাই ছিল, মানুষের কোন ক্ষমতা নাই তাদেরই সব ক্ষমতা। তারা তাদের কথা বলবেন, মানুষের সঙ্গে যে ভাবে কথা বলবেন তাই মানুষকে শুনতে হবে। কিন্তু কেন্দ্রীয় সরকারের দায়িত্ব আছে—অনেক মানুষ আজকে আশায় অপেক্ষা করে আছে যে তাঁর উপযুক্ত শাস্তি হবে, যাদের ছেলে মেয়ে খুন হয়েছে, যারা পঙ্গু হয়েছে তারা নিশ্চয়ই আশা করে আছে যে তার বিচার হবে।

যারা পঙ্গু হয়েছে, যারা বাড়ী থেকে উৎখাত হয়েছে, যে নারীর ইজ্জত গিয়েছে, যে নাসবন্দীতে ক্ষতিগ্রস্থ হয়েছে—তারা সমস্ত প্রতীক্ষায় আছে কবে বিচার হবে।

আইন আছে, সে আইনের প্রয়োগ করার জন্য উপযুক্ত ব্যবস্থা করা দরকার যাতে পরে নজীর থাকবে যে পরে যদি ওই পদে কেউ আসীন হয় অন্যায়ভাবে অন্ততঃ অত্যাচার করতে পারবে না। সে নজীর আজও সৃষ্টি হতে পারে নি। পৌণে দু বছর সরকার হয়ে গিয়েছে, কতদিন মানুষ আর অপেক্ষা করবে। আমি আশা করবো, কেন্দ্রীয় সরকার এই ব্যাপারে খুব দ্রুত উপযুক্ত ব্যবস্থা করবেন। যারা দোষী তাদের যেন উপযুক্ত বিচার হয়। এই বলে মাননীয় সদস্য শ্রীজয়ন্ত বিশ্বাস যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে প্রস্তাব উত্থাপন করেছি, আমার সাথী, সহকর্মী বন্ধুরা তাকে সমর্থন জানিয়েছেন, সেজন্য তাদের বিপ্লবী অভিনন্দন জানাই। সঙ্গে সঙ্গে শ্রীহরিপদ ভারতী জনতা পার্টির পক্ষ থেকে সমর্থন জানিয়েছেন, তাঁকেও অভিনন্দন জানাই। আপনারা সবাই বুঝতে পারছেন যে এই প্রস্তাব এখানে উত্থাপনের প্রয়োজন হতো না যদি কেন্দ্রীয় জনতা নেতৃবৃন্দ শ্রীমতী ইন্দিরা গান্ধীর বিচার ত্বরান্বিত করার ব্যাপারে দ্বিধাগ্রস্থ না হতেন। তাঁদের দুর্বল চিত্ততার জন্য ভারতবর্ষে আজকে প্রতিক্রিয়াশীল শক্তিসমূহ মাথা চাড়া দিয়ে উঠছে। এই অবস্থায় পশ্চিমবাংলার গণতান্ত্রিক মানুষের যে বক্তব্য সেই বক্তব্য কেন্দ্রীয় সরকারের কাছে পৌঁছে দেওয়া দরকার এবং আজকে আমাদের পশ্চিমবঙ্গ বিধানসভা সেই ঐতিহাসিক কর্ত্তব্য সম্পাদন করতে চলেছে। এই প্রসঙ্গে সোশ্যালিষ্ট ইউনিটি সেণ্টারের সদস্য তিনি সমর্থন করেছেন। কংগ্রেস সদস্যরা এখানে উপস্থিত নেই দুই কংগ্রেসই। থাকলে তাকে চুক্তি ভঙ্গের দায়ে পড়তে হতো। তবু যাই হোক আমি একথা বলতে চাই না। যিনি একে সমর্থন করেছেন তাকেও বিপ্লবী অভিনন্দন জানাই এবং আপনাদের সকলের কাছে প্রস্তাবটিকে আনুষ্ঠানিকভাবে রেখে আমার বক্তব্য শেষ করছি।

**The motion of Sri Jayanta Kumar Biswas that was then put and agreed to.**

যেহেতু শাহ কমিশনের রিপোর্টে সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছে যে, ভারত রাষ্ট্রের পূর্বতন প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী জরুরী অবস্থায় লক্ষ লক্ষ রাজনৈতিক নেতা ও কর্মীদের হত্যা বা কারারুদ্ধ করে, জনসাধারণের উপর অত্যাচার চালিয়ে এবং রাজ্যে রাজ্যে সামরিক ও আধা-সামরিক বাহিনী মোতায়েন ক'রে সমগ্র দেশ জুরে আধা-ফ্যাসিস্ট কায়দায় একনায়কতন্ত্রী শাসনব্যবস্থা প্রতিষ্ঠা করার সুপরিকল্পিত ষড়যন্ত্র করেছিলেন ;

যেহেতু বিগত লোকসভা নির্বাচনের সুযোগে পূর্বতন প্রধানমন্ত্রীর রাজত্বের বিরুদ্ধে দেশের কোটি কোটি রুদ্ধবাক, অপমানিত ও নিগৃহীত মানুষের রায় স্বৈরতন্ত্রী শাসনব্যবস্থার বিরুদ্ধে জনগণের ক্ষোভ ও রোষের বহিঃপ্রকাশ , এবং

যেহেতু শুধু নির্বাচনের মাধ্যমে স্বৈরতন্ত্রী শাসনব্যবস্থার অপসারণ বা অন্ধকারের রাজত্বের অবসানই নয়, জনসাধারণ চেয়েছিলেন গণতন্ত্র হত্যাকারী, অত্যাচারী ইন্দিরা গান্ধী ও তাঁর অনুগৃহীত দুষ্টচক্রের সমস্ত অপকর্মের বিচার ও শাস্তি ;

অতএব পশ্চিমবঙ্গ বিধানসভা শাহ কমিশনের রিপোর্টের ভিত্তিতে ইন্দিরা গান্ধীর বিচার ত্বরান্বিত করার জন্য রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের নিকট দাবি জানাচ্ছে।

**মিঃ স্পীকার ঃ** আজকের সভার কার্য্য এখানেই মুলতুবী রাখা হচ্ছে, আগামী ৪ঠা ডিসেম্বর বেলা ১ টার সময় এই অধিবেশন আবার শুরু হবে।

**Adjournment**

The House was then adjourned at 8-12 P.M. till 1 P. M. on Monday, the 4th December, 1978, at the "Assembly House", Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday the 4th December, 1978, at 1 P.M.

**Present**

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 10 Ministers, 4 Ministers of State and 152 Members.

## HELD OVER STARRED QUESTIONS

**(To which oral answers were given)**

### হুগলি জেলায় নৈশ বিদ্যালয়

*৩। (অনুমোদিত প্রশ্ন নং *৯৫।) **শ্রীদেবনারায়ণ চক্রবর্তী:** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিরক্ষরতা দূরীকরণের জন্য পশ্চিমবঙ্গ সরকার হুগলি জেলায় ১৯৭৭-৭৮ সালে কয়টি নৈশ বিদ্যালয় অনুমোদন করিয়াছেন;

(খ) ১৯৭৮-৭৯ সালে এ পর্যন্ত এই জেলায় কয়টি নৈশ বিদ্যালয় অনুমোদিত হইয়াছে; এবং

(গ) কোন্ কোন্ ব্লকে এবং কোথায় হইয়াছে?

**শ্রীশম্ভুচরণ ঘোষ:** (ক) ১৯৭৭-৭৮ সালে কোন নৈশ বিদ্যালয় অনুমোদিত হয় নাই।

(খ) ৩৪টি।

(গ) হুগলী জেলার প্রাপ্ত বয়স্ক শিক্ষা কেন্দ্রগুলির একটি পূর্ণাঙ্গ তালিকা প্রদত্ত হইল।

**Statement reffered to in reply to clause (Ga) of starred question No. 3**

হুগলী জেলার বিভিন্ন ব্লক ও শহরাঞ্চলে ( মিউনিসিপ্যালিটি ও কর্পোরেশন )
নৈশ বিদ্যালয়ের বণ্টন তালিকা—

| ক্রমিক নং | ব্লকের নাম | নৈশ বিদ্যালয়ের ( বয়স্ক শিক্ষাকেন্দ্র ) সংখ্যা |
|---|---|---|
| ১। | চুঁচুড়া মগরা ব্লক | ৫ |
| ২। | পোলবা দাদপুর ব্লক | ৫ |
| ৩। | ধনিয়াখালি „ | ৫ |
| ৪। | বলাগড় „ | ৫ |
| ৫। | পাণ্ডুয়া „ | ৬ |
| ৬। | সিংগুর „ | ৬ |
| ৭। | হরিপাল „ | ৫ |
| ৮। | তারকেশ্বর „ | ৬ |
| ৯। | শ্রীরামপুর উত্তরপাড়া | ৩ |
| ১০। | চণ্ডীতলা ১ নং „ | ৪ |
| ১১। | চণ্ডীতলা ২ নং „ | ৪ |
| ১২। | জংগীপাড়া „ | ৬ |
| ১৩। | আরামবাগ „ | ৪ |
| ১৪। | পুরশুড়া „ | ৫ |
| ১৫। | গোঘাট „ | ৫ |
| ১৬। | খানাকুল ১নং „ | ৪ |
| ১৭। | খানাকুল ২নং „ | ৪ |
| | | মোট—৮২ |

| | মিউনিসিপ্যালিটি / কর্পোরেশন | নৈশ বিদ্যালয়ের ( বয়স্ক শিক্ষাকেন্দ্র ) সংখ্যা |
|---|---|---|
| ১। | হুগলী চুঁচুড়া মিউনিসিপ্যালিটি | ২ |
| ২। | বাঁশবেড়িয়া " | ১ |
| ৩। | চন্দননগর কর্পোরেশন | ১ |
| ৪। | ভদ্রেশ্বর মিউনিসিপ্যালিটি | ১ |
| ৫। | চাঁপদানী " | ১ |
| ৬। | বৈদ্যবাটী " | ১ |
| ৭। | শ্রীরামপুর " | ২ |
| ৮। | রিষড়া " | ১ |
| ৯। | কোতরং " | ১ |
| ১০। | উত্তরপাড়া " | ১ |
| | | মোট—১২ |

**'মাদ্রাসা অলিয়া' প্রদত্ত 'আলিম', 'ফাজিল' ডিগ্রীর মান**

*৯। ( অনুমোদিত প্রশ্ন নং *১৯। ) **শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** শিক্ষা ( প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার পরিচালিত 'মাদ্রাসা অলিয়া' প্রদত্ত 'আলিম', 'ফাজিল' ডিগ্রী স্নাতক মানের সমতুল ;

(খ) সত্য হইলে, আলিম, ভাজিল ডিগ্রীপ্রাপ্তরা মাধ্যমিক বা প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকতা করার সুযোগ পাইয়া থাকেন কি ; এবং

(গ) না পাইলে, তাহার কারণ কি ?

**শ্রীপার্থ দে :** (ক) না।

(খ) ও (গ) স্নাতক মানের সমতুল না হইলেও "অবিলম্বে ফাজিল" ডিগ্রী প্রাপ্তরা আরবী ভাষার শিক্ষক হিসাবে মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষকতা করার সুযোগ পাইয়া থাকেন।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাদ্রাসা আলিয়া প্রদত্ত স্বীকৃত প্রতিষ্ঠান হওয়া সত্বেও আলিম ফাজিল ডিগ্রীধারীরা প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকতার সুযোগ পাবেন কি ?

**শ্রীপার্থ দে ঃ** প্রাথমিক বিদ্যালয়ে আরবী পড়ানোর কোন সুযোগ নেই, মাধ্যমিক বিদ্যালয়ে আরবী পড়ানো হয়। সেই জন্য তারা মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষকতা করার সুযোগ পান এবং কাজ পান।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** সাত্তার সাহেবের আমলে আলিম ফাজিল ডিগ্রীধারী ছাত্ররা স্নাতক মানের সমতুল্য বলে গণ্য হতেন, এখন সেটা গণ্য না হওয়ার কারণ কি জানাবেন ?

**শ্রীপার্থ দে ঃ** আরবী পড়ানোর জন্য এই ধরণের ডিগ্রী প্রাপ্ত যারা তারা স্নাতক মানের সমতুল্য না হলেও স্কুলে চাকরী পেলে পরে তাদের ঐ স্কেল দেওয়া হয়।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** কিন্তু এফ. এম. যারা তাদের গ্রাজুয়েট সবেল দেওয়া হয় না, অথচ এম. এম. এফ. এম. ইজ ইকুইভ্যালেন্ট টু গ্রাজুয়েট। এর আগে যেমন ছিল সংস্কৃতে কাব্য ব্যাকরণতীর্থ, সেই রকম আর একটি হল এই এফ. এম.—কাজেই এটা আপনারা পরিবর্তনের কথা কি চিন্তা করছেন ?

**শ্রীপার্থ দে ঃ** এখন আমরা কিছু চিন্তা করছি না। আমরা সমস্ত ব্যাপারটি নিয়ে একটি বিশেষজ্ঞ কমিটি করেছি, তারা যা বলবেন তাই হবে।

## STARRED QUESTIONS

**(To which oral answers were given)**

### মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের পদ্ধতি

*১২৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৮।) **শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রিমহাশয় জানাইবেন কি—

(ক) পূর্বতন সরকারের আমলে মাধ্যমিক বিদ্যালয়সমূহে যে শিক্ষক নিয়োগ পদ্ধতি চালু ছিল তা কি এখনও চালু আছে ; এবং

(খ) উত্তর যদি "না" হয়, তা হ'লে বর্তমান সরকার শিক্ষক নিয়োগ পদ্ধতি সম্পর্কে প্রয়োজনীয় নির্দেশাদি দিয়েছেন কি ?

**শ্রীপার্থ দে ঃ** (ক) হ্যাঁ।

(খ) প্রশ্নই ওঠে না।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** পূর্বতন সরকারের আমলে যে ষ্টাফ প্যাটার্ণ, শিক্ষক নিয়োগের পদ্ধতি চালু হয়েছিল, সেটা কি বাতিল হয়েছে ?

**শ্রীপার্থ দে ঃ** এই প্রশ্নের উত্তরের সঙ্গে এটা আসে না। তবে বাতিল হবার কোন ঘটনা এখন ঘটে নি।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রীরা বলেন কংগ্রেসের সমস্ত নীতিই খারাপ—কিন্তু আগেকার সরকারের শিক্ষানীতি কি হিসাবে গ্রহণ করলেন ?

**মিঃ স্পীকার ঃ** এই প্রশ্ন থেকে ওটা আসে না।

**শ্রীসুনীতি চট্টোরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, পূর্বতন কংগ্রেস সরকার যে পদ্ধতি, যে সিস্টেম চালু করেছিলেন আপনারা সেটা ফলো করছেন। তাহলে ছাট সিস্টেম ওয়াজ ক্যারেট এ্যাণ্ড হেন্স ইউ ওয়ার ফলোইং ইট—আপনি হ্যাঁ, বা না একটা উত্তর দিন।

**মিঃ স্পীকার ঃ** এটা এ প্রশ্ন থেকে আসে না।

**শ্রীঅমলেন্দ্র রায় ঃ** মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগের বর্তমানে যে পদ্ধতি নেওয়া হয়েছে সেখানে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে সমস্ত নিয়োগ নিয়ন্ত্রিত হবে এই সরকারী নীতি ঘোষিত হয়েছে। আমার প্রশ্ন এই শিক্ষক নিয়োগও এমল্পয়মেন্ট এক্সচেঞ্জর মাধ্যমে হবে, না, অন্য কোন পদ্ধতি নেওয়া হবে ?

**শ্রীপার্থ দে ঃ** মাধ্যমিক শিক্ষকদের ব্যাপারে এখনও পর্যন্ত যা নিয়ম আছে তা হলো যেগুলি প্রাইভেট ইনষ্টিটিউসান বা বেসরকারী প্রতিষ্ঠান—সেই বেসরকারী প্রতিষ্ঠানগুলিকে সরকারই সাহায্য করে থাকেন কিন্তু প্রতিষ্ঠানটি তারাই পরিচালনা করেন কতকগুলি নিয়মের ভিত্তিতে—সেখানে তারা কাদের নিয়োগ করবেন এখনও পর্য্যন্ত সেটা তাদের হাতেই রয়েছে।

**শ্রীঅমলেন্দ্র রায় ঃ** বেসরকারী যে সমস্ত শিল্প প্রতিষ্ঠান আছে সেইসব জায়গার নীতি হচ্ছে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে নিয়োগ করা। আমার প্রশ্ন, বেসরকারী বিদ্যালয়গুলির ক্ষেত্রেও এমপ্লয়মেন্ট একচেঞ্জের মাধ্যমে নামগুলি সুপারিশ করা যাবে না কেন ?

**শ্রীপার্থ দে ঃ** এটা একটা আলাদা প্রশ্ন। তবে আপনাকে বলি, সাধারণতঃ এতদিন পর্য্যন্ত যে রেওয়াজ ছিল তাতে করে সাধারণতঃ তারা এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে নাম রেজিষ্ট্রি করতেন না। এটা প্রথাগতভাবে চলে আসছে। আমি আমার প্রশ্নের উত্তরে বলবার চেষ্টা করেছি যে এখনও পর্য্যন্ত কি ভাবে চলছে। এই হচ্ছে এ সম্পর্কে আমার কথা।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যে ষ্টাফ প্যাটার্ণ সার্কুলার-এর ব্যাপারে আপনারা দীর্ঘদিন ধরে প্রতিবাদ জানিয়ে আসছেন, আজকে আপনারা ১৬ মাস সরকারে আসার পরও সেটা প্রত্যাহার করা হয় নি কেন? এটা কি তাড়াতাড়ি প্রত্যাহার করবেন ?

**মিঃ স্পীকার ঃ** এ প্রশ্ন এ থেকে আসে না, I would not allow this question.

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** স্যার, এই ষ্টাফ প্যাটার্ণের ভিত্তিতে যে নিয়োগ সেই নিয়োগের ওরা বরাবর বিরোধিতা করে এসেছেন কিন্তু বর্তমানে সরকারে এসেও ওরা এটা তোলেন নি। আমি প্রশ্ন করেছি, এটা তাড়াতাড়ি তুলবেন কি ?

**শ্রীপার্থ দে ঃ** যদিও এটা আলাদা প্রশ্ন তবুও আপনি যখন এটা তুলেছেন সেই হেতু আমি কয়েকটি কথা বলছি। ষ্টাফ প্যাটার্ণ অর্থাৎ একটা বিদ্যালয়ে কতজন শিক্ষক থাকবেন, তাদের যোগ্যতা কি হবে এ সম্পর্কে আমাদের পশ্চিমবঙ্গে যে মধ্যশিক্ষা পর্ষদ আছে তাদের একটা নির্দেশ, একটা প্যাটার্ণ আছে, একটা ধরণ আছে। সেই অনুযায়ী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের নিয়োগ করা হবে এটা ঠিক হয়ে আছে।

[1-10—1-20 P.M.]

কাজেই ভবিষ্যতে কোনও দিন পাঠ্য বিষয় সংক্রান্ত সংস্কার যদি হয় তাহলে তখন তার সঙ্গে এটাও চিন্তা করা যেতে পারে। ইতিমধ্যে যদি পর্ষদ মনে করে থাকেন এবং যদি সরকারকে বলেন বা কোনও সুপারিশ করেন, তাহলে সরকার তা বিবেচনা করবেন। মাননীয় সদস্য বললেন যে, আপনারা বরাবর বিরোধিতা করছেন, অতএব তুলে নিন। তার অর্থ এই দাঁড়ায় যে, একটা বিদ্যালয়ে কি পরিমাণ এবং কতজন যোগ্যতাসম্পন্ন শিক্ষক থাকবেন সে সম্পর্কে কোনও নির্দিষ্ট নীতি থাকবে না। ষ্টাফ প্যাটার্ণ তুলে দেওয়ার অর্থ এটাই হয়। বিদ্যালয়ে কোনও ষ্টাফ প্যাটার্ণ থাকবে না। সরকার এই রকম কোনও কিছু ভাবেন নি।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** কিন্তু এ. বি. টি. এ.-র এ-সম্পর্কে এটাই তো দাবী ছিল ?

**শ্রীপার্থ দে ঃ** আমি কোনও শিক্ষক সংগঠনের দাবী সম্পর্কে কোনও কিছু বলতে চাই না। কাজেই উত্তর দিতে পারছি না।

**শ্রী[illegible] বিশ্বাস ঃ** পূর্বতন সরকারের আমলে মাধ্যমিক বিদ্যালয় সমূহে যে শিক্ষক নিয়োগ পদ্ধতি চালু ছিল তা কি এখনও চালু আছে ? এটাই ছিল আমার মূল প্রশ্ন, তাতে ষ্টাফ প্যাটার্ণ ইত্যাদির কথা এখানে উঠছে কেন ?

( নো রিপ্লাই )

**শ্রী মহঃ সোহরাব ঃ** এখন পর্য্যন্ত কি স্ট্যাণ্ডিং সার্কুলার আছে যে, যে সমস্ত বিদ্যালয়ে ২০ জনের অধিক শিক্ষক আছেন সেই সমস্ত বিদ্যালয়ে কোনও শিক্ষককে এ্যাপয়েন্টমেন্ট দিতে গেলে এমপ্লয়মেন্ট একচেঞ্জকে অন্তত ইনফরমেসন দিতে হয় ?

**শ্রীপার্থ দে ঃ** নিশ্চয়ই আছে। আমি এখানে ইতিপূর্বে যেটা বলেছি, সেটা হচ্ছে সরকারী নীতি হচ্ছে সাধারণভাবে নিয়োগের ক্ষেত্রে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে নিতে হবে।

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডল ঃ** যে মাধ্যমিক স্কুলগুলি প্রাইভেট সেক্টরে চালু আছে এবং সরকার যাদের সাহায্য দেয়, কিন্তু পুরোপুরি সরকারের হাতে নয়, সেখানে শিক্ষক নিয়োগ পদ্ধতি আমাদের টাইমে পরিবর্তন করা হয়েছে কি, না কংগ্রেস আমলের পদ্ধতিতেই চলে আসছে, কোন পরিবর্তন হয়নি ?

**মিঃ স্পীকার ঃ** এটা কোনও প্রশ্নই নয়।

## বারাসত রবীন্দ্র ভবনে সংস্কার

*১২৪। ( অনুমোদিত প্রশ্ন নং *২৯৮। ) **শ্রীসরল দেব ঃ** শিক্ষা ( উচ্চতর ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বারাসত রবীন্দ্র ভবন সংস্কারের জন্য শিক্ষা দপ্তর কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**শ্রীশম্ভুচরণ ঘোষ ঃ** (ক) বারাসত রবীন্দ্রভবন সংস্কারের জন্য সরকারের নিকট কোন প্রস্তাব আসে নাই। ঐরূপ কোন প্রস্তাব আসিলে তাহা যথাযথ বিবেচনা করা হইবে।

**ময়নাগুড়ি ব্লকে পশুচিকিৎসার ব্যবস্থা**

*১২৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪১।) **শ্রীতারকবন্ধু রায়ঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ময়নাগুড়ি ব্লক এলাকায় পশুচিকিৎসার কোন ব্যবস্থা আছে কি ;

(খ) থাকিলে, কোথায় এবং কি ব্যবস্থা আছে ;

(গ) কতজন লোক ঐ কাজে নিযুক্ত আছে ;

(ঘ) ১৯৭৭ সালে কত সংখ্যক পশুর চিকিৎসা করা হইয়াছে ; এবং

(ঙ) ঐ চিকিৎসা বাবতে উক্ত বৎসরে কত টাকা খরচ করা হইয়াছে ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জীঃ** (ক) হ্যাঁ।

(খ) ময়নাগুড়িতে একটি ব্লক পশুচিকিৎসা ডিসপেনসারী এবং ভোটখণ্ডীতে একটি পশুচিকিৎসা সহায়ক কেন্দ্র আছে। উক্ত কেন্দ্র দুটিতে কেবল বর্হিবিভাগীয় চিকিৎসার ব্যবস্থা আছে।

(গ) বর্তমানে একজন অতিরিক্ত পশুচিকিৎসক ও তিনজন ভেটারিনারী কিছু এসিষ্ট্যান্ট নিযুক্ত আছেন।

(ঘ) ২৭৩৯০।

(ঙ) ঔষধ পত্রাদি বাবদ ৩৭২৯ টাকা খরচ করা হইয়াছে।

**জেলা স্কুল বোর্ড কর্তৃক শিক্ষক ও অন্যান্য কর্মচারী নিয়োগের পদ্ধতি**

*১২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৬।) **শ্রীহরিপদ জানা** (ভগবানপুর) : শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, জেলা স্কুল বোর্ডগুলি কর্তৃক শিক্ষক ও অন্যান্য কর্মচারী নিয়োগের পদ্ধতি কি ?

**শ্রীপার্থ দেঃ** জেলা স্কুল বোর্ডগুলি কর্তৃক শিক্ষক ও অন্যান্য কর্মচারী নিয়োগ করা সম্বন্ধে ১৯৩০ সালের বঙ্গীয় (গ্রামীন) প্রাথমিক শিক্ষা আইনের অধীনে Statutory Rules বা বিধি আছে। শিক্ষক নিয়োগ সম্পর্কিত বিধির বিশদ বিবরণ ২৮-৪-৬৯ তারিখের ১৯৬-ই. ডি. এন. (পি) এবং ২৬-১০-৭১ তারিখের ৯৭৫ ই. ডি. এন. (পি) সংখ্যক বিজ্ঞপ্তিতে সরকারী ঘোষণাপত্রে (গেজেটে) প্রকাশিত হয়েছে।

জেলা স্কুল বোর্ডগুলি শিক্ষা অধিকর্ত্তা কর্তৃক অনুমোদিত প্যানেল হইতে শিক্ষক নিয়োগ করিয়া থাকেন। বর্ত্তমানে এই প্যানেল কর্ম নিয়োগ কেন্দ্রের মাধ্যমে প্রার্থীদের নাম লইয়া জেলা স্কুল বোর্ড কর্তৃক প্রস্তুত করা হয়। প্রসঙ্গতঃ যে সমস্ত প্রার্থী ১৯৭০ সালে কিম্বা তৎপূর্বে স্কুল ফাইনাল এবং ১৯৭১ সালে কিংবা তৎপূর্বে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে এবং এরূপ যাহাদের নাম কর্ম নিয়োগ কেন্দ্রে লিপিবদ্ধ আছে কেবলমাত্র তাহাদিগকে সরকারি দরখাস্ত করার অধিকার দেওয়া হইয়াছে।

এইভাবে প্রাপ্ত উভয়বিধ তালিকা হইতে উপযুক্ত প্রার্থী বাছাই করিয়া জেলা সংকুল বোর্ড শিক্ষক নিয়োগের তালিকা বা প্যানেল প্রস্তুতকরণ এবং অনুমোদনের জন্য শিক্ষা অধিকর্ত্তার নিকট পাঠাইয়া দেন।

এযাবৎ জেলা স্কুল বোর্ডগুলি কর্মপ্রার্থীদিগের নিকট হইতে যথারীতি বিজ্ঞাপনের মারফত সরাসরি দরখাস্থ আহ্বান করিয়া কর্মচারী নিয়োগ করিতেন। এখন কর্ম নিয়োগ কেন্দ্রের নিকট হইতে নাম লইয়া বোর্ডের কর্মচারী নিয়োগ করার নির্দেশ দেওয়া হইয়াছে।

**শ্রীহরিপদ জানা :** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে মেদিনীপুর স্কুল বোর্ডে এই বছর ইন্টারভিউয়ের জন্য এক টাকা করে ক্রস পোষ্টার অর্ডার নেওয়া হয়েছে ?

**শ্রীপার্থ দে :** এটা নোটিশ দিলে জেনে বলবো।

**শ্রীহরিপদ জানা :** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, আমাদের মেদিনীপুর স্কুল বোর্ডে এবারে প্রত্যেক সার্কেলে যে ইন্টারভিউ হচ্ছে তাতে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে কোন লোককে ডাকা হয়েছে কিনা ?

**শ্রীপার্থ দে :** সমস্ত জেলা স্কুল বোর্ডকে বলা হয়েছে কিভাবে নিয়োগ হবে এবং সমস্ত জেলা স্কুল বোর্ডই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের কাছে জানিয়ে দিয়েছেন যে আমাদের এত ভ্যাকান্সি হবে। তবে কোন কোন জেলাতে এই রকম শোনা গেছে কিন্তু আমি আজ পর্যন্ত ঘটনাটা জানি না। এক সময় এই রকম একটা সমস্যা ছিল এবং তাতে কোন কোন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে তারা নাম পাননি। এই রকম যা শুনেছি আর মধ্যে যদি মেদিনীপুর পড়ে তাহলে পড়তে পারে।

**শ্রীহরিপদ জানা :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনাকে আমি জানাচ্ছি, আমাদের মেদিনীপুর স্কুল বোর্ডে সমস্ত লোকেরা এক টাকা দিয়ে পোষ্টাল অর্ডারে দরখাস্থ

করেছেন, তাদের নাম এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে থাকুক বা না থাকুক। পরবর্তীকালে কিছু কিছু সার্কেলে দু'একটা করে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের কার্ড এসেছে এবং তারা ইন্টারভিউ দিতে গেছে। এখন প্যানেলের জন্য যে বোর্ড তৈরী হয়েছে তাতে কি শুধু ঐ বোর্ডের মেম্বার দিয়েই সাব কমিটি হচ্ছে ইন্টারভিউয়ের জন্য না, বাইরে থেকে আর কাউকে নিয়ে ঐ সাব কমিটি তৈরী হচ্ছে এটা যদি বলেন তাহলে ভাল হল?

**শ্রীপার্থ দে:** এটা সম্পর্কে নোটিশ দিলে বলে দেব।

**শ্রী মহঃ সোহরাব:** মাননীয় মন্ত্রী মহাশয়, আগে স্কুল বোর্ডের এ্যাপোয়েন্ট-এর এলিজিবিলিটি ছিল ১৮ বছর বয়স এবং স্কুল ফাইনাল পাশ। হঠাৎ মন্ত্রী মহাশয় বললেন যে ১৯৭১ সালের আগে যাঁরা পাশ করেছেন তাঁরাই এলিজিবল ফর এ্যাপোয়েন্টমেন্ট অব টীচার। এই ১৯৭১ সালের পাশ করার ব্যাপারটা কি জন্য আসছে?

**শ্রীপার্থ দে:** আমি একথা বলিনি যে ১৯৭১ সালের আগে যাঁরা পাশ করেছেন তাঁরাই চাকুরী পাবেন। আমি শুধু এই কথা বলেছি যে ১৯৭১ সালের আগে যাঁরা হায়ার সেকেণ্ডারী পাশ করেছেন এবং যাঁদের নাম এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের অন্তর্ভুক্ত আছে তাঁরা সরাসরি বোর্ডের কাছে দরখাস্ত করতে পারবেন। এটা এই কারণে করা হয়েছে এবং খুব স্বাভাবিক কারণেই করা হয়েছে, সেটা হচ্ছে বহুদিন ধরে যাঁরা পাশ করে বসে আছে তাঁরা যাতে আগে সুযোগ পান।

[1-20—1-30 P.M.]

**মিঃ স্পীকার:** *১২৮ হেল্ড ওভার।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি:** অন এ পয়েন্ট অব ইনফরমেশন, স্যার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই *১২৮, সেটা আপনি হেল্ড ওভার করে দিলেন—আমি জানি মাননীয় মন্ত্রী মহাশয় একদিন এই ব্যাপারে একটা স্টেটমেন্ট এই হাউসে করেছিলেন। আজকে এখানে এই একই ব্যাপারে প্রশ্নটা কেন স্থগিত রাখা হলো বুঝতে পারলাম না।

**মিঃ স্পীকার:** এখানে স্থগিত বলা আছে, সেই জন্য আমি স্থগিত করে দিয়েছি।

**শ্রীপার্থ দে:** মোটামুটি মনে হচ্ছে এই কোশ্চেনের কনটেক্সটা একই। কিন্তু পেপার্স না এলে শিয়োর হতে পারছি না।

**Governing Body of Ranaghat Government Sponsored College**

***129.** (Admitted question No. *318.) **Shri Gour Chandra Kundu:** Will the Minister-in-charge of the Education (Higher) Department be pleased to state—

(a) Whether there is any Governing Body at Ranaghat Government Sponsored College; and

(b) if the answer to question (a) be in the negative, when the same will be constituted and the method to be followed?

**শ্রীশম্ভুচরণ ঘোষ ঃ** (ক) বর্তমানে কোন পরিচালক সমিতি নাই। পরিচালক সমিতির কার্যভার রানাঘাটের মহকুমা শাসকের উপর ন্যস্ত আছে।

(খ) পরিচালক সমিতি পুনর্গঠন করার নিদেশ দেওয়া হইয়াছে। সরকার মনোনীত সভাপতি এবং দুজন সদস্যের নাম এবং শিক্ষা অধিকর্তার মনোনীত সদস্যের নাম কলেজ কর্তৃপক্ষকে জানান হইয়াছে। কলিকাতা বিশ্ববিদ্যালয়কে ও তাহাদের মনোনীত সদস্যের নাম কলেজে প্রেরণ করিতে অনুরোধ জানান হইয়াছে। পরিচালক সমিতির কাঠামো হইবে এইরূপ ঃ

১। সভাপতি — সরকার মনোনীত

২। সচিব — কলেজের অধ্যক্ষ
(পদাধিকার বলে)

অন্যান্য সদস্যগণ

৩-৫। কলেজের স্থায়ী শিক্ষকদের দ্বারা নির্বাচিত তিনজন প্রতিনিধি।

৬। কলেজের স্থায়ী শিক্ষাকর্মীদের দ্বারা নির্বাচিত একজন প্রতিনিধি।

৭-৮। সরকার কর্তৃক মনোনীত দুই ব্যক্তি।

৯। পশ্চিমবঙ্গ শিক্ষা অধিকর্তা কর্তৃক মনোনীত একজন শিক্ষাবিদ।

১০। কলেজটি যে বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত সেই বিশ্ববিদ্যালয়ের দ্বারা মনোনীত একজন শিক্ষাবিদ।

১১। ঐ কলেজের ছাত্র সমিতির নির্বাচিত সাধারণ সচিব (পদাধিকার বলে)

**শ্রীসন্দীপ দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, পরিচালক মণ্ডলীর বিকল্প যে এ্যাডমিনিষ্ট্রেটার আছেন, তিনি কি অধিকারবলে অধ্যক্ষকে ১৪৪ ধারা জারী করে কলেজের মধ্যে বন্ধ করে রাখতে পারেন ?

**শ্রীশম্ভুচরণ ঘোষ ঃ** নোটিশ চাই।

**শ্রীসন্দীপ দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কতগুলো স্পনসর্ড কলেজে গভর্ণিং বডি এ্যাক্‌চুয়্যালি আছে ?

**মিঃ স্পীকার ঃ** দি কোশ্চেন ডাজ নট এ্যারাইজ।

**শ্রীঅতীশচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই কলেজের অধ্যক্ষ ডঃ অনিল বসুর বিরুদ্ধে কোন এনকোয়ারি হয়েছিল কি না ১৯৭৭ সালের সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর মাসে ?

**মিঃ স্পীকার ঃ** দি কোশ্চেন ডাজ নট এ্যারাইজ।

**শ্রীনির্ম্মলকুমার বোস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যে রানাঘাট কলেজে যেখানে বর্তমানে কোন গভর্ণিং বডি নেই, এ্যাডমিনিষ্ট্রেটার হচ্ছেন এস. ডি. ও., তিনি সেই কলেজের অধ্যক্ষের আলমারি খোলবার পর দেখা গেল, বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় ছাত্ররা যে সব খাতায় লিখেছে, সেই খাতাগুলো রয়েছে, অথচ বিশ্ববিদ্যালয়ের ফল বেরিয়ে গেছে। তিনি কি এই বিষয়ে জানেন, এই বিষয়ে বলুন।

**শ্রীশম্ভুচরণ ঘোষ ঃ** এই বিষয়ে আমাদের দৃষ্টি আকৃষ্ট হয়েছে এবং এই বিষয়ে আমরা অনুসন্ধান করছি।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ স্যার, আমাদের মাননীয় সদস্য যে প্রশ্ন করলেন তার উত্তর দিলেন না কিন্তু আপনাদের পার্টির সদস্যদের উত্তর দিলেন। এটা কি পক্ষপাতিত্ব করা হচ্ছে না ?

**মিঃ স্পীকার ঃ** আমি ওনাকেও বলেছি এবং এনাকেও বলেছি যে এইসব প্রশ্নের উত্তর হয় না।

**বিদ্যালয় পরিদর্শকের শূন্য পদ**

*১৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৭।) **শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের কয়টি জেলায় মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয়ের জন্য জেলা বিদ্যালয় পরিদর্শক এবং সহকারী বিদ্যালয় পরিদর্শকের পদ শূন্য আছে; এবং

(খ) এই শূন্য পদসমূহ পূরণের বিষয় সরকার কি বিবেচনা করছেন?

**শ্রীপার্থ দেঃ** (ক) চারিটি জেলায় মাধ্যমিক বিদ্যালয়ের জন্য এবং নয়টি জেলায় প্রাথমিক বিদ্যালয়ের জন্য জেলা বিদ্যালয় পরিদর্শনের পদ শূন্য আছে।

ষোলটি জেলায় মাধ্যমিক বিদ্যালয়ের জন্য এবং পাঁচটি জেলায় প্রাথমিক বিদ্যালয়ের জন্য সহকারী বিদ্যালয় পরিদর্শকের পদ শূন্য আছে।

(খ) জেলা বিদ্যালয় পরিদর্শকের শূন্যপদগুলি পাবলিক সার্ভিস কমিশনের সুপারিশক্রমে পদে উন্নতির দ্বারা পূরণ করিবার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

সরকারী বিদ্যালয় পরিদর্শকের শূন্যপদগুলি পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে সরাসরি পূরণের জন্য শিক্ষা অধিকার প্রয়োজনীয় ব্যবস্থা লইতেছে।

**শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায়ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, কতদিন যাবৎ এই ধরনের পদগুলি শূন্য অবস্থায় পড়ে আছে?

**শ্রীপার্থ দেঃ** নির্দিষ্ট করে বলা যাবে না, তবে তার কারণ হচ্ছে যে সাধারণতঃ এইসব পদে সিনিয়রমোস্টরাই আসেন এবং বিভিন্ন সময়ে রিটায়ার করে যান। তাছাড়া, যেভাবে সিলেকশান হয়, প্রমোশন হয় সেটা একটা জটিল পদ্ধতিতে হয় বলে এই পদগুলি খালি আছে।

**শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায়ঃ** এই ধরণের পদগুলি খালি থাকার জন্য শিক্ষা বিভাগের কাজকর্ম অনেক ব্যাহত হচ্ছে—এটা সত্য নয়?

**শ্রীপার্থ দেঃ** হ্যাঁ, এটা খুবই অসুবিধা হচ্ছে।

**শ্রীবীরেন্দ্র কুমার মৈত্রঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এ অসুবিধাগুলি কত দিনের মধ্যে দূর হবে বলে আশা করছেন?

**শ্রীপার্থ দে :** যেহেতু পদ্ধতি খুবই জটিল সেইজন্য কিছু অসুবিধা হচ্ছে। তবে খুব তাড়াতাড়ি করবার চেষ্টা করবো।

**শ্রীসন্তোষ কুমার দাস :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি—এমন অনেক মাধ্যমিক বিদ্যালয় রয়েছে যা গত ১০ বছরের মধ্যেও একদিনও পরিদর্শন হয়নি ?

**মিঃ স্পীকার :** দিজ কোশ্চেন ডাজ নট এ্যারাইজ।

**শ্রীবীরেন্দ্র কুমার মৈত্র :** মালদা জেলায় কটা ডিস্ট্রিক্ট ইন্সপেক্টরের পদ খালি আছে তা মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

**শ্রীপার্থ দে :** ওখানে একজন ডি. আই. আছেন। পশ্চিমবঙ্গে বেশীর ভাগ জেলায় ২ জন করে ডি. আই. দেওয়া যাচ্ছে না।

### Site for Kalimpong College

*131. (Admitted question No. *361.) **Shrimati Renu Leena Subba :** Will the Minister-in-charge of the Education (Higher) Department be pleased to state—

(a) if it is a fact that the site for the proposed College at Kalimpong has been finally selected ;

(b) if so, where and when will be the construction of the said College be started ; and

(c) what is the estimated total cost ?

**শ্রীশম্ভুচরণ ঘোষ :** (ক) কালিম্পং কলেজ বর্তমানে একটি রিকুইজিসণ্ড বাড়িতে চলিতেছে। ইহার নিজস্ব বাড়ি নির্ম্মাণের জন্য একটি স্থান মনোনাত করা হইয়াছে।

(খ) যে স্থানটি মনোনীত করা হইয়াছে তাহা ঋষি বঙ্কিম পার্কের একটি সমতল জমি, এবং এই জমির মালিক রাজ্য সরকারের বন বিভাগ। জমিটি শিক্ষা বিভাগকে হস্তান্তরিত করিবার পর এবং নকসা ও প্রাক্কলন অনুমোদিত হইবার পর নির্মাণকার্য্য আরম্ভ হইবে। এবং

(গ) পূর্ত বিভাগের কনষ্ট্রাকসন বোর্ড কলেজ কর্তৃপক্ষের সহিত পরামর্শ করিয়া

নক্সা ও প্রাক্কলন তৈয়ারী করিতে অনুরোধ জানানো হইয়াছে। উহা এখনও পাওয়া যায় নাই।

## মাধ্যমিক বিদ্যালয়ে প্রশাসক নিয়োগ

*১৩২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫২।) **শ্রীমহঃ সোহরাব:** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের জুলাই মাস হইতে ১৯৭৮ সালের অক্টোবর মাস পর্যন্ত পশ্চিমবঙ্গে কোন্ কোন্ জেলায় কতগুলি মাধ্যমিক বিদ্যালয়ে প্রশাসক নিয়োগ করা হইয়াছে ; এবং

(খ) এই প্রশাসকগণের মধ্যে কতজন সরকারী কর্মচারী এবং কতজন বেসরকারী কর্মচারী ?

**শ্রীপার্থ দে:** (ক) পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষৎ জানাইয়াছে যে বিভিন্ন জেলায় নিযুক্ত প্রশাসকের সংখ্যা নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| (১) | কলিকাতা | ৭৩ |
| (২) | হাওড়া | ৫১ |
| (৩) | ২৪-পরগণা | ১৩৩ |
| (৪) | নদীয়া | ৭১ |
| (৫) | মুর্শিদাবাদ | ২৭ |
| (৬) | বর্ধমান | ৫৯ |
| (৭) | বীরভূম | ২৫ |
| (৮) | বাঁকুড়া | ৩৮ |
| (৯) | পুরুলিয়া | ১৩ |
| (১০) | হুগলী | ৩৫ |
| (১১) | মেদিনীপুর | ৮০ |
| (১২) | দার্জিলিং | ৫ |
| (১৩) | জলপাইগুড়ি | ৬ |
| (১৪) | কুচবিহার | ৭ |
| (১৫) | পশ্চিম দিনাজপুর | ১০ |
| (১৬) | মালদা | ১৯ |

মোট—৬৫২

(খ) মোট ৬৫২ জনের মধ্যে ৬০২ জন সরকারী এবং ৫০ জন বে-সরকারী ব্যক্তি।

[1-30 – 1-40 P.M.]

**শ্রী মহঃ সোহরাব ঃ** এই যে ৫০ জন বেসরকারী ব্যক্তি এই ৫০ জনই কি সি. পি. এম. ?

**শ্রীপার্থ দে ঃ** দলগত পরিচয় নেওয়া হয় নি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মন্ত্রী মহাশয় এড়াবার যেন চেষ্টা না করেন—আপনারা ৬৫২টি স্কুলে প্রশাসক নিয়োগ করলেন এর মোদ্দা কারণগুলো কি কি ?

**শ্রীপার্থ দে ঃ** মোদ্দা কারণ দুটো, সেটা হচ্ছে আইনগত কারণ। পশ্চিমবঙ্গে মাধ্যমিক স্কুলগুলি পরিচালনা করবার জন্য কতকগুলি নিয়ম কানুন আছে। একটা হচ্ছে রুলস অফ ম্যানেজমেণ্ট আমরা করি না, অনেকদিন আগে থেকে চলছে তাতে বলা হয়েছে একটা স্কুলকে পরিচালনা করবার জন্য যে ম্যানেজিং কমিটি গঠিত হবে তার একটা নির্দিষ্ট সময় আছে, সেই সময় সীমা শেষ হওয়ার ৩ মাস আগে নূতন করে কমিটি নির্বাচন করা হবে। যদি অন্য কোন কারণ বশতঃ বোর্ডের কাছে আবেদন করেন বোর্ড ৬ মাস ১ বছর পর্য্যন্ত মেয়াদ বাড়িয়ে দেবেন। যে সমস্ত বিদ্যালয় ১ বছরের বেশী সময় ধরে পুরোনো ম্যানেজিং কমিটি বাতিল করতে পারেন তাতে নোটিশ অবধি দেওয়া হয় না। শিক্ষার স্বার্থেই এই রুলস লিপিবদ্ধ আছে। দ্বিতীয় কারণ হল কোন স্কুল ম্যানেজিং কমিটি সম্পর্কে এমন কোন গুরুত্বপূর্ণ প্রশ্ন আনেন তা শিক্ষা দপ্তরের শিক্ষা অধিকারের অনুসন্ধানের বিষয় তখন শিক্ষা দপ্তর এই ধরণের কমিটির দুর্নীতি যেমন অর্থ তছরূপ, শিক্ষকদের বেতন না দেওয়া ইত্যাদি এই ধরণের গুরুত্বপূর্ণ অপরাধ সেগুলি অনুসন্ধান করে শিক্ষা অধিকর্তা সুপারিশ করেন যে এই কমিটির থাকা উচিত নয়। কারণ বিচার বিবেচনা করে প্রশাসক নিয়োগ করেন। এই সুস্পষ্ট দুটি কারণ। কোন কোন স্কুলে বহু বছর কোন নির্বাচন হয়নি। অনেক দিনের পুরোনো ম্যানেজিং কমিটি তাঁরাই চালাচ্ছেন—এটা বে-আইনী, শিক্ষার সমস্ত স্বার্থের বিরোধী। এটাই নিয়ম, এটাই বিধি।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি যে তাঁর কাছে কোন খবর আছে কিনা আয়ু থাকতে

বা কোনপ্রকার দুর্নীতি অভিযোগ না থাকা সত্বেও এই রকম প্রশাসক নিয়োগ করা হয়েছে ? এই রকম কংক্রীট কেস আছে।

**শ্রীপার্থ দে ঃ** এরকম কোন সংবাদ আমার কাছে আসেনি।

**শ্রী মহঃ সোহরাব ঃ** প্রশাসক নিয়োগ করার সময় ৬ মাসের মধ্যে প্রশাসক নিয়োগ—তার মধ্যে ইলেকসন করা হবে যেখানে ৫০ জন বেসরকারী ব্যক্তির টার্ম বাড়িয়ে দেওয়া হচ্ছে—এটা জানেন কি ?

**শ্রীপার্থ দে ঃ** এই রকম কিছু কিছু ঘটনা হয়েছে। মাননীয় সদস্য জানেন যে নির্বাচন পরিচালনা করবার একটা পদ্ধতি আছে, পদ্ধতিটি খুবই জটিল। এর বেশী কিছু বলা প্রয়োজন নেই। এর কারণ কোন কোন জায়গায় নির্বাচন হতে পারেনি, সমস্ত দেশেই তখন পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল সেইজন্য বহু বিদ্যালয়ের নির্বাচন স্থগিত রাখতে হয়েছে।

**শ্রীপার্থ দে ঃ** এটা বাস্তবে সম্ভব ছিলো না। দ্বিতীয় কারণ হচ্ছে কয়েক মাস ধরে বারবার বন্যা হচ্ছে।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** প্রশাসক নিয়োগের ক্ষেত্রে এটা যেমন করা হলো সেই রকম বিশেষ কোন ম্যানেজিং কমিটি যদি তাদের টার্মের মধ্যে এই কাজ করতে না পারে তাহলে আপনি কি এটা বিবেচনা করবেন ?

**শ্রীপার্থ দে ঃ** এটা বোর্ড বিবেচনা করবেন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** প্রশাসক নিয়োগ এর ক্ষেত্রে অনেকে আদালতে গেছে সেখানে আদালত থেকে আবার কোন ম্যানেজিং কমিটিকে রিভাইব করেছে কিনা ?

**শ্রীপার্থ দে ঃ** নোটিশ চাই।

**শ্রীহরিপদ জানা ঃ** ( ভগবানপুর )—লাইফ পিরিয়াড এর মধ্যে ইলেকসান হয়েছে, ডিপার্টমেন্টাল নমিনির জন্য ডি. আই.-কে বলা হয়েছে কিন্তু পারমিসানের জন্য তাঁরা নমিনি প্লেস করতে পারছে না বলে যে দেরী হচ্ছে সে ক্ষেত্রে আপনাদের কি পলিসি আছে।

**শ্রীপার্থ দে ঃ** নোটিশ চাই।

**শ্রীরজনীকান্ত দলুই :** যখন প্রশাসক নিয়োগ করা হবে তখন পঞ্চায়েত সদস্যদের সুযোগ দেওয়া হবে কিনা ?

**শ্রীপার্থ দে :** আলাদাভাবে কিছু করা হবে না।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** ৫০ জন যে বেসরকারী সদস্য আছেন এঁদের কি গুণাগুণের ভিত্তিতে নিয়োগ করা হয়েছে ?

**শ্রীপার্থ দে :** গুণের বিচার করা হয় না। প্রধানতঃ শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা করতে পারবেন এইরূপ ব্যক্তিকে দেওয়া হয়েছে—এর মধ্যে কলেজের অধ্যাপক বেশী আছে, দু-এক জায়গায় অন্য লোক আছে।

**শ্রীসুনীতি চট্টরাজ :** ৬৫২ জনকে সরকারী পরিদর্শক করতে অসুবিধা কি ছিলো ?

**শ্রীপার্থ দে :** বিভিন্ন ক্ষেত্রে বিভিন্ন রকমের অসুবিধা ছিলো।

[1-40—1-50 P.M.]

**শ্রীবিষ্ণুকান্ত শাস্ত্রী :** এই যে সময় বাড়িয়েছেন এর ডেড লাইন কি ?

**শ্রীপার্থ দে :** পরিস্থিতি অনুসারে পর্ষদ ঠিক করবেন ?

## কলেজগুলিতে অধ্যক্ষের শূন্য পদ

*১৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯০।) **শ্রীপ্রবোধচন্দ্র সিংহ :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন কলেজে মোট কতগুলি অধ্যক্ষের পদ খালি আছে ;

(খ) ঐ শূন্যপদগুলি পূরণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ; এবং

(গ) স্থায়ীভাবে অধ্যক্ষ নিয়োগ না হওয়ায় কলেজ পরিচালনের ক্ষেত্রে কি অসুবিধা দেখা দিয়াছে ?

**শ্রীশম্ভু চরণ ঘোষ :** (ক) বিভিন্ন কলেজ হইতে যে রিপোর্ট পাওয়া গিয়াছে তাহাতে দেখা যায় যে ৬৫টি কলেজে (Sponsored and non-sponsored) অধ্যক্ষের পদ খালি আছে।

(খ) ঐ পদগুলি পূরণের জন্য সরকার একটি Selection Committee নিয়োগ করিয়াছেন। Selection Committee দুইবারে দুইটি প্যানেল তৈয়ারী করেন। সেই প্যানেল হইতে মোট ১৮টি কলেজে অধ্যক্ষপদের জন্য নাম পাঠানো হইয়াছে।

(গ) অধ্যক্ষের পদ খালি থাকার জন্য যাহাতে কোন অসুবিধা না হয়। সেইজন্য সেইসব কলেজগুলিতে কলেজের একজন প্রধান অধ্যাপক Teacher-in-Charge হিসাবে অস্থায়ীভাবে কাজ করিতেছেন।

**শ্রীসন্দীপ দাস :** ৬৫টি পদ যে খালি আছে এর মধ্যে কতগুলি স্পনসর্ড এবং কতগুলি ননস্পনসর্ড ?

**শ্রীশম্ভুচরণ ঘোষ :** নোটিশ চাই।

**শ্রীবীরেন মৈত্র :** অধ্যাপক নিয়োগের ক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষের কোন সে— আছে কি না ?

**শ্রীশম্ভুচরণ ঘোষ :** সিলেকসান কমিটির পক্ষ থেকে যে নামগুলি আসবে সেগুলি পাঠিয়ে দেওয়া হয় এবং এক মাসের মধ্যে নিযুক্ত অধ্যাপককে যোগদান করবার জন্য অনুরোধ করা হয়।

**শ্রীকৃপাসিন্ধু সাহা :** সিলেকসান কমিটি আজ পর্যন্ত কতজন প্রিন্সিপ্যালের নাম পেয়েছেন ?

**শ্রীশম্ভুচরণ ঘোষ :** সিলেকসান কমিটি ২ বার প্যানেল করেছিলেন তাতে মোট ২২ জনকে নির্বাচিত করা হয় এবং তার মধ্যে থেকে ১৮ জনের নাম বিভিন্ন কলেজে পাঠিয়ে দিয়েছি।

**শ্রীঅমিয় কুমার ব্যানার্জী :** ২৪টি পোষ্ট ৬৫টির জায়গায় কি তলাব করা হলো তা থেকে কি এটা বোঝা যাচ্ছে না যে, যে কোয়ালিফিকেসান দেওয়া হয়েছে তাতে সাফিসিয়েন্ট লোক পাওয়া যাচ্ছে না ?

**শ্রীশম্ভুচরণ ঘোষ :** এটা অনেকখানি সত্য।

**শ্রীঅমিয় কুমার ব্যানার্জী :** এ বিষয়ে আপনি কি ইউ. জি. সি.-র সঙ্গে আলোচনা করেছেন ?

**শ্রীশম্ভুচরণ ঘোষ :** হাঁ, আলাপ আলোচনা করেছি।

**শ্রীঅতীশচন্দ্র ঘোষ :** এই অসুবিধার মধ্যে কলেজ কর্তৃপক্ষকে টেমপোরারি ৬ মাস হিসাবে অধ্যক্ষ নিয়োগ করার কথা দেবার কথা পুনঃ বিবেচনা করছেন কিনা ?

**শ্রীশম্ভুচরণ ঘোষ :** না।

## ১৯৭৮ সালে নূতন মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদন

*১৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪১২।) **শ্রীসুভাষ গোস্বামী :** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৮ সালে জানুয়ারি মাস হইতে ৩১এ অক্টোবর পর্যন্ত মোট কতগুলি মাধ্যমিক বিদ্যালয়কে ( ২ ক্লাস, ৪ ক্লাস এবং ১০ ক্লাস )—

(১) নূতন অনুমোদন ( ফার্স্ট রিকগনিশন ) দেওয়া হইয়াছে,

(২) ২ ক্লাস হইতে ৪ ক্লাসে উন্নীত করা হইয়াছে, ও

(৩) ৪ ক্লাস হইতে ১০ ক্লাসে উন্নীত করা হইয়াছে ;

(খ) কিসের ভিত্তিতে উক্ত অনুমোদন দেওয়া হইয়াছে ; এবং

(গ) উক্ত বিদ্যালয়গুলিকে কোন্ সময় হইতে ও কি ধরনের সরকারী সাহায্য দেওয়া হইবে ?

**শ্রীপ্রার্থ দে :** (ক) পশ্চিমবঙ্গ সরকারের মধ্যশিক্ষা পর্ষদ জানাইয়াছে যে ১৯৭৮ সালের জানুয়ারী মাস হইতে ৩১শে অক্টোবর পর্য্যন্ত নিম্নলিখিত বিদ্যালয় গুলিকে অনুমোদন দেওয়া হইয়াছে :

(১) নূতন অনুমোদন— 2 Class—Nil
4 Class—16
X Class— 7

(২) 2 Class হইতে 4 Class এ উন্নীত X

(৩) 4 Class হইতে X Class এ উন্নীত ১

(খ) তিন শ্রেণীর বিদ্যালয়কে সরকারী সুপারিশের ভিত্তিতে পর্ষৎ অনুমোদন দিয়াছে যথা :

(১) গত তিন-চার বৎসরে সরকারী উদ্যোগে তপশিলী জাতি, তপশিলী সম্প্রদায়ভুক্ত এবং অন্যান্য অনুন্নত ছাত্র-ছাত্রীদের জন্য প্রতিষ্ঠিত আবাসিক বিদ্যালয়।

(২) ভাষাগত সংখ্যালঘু কর্তৃক প্রতিষ্ঠিত এবং পরিচালিত বিদ্যালয়।

(৩) পূর্বের অনুমোদিত সহ-শিক্ষামূলক বিদ্যালয় হইতে বিচ্ছিন্ন বালিকা বিদ্যালয়।

(গ) বিদ্যালয়গুলির নিকট হইতে Grant-in-aid-এর জন্য application পাওয়ার পর সেগুলি বিবেচনা করে অনুদানের পরিমাণ এবং সময় স্থির করা হবে।

**শ্রীবীরেন্দ্র কুমার মৈত্র**: মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন আজ পর্যন্ত কতগুলি ক্লাস ১০ স্কুলের জন্য রেকগনিশানের প্রার্থনা করে রেকগনিশান পেণ্ডিং আছে?

**শ্রীপার্থ দে**: ঠিক সংখ্যা বলতে পারব না, প্রায় ৩ হাজারের মত বিভিন্ন ধরণের বিদ্যালয় বহুদিন ধরে বোর্ডের কাছে অনুমোদনের জন্য দরখাস্ত করে রেখেছেন এবং বিগত কয়েক বছর ধরে পশ্চিমবঙ্গে কোন মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদন হত না, সেটা এখন শুরু হচ্ছে, আস্তে আস্তে হবে।

**শ্রীবীরেন্দ্র কুমার মৈত্র**: মাননীয় মন্ত্রী মহাশয় কি বললেন ক্লাস ১০ পর্যন্ত যে স্কুলগুলি আগে প্রাইভেট পরীক্ষা দেওয়ার সুযোগ পেত তাদের সেটা বন্ধ করে দেওয়া হয়েছে। এখন সেই স্কুলগুলির কি ব্যবস্থা করা হবে?

**মিঃ স্পীকার**: এই প্রশ্ন আসে না।

## মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদন

*১৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩০২।) **শ্রীসরল দেব**: শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্তমান সরকার গঠিত হওয়ার পর হইতে ৩০এ অক্টোবর, ১৯৭৮ পর্যন্ত নূতন কতগুলি মাধ্যমিক স্কুলের অনুমোদন দেওয়া হইয়াছে?

**শ্রীপার্থ দে**: জুন '৭৭ থেকে অক্টোবর '৭৮ পর্য্যন্ত মোট ২৪টি বিদ্যালয়কে অনুমোদন দেওয়া হইয়াছে।

**রামপুরহাট মহাবিদ্যালয়ের অধ্যক্ষের শূন্য পদ**

*১৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৮০।) **শ্রীশশাঙ্কশেখর মণ্ডল ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, রামপুরহাট মহাবিদ্যালয়ের অধ্যক্ষের পদ দীর্ঘদিন যাবৎ শূন্য রহিয়াছে ;

(খ) অবগত থাকিলে উক্ত পদে উপযুক্ত প্রার্থী নিয়োগের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ; এবং

(গ) কতদিনের মধ্যে নূতন অধ্যক্ষ নিয়োজিত হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীশম্ভুচরণ ঘোষ ঃ** (ক) হ্যাঁ, সরকার অবগত আছেন।

(খ) সরকার কর্তৃক নিয়োজিত Seection Committee অধ্যক্ষপদের জন্য যে, Panel সম্প্রতি প্রস্তুত করিয়াছেন, সেই Panel হইতে অধ্যক্ষ নিয়োগের জন্য রামপুরহাট কলেজের কর্তৃপক্ষের নিকট একটি নাম পাঠানো হইয়াছে।

(গ) নিয়ম অনুযায়ী পত্র প্রাপ্তির এক মাসের মধ্যে কলেজ কর্তৃপক্ষ নিয়োগ পত্র দিবেন।

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডল ঃ** মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি মহকুমার মধ্যে মাত্র একটা কলেজ, এই কলেজে দীর্ঘদিন ধরে কোন অধ্যক্ষ নেই এবং এই অধ্যক্ষ না থাকার জন্য এখানে একটা নৈরাজ্য প্রতিষ্ঠিত হয়েছে। আমি আপনার কাছে বিনীত ভাবে জিজ্ঞাসা করছি এই অধ্যক্ষ সেখানে কবে নাগাদ কাগজ-কলম নিয়ে বসবেন ?

**শ্রীশম্ভুচরণ ঘোষ ঃ** আমি এই প্রশ্নের উত্তর দিয়েছি। ইতিমধ্যে সরকারের পক্ষ থেকে আমরা ২৩শে নভেম্বর কলেজ কর্তৃপক্ষের কাছে অধ্যক্ষের নাম সুপারিশ করে পাঠিয়ে দিয়েছি। এখন কর্তৃপক্ষ অধ্যক্ষকে ১ মাসের সময় দিয়ে নিয়োগপত্র দেবেন।

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডল ঃ** তাহলে কবে নাগাদ নিয়োগপত্র দেবেন ?

**মিঃ স্পীকার ঃ** কোশ্চেন ডিসএ্যালাউড।

## পশ্চিমবঙ্গ হইতে কেন্দ্রের রাজস্ব প্রাপ্তি

*১৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *২২৭।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস**ঃ অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ হইতে বার্ষিক কি পরিমাণ রাজস্ব পান ; এবং

(খ) ইহা কি সত্য যে, অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী পশ্চিমবঙ্গকে কেন্দ্রীয় সাহায্য বা অর্থ বরাদ্দ করা হয় না ?

**ডঃ অশোক মিত্র**ঃ (ক) এই বিষয়ে আমাদের কাছে সর্বশেষ যে তথ্য আছে তা কয়েক বছরের পুরোনো।

কেন্দ্র ও রাজ্য সরকারগুলির ১৯৭৪-৭৫ সালের যে সংযুক্ত আয়-ব্যয়ের হিসাব সম্প্রতি কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রকাশিত হয়েছে তা থেকে কেন্দ্রীয় সরকার ঐ বৎসর আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জসহ পশ্চিমবঙ্গ থেকে যে রাজস্ব পেয়েছেন উহার বিবরণ নিম্নে দেওয়া হইল।

| | ( কোটি টাকা ) |
|---|---|
| Corporation Tax | 153·75 |
| Taxes on Income other than Corporation Tax | 109·21 |
| Other Taxes on Income & Expenditure | 1·37 |
| Estate Duty | 0·97 |
| Taxes on Wealth | 3·84 |
| Gift Tax | 0·46 |
| Customs | 268·29 |
| Union Excise Duties | 505·49 |
| Total : | 4,043·38 |

(খ) অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় সরকার কর্তৃক সংগৃহীত রাজস্বের কিছু অংশ এবং সংবিধানের ২৭৫ ধারা অনুযায়ী কিছু অনুদান পেয়ে থাকেন। উদাহরণ গত ১৯৭৪-৭৫ সালে এই দুই উৎস থেকে মোট ১৫৫·৯০ কোটি টাকা পাওয়া গিয়েছিল।

[1-50—2-00 P.M.]

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস**ঃ বর্তমানে যে অর্থ কমিশনের রিপোর্ট সম্প্রতি প্রকাশিত হয়েছে সে সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকার কি মনে করেছে ? অর্থাৎ সন্তোষজনক কিনা ?

**ডঃ অশোক মিত্র ঃ** এই বিষয়ে আলাদা প্রশ্ন দিলে আমি জবাব দিতে পারবো।

**শ্রীবীরেন্দ্রকুমার মিত্র ঃ** (খ) প্রশ্ন আছে ইহা কি সত্য যে, অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী পশ্চিমবঙ্গকে কেন্দ্র সাহায্য বা বরাদ্দ করা হয় নি। সে কথাটি কি ঠিক ?

**ডঃ অশোক মিত্র ঃ** এটা ঠিক নয়, কারণ সংবিধানে লেখা আছে যে সংগৃহীত রাজস্ব আমরা পাবো।

*১৩৯। হেল্ড ওভার।

## মেদিনীপুরে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়

*১৪০। ( অনুমোদিত প্রশ্ন নং *৩৯৪। ) **শ্রীপ্রবোধচন্দ্র সিংহ ঃ** শিক্ষা ( উচ্চতর ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুরে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়টি কোন্ বৎসর হইতে চালু হইবে বলিয়া আশা করা যায় ; এবং

(খ) উক্ত বিশ্ববিদ্যালয়ে কি ধরনের পাঠ্যক্রম অনুসরণ করা হইবে ?

**শ্রীশম্ভুচরণ ঘোষ ঃ** (ক) ও (খ) বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

## নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপন ও শিক্ষক নিয়োগ

*১৪১। ( অনুমোদিত প্রশ্ন নং *২৩১। **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** শিক্ষা ( প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার ) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় এক হাজারটি প্রাথমিক বিদ্যালয় স্থাপনের পরিকল্পনাটি কতদূর কার্যকর হয়েছে ; এবং

(খ) প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগের ক্ষেত্রে "কর্ম-বিনিয়োগ কেন্দ্রের" ( এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ ) মাধ্যমে শিক্ষক নিয়োগ করা হবে কি ?

**শ্রীপার্থ দে ঃ** (ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় এক হাজারটি প্রাথমিক বিদ্যালয় সংস্থাপনের পরিকল্পনাটি কার্যকর করার জন্য ১৯৭৮ এর জানুয়ারী মাসে সমস্ত জেলা স্কুল বোর্ডকে ও জেলা পরিদর্শক ( প্রাথমিক শিক্ষা ) কে জেলা ভিত্তিক কোটা অনুযায়ী স্কুল স্থাপনের নির্দেশ দেওয়া হয়েছে।

(খ) প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগের ক্ষেত্রে কর্ম নিয়োগ কেন্দ্রের ( এমপ্লয়মেণ্ট একচেঞ্জ ) এর তালিকাভুক্ত কর্মপ্রার্থীর নাম নিয়ে জেলাওয়ারী প্যানেলের মাধ্যমে শিক্ষক নিয়োগ করা হবে। কর্ম নিয়োগ কেন্দ্রে তালিকাভুক্ত যে সব প্রার্থী ১৯৭০ সালে অথবা তার পূর্বে মাধ্যমিক অথবা ১৯৭১ সালে বা তার পূর্বে উচ্চতর মাধ্যমিক পরীক্ষায় পাস করেছেন তাঁরা সরাসরি আবেদন করতে পারবেন।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস:** এখন পর্যন্ত কয়টি প্রাথমিক বিদ্যালয় চালু হয়েছে অর্থাৎ স্থাপিত হয়েছে? এখানে আপনি বললেন সমস্ত নির্দেশ দেওয়া হয়েছে। জেলা ওয়ারি বা সামগ্রিকভাবে আপনার কাছে রিপোর্ট এসেছে কিনা যে কতগুলি স্কুল স্থাপিত হয়েছে।

**শ্রীপার্থ দে:** এগুলি করে জেলা স্কুল বোর্ড। কাজেই জেলা স্কুল বোর্ড কয়টি স্কুল করেছেন না করেছেন তারা বলবেন। তবে আপনি যদি জেলা ভিত্তিক জানতে চান তাহলে তাদের কাছ থেকে আনিয়ে নিতে হবে। সরকারের তরফ থেকে কি করা হয়েছে সেটা আমি বলেছি।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস:** ৭৭-৭৮ সালে বাজেটের মধ্যেই ঘোষণা ছিল যে ১ হাজার প্রাথমিক বিদ্যালয় হবে। কিন্তু কার্যতঃ দেখা যাচ্ছে এবং আমি দু-তিনটি জেলার অভিজ্ঞতা থেকে বলছি কোথাও কোথাও প্রাথমিক বিদ্যালয় স্থাপিত হতে পারছে না নানা কারণে। এই সম্পর্ক দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য আপনি কি নির্দেশ দিয়েছেন?

**শ্রীপার্থ দে:** আমি জেলা বোর্ডের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখি। সভাপতিদের আমরা মাঝে মাঝে ডাকি। আজকেই একটা সভা হচ্ছে অনেক অসুবিধা থাকতে পারে, কি করে দূর করা যায় সেটা আমরা দেখছি।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র:** কর্ম বিনিয়োগ কেন্দ্র থেকে নাম নিয়ে শিক্ষক নিয়োগ করতে হবে বলা হয়েছে অথচ মাননীয় হরিপদ জানার একটা প্রশ্নের ভিতরে মাননীয় মন্ত্রী মহাশয় লিখেছেন যে এখন কর্মনিয়োগ কেন্দ্র থেকে না লইয়া কর্ম নিয়োগ করার নির্দেশ দেওয়া হইয়াছে। টেবিলে যেটা না বলছেন আর উনি এখন যেটা বলছেন— কোনটা ঠিক।

**শ্রীপার্থ দে:** টাইপ যারা করেন হয়তো তাদের ভুল হতে পারে।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র:** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন গত সাত-আট বছর ধরে কতকগুলো ছেলে স্কুল অর্গানাইজ করেছিল তারা এখন অর্গানইজ টিচার বলে দাবি করছেন। তাদের জন্য আপনি কোন কথা চিন্তা করছেন কিনা কিংবা বোর্ডকে কোন নির্দেশ দিয়েছেন কিনা।

**শ্রীপার্থ দে:** অধিকাংশ অর্গানাইজ প্রাথমিক বিদ্যালয় বলে যে বিদ্যালয়গুলি পরিচালিত হয় বা যে প্রতিষ্ঠানগুলি আছে, আমি বারে বারে বলছি এবং আবার এখানে বলছি যে তাদের সরাসরি চাকরীতে নিয়োগ করা হবে না, সাধারণ চাকরীর নীতিতে তাদের নির্বাচিত হয়ে চাকরী পেতে হবে।

**শ্রীসুনীতি চট্টরাজ:** মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে এত স্কুল স্থাপন করা যায় নি। এই স্থাপন না করার পিছনে প্রধান কারণ কি বামফ্রন্ট সরিকী সংঘর্ষ?

**শ্রীপার্থ দে:** মাননীয় সদস্য যে কথা বলেছেন হয় উনি আমার কথা শুনতে পাননি না হয় উনি এখানে ভুলভাবে স্থাপন করছেন। আমি কোন পর্যায়ে বলিনি যে স্কুল হয়নি। নিজের কথা আমার উপর চাপাতে চাইছেন। কিন্তু সে কথা আমার উপরে চাপান ঠিক হবে না।

**শ্রীসুনীতি চট্টরাজ:** জেলাওয়ারি জানাবেন কি যে কোন্ জেলায় কয়টি স্কুল স্থাপন করা হয়েছে?

**শ্রীপার্থ দে:** নোটিশ চাই।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস:** আমরা কয়েকটি জেলায় দেখতে পাচ্ছি স্কুল বোর্ড থেকে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জকে জানানো সত্বেও তারা নাম পাঠাচ্ছেন না। সুতরাং সরকারের এই নীতিকে বানচাল করবার জন্য তারা নাম পাঠাচ্ছেন না। সরকারের ঘোষিত নীতি লংঘন করছেন।

**শ্রীপার্থ দে:** যদি নাম না পাঠিয়ে থাকে আমার কাছে বলবেন আমি দেখবো।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস:** এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জকে বলা হয়েছিল নাম পাঠানোর জন্য এটাই সরকারী নীতি, তারা পাঠাচ্ছেন না এই সম্পর্কে কি আপনি অবগত আছেন?

**শ্রীপার্থ দে:** না জেনে বলতে পারছি না।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস:** এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ নাম পাঠাচ্ছেন না, তারা সরকারের

ঘোষিত নীতির বিরোধীতা করছেন। এ সম্পর্কে আপনি কোনো ব্যবস্থা গ্রহণ করবেন কি ?

**২৪-পরগণার মধ্যমগ্রাম উচ্চ বিদ্যালয়ে প্রশাসক নিয়োগ**

*১৪২। ( অনুমোদিত প্রশ্ন নং *৩৩০। ) **শ্রীসরল দেব ঃ** শিক্ষা ( প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ২৪-পরগণা জেলার মধ্যমগ্রাম হাইস্কুলে অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করা হইয়াছে ;

(খ) সত্য হইলে, তাহার কারণ কি ;

(গ) ইহা কি সত্য যে, উক্ত স্কুলে অক্টোবর এবং নভেম্বর মাসে দুইবার নির্বাচনের দিন ধার্য হওয়া সত্ত্বেও নির্বাচন অনুষ্ঠিত হয় নাই ; এবং

(ঘ) সত্য হইলে, তাহার কারণ কি ?

**শ্রীপার্থ দে ঃ** (ক) হ্যাঁ।

(খ) গত পরিচালক সমিতির কার্যকাল ২১-১২-৭৬ তারিখে শেষ হওয়ায়, পরিচালনায় শূন্যাবস্থা দূর করবার জন্য বিদ্যালয়ের স্বার্থে শিক্ষা অধিকর্তার সুপারিশ অনুসারে গত ২৮-৪-৭৮ তারিখে উক্ত স্কুলে মধ্যশিক্ষা পর্ষদ প্রশাসক নিযুক্ত করেন।

(গ) হ্যাঁ।

(ঘ) গত ১-১০-৭৮ তারিখে স্কুলের পরিচালক সমিতির নির্বাচনের দিন ধার্য্য করা হয়। কিন্তু বৃষ্টি ও বন্যার জন্য উক্ত নির্বাচন বন্ধ থাকে। পরে স্কুল ১২-১১-৭৮ তারিখে নির্বাচন করতে চায়। কিন্তু এই দিনে ইদোজ্জোহার উৎসব থাকার জন্য জেলা পরিদর্শকের মত অনুসারে নির্বাচন স্থগিত রাখা হয়।

[ 2-00—2-10 P.M. ]

**Mr. Speaker :** Now I take up adjournment motion.

**Shri Rajani Kanta Doloi :** Sir, I have a privilege motion. According

to rules immediately after the question hour privilege motion is to be raised. I have submitted the notice to your office at 11 a.m. to-day.

**Mr. Speaker :** A notice in writing is to be given and the motion will be examined according to rules before a decision is taken.

**Shri Atish Chandra Sinha :** Sir, an oral motion can be raised according to rule 225.

**Mr. Speaker :** Rule 225 is a separate thing. You have raised the question of privilege but you will have to give a notice in writing under rule 226.

**Shri Atish Chandra Sinha :** Sir, It concerns the minority communities and the Minority Commission will come to this State to-morrow.

**Mr. Speaker :** A notice under rule 226 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly has been received from Md. Sohorab in which a question of privilege has been raised. It is stated that the Minority Commission informed the State Government and the Assembly Secretariat that the Commission would meet members of the House interested in the matter. But information was not sent to the members. Therefore, it is stated, there is a breach of privilege.

A copy of the letter sent by the Secretary, Minority Commission to the Chief Secretary has only been endorsed to this Secretariat. This letter contains a tentative programme of the Minority Commission and it is not stated that the Commission would meet any member. The question of any privilege and a breach thereof does not arise.

### Adjournment motions

**মিঃ স্পীকার ঃ** আমি মাননীয় সদস্য জনাব মহম্মদ সোহরাবের কাছ থেকে একটি মুলতুবী প্রস্তাবের নোটিস পেয়েছি। নোটিসে জনাব সোহরাব মেদিনীপুরে সম্প্রতি সি.পি. এমের লোক কর্তৃক কংগ্রেস (ই) পরিষদীয় দলের উপনেতা শ্রীরজনীকান্ত দোলুইয়ের ঘেরাও ও তাঁর ঔষধের দোকান লুঠের অভিযোগ করে এ বিষয়ে আলোচনার জন্য মুলতুবী প্রস্তাব এনেছেন। বিষটি বিচ্ছিন্ন আইন শৃঙ্খলা জনিত ঘটনা এবং এর প্রতিকার

আইনের ব্যবস্থার মধ্যেই সম্ভব। সুতরাং এই বিষয়ে কোন মুলতুবী প্রস্তাব আনা যেতে পারে না। আমি উপরোক্ত মুলতুবী প্রস্তাবের নোটিশে আমার অসম্মতি জ্ঞাপন করছি। এটা ছাড়া আমি আপনাদের জানাচ্ছি যে এই নোটিশ পাবার পর চীফ মিনিষ্টারের কাছে সংবাদ দিয়েছি। তিনি জানিয়েছেন এই ব্যাপার নিয়ে তদন্ত করছেন। আমি সংগে সংগে ষ্টেপ নিয়েছি, তাই এটা মুলতুবী প্রস্তাব হিসাবে নিচ্ছি না।

**Shri Md. Sohorab :** Shri Rajani Kauta Doloi, Deputy Leader of the Congress (I), was gheraoed by a group of CPM persons at his residence in the district of Midnapore. These persons also ransacked and looted a medical shop belonging to Shri Doloi and the police remained inactive.

This House do now adjourn its business to discuss this matter of urgent public importance and of recent occurrence.

### Calling attention to matters of urgent public importance

**মিঃ স্পীকারঃ** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টিটি আকর্ষণী নোটিশ পেয়েছি।

১। ভারত সরকারের দুর্গাপুরে অবস্থিত ভারত অপথালমিক গ্লাস সংস্থাটির আধুনিকীকরণ ও সম্প্রসারণ—শ্রীসুনীল বসু রায় ও শ্রীবিজয় পাল।

২। মার্ডার অব টু পারসনস অব বৈলানী ভিলেজ এ্যাট হাসনাবাদ অন ১-১২-৭৮ ওভার এ হারভেষ্টিং ক্লাস—শ্রী মহম্মদ সোহরাব।

৩। ঘেরাও অব শ্রীরজনীকান্ত দোলুই, এম. এল. এ. এ্যাট হিজ রেসিডেন্স—শ্রী হবিবুর রহমান।

৪। বর্গা রেকর্ডের ক্ষেত্রে শুধু মাত্র জাল বর্গাদারদের নোটিশ করা—শ্রীসুনীতি চট্টরাজ—

৫। সতপাল গ্রামে নিরীহ জমির মালিক পুলিশের দ্বারা এ্যারেস্ট হওয়ার ঘটনা—শ্রীসুনীতি চট্টরাজ।

আমি গুরুত্ব হিসাবে ভারত সরকারের দুর্গাপুরে অবস্থিত ভারত অপথামিক গ্লাস সংস্থাটির আধুনিকীকরণ ও সম্প্রসারণ—এই বিষয়ের উপর শ্রীসুনীল বসু রায় ও শ্রীবিজয় পাল সরকারের দৃষ্টি আকর্ষণ করেছেন। আমি এই নোটিশটি মনোনীত

করেছি। সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়, যদি সম্ভব হয়, আজকে ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**Shri Bhabani Mukherjee :** Statement will be made on Thursday.

**Shri Md. Sohorab :** Sir, regarding your ruling on the privilege motion I want to point out that the Minority Commission will meet the MLAs also. That is why we have raised the point.

**Mr. Speaker :** There is no privilege here. So, how can I allow this ? I don't see any rule.

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** এম. এল. এ-.দের যদি নেবার কথা থাকে এবং সেখানে যদি নেওয়া না হয় তাহলে কি ব্রিচ অব প্রিভিলেজ হচ্ছে না ?

**Mr. Speaker :** If they do not follow their rules and procedure kindly bring it to their notice. Question of privilege does not arise here.

**Shri Md. Sohorab :** Sir, the Minority Commission has already sent intimation to the Government that the M.L.A.s would be heard. Our submission is গভর্ণমেণ্ট আমাদের কোন ইনফরমেশন দেয়নি। অথচ আগামীকাল মাইনরিটি কমিশন আসবে। আমরা ফ্যাক্টস্, ফিগার, ষ্টাটিসটিক্স দিয়ে সেখানে তো বলব।

**Mr. Speaker :** Here is a copy of the D. O. No. such and such dated 15th November, 1978 from Shri K. Sankaran Nair, Secretary Minority Commission, regarding visit of the Minority Commission to Calcutta on 5th-7th December, 1978, on the subject forwarded to : Special Officer, Home deptt., Under Secy., Home Deptt., Secy., Legislative Assembly and the Secy. Information & Cultural Affairs. This has been sent by the Chief Secy., Govt. of West Bengal. I read the relevant portion of the letter. "The receiving of delegations and individuals is being arranged separately by Shri Kalimuddin Shams, Deputy Speaker of the West Bengal Legislative Assembly to whom I am writing seperately. However for your information I am mentioning that this programme will be roughly as follows :

Meetings with prominent individuals to discuss general issues.

Meeting with minority representatives and organisations as well as individuals in the Council Chamber of the Legislative Assembly.

At 5-30 p.m. the Commission may meet a representative gathering of minorities of West Bengal at the Muslim Institute Hall or any other suitable place to be fixed by the Deputy Speaker.

Continuation of meetings with minority organisations as well as individuals to listen to their representations."

In this letter I don't see any meeting with the M.L.A.s. I don't consider myself as a representative of the minorities and so I am not concerned with this. There are some people who consider themselves as representatives of the minorities but I don't consider myself as such. What can I do ?

## MENTION CASES

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সি. পি. এম.-এর গুণ্ডাবাজীর একটা নগ্ন চিত্র তুলে ধরতে চাচ্ছি।

( গোলমাল )

[ 2-10—2-20 P. M. ]

**মিঃ স্পীকার ঃ** আপনারা এতে উত্তেজিত হচ্ছেন কেন। এটাতো ওনারা রোজ রোজ বলছেন। আপনাদের এটাতে অভ্যস্ত হওয়া উচিত ছিল। এটাতো ওনার দৈনন্দিন ব্যাপার, এতে উত্তেজিত হওয়ার কি আছে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৯।১১।৭৮ তারিখে সি. পি এম.-এর গুণ্ডাবাজীর ফলে চন্দ্রশেখর নস্কর, একটা হাই স্কুলের শিক্ষক, তাকে স্কুলে ঢুকতে দেওয়া হয়নি, তাকে মারধোর করা হয়েছে। তাছাড়া তার জমি থেকে ধান লুঠপাট করা হয়েছে এবং সে থানাতে ৭৪৯ এবং ৫৪৯ দুটো ডাইরী করেছিল তারপরেও পুলিশ সেখনে যায়নি। পুলিশ বলেছে যে সি. পি. এম.-এর বিরুদ্ধে আপনাদের অভিযোগ আমরা কিছু করতে পারবো না। তাই, মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আপনার মাধ্যমে একটা দরখাস্ত দেওয়া হয়েছে। আমরা চাই, এই স্কুল শিক্ষকের উপর সি. পি. এম.-এর গুণ্ডাবাজী বন্ধ করুন।

**শ্রীঅতীশচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত মাসে রাণীগঞ্জ অঞ্চলের আমাদের কংগ্রেস ইউনিয়নের সেক্রেটারী শ্রীশীতল গোস্বামী কয়েকজন গুণ্ডার দ্বারা আক্রান্ত হন এবং এই গুণ্ডারা সি. পি. এম.-এর পতাকা তলে আশ্রয় নিয়েছে। এর আগেও তাকে হত্যা করবার বহুবার চেষ্টা হয়েছিল কিন্তু সে বেঁচে যায়। দুর্ভাগ্যের বিষয় এবারে তাকে পরলোকে গমন করতে হয়েছে। সে আহত হবার পর তাকে আসানসোল সাব ডিভিশন হসপিটালে ভর্ত্তি করা হয়। সবচেয়ে আশ্চর্য্যের ব্যাপার যে সেখানকার ডাক্তার এবং নার্সদের বিশেষভাবে অনুরোধ করা সত্বেও যখন তাকে রক্ত এবং সেলাইন দেওয়া হচ্ছিল সেই সময়ে স্যার, জানি না কি প্রীতি, নার্সরা তাকে টুথ ব্রাস দিয়ে দাঁত মাজিয়ে দিচ্ছিল। আমাদের ধারণা তাকে যেভাবে ট্রিটমেণ্ট করা দরকার ছিল সেইভাবে করা হয়নি এবং তার যাতে প্রাণ চলে যায় সেই রকম একটা ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল। সেই সম্পর্কে আমরা অনুসন্ধান দাবী করছি এবং তার সঙ্গে সঙ্গে যে সমস্ত আসামীরা শীতল গোস্বামীকে হত্যার চেষ্টা করেছিল তাদের মধ্যে ৩ জনের যাবজ্জীবন কারাদণ্ড হয়েছিল এবং আপনাদের আমলে যে ২৫-২৬ হাজার কেস উইথড্র করেছেন তাতে তারা ছাড়া পেয়ে এই রকম শীতল গোস্বামীর মত কংগ্রেস কর্মীকে হত্যা করেছে। এর জন্য আমরা প্রতিবাদ করছি এবং যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় স্পীকার স্যার, অত্যন্ত দুঃখের কথা পশ্চিবাংলায় অত্যন্ত দুঃখের দিন আজ। মাননীয় স্পীকার কাষ্টডিয়ান অব দি হাউস তিনি একটু আগে বললেন যে নিত্যনৈমিত্তিক ঘটনা। এই ঘটনা ঘটছে বামফ্রণ্ট সরকার নীরব। আমি একটি ঘটনার কথা উল্লেখ করছি সেটা হচ্ছে মহম্মদ বাজার থানার শটশাল গ্রামে—

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ** স্যার, আপনার কথাকে বিকৃত করে উনি বলছেন যে এটা নিত্যনৈমিত্তিক ঘটনা। উনি এইভাবে আপনার বক্তব্যকে বিকৃত করে হাউসে রাখছেন। ওনার এই বক্তব্য প্রত্যাহার করা উচিত। আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি এই বক্তব্য প্রত্যাহার করে নেওয়া হোক।

[ 2-20—2-30 P.M. ]

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় ঃ** স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার, মাননীয় সদস্য সুনীতি চট্টরাজ মহাশয় বিকৃতভাবে অসত্য কথা বললেন যে স্পীকার মহাশয় পর্য্যন্ত স্বীকার করেছেন যে নিত্য-নৈমিত্তিক ঘটনা হচ্ছে খুন-খারাপীর ঘটনা। এই রকম

কথা আপনি বলেছেন, এই রকম অভিযোগ ইনি করলেন। উনি বললেন স্পীকার পর্য্যন্ত স্বীকার করেছেন যে দৈনন্দিন নিত্য-নৈমিত্তিকভাবে খুন-খারাপী, জখম, ইত্যাদি আমরা করছি।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** আমি বলেছি, স্পীকার মহাশয় বলেছেন যে আমরা যা এখানে মেনশন করি, এটা একটা নিত্য-নৈমিত্তিক ঘটনা। এতে রাগ করছেন কেন? স্যার, ওঁরা আমার কথাটাকে বিকৃতভাবে আপনার কাছে বলছেন।

**মিঃ স্পীকার ঃ** আমি বলেছি, মিঃ বাপুলির এটা একটা নিত্য-নৈমিত্তিক ঘটনা হয়ে দাঁড়িয়েছে। ওর সঙ্গে এটাকে কি করে জড়িয়ে দিলেন বুঝতে পারলাম না। আমি এটা বাপুলির ব্যাপারে বলেছি যে এইসব খুন-খারাপী ইত্যাদির বিষয় উল্লেখ করা তাঁর নিত্য-নৈমিত্তিক ব্যাপার।

( গোলমাল )

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই বামফ্রন্ট সরকারের আমলের একটি নিত্য-নৈমিত্তিক ঘটনার প্রতি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মহম্মদ বাজার থানার সংশাল গ্রামের একজন শিক্ষিত ডাক্তার, তিনি তাঁর জমির দরুণ কোন নোটিশ পাননি যে তাঁর জমি বর্গা রেকর্ড হয়েছে কখন অপারেশন বর্গায় তাঁর জমি রেকর্ডেড হয়েছে। তিনি তাঁর জমি থেকে যখন ধান কাটতে গেলেন, তখন সি. পি. এম.-এর লোকেরা পতাকা নিয়ে গিয়ে তাঁর জমি থেকে জোর করে ধান কেটে নিয়ে যায়। সেই ডাক্তার যখন থানায় ও. সি.-র কাছে কমপ্লেন করতে যান, তখন ও. সি. বলেন যে সি. পি. এম.-এর লোকের বিরুদ্ধে কোন কমপ্লেন নেবো না। আরও শুনুন, অত্যন্ত দুঃখের কথা, সেই ডাক্তারকে এ্যারেস্ট করা হয়েছে। আপনার মাধ্যমে এই বিষয়ে প্রটেকশন চাইছি।

**শ্রীসন্দীপ দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত শনিবার ২রা ডিসেম্বর সুন্দরবন এলাকায় বিরোধী দলের নেতা কাশীবাবু এবং আমি কয়েকটি সভা করতে গিয়েছিলাম। সুন্দরবন এলাকার সাহেব খালিতে মিনি এমার্জেন্সি চালু হয়েছে। আমি জানি না ইন্দিরা গান্ধীর ভূত সি. পি. এম. এর মাথায় চেপেছে কি না—এটা ইন্দিরা গান্ধীর কম্যুনিষ্ট পার্টি কি না জানি না। আমাদের সভায় সেখানকার সাধারণ কৃষক যাতে না আসতে পারে, আমাদের সভায় যাতে যোগদান

না করতে পারে, তার জন্য নানাভাবে প্রচার করা হয়েছে, বলা হয়েছে যারা আমাদের সভায় যোগদান করবেন, তাদের ধান কেটে নেওয়া হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের চিফ মিনিষ্টার প্রায়ই বলেন যে স্পেসিফিক কেস দিন তদন্ত করে দেখবো। আমি এইসব স্পেসিফিক কেস ( একতাড়া কাগজ দেখাইয়া ) দিচ্ছি। আমাদের সভায় যাতে যোগদান না করতে পারে তারজন্য নানাভাবে চাপ দেওয়া হয়েছে। দুঃখের বিষয় আমাদের সভায় যোগদান করেছে বলে অনেকের ধান কেটে নেওয়া হয়েছে। ( হাতে একতাড়া কাগজ এবং এক আঁটি ধান দেখাইয়া )—আমি নাম করে বলছি, যেমন হিঙ্গলগঞ্জ থানার কানাইখালি গ্রামের অমূল্যকৃষ্ণ মণ্ডল, ভবসিন্ধু গায়েন এবং সাহেবখালি গ্রামের এই রকম আরও অনেক নাম আছে, এরা আমাদের সভায় যোগদান করেছিল সি. পি. এম. এর নির্দেশ অমান্য করে, সেই অপরাধে তাদের জমি থেকে জোর করে ধান কেটে নেওয়া হয়েছে। আমরা তাহলে কোন্ দেশে বাস করছি ? আমরা জনপ্রতিনিধি হয়ে কি গণতান্ত্রিক দেশে সভা করতে পারবো না ?

**মিঃ স্পীকার ঃ** আপনি তো বক্তব্য রেখেছেন, আপনি ঐ কাগজ-পত্রগুলো আমাকে দিন।

**শ্রীসন্দীপ দাস ঃ** আমরা জন-প্রতিনিধি হয়ে যদি কোথাও সভা করতে যাই এবং সেই সভায় যোগদান করার জন্য যদি অত্যাচার চলে, নিপীড়ন চলে, মারধর করা হয়, তাহলে জনসাধারণের নিরাপত্তা কোথায় ? আমরা জন-প্রতিনিধিরা আমাদের বক্তব্য জনসাধারণের সামনে বলতে পারব, কি পারব না ? আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে এই প্রশ্ন করছি।

**শ্রীমনোরঞ্জন হাজরা ঃ** স্পীকার স্যার, মাননীয় সদস্যের অভিযোগ যদি সত্য হয় তাহলে পরিষদীয় আইন-কানুন অনুযায়ী তিনি ঐ সমস্ত দরখাস্তগুলি নিয়ে পিটিশন কমিটির কাছে দিতে পারেন। তাহলে সেটা হাউসে সার্কুলেট হবে এবং তা নিয়ে বিচার বিবেচনা হতে পারবে। কিন্তু অহেতুক এই ভাবে হাউসের সময় নষ্ট করা উচিত নয়।

**মিঃ স্পীকার ঃ** হ্যাঁ, আমাদের পিটিশন কমিটি আছে, সেখানে দেওয়াই ভাল, আপনি দিন। পিটিশন কমিটি কাজ করবার জন্যই আছে, কিন্তু তারা কাজ পাচ্ছে না।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন এখানে ক্যাবিনেটের এবং হাউসের দৃষ্টি আকর্ষণ করে রাখছি। বিগত

বন্যার সময় বন্যাত্রাণের কাজকর্ম করতে গিয়ে সরকারের হাজার হাজার টাকার কিভাবে অপব্যয় হয়েছে সেটা শুনলে আপনি আশ্চর্য্য হয়ে যাবেন এবং এই বিষয়টির প্রতিই আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই প্রসঙ্গে গত রবিবার, ৩ তারিখ স্টেটসম্যান পত্রিকায় যে সংবাদ বেরিয়েছে, সেটা আমি পড়ে শোনাচ্ছি।

"Inquiry into waste of money demanded", Chinsurah, December 2. An expenditure of Rs. 55,000/- on 'entertainment' incurred by the District Authorities during the Flood Relief Operation in Hooghly had created a serious sensation here.

The expenses covered 67 days from September 1, the day Flood Control Office started functioning in the Hooghly Collectorate building.

এতে বলছে মেন্নুতে ছিল চিকেন-কারি, মোগলাই পরটা এবং বিশেষ ধরণের সিগারেট। ৫৫ হাজার টাকা এনটারটেনমেন্ট-এর জন্য খরচ হয়েছে। সেখানে দোজ হু ওয়ার এনটারটেণ্ড, তাদের মধ্যে এম. এল. এ.-রা ছিলেন, মিনিষ্টাররা ছিলেন, এম. পি.-রা ছিলেন, ডেপুটি ম্যাজিষ্ট্রেট ছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, চারিদিকে যখন এই রকম সাংঘাতিক বন্যার উপযুক্ত ত্রাণের অভাবে লক্ষ লক্ষ মানুষের জীবন বিপন্ন সেই সময় এই যে বিপুল পরিমাণ অর্থ অপব্যয়ের রিপোর্ট বেরিয়েছে সে বিষয়ে আমাদের মনে অনেক প্রশ্ন জাগছে। সুতরাং আমি এবিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছ থেকে একটা বিবৃতি চাইছি। সেই সঙ্গে আমি দাবী জানাচ্ছি এবিষয়ে একটা প্রকাশ্য তদন্ত করা হোক এবং তদন্ত করে সত্য বিষয়টি উদ্ঘাটিত করা হোক।

**মিঃ স্পীকার ঃ** আপনি বসুন। আপনি আর বক্তৃতা করবেন না।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** স্যার, এটা একটা সিরিয়াস এলিগেসন। এটার প্রকাশ্য তদন্ত হওয়া দরকার।

( গোলমাল )

**মিঃ স্পীকার ঃ** আমি আপনাকে বার বার বলছি, আপনি আমার কথা শুনছেন না। আমাকে কি মার্শাল ডাকতে হবে ? আপনি ডেলিবারেটলি চেয়ারকে অপমান করে বক্তৃতা দিচ্ছেন।

**শ্রীমনোরঞ্জন হাজরা ঃ** স্যার, মাননীয় সদস্য যেটা বললেন তা সম্পূর্ণ অসত্য।

**মিঃ স্পীকার ঃ** কোনটারই এখন প্রতিবাদ করা যাবে না।

**শ্রীনিরোদ রায়চৌধুরী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় এই সভায় উপস্থিত করতে চাই। গত ২-১০-৭৮ তারিখ ২৪-পরগণা জেলার হাবড়া শহরের একটি দোতলা বাড়ী গভীর রাত্রিতে কংগ্রেসী দুর্বৃত্তরা এক-দল গুণ্ডাকে নেতৃত্ব দিয়ে বেদখল করে। গভীর রাতে সশস্ত্র গুণ্ডারা মারাত্মক অস্ত্র-সস্ত্রে সজ্জিত হয়ে ঐ বাড়ীর তালা ভেঙে বাড়ীর ভিতরে ঢোকে এবং বাড়ীর মাল-পত্র বাজেয়াপ্ত করে।

[2-30—2-40 P.M.]

এইসব লোকেরা যখন কংগ্রেসের সাইন বোর্ড টাঙ্গাচ্ছিলো এবং বাড়ি দখল করলো তখন আশে-পাশের লোকেদের ঘুম ভেঙ্গে যায়। তাঁরা মনে করেছিলো বোধহয় বাড়িতে ডাকাত পড়েছে। বাড়ির মালিক শ্রীসুশীলকুমার দাস পি-৩৭, সি.আই.টি, রোড, কলকাতায় থাকে। তিনি আমার কাছে গিয়ে সুবিচারের আশা করেন। আমি এই বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং এই ব্যাপারে সুবিচারের আশা করছি।

**শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলায় এইটিই মাত্র ডেন্টাল কলেজ আর. আহমেদ ডেন্টাল কলেজ এ্যাণ্ড হসপিটাল আছে। সেখানে একটি অদ্ভুত নিয়ম চালু আছে। রোগীরা সেখানে গেলে তাদের বলা হয় একটি পোষ্ট কার্ড দিতে হবে এবং কবে আসতে হবে জানিয়ে দেওয়া হবে তারজন্য সেখানে একজন পোষ্টকার্ড বাবুও আছেন। খবর দেওয়ার জন্য আমার যতদুর জানা আছে, সেখানে হাজার হাজার পোষ্টকার্ড জমা হয়েই পড়ে আছে। যে সমস্ত রোগীরা পোষ্ট কার্ড দেয় তাদের ডাকা হয় না। আমি অনুরোধ করবো, এই যে নিয়ম চালু আছে তা যেন অবিলম্বে পরিবর্তন করা হয়।

**শ্রীঅমিয় ব্যানার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বাইলানী গ্রামের হাসনাবাদ থানা এলাকার একটি দুঃখজনক ঘটনার কথা এখানে উল্লেখ করছি। গত ১লা ডিসেম্বর এই ঘটনাটি ঘটেছে এবং এই ব্যাপারে ৩ জন সেখানে মারা গেছে। আমি যতদূর খবর পেয়েছি, ৩ জনকে এই ব্যাপারে গ্রেপ্তার করা হয়েছে এবং এই ব্যাপারে এ্যকসান নেওয়াও হয়েছে। যে ঘটনাটি ঘটেছে তাহলো কে ধান রুয়েছে এবং এই জমির

ডিসপিউট সেটেলমেন্টের অবস্থাটা কি—এই সম্পর্কে আমার অনুরোধ একটি উচ্চ পর্যায়ের তদন্ত কমিটি করুন তাহলে অনেক রহস্য জানা যাবে। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মহঃ সোহরাব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। এরা তো গরীবের মা-বাবা বলেন—আপনারা জানেন, একাদশ এবং দ্বাদশ শ্রেণী সেকেণ্ডারী এডুকেশনের অন্তর্ভুক্ত—আগে নিয়ম ছিল এবং এখনো আছে যে মাধ্যমিক বিদ্যালয়ে ২০ পারসেন্ট ফ্রি স্টুডেন্টশীপ দেওয়া হয়। গত ১-১০-৭৮ তারিখ থেকে একাদশ-দ্বাদশ শ্রেণী গ্রাণ্ট-ইন-এ্যডের আওতার এসেছে এবং একটা সার্কুলার দেওয়া হয়েছে যে একাদশ-দ্বাদশ শ্রেণীতে ফ্রি স্টুডেন্ট-শিপ ১০ পারসেন্ট হবে। যেখানে ২০ পারসেন্ট ছিল সেখানে এরা ১০ পারসেন্ট করেছেন। আমি আপনার ম্যধ্যমে শিক্ষা মন্ত্রীর এই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি যে অন্ততঃ একাদশ এবং দ্বাদশ শ্রেণীতে ফ্রি স্টুডেন্ট-শিপ যেন ২০ পারসেন্ট রাখা হয়।

**ডঃ বিনোদবিহারী মাজী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বাঁকুড়া জেলায় আন্ধারবোল অঞ্চলের ডমনীপাড়া গ্রামের প্রাক্তন প্রাথমিক শিক্ষক হৃষিকেশ মণ্ডলের বিধবা স্ত্রী-স্বামীর মৃত্যুর পর প্রায় ৭-৮ বৎসর পূর্বে মাত্র এক বৎসরের জন্য তার ১.৩৯ একর জমি দিবাকর বাউরীকে ভাগে চাষ করান। তারপর থেকে তিনি নিজেই তার জামাতাগণ দ্বারা চাষ করে আসছেন কিন্তু গত ২৪-১১-৭৮ তারিখে উক্ত এলাকার জিলা পরিষদের সি. পি. এম. সদস্য, শ্রীফটিকচন্দ্র গোস্বামীর নেতৃত্বে প্রায় ২-৩ শত লোক লাঠি-সোঁঠা, দা-কুড়াল নিয়ে ডমনীপাড়া গ্রামে ধাওয়া করে ও উক্ত বিধবার খামার হোতে সমস্ত ধান লুঠ করে নিয়ে আসে। উক্ত বিধবার জনৈক জামাতা থানায় খবর দিতে গেলে বাস থেকে তাকে জোর করে নামিয়ে—উক্ত জেলা পরিষদের সদস্য শ্রীফটিক গোস্বামী তার ঘরে চাবি দিয়ে রাখেন। তার পরে উক্ত বিধবার জামাতাকে বাঁকুড়া থানায় চৌকিদার মারফৎ পাঠান এবং তার ও অন্যান্য জামাতার বিরুদ্ধে ধান চুরির কেস করেন। সি. পি. আই. এম. পার্টির প্রভাবে প্রভাবিত হয়ে পুলিশ যারা ধান লুঠ করল তাদের বিরুদ্ধে কেস না করে যাদের ধান লুঠ হোল তাদের এরেষ্ট করে ও তাদের বিরুদ্ধে ধান চুরির কেস করে। এ ব্যাপারে নিরপেক্ষ তদন্ত করতে ও বিহিত ব্যবস্থা করতে অনুরোধ জানাচ্ছি।

তারপর তিনি যখন থানায় খবর দেন তখন ঐ সমস্ত লোককে এ্যারেষ্ট না

করে তার উল্টো—যারা ধান চুরি করেনি তাদের নামে কেস দিয়ে তাদের এ্যারেষ্ট করা হয়েছে।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মুখ্যমন্ত্রী এবং কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা অর্থাৎ বিরোধী দলের এম. এল. এ.-দের অবস্থাটা কি রকম হচ্ছে সেই কথাই একটু বলতে চাই। এখান থেকে লক্ষ লক্ষ টাকা প্রতি পঞ্চায়েত সমিতিতে দেবার নির্দেশ দেওয়া হয়েছে কৃষিঋণ বাবদ। সেই টাকা এ. ই. ও. লিষ্ট করবেন, মালদা জেলার হরিশ্চন্দ্রপুর ব্লকে এই কারণে একটা মিটিং ছিল, আমি কাল গিয়েছিলাম। সেখানে লিষ্টে দেখলাম যে ওখানকার পঞ্চায়েত সমিতির সভাপতি একজন সি. পি এমের. সই রয়েছে আর দুটি সই তাঁরই দুই সহচরের। আমি জিজ্ঞাসা করি এ লিষ্ট কিভাবে তৈরী হয়েছে, এতে এ. ই. ও.-র সই কোথায়? সেই দুইজন বললেন এখন এ. ই. ও.-র কাজটা আমরাই করছি। আমার বক্তব্য স্যার, সরকারী কোন লোককে এইভাবে রেকমেণ্ড করা হচ্ছে। আমি তাই এর প্রতিকার প্রার্থনা করছি এবং আমি সেখানে বলে এসেছি এ. ই. ও.-র সই বা সীল ছাড়া এ লিষ্ট আমি মানি না এবং আমি আর মিটিংয়ে আসব না। আমি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি আশা করব কৃষিমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী এটির প্রতি দৃষ্টি দেন।

**শ্রীহরিপদ জানা (পিংলা):** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়, মাননীয় সদস্য এবং আমার পিংলা ব্লকের বি. ডি. ও. সাহেব এবং ওভারসীয়ার এঁদের কথা আমি আপনাদের কাছে বলছি। গত বছর ১৯৭৭ সালে পিংলা থেকে ধনেশ্বরপুর পর্য্যন্ত একটা রাস্তা টি. আর. স্কীমে স্যাংসন হয়েছিল, ডিলারেরা তারজন্য গম তুলেছিলেন প্রায় ৪০ কুইণ্টালের মত গম। কিন্তু কোন কাজে না লাগায় টেনে ফেলে দিয়েছেন। আবার এবারও একটা মোরাম স্কীমে আর. পি. স্কীমে মঞ্জুর হয়েছে সেটাতেও য় ৬৫ কুইণ্ট্যালের মত গম নষ্ট হয়ে গেল। গরীব জনসাধারণের মজুরদের গম তারা তো এই ধরণের গম খেতে পারবে না, কাজেই এগুলো যেন নষ্ট না হয় তাই দেখবার জন্য অনুরোধ করছি।

**শ্রীঅহীন্দ্র সরকার:** স্যার, আমি আপনার কাছে বলছি আমাদের ঐ এলাকায় এক জোতদার জোর করে তার ভাগীদারের অংশ থেকে বাদ দেয়, ভাগীদার জোর করে তার অংশের ধান কাটায় সেই জোতদার বংশীহারী থানার জে. এল. আর. ও. অফিসের সামনে অনশন সুরু করে। সেই জোতদারের ২৫ একর জমি ভেষ্ট আছে।

সেই জোতদার দিনে অনশন করে এবং রাত্রে ভাত খায়। ডাঃ জয়নাল আবেদিনের প্ররোচনায় এই কাজ করে। গণিখান চৌধুরী মহাশয় এই ব্যাপার জানেন। ব্যাপারটা ধরা পড়ায় সেখানে একটা গণ্ডোগোল হয় এবং একজন গুলী খেয়ে মারা যান। জোতদারদের এই ব্যাপার যাতে না হয় তার জন্য মুখ্যমন্ত্রী মহাশয় একটু দৃষ্টি দেন।

[2-40—2-50 P.M.]

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ স্যার, মার্কসবাদী সদস্য যে কথা বললেন I choose to ignore such false allegations of the members. আপনি নিশ্চয়ই মনে করতে পারছেন যে মার্কসবাদী সদস্য জন্মেঞ্জয় ওঝার উপর আক্রমণের কথা যখন এখানে বলা হয়েছিলো তখন আপনি বলেছিলেন এই রকম মার্কসবাদী সদস্যদের উপর আক্রমণ এমনি যেতে পারে না। সরকার পক্ষ যেন এ বিষয়ে বিবৃতি দেন। I am deeply obliged for your impartiality and for your comments on the matters. আপনি দেখছেন আমরা কোন্ রাজত্বে আছি? একাধিক সংবাদপত্রে বেরচ্ছে, কলিং এ্যাটেনসান এ্যাডজোনমেন্ট মোসানে বিভিন্নভাবে এইসব বিষয়ে আপনার কাছে বলবার চেষ্টা করছি। আজকে এই হাউসের সদস্য হয়ে তার জান-মানের নিরাপত্তা থাকছে না। আমাদের হাউসের কংগ্রেস (ই) উপনেতা শ্রীরজনী দলুই-এর উপর যে আক্রমণ হয়েছে সেটা আমি আপনার কাছে পড়ে দিচ্ছি—আমার আবেদন এই যে গত ৩-১২-৭৮ তারিখে আমি যখন আমার নাড়াজোলস্থিত লঙ্কাগড় বাটিতে বসে আমার এলাকার ব্যক্তিদের সাথে বিভিন্ন অভাব অভিযোগ নিয়ে আলোচনা করছিলাম তখন অর্থাৎ বেলা প্রায় ঘঃ ১-৩০ মিঃ সময়ে লঙ্কাগড়ে (নাড়াজোল) সি. পি. এম. কর্মীরা পতাকা তীর ধনুক, টাঙ্গিসহ লঙ্কাগড় হাটে অবস্থিত আমার ঔষধের দোকানটি জোরপূর্বক দখল করে ও উক্ত ঘরে বিষ্ণুপদ দলুই নামে এখন সি. পি. এম. কর্মীর চায়ের দোকান স্থাপন করে। আমি বাধা দিতে গেলে আমাকে খুন করতে উদ্যত হয়। আমি তখন উক্ত স্থান থেকে আমার বাড়ীতে ফিরে আসি। উক্ত সি. পি. এম. কর্মীরা আমার গৃহ জোরপূর্বক দখল করার পর আমারই ঘরের ছাদে মাইক দিয়ে মিটিং করে এবং মাইকে ঘোষণা করে যে—তারা আমার মুণ্ডু চায়, আমার চামড়া টুকরো টুকরো করে কেটে তারা বাদ্যযন্ত্র তৈরী করবে এবং আমার নাড়িভুঁড়ি নিয়ে তারা চাটনি তৈরী করবে এবং আরো ঘোষণা করে যে তারা ৪-১২-৭৮ থেকে আমার পুকুর ও জমি জায়গা দখল করবে এবং বাড়ী লুঠ করবে।

আমি পূর্বাহ্নে জানতে পেরেছিলাম যে, ৩-১২-৭৮ তারিখে ৭-৮ হাজার সি. পি. এম কর্মীরা আমার ঘর ঘেরাও করবে ও লুঠ করবে এবং আমাকে হত্যা করবে। তাই ৩-১২-৭৮ তারিখ সকালে আমি এস. পি.-কে একটি চিঠি পাঠাই সব কিছু জানিয়ে। আমার ঘর দখলের পর সি. পি. এম. কর্মীরা মিটিং সেরে বেলা প্রায় ৪টার সময় তাদের মিছিলটি অঞ্চল অফিসে যায় এবং সেখান থেকে তারা বিভিন্ন জায়গার থেকে আগত কয়েক হাজার সি. পি. এম. কর্মীকে নিয়ে সন্ধ্যায় আমার বাড়ী লুঠ করতে আসবে। আমাকে খুন করবে এই কর্মসূচী নেয়, ইতিমধ্যে বেলা প্রায় ৫টা নাগাদ মেদিনীপুর থেকে ডি. এস. পি. ( ডি. আই. বি. ) সাহেব এবং একটি পুলিশ ভ্যান নাড়াজোলে পৌঁছে যায়। ডি. এস. পি. ( ডি. আই. বি. ) ও ডি. এস. পি. ( ক্রাইম ) এর সাথে সন্ধ্যা প্রায় ৭টা নাগাদ লাঠি, টাঙ্গি ও পতাকাধারী মিছিলটির দেখা। সি. পি. এম.-এর কয়েক হাজার লোকের মিছিল হয় আমার বাড়ী থেকে ৫-৬ শত গজ দূরে তারা মিছিলটিকে আটকে দেয়। পুলিশ যদি ঠিক সময়ে না গিয়ে পড়ত তাহলে আমার ও পরিবারের জীবন ও সম্পত্তি রক্ষা হত না। আমার নিবেদন আমার জীবন নাশের যে চেষ্টা চলছে এবং আমাদের কর্মীদের জীবন ও সম্পত্তির উপর যে বিভিন্ন ধরণের অত্যাচার চলছে আমরা নিরাপদে শান্তিপূর্ণভাবে বাড়ীতে থাকতে পারছি না ইত্যাদি ব্যাপারে আপনার সুদৃষ্টি কামনা করছি। এই মিছিলে নেতৃত্ব দিয়েছিলেন (১) রামেশ্বর দোলুই, (২) মদন মাইতি (৩) ভীমা সিং (৪) শিবরাণী খাঁ (৫) ভুঁইয়া ইত্যাদি।

শ্রীরজনীকান্ত দোলুই
৪-১২-৭৮

একটা রাজ্যের আইন শৃঙ্খলা কি পর্য্যায়ে গেলে একাধিকবার একাধিক দলের সদস্যদের এই সব ঘটনার কথা উল্লেখ করতে হয়। বিরোধী পক্ষের এম. এল. এ.-দের উপর যদি এই রকম বর্বর হীন আক্রমণ হয় এবং তার প্রতিকার না হয় তা হলে কি হবে? আমি আপনার কাছ থেকে প্রোটেকসান চাচ্ছি। আপনি উত্তর দেবার পর মুখ্যমন্ত্রীর সঙ্গে যোগাযোগ করেছেন। কিন্তু তিনি কোশ্চেন আওয়ার, মেনসান আওয়ার ওভার হতে চলেছে অথচ তিনি অনুপস্থিত। এ বিষয়ে তিনি বিবৃতি দিন এবং কি প্রতিকার করছেন তার দাবী থাকলো। আপনার পরামর্শ গ্রহণ করে ওঁর এই পিটিসানটা "চেয়ারম্যান কমিটি অফ পিটিসান", ডাবলু. বি. এল.-এর কাছে দিতে চাই। এই হাউসের থেকেই পুঙ্খানুপুঙ্খরূপে তদন্ত হোক। আপনার কাছে নিবেদন করছি মুখ্যমন্ত্রীকে ঘোষণা করতে হবে যে বিরোধী পক্ষের এম. এল. এ.-দের জীবনের উপর

বর্বর আক্রমণ বন্ধ হবে। মুখ্যমন্ত্রীকে আপনি খবর দিয়েছেন কিন্তু তিনি অনুপস্থিত এটা দুঃখের বিষয়।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** আপনি জয়নাল আবেদিন সাহেবকে সুযোগ দিলেন বলার জন্য কারণ বিধানসভার একজন সদস্যের বিষয় বলে। কিন্তু সরকারী দলের কয়েকজন সদস্য যে রকম কুৎসিত আচরণ করছেন সেটা খুব লজ্জার বিষয়—এতে গণতন্ত্র থাকে না। একজন বিধানসভার মাননীয় সদস্যের উপর অত্যাচার হচ্ছে এই কথা বলবার ক্ষমতা যদি বিধানসভার না থাকে তাহলে বিধানসভার বাইরে সাধারণ মানুষের অবস্থা কি হবে? মুখ্যমন্ত্রীকে এসে হাউসে একটা স্টেটমেন্ট করে বলতে হচ্ছে বিরোধী দলের কি নিরাপত্তার ব্যবস্থা তিনি করছেন? কিন্তু তিনি এ বিষয়ে সম্পূর্ণ নিশ্চিত হয়ে ঘুমাচ্ছেন। তিনি এসে আমাদের আশ্বাস দিন।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র ঃ** আজকের যে ঘটনা হয়েছে সেটা খুবই দুঃখজনক ঘটনা। আমার মনে হয় মুখ্যমন্ত্রীও এ বিষয়ে দুঃখিত। কিন্তু বীরেনবাবু যেভাবে ব্যবহার করছেন সেটা অত্যন্ত দুঃখজনক। আমরা বিধানসভায় ফ্রেণ্ডলি ভাবে চলবার চেষ্টা করি। বিধানসভার একজন সদস্য আহত হয়েছেন সেখানে দলমত নির্বিশেষে সকলের এই বিষয়টাকে সিরিয়াসভাবে দেখা উচিত এবং রজনীবাবু সত্য কি মিথ্যা বলছেন সেটা দেখা উচিত। আমার ওঁদের কাছে আবেদন জিনিষটাকে যেন লাইটলিভাবে না দেখেন।

[2-50—3-30 P. M. Including Adjournment]

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মিঃ স্পীকার, স্যার, ডাঃ জয়নাল আবেদিন যখন একজন এম. এল. এ.-র উপর আক্রমণের কথা বলছিলেন তখন, আপনি শুনেছেন কিনা জানি না, ওখান থেকে সরকার পক্ষ থেকে এম. এল. এ.-রা বললেন দরকার হলে হাউসে কুপিয়ে মারব, এই রকম রিমার্ক করা হয়েছে। এইভাবে হাউস চলতে পারে না।

( তুমুল হট্টগোল )

ভয়েসেস ঃ ( আপনি অসত্য কথা বলছেন। কে বলেছে বলুন? আপনি এই কথা উইথড্র করুন। )

( তুমুল হট্টগোল )

**শ্রী হাসিম আবদুল হালিম ঃ** মাননীয় সদস্য ডাঃ জয়নাল আবেদিন সাহেব স্টেটমেণ্ট দিয়েছেন, তাতে উনি বলেছেন যে মাননীয় সদস্য রজনী দোলুই মহাশয়ের উপর আক্রমণ হয়েছে, তাঁর বাড়ী ঘেরাও হয়েছে, সেজন্য উনি চেয়েছেন মুখ্যমন্ত্রীকে একটা স্টেটমেণ্ট দেবার জন্য। স্টেটমেণ্ট মুখ্যমন্ত্রী যদি দেন তাহলে তারজন্য সময় লাগবে, এখনই তো দিতে পারেন না। কারণ ওঁকে ঘটনাটা জানতে হবে। সেজন্য আমার বক্তব্য হচ্ছে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি একটা তারিখ ফিক্স করুন, সেই তারিখে তিনি স্টেটমেণ্ট দেবেন, এতে হৈ চৈ করার কি আছে।

**মিঃ স্পীকার ঃ** আমি মুখ্যমন্ত্রীর কাছে পাঠিয়েছিলাম, তিনি আমাকে এই ব্যাপারে জানিয়েছেন। হাউসের সামনে এই রকম আপনারা একটা কলিং এ্যাটেনসান দিন। মুখ্যমন্ত্রী আমাকে জানিয়েছেন যে তিনি ইমিডিয়েটলি কন্ট্যাক্ট করছেন উইথ ডি. এম. মেদিনীপুর। স্টেটমেণ্ট দিতে গেলে সময় লাগবে, এখনই হতে পারে না।

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** অন এ পয়েণ্ট অব প্রিভিলেজ, স্যার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে সময় লাগবে, তার মানে এটা কি ধরে নিতে পারি উনি বলতে চান একজন এই হাউসের মাননীয় সসস্য নিজে লিখিতভাবে যে দরখাস্ত আপনার কাছে পৌঁছে দিয়েছেন তাতে তিনি অসত্য কথা বলেছেন, এর উপর যেন উনি মনে করেন মুখ্যমন্ত্রীকে এনকোয়ারী করতে হবে? এতে আমি মনে করি আমাদের সদস্যদের প্রিভিলেজ লঙ্ঘিত হয়েছে।

**মিঃ স্পীকার ঃ** দিস ইজ নট এ প্রিভিলেজ।

**শ্রী হাসিম আবদুল হালিম ঃ** এখানে একটা সিরিয়াস ব্যাপার এনেছেন, এ ব্যাপারে একটা স্টেটমেণ্ট দিতে গেলে সময় লাগবে। কারণ, ফ্যাক্টস এ্যাসার্টেন করতে হবে কি ঘটনা ঘটেছে।

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** আজকে আমি যদি বলি যে আমি আক্রান্ত, আমাকে এসে মারা হয়েছে, সেটাও ফ্যাক্টস এ্যাসার্টেনের জন্য যদি কোয়েশ্চেন করা হয় তাহলে আমি মনে করি আমাদের সদস্যদের প্রিভিলেজ এতে লঙ্ঘিত হয়েছে।

**শ্রীসন্দীপ দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনতা দলের পক্ষ থেকে আপনাকে আমরা আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি। মাননীয় সদস্য সোহরাব সাহেব যে মুলতুবী প্রস্তাব এনেছেন সে সম্পর্কে আপনি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছেন এবং যাতে করে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় সেই বিষয়ে যথোচিত ব্যবস্থা নেন তারজন্য নোটিশ দিয়েছেন।

কিন্তু প্রশ্ন হচ্ছে জয়নাল আবেদিন সাহেব বলেছেন একজন মাননীয় সদস্য আক্রান্ত হয়েছেন, তাঁর বাড়ীর উপর অত্যাচার হয়েছে, তাঁর উপর নিগ্রহ হয়েছে। এটা দলমতের প্রশ্ন নয়। রজনীবাবুর সঙ্গে আমাদের রাজনৈতিক মতপার্থক্য যতই থাকুক না কেন এই হাউসের একজন মাননীয় সদস্য হিসাবে, আমি মনে করি, এতে হাউসের উপর অবমাননা করা হয়েছে। আমার সরকার পক্ষের প্রতি অনুরোধ হচ্ছে তাঁরা যেন এটাকে প্রেসটিজ ইস্যু করে না নেন, তাঁরা যেন এটা সম্বন্ধে চিন্তা করেন।

**ডঃ শাশ্বতীপ্রসাদ বাগ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছুদিন আগে বিড়লা কলেজ অব সায়েন্স অ্যাণ্ড টেকনোলজি সম্পর্কে আমি একটা মুলতুবী প্রস্তাব তুলেছিলাম সেটা আপনি নাকচ করেছিলেন কিন্তু সঙ্গে সঙ্গে আপনি বলেছিলেন যে মুখ্যমন্ত্রী বা শিক্ষামন্ত্রী এলে এই ব্যাপারে একটা বিবৃতি দেওয়ার জন্য আপনি অনুরোধ করবেন। আজ বেশ কয়েকদিন হয়ে গেল এই সম্পর্কে এই হাউসে কোন বিবৃতি দেওয়া হয়নি। মাননীয় শিক্ষামন্ত্রী আজ এখানে উপস্থিত আছেন। আপনার মাধ্যমে আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি বিড়লা কলেজ অব সায়েন্স অ্যাণ্ড টেকনোলজি হস্তান্তর হয়েছে না অধিগ্রহণ হয়েছে সে সম্পর্কে যদি একটা বিবৃতি দেন তাহলে আমরা জানতে পারি।

**শ্রীশম্ভুচরণ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় এই সম্পর্কে আমি বৃহস্পতিবার বিবৃতি দেব।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে কথাটি বলতে চাচ্ছিলাম সে বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ, কারণ এটা মাননীয় সদস্যদের নিরাপত্তা সম্পর্কে। মাননীয় মন্ত্রী মহাশয় যে বলেছেন স্পেসিফিক ঘটনা তদন্ত করে তারপরে মাননীয় মন্ত্রী মহাশয় বিবৃতি দেবেন ভাল কথা। কিন্তু যে প্রতিশ্রুতি চাওয়া হয়েছিল যে বিরোধীপক্ষ থেকে যে, বিরোধীপক্ষের সদস্যদের নিরাপত্তা সম্পর্কে সরকার পক্ষ নিশ্চিত করবেন, সে সম্পর্কে একটা বিবৃতি দেওয়ার ক্ষেত্রে কি বাধা থাকতে পারে? এটা কোনো তদন্ত-এর ব্যাপার নয়। তার কি হলো?

**শ্রীনির্মল বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিধানসভার একটি মর্যাদা আছে এবং এই বিধানসভার বিরোধীপক্ষ একটা গুরুত্বপূর্ণ পক্ষ। আমরা দীর্ঘদিন ধরে বিরোধীপক্ষের ভূমিকা পালন করেছি। তারা সরকারের সমালোচনা করবেন, কঠোর ভাষা প্রয়োগ করবেন এটা পার্লামেন্টারি সিস্টেমে সর্বতভাবে দরকার। কিন্তু তাদেরও কয়েকটি নিয়মকানুন মানতে হয়। কিন্তু মাননীয় সদস্য সুনীতি চট্টরাজ মহাশয় যে

কথা বললেন আপনিও এখানে আছেন আমরাও এখানে বসে আছি এই পক্ষ থেকে নাকি একজন বললেন যে দরকার হলে এই কক্ষের মধ্যেই মেরে ফেলবো—এই কথা আমরা কেউ শুনিনি এবং আপনিও নিশ্চয়ই শোনেন নি। এই জাতীয় মন্তব্য বিধানসভার মর্যাদা নষ্ট করে এবং উত্তেজনার সৃষ্টি করে এবং বাইরে আমাদের সম্মান হানি করে। আপনি টেপ রেকর্ড বাজিয়ে শুনুন যে এই কথা কেউ বলেছেন কিনা। কারণ এইটি একটি গুরুত্বপূর্ণ ব্যাপার। (গোলমাল) আর একটি বিষয়ে আমি আপনার মাধ্যমে নিবেদন করতে চাই উনি যেভাবে হাত নেড়ে নেড়ে কথা বলছেন নিশ্চয়ই এখানে যাত্রা করা যায় না এতে বিধানসভার মর্যাদা নষ্ট করা হয়।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, মাননীয় মন্ত্রী হাসিম হালিম বক্তৃতা দেওয়ার সময়ে বললেন যে বিরোধী দল এটাকে ইস্যু করতে চায়। আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে বলবো যে বিরোধীপক্ষ সভ্যদের উপরে হামলা হয়েছে সেই পরিপ্রেক্ষিতে মন্ত্রী মহাশয় যে মন্তব্য রাখলেন যে আমরা এটা ইস্যু করতে চাই উনি কি মনে করেন যে আমরা সত্য ঘটনা বলি ইস্যু তৈরা করবার জন্য। আমরা স্যার এখানে সত্য ঘটনা বলতে পারবো না। বাইরে আমাদের সদস্যকে মারলো আর তিনি বলতে চান আমরা ইস্যু করতে চাই। এই কথা তাঁকে উইথড্রো করতে হবে। উই উড লাইক টু হ্যাভ এ স্টেটমেন্ট, যে সত্যকথাও আমরা এখানে বলতে পারবো কিনা।

**শ্রী হাসিম আবদুল হালিম ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এঁরা এতো হৈ চৈ করছেন কেন বুঝতে পারলাম না ওঁনারা স্টেটমেন্ট করেছেন একজন মাননীয় সদস্যর উপর আক্রমণ হয়েছে এটা খুবই গুরুত্বপূর্ণ ব্যাপার। কোন সরকার এই কথা বলতে পারে না যে কাউকে নিরাপত্তা দেবে না। সব লোকের অধিকার আছে নিরাপত্তা পাওয়ার। কিন্তু আমি যে কথা বলেছি সে বিষয়টি যদি ইস্যু করতে চান তাহলে বলার কিছু নেই। কারণ, এই ব্যাপারে একটা সময় দেওয়া উচিত। খবর নিতে হবে তারপরে মন্ত্রী মহাশয় স্টেটমেন্ট দেবেন, স্টেটমেন্ট না দেওয়ার কি আছে। আপনি একটা সময় ঠিক করে দিন তাহলেই মাননীয় মন্ত্রী মহাশয় স্টেটমেন্ট দেবেন।

**[3-30—3-40 P.M.]**

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রিসেস-এর আগে আমাদের কংগ্রেস নেতা ডঃ জয়নাল আবেদিন এবং আরোও অনেক সদস্য তাঁরা আপনার কাছে আমার উপর যে আক্রমণ হয়েছিল সে সম্বন্ধে বিস্তারিত ভাবে বক্তব্য রেখেছেন। জনতা পার্টি এস. ইউ. সি.-র সদস্যরা এবং প্রতিটি বিরোধীদলের সদস্যরা

তাঁরা এক স্তরে আপনার কাছে আমার উপর এই আক্রমণের প্রতিবাদ করেছেন। আমিও আপনার কাছে বলে এসেছি যে গত ১৫-১১ তারিখে আমার উপর সি. পি. এম. কর্মীরা আক্রমণ করেছিল আমি কোনো রকমে থানায় গিয়ে আশ্রয় নিয়ে রক্ষা পেয়েছিলাম তা না হলে আমাকে খুন করা হতো।

**মিঃ স্পীকার :** ২০ মিনিট ধরে এই ব্যাপারটা নিয়ে আলোচনা হয়েছে। আপনার আগেই বলা উচিত ছিল।

**শ্রীরজনীকান্ত দলুই :** স্যার, আমাকে একটু বলার সুযোগ দিন। আমার উপরই আক্রমণ হয়েছিল। আপনি আমাদের সব সময়ে সুযোগ দেন এবং আপনি বিরোধীপক্ষের উপর সহানুভূতিশীল, আপনার উপর আমরাও শ্রদ্ধাশীল এবং আস্থা রাখি। আমি যেটা বলছিলাম যে গতকাল আমি যখন বাড়ি গিয়েছি এবং যে ঘটনা ঘটে গিয়েছিল সেটা বিস্তারিতভাবে আপনাকে লিখে দিয়েছি এবং আপনাকে মুখেও বলে এসেছি। যদি আজকে আইন-শৃঙ্খলার অবস্থা এই হয় বিধানসভার সদস্য আমরা আমাদেরই জীবন সঙ্কটাপন্ন। আপনি কি আমাদের প্রটেক্‌শান দেবেন না। নিশ্চয়ই আপনি আমাদের প্রটেক্‌শান দেবেন। আপনি বলেছেন মুখ্যমন্ত্রীকে আপনি বলবেন, আপনি স্যার, সব সময়ে আমাদের উপর সহানুভূতিশীল এবং সব সময়ে আপনি আমাদের উপর সহানুভূতি দেখান, কিন্তু আজকে আমার উপর যে হামলা হয়েছে তা হলে পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের কি অবস্থা আপনি বুঝতে পারছেন। আমরা বার বার বলে আসছি যে পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলার কিভাবে অবনতি হয়েছে, পশ্চিমবাংলার আইন-শৃঙ্গলা বলে কিছু নেই স্যার। তাই আজকে পশ্চিমবাংলার সাধারণ মানুষ গ্রামগঞ্জ থেকে লক্ষ লক্ষ মানুষ মিছিল করে বিধানসভার বাইরে এসেছে আমাদের নেতা এ. বি. এ. গণিখান চৌধুরীর নেতৃত্বে তাঁরা এই দাবী জানাতে এসেছে যে পশ্চিমবাংলায় গ্রামে আইন-শৃঙ্খলা বলে কিছু নেই। আমরা এই বিধানসভায় এসে সেটা প্রমাণিত করেছি যে এম. এল. এ.-দের জীবন এবং সম্পত্তি আজ বিপন্ন, সাধারণ মানুষ যাদের প্রটেক্‌শান দেওয়ার কেউ নেই তা হলে তারা কিভাবে বাঁচবে? আপনি স্যার, এই বিধানসভার কাস্টডিয়ান এবং আপনি সব সময়ে আমাদের সহানুভূতিশীল চক্ষে দেখেন।

**মিঃ স্পীকার :** আপনি এবার বসুন এ বিষয়ে অনেক আলোচনা হয়েছে।

**শ্রীরজনীকান্ত দলুই :** স্যার এটা আইন-শৃঙ্খলার প্রশ্ন আমরা এম. এল. এ. —আমাদেরই জীবন থাকছে না, আমাদের বাড়িতে ঢুকে আমাদের খুন করা হবে,

আমাদের সম্পত্তি লুঠ করা হবে এটা কি গণতন্ত্র ? আমরা কি অন্য পার্টি করতে পারবো না ? তাই আমি এ সরকারকে পদত্যাগ করতে বলছি এবং পদত্যাগ করতে দাবী জানাচ্ছি।

## LEGISLATION

**The Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1978.**

**Mr. Speaker :** I call upon Shri Hasim Abdul Halim to introduce the Bill.

**Dr. Zainal Abedin :** Sir, on a point of privilege.

**Shri Hasim Abdul Halim :** Sir, I beg to introduce the Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1978.

(Secretary then read the title of the Bill)

**Dr. Zainal Abedin :** Sir, on a point of privilege.

শ্রীরজনীকান্ত দলুইয়ের উপর যে আক্রমণ হয়েছে এবং সে ব্যাপারে সরকারী মনোভাবের প্রতিবাদে আমরা আজকের মতো সভা ছেড়ে চলে যাচ্ছি।

( এই সময় শ্রীরজনীকান্ত দলুই, শ্রীসুনীতি চট্টরাজ, ডাঃ জয়নাল আবেদিন ইত্যাদি মাননীয় সদস্যগণ একই সঙ্গে বক্তব্য বলতে থাকেন যা প্রতিবেদকদের টেবিল হইতে শ্রুতিগোচর হয় না। পরবর্ত্তী সময় কংগ্রেস এবং কংগ্রেস ( আই ) সদস্যগণ সভার বাইরে চলে যান।

(At this stage the members from the Congress and Congress (I) Benches walked out of the Chamber)

**Shri Hasim Abdul Halim :** Sir, I beg to move that the Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1978, be taken into consideration.

Sir, under the existing provisions of Section 25 of the Bengal, Agra and Assam Civil Courts Act, 1887, as amended by West Bengal Act XIII of 1977, the Munsifs and the Subordinate Judges in the West Bengal can be empowered to try small cause court suits valued upto Rs. 2500/- and Rs. 5000/- respectively.

With a view to ensuing parity in the provisions of Section 15 and the Provincial Small Cause Courts Act, 1887, (Amendment to which has already been passed in this Session and the Assembly) and the provisions of Section 25 of the Bengal, Agra and Assam Civil Courts Act, 1887, and also to meet the increasing demands of the ligigant public for cheap and expeditious justice, it is thought necessary to amend suitable section 25 of the Bengal, Agra and Assam Civil Courts Act, 1887 empowering the Munsifs and Subordinate Judges to try small Cause Court suits valued upto Rs. 5,000/- and Rs. 7500/- respectively.

With these words, Sir, I commend my motion for acceptance of the House.

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিচারমন্ত্রী যে বিল এনেছেন সে বিল আমরা সমর্থন করছি। তিনি একজন লব্ধ প্রতিষ্ঠ আইনজীবি ছিলেন, আইনজীবি বন্ধুদের কিছু সুযোগ দেবার জন্য তিনি এই বিল এনেছেন। লিটিগ্যাণ্টদেরও সুবিধা হবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। তবে এইটা যে বাড়িয়ে দিলেন কাজ মুন্সেফদের ঘাড়ে সেক্ষেত্রে বলবো আজকে মামলার বিচার পেতে চার বছরের কম হয় না সেক্ষেত্রে এর পর আরও দেরী হবে। মুন্সেফদের একটি মামলার ফয়সালা হতে চার বছর লাগছে আরও কেস যদি যায় তাহলে ৫-৬-৭ বছরেও বিচার পাওয়া যাবে কিনা সন্দেহ। Deloyed Justice denied Justice সমতূল্য বলে আগেকার মণিষীরা বলে গিয়েছেন। মন্ত্রী মহাশয়কে বলবো আজকে যে বিল এনেছেন সে বিল সমর্থন করলেও সত্বর বিচার যাতে পাওয়া যায় সেজন্য মুন্সেফ কোর্ট বাড়াবেন, না মুন্সেফের পদ বাড়াবেন সেটা জানতে চাইছি। মন্ত্রী মহাশয়কে বলবো যে ১৮৮৭ সালে এই আইনটা হয়েছিল, ওয়েষ্ট বেঙ্গলের জন্য পৃথক করে করা হয়নি। ১৮৮৭ সালে যে আইন হয়েছিল তখন লেখাই ছিল,

'It extends to the territories (which were on 11th March, 1887) respectively administered by Lieutenant Governor of the North Western Provinces and the Chief Commissioner of Assam except such portions of these territories as for the time being are not subject to the ordinary civil jurisdiction of the High Courts....

এই জন্য আইন হয়েছিল। আজকে ভারতবর্ষ স্বাধীন হয়েছে ২৯ বছর। এখন পশ্চিমবাংলার জন্য একটা পৃথক আইন এবং পুরানো আইনের ল্যাকুনো দূর করার কথা ভাবছেন কিনা সেটা আশা করি বলবেন। সবচেয়ে বড় কথা সরকারের বিচার বিভাগ কোর্ট ফি বাড়িয়ে বহু টাকা উপার্জন বাড়িয়েছেন। কিন্তু আজকের সিভিল কোর্টে বা ফৌজদারী কোর্ট একই জায়গায় আছে—কোন সুবিধা আগেও হয়নি, মন্ত্রী মহাশয় ১৮ মাস এসেও করেননি।

[3-40—3-50 P.M.]

আমি আজকে আর বেশী সময় নেব না। আমি শুধু একটি কথা তাঁর কাছে জানতে চাই, এই মামলাগুলি মুন্সেফের কাছে, জর্জসাহেবের কাছে যাবে হাইকোর্টে না গিয়ে, এতে হাই কোর্টের ভার কিছু কমবে, কিন্তু তাদের উপর যে বোঝা বেড়ে যাচ্ছে—কাজেই এইগুলি দূর করার জন্য কি ব্যবস্থা নিচ্ছেন আশা করি মন্ত্রী মহাশয় তাঁর জবাবী ভাষণে সেগুলি বলবেন। এই কথা বলে এই বিলকে আমি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Hasim Abdul Halim that the Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1978, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 4 and preamble**

The question that clauses 1 to 4 and preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Hashim Abdul Halim :** Sir, I beg to move that the Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1978, as settled in the Assembly, be passed.

The motion was put and agreed to.

THE BENGAL, AGRA AND ASSAM CIVIL COURTS
(WEST BENGAL SECOND AMENDMENT) BILL, 1978

**Shri Hasim Abdul Halim :** Sir, I beg to introduce the Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Second Amendment) Bill, 1978.

(Secretary then read the title of the Bill)

**Shri Hasim Abdul Halim :** Sir, I beg to move that the Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Second Amendment) Bill, 1978, be taken into consideration.

Sir, under Section 19 of the Bengal, Agra and Assam Civil Courts Act, 1887, as amended last in 1969, the existing ordinary and special pecuniary jurisdiction of the Munsifs are, respectively Rs. 5000/- and Rs. 7500/-. Since the said Amendment in 1969 there has been further rise in prices, with the result that a good number of cases, previously triable by Munsifs in the Sub-Divisional towns and Chowkis, are now compulsorily required to be instituted in the Courts of the subordinate judges at the district headquarters. Consequently, not only are the litigant public of remove rural areas compelled to go to the district headquarters for instituting suits in the superior courts, but also there has been large congestion of suits in such courts.

In the circumstances, with a view to relieving litigant public and the hardship of going to the district headquarters, and also to removing the congestion of work in the Courts of Subordinate Judges, it is considered necessary to amend suitably Section 19 of the Bengal, Agra and Assam Civil Courts, Act 1887, in its application to West Bengal raising the ordinary and special pecuniary jurisdiction of the Munsifs to Rs. 7500/- and Rs. 15000/- respectively.

In the context of the proposed amendment of Section 19 of the Act, it is further considered necessary to make consequential amendment of Section 21 of the said Act, raising the Appellate jurisdiction of the District Judges from Rs. 15000/- to Rs. 25000/-.

With these words, Sir, I commend my motion for acceptance of the House.

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একই বিষয় কাজেই আমি আর বিশেষ কিছু বলতে চাই না, কেবল মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে একই সেশানে, একই দিনে একই রকম এ্যামেণ্ডমেণ্ট আনা হচ্ছে অথচ সেখানে ছুটি বিল আনা হচ্ছে—ছুটি বিল কেন আনা হচ্ছে সেটাই আমি জানতে চাই। এর আগে পঞ্চায়েতের বেলায় দেখেছি আবার আজকেও দেখলাম যে একই দিনে

দুটি বিল আনা হচ্ছে। এটা কেন হচ্ছে আমি ঠিক বুঝতে পারলাম না, আশা করি মন্ত্রী মহাশয় তাঁর জবারের সময় সেটা বললেন। এখানে একই সঙ্গে দুটি বিল যদি আনা হ'ত তাহলে উনি একবারই জবাব দিতে পারতেন তাছাড়া স্যার, আগেও যে কথা বলেছি এবারে দ্বিতীয় বিলের সময় সেই কথাই বলছি যে কনজেসান যেটা বাড়বে সেটা কিভাবে কমাবেন তা আমাদের বলবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী হাসিম আবদুল হালিম ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য প্রশ্ন তুলেছেন—কোর্টে কেস কমানো যাবে কিনা এবং দুটি সংশোধনী বিল একসঙ্গে এল কেন। আমি স্যার, আপনার মাধ্যমে ওঁকে জানাতে চাই যে কোর্ট সংক্রান্ত সংশোধনী আইন করতে গেলে হাইকোর্টের সঙ্গে আলোচনা করতে হয়। হাইকোর্টকে লেখার পর তারা দুটি স্তরে উত্তর পঠিয়েছেন। যখন প্রথম উত্তরটা এ'ল তখন আমরা প্রথম আইনটি করলাম, তারপর দ্বিতীয় উত্তরটি যখন এল তখন দ্বিতীয় সংশোধনী আইনটি তৈরি করলাম। এতে অসুবিধার কিছু নেই, এরকম হতেই পারে। এখানে তারা পরেরটাতে অন্য ভিউও দিতে পারতেন, তা যদি দিতেন তাহলে আমরা আইন করতাম না।

কাজেই নানান রকমের ব্যাপার এতে রয়েছে। সরকারী কাজ এই রকমই হয়, যেমন যেমন আসে সেই রকম আইন তৈরি হয়। তারপর মামলার নিষ্পত্তি সংক্রান্ত যে ব্যাপারটিব কথা বলেছেন সে সম্পর্কে বলি যে আপনারা জানেন যে আমরা ধনতান্ত্রিক সমাজব্যবস্থার মধ্যে আছি। ৩০ বছর দেশ স্বাধীন হয়েছে—আমরা না হয় ১॥ বছর সরকারে আছি কিন্তু আমরা কি আইন করে সব সমস্যার সমাধান করতে পারবো ? না, তা সম্ভব নয়। তবুও আমরা চেষ্টা করে যাব যতটা পারি করতে। আমরা রুর‍্যাল এলাকার যত কাছাকাছি কোর্ট যেতে পারে তার চেষ্টা করছি। যে সমস্ত লোককে হেড কোয়ার্টারে আসতে হ'ত এখন তারা সাব-ডিভিশান্যাল টাউনেই তা করতে পারবে, চৌকিতে গেলে তারা মামলা করতে পারবে। এইসব সুবিধা করার চেষ্টা আমরা করছি। এইসব হয়ে যাবার পর আমরা দেখবো কোর্ট কিভাবে বাড়ানো যায়। অপনারা জানেন আমরা কেন্দ্রীয় সরকারের কাছে ১২ কোটি টাকা চেয়ে ছিলাম এই কোর্ট এক্সপানশান স্কীমের জন্য কিন্তু আজ পর্য্যন্ত আমরা কোন টাকা পয়সা পাইনি। তবে আমরা এইটুকু খবর পেয়েছি যে কেন্দ্রীয় সরকার এই ব্যাপারটি ফাইনান্স কমিশন এবং প্লানিং কমিশনের কাছে রেফার করেছেন। যদি তারা আমাদের টাকা পয়সা দেন তাহলে দ্রুত

আমরা তা করতে পারবো, যদি না পাই তাহলে বলব, আমাদের স্টেট গভর্ণমেণ্টের এই সীমিত ক্ষমতার মধ্যে কোর্ট বাড়ানোর জন্য কোন রকম টাকার ব্যবস্থা এখনও পর্য্যন্ত নেই। তবে আমরা চেষ্টা করছি এবং আমরা সরকারে আসার পর কয়েকটা কোর্ট বাড়িয়েছি। এ্যাডিশন্যাল ডিষ্ট্রিক্ট জাজ বাড়িয়েছি, কয়েকটা মুনসেফ বাড়িয়েছি, সাব জাজ বাড়িয়েছি। আমরা বাড়াচ্ছি কিন্তু আমাদের টাকা পয়সার খুবই অভাব এবং আমাদের ক্ষমতাও খুবই সীমিত। মাননীয় সদস্যগণ এসব বিষয়ে অবহিত আছেন, আমি তাদের বলব, কেন্দ্রে এখন জনতা সরকার ক্ষমতায় আছেন আপনারা সেখানে যান এবং শান্তিভূষণকে গিয়ে বলুন যে আমাদের পশ্চিম বাংলায় এই সমস্যা রয়েছে। আমাদের টাকা পয়সা ওরা দিন আমরা করে দেব। আমরা সরকারে আসার তিন মাসের মধ্যেই আমরা এ বিষয়ে আমাদের দাবী কেন্দ্রকে জানিয়েছিলাম এবং তা জানাতে গিয়ে সেখানে সমস্ত স্কীম, প্ল্যান আমরা দিয়ে এসেছি। আমরা শান্তিভূষণের সঙ্গে আলোচনাও করেছিলাম। আমি আশা করবো মাননীয় সদস্যগণ সকলে মিলে এটার জন্য চেষ্টা করবেন।

The motion of Shri Hasim Abdul Halim that the Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Second Amendment) Bill, 1978, be taken into consideration, was then put and agreed to

**Clauses 1 to 5 and Preamble**

The question that clauses 1 to 5 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Hasim Abdul Halim :** Sir, I beg to move that the Bengal, Agra and Assam and Assam Civil Courts (West Bengal Second Amendment) Bill, 1978 as settled in the Assembly be passed.

[ 3-50—4-00 P.M. ]

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের যে যুক্তি দেখালেন যে একটা বিল একবার গেছে, তারপর আর একটা সাজেশান গেছে—এই যুক্তিটা খুব গ্রহণযোগ্য যুক্তি বা মনে ধরার মত যুক্তি নয়। যখন মুন্সেফের ক্ষমতা বেড়ে জজ সাহেবের ক্ষমতা পেয়ে গেলেন তখন জজ সাহেবের ক্ষমতা স্যাচারালী বাড়াতে হবে, এটা সাধারণ কথা। আর ক্ষতি তো নিশ্চয়ই হয়েছে—গভর্ণমেণ্টের কাগজপত্র ক্ষতি হয়েছে, বেশী খরচ হয়েছে,

দুবার করে বিলটাআনতে হয়েছে। আর একটা কথা উনি বলেছে যে টাকা-পয়সার অভাব। কিন্তু টাকা-পয়সার অভাব অন্য ব্যাপারে নেই। আমি অবশ্য বাজেট অধিবেশনে এই সম্পর্কে বলবো। এই মামলা থেকে যে টাকা আসে সেই টাকাগুলি যদি আমরা কোর্ট সম্প্রসারণের কাজে খরচ করি তাহলে আমাদের জনতা সরকারের বা কেন্দ্রীয় সরকারে কাছে হাত পেতে থাকতে হয়না। আমাদের কোর্ট থেকে যে ইনকাম হয় তা থেকে যদি আমরা কোর্টের সম্প্রসারণের জন্য খরচ করি তাহলে কেন্দ্রীয় সরকারকে সব সময় আমাদের দেখতে হয় না। পশ্চিমবাংলার যেটুকু রেভিনিউ ইনকাম হয় তা থেকে উনি দেখিয়ে দেবেন করতে পারেন কিনা। সর্বশেষে আবার অনুরোধ করবো যে মামলার কন্‌জেসশান কম করার জন্য চেষ্টা করুন। হাই কোর্টের সঙ্গে আলোচনা করুন এবং হাই কোর্ট থেকে জজসাহেবরা মাঝে মাঝে গিয়ে দেখুন, আজকে মুন্সেফ কোর্টের যে মামলা, ফৌজদারী কোর্টের যে মামলা সেগুলি কেন হচ্ছে, সত্যিকারের করা যায় কিনা। আর একটা কথা বলতে চাই যে মন্ত্রী মহাশয় বলেছেন যে কোর্টের উন্নতি করছি। আমি তাঁকে একটা জিনিষ বলছি, তিনি তো সব বিপ্লব করতে পারেন, কিন্তু এই ১৮ মাসে তিনি এই কোর্টের দুর্নীতি কমাতে পেরেছেন? এখনও পেশকারের ঘুষ আগে যা ছিল তার থেকে ডবল হয়েছে। জজসাহেবকে বলতে গেলাম—

**শ্রী হাসিম আবদুল হালিম :** অন এ পয়েণ্ট অব অর্ডার, স্যার, এটা উনি কোন্‌ বিষয়ের বলছেন, এটাতে কোন স্কোপ নেই। আর একটা বিল আছে তখন বলবেন। এটাতে বলতে পারেন না।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র :** এত ব্যস্ত হচ্ছেন কেন?

**শ্রী হাসিম আবদুল হালিম :** ব্যস্ত হচ্ছি না, এটা বিধানে বাধা আছে।

The motion of Shri Hashim Abdul Halim that the Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Second Amendment) Bill, 1978, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

**The Presidency Small Cause Courts (West Bengal Amendment) Bill, 1978**

**Shri Hashim Abdul Halim :** Sir, I beg to introduce the Presidency Small Cause Courts (West Bengal Amendment) Bill, 1978.

**(Secretary then read the title of the Bill)**

**Shri Hashim Abdul Halim** : Sir, I beg to move that the Presidency Small Cause Courts (West Bengal Amendment) Bill, 1978, be taken into consideration.

Under the provisions of the Presidency Small Cause Courts Act of of 1882, as amended by West Bengal Act XXXII of 1969, the pecuniary jurisdiction of the Small Cause Courts, Calcutta, is Rs. 5,000/-. Since 1969 there has been a steady rise in prices, resulting in further erosion in the real value of money for which the existing monetary jurisdiction of the Small Cause Courts, Calcutta, is proved inadequate. In order to meet the situation and also to provide for quick justice to the trading and litigant public it is ansidered necessary to make further amendment to the Presidency Small Cause Courts Act, 1882, enhancing the pecuniary jurisdiction of the Small Cause Courts. Calcutta, from Rs. 5,000/- to Rs. 10,000/-.

With these words, Sir, I commend my motion for acceptance of the House.

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র** : আপনি জনতা সরকার দেখালেন, কাজেই আমাকে বলতে হবে। জজসাহেবকে বলতে গেলাম যে পেশকার ঘুষ খাচ্ছে, তিনি আমাকে বললেন যে কিছু হবে না, কো-অর্ডিনেশান কমিটি কিছু না বললে ট্রান্সফার করা যাবে না। কাজেই আজকে দেখা যাচ্ছে যে পেষকারের ঘুষ বাড়ছে। এই সম্পর্কে কি ব্যবস্থা নেবেন আশা করি সেটা বলবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বিলটা সমর্থন করছি। মাননীয় মহাশয় একটা কথা লিখেছেন বাংলাতে যে যাতে কম খরচে কম সময়ে মকদ্দমার নিষ্পত্তি হতে পারে—কম সময়ে কমদ্দমার নিষ্পত্তি হবে না, বেশী সময় লাগবে। কারণ ওখানে কেসের সংখ্যা বাড়বে। আর কম খরচের কথা যেটা বলছেন, কম খরচে হবে না। তবে হাই কোর্টে যাওয়া থেকে এরা বাঁচবে। সেই জন্য আমি মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু পেশকারের খরচ এবং অন্যান্য আনুসঙ্গিক ব্যয় এটা কমাবার চেষ্টা করুন এবং এর জন্য যদি ব্যবস্থা করেন তাহলে পশ্চিম বাংলার মানুষ আপনাকে আশীর্বাদ জানাবে। এটা আপনাদের আমলে হয়েছে, ১৮ মাসে বেড়ে ডবল হয়েছে। তার কারণ হচ্ছে কো-অর্ডিনেশন কমিটির কোন লোককে ট্রান্সফার করা হবে না, যতই ঘুষ খাক না কেন। তারা জানে তাদের

কেউ ট্রান্সফার করতে পারবেন না, এমন কি সাহেবও পারবেন না। তার থেকে কিভাবে নিষ্কৃতি পাওয়া যায়, সেদিকে বিবেচনা করে দেখবেন।

**শ্রী হাসিম আবদুল হালিম**া মাননীয় স্পীকার, মাননীয় সদস্য বীরেনবাবু দুর্নীতির কথা বলেছেন, কোর্টে দুর্নীতি হয়, এটা অস্বীকার করার উপায় নেই, অনেকদিন থেকে চলে আসছে। একটা কথা বোধ হয় উনি জানেন না যে কোর্টের এ্যাডমিনিস্ট্রেশনের ব্যাপারে স্টেট গভর্ণমেণ্টের কোন্ কোন্ ক্ষমতা নেই। আমরা কোন ব্যাপারে ইণ্টারফিয়ার করতে পারি না, হস্তক্ষেপ করতে পারি না। এ্যাড-মিনিস্ট্রেশন হাই কোর্টের আওতায়। এই কোর্টের মধ্যে যে দুর্নীতি চলে, এই ব্যাপারে হাই কোর্টের সঙ্গে আলোচনা চলছে, অনেক চিঠিপত্র লেখা হয়েছে। তাতে একটা ভিজিলেন্স কমিশনের ইন্‌ভেস্টিগেশন সেল করার কথা চলছে, এই বিষয়ে আলোচনা চলছে। কিন্তু দুর্নীতি এমনি বন্ধ হবে না। এর নানা কারণ আছে, সেই কারণ হচ্ছে আমাদের সমাজ ব্যবস্থা। আমাদের যে সমাজ ব্যবস্থা তাতে উনি কি করবেন, আর আমিই বা কি করবো। এর বিরুদ্ধে নিশ্চয়ই আমাদের লড়তে হবে। উনি বললেন এমপ্লয়ীরা ট্রান্সফার হবে না। উনি জানেন না বোধ হয় স্টেট গভর্ণমেণ্টের কোন ক্ষমতা নেই কোর্টের কোন এমপ্লয়ীকে ট্রান্সফার করার। বলতে হয়, একটা কথা বলে দিলেন। কোন কোর্টের এমপ্লয়ীকে ট্রান্সফার করার ক্ষমতা ষ্টেট গভর্ণমেণ্টের নেই, এই কথাটা বোধ হয় উনি জানে না। এই হচ্ছে বিচার ব্যবস্থার নিয়ম। হাই কোর্টের পেশকার, জজসাহেব, ঝাড়ুদার, বেলিফ, যেই হোক, ট্রান্সফার করার ক্ষমতা একমাত্র আছে ডিস্ট্রিক্ট জাজ এবং হাই কোর্টের জাজের। আমরা শুধু চাকরি দিয়ে দিই, তারপর আমাদের কাজ শেষ। আমাদের আর করার কিছু নেই, বলার কিছু নেই। খরচের ব্যাপারে বীরেনবাবু বললেন—প্রেসিডেন্সী স্মলকজ কোর্টে উনি বোধ হয় যান নি, বোধহয় খবরও রাখেনা, আজ সেখানে ৬ মাস থেকে এক বছরের মধ্যে কোন মামলার নিষ্পত্তি হয় না। যদি ওখানে যান তাহলে এই বিষয়ে খবর নিতে পারবেন। কিন্তু এই বিষয়ে বোধহয় তিনি কোনদিন সুযোগ পাননি, যার জন্য এইসব কথা বলছেন। যেহেতু আমরা চেষ্টা করছি, যত রকম মানুষের সুযোগ সুবিধা করা যায়, সেই জন্য চেষ্টা করছি, সব ব্যাপারেই সীমিত ক্ষমতা আছে, উনি তো জানেন সব, আমরা আর কি বলবো।

**The motion of Shri Hashim Abdul Halim that the Presidency Small Cause Courts (West Bengal Amendment) Bill, 1978, be taken into consideration, was then put and agreed to.**

**Clauses 1 to 6 Preamble**

The question that clauses 1 to 6 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Hashim Abdul Halim :** Sir, I beg to move that the Presidency Small Cause Courts (West Bengal Amendment) Bill, 1978, as settled in the Assembly, be passed,

The motion was then put and agreed to.

[4-00 to 4-16 P.M.]

**শ্রীভবানী প্রসাদ মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সভার প্রথমার্ধে এস. ইউ. সি. দলের একজন মাননীয় সদস্য স্টেটম্যান পত্রিকার একটি সংবাদকে উল্লেখ করেহুগলী জেলায় বন্যার ত্রাণ কার্যো ৫৫ হাজার টাকা টি এবং এনটারটেনমেন্ট-এর জন্য খরচ করে অর্থের অপচয় করা হয়েছে বলে একটা বিবৃতি রেখেছেন। আমি মনে করি হাউসে এই যে বিবৃতি হয়েছে এটার তীব্র প্রতিবাদ করা উচিত এবং আপত্তি জানানো প্রয়োজন। কারণ মাননীয় সদস্য টাকার যে ফিগারের উল্লেখ করেছেন সেটা সম্পূর্ণ অসত্য, ঐ ধরণের বিরাট অঙ্কের কোনও অর্থ ই খরচ হয়নি। আমি জেলা ম্যাজিষ্ট্রেটের কাছে থেকে রিপোর্ট আনিয়েছি এবং তাতে দেখতে পাচ্ছি, এই রিপোর্টে উল্লেখ আছে, ওখানে বন্যার ত্রাণ কার্য্যে ৬৭ দিন ধরে কাজ হয়েছে এবং ঐ ৬৭ দিন ধরে যে সমস্ত কর্মচারীরা সেখানে কাজ করেছিলেন তাঁদের সংখ্যা ১০০০ থেকে ২০০০ মত এবং অনেক সময় রাউণ্ড দি ক্লক, অর্থাৎ ২৪ ঘন্টা ধরে তাঁরা কাজ করেছেন। সেই বন্যার ত্রাণ কার্য্য করতে গিয়ে অনেক সময় তাঁরা টিফিন পর্যন্ত করেননি। তাঁদের জন্য সর্বসমেত যে খরচ হয়েছে তার পরিমাণ হচ্ছে—আমি এই রিপোর্টে দেখতে পাচ্ছি, বন্যা কার্য্য বাবদ ২০০০ লোকের জন্য খরচ হয়েছে ৫,৭৬৭ টাকা। যেখানে উনি ৫৫ হাজার টাকা বলেছিলেন, সেখানে মাত্র ৫,৭৬৭ টাকা খরচ হয়েছে। এই হিসাব আমরা পাচ্ছি। সেই জন্য আমি বলছি স্যার, উনি যে বিবৃতি দিয়েছেন সেটা সম্পূর্ণ অসত্য এবং ঐ যে মোগলাই পরটা বা চিকেনকারির কথা উনি বলেছেন, সেগুলিও সম্পূর্ণ অসত্য কথা। কারণ যাঁরা ঐ কার্য্য করেছেন তাঁদের জন্য পার ডে ধার্য ছিল ১০ টাকা করে, তথাপি সেখানে কোনও বিলেই ৩ টাকার বেশী চার্জ মঞ্জুর করা হয়নি। আমি হুগলী জেলার রিলিফ এ্যাডভাইসারী কমিটির প্রেসিডেন্ট এবং ঐ জেলার মন্ত্রী হিসাবে অবশ্যই ঐ কার্যের সঙ্গে সংশ্লিষ্ট ছিলাম, আমি

দেখেছি সেখানে কিভাবে কাজ হয়েছে। এখানে এ সম্পর্কে মাননীয় সদস্য বিকৃত বিবরণ দিয়েছেন। এম. পি. এবং মিনিষ্টারদের সেখানে ঐ সমস্ত খাদ্যদ্রব্য সার্ভ করা হয়েছে বলে তিনি যা বলেছেন, তাও অসত্য। হুগলী জেলার ব্যাপক অঞ্চলও বন্যায় প্লাবিত হয়ে গিয়েছিল, সেই ব্যাপক অঞ্চলের দুর্গত মানুষেদের কাছে যেভাবে ঐ সমস্ত কর্মীরা কাজ করে সাহায্য পৌঁছে দিয়েছে তা অত্যন্ত প্রশংসনীয়। কিন্তু আজকে তাদের সম্বন্ধে এইভাবে অসত্য বিবৃতি দিয়ে এই হাউসকে বিভ্রান্ত করা হয়েছে। আমি এই সভাকে জানাতে চাই যে, ঐ সমস্ত কর্মীরা অত্যন্ত সিনসিয়ারলি জান কবুল করে বিপদে ঝাপিয়ে পড়ে কাজ করেছে। সেইজন্য ঐ ধরণের বিভ্রান্তিকর বিবৃতির প্রতিবাদে আমি এই বক্তব্য সভার কাছে রাখলাম।

**The Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1978.**

**Shri Hasim Abdul Halim :** Sir, I beg to introduce the Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1978.

(Secretary then read the title of the Bill)

**Shri Hasim Abdul Halim :** Sir, I beg to move that the Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1978, be taken into consideration.

Sir, under the existing provisions of the Code of Criminal Procedure, 1973, the Sessions Judges are empowered to transfer any cases not exclusively triable by the Courts of Sessions, to the Chief Judicial Magistrates for trial in accordance with the procedure for trial of Warrant cases instituted on a police reports. This provision for transfer of cases, to only the Chief Judicial Magistrates often causes heavy congestion of work in their courts.

In the circumstances, with a view to relieving the courts of Chief Judicial Magistrates of the congestion of work of above nature and also for the sake of quick disposal of cases, it is thought necessary to amend suitable section 228 of the Code of Criminal Procedure, 1973, in its application to West Bengal, empowering the Sessions Judges to transfer cases, not exclusively triable by the courts of Sessions, to any Judicial

Magistrate, besides the Chief Judicial Magistrate, competent to try such cases.

With these words, Sir, I commend my motion for acceptance of the House.

**শ্রীঅনিল মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে কিছু বক্তব্য রাখছি। মাননীয় বিচার বিভাগের মন্ত্রী মহাশয় আজকে এই যে সংশোধনী এনেছেন তার ফলে পশ্চিমবাংলায় বিশেষ করে যেসব ক্রিমিন্যাল কেস জমা হয়ে যাচ্ছে দিনের পর দিন সেই ক্রিমিন্যাল কেসগুলি তাড়াতাড়ি ডিসপোজাফ্ হয়ে যাবে। এর আগে যা ছিল তাহলো এই যে দায়রা বিচারক, তিনি কেবলমাত্র দায়রা আদালত দ্বারাই বিচারযোগ্য নহে এরূপ কোন মামলা, পুলিশ রিপোর্টের ভিত্তিতে ডায়েরীকৃত ওয়ারেন্ট মামলার বিচারের জন্য মুখ্য বিচারিক ম্যাজিষ্ট্রেটের নিকট হস্তান্তরিত করতে পারবেন। ফলে দেখা যেত, একজন চীফ্ জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেটের নিকট ক্ষমতা থাকার ফলে অন্য জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেটের কাছে যখন কেস যেত না তখন অনেক কেস জমা হয়ে যেত। ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা হচ্ছে একমাত্র রাজ্য যেখানে এই প্রথম এই ধরণের সংশোধনী আনা হলো। আপনারা জানেন, এই ক্রিমিন্যাল কেস বা অপরাধীদের জন্য যেসব মামলা হয় এইসব মামলার বিচার যদি তাড়াতাড়ি না হয় অপরাধীরা যদি শাস্তি না পায়, বিচার না পায় তাহলে গুরুতরভাবে অন্যায় করা হয়। পশ্চিমবাংলায় বিভিন্ন জেলায় এই যে মামলা বেড়ে গেছে বিশেষ করে ক্রিমিন্যাল কেস—এই নূতন এ্যামেণ্ডমেণ্ট ক্রিমিন্যাল প্রসিডিওর কোডে প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে তার অন্যতম প্রধান কারণ হচ্ছে যে শুধু ট্রান্সফার কেসগুলি চীফ জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট ছাড়া অন্য কোন জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট ঐ ওয়ারেণ্ট কেসগুলির বিচার করতে পারে না। এখন সেই কেস ট্রান্সফার করার জন্য শুধু চীফ জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট নয়, অন্যান্য যে কোন জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট এর কাছে ঐ কেসগুলি তুলতে পারে—এক যোগে এক মাসে অনেক নিষ্পত্তি হবে। সুতরাং এখানে মাননীয় মন্ত্রী মহাশয় ঐ যে সাধারণ মানুষের উপকার করার জন্য এবং এই ক্রিমিন্যাল কেসগুলি ধীরে ধীরে যাতে নিষ্পত্তি হয় তার ব্যবস্থা করেছেন। আমরা জানি জাসটিস ডিলেড মিন্স জাসটিস ডিনায়েড। এ কথা চিরকাল জেনে এসেছি যে বিচার হয় না—বিচারের প্রহসন হয় ক্রিমিন্যাল কেসে, এবং সেজন্য মন্ত্রী মহাশয় অন্যান্য কোর্টে কেস ট্রান্সফার করার জন্য যে সংশোধনী এনেছেন

সেটি একটি গুরুত্বপূর্ণ জিনিষ। ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ প্রথম রাজ্য যেখানে এইভাবে ক্রিমিন্যাল প্রসিডিওর কোড এর ২২৮ ধারা সংশোধন করে এবং ট্রান্সফারের পাওয়ার চীফ জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট ছাড়া অন্যান্য জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেটের কাছে দেওয়া হল সেজন্য আমি বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Hashim Abdul Halim that The Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1978, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 3 and Preamble**

The question that Clauses 1 to 3 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Hashim Abdul Halim :** Mr. Speaker, Sir, I beg to move that The Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1978, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের কাছে যে কাগজ দেওয়া হয়েছিল তাতে দেখান হয়েছে যে হাউসের বিজনেসে বুধবার এবং বৃহস্পতিবার একটা করে বিল হবে। আমার বক্তব্য হচ্ছে যে এখন যদি সেরকম বিজনেস কিছু না থাকে তাহলে তাড়াতাড়ি হাউসের কাজ শেষ করে আমাদের ছুটি দিয়ে দিন। ধান কাটার মরশুম আরম্ভ হয়েছে, এ সময় আমাদের নিজ নিজ কনষ্টিটিউয়েন্সি-তে যাওয়া দরকার। তা না হলে এই লুঠপাটের রাজত্বে কি হবে বলা যায় না।

(Noise and interruption)

**মিঃ স্পীকার:** সব সময়ে গোলমাল হলে বলব কি করে, মাননীয় সদস্য হাউসের সামনে একটা প্রস্তাব রাখলেন—তাতে আপনারা এরকম করছেন কেন? মাননীয় সদস্য স্পীকারের সামনে একটা প্রস্তাব রাখলেন তাতে আপনারা হঠাৎ চিৎকার করলেন কেন? আমি এটা দেখছি। এখন সভার কার্য্য এখানেই মুলতুবী রাখছি। আগামীকাল বেলা ১টার সময় এই অধিবেশন আবার শুরু হবে।

**Adjournment**

**The House was then adjourned at 4-16 P.M. till 1 P.M. on Tuesday, the 5th December, 1978, at the Assembly House, Calcutta.**

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

**The Assembly met in the Assemble House. Calcutta, on Tuesday the 5th Decembers, 1978 at 1 P.M.**

**Present**

Mr. Spoaker **(Shri Syed Abul Mansur Habibullah)** in the Chair, 17 Ministers, 5 Ministers of State, and 170 Members.

**Starred Questions**

(To which oral answers were given.)

## মুর্শিদাবাদ জেলার পুর এলাকায় জমি জবরদখল

*১৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৪) **শ্রীদীনবন্ধু মাঝি, শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়, শ্রীআতাহার রহমান ও শ্রী আবুল হাসনাৎ খান**: স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমান সরকার গঠিত হওয়ার আগে এবং পরে মুর্শিদাবাদ জেলার কোন কোন পুর এলাকায় কিছু কিছু জমি বিনা অনুমতিতে জবরদখল হইয়াছে কিনা; এবং

(খ) হইয়া থাকিলে,—

(১) কত জমি এইরূপ জবরদখল হইয়াছে, ও

(২) সরকার এ সম্বন্ধে কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

**শ্রীপ্রশান্তকুমার শূর**: (ক) বর্ত্তমান সরকার গঠিত হওয়ার আগে এবং পরে মুর্শিদাবাদ জেলার পৌর এলাকায় কিছু কিছু জমি বিনা অনুমতিতে জবরদখল হইয়াছে।

(খ) (১) জমির পরিমাণ ২৬·৬৯ একর।

(২) এই ধরণের জবরদখলের বেশ কিছু কিছু ক্ষেত্রে জবরদখলকারীদের উচ্ছেদর জন্য আইনানুগ ব্যবস্থা নেওয়া হইয়াছে ও কিছু কিছু ক্ষেত্রে

উচ্ছেদের জন্য পুলিশের কাছে অভিযোগ দায়ের করা হইয়াছে। আবার কিছু কিছু ক্ষেত্রে আদালতে উচ্ছেদের মামলা রুজু করা হইয়াছে।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** জীয়াগঞ্জ আজিমগঞ্জ এ কিছু হকার জবরদখল করেছিলো বলে তাকে আনন্দবাগে একজন বিনা পয়সায় জমি দিতে চেয়েছিলো এটা কি আপনি দেখবেন ?

**শ্রীপ্রশান্তকুমার শূরঃ** নিশ্চয়ই।

**শ্রী আতাউর রহমানঃ** বহরমপুরে দু তিন জায়গায় কিছু দুস্কৃতকারী হকারদের ভুল বুঝিয়ে টাকা নিয়ে রাস্তার পাশে বসিয়েছে এটা কি জানেন ?

**শ্রীপ্রশান্তকুমার শূরঃ** এ খবর আমার না থাকলেও মোটামুটি ৭·৬৫ একর জমি এই সরকার আসার পদ জবরদখল হইয়াছে।

**শ্রী আতাউর রহমানঃ** প্ল্যান না করে হকার বসানোর জন্য যানবাহনের চলাচলের অসুবিধা হচ্ছে এটা কি জানেন ?

**শ্রীপ্রশান্তকুমার শূরঃ** নিশ্চয়ই সব সময় এই অসুবিধা হয়।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** এই সরকার হবার আগে ও পরে কোন পৌর এলাকায় কত জমি জবরদখল হয়েছে ?

**শ্রীপ্রশান্তকুমার শূরঃ** বহরমপুরে—৭·৬৫ একর, জঙ্গীপুরে—৫৫ একর, ধুলিয়ানে —৩·৯ একর, মুর্শিদাবাদে—৩·২ একর, জীয়াগঞ্জে—·১১ একর।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** ওখানে একজন অল্টারনেটিভ জায়গা ফ্রি অব কস্টে দিতে চেয়েছে, সেগুলি দেখে আপনি তাদের ইমিডিয়েটলি পুনর্বসতি করায় ব্যবস্থা করবেন কি ?

**শ্রীপ্রশান্ত কুমার শূরঃ** সঠিক খবর দিলে নিশ্চয়ই ব্যবস্থা হবে।

**শ্রীহবিবুর রহমানঃ** মাননীয় সদস্য প্রশ্নের মাধ্যমে বামফ্রন্ট সরকারের পলিসির কথা বলেছেন যে যারা জোর দখল করে আছে তাদের পুনর্বাসনের সিদ্ধান্ত আছে, আমার প্রশ্ন হচ্ছে যারা জবর দখল করে আছে তাদের পুনর্বাসন না দিয়ে উচ্ছেদের নোটিশ দেওয়া হয়েছে, কেস করা হয়েছে কেন ?

**শ্রীপ্রশান্তকুমার শূর** ঃ—আপনি শুনতে পেলেন যিনি প্রশ্ন করেছেন তিনি সেকথা বলেননি।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র** ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন বামফ্রন্ট সরকার আসার পর পৌর সভার মধ্যে অনেক বেশী জমি আরো দখল হচ্ছে প্রতিদিন, কলকাতা কর্পোরেশানেও হচ্ছে, এই খবর কি আপনার কাছে আছে ?

**শ্রীপ্রশান্তকুমার শূর** ঃ—কলকাতা সম্বন্ধে প্রশ্ন নয়, মুর্শিদাবাদের সম্বন্ধে প্রশ্ন আছে। মুর্শিদাবাদের কথা আগেই বলেছি যে ৩.২ একর জমি দখল হয়েছে।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র** ঃ—আর যাতে দখল না হয় তারজন্য ইনস্ট্রাকসান ইস্যু করা হবে কি ?

**শ্রীপ্রশান্তকুমার শুর** ঃ—আপনারা এটা জানেন বর্তমান সরকার আসার পর আমরা বলেছি এই ধরণের দখল হতে দেওয়া হবে না।

**শ্রীআতাহার রহমান** :—মন্ত্রী মহাশয় জানাবেন কি কলকাতা এলাকার বা পৌর এলাকার সম্পত্তি যারা জোর দখল করে বসে আছে বামফ্রন্ট সরকারের নীতি পূরণ করতে এদের সম্পর্কে বামফ্রন্ট সরকার কি ব্যবস্থা নিচ্ছেন ?

মিঃ স্পীকার ঃ—এটা সাপ্লিমেণ্টারী হয় না।

### পশ্চিমবঙ্গে চৌকিদার ও দফাদারের শূন্য পদের সংখ্যা

*১৮। ( অনুমোদিত প্রশ্ন নং *৯৯। ) **শ্রীদেবনারায়ণ চক্রবর্তী** ঃ পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে চৌকিদার ও দফাদারের কোন পদ শূন্য আছে কিনা ;

(খ) "ক" প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, কতগুলি পদ শূন্য আছে এবং কতদিন যাবৎ ; এবং

(গ) উক্ত পদগুলি পূরণের জন্য কোন ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কিনা ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়,**

(ক) হ্যাঁ।

(খ) মোট ২৭০৭টি পদ শূন্য আছে, ১ মাস থেকে ৬ বৎসর যাবৎ।

(গ) এখনও হয় নাই, করা হইতেছে।

**শ্রীঅবিনাশ প্রামানিক** :—এই পদগুলি কতদিনে পূরণ করা হবে মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়** :—এই পদগুলি পূরণ করার আগে আমরা দফাদার চৌকিদারদের নিয়োগ পদ্ধতি, তাদের কর্তব্য দায়িত্ব এর পুনর্বিন্যাস করা প্রয়োজন অনুভব করেছি, বিশেষ করে ১৯৩৮, ১৯৪০ সালে দফাদার চৌকিদারদের উপর একটা এনকোয়ারী কমিটি বসেছিল, যে মহামূল্য সাজেসান তাঁরা দিয়েছিলেন সেগুলি কার্যকরী হয়নি। আমি পঞ্চায়েত মন্ত্রী হিসাবে খুব তাড়াতাড়ি সে সম্বন্ধে বিবেচনা করে নিয়োগের ব্যবস্থা করব।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস** ঃ—মন্ত্রী মহাশয় কি জানাবেন চৌকিদার, দফাদারদের চতুর্থ শ্রেণী কর্মচারী হিসাবে গণ্য করার কোন সিদ্ধান্ত নেওয়া হচ্ছে কি?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়** ঃ- আমি পূর্বে প্রশ্নোত্তরে এর উত্তর দিয়েছি যে গোটা জিনিসটা তাদের দায়িত্ব কর্তব্য পুনর্বিন্যাসের প্রয়োজন হয়ে পড়েছে, সেইভাবে সরকার বিবেচনা করছেন।

[1-10—1-20 P.M.]

**শ্রীসত্যরঞ্জন বাপুলী** ঃ এই সমস্ত শূন্যস্থান পূর্ণ করবার জন্য যে সমস্ত চৌকিদার, দফাদার মারা গেছে তাদের পরিবারের কাউকে নেবার জন্য বামফ্রন্ট সরকার কোন ব্যবস্থা করছেন কি?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়** ঃ বিবেচনাধীন রয়েছে।

**শ্রীহাজারী বিশ্বাস** ঃ যে সমস্ত চৌকিদার, দফাদার তাদের চাকরী কি সরকারের যে নীতি আছে এ্যামপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ-এর মাধ্যমে নেওয়া হবে তারাও কি এর আওতার মধ্যে পড়বেন?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়** ঃ আমি আগেই বলেছি গোটা জিনিস পুনঃবিন্যাসের চেষ্টা চলেছে এবং সেইভাবে সরকার বিবেচনা করবেন।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি চৌকিদার এবং দফাদারদের পুলিশ ক্যাডারে অন্তর্ভুক্ত করা হবে কি না, পুলিশ যে মায়না পায় সেই মায়না তারা পাবে কিনা, এইরকম কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** আমি আগেই বলেছি যে বহু মূল্যবান এনকোয়ারী কমিশন ব্যাণ্ডা কমিশন যেটা ৩৮ সালে হয়েছিল এখনও সেই কমিশনের সভ্য দু-একজন এখনও বেঁচে আছেন যেমন আমাদের শশাঙ্কশেখর সান্যাল মহাশয়,—তাঁরা যে রিপোর্ট দিয়েছিলেন সেই রিপোর্ট-এর ভিত্তিতেই আমরা পুংখানুপুংখভাবে বিবেচনা করছি। আপনার যে প্রশ্ন সবটাই এর মধ্যে থাকবে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** কতদিনের মধ্যে এই পুনঃবিন্যাস হবার সম্ভাবনা আছে ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** খুব শীঘ্র হবে।

**শ্রীহাজারী বিশ্বাস ঃ** কতদিনের মধ্যে সম্ভব হবে বলতে পারবেন কি ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** আমি তো বলেছি খুব শীঘ্রই।

**শ্রীঅবিনাশ প্রামানিক ঃ** যে সব এন. ভি. এফ. ট্রেনিং নিয়ে বসে আছে তাদের চৌকিদার দফাদার পদে নিয়োগ করা হবে কি না ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** বিবেচনাধীন আছে।

**শ্রীবংকিমবিহারী মাইতি ঃ** যে রিপোর্টটা বেরিয়েছে বললেন সেই রিপোর্টটা আমরা কি পেতে পারি ?

**মিঃ স্পীকার ঃ** দিজ কোশ্চেয়েন ড্যাস নট অ্যারাইজ।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র ঃ** চৌকিদার, দফাদারদের শিক্ষার মান কি হবে ?

**মিঃ স্পীকার ঃ** দিজ কোশ্চেয়েন ড্যাস নট অ্যারাইজ।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র ঃ** যে সমস্ত দরখাস্তগুলি প্রসেসিং হচ্ছে সেগুলিতে চাকরী দেওয়া বন্ধ করে রেখেছেন কি ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** হ্যাঁ।

## নওদা থানার ডাকবাংলো সংস্কার

*১৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৪১।) শ্রীজয়ন্তকুমার বিশ্বাসঃ— পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার নওদা থানার অন্তর্গত আমতলায় অবস্থিত ভগ্নপ্রায় ডাকবাংলোটি সংস্কারের কোন পরিকল্পনা আছে কি ; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ ঐ সংস্কারের কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়,**

(ক) মুর্শিদাবাদ জেলাপরিষদ কর্তৃক এই ডাক বাংলোটি সংস্কারের পরিকল্পনা আছে।

(খ) শীঘ্রই শুরু হইবে।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাসঃ**—মাননীয় মন্ত্রী মহাশয়, মুর্শিদাবাদ জেলায় বন্যায় যে সমস্ত রাস্তা-ঘাট, কালভার্ট ক্ষতিগ্রস্থ হয়েছে সেগুলি পুনর্গঠনের জন্য ইতিমধ্যে আমাদের সরকার ৩৬ লক্ষ ৭৮ হাজার টাকা মঞ্জুর করছেন, আরোও কি মঞ্জুর করবেন ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ**—ইতিমধ্যে মুর্শিদাবাদ জেলায় ১৭ লক্ষ টাকা অনুদান মঞ্জুর করা হয়েছে। মঞ্জুরীকৃত টাকার ৮০ ভাগ দেয়ের হিসাব আসলে পর আবার সমপরিমাণ টাকা দেওয়া হবে। এর মধ্যে ২০ হাজার টাকা ধার্য করা হয়েছে।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাসঃ**—জেলার ভিত্তিতে যে এই অনুদান দেওয়া হচ্ছে এটা কি প্রতিটি জেলায় দেওয়া হচ্ছে ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ**—ক্ষতির পরিমাণ দেখে দেওয়া হচ্ছে।

## দাঁইহাট পৌরসভার প্রশাসক নিয়োগ

*১৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৯।) শ্রীসামসুদ্দীন আহম্মদঃ স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার দাঁইহাট পৌরসভায় প্রশাসক ( একজিকিউটিভ অফিসার ) নিয়োগ করা হয়েছে ; এবং

(খ) সত্য হলে, এই নিয়োগের কারণ কি ?

**শ্রীপ্রশান্তকুমার শূর,**

(ক) হ্যাঁ।

(খ) দাঁইহাট পৌরসভার কাজকর্ম যথাযত ভাবে চালিত হইতে ছিল না।

**শ্রীহবিবুর রহমান** ঃ—এই যে আপনি বলেছেন দায়িত্ব পালন করতে পারেনি সেই রিপোর্ট-এ আরোও কি আছে এবং রিপোর্টটা কে দিয়েছে ?

**শ্রীপ্রশান্তকুমার শূর** ঃ—জেলা শাসক দিয়েছে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী** ঃ—এই যে আপনি বললেন দায়িত্ব পালন করতে পারেনি এই তথ্যটা আপনি কবে পেলেন এবং কার কাছ থেকে পেলেন ?

**শ্রীপ্রশান্তকুমার শূর** ঃ—জেলা শাসকের কাছ থেকে ১৩ই জুলাই ১৯৭৮ সালে পেয়েছি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী** ঃ—এতে কি কি নির্দিষ্ট অভিযোগ ছিল ?

**শ্রীপ্রশান্তকুমার শূর** ঃ—আমি পড়ে দিচ্ছি :—

(ক) পৌরসভার সম্পত্তি চুক্তি ও দায়ের কোন খাতাপত্র রক্ষা করা হয় না।

(খ) আর্থিক বিজনেস ইচ্ছামত লঙ্ঘন করা হয়।

(গ) অযৌক্তিকভাবে কর ধার্য করা হয় এবং আদায়ের পরিমাণ খুব সীমিত।

(ঘ) রাস্তা-ঘাটের কোন যত্ন নেওয়া হয় না।

(ঙ) আবর্জনা পরিস্কার এবং পয়ঃপ্রণালীর ব্যবস্থা খুবই অস্বাস্থ্যকর।

(চ) জল সরবরাহ, আলো, জলনিকাশী ব্যবস্থা খুবই ত্রুটিপূর্ণ।

(ছ) জনস্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর এবং বিপদজনক ব্যবসাদি পৌর এলাকায় পরিচালিত হয়।

(জ) কোন ডিসপেন্সারী না থাকা সত্ত্বেও এ বাবদ প্রচুর অর্থ ব্যয় করা হয়।

(ঝ) কর্মচারীরা কখনই ঠিক সময়মত বেতন পান না।

(ঞ) বে-আইনীভাবে অর্থ এক খাত থেকে অন্য খাতে ব্যবহার করা হয়।

(ট) নিয়ম বিরুদ্ধভাবে কর্মচারী নিয়োগ করা হয়।

(ঠ) জামানত জমা ছাড়াই কর্মচারীরা পৌর তহবিলে নগদ টাকাকড়ি লেনদেন করেন।

(ড) পৌরপতি ও সহ পৌরপতি কদাচিত অফিসে উপস্থিত হন, সেখানে কোন মিটিং হয় এবং পৌরপতি নিজেই সিদ্ধান্ত করে না।

(ঢ) পৌরসভার কাজকর্ম খুশিমত চলে।

উপরোক্ত প্রতিবেদন থেকে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেন যে পৌরসভার কাজকর্ম ঠিকমত চলিতেছে না।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী**—মাননীয় মন্ত্রী মহাশয় যে সমস্ত অভিযোগগুলি করলেন কলকাতা কর্পোরেশন সম্বন্ধেও সেইসব অভিযোগগুলি খাটে এবং এইজন্যই কলকাতার কর্পোরেশনে আপনি প্রশাসক নিয়োগ করবেন ?

( নো রিপ্লাই )

**Mr. Speaker** :—The question relates to a particular municipality and its supervision. Calcutta Corporation was superseded long a go. I may be wrong in my judgment but I think your intention was to draw the attention of the Minister and that you have done. But the question cannot be allowed—I cannot allow the time of the House to be misused even by a Minister.

[1-20—1-30 P.M.]

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র** ঃ—মন্ত্রী মহাশয় বললেন যে ডিসপেনসারী নেই তবু ডিসপেনসারী বাবদ প্রচুর অর্থ খরচ করা হয়েছে। আপনি কি প্রশাসক নিয়োগ করেই কাজ শেষ করবেন, না, কোন এনকোয়ারি হবে ?

**শ্রীপ্রশান্তকুমার শূর** ঃ—এইটা অনুসন্ধান করেই আমরা জানতে পারলাম। অনেক অপকর্ম হয় সব জানতে পারি না। আপনারা যে অপকর্ম করেন তার কিছু কিছু উদ্‌ঘাটিত হয়।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র** ঃ—আপনি আমাদের অপকর্মের কথা কি বলছেন ? আমি তো ক্যাটাগরিক্যালি আপনার কাছ থেকে জানতে চাইলাম যে ডিসট্রিকট ম্যাজিসট্রেট রিপোর্ট দিয়েছেন যে ডিসপেনসারী নেই তবু তার জন্য খরচ হচ্ছে,

এটা হচ্ছে মিসইউস অফ গভর্ণমেণ্ট মানি, তার জন্য কোন এনকোয়ারি করবেন কিনা ? আপনার এই আমাদের অপকর্মের কথা বলা অত্যন্ত অন্যায় হয়েছে, আপনি এটা উইথড্র করবেন কি ?

**শ্রীপ্রশান্তকুমার শূর** ঃ—এটা আপনাকে উপলক্ষ করে বলি নি।

**শ্রীজন্মেজয় ওঝা** ঃ—মন্ত্রী মহাশয় বলেছেন এই ডিসপেনসারি না থাকা সত্বেও টাকা খরচ হয়েছে। সেজন্য কি অর্থ অপচয়ের মামলা দায়ের করবেন ?

**শ্রীপ্রশান্তকুমার শূর** ঃ—নিশ্চয় জেলা শাসককে সেভাবে নির্দেশ দেওয়া আছে।

**শ্রীহবিবুর রহমান** ঃ—মন্ত্রী মহাশয় কি জানাবেন কতদিন এই প্রশাসক নিয়োগ করা হয়েছে ?

**শ্রী প্রশান্তকুমার শূর** ঃ—৭ই নভেম্বর, ১৯৭৮ সাল।

**শ্রীহবিবুর রহমান** ঃ—এখন ওই হাসপাতালে ঠিকভাবে ঔষধ সরবরাহ হচ্ছে কিনা এবং জঞ্জাল অপসারিত হচ্ছে কিনা ?

**মিঃ স্পীকার** ঃ—ওটা তো ডিসপেনসারি, হাসপাতাল নয়। এই কোশ্চেন ওঠে না।

**শ্রীপ্রশান্তকুমার শূর** ঃ—আমি খুবই দুঃখিত মাননীয় সদস্য যদি মন অন্য দিকে দেন তাহলে বিধানসভার কাজ করবেন কিভাবে। আমি বলেছি, কোন ডিসপেনসারি না থাকা সত্বেও এই বাবদ প্রচুর অর্থ ব্যয় করা হয়। সুতরাং আপনার এই প্রশ্ন আসতে পারে না, অবান্তর।

## "শিশু উদ্যান" নির্মাণ

*১৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৪২।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস** ঃ পঞ্চায়েত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার নওদা থানার অন্তর্গত আমতলায় একটি "শিশু উদ্যান" (চিলড্রেন পার্ক) নির্মাণ করার জন্য স্থানীয় অধিবাসিগণ সরকারের নিকট একটি গণ-আবেদন পেশ করেছিলন ; এবং

(খ) সত্য হ'লে, বিষয়টি কোন্ পর্যায়ে আছে জানাবেন কি ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়,**

(ক) পঞ্চায়েত বিভাগে এইরূপ কোন গণ-আবেদন পাওয়া যায়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস** ঃ - মন্ত্রী মহোদয়ের কাছে ওখান থেকে একটি গণ দরখাস্ত গিয়েছিল। যাইহোক, আমার প্রশ্ন হচ্ছে গ্রামবাংলায় বিশেষ করে যেগুলি সমৃদ্ধ গ্রাম সেখানে পঞ্চায়েত বিভাগের তত্ত্বাবধানে শিশু উদ্যান গঠনের কোন পরিকল্পনা আছে কি ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়** ঃ—নওদা থানার অন্তর্গত আমতলায় শিশু উদ্যানের যে কথাটি আপনি বললেন, এটার সংশ্লিষ্ট জমি পূর্তদপ্তরের মালিকানাধীনে আছে। সেই জন্য গণ দরখাস্তটি পূর্ত দপ্তরে গেছে।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস** ঃ—আমার প্রশ্নটি পূর্ত দপ্তরের কাছে করা হয়েছিল। কিন্তু দেখা যাচ্ছে এটা পঞ্চায়েতে হয়ে গেছে। পাঠালাম পূর্ত দপ্তরের কাছে, কিন্তু হয়েগেল পঞ্চায়েত দপ্তর—এই রকম কিছু কিছু হচ্ছে দেখা যাচ্ছে। গতকাল যেমন আমার প্রশ্ন ছিল ষ্টাফ প্যাটার্ণ সম্পর্কে, সেটা দেখলাম একেবারে উধাও হয়ে গেছে। এইরকম প্রায়ই হচ্ছে, আপনি একটু দেখবেন।

**মিঃ স্পীকার** ঃ—আমাদের ডেপুটি সেক্রেটারি কোশ্চেন নিয়ে ডিল করেন, আপনি তার কাছে লিখবেন, তিনি এগুলি দেখবেন।

**শ্রীহবিবুর রহমান** ঃ—মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন গ্রাম পঞ্চায়েতের শিশু উদ্যান করার কোন পরিকল্পনা আছে কি ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়** ঃ—হ্যাঁ, আছে।

**মিঃ স্পীকার** ঃ—আমিন সাহেবের নামে সমস্ত প্রশ্নই স্থগিত রাখা হইল।

## Adjourment Motions

**মিঃ স্পীকার** ঃ—আমি মাননীয় সদস্য শ্রীকৃষ্ণদাস রায়, শ্রীবিনোদবিহারী মাঝি ও শ্রীরজনীকান্ত দোলুই—এঁদের প্রত্যেকের কাছ থেকে একটি করে মুলতুবী প্রস্তাবের নোটিশ পেয়েছি। প্রথম নোটিশে শ্রীরায় মেদিনীপুর জেলার খড়গপুরে ষ্টেট মেডিকেল ইউনিটের পরিবার পরিকল্পনা বিভাগে কর্মচারীদের কাজে গাফিলতি

ও নানাবিধ প্রশাসনিক অব্যবস্থার অভিযোগ করে এ বিষয়ে আলোচনার জন্য আজকের সভা মুলতুবী রাখতে চেয়েছেন। প্রসঙ্গতঃ উল্লেখযোগ্য যে দৈনন্দিন ব্যবস্থার প্রশাসনিক ব্যবস্থার অন্তর্গত বিষয়ে মুলতুবী প্রস্তাব আনা যায় না। সুতরাং এই নোটিশটি মুলতুবী প্রস্তাবের উপযোগী নয়। দ্বিতীয় নোটিশে শ্রীবিনোদবিহারী মাজী বাঁকুড়া জেলার হরিহরপুর গ্রামে গত ১৫ই নভেম্বর, ১৯৭৮ তারিখে ধান কাটা নিয়ে একটি সশস্ত্র সংঘর্ষে এক ব্যক্তির মৃত্যু ও কয়েকজনের জখম হওয়ার ঘটনা উল্লেখ করে এ বিষয়ে মুলতুবী প্রস্তাব এনেছেন। বিষয়টি এইটি বিচ্ছিন্ন আইন শৃঙ্খলাজনিত ঘটনা এবং বর প্রতিকার আইনে ব্যবস্থার মধ্যেই হওয়া সম্ভব। তৃতীয় নোটিশে শ্রীরজনী কান্ত দলুই শ্রীদুর্গা ফ্লাওয়ার মিলসে লক্-আউট ও শ্রমিক ছাঁটাইয়ের বিষয়ে আলোচনার জন্য মুলতুবী প্রস্তাব এনেছেন। শিল্প সম্পর্কিত সাধারণ বিরোধের বিষয় মুলতুবী প্রস্তাবের উপযোগী নয়। সুতরাং আমি উপরোক্ত তিনটি মুলতুবী প্রস্তাবের নোটিসেই আমার অসম্মতি জ্ঞাপন করছি।

**শ্রীকৃষ্ণদাস রায় :—**জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হল—মেদিনীপুর জেলার খড়গপুরের পরিবার পরিকল্পনা বিভাগটিকে অকেজো করে রাখা হয়েছে এবং সম্প্রতি পরিবার কল্যাণ সপ্তাহ ও পালন হয়নি। কিছু কিছু অপারেশন যাদের হয়েছে তাদের ইনসেনটিভ টাকাও দেওয়া হচ্ছে না। ফলে ঐ লোকেরা খাবার দাবার সংগ্রহ করতে পারছে না। পরিবার কল্যাণ কর্ম্মী সুদূর দমদম থেকে খড়গপুরে গিয়ে সরকারী দায়িত্ব পালন করছেন। একের সরকারী কোয়ার্টারে অন্যে বাস করছে। জানা গেছে এই কোয়ার্টার ভাড়ায় আছে। স্বাস্থ্য বিভাগের কোয়ার্টারে পূর্ত বিভাগের কর্ম্মী বসবাস করছেন। বৃদ্ধ চিকিৎসক দিয়ে হাসপাতাল চালু রাখা হয়েছে। খড়্গপুরে মালঞ্চ এলাকার মত একটি জনবহুল জায়গায় জন স্বাস্থ্য সংরক্ষণের এই দুরবস্থার বিষয়টি অদ্যকার সভা বন্ধ রাখিয়া বিশেষভাবে আলোচনা করা হউক।

[1-30—1-40 P.M.]

**মিঃ স্পীকার :—**ডাঃ বিনোদবিহারী মাজি দেখছি উপস্থিত নেই, আমি তারটা পড়ে দিচ্ছি। জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ের আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হল—বাঁকুড়া থানার অন্তর্গত হরগেহরি গ্রামে ধান কাটা নিয়ে গত ১৫-১১-৭৮

তারিখে বুধবার, বাঁকুড়া শহরের কাছে লোকপুরের সুভাষ দাস ও তার ছেলের সঙ্গে বিভূতি বাউরী ও তার লোকজনদের এক সশস্ত্র সঙ্ঘর্ষ হয়। উক্ত সঙ্ঘর্ষে বন্দুকের গুলিতে হাঁদি বাউরিনী ঘটনা স্থলেই নিহত হন এবং দুদলেই ৪/৫ জন করে গুরুতর ভাবে জখম হন। ৪ জনকে আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়। সরকার কর্তৃক ধান কাটা নিয়ে সঙ্ঘর্ষ এড়াবার জন্য এত ব্যবস্থা করা সত্বেও পুলিশের সময়োপযোগী ব্যবস্থার অভাবে এই ঘটনা ঘটল। উক্ত বিষয়টি আলোচনার জন্য আজকের সভা মুলতুবী রাখার জন্ম মাননীয় অধ্যক্ষ মহোদয়কে অনুরোধ জানাচ্ছি।

**Calling Attention to matters of Urgent Public Importance**

**মিঃ স্পীকার** :—আমি ১৪টি বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি যথা :—

১। কবলা ফেরত আইনের ফলে গরীব কৃষকদের হয়রানি—শ্রী যামিনী মজুমদার

২। ১.১২.৭৮ তারিখে হাসনাবাদ এলাকার বেলানী গ্রামে ধান কাটা নিয়ে সংঘর্ষ ও খুন—শ্রী ডাঃ জয়নাল আবেদিন।

৩। উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনে দুর্ঘটনা ও জীবন হানি—শ্রীবীরেন্দ্র কুমার মৈত্র

৪। বাসন্তী থানা এলাকায় দুজন আইনজীবিকে হত্যা করার চেষ্টা—শ্রীসামসুদ্দিন আহমেদ এবং শ্রী হাবিবুর রহমান ও শ্রী মহঃ সোহরাব

৫। বাংলায় থিসিস—শ্রীরজনীকান্ত দোলই

৬। অপারেশন ৫টা—শ্রীরজনীকান্ত দোলই

৭। ভিক্টোরিয়া মেমোরিয়াল হল বিপন্ন—শ্রীরজনী কান্ত দোলই

৮। সি. পি. এম দলের মধ্যবিত্তের প্রভাব—শ্রীরজনীকান্ত দোলই

৯। ৪.১২.৭৮ তারিখে কলকাতার মোহনলাল ষ্ট্রীটে ডাকাতী—শ্রীরজনী কান্ত দোলই ও শ্রী মহঃ সোহরাব

১০। ডানকুনী থেকে কলকাতায় দুগ্ধ সরবরাহ—শ্রীরজনী কান্ত দোলই

১১। গ্রাম-পঞ্চায়েতের পুরানো কর আদায়কারীদের ব্যাপক ছাঁটাই—শ্রীরজনী কান্ত দোলই

12. Non.functioning of the State Medical Unit-of Kharagpur—Shri Krishnadas Ray.

১৩। "নলজাতিকার" সম্পর্কে জনসাধারণের বিভ্রান্তি—শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস

14. Murder of one Nakul Mondal in Gosaba P, S. area—Shri Md. Sohorab

আমি 'বাসন্তী থানা এলাকায় দুজন আইনজীবীকে হত্যা করার চেষ্টা' এই বিষয়ের উপর শ্রীসামসুদ্দিন আহমেদ এবং শ্রীহবিবুর রহমান ও শ্রী মহম্মদ সোহরাব কর্তৃক আনীত নোটিশটি মনোনীত করছি। সংশ্লিষ্ট মন্ত্রীমহোদয় যদি সম্ভব হয় আজকে ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**শ্রীজ্যোতি বসু** ঃ—স্পীকার মহোদয়, আমাদের হাউস আর কতদিন চলবে আমি জানি না। যদি ১৫ তারিখ পর্য্যন্ত চলে তাহলে আমি সময় পাচ্ছি। আমি ১৩ তারিখে দেব।

**মিঃ স্পীকার** ঃ—আমি বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়কে কেন্দু পাতার দুষ্প্রাপ্যতা সম্পর্কে একটি বিবৃতি দিতে অনুরোধ জানাচ্ছি।

**Shri Parimal Mitra :** West Bengal produces only a very small percentage of total requirement of Bidi leaves used by the various manufacturing units in the State. Reason for scarcity, if any, may be due to difficulties of procurement, transportation and marketing from other Bidi-leave producing States, particularly Madhya Pradesh, Orrissa and Bihar.

Bidi leave producing areas are leased out to various lessees including LAMPS. As the Government intention is to strengthen the LAMPS, more and more areas will be allotted to them in future.

Annual production from the State Forest has remained steady at the level of 50,000 quintals for the last 3 Years, and is expected to maintain this level for current year also save a marginal fall due to unprecedented flood this year.

**শ্রীসুমন্ত কুমার হীরা** ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, ষ্টেটমেণ্ট যেটা মাননীয় মন্ত্রী মহাশয় পড়লেন তাতে আমার কলিং এ্যাটেন্‌সান যেটা ছিল তার যথাযথ উত্তর হয়

নাই বলে আমি মনে করছি। আমার অনুরোধ মাননীয় কমার্স মিনিষ্টার আর একটা ষ্টেটমেণ্ট দিন।

মিঃ স্পীকার ঃ—আমার এখানে কোন ব্যবস্থা নেই, আমি কি করব। এখন আবাসন বিভাগের মন্ত্রী মহাশয় এল. আই· জি· বাড়ীর ভাডা বেশীর জন্য একটা বিবৃতি দিন।

**Shri Jatin Chakrabarty**: Mr. Speaker, Sir, with reference to the Calling Attention notice given by Shri Jayanta Kumar Biswas on the 29th November, 1978, I beg to make the following statement :—

The Low Income Group flats are constructed out of plan funds and according to a formula as approved by the Finance Department rents for such flats are calculated on 'no profit no loss basis' taking into consideration the following items :—

(*i*) Capital Cost, (*ii*) maintenance cost, (*iii*) shortfall in realisation, and (iv) Municipal taxes and interest on loan capital etc. The life span of a flat is taken as 75 years. Rents of the Low Income Group flats constructed during the sixties varied from Rs. 46 to Rs. 115/- per month. It was around Rs. 150/- to Rs. 180/- per month for the same type of flats constructed during the seventies. In view of the escalation cost of construction consequent on the increase in the prices of building materials, labour charges etc., the rents of the flats constructed or being constructed in recent period are much higher than those constructed in earlier periods.

There are at present about 6000 Low Income Group flats constructed over the last 15 years. Persons earning up to Rs. 600/- per month are eligible for these flats. How ever, in the case of Government employees those in the salary range of Rs. 600/- to Rs. 899/- are entitled to these flats.

Any proposal for rationalisation of rent structure will naturally mean a considerable increase in the rent of flats constructed in the earlier periods when the construction cost was relatively low and co rresponding reduction in the rent of flats construceed recently. Where rent is to be reduced there will be no difficulty for implementation. But in cases where the rent will be increased there will be tremendous obstacle in the implementation and, as a

result, possibility of court cases and injunctions cannot be ruled out. In fact, this has already been experienced in cases of Gol Park flats, Gariahat Huosing Estates, where rents were recently increased.

The net effect of these two things will be loss of Government revenue, if not permanently, atleast for a temporary period. So all the related issues are to be considered and are being examined threadbare before any final decision is taken.

**Statement Under Rule 346**

[1-40—1-50 P.M.]

**শ্রীসুধীন কুমার** :—মিঃ স্পীকার, গমের মূল্য বৃদ্ধি সম্পর্কে শ্রীরজনী কান্ত দলুই কর্তৃক উত্থাপিত দৃষ্টি আকর্ষক প্রস্তাবের জবাবে খাদ্য মন্ত্রী হিসাবে আমার বক্তব্য। গত ১০।১১।৭৮ তারিখে ভারত সরকার হঠাৎ আমাদের জানান যে ১লা ডিসেম্বর থেকে কেন্দ্রীয় ভাণ্ডারের গমের দাম কুইণ্টল প্রতি পাঁচ টাকা বৃদ্ধি পাবে। এই সিদ্ধান্ত নেবার আগে তাঁরা রাজ্য সরকারের সঙ্গে কোন পরামর্শ তো করেনই নি, উপরন্তু কেন এই সিদ্ধান্ত নেওয়া হলো তার কোন কারণও আমাদের জানান নি। ১৯৭৮-৭৯ রবি বৎসরের জন্য মূল্য, সংগ্রহ ও বণ্টন নীতি কেন্দ্রীয় সরকার গত ১২ই এপ্রিল তারিখে ঘোষণা করেন। সেই ঘোষণায় স্পষ্ট বলা ছিল যে সারা বছর গম বিক্রীর দাম পূর্ববৎ বজায় থাকবে। রবি বৎসরের মাঝামাঝি সময়ে হঠাৎ এই মূল্য বৃদ্ধি বিশ্বাস ভঙ্গেরই সামিল। কেন্দ্রের এই সিদ্ধান্ত পশ্চিমবঙ্গের পক্ষে সমূহ ক্ষতিকর হয়েছে। কেন্দ্রীয় ভাণ্ডারের গমের সবচেয়ে বড় খরিদ্দার পশ্চিমবঙ্গ। সাম্প্রতিক বন্যায় সবচেয়ে ক্ষতিগ্রস্ত হয়েছে এই রাজ্য। বিধ্বংসী বন্যার ধাক্কা সামলাবার আগেই কেন্দ্রের এই মূল্য বৃদ্ধির সিদ্ধান্ত এই রাজ্যকেই সবচেয়ে বড় আঘাত দিয়েছে। সবচেয়ে বড কথা হলো যে আমাদের দেশে গ্রামাঞ্চলে কম পক্ষে শতকরা ৭০ জন এবং শহরাঞ্চলে কমপক্ষে শতকরা ৪৬ জন দারিদ্র সীমার নীচে। এদের সাহায্য করাই সরকারের প্রাথমিক দায়িত্ব হওয়া উচিৎ। অথচ কেন্দ্রীয় সরকার গমের দাম বাড়িয়ে এদের উপরই আঘাত দিলেন। মূল্য বৃদ্ধির কথা জানার সঙ্গে সঙ্গে আমি কেন্দ্রীয় কৃষি মন্ত্রীর কাছে প্রতিবাদ জানিয়েছি এবং তাঁকে অনুরোধ করেছি, বিষয়টি যেন পুনর্বিবেচনা করা হয় এবং এই সিদ্ধান্ত আপাততঃ কার্য্যকর না করা হয়। এখনও তাঁর কাছ থেকে কোন উত্তর পাইনি। আগামী বৎসরের জন্য রবি শস্যের সংগ্রহ মূল্য ধার্য্য

করার ব্যাপারে দিল্লীতে গত ২-১২-৭৮ তারিখে যে বৈঠক হয়ে গেল তাতেও আমি আমাদের প্রতিবাদ জানিয়ে এসেছি। কেন্দ্রের মূল্য বৃদ্ধির সিদ্ধান্ত ১-১২-৭৮ থেকে বলবৎ হয়েছে। ফুড কর্পোরেশন গমের জন্য কুইণ্টল প্রতি ৫ টাকা বাড়তি দাম ঐ তারিখ থেকে রেশন ডিলারদের কাছ থেকে আদায় করবে। কেন্দ্রীয় সরকার যে বিষয়টি পুনর্বিবেচনা করছেন এমন কোন ইঙ্গিতও পাওয়া যায়নি। অগত্যা রাজ্য সরকারকে রেশনে গমের দাম আনুপাতিক হারে কিলো প্রতি ৫ পয়সা বাড়াতে হয়েছে।

শ্রীজ্যোতি বসু: অধ্যক্ষ মহাশয়, নদীয়া জেলার নাকাশী পাড়ায় ২৭-১১-৭৮ তারিখে রঞ্জিত বাড়ুই-এর হত্যা সম্পর্কে বিধানসভা সদস্য শ্রীকিরণময় নন্দের দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের উপর আমি এই বিবৃতি দিচ্ছি।

গত ২৭-১১-৭৮ তারিখে রাত্রি প্রায় সাড়ে আটটার সময় নদীয়া জেলা নাকাশী পাড়া পঞ্চায়েত সমিতির সদস্য তৈবিচড়া গ্রামের জনতা দলের শ্রীরঞ্জিত বাড়ুই একদল দুর্বৃত্তের হাতে নিহত হয়েছেন। দুর্বৃত্তগণ তাঁকে তাঁর বাড়ীর উঠোন থেকে টেনে নিয়ে গিয়ে ছুরি ছোরা এবং কিরিচ দিয়ে সাংঘাতিকভাবে আহত করে। শ্রী বাড়ুই-এর স্ত্রী ঘরের ভিতর থেকে গোলমালের শব্দ শুনতে পেয়ে ছুটে আসেন এবং তাঁর স্বামীকে রক্তাপ্লুত অবস্থায় পড়ে থাকতে দেখেন। শ্রীবাড়ুই সঙ্গে সঙ্গেই মারা যান। শ্রীমতী বাড়ুই প্রদীপের আলোয় কয়েকজন দুর্বৃত্তকে চিনতেও পেরেছিলেন বলে বলেছেন। মৃত ব্যক্তির দাদা নাকাশীপাড়া থানায় এই প্রসঙ্গে খুনের ষড়যন্ত্রের অভিযোগ করে একটি এজাহার দেন। এই বিষয়ে একটি মামলা চালু হয় তাতে মনীন্দ্রনাথ মণ্ডল সহ ৭-৮ জন আরো জড়িত আছেন। প্রকাশ থাকে এই মনীন্দ্র মণ্ডল বিধানসভার বাংলা কংগ্রেস দলভুক্ত এক প্রাক্তন সদস্য।

এই মামলার প্রাথমিক তদন্তে জানা গেছে যে, শ্রীবাড়ুই সেদিন তৈবিচড়া গ্রামের ভবানী ঘটক নামক এক ব্যক্তির ভাই-এর জন্যে মেয়ে দেখতে চাপড়া থানার হাতড়া গ্রামে গিয়েছিলেন। ভবানী ঘটক এবং আর একজন তাঁকে বাড়ী পর্যন্ত পৌঁছে দিয়ে যান। কিন্তু তারা চলে যাওয়ার সঙ্গে সঙ্গে দুর্বৃত্তরা তাঁকে আক্রমণ করে। মনে হয় দুর্বৃত্তরা আগে থাকতেই তাঁকে মারবার জন্য কাছেই একটি পোড়ো ঘরে ওত্ পেতে বসেছিল।

যতদূর জানা গেছে, এই খুনের কারণ হচ্ছে রঞ্জিত বাবুর সঙ্গে তাঁর এক মামা শ্রীমনীন্দ্রনাথ মণ্ডলের বিবাদ। শ্রীমণ্ডল এখানকার একজন প্রতিপত্তিশালী লোক।

তিনি ১৬/১৭ বছর ধরে এখানকার অঞ্চল প্রধান ছিলেন এবং বাংলা কংগ্রেসের টিকিটে ১৯৬৭ সালে বিধানসভার সদস্যও নির্বাচিত হয়েছিলেন। অপরপক্ষে রঞ্জিত বাড়ুই ছিলেন স্থানীয় একজন সমাজকর্মী। তিনি গত পঞ্চায়েত নির্বাচনে জনতা পার্টির টিকিটে পঞ্চায়েত সদস্য নির্বাচিত হন। মনীন্দ্রবাবু রঞ্জিতবাবুর বিরুদ্ধে একজন নিদলীয় প্রার্থীকে সমর্থন করেন। আবার রঞ্জিত বাবুই মনীন্দ্রবাবুর বিরুদ্ধে সুনীল মণ্ডল নামে এক সি. পি. এম. প্রার্থীকে গ্রাম সভায় নির্বাচনের জন্য সমর্থন করেন। মনীন্দ্রবাবু হেরে যান এবং রঞ্জিতবাবুর বিরুদ্ধে তাঁর এক সমর্থককে দিয়ে একটি পুলিশ কেস করিয়েছিলেন। তদন্তে রঞ্জিতবাবুর বিরুদ্ধে সেই অভিযোগ মিথ্যা প্রমাণিত হয়। আরও জানা গেছে, রঞ্জিতবাবুই কেদার শেখ নামে এক বর্গাদারের পক্ষ সমর্থন করেন যাকে মনীন্দ্র মণ্ডল তার জমি থেকে উত্থান করার ষড়যন্ত্র করেছিলেন।

পুলিশ অভিযুক্ত ব্যক্তিদের ধরবার জন্য স্থানীয় এলাকায় কয়েকবার হানা দিয়েছে। কিন্তু অধিকাংশ আসামীরা ঘটনার পর গ্রাম থেকে পালিয়েছে। এফ. আই. আর-এ বর্ণিত নন্দবাসী মজুমদার এবং বাবণ মণ্ডলকে এ পর্যন্ত গ্রেপ্তার করা সম্ভব হয়েছে। এবং এই অঞ্চলে একটি পুলিশ প্রহরা বসানো হয়েছে। উচ্চ পদস্থ অফিসাররা ঘটনাস্থল পরিদর্শন করেছেন। তদন্তের কাজ যথারীতি চলছে।

## Mention Cases

**শ্রীবিশ্বনাথ মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমি সচরাচর মেনশন করি না। কিন্তু গত কয়েক দিনে পর পর কয়েকটি এমন গুরুতর ঘটনা ঘটে গেছে যাতে আমি খুবই বিচলিত বোধ করছি এবং আপনার অনুমতি নিয়ে আজকে প্রধানত একটি ঘটনা উল্লেখ করবার জন্য দাঁড়িয়েছি এবং তার সঙ্গে আরো দু' একটি ঘটনার কথাও আমি বলব।

গত ১লা ডিসেম্বর তারিখে ২৪-পরগণা জেলার হাসনাবাদ থানার বাইলানি গ্রামে কয়েক শত সশস্ত্র লোক বন্দুকসহ আক্রমণ করে ৩ জনকে নিহত করে, মনোরঞ্জন মণ্ডল, দুর্গাপদ বেরা এবং নিত্যানন্দ মণ্ডল। আমাকে যে রিপোর্ট দেওয়া হয়েছে তাতে বলা হচ্ছে প্রথম দু'জন সি. পি. আই সমর্থক এবং শেষোক্ত ব্যক্তি আর. এস. পি. সমর্থক। বর্গাদারদের ধান নিয়ে এই আক্রমণ, এবং জোর করে ধান কেটে নেওয়া হয়—কে বর্গাদার, কে বর্গাদার নয়, কে ধান বুনেছিল এবং কে ধান

বোনেনি, তা নিয়ে বিরোধ থাকতে পারে, এটা অসম্ভব কথা নয়। কিন্তু সেই বিরোধের মীমাংসার জন্য আইন আছে, সরকারী ব্যবস্থা আছে। তা ছাড়া দলে দলে আলাপ-আলোচনা হতে পারে বা অন্য কোনও ব্যবস্থা হতে পারে। কিন্তু তার জন্য যে প্রচণ্ড সশস্ত্র আক্রমণ হয়েছে এবং নৃশংসভাবে হত্যা করা হয়েছে, তা নিন্দা করবার ভাষা নেই। আমার রিপোর্ট এই আক্রমণের তোড়জোড় কিছু দিন ধরেই চলছিল এবং আমার রিপোর্ট প্রধান শাসক দল সি. পি. এম-এর কর্মীরা এই অভিযানের জন্য প্রস্তুতি নিচ্ছলেন, সেটা জানার পর ওরা ১১ তারিখে থানায় ডাইরি করে। এই ঘটনার মাত্র কয়েকদিন আগে আমাদের স্থানীয় নেতা কমল হালদার সার্কেল ইন্সপেক্টরকে বিশেষভাবে বলেন, আমরা এটা আশঙ্কা করছি, এই রকম একটা প্রস্তুতি চলছে, আক্রমণ হবে, আপনি প্রটেকসনের ব্যবস্থা করবেন। কিন্তু প্রটেকসনের কোনও ব্যবস্থাই করা হয়নি।

[1-50—2-00 P.M.]

আমি শুনেছি, ওখানে তদন্ত করবার জন্য আমাদের একজন প্রাদেশিক নেতাকে পাঠানো হয়েছে। সেইজন্য কালকে আমি মেনসান করতে পারিনি। কিন্তু আমি শুনেছি যে ২৪-পরগণা জেলার সুন্দরবন অঞ্চলে আজকাল কিছু কিছু তথাকথিত নকসালী গ্রুপ গজিয়েছে—তাঁরা কি নকসাল তা আমি জানি না তবে গজিয়েছে। এই রকম নকসাল গ্রুপের সঙ্গে ওখানকার সি. পি. এমের কর্মীদের আণ্ডারস্টানডিং হওয়ার পরে এই আক্রমন হয়েছে। নকসাল গ্রুপের হাতে বন্দুক ছিল এবং ওদের হাতে অস্ত্র-সস্ত্র ছিল—লাঠি ছিল, বল্লম ছিল। কয়েক শত লোক নিয়ে এসে ঐ গ্রামে আক্রমন হাঙ্গামা করেছে। এই হাঙ্গামার ফলে বন্দুকের গুলিতে একজন নিহত হয়েছে এবং কয়েকজন আহত হয়েছে। ২ জনকে পোঁচিয়ে পোঁচিয়ে কেটে মারা হয়েছে জঘন্যভাবে। রামি মুখ্যমন্ত্রীকে আপনার মাধ্যমে বলতে চাই এই রকম ঘটনা ঘটছে। এখন তদন্তের কথা যদি ওঠে তাহলে যে পুলিশেরা এই আক্রমনের সাথে জড়িত আছে সেই পুলিশেরা রিপোর্ট পাঠাবে আর পার্টির যারা কর্মী আছে তাদের কাছ থেকে যদি রিপোর্ট চান তাহলে যে সমস্ত কর্মীরা সমস্ত নিয়ম-কানুন ভেঙ্গে এই রকম নৃসংশ আক্রমন করলো তারাই পার্টি রিপোর্ট দেবে। সুতরাং যারা এই অপরাধ করেছে তাদের কাছ থেকেই রিপোর্ট আসবে। এই রকম অনেকগুলি ঘটনা ঘটেছে। গত ২৫ নভেম্বর তারিখে কুচবিহার জেলায় জঘন্য ঘটনা ঘটেছে। সেখানকার টিচার্স ট্রেনিং কলেজে ওয়ার্ক ট্রেনিং প্রোগ্রাম ছিল

চুনকাম করা। তাঁরা যখন চুনকাম করতে যাচ্ছিলো যখন তাঁদের উপর প্রচণ্ড আক্রমণ করা হয়। টিচার্সরা তাদেরকে বলেছিল যে আমরা ওয়ার্ক প্রোগ্রাম হিসাবে চুনকাম করছি আপনারা আমাদের কাজ শেষ হয়ে গেলে আবার লিখে দেবেন কিন্তু তা সত্ত্বেও তাঁদেরকে আক্রমণ করা হয়। একজন অধ্যাপক,—তিনি আমাদেরই পার্টির একজন নেতৃ স্থানীয় কর্মী,—তাঁকে এমনভাবে চোখে চুন ঘসে দিয়েছে—তিনি এখন হাসপাতালে আছেন—যার ফলে চিরকাল তাঁর চোখ নষ্ট হয়ে যাবে বলে এই রকম আশংকা আছে। তাঁকে ৪ ঘণ্টা বন্ধ করে রেখে দিয়েছিল। যদি এই ৪ ঘণ্টা বন্ধ করে না দিতো তাহলে হয়তো তাঁর চোখটা নষ্ট হয়ে যেত না। আমি, সেইজন্য, মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো, অবিলম্বে কড়াহাতে লাগাম টেনে ধরুন। কারণ ঘটনা অনেক বেড়ে যচ্ছে। আমি হলদিয়ার ঘটনা বলতে গিয়ে উল্লেখ করেছিলাম যে ১৯৬৯ সালের কথা মনে হচ্ছে—সেখানে কারখানার মধ্যে গিয়ে যে ব্যাপক ভাবে আক্রমণ হলো—এই কথা বলতে গিয়ে আমি বুঝলাম যে এনারা খুবই অসন্তুষ্ট হলেন। কিন্তু আমি বলবো, বার বার এই ঘটনা ঘটছে। এই ঘটনাগুলি বন্ধ হওয়া দরকার। আমার সাজেসান হচ্ছে যে, যে সমস্ত পুলিশ অফিসাররা কর্মে অবহেলা করবেন বা যারা অপরাধ করবেন তাদের কঠোরভাবে শাস্তি দিন। যদি তা না দেন তাহলে এই রকম ঘটনা ঘটবে। মাস এ্যাটাক্ট উইথ আরর্মস নিয়ে এই খটনাগুলি হচ্ছে। দেশে আইন আছে, কানুন আছে। সেইজন্য আমি অনুরোধ করছি, কড়াহাতে লাগাম টেনে ধরুন এবং এইসব বন্ধ করুন। যারা নিহত হয়েছেন তাদের পরিবারবর্গকে ক্ষতিপূরণ দিন, অপরাধীদের শাস্তি দিন। পুলিশ অফিসারদের কাজের তদন্ত করুন। এই হচ্ছে আমার অনুরোধ।

**শ্রীঅমলেন্দ্র রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জঙ্গিপুর মহকুমায় ফরাক্কা ব্যারেজ প্রকল্পের এলাকায় গঙ্গার ভাঙ্গন পুরাদমে চলিতেছে। অবিলম্বে বন্যা ও ভাঙ্গন নিরোধক ব্যবস্থা গ্রহণ না করা হইলে কাঞ্চনতলা, ধুলিয়ান, নিমতিতা, জগতাই, অরংগাবাদ প্রভৃতি প্রসিদ্ধ স্থান অবলুপ্ত হইয়া যাওয়ার আশঙ্কা আছে। মহকুমার যে পঞ্চাশ বর্গমাইল চাষের জমি ব্যারেজের জন্য জলের তলায় চলিয়া গিয়াছে সেখান হইতে জলনিকাশ করিয়া দেওয়ার কোন ব্যবস্থা আজ পর্য্যন্ত হইল না। ফরাক্কা ব্যারেজ কর্তৃপক্ষের সহিত মেসানজোড় জলাধার তথা তিলপাড়া ব্যারেজ কর্তৃপক্ষের কাজের মধ্যে প্রয়োজনীয় সমন্বয় না থাকায় ফরাক্কা ব্যারেজ কর্তৃপক্ষ ২৬ বা ২৭-৯ হইতে ফিডার ক্যানেল দিয়া জল ছাড়িবার পরিমাণ নিয়ন্ত্রণ করেন নাই। নিয়ন্ত্রণ করিলে মুর্শিদাবাদ, বীরভূম, নদীয়া ও বর্ধমান জেলায় বন্যার প্রকোপ অনেক কমিতে পারিত। বিধানসভাতে বিষয়গুলি অবহিত

করান প্রয়োজন এবং অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবার জন্য কেন্দ্রীয় সরকারের সহিত রাজ্য সরকারকে যোগাযোগ করিতে বলা দরকার, নতুবা সমগ্র মহকুমার আপামর জনসাধারণ ফরাক্কা ব্যারেজ কর্তৃপক্ষের বিরুদ্ধে প্রত্যক্ষ সংগ্রামে অবতীর্ণ হইতে বাধ্য হইবেন।

**শ্রীঅনিল মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ ঘটনার উল্লেখ করছি। বাঁকুড়া জেলায় মাজদিয়া অঞ্চলে এবং কাঁটাবাড়ী অঞ্চলে ইন্দিরা কংগ্রেসের নেতৃত্বে সেই জায়গায় কংগ্রেসেরা ধান লুঠ করছে। বড় বড় জোতদারের পক্ষ নিয়ে ভাড়াটে গুণ্ডাদের দিয়ে রাত্রের অন্ধকারে ঐ সমস্ত মাঠে গিয়ে গরীব চাষীদের ধান ও অন্যান্য জিনিষ লুঠ করছে। ইন্দিরা কংগ্রেসের নেতা কাঁটাবাড়ী অঞ্চলের প্রধান দলে আছেন। আমি সমস্ত দায়িত্ব নিয়ে বলছি স্যার, সেখানে সমস্ত গরীব সাধারণ মানুষের জীবন অতিষ্ঠ হয়ে উঠেছে। এই অভিযোগ আপনার সামনে করছি, মন্ত্রী মহাশয় যেন এ ব্যাপারটা দেখেন এবং সেখানে যাতে সাধারণ মানুষেরা ঠিকভাবে চলতে পারে সেটা দেখেন। আমরা কোন প্রতিবাদ করতে গেলে ওনারা বলেন যে আমরা খুন করতে গিয়েছিলাম সেইজন্য আমরা প্রোটেকসান চাইছি।

[ 2-00—2-10 P.M. ]

**শ্রীবিশ্বনাথ চৌধুরী :** স্যার, পশ্চিমবাংলায় ধানের দাম অত্যাধিক ভাবে বেড়ে যাচ্ছে। মিল থেকে বা ডি, পি, এজেন্টরা ধান ঠিকমত কিনছেন না—ফলে গরীব কৃষকরা ভীষণ ক্ষতিগ্রস্থ হচ্ছে। তাই আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো কৃষকরা যাতে ঠিক মূল্য পায় তারজন্য অবিলম্বে সরকারী পর্য্যায়ে ধান কেনার ব্যবস্থা করুন।

**শ্রীযোগেন্দ্রনাথ সিংহ রায় :** স্যার, আপনার মাধ্যমে তোর্ষা নদীর উপর চেল বাঁধ সম্পর্কে একটা কথা বলতে চাই। সেখানকার অবস্থা খুবই খারাপ। সেখানে যদি অবিলম্বে পাড়ের ব্যবস্থা না করা হয় তাহলে ঐ বাঁধ ভেঙ্গে ৪।৫ টি অঞ্চল ধ্বংস হয়ে যাবে। সেইজন্য এটা সংস্কার করবার জন্য মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**Shri Dawa Narbu La :** Mr. Speaker, Sir, there are more than 6 recognised High Schools at Kurseong subdivision and a large number of students sit at the Madhyamik examination every year. This year

many students got compartmental but it was rather surprising that there was not a single centre for those examinees. All those students who got compartmental had to go to Darjeeling and stay there for 3 or 4 days and this had caused great inconvenience to those poor students. So, I would request the Hon'ble Minister in-charge of Education department to look into it and remove this inconvenience.

**শ্রীসন্তোষ কুমার দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, চলতি অধিবেশনে মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন যে মাধ্যমিক ছাত্র-ছাত্রীদের মাহিনা মকুব করা হবে যে সব অঞ্চল বন্যায় ক্ষতিগ্রস্থ হয়েছে। সেই সব অঞ্চলে পরীক্ষা আরম্ভ হওয়ায় প্রধান শিক্ষক সার্কুলার দিয়েছেন সমস্ত মাহিনা দিয়ে দিতে হবে। মুখ্যমন্ত্রীর ঘোষণা অনুসারে এখনও পর্যন্ত সেই সার্কুলার যায় নি বলে আমি দৃষ্টি আকর্ষণ করছি ও এই সঙ্গে বলতে চাই ফ্লাড এ্যাডভান্স মাষ্টার মহাশয়দের আগে দেওয়া হতো কিন্তু এবার দেওয়া হয়নি এখনও। মাষ্টার মহাশয়রা মাহিনা পাচ্ছেন না পার্ট পেমেণ্ট পাচ্ছেন। আমি এ বিষয়ে শিক্ষা মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে তিনি দেখেন।

**শ্রীবিজয় বাউড়িঃ** স্যার, আপনি জানেন সারা পশ্চিমবাংলায় যেভাবে পুলিসী জুলুম চলছে আমি এখানে তার একটা নমুনা দিচ্ছি। গত ১৫ই নভেম্বর এস, ইউ, সির অন্যতম নেতা কমরেড সাধু ব্যানার্জী একটা মামলায় পুরুলিয়া জেলার ম্যাজিষ্ট্রেটের কোর্টে হাজির হন। ছিলো। তিনি হাজির হবার পর ম্যাজিষ্ট্রেট তাকে জেল হাজতে রাখার নির্দেশ দেন। অন্যান্য বিচারাধীন বন্দিদের সঙ্গে যখন তাঁকে প্রিজন ভ্যানে করে নিয়ে যাওয়া হয় সেই সময় অন্যান্য বিচারাধীন বন্দীরা কর্তব্যরত পুলিশের উপস্থিতিতে সমস্ত জিনিষপত্র লুঠ করে নেয়। এ বিষয়ে প্রতিবাদ করলে তাঁর উপর উক্ত পুলিশ মারধোর করে। যার সাক্ষী হচ্ছে এই ছেঁড়া জামা। সেই জন্য সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ করবো মর্যাদার উপযুক্ত তদন্ত করে দোষীদের উপযুক্ত শাস্তি দেবার ব্যবস্থা করুন। পুলিসী অত্যাচারের সাক্ষী হিসাবে এই জামা আমি আপনার কাছে জমা দিচ্ছি।

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডল :** স্যার, বীরভূমের জনসাধারণের একটা সমস্যার কথা বলছি। ঐ জেলার গ্রাম ও শহরে মানুষের ডাল ভাতের উপর হাত পড়েছে। সেখানে ডালের দাম ৬ টাকা হয়ে গেছে। সেইজন্য মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো যে, এম আর এর মাধ্যমে তিনি ডাল দেবার ব্যবস্থা করুন।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** পয়েন্ট অফ অর্ডার স্যার, ফুড মিনিষ্টার এখানে আছেন রেশানের মাধ্যমে ডাল দিতে পারবেন কিনা সেটা বললে আমাদের ভাল হয়।

**ডাঃ বিনোদবিহারী মাঝি ঃ** স্যার, আমি ভূমি রাজস্ব মন্ত্রীমহাশয়ের কাছ থেকে একটা বার্তা চাচ্ছি। অপরেশান বর্গা মানে হচ্ছে—বর্গাদারকে অপারেশান করা হচ্ছে। আমাদের বাঁকুড়া জেলায় সর্বোদয় ভারতী বলে একজন চাষীর ৫।৬ বিঘা জমি বীরেন মণ্ডল ভাগচাষ করে আসছে। সে দরখাস্ত করে ভাগচাষ রেকর্ড করায় এবং জে, এল, আর, ও তদন্ত করে সেই ভাবেই মতামত দিয়েছেন। কিন্তু বে-আইনী ভাবে পঞ্চায়েতের মিটিং ডেকে তাকে ভাগচাষী থেকে উচ্ছেদ করা হয়েছে—অর্থাৎ বর্গাদারকে অপরেশান করা হয়েছে। এরূপ ঘটনা যাতে না ঘটে সেইজন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** পয়েন্ট অফ অর্ডার স্যার, অপরেশান বর্গার বিরুদ্ধে হাইকোর্ট একটা ইনজাংসান জারি করেছে। এ বিষয়ে একটা অর্ডারের কপি যদি মেম্বারদের সার্কুলেট করা হয় তাহলে আমরা বুঝতে পারবো অপরেসান বর্গা কি কারণে স্থগিত হলো।

**শ্রীকৃষ্ণপদ রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রামাঞ্চলে সি. পি. এম'র কর্মীরা যে অত্যাচার চালাচ্ছে সে সম্পর্কে আপনার মাধ্যমে এই হাউসকে গত কয়েক দিন আগে অবগত করিয়েছি। আপনার কাছে আজকে আর একটা নতুন ঘটনা তুলে ধরছি। মেদিনীপুর জেলায় নারায়ণগড় থানার ১৪ নম্বর অঞ্চলে এক কৃষক রমণী তার নিজের চাষ করা জমিতে ধান কাটতে গিয়েছিল। সে ৫ আঁটি ধান কেটে বাড়ী ফিরছিল যখন তখন সেই এলাকার সি পি এম কর্মীরা, তার মধ্যে অমূল্য রাউত আছে, তাকে ঘিরে ফেলে এবং তার সেই ৫ আঁটি ধান কেড়ে নিয়ে চলে যায়। এই সম্বন্ধে মুখ্যমন্ত্রীর কাছে তার একটা আবেদন আছে, সেটা মুখ্যমন্ত্রীর কাছে পৌঁছে দেবার জন্য আমি আপনার কাছে দিচ্ছি।

[ 2-10—2-20 P. M. ]

**শ্রীসন্দীপ দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সভার কাছে এবং মন্ত্রী মণ্ডলীর কাছে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের অবতারনা করতে চাই সেটা হচ্ছে সেট শুকলাল কারনানি হাসপাতালে আজ ৫ দিন যাবত হাউস সার্জেনরা কাজ করছেন, কিন্তু তাঁদের কোন এ্যাপয়েন্টমেন্ট নেই। ১০ই নভেম্বর তারিখে এ্যাডভার্টাইজমেন্ট বেরুল

যে ৩০শে নভেম্বর হাউস সার্জেনদের টার্ম শেষ হয়ে যাবে, ১লা ডিসেম্বর থেকে তাদের আবার নতুন করে নিয়োগ করা হবে, সেই রকম এ্যাডভার্টাইজমেন্ট বেরুল ডাইরেক্টোরেট অব হেলথ সার্ভিসেস থেকে। ২৫শে নভেম্বর তারিখে কি গাইড লাইনের ভিত্তিতে হাউস সার্জেনদের সিলেকশান হবে সেটা দেওয়া হল। এ্যাকর্ডিংলি হাসপাতাল কর্তৃপক্ষ ২৭ এবং ২৮ শে নভেম্বর ইন্টারভিউ-এর ব্যবস্থা করলেন। যখন ইন্টারভিউ চলেছে তখন এস এফ আই-এর পক্ষ থেকে বিক্ষোভ নিয়ে আসা হল যে ইন্টারভিউ যেন বন্ধ করা হয়। কর্তৃপক্ষ গোলমাল এড়াবার জন্য ইন্টারভিউ বন্ধ করে দিলেন। কিন্তু ৩০শে নভেম্বর টার্ম শেষ হয়ে যাবে সেজন্য ২৭৷২৮শে নভেম্বর অন পেপার সিলেকশান করে ফেলল। তারপর ৩০শে নভেম্বর আর একটা সার্কুলার গেল, একটা মুখ্যমন্ত্রীর নির্দেশ পাঠান হল এবং গাইড লাইন সমস্ত পাল্টে দেওয়া হল। ৩০ তারিখ থেকে ১লা তারিখ পর্যন্ত চীফ মিনিষ্টারের নির্দেশে একটা মিটিং হল, ডাইরেক্টর, এস. এফ. আই, ডাঃ ব্যানার্জী এবং রিপ্রেজেনটেটিভ অব হাউস সার্জেনদের মিটিং হয়ে কতকগুলি সিদ্ধান্ত হয়ে গেল। তারপর পি. জি. হাসপাতালে ১৬৮ জন হাউসস্টাফ যে কাজ করবে তার কোন নির্দেশ নেই। সমস্ত ব্যাপারের মধ্যে পশ্চিমবঙ্গের একজন স্বাস্থ্যমন্ত্রী আছেন তার কোন হদিশ খুঁজে পাচ্ছি না, মনে হচ্ছে তাঁকে ওষুধ খাইয়ে ঘুম পাড়িয়ে রাখা হচ্ছে। তিনি সম্পূর্ণ উদাসীন। মুখ্যমন্ত্রী ইন্টারফেয়ার করেছেন, মুখ্যমন্ত্রী নির্দেশ দিচ্ছেন রিপ্রেজেনটেটিভ যাচ্ছে, কিন্তু স্বাস্থ্য-মন্ত্রীকে কোন ক্ষেত্রে দেখছি না। ব্যাপারটি আমার কাছে অদ্ভুত লাগছে। কাজেই এই সম্বন্ধে আমি জানতে চাই।

**শ্রীসুমন্তকুমার হীরা:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এতদিন ধরে বিধানসভায় বসে বিরোধীপক্ষের তরফ থেকে সি পি এম-কে গাল দেওয়া এবং নানা রকম অসত্য ভাষণই শুনেছি। আমি আজকে একটা সত্য ঘটনা আপনাদের জানাতে চাই। গত ৪ঠা অক্টোবর, ১৯৭৮ জলপাইগুড়ি জেলার ডিভিসন্যাল ইঞ্জিনিয়ারকে কংগ্রেস (আই)-র সর্বভারতীয় যুব নেতা দেবপ্রসাদ রায়ের ভাই রমাপ্রসাদ রায় মেরেছে। দেবপ্রসাদ রায় ওখানকার অফিসার-ইন-চার্জকে প্রভাবিত করেছে এবং তার ফলে ক্রিমিন্যাল কেস দেবার পরিবর্তে একটা পেটি কেস দিয়েছে। আমার অনুরোধ মুখ্যমন্ত্রী এটা দেখবেন যাতে ওই রমাপ্রসাদ রায়ের বিরুদ্ধে উপযুক্ত কেস দেওয়া হয় এবং তার শাস্তির ব্যবস্থা হয়।

**শ্রীপ্রলয় তালুকদার:** মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন গত ৭ মাস

যাবত হাওড়ার শালিমার রোপ কারখানায় ধর্মঘট চলছে। এ বছর জানুয়ারী মাস থেকে ওই কারখানার মালিক শ্রমিকদের মাইনে দিচ্ছে না। ওখানে ১ হাজার শ্রমিক কাজ করছে। মালিক ৩৫ জন শ্রমিককে ছাঁটাই করেছে এবং ছাঁটাইয়ের প্রতিবাদে গত মে মাস থেকে তারা ধর্মঘট করেছে এবং সেটা আজ পর্য্যন্ত মেটেনি। মালিক পক্ষ কোন আলোচনায় আসছে না। আমি শ্রমমন্ত্রীকে অনুরোধ করছি তিনি যেন ব্যক্তিগতভাবে এই ব্যাপারে সক্রিয় হস্তক্ষেপ করেন যাতে এই ধর্মঘটের মীমাংসা হয়। আজকে ওখানকার ১ হাজার শ্রমিক এবং তাদের পরিবারের সামনে একটা দারুণ সংকট এসে পড়েছে কাজেই তাদের উদ্ধার করুন।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি হাউসে অনেকক্ষণ ধরে নানা কথা শুনছি যার অধিকাংশই অসত্য। আমি এর বাইরে আজকে জনজীবনে যে বিভিন্ন সমস্যা দেখা দিয়েছে সে সম্বন্ধে কিছু বলতে চাই।

**শ্রীদেবপ্রসাদ সরকার**ঃ স্যার, মাননীয় সদস্য বললেন, যে অনেকক্ষণ ধরে তিনি অসত্য ভাষণ শুনছেন। আমি মনে করি এটা আপনার উপর একটা অ্যাসপার্সন। তিনি এটা উইথড্র করুন।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র**ঃ স্যার, আমরা হাউসে যেটা মেনসন করি সেটা হাউসে রেকর্ড হয়। আমরা যে সব কথা এখানে বলি তাতে মুখ্যমন্ত্রী এখানে বলতে পারেন যে, এটা অসত্য বা তিনি হাউসের বাইরে বলতে পারেন যে এটা অসত্য। কিন্তু এই ধরনের কথা কোন মাননীয় সদস্য এখানে বলতে পারেন কিনা এবং এটা জাষ্টিফাইড কিনা সে সম্বন্ধে আমি আপনার রুলিং চাইছি।

**শ্রীসুনীতি চট্টরাজ**ঃ স্যার, আমার একটা পয়েন্ট অব অর্ডার আছে। মাননীয় সদস্য জয়ন্তবাবু যে কথা বলেছেন আমি মনে করি সেটা আপনার উপর অ্যাসপার্সন। স্যার, আমি এই জিনিষটা আপনার এখান থেকেই পেয়েছি এবং তাতে আছে, কমপ্লেন মেড বাই শ্রীসুনীতি চট্টরাজ রিগার্ডিং এ্যাসাল্ট অন মানিক মণ্ডল অন ২৮. ৭. ৭৭। স্যার, পুলিশ রিপোর্ট বলছে, During confidential enquiry it is learnt that Manik Chandra Mondal is an active member of the INTUC. He is one of those who organised an INTUC union at D. S. T. C. Both Moloy Bose and Khokan Bose are unemployed.

**মিঃ স্পীকার ঃ** আই উড নট এ্যালাউ দিস্। হোয়াট ইজ ইওর পয়েন্ট অব অর্ডার? They are reported followers of the C. P. I. (M). পুলিশ বলছে। আমরা হাউসে বলেছি, সি, পি, এম কংগ্রেসকে মেরেছে—সত্য কথ আমরা বলেছি। পুলিশ রিপোর্ট দিয়ে বলেছে এটা অসত্য নয়।

[ 2-20—2-30 P. M. ]

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আমাদের অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে বলতে দেন। সেগুলো মেনশানে বললাম, অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে বললাম। মাননীয় সদস্য শ্রীজয়ন্ত বিশ্বাস বললেন তার অধিকাংশ অসত্য। তিনি বললেন, As if he is more than Chief Minister. আমি এটা আপনার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই আপনি এটা প্রসিডিংস থেকে এক্সপাঞ্জ করে দিন আমার দ্বিতীয় কথা, শ্রীসুনীতি চট্টরাজ তাঁর পয়েন্ট অফ অর্ডারে বললেন, তিনি যে ঘটনার কথা বলেছিলেন তার তদন্ত করে রিপোর্ট দিয়েছে সেটা সত্য। আমিও একট এইরকমপেয়েছি। তাতে হোম ডিপার্টমেন্ট বলছেন ঘটনা সত্য আমি যে ঘটনার কথ বলেছি। বামফ্রন্ট সরকার-এর রিপোর্ট আমাদের কাছে যা পৌঁচচ্ছে সেগুলো বলছে আমাদেরগুলো সত্য, আর তিনি বলছেন অসত্য। কাজেই তিনি ওই কথা উইথড্র করুন

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় স্পীকার মহোদয়, আমার একটা পয়েন্ট অব অর্ডার আছে। আমি অধিকাংশ অর্ধসত্য এই কথাটা বলতে চেয়েছিলাম এই কারণে যে বিভিন্ন জায়গায় দেখা যাচ্ছে গ্রামের লোকেরা ডাকাত ধরে পেটাচ্ছে, এঁরা বলছেন আমাদের লোক। বিভিন্ন জায়গায় লোকে চোর ধরে পেটাচ্ছে, ওঁরা বলছেন আমাদের লোক। ডাকাতি করলে, চুরি করলে তো লোকে মারবেই। সেইজন্য বলেছি ওঁরা ঘটনাটা ঠিক মতো বলছে না, ঘটনাটা বিকৃত করছেন। এইসব জন্য অর্ধসত্য কথ বলেছেন এইটা বলছি।

( বিরোধী সদস্যদের আসন হইতে গোলমাল। ) আমরা যখন বলতে উঠি ওঁরা তখন চিৎকার করে ওঠেন। এতো বামফ্রন্টের সদস্য। আমরা যদি ওঁরা উঠলে চিৎকার করি তাহলে ওঁরা কোথায় থাকবেন। আমরা তা করি না। কারণ আমাদের সংসদীয় রীতি-নীতির উপর শ্রদ্ধা আছে। আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে এই আমি অর্ধ সত্য বলেছিলাম এতে ওঁদের আপত্তির কি আছে?

**মিঃ স্পীকার ঃ** এতে কোন পয়েন্ট অফ অর্ডার নেই। আপনি আপনার মেনশান বলুন।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** মিঃ স্পীকার স্যার, আমি যে ঘটনার কথা বলতে চেয়েছিলাম।

**মিঃ স্পীকার ঃ** আপনি তো গ্রাম বাংলার মশা সম্বন্ধে বলতে চেয়েছিলেন, তো সেই সম্বন্ধে বলুন। এখন এইসব কি বলছেন ?

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** স্যার, আজকে পশ্চিমবাংলার জনজীবনে প্রচণ্ড সমস্যা যেটা দেখা দিয়েছে সেটা হচ্ছে শহর এবং গ্রামে মশার প্রাদুর্ভাব ঘটেছে। আমাদের গ্রামাঞ্চলের স্বাস্থ্য কেন্দ্রে মশারির অভাব রয়েছে এবং তার ফলে গ্রামের মানুষ এবং রোগীরা অসুস্থ হয়ে পড়েছে। আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, গ্রামের স্বাস্থ্য কেন্দ্রে যেন মশারি সরবরাহ করা হয়।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনাকে ধন্যবাদ দিচ্ছি কারণ আপনি হাউসের চারিদিকে ফ্লিলট দেবার ব্যবস্থা করেছেন। তবে এসব সত্বেও দেখছি অনেকগুলো মশা হাউসে ঢুকে পড়েছে।

**শ্রীহরিপদ জানা ( ভগবানপুর ) ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমরা গত ১ বছর পূর্বে স্বাস্থ্যমন্ত্রীকে ভগবানপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ইলেকট্রিসিটি, টেলিফোন এ্যারেঞ্জমেণ্ট এবং এ্যাম্বুলেন্স-এ্যারেঞ্জমেণ্ট-এর কথা বলেছিলাম এবং তিনি এগুলি নীতিগতভাবে স্বীকার করেছিলেন। কিন্তু আজ ১ বছর হয়ে যাওয়া সত্বেও সেখানে এই টেলিফোন ইলেকট্রিসিটি এবং এ্যাম্বুলেন্স-এর ব্যবস্থা হল না। আমি আপনার মাধ্যমে এই ব্যাপারে ব্যবস্থা অবলম্বন করতে অনুরোধ জানাচ্ছি।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা বিষয়ের উপর মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বারুইপুর থানার বেলগাছি গ্রামের ৩ জন জনতা সদস্যের ধান অন্যায়ভাবে কেটে নিয়ে গেছে, তাদের সব্জি বাগান লুণ্ঠন করেছে, গ্রাম পঞ্চায়েতের প্রধানকে ভয় দেখান হয়েছে এবং তিনি বাড়ী থেকে বেরুতে পারছেন না। এই ব্যাপারে পুলিশ নিষ্ক্রীয় কাজেই মুখ্যমন্ত্রী অনুসন্ধান করুন এই অনুরোধ জানাচ্ছি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জয়নগর থানার বাইশাখা গ্রামের এস্ ইউ সি দলের লোক সতীশ হালদারের ধান জোর করে কেটে নিয়ে যায়

গত ৩০।১১।৭৮ তারিখে। এই ধান কাটার সময় আমাদের কংগ্রেস কর্মীরা এবং স্থানীয় কংগ্রেস সভাপতি বাধা দিয়েছিলেন এবং তার ফলে তাদের ৩ ঘন্টা ধরে আটকে রেখে দেয়। তারা জয়নগর থানায় ঘটনা জানিয়েছে কিন্তু ও. সি. জয়নগর কাউকে গ্রেপ্তার করেননি। তারা এই ঘটনা জেলাশাসক এবং এস. পি, —কেও জানিয়েছে কিন্তু তা সত্বেও কোন ফল হয়নি।

**শ্রীরজনীকান্ত দলুই** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বামফ্রন্ট সরকার গনতন্ত্রকে যে সম্পুর্ণরূপে হত্যা করছে তার একটা উজ্জ্বল দৃষ্টান্ত আমি রাখছি। কেশপুর ( ৩নং ) আমনপুর অঞ্চলের অঞ্চল প্রধান এবং অন্যান্য সদস্য ৯ জন হচ্ছে কংগ্রেসের এবং বাকী সি পি এম-এর। কিন্তু আশ্চর্যের বিষয় সেখানে কংগ্রেসীদের বাদ দিয়ে ৪ জনকে নিয়ে বন্যা ত্রানের কাজ করা হচ্ছে। স্যার, এই ধরনের অগণতান্ত্রিক এবং স্বৈরাচারী ব্যবস্থা সারা পশ্চিমবাংলায় চলছে। আমি এই ব্যাপারে মুখ্যমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করছি। আমার কাছে একটা টেলিগ্রাম এসেছে আমি সেটা আপনাকে পড়ে শোনাচ্ছি। এখানে লিখেছে, "Hunger strike by Mainuddin Ahmed and his family at J. L. R. O. Office, Bunidpur from 27th November for unauthorised crop cutting in their own cultivated land by C. P. I. (M).

স্যার, সি. পি. এম-এর লোকেরা আনঅথরাইজলী মহিউদ্দিন সাহেবের ধান কেটেছে।

**শ্রীঅতীশচন্দ্র সিংহ** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কংগ্রেস কর্মীদের উপর যে কিরকম অত্যাচার চলেছে তার একটি দৃষ্টান্ত তুলে ধরতে চাই। মেদিনীপুর জেলার ডেবরায় আমাদের প্রাক্তন কংগ্রেসী এম, এল, এ শ্রীরবীন বেরা ও তার ভাই ভোলানাথ বেরাকে তাদের জায়গা জমিতে সি, পি, এম-এর লোকেরা চাষ করতে দিচ্ছে না। শুধু তাই নয়, সেখানে ১১ জন গুরুতর ভাবে আহত হয়েছে। তারা যখন চাষ করতে যান তখন লোকজন নিয়ে গিয়ে চাষ করতে দেওয়া হবে না বলা হয়? তার ফলে ১১ জন আহত হন। তার মধ্যে ২ জনের অবস্থা খুবই গুরুতর। এ পর্য্যন্ত পুলিশ সম্পূর্ণ নিস্ক্রীয় হয়ে আছে এবং কনষ্টিটিউএনসিতে গত নির্বাচনে জনতা প্রার্থী সুধীরচন্দ্র পণ্ডিত, তিনিও জখম হন। আমি আপনার মাধ্যমে এই নারকীয় ঘটনার প্রতি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং সঙ্গে সঙ্গে এই রকম কংগ্রেসী লোকেরা যারা আমাদের প্রাক্তন এম, এল, এ, সক্রিয় কর্মী তারা যাতে এই ভাবে নিগৃহীত না হন তার জন্য উপযুক্ত বিধি ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানাচ্ছি।

**শ্রীসামসুদ্দিন আহমেদ ঃ** অধ্যক্ষ মহাশয়, আমি একটি সহজ কথা আপনার মাধ্যমে হাউসে উপস্থাপিত করছি। বর্ধমান জেলার মেমারি থানার অধীন বড়ল গ্রামে একটি নৃশংস খুন, হত্যার ঘটনা ঘটেছে। একজন দারুনভাবে আহত হয়েছে। ভাস্কর হাজরা নামে একজন বি, সি, রায় হাসপাতালে আছেন, কালো বাগকে খুঁজে পাওয়া যাচ্ছে না, তিনি গুম হয়েছেন। সি, পি, এম, সমর্থিত সমাজবিরোধীরা তাকে গুম করে হত্যা করেছে, এই রকম খবর আছে, আপনার মাধ্যমে আমি এই কথা জানাচ্ছি স্যার, আইন শৃঙ্খলা যে একেবার নেই, এই কথা বার বার আপনার মাধ্যমে জানাচ্ছি, কিন্তু কিছুই হচ্ছে না। স্যার, আইন শৃঙ্খলার নমুনাটা একটু দেখুন। ব্যাপারটির একটি বিধি ব্যবস্থা যাতে হয় তার ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রীহবিবুর রহমন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেদিনীপুর জেলার বেলদা থানার অধীন মহম্মদপুরে ভুবন দাস নামে একজন ভূমিহীন চাষী আছে। তার বাড়ীর সামনে তাকে একটি খাস জমি দেওয়া হয়েছিল, সে পাট্টাও পেয়ে গেছে। সেখানে সে চাষাবাদও করেছিল। গত ২৬।১১।৭৮ তারিখে যখন সে ধান কাটছিল তখন কিছু সি, পি, এম, মস্তান তাকে ধান কাটতে বাধা দেয় এবং অনুকুল দাস নামে সি, পি, এম, এর একজন কমরেড তার গলায় গামছা দিয়ে তাকে ধরে রাখে। গ্রাম পঞ্চায়েতের সদস্য নারায়ণ পট্টনায়ক এবং আরো ১৫।২০ লোক তাকে মার-ধোর করতে থাকে। এই মারার যন্ত্রণায় সে চীৎকার করতে থাকে। তার চীৎকারে পাড়ার কয়েকটি মেয়ে ছেলে ঘটনাস্থলে ছুটে যায়। তখন সেই মস্তানরা মেয়েদের উপর অশ্লীল কথাবার্তা বলতে থাকে। এমন কি সেই গ্রাম পঞ্চায়েতের সদস্য শ্রীপট্টনায়ক বলেন বাবা, মা এই মেয়েদের আমাদের সামনে ইজ্জত নষ্ট করার জন্য লেলিয়ে দিয়েছে। আর একজন বলে বাড়ী থেকে বের করে নিয়ে এসে ইজ্জত নষ্ট করা হবে। এতে মেয়েরা খুব ভীত সন্ত্রস্ত হয়ে পড়ে। তখন সি, পি, এম, এর অঞ্চল প্রধানের বাড়ীতে এই ঘটনাটি জানানো হয়। তারপর প্রধান এসে জমায়েত হলে প্রধানের সামনে সেই একই কথা বলা হয়। প্রধান নির্বাক হয়ে চলে গেছেন। এখন মেয়েরা ভীত, সন্ত্রস্ত, তাদের শালীনতা রক্ষা করা দায় হয়ে পড়েছে। সেই মেয়েরা একটি আবেদন পাঠিয়েছেন, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে সেটা পৌঁছে দিতে চাই এবং আপনি অনুমতি দিলে আবেদনটি পড়ে দিতে পারি। আমি আপনার মাধ্যমে বিষয়টি প্রতিকারের দাবী জানাচ্ছি।

**শ্রীনাকুরাম রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গোঘাট ব্লকে তারাহাট গ্রামে একদল সি, পি, এম, কর্মী ধান কেটে নেয় এবং রামকৃষ্ণ প্রতিহারকে হুমকি দেয়। তখন

প্রতিহার থানার বড়বাবু এবং জে, এল, আর, ও, কে লিখিত আবেদন জানান। জে, এল, আর, ও তদন্ত করেন। তদন্তে বলা হয় যারা ধান কেটে নেব বলছে তারা বা অন্য কেউ এ জমি চাষ করে না বা ঐ জমির কোন ভাগচাষী নেই। থানা ঐ সমস্ত ব্যক্তিকে গণ্ডগোল না করার জন্য পরামর্শ দিয়েছিল। কিন্তু গত ১৭ই অক্টোবর স্থানীয় সি,পি, এম নেতা দিবাকর চোংদার ও দেবু চ্যাটার্জীর নেতৃত্বে সি, পি, এম-এর একদল লোক ধান কেটে শঙ্কর কোলের বাড়ীতে ধান তুলে নিয়ে যায়। জে, এল, আর, ও সত্য রিপোর্ট দেওয়ায় তিনি যখন রিলিফের কাজে ব্যস্ত তখন জে, এল, আর, ও, কে বলা হয় বর্গাদারের পক্ষে রিপোর্ট দিতে হবে। জে, এল, আর, ও মিথ্যা রিপোর্ট দিতে অস্বীকার করলে তাকে ঘেরাও করা হয়। পরে পুলিশ দ্বারা উদ্ধার করা হয়। ধান কাটার সময় আসল চাষী যাতে ঘরে ধান তুলতে পারে সেইজন্য আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

[ 2-30—2-40 P. M. ]

**শ্রীবংকিম বিহারী মাইতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়. আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আমি একটি আবেদন রাখছি। স্যার, বন্যাক্লিষ্ট মানুষদের ওরা রিলিফ দিচ্ছেন, খাদ্য, বস্ত্র সবই দিচ্ছেন ঠিকই কিন্তু তাদের জন্য সুদূরপ্রসারী ব্যবস্থা হিসাবে কিছুই ওরা করছেন না। আমি সেইজন্য দুটি আবেদন রাখছি। প্রথমটি হচ্ছে, কর্ম বিনিয়োগের যে প্রকল্প আছে তাতে দুঃস্থ মানুষদের মধ্যে যারা দুঃস্থ বেকার আছেন তাদের অগ্রাধিকার দিতে হবে। দ্বিতীয়টি হচ্ছে, যে সমস্ত দুস্থ শিশু বা ছেলেমেয়ে এখন খেতে পাচ্ছে না তাদের জন্য ১৯৪২ সালের বন্যার সময় যেমন শিশু সদন করা হয়েছিল সেই রকম এবারেও একটা প্রকল্প করা হোক। এটা যদি করা হয় তাহলে অনেক শিশু বাঁচবে, শিক্ষা লাভ করবে এবং সমাজের মধ্যে প্রতিষ্ঠিত হবে। স্যার, এই দুটি প্রস্তাব আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে রাখলাম এবং তাঁর কাছে আবেদন, এগুলি কার্যকরী করার ব্যবস্থা করা হোক।

**শ্রীমহম্মদ সোহরাব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষা দপ্তরের একটি এ্যানোম্যালি কথা আপনার মাধ্যমে এই সভায় রাখছি। বারি সাহেব এখানে আছেন, তিনি অনেক দিন ধরে হাইস্কুলের শিক্ষকতা করেছেন তিনি জানেন, সেকেণ্ডারি স্কুলের টিচিং এবং নন-টিচিং ষ্টাফ, তাদের ছেলেমেয়েরা ঐ মাধ্যমিক স্তর পর্য্যন্ত ফ্রি টিউশানের গ্রাণ্ট পায়। সেখানে এতদিন পর্য্যন্ত যাদের একাদশ শ্রেণী ছিল তাদের গ্রাণ্ট দেওয়া হত। এবারে কিন্তু একাদশ, দ্বাদশ শ্রেণী চালু হবার পর থেকে সরকারের কাছে

বিভিন্ন শিক্ষক সংস্থা বিভিন্ন ভাবে আবেদন করা সত্বেও আজ পর্য্যন্ত একাদশ-দ্বাদশ শ্রেণী পর্য্যন্ত শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের টিউশান গ্রান্টের বন্দোবস্ত হয়নি। আমি স্যার, এই বিষয়ের প্রতি বারি সাহেবের এবং শিক্ষক দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। এটা অনেকদিন ধরে পড়ে আছে, একটা ফাইনাল ডিভিসান নিয়ে শিক্ষক এবং অশিক্ষক কর্মচারীদের ছেলেমেয়েদের যাতে পড়ার সুযোগ পায় তার ব্যবস্থা করা হোক।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় খাদ্যমন্ত্রী এখন সভায় উপস্থিত নেই, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের কথা এখানে বলছি। স্যার, গত ভয়াবহ বন্যার সময় নদীয়া জেলা থেকে ১লা অক্টোবর আমি একটি রেডিও গ্রাম মেসেজ মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে পাঠিয়েছিলাম এবং তাতে বলেছিলাম সর্বশ্রেণীর মানুষকে—ক, খ, গ, ঘ, ঙ—প্রত্যেকটি কার্ড হোল্ডারকে যেন রেশন দেওয়া হয়। এর আগে এই রেশন যারা ভূমিহীন কেলিসাস তাদের দেওয়া হচ্ছিল। তারপর মাননীয় মুখ্যমন্ত্রী সরকারী নীতি নির্দেশ দিয়ে পাল্টে দেন এবং কিছুদিন সর্বশ্রেণীর মানুষকে রেশন দেওয়া হয়েছিল। কিন্তু এখন নদীয়া জেলার কয়েকটি অঞ্চল থেকে খবর এসেছে যে ক, খ, গ ছাড়া ঘ এবং ঙ এদের রেশন দেওয়া বন্ধ হয়ে গিয়েছে। পয়সা দিয়ে তো তারা রেশনটা কিনবে এম, আর, ডিলার কাছ থেকে। এখানে খাদ্যমন্ত্রী নেই আমি তাই প্রবীণ মন্ত্রী ডঃ ভট্টাচার্য্যকে বলছি এটা আপনি কমিউনিকেট করুন এবং যাতে বন্যা বিধ্বস্ত ১২টি জেলার ক, খ, গ, ঘ, ঙ সকল শ্রেণীর মানুষকে রেশন দোকানের মাধ্যমে চাল, গম বিক্রি করা হয় তার ব্যবস্থা করুণ। এ ব্যাপারে সরকার যদি অবিলম্বে নির্দেশ দেন তাহলে ভাল হয় কারণ তা না হলে মানুষের প্রচণ্ড হার্ডশিপ হবে। এতে খুব অসুবিধার ব্যাপার কিছু নেই কারণ সরকারের হাতে যথেষ্ট চাল, গম রয়েছে। এই নির্দেশ দিলে লোকেরাও খুব খুশী হবে। কেন্দ্রীয় সরকার প্রচুর খাদ্যশস্য রাজ্য সরকারকে দিয়েছেন।

**মিঃ স্পীকার:** এখানে মাননীয় মন্ত্রী উপস্থিত আছেন তিনি বলছেন, তিনি এই বিষয়টি খাদ্যমন্ত্রীকে জানাবেন।

**শ্রীসুনীতি চট্টরাজ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ খবর আমি এইমাত্র পেলাম, আমি আপনার মাধ্যমে এটার প্রতি সভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, এই কোলকাতা শহরের বুকের উপর চেতলা টালিগঞ্জ থানার গরীব বস্তিবাসীরা লিখছেন যে সেখানে সি, পি, এম, গুণ্ডারা জঘন্যভাবে আক্রমণ করছে। সেখানে

পুলিশের সামনেই বস্তিবাসী মা বোনদের ইজ্জত নষ্ট হচ্ছে। সেখানে কোন প্রটেকসান পাওয়া যাচ্ছে না। আমরা স্যার, আপনার মাধ্যমে এর প্রতিকার চাইছি। এ বিষয়ে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে এখানে যদি এখনই ল এ্যাণ্ড অর্ডার ফিরিয়ে আনা না হয় তাহলে বস্তিবাসীরা বাঁচবে না। আপনি স্যার, এটা একটু দেখুন।

## LEGISLATION

The West Bengal Relief Undertakings (Special Provisions) (Amendment) Bill, 1978.

[ 2-40—2-50 P. M. ]

**Dr. Kalailal Bhattacharya :** Sir, I beg leave to introduce the West Bengal Relief Undertakings (Special Provisions) (Amendment) Bill, 1978, and to place a statement as required under rule 72 (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Sir, a number of industrial undertakings in West Bengal are either sick or closed for various reasons. A good number of such industrial undertakings in West Bengal has been taken up for revival. For this purpose there has been cases of statutory take over of management and also reconstruction through Industrial Reconstruction Corporation of India Limited, Banks and other financial institutions.

In some of these cases the State Government have advanced loans to those undertakings and/or guaranteed loans made to them by Banks or financial institutions. In some cases in which the IRCI has granted reconstruction assistance the State Government has had to furnish guarantee to IRCI or Banks or financial institutions as the case may be to help revival of the reconstructed units.

In order to enable the State Government to revive or restart sick and closed industries and in order to operate them efficiently and thereby to protect the employment of the workers it was found that the State Government should have suitable powers to free industrial undertakings for a short period from certain financial obligations incurred in the past by the previous managements and to exempt them from the scope of certain labour laws. The West Bengal Relief Undertakings (Special

Provisions) Act, 1972 was accordingly promulgated with the assent of the President.

Proviso to section 3 of the said Act enjoins that a notified order under section 3 of the Act shall remain in force for an aggregate period not exceeding 7 years.

Experience of working of these units shows that these units which are heavily in debt would not be able to generate sufficient cash in the short span of 7 years to be able to meet past liabilities. The Bill under consideration of the House seeks to extend the period of 7 years to a period of 10 years. In this connection it may be mentioned that in the corresponding Maharashtra Act this period was originally 10 years which by an amendment was extended to 15 years in the light of the experience in that State. It is, however, not desirable that the moratorium created by the Act should be unduly long and, therefore, we have suggested extension of this period to 10 years only.

The effect of the proposed amendment will be that apart from freezing past liabilities for a period of 10 years certain labour laws will also remain suspended for the same period. It has been found that suspension of labour laws did not in nay way affect the interest of the workmen. They got benefit of all industrywise agreements and there was no dispute which was not amicably sorted out and was no occasion for invoking by the workman the suspended labour laws.

This being the practical experience there should be no allergy to the suspension of the labour laws for a limited period for the protection of the employment of the workment which revival of sick and closed industries primarily aim it.

There has not been any widescale application of this law because similar provision has now been made in the Industries (Development & Regulation ) Act, 1951 and where necessary the Govt. of India provides by an order under that Act for the suspension of liability and the labour laws. So far the State Governmeut has invoked the law in

38 cases having a total number of about 35 thousand employees, and as more units are taken over or otherwise reconstructed there may be as many as additional units declared as relief undertakings. Having regard to the object for which this power has been assumed and is being exercised, Hon'ble House will appreciate that the proposed amendment without in any way adversely affecting the interest of the workmen will enable the State Govt. to protect their employment and to reactivate the moribund industrial units.

( secretary then read the title of the Bill )

**Dr. Kanailal Bhattacharya :** Sir, I beg to move that the West Bengal Relief Undertakings ( Special Provisions) (Amendment) Bill, 1978, be taken into consideration. আর আমার কোন বক্তব্য নেই, আমার এই ষ্টেটমেণ্টের মধ্যে আমার বক্তব্য মোটামুটি রেখেছি। এখন মাননীয় সদস্যরা যদি এই সম্পর্কে কিছু বক্তব্য রাখেন তাহলে সেইগুলো শোনার পর উত্তর দোব।

**মিঃ স্পীকার :** আপনি এই সম্পর্কে বাংলার দুটো কথা বলুন, কারণ ঐ ষ্টেটমেণ্টটা আপনি ইংরাজীতে করেছেন।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে বিলটা এনেছি এই বিলটার মেয়াদ ৩নং ধারা অনুযায়ী ৭ বছর ছিল এবং এই ৭ বছর গত ৪ঠা নভেম্বর শেষ হয়ে গেছে। তার জন্য এই মেয়াদ ৭ থেকে ১০ বছর করা হয়েছে। এটা করার জন্য একটা অর্ডিনান্স করা হয়েছিল, এখন বিল আকারে সদস্যদের আনা হয়েছে। মাননীয় সদস্যদের যা বক্তব্য আছে তা শোনার পর আমি আমার বক্তব্য রাখব।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় যে বিল এনেছেন সেই সমর্থন করতে আমাদের কোন আপত্তি নেই। কিন্তু একটা কথা মন্ত্রীমহাশয় বললেন না ইনট্রোডিউস করার সময়, ৭ বছর পূর্ণ হতে চলেছে ৪ঠা নভেম্বর একটা যে কারখানা গ্রহণ করা হয়েছে, সেটার ৭ বছর না বিলের ৭ বছর এটা আমরা বুঝতে পারলাম না। বিলের ৭ বছর হলে কোন কারখানা কতদিন গ্রহণ করা হয়েছে, তার ফলে কতটুকু উন্নতি হয়েছে, এমপ্লয়মেণ্টের কি সুযোগ সুবিধা বেড়েছে বা কমেছে, এই বিষয়ে সরকারের কি এক্সপিরিয়েন্স হয়েছে, এবং সরকার এ বিষয়ে কি করতে চান এই বিষয়ে একটু বিস্তৃতভাবে বললে ভাল হোতো। আর একটা কথা আমাদের মনে

হয়েছে এই অবস্থায় থাকতে গেলে—এই বিলটা যখন পাশ হয়েছিল তখন শ্রমিকদের উন্নতি বরব, অন্যান্য বিষয়ে সমস্ত জিনিষগুলো সাসপেণ্ডেড রাখার কথা ছিল, এই বিলের সেটা নতুন কিছু তাদের অধিকার দেওয়া হয়নি। ৭ বছরের জায়গায় ১০ বছর করা উচিত, সরকার যদি সেখানে টাকা লগ্নী করেন সেই টাকার রিটার্ণ আসা পর্য্যন্ত হয়ত ওয়েট করা উচিত। কিন্তু সিক ইন্ডাস্ট্রীর সম্বন্ধে কথা হচ্ছে এই যে, এই সিক ইণ্ডাষ্ট্রিজ-গুলোকে গ্রহণ করেই আমরা একজন আই, এ, এস, অফিসার বা ঐ ধরণের কোন অফিসারকে সেখানে বসিয়ে দিচ্ছি, যাদের ঐ বিষয়ে কোন এক্সপিরিয়েন্স নেই। আমরা এই বিষয়ে একটু জানতে চাই, মন্ত্রীমহাশয় যদি একটু বলেন, এই কারখানাগুলো গ্রহণ করে তাঁদের কি এক্সপিরিয়েন্স হয়েছে এবং আরও ৩ বছর বাড়িয়ে দিলে সরকারের ক্ষতি হবে না লাভ হবে, সরকার তো কোন কারখানা গ্রহণ করেছেন—স্যাক্সবি'র মত কারখানা, সেনর্য্যালের মত কারখানা এইসব কারখানা কি লাভ দেখাতে পেরেছে? আর একটা জিনিষ, আমার মনে হয় একটা প্রবণতা দেখা দিয়েছিল এই বিল আসার পর, মালিকরা নিজের নিজের মূলধন সেইসব কারখানা থেকে সরিয়ে নিয়ে বা অন্যরকম কোনপ্রকার গণ্ডগোল সৃষ্টি করে সরকারের ঘাড়ে ঐ কারখানাগুলো চাপিয়ে দিয়ে অন্যধরণের কারখানা তাঁরা তৈরী করেছিলেন। এখন এই বিলে ৩ বছর বাড়িয়ে দেওয়ার ফলে, এই ৩ বছরের মধ্যে আরও কতকগুলো কারখানা আপনাদের নিতে হবে আমি জানি না।

[ 2-50—3-00 P.M. ]

কাজেই এই বিলের মধ্যে দিয়েই তিনি যদি আরো একটু বিস্তারিতভাবে আমাদের কাছে বলতেন তাহলে ভাল হত। তারপর তিনি যদি এই সরকার আসার পর তাঁরা কতগুলি কারখানা নিয়েছেন এবং আগের সরকার কতগুলি দিয়েছিলেন, সে সম্পর্কে একটু বিস্তারিতভাবে বলতেন তাহলে আমরা খুসী হতাম। আমরা বিশ্বাস করি সরকার এইসব কারখানাগুলিতে যে টাকা লগ্নী করেছেন সেই টাকা ৭ বছরের মধ্যে ফিরিয়ে আনা সম্ভব হবে না। কাজেই ৭ বছরটা বাড়িয়ে ১০ বছর করা হচ্ছে। কিন্তু ১০ বছর ধরে কারখানাগুলিকে ভালভাবে তৈরী করে মালিকদের কাছে যদি আবার ফিরিয়ে দেওয়া হয় এবং সরকারের অর্থ ফিরে না আসে, তাহলে সেটা ঠিক হবে কিনা আমাদের একটু ভেবে দেখতে হবে। ২য় কথা হচ্ছে শ্রমিক স্বার্থে আমরা আন্দোলন ইত্যাদির কথা বলি, কিন্তু সরকার যে কারখানাগুলি নিচ্ছেন সেই সমস্ত কারখানা-গুলিতে শ্রমিকদের এইস মস্ত সুযোগ সুবিধা যদি সাসপেণ্ডেড থাকে, তাহলে সেটা ঠিক

হচ্ছে কিনা সেটা আমি আশা করি মন্ত্রিমহাশয় তাঁর জবাবী ভাষণে আমাদের বলবেন। এই কয়টি কথা বলে আমি এই বিলকে নীতিগতভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীহবিবুর রহমান:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের মন্ত্রিমহাশয় যে এ্যামেণ্ডমেণ্ট এনেছেন তাতে বিশেষভাবে বলার মত কিছুই নেই। ইতিমধ্যে মাননীয় সদস্য বীরেন্দ্রকুমার মৈত্র মহাশয় যে কথাগুলি বললেন তাতে তাঁর সঙ্গে আমি সম্পূর্ণ এক মত হয়েও একটি কথা বলতে চাই যে, মন্ত্রীমহাশয় ৩ বছর বাড়িয়ে ৭ বছরের জায়গায় ১০ বছর করছেন। উদ্দেশ্যে তিনি বলছেন যে, ৭ বছর সময়-সীমার মধ্যে এই কারখানাগুলিকে লাভজনক করে তোলা সম্ভব হবে না। কিন্তু আমার বক্তব্য হচ্ছে বর্তমান বামফ্রন্ট শরকার ক্ষমতায় আসার পর থেকে পশ্চিমবঙ্গে লোড-শেডিং যেভাবে বেড়ে চলেছে তাতে উনি কি এই বিলের মধ্যে দিয়ে আমাদের সেই গ্যারান্টি দিতে পারলেন যে, ৭ বছরকে বাড়িয়ে ১০ বছর করে দেওয়া হলে রুগ্ন শিল্প গুলিকে সুস্থ করতে পারবেন? তা নাহলে তিনি হয়ত পরবর্তীকালে বলবেন ১০ বছরে হলো না, আরো ৫ বছর বাড়িয়ে দিতে হবে। আমি তাই বলছি ওঁরা বড় বড় বিল আনছেন, বড় বড় কথা বলছেন, কিন্তু এই সমস্ত শিল্পকে সমৃদ্ধশালী করতে গেলে যে জিনিষের সব চেয়ে আগে দরকার সেই বিদ্যুত উৎপাদন বৃদ্ধি না পেয়ে দিন দিন হ্রাস পাচ্ছে। বিদ্যুৎ উৎপাদন তিনি বৃদ্ধি করতে পারবেন কিনা, এটাই এই পরিপ্রেক্ষিতে আমার প্রশ্ন। এবং বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি করে এই শিল্পগুলিকে লাভজনক সংস্থায় রূপায়িত করতে পারবেন কিনা, সেটা আমি আশা করি উনি ওঁর জবাবী ভাষণে বলবেন। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে বিলটি মন্ত্রিমহাশয় এনেছেন, **In section 3 of the West Bengal Relief Undertakings (Special) Provisions) Act, 1972, in the provise, for the words "seven years", the words "ten years" shall be subsititted.** উনি ৭ বছর থেকে ১০ বছর চাইছেন অবজেক্টস এণ্ড রিজন্সে। আমি একটা জিনিষ বুঝতে পারলাম না যে, ৭ বছরকে যদি আপনি ১০ বছর করে দিয়ে আণ্ডারটেকিংস ভায়েবল করতে চান তাহলে তার জন্য যে মিনিমাম ইনফ্রাষ্ট্রাকচার দরকার, সেটা কোথায়? ৭ বছরে টাকা তুলতে না পেরে সেটাকে ১০ বছর করে দিচ্ছেন। আবার ১০ বছর পরে না পারলে ১৫ বছর এবং ১৫ বছরে না পারলে কি ২০ বছর করবেন? এই ভাবে ইয়ার বাড়িয়ে দিয়ে কি

আপনি সমস্যার সমাধান করতে পারবেন ? এটাই আমার সব চেয়ে বড় প্রশ্ন। আমার মনে হয় ৭ বছর যেটা ছিল সেটাই অত্যন্ত একসেস ছিল। কারণ আপনি টাকা ইনভেষ্ট করে ৭ বছরের মধ্যে যদি না তুলে থাকতে পারেন এবং এই জিনিষ করেন তাহলে যে সমস্ত অফিসারদের ওপর দায়িত্ব দেবেন তারা ভাববে আমাদের হাতে আরো সময় আছে। এলে তাদের এফিসিয়েন্সি অফ দি ওয়ার্ক কমে যাবে বলে আমার বিশ্বাস এবং দলবাজী আরো বেশী হবে। আমি এটা কানাইবাবুকে বলব যে, আপনি বছর বাড়িয়ে দেওয়ার ডার্ক সাইড-টা একটু ভাবুন। ৩ বছর সময় তাদের হাতে দেওয়ার ফলে তাদের এফিসিয়েন্সি বাড়বে, না কমবে ? আমার হাতে যদি কোন কাজ সম্পন্ন করার দায়িত্ব থাকে এবং সময় যদি কম থাকে তাহলে আমি চেষ্টা করব তাড়াতাড়ি কাজটি শেষ করতে, দ্রুত কাজ করতে চেষ্টা করব। কিন্তু আমার হাতে সময় বেশী থাকবেই আমার তাড়াতাড়ি এগুবে না। সুতরাং সময় লিমিট বাড়িয়ে দিলে এফিসিয়েন্সিকে হ্যাম্পার করবে। সেই জন্য এটা পরিবর্তন করার কোনও রিজনেবল গ্রাউণ্ড নেই, আগে যা ছিল সেটাই ভাল ছিল, ১০ বছর না করলেই ভাল হয়। সুসরাং এটা আপনি একটু ভেবে দেখুন। যদিও সময় শেষ হয়ে গিয়েছে, তবুও আমি তাঁকে এটা চিন্তা করতে অনুরোধ করছি এবং আমি সংশোধনী প্রস্তাবের বিরোধীতা করছি।

**শ্রীপতিতপাবন পাঠক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটিকে সমর্থন করতে গিয়ে আমি কয়েকটি কথা মন্ত্রিমহাশয়ের বিবেচনার জন্য রাখছি। এখানে এই সেকসানে ৭ বছরের পরিবর্তে ১০ বছর করতে বলা হয়েছে এবং শ্রমিক স্বার্থ সম্পর্কের আইন ঐ সিডিউলে আছে। **Industrial Employment Standing Order Act, Industrial Disputes Act, Minimum Wages Act and West Bengal Shops and Establishments Act** এ মূল এ্যক্ট সেকসান ৪ তে আছে। এ ছাড়া এগ্রিমেণ্ট এওয়ার্ড ইত্যাদি সবই সাসপেণ্ডেট থাকবে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে এইটা বলছি যে কারখানাকে বাঁচাবার স্বার্থে এমপ্লয়মেণ্ট গ্যারাণ্টি করার স্বার্থে বিধি-নিষেধ করার কিছু কিছু প্রয়োজন আছে। কিন্তু এই সমস্ত শ্রমিকদের ঘাড়ে চাপিয়ে দেওয়া হয়েছে। মাননীয় সদস্য শ্রীসত্যরঞ্জন বাপুলী মহাশয় বললেন যে দলবাজি হবে। আমি বলবো, ১৯৭২ সালে যখন এইটা চালু করা হয়েছিল তখন যদি দলবাজি না হয়ে থাকে তাহলে ১৯৭৮ সালেও হবে না। কিন্তু তবুও আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলবো, এর কতকগুলি রাইডার থাকা দরকার মানে ফর্ম টাইম টু টাইম রিভিউ হওয়া দরকার। যে যে ইনডাস্ট্রি যারা ঐ অসুবিধাগুলি অতিক্রম করতে পেরেছে সেইসব জায়গায় ১ মাস অন্তর অথবা ৭ মাস

অন্তর যেসব আইন সাসপেণ্ডেট আছে এগুলি পুনরায় চালু করা যায় কিনা দেখা উচিৎ এবং এ ব্যাপারে শ্রমিকদের প্রতিনিধির সঙ্গে পরামর্শ করা দরকার—এইটুকু সংশোধনী থাকা দরকার। আমি মন্ত্রিমহাশয়কে এইদিকে বিবেচনা করতে অনুরোধ করবো। কারণ শ্রমিকদের সঙ্গে মাননীয় মন্ত্রিমহাশয়ের যথেষ্ট যোগাযোগ আছে এবং এর ফলে এই সুযোগ নিয়ে শ্রমিকদের কি অসুবিধায় পড়তে হয় তা মন্ত্রিমহাশয়-এর জানা আছে, বিশেষ করে একটি কথা বলবো এমপ্লয়মেন্ট স্টানডিং অডার এ্যক্ট-এটা কেন সাসপেণ্ডেট রাখা হবে এ সম্বন্ধে আরেকবার বিবেচনা করতে বলছি। এতে মালিকদের হাতে, এ্যডমিনিস্ট্রেটরদের হাতে এমন সুযোগ দেওয়া হয় যে তাঁরা বিনা ইচ্ছায়, বিনা নোটিশে, বিনা কোন আইনে ছাঁটাই করে, সাসপেণ্ড করে। স্টানডিং অর্ডার এ্যক্টে সাসপেণ্ডট থাকার কোন কারণ নেই। কেন করা হবে তার সঠিক যুক্তি ঐ মূল এ্যক্টে নেই। এই কথা আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুধাবন করবার জন্য অনুরোধ করছি। আর একটি কথা বলছি, একদিকে শ্রমিকরা যখন তাঁরা কৃচ্ছ-সাধন করবেন তাদের পাওয়া পয়সা দেরীতে নেবে অন্যদিকে ঠিক পাশাপাশি কারখানা যারা পরিচালনা করবেন তারা একটা মাহিনায় আসবেন, তাঁদের ইনক্রিমেণ্ট হবে, তাঁদের কনট্রাক্ট অনুযায়ী মাহিনা বাড়বে, এটা খুবই খারাপ। এই ব্যাপারে আই, আর, সি, আই এর মাধ্যমে সেখানে যে সমস্ত অপরাধী অফিসার আছেন তাদের পরিবর্তন করলে খুবই ভালো হবে। এই কথা বলে এই বিলটিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[ 3-00—3-10 P. M. ]

**শ্রীঅনিল মুখার্জী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমে আমি এই বিলটিকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন এটা একটা খুব সংক্ষিপ্ত সংশোধনী প্রস্তাব এবং এই সংশোধনী ৭ বছর থেকে ১০ বছর করা হয়েছে এবং বিরোধীপক্ষের সদস্যরা এরমধ্যে বললেন—কেউ বললেন যে প্রচুর পরিমাণে বিদ্যুৎ সমস্যা রয়েছে ইনডাষ্ট্রি সিক হবে না। যে সমস্ত ইনডাষ্ট্রি আজকে সিক হয়েছে এর জন্য রিলিফ আণ্ডারটেকিংস করা হয়েছে। ১৯৭২ সালে ওনাদের রাজত্বের সময় এ্যাক্টটি তৈরী হয় তখন ইলেকট্রিক যথেষ্ট ছিল কিন্তু তথাপি দেখা গেল শিল্পগুলি যথেষ্ট পরিমাণে সিক হয়েছে, তাদের রিলিফ দেওয়ার জন্য এইভাবে বছর বছর আমাদের বাড়িয়ে যেতে হচ্ছে। ওনারা সমস্যাটা বোঝেননি, বিরোধীতা করার জন্য বিরোধীতা করলেন, যেখানে বিরোধীতা করে সরকারকে সজাগ করা দরকার সেদিক দিয়ে গেলেন না। সত্য বাপুলী মহাশয় বললেন যে বাড়িয়ে দেওয়ার কথা

বললেন, কিন্তু কোন রিলিফের কথা বললেন ইনডাষ্ট্রির সম্বন্ধে। মূল সমস্যাটা কি, এবং তার সমাধান কিসে হবে রিলিফ আণ্ডারটেকিংস সম্বন্ধে মন্ত্রিমহাশয়কে সাজেসান দিলেন না। দলবাজির কথা বললেন, ওনারা দল ছাড়া আর কিছুই জানেন না, কিছু চিন্তাই করেন না। ওনারা ঐ করেই ইনডাষ্ট্রিগুলিকে সিক করেছেন, আজকে আমাদের উপর অভিযোগ এনে কথা বলছেন। আজ বলছেন রিজেনেবল গ্রাউণ্ডে বাড়ানো হচ্ছে না। উনি না দেখেই এই কথা বলছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই কথা বলছি—আজকে আসল সমস্যাটা কোথায়, সিক ইনডাষ্ট্রির আসল সমস্যাটা হল—শুধু এখানে নয়, ৩ বছর থেকে ৭ বছর, ৭ বছর থেকে ১০ বছর, কি ১০ বছর থেকে ১৫ বছর নয় সিক ইনডাষ্ট্রির রিলিফ আণ্ডারটেকিংস সম্বন্ধে আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব একটি বিষয়ের প্রতি নজর দেবার জন্য। আমলারা যাঁরা সিকইনডাষ্ট্রি পরিচালনা করবার দায়িত্ব নেন, তাঁরা এ ই ইনডষ্ট্রিকে আরও সিক করে দেন, সমস্যাটা সেখানে। আমরা জানি যে সমস্ত আমলারা থাকেন তাঁরা কনট্রাক্টে থাকেন, স্পিনিং মিলের যে লস আমলাদের জন্য আরও লস হয়, তাঁরা ডিফেকটিভ পার্টস, ডিফেকটিভ সেট ইত্যাদি দ্বারা সিক ইনডাষ্ট্রি আরও সিক করেন। কোন র মেটিরিয়েলস কিনতে হলে পারচেজের মধ্যেও গণ্ডগোল করেন, অফিসাররা বলেন সারপ্লাস করে দেব, কিন্তু কনট্রাক্ট বেসিসে করতে গিয়ে ডিফেকটিভ পার্টস দেন, ডিটেল কিছুই দেন না, পুরোনো মালিকরা যে লস করেছিলেন তার থেকেও বেশী করেন, স্পিনিং মিল, কটন মিল প্রভৃতিতে অনেক লস হয়েছে। এই আণ্ডারষ্ট্যানডিংয়ের জন্য সিক ইনডাষ্ট্রিআরও সিক হতে চলেছে। এই জন্য সরকার হাতে নেওয়ার পরে এই সমস্ত রিভাইভ করা যায় না। মন্ত্রিমহাশয়কে বলবো যে আমলাতন্ত্রের মাধ্যমে শিল্পগুলি গড়ে তুলতে চাই এবং সিক থেকে শক্ত করতে চাই তারা একে আরো সিক করে দিচ্ছে। শ্রমিকদের স্বার্থে আমরা রিলিফ আণ্ডারটেকিং করেছি কিন্তু দেখছি সরকারী টাকা ঠিক ভাবে সৎ ব্যবহার হচ্ছে না। শুধু সিক ইনডাষ্ট্রি নয় সরকারী সমস্ত প্রতিষ্ঠানেই এই জিনিষ হচ্ছিল। সুতরাং সিক ইনডাষ্ট্রির যে ডিফেক্ট আছে যেগুলি ইনহেরেন্ট সেগুলি দূর করা হোক। কনট্রাক্ট সিষ্টেমে যে সব পারচেস এবং সেলের ব্যবস্থা আছে সেগুলি নিয়ন্ত্রণ করা দরকার। শাঁখারিদের সাহায্য করার জন্য মাদ্রাজ থেকে শঙ্খ কিনে আনা হলো কিন্তু প্রাইভেট ইনডাষ্ট্রির ষড়যন্ত্রের ফলে দেখলাম যে স্যামপেল তারা দেখিয়েছিলো তার পরিবর্তে অন্য খারাপ জিনিষ তারা সাপ্লাই করলো। এই রকম র মেটিরিয়াল কেনার ক্ষেত্রে স্যামপুল এক রকম দেখায় আর অন্য রকম দেয়। এর জন্য দায়ী আমলাতন্ত্র। এর ফলে গভঃ ইনডাষ্ট্রি ডেভোলাপ করে না। সেজন্য মন্ত্রীমহাশয়কে বলবো তিন বছর

কেন যদি দরকার হয় তাহলে আরো সময় দিতে হবে। কিন্তু আমলাতন্ত্রের দিকে আপনাদের পূর্ণ দৃষ্টি দিতে হবে। এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমি শেষ করছি।

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলকে সমর্থন করে দু একটা কথা বলতে চাই। বিলটি যদিও খুব সামান্য একটা বিল কিন্তু আমার মনে হয় এটা তা নয়। কারণ এর মধ্যে কিছু গুরুতর সম্ভাবনা ও সংশয় আছে সেটা আমি বলতে চাই। আমি বলবো পশ্চিমবাংলায় টেকষ্টটাইল ইণ্ডাষ্ট্রির কথা। ১৯৭২ সালে যখন এই রিলিফ আণ্ডারটেকিং এ্যক্ট হয় তখন দীর্ঘ কাল বাদে এই টেকষ্টটাইল মিলগুলি কোনটা ৫ বছর কোনটা ৬ বা ১০ বছর বন্ধ হয়ে গিয়েছিলো। আমাদের আন্দোলনের ফলে এই মিলগুলি '৭২ সালে ২১শে জানুয়ারী টেকওভার কার হয়। এরূপ ৫টা মিলের মধ্যে দুটার শ্রমিক আন্দোলনের সঙ্গে আমি জড়িত আছি। '৭৪ সালে ন্যাশালনাইজ হয়েছে এবং এন, টি, সি কে দায়িত্ব ভার দওয়া হল পরিচালনা করার জন্য। এই মিলগুলি পরিচালনার দিক থেকে ২৪ হাজার শ্রমিক যারা বেকার হয়ে গিয়েছিলেন তাদের কাজ দেবার প্রয়োজনে সেদিন রিলিফ আণ্ডারটেকিং এর সাহায্যে কতকগুলি সুযোগ সুবিধা দেওয়া হয়েছিলো। শ্রমিকদের পাওনার দিক থেকে বিবেচনা করলেও যে আইনগুলি ফাণ্ডামেণ্টাল সেগুলি কোন সময় চিন্তা করেন নি কিন্তু তবুও ঐ পরিস্থিতিতে আমাদের সেদিন এটা মেনে নিতে হয়েছিলো। যদিও তাতে শ্রমিকদের যথেষ্ট অসুবিধা হয় নি। আমি আমার আলোচনা এন, টি, সির মধ্যে সীমাবদ্ধ রাখতে চাই কারণ এটা হচ্ছে বিগ চান্স অফ ওয়েষ্ট বেঙ্গল মিলস যেগুলির উপর এগুলি প্রয়োগ করা হবে। মন্ত্রী মহাশয় বলেছেন :

[ 3-10—3-20 P.M. ]

এরূপ বন্ধ ও রুগ্ন শিল্প উদ্যোগগুলি, পুনরারম্ভ বা পুনরুজ্জীবিত হইবার পর, যাহাতে সুদৃঢ় আর্থিক ভিত্তির উপর প্রতিষ্ঠিত হইতে পারে তাহা সুনিশ্চিত করিবার উদ্দেশ্যে, ঐ শিল্প উদ্যোগগুলিকে, সাময়িকভাবে, উহাদের পূর্বগৃহীত আর্থিক দায় দায়িত্ব হইতে মুক্তি দিবার এবং কতিপয় শ্রম বিধির আওতা হইতে অব্যাহতি দিবার জন্য পশ্চিমবঙ্গে ত্রাণ উদ্যোগ ( বিশেষ বিধানাবলী ) আইন, ১৯৭২ ( ১৯৭২ এর পশ্চিমবঙ্গ ১৩ আইন ) বিধিবদ্ধ করা হইয়াছিল। In so far as the mills controlled by the National Textile Mill. এটাতে আপনি কি সেটিসফায়েড। যে মিলগুলি টেকওভার করা হয়েছিলো এবং পরবর্তীকালে যা ন্যাশানালাইজ করা হলো

সেই টেক্সটাইল মিলগুলি কি ভালভাবে চলছে? পশ্চিমবঙ্গে আমরা কি পাচ্ছি না পাচ্ছি সেটা বড় কথা নয়। শ্রমিক কর্মচারীরা তাদের পাওনা ঠিক মত পাচ্ছে কিন্তু অন্য দিক থেকে দেখা যায় ম্যানেজমেন্টের চূড়ান্ত অব্যবস্থার ফলে তুলো সময় মত যায় না, স্পেয়ার, কয়লা সময়মত যায় না—ইলেকট্রিসিটির অসুবিধা হচ্ছে অর্থাৎ সমস্ত দিক থেকে দেখলে দেখা যাচ্ছে যে ম্যানেজমেন্টের ত্রুটির জন্য হাজার হাজার টাকা বেতন দিয়ে টপ হেভি এ্যাডমিনিষ্ট্রেসানের জন্য সুদৃঢ় ভিত্তির উপর এই মিলগুলি কোন দিনই দাঁড়াবে না। এটা যে ত্রুটি সেটা দূর না করতে পারলে পশ্চিমবাংলার সর্ব্বনাশ হবে। আজকে তারা একটা ভাল কৌশল নিয়েছেন সেটা হচ্ছে শ্রমিকরা না বলতেই তারা দিয়ে দিচ্ছেন কিন্তু আর এক দিক থেকে বলছি যে মন্ত্রী মহাশয়কে বলবো আমাদের কি কিছু করনীয় নেই। সেগুলি সবই দিল্লীর—তারা করুক আমাদের বলার কিছু নেই কিন্তু বিবেচনা করে দেখতে বলবো যে, সুদৃঢ় ভিত্তির উপর এই মিলগুলি চলবে এই আশা করে In so far as the mills controlled by the National Textile Corporation. অর্থাৎ কোন দিনই সুদৃঢ় ভিত্তির উপর দাঁড়াবে না যদি না ফাণ্ডামেন্টাল চেঞ্জ কিছু করা যায়। ২৪ থেকে ৩০ হাজার লোককে কাজ দেবার জন্য এই কারখানাগুলিকে পুনরুজ্জিবীত করা হয়েছে। কিন্তু সেই প্রচেষ্টা যদি ব্যর্থ হয় তাহলে কি হবে? যাইহোক এই বিলকে সমর্থন করে আমি বলবো সুদৃঢ় ভিত্তির উপর এগুলি দাঁড়াবে কিনা সে বিষয়ে আপনি বললে আমি খুশী হবো। আর একটা কথা হচ্ছে এন, টি, সির কাপড় কলগুলি সম্বন্ধে দিল্লী কর্তৃপক্ষ একটা ষ্টাডি গ্রুপ করেছেন তদন্ত করার জন্য। এই ষ্টাডি গ্রুপে ৭ জন মেম্বার আছে—২ জন মাদ্রাজী, বোম্বের ৩ জন, গুজরাট ১ জন, ওয়েষ্টবেঙ্গল ১ জন। কি ভাবে তারা এটা তৈরী করেছেন এটা বুঝতে পাচ্ছি না। যদি এটা ঠিক ভাবে গঠিত না হয় তাহলে এনকোয়ারি কি ভাবে সাকসেসফুল হবে। এই রকম ভাবে আজকে পার্টিজানের পরিচয় দেওয়া উচিত বলে মনে করি না। এটা মাননীয় মন্ত্রী মহাশয় লক্ষ্য করবেন এবং দিল্লীর সঙ্গে যোগাযোগ করে যথাবিহিত ব্যবস্থা করবেন এই কথা বলে আমি আপনার বিলকে সমর্থন করছি।

**Shri Ramzan Ali :** Sir, I do not want to oppose this Bill, but I could not appreciate the arguments advanced by the Hon'ble Minister in charge in justification of the amendment. Sir, I feel it is at the cost of the labour as some of the labour laws will remain suspended. It will deprive the labour of some of the opportunities and it is a departure from

the policy of the Government. Moreover, bureaucracy will get opportunities to exploit the labour. The purpose of this Bill is to e nsure revival of the closed and sick indurtries but it will go in the hands of the bureacrats who will take over the management and will try to safeguard their interests depriving the labour

Sir, I support the Bill.

Thank you, Sir.

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য** : মাননীয় স্পীকার মহাশয়. এই বিলটা মোটামুটি হাউসের সব দিক থেকে সমর্থন পেয়েছে। তবে একটা ব্যাপারে সমস্ত সদস্যই কিছুটা উদ্বেগ প্রকাশ বরেছেন। সেটা হচ্ছে শ্রমিকদের স্বার্থ রক্ষার ব্যাপার। মূল বিলে যা আছে তাতে এই বিষয়টা আছে যে গুটি কতক শ্রমিক আইন স্থগিত থাকবে। আমি আমার বক্তব্য যখন প্রথমে উত্থাপিত করি তখন অত্যন্ত পরিষ্কার ভাষায় বলে দিয়েছিলাম যে যদিও এই শ্রমিক আইনগুলি স্থগিত থাকার কথা যেটা এই মূল বিলের মধ্যে আছে, কিন্তু আমাদের বামফ্রন্ট সরকার আসার পর এই শ্রমিক আইনগুলির ভেতর দিয়ে শ্রমিকদের যে ন্যায্য পাওনা সেগুলি সম্পর্কে আমাদের সরকার দৃষ্টি দিচ্ছেন। শুধু তাই নয়, যে সমস্ত ইউনিয়নগুলি আছে তাঁদের সঙ্গে এই সম্পর্কে কথাবার্তাও তাঁরা বলছেন। যেমন, বলতে পারি আমাদের ইণ্ডাষ্ট্রি ওয়াইজ যে সেটেলমেণ্টগুলি হয় সেই সেটেলমেণ্টগুলি এইসব বন্ধ কারখানা যেগুলি সরকার কর্তৃক অধিগৃহীত হয়েছে এবং যেগুলি রিলিফ আণ্ডারটেকিংস-এর আওতায় আছে সেগুলির ক্ষেত্রে এক্সটেণ্ড করা হচ্ছে। এছাড়া যে সমস্ত কারখানায় শ্রমিকরা বেতন বৃদ্ধি করার ব্যাপারে দাবি রেখেছেন সেগুলিও করা হয়েছে। তবে একটা কথা যেটা পতিতবাবু তুলেছেন সেটা হচ্ছে ষ্ট্যাণ্ডিং অর্ডার এ্যাক্টটা ঐ সিডিউল থেকে বাদ দেওয়ার কথা। আমি আরো জিনিষটা পরীক্ষা করে দেখব। কারণ, আমার মনে হয় এই সম্পর্কে আরো চিন্তা-ভাবনা করতে হবে। তার বক্তব্য শুনে প্রাথমিকভাবে মনে হয়েছে এটার খুব বেশী প্রয়োজন আছে বলে মনে হয় না। শুধু তাই নয়, এর দ্বারা যাঁরা এই কারখানা পরিচালনা করেন তাঁদের হাতে ক্ষমতা বোধ হয় একটু বেশী তুলে দেওয়া হচ্ছে। তবে এটা নিশ্চয়ই বিচার বিবেচনা করব। তবে একটা কথা বলতে পারি এই আইনের মূল লক্ষ্য হচ্ছে ওয়ার্কম্যানদের প্রোটেকসান অব এমপ্লয়মণ্টে দেওয়া, যাদের চাকরি গিয়েছিল তাদের চাকরিগুলি সংরক্ষণ করার জন্য এই আইনটা করা হয়েছিল এবং সেজন্য এই আইনটাতে যে ক্ষমতা সরকারকে দেওয়া হয়েছে তাতে একটা কারখানার এই রিলিফ

*আণ্ডারটেকিং-এর মেয়াদ ৭ বছর থেকে ১০ বছর বাড়ান যাবে। সত্য বাপুলি মহাশয় বলেছেন ৭ বছরের মধ্যে যেটা হল না সেটা ১০ বছরের মধ্যে হবে কিকরে,* আমার বক্তব্য হচ্ছে এই আইনটা কংগ্রেস আমলে করা হয়েছিল, যে সমস্ত কারখানাগুলি অধিগৃহীত তাঁরা গত দেড় বছর আগে পর্যন্ত তাদের পরিচালনভার রেখেছিলেন। আমরা মাত্র দেড় বছর সময় পেয়েছি, এর মধ্যে আমরা বলতে পারি ৩টি কারখানায় লাভ আমরা করেছি, একটা হচ্ছে ইষ্টার্ণ ডিষ্টিলারিজ, আর একটা হচ্ছে গ্লুকোনেট এবং আমরা যখন ক্ষমতায় আসি যে কারখানাটা হোটেল যেটা রিলিফ আণ্ডারটেকিং-এর মধ্যে আছে গ্রেট ইষ্টার্ণ হোটেল, তখন তার লোকসান ছিল প্রতি মাসে ৭০ লক্ষ টাকা।

[ 3-20—4-20 P. M. ]

আমরা যখন সরকারে আসি তখন দেখি যে ৭০ হাজার টাকা করে লোকসান চলছে গ্রেট ইষ্টার্ণ হোটেলে, এখন সেখানে ক্যাস প্রফিট হচ্ছে। কাজেই আমি মনে করি সরকারের যে সমস্ত কল-কারখানা নেওয়া শুরু করেছেন সেগুলি সুষ্ঠভাবে পরিচালিত করে তাদের আথিক অবস্থার পরিবর্তন ঘটানো যাবে। কয়েকজন মাননীয় সদস্য এখানে প্রশ্ন করেছেন যে কারখানাগুলি নেওয়া হচ্ছে সেগুলি আবার মালিকদের ফিরিয়ে দেওয়া হবে কিনা ? এর সম্পর্কে কেন্দ্রীয় সরকারের একটি বক্তব্য আছে। তারা বলেছেন যে জর্জ ফার্নানডেজ বলেছেন যে এই কারখানাগুলি ফিরিয়ে দেওয়া হবে না। এখন এগুলিকে ন্যাশানালাইজ করা হবে কিনা—যেহেতু যে কারখানাগুলি অধিগৃহীত হয়েছে একটা কেন্দ্রীয় আইনের মারফত, এগুলি ফিরিয়ে দেওয়া হবে কিনা সেগুলি চিন্তা করবেন কেন্দ্রীয় সরকার। কিন্তু কেন্দ্রীয় সরকারের শিল্পমন্ত্রীর মুখ থেকেই শুনতে পাচ্ছি যে কোন কারখানা মালিকদের ফিরিয়ে দেওয়া হবে না, তখন আমরা এটা ধরে নিতে পারি যে কোন মালিকদের ফিরিয়ে দেওয়া হবে না এবং প্রত্যেককেই ন্যাশানালাইজ করা হবে। মোটামুটি মাননীয় সদস্যরা যে সব পয়েন্ট এখানে তুলেছিলেন সেগুলির উত্তর আমি দিলাম। তবে মাননীয় অমল রায় মহাশয় একটি কথা বলেছেন এন, টি, সি, মিল সম্বন্ধে। এখন এন, টি, সি, ন্যাশানালাইজ করা হয়েছে। এন, টি, সি, মিল সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকারের কিছু দায়িত্ব আছে, কারণ আমরা শেয়ারহোল্ডার। সেখানে অরাজকতা চলেছে এবং ম্যানেজমেন্ট সম্পর্কে যে কথা অমলবাবু বললেন সে সম্পর্কেও আমরা অবহিত আছি। তবে এইটুকু বলতে পারি যে একটা প্রাথমিক চেষ্টা চলছে এই ম্যানেজমেন্ট-এ—বিশেষতঃ সেকেণ্ড গ্রেড যে সমস্ত অফিসাররা আছেন তাদের শো ধরাবার জন্য প্রচেষ্টা হচ্ছে এবং যারা যারা নানা রকম দুর্নীতির দায়ে অভিযুক্ত তাদের সরিয়ে দেওয়া মোটামুটি সিদ্ধান্ত হয়েছে এবং আস্তে আস্তে তাদের

সরিয়ে দেওয়া হবে অর্থাৎ এক কথায় বলা যেতে পারে এন, টি, সি-তে যে অজিয়নষ্টেবল আছে সেটা আস্তে আস্তে পরিষ্কার করার একটা পরিকল্পনা নেওয়া হয়েছে। আমরা কেন্দ্রীয় সরকারের দৃষ্টি এ ব্যাপারে আকর্ষণ করেছি এবং কেন্দ্রীয় সরকারও অনুভব করেছেন। গত কয়েকদিন আগে জর্জ ফার্নানডেজ যে বিবৃতি দিয়েছেন যে এন, টি, সি, লাভ করেছে কয়েক লক্ষ টাকা, সেখানে বলতে গিয়ে তিনি বলেছেন মধ্যপ্রদেশ এবং পশ্চিমবাংলায় যে ইউনিট তারা মাসে ১ কোটি লোকসান করেছে অর্থাৎ বছরে ১২ কোটি। সুতরাং এই ব্যাপারে কেন্দ্রীয় সরকার এবং আমরা সকলেই অবহিত আছি। এবং এন, টি, সি, মিলে দুর্নীতি আছে এবং যে সমস্ত দুর্নীতিপরায়ণ অফিসার আছেন তাদের সরানোর চেষ্টা হচ্ছে এবং যতশীঘ্র সম্ভব তাদের সরিয়ে দেওয়া হবে। এবং যাতে সুষ্ঠভাবে পরিচালিত হয় তারজন্য প্রচেষ্টা চালানো হবে। এই টুকু বলে আমি আশা করি মাননীয় সদস্যরা আমি যে বিল তাদের সামনে এনেছি সেটাতে তারা সম্মতি দেবেন।

The motion of Dr. Kanailal Bhattacharya that the West Bengal Relief Undertakings (Special Provisions) (Amendment) Bill, 1978, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 3 & Preamble

The question that clauses 1 to 3 and the Preamble to stand part of the Bill was then put and agreed to.

**Dr. Kanailal Bhattacharya** : Sir, I beg to move that the West Bengal Relief Undertakings (Special Provisions) (Amendment) Bill, 1978, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

(At this stage the House was adjourned still 4.15 p. m. )

**শ্রীহবিবুর রহমান**: মিঃ স্পীকার, অন এ পয়েন্ট অফ অর্ডার। আমি মিনিষ্টারের ষ্টেটমেন্ট সম্পর্কে বলছি। খাদ্যমন্ত্রীর আজকে বিধানসভায় কলিং এ্যাটেনশানের উপর খাদ্যের দাম বৃদ্ধির উপর ষ্টেটমেন্ট করার কথা ছিল। তিনি সেটা না করে বাইরে সাংবাদিকদের কাছে করতে পারেন না। কিন্তু তিনি তাই করেছেন। এটা তিনি করতে পারেন কিনা এটা আমি আপনার কাছে জানতে চাইছি।

( গোলমাল এবং এই সময় শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় এবং শ্রীহবিবুর রহমান এবং ডঃ জয়নাল আবেদীন সহ কয়েকজন কংগ্রেস সদস্যকে বাদ-বিতণ্ডায় রত দেখা যায়। )

**মিঃ স্পীকার ঃ** আপনারা একটা কাজ করুন। আপনারা বাইরে গিয়ে ফিজিক্যাল এক্সারসাইজ করুন এবং আমাকে এসে জানান কে জিতলেন। আর একটা জিনিষ, এই হাউসে একটা দীর্ঘদিনের কনভেনসান আছে কোন পার্টি'র লীডার বললে সেই সময় সেই পার্টির কেউ বলেন না। এখন দেখছি এই হাউসের কনভেনসান হয়ে দাঁড়িয়েছে, লীডার যখন বলেন তখন অন্য সদস্যরাও বলেন।

**শ্রীসামসুদ্দীন আহমেদ :** স্যার, দেখুন এখানে তখন হবিবুর সাহেব একাই বললেন তখন ওখান থেকে দু তিনজন এক সাথে বীরেনবাবু এবং আরও কয়েকজন বললেন। উনি তো আপনার দৃষ্টি আকর্ষণ করছিলেন, ওঁদের কিছু বলেন নি।

**মিঃ স্পীকার ঃ** ঠিক আছে উনি পয়েন্ট অফ অর্ডার তুলে দৃষ্টি আকর্ষণ করলেন। আমি খাদ্যমন্ত্রী আসলে তাঁর কাছে জানতে চাইবো তারপর ব্যাপারটা কি আছে দেখবো।

[ 4-20—4-30 P. M. ]

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মিঃ স্পীকার, স্যার, হবিবুর সাহেব যেটা বললেন আমিও সেই ব্যাপারে আপনার এ্যাটেনশন ড্র করছি। আজকে যে ষ্টেটমেণ্ট মিনিষ্টার দিয়েছেন সেটা আগেই খবরের কাগজে বেরিয়েছে। উনি সেই ব্যাপারেই পয়েন্ট অব অর্ডার রেজ করেছেন। আপনি তাঁকে ষ্টেটমেণ্ট দেবার কথা বলেছেন। কিন্তু তার আগেই তিনি সাংবাদিকদের কাছে বলেছেন, খবরের কাগজে ডিটেলস বেরিয়েছে। কাজেই উনি যে ষ্টেটমেণ্ট দিলেন এটা কোয়েশ্চেন অব প্রিভিলেজ এবং মিনিষ্টারের এটা ব্রিচ অব প্রিভিলেজ হয় কিনা—বিকজ উই আর মেম্বারস অব দি হাউস এ্যাণ্ড উই হ্যাভ সার্টেন প্রিভিলেজেস—কাজেই হাউসকে অপমান করা হয়েছে কিনা, এটা আপনার বিচার্য্য বিষয়। বিষয়টিকে এতটা ছোট করে নেবেন না, কেন না, মিঃ স্পীকার, স্যার, এখন হাউস চলছে। মন্ত্রী নিশ্চয় এটা করেছে, কারণ কাগজে সবই বেরিয়েছে। উনি নিশ্চয় বলেছেন। একটা কোয়েশ্চেন দেওয়া হয়েছে, উনি ষ্টেটমেণ্ট দেবেন, কিন্তু তার আগেই প্রেসে দিয়েছেন, এটা ঠিক নয়। এটা নীতি বহির্ভূত হাউসকে অবমাননা করা হয়েছে।

**মিঃ স্পীকারঃ** আমি বিষয়টি বিবেচনা করে দেখব।

**The West Bengal College Service Commission, Bill, 1978.**

**Shri Sambhu Charan Ghosh :** Speaker, Sir, I beg to introduce the West Bengal College Service Commission Bill, 1978.

(Secretary then read the Title of the Bill)

**Shri Sambhu Charan Ghosh :** Mr. Speaker, Sir, I beg fo move that the West Bengal College Service Commission, Bill, 1978, be taken into consideration.

মাননীয় স্পীকার মহোদয়, এই বিলটি অত্যন্ত সংক্ষিপ্ত হলেও এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিল। এই বিলের মধ্যে পশ্চিমবাংলা কলেজ শিক্ষকদের নিয়োগ পদ্ধতি সম্পর্কে একটি বিধি রচনা করা হয়েছে। এতদিন পর্য্যন্ত পশ্চিমবাংলার বিভিন্ন বেসরকারী কলেজ সমূহের অধ্যক্ষ এবং শিক্ষক নিয়োগের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের এ্যাপ্রুভড এবং অর্ডিন্যান্স অনুযায়ী কতকগুলি নিয়ম অনুসরণ করা হত এবং সেইভাবেই অধ্যক্ষ এবং শিক্ষক নিয়োগ করা হত। ১৯৭৫ সালে যখন ওয়েষ্ট বেঙ্গল কলেজ টিচার্স (সিকিউরিটি অব সার্ভিসেস) এ্যাক্ট গ্রহণ করা হয় তখন এই কথা বিস্তারিত ভাবে বলা হয়েছিল যে কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে ওয়েষ্ট বেঙ্গল কলেজ এণ্ড ইউনিভার্সিটি সার্ভিস কমিশন নিয়োগ করা হবে এবং সেই মর্মে আইন প্রণয়ন করা হবে। ১৯৭৫ সালে সার্ভিস সিকিউরিটি এ্যাক্ট সম্পর্কে আইন গ্রহণ করা হলেও সেখানে একটি কথা উল্লেখ ছিল যে যতদিন পর্য্যন্ত না সার্ভিস কমিশন গঠিত হচ্ছে ততদিন পর্য্যন্ত সরকার সিলেকসান কমিটি করে দেবেন এবং সেই সিলেকসান কমিটির মাধ্যমে বিভিন্ন বেসরকারী কলেজে কলেজ শিক্ষক নিযুক্ত হবেন। কিন্তু আমরা লক্ষ্য করলাম ১৯৭৫ সালের আগে যে অবস্থা ছিল ১৯৭৫ সালের পরেও সেই একই অবস্থা অর্থাৎ ১৯৭৫ সালের আগে বেসরকারী কলেজগুলির কলেজ কর্তৃপক্ষ নিজেরাই নিজেদের মনের মত কতকগুলি নিয়ম অনুযায়ী শিক্ষক নিয়োগ করতেন এবং ১৯৭৫ সালের পরবর্তীকালে দেখা গেল সেই একই অবস্থা চলতে থাকল। তার ফলে বিভিন্ন বেসরকারী কলেজে যে শিক্ষক নিয়োগের একটা নির্দিষ্ট মান থাকা উচিত, সেই মান সঠিকভাবে অনুসরণ করা হচ্ছিল না।

তার ফলে বিভিন্ন কলেজে তারা নানান ভাবে দুর্নীতি এবং নানান ধরণের নীতিবিগর্হিত পদ্ধতি অনুসরণ করে শিক্ষকদের নিয়োগ করেছেন যেগুলি এখন

সরকারের কাছে সমস্যা হিসাবে দেখা দিয়েছে। এই বিলের উদ্দেশ্য হচ্ছে, ঐ ধরণের শিক্ষক নিয়োগ বন্ধ করা এবং যাতে সাধারণভাবে আমরা সমস্ত কলেজের শিক্ষকদের একই মানের ভিত্তিতে নিয়োগ করতে পারি তারজন্য একটা বিধি ব্যবস্থা করা। এতদিন পর্য্যন্ত আমরা দেখেছি কলেজের শিক্ষকদের আমাদের রাজ্যে বিভিন্নভাবে নিয়োগ করা হ'ত এবং এক এক শ্রেণীর কলেজে এক এক ভাবে নিয়োগ করা হ'ত। সরকারী মহাবিদ্যালয়ে সেখানে পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে শিক্ষকদের নিয়োগ করা হয়। স্পনসর্ড কলেজের ক্ষেত্রে ডি. পি. আই. সিলেকসান কমিটি করে দেন এবং তার মাধ্যমেই শিক্ষকদের নিয়োগ করার সুপারিশ করা হয় এবং কলেজ কর্তৃপক্ষ সেটা গ্রহণ করেন। আর প্রাইভেট কলেজের ক্ষেত্রে সেখানে সমস্তটাই কলেজ কর্তৃপক্ষের উপর ছেড়ে দেওয়া হয়, তারাই শিক্ষক নিয়োগ করেন। আমরা এই বিলের মধ্যে স্পনসর্ড এবং প্রাইভেট কলেজগুলির জন্য একটা বিধি করতে চাই যে কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে সমস্ত কলেজের শিক্ষক নিয়োগ করতে হবে। সেখানে আমাদের উদ্দেশ্য কি সেটা আমরা পরিষ্কার ভাবে বলেছি। সেখানে প্রথম কথা হচ্ছে, যে ভাবে বেসরকারী কলেজের শিক্ষকদের নিয়োগ করা হ'ত তাতে দুর্নীতিকে প্রশ্রয় দেওয়া হত সেটা বন্ধ করা। দ্বিতীয়তঃ একই মান যাতে সর্বত্র অনুসৃত হয় সেটা অনুসরণ করা। তাতে ইউনিফর্ম ষ্টাণ্ডার্ডের মাধ্যমে সমস্ত কলেজ শিক্ষকদের নিয়োগ করা যাবে। তৃতীয়তঃ, অনেক সময় আমরা সমালোচনা করে থাকি যে উচ্চশিক্ষার মান ক্রমশঃ অবনতির দিকে গিয়েছে এবং সেখানে অন্যান্য কারণের মধ্যে ছাত্রদের বিরুদ্ধেও আমরা কতকগুলি বক্তব্য রাখি কিন্তু একটা কথা পরিষ্কার যে পঠন পাঠনের ক্ষেত্রে যদি যোগ্য শিক্ষক নিয়োগ করার দায়িত্ব আমরা গ্রহণ না করি তাহলে উচ্চশিক্ষার মান আমরা কিছুতেই উঁচুতে রাখতে পারবো না বা সক্ষম হ'ব না। সরকার এই তিনটি দৃষ্টিকোণ দিয়ে বিচার করে এই বিলটি হাউসের সামনে উপস্থিত করেছেন। সেই হিসাবে আমি বলছি যে, একটি কমিশন হবে এবং সেই সার্ভিস কমিশনের ৫ জন সদস্য থাকবেন। সেখানে সেই ৫ জন সদস্য বিভিন্ন বৃত্তি থেকে আসবেন। অর্থাৎ সাধারণভাবে আইনজ্ঞ, তিনি সেই কমিটির সদস্য হতে পারেন, একজন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক সদস্য হতে পারেন, কলেজের অধ্যক্ষ সদস্য হতে পারেন এবং কলেজের একজন শিক্ষকও এর সদস্য হতে পারেন। ৫ জন সদস্য নিয়ে কমিশন গঠিত হবে। যখন কোন কলেজে শিক্ষক নিয়োগ করা হবে তখন কোন বিশেষ বিষয়ে যদি শিক্ষক নিয়োগের প্রশ্ন দেখা দেয় তাহলে সেখানে সেই সম্পর্কে যিনি এক্সপার্ট বিশ্ববিদ্যালয়ের সেই রকম একজন প্রতিনিধি সেখানে থাকবেন এবং চ্যানসেলারের একজন প্রতিনিধি থাকবেন। কলেজের অধ্যক্ষ নিয়োগের

প্রশ্ন যেখানে আসবে সেখানে এই কমিশনকে সাহায্য করার জন্য চ্যানসেলারের প্রতিনিধি এবং বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যানসেলার অথবা একজন প্রতিনিধি সেখানে কমিশনকে এক্সপার্ট হিসাবে সাহায্য করবেন। অর্থাৎ আমরা অত্যন্ত গণতান্ত্রিক পদ্ধতিতে একটা নির্দিষ্ট মানের ভিত্তিতে কলেজের শিক্ষক এবং অধ্যক্ষদের নিয়োগ করার একটা পদ্ধতি প্রবর্তন করতে চাই এবং সেই হিসাবেই এই বিলটা আমি এখানে উপস্থিত করেছি। এখানে কিছু কিছু এ্যামেণ্ডমেণ্ট এসেছে, মাননীয় সদস্যরা তার উপর বলার পর আমি সে সম্পর্কে পরে আমার বক্তব্য রাখার চেষ্টা করবো।

**Shri Birendra Kumar Maitra :** Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th January, 1979.

[ 4-30—4-40 P.M. ]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিল। এর আগের দিন মাননীয় ভূমি সদ্ব্যবহার মন্ত্রী মহাশয় বলেছিলেন যে ফার্ম হোল্ডিং বিলটাকে গ্রামে প্রচার করলে খুব লাভ হবে না কারণ অনেকেই অশিক্ষিত। যাদের নিয়ে এই বিল তারা সকলেই শিক্ষিত। আজকে দেখছি হাউসে এই বিলটা এসেছে। আমি আমাদের এলাকার কলেজ শিক্ষকদের কি বক্তব্য, অধ্যক্ষদের কি বক্তব্য, তাঁরা কি বলতে পারেন, কি ভাবে এটাকে সমৃদ্ধ করা যায় কি না সেই সম্পর্কে কোন অভিজ্ঞতা অর্জন করতে পারিনি। এটা কয়েক দিন হল ক্যালকাটা গেজেটে বেরিয়েছে এবং অনেকে গেজেটও পাননি। কাজেই এটাকে সিলেক্ট কমিটিতে দেওয়া উচিত ছিল বলে আমি মনে করি। যদিও এই বিলটি ছোট তবুও এর গুরুত্ব অনেক বেশী। পশ্চিমবাংলার শিক্ষিত সমাজকে যাঁরা তৈরী করবেন তাঁদের নিয়োগ করবেন, এই বিলে সেই পাওয়ার দেওয়া হয়েছে। কাজেই এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিল। এই বিল দুটোই গুরুত্বপূর্ণ—একটা ফার্ম হোল্ডিং বিল, আর একটা হচ্ছে এইটা। পশ্চিমবাংলার ভবিষ্যত অনেকখানি এর উপর নির্ভর করছে। সে জন্য এই বিলটি জনমত সংগ্রহের জন্য প্রচার করা হোক। যদিও মাননীয় মন্ত্রী মহাশয়ের সৎ উদ্দেশ্য আছে, তবুও সকলের মত গ্রহণ করে আগামী সেসনে যাতে এটা আনা যায় তার জন্য অনুরোধ করবো। এতদিন যখন এটা হয়নি তখন আর কিছুদিন দেরী হলে খুব একটা ক্ষতি হবে বলে মনে করিনা। এই কথা বলে আমার ২২ নম্বর এ্যামেণ্ডমেণ্ট আমি মুভ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসন্দীপ দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় উচ্চতর শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অধ্যাপক শম্ভু ঘোষ যে বিল এই সভায় আনয়ন করেছেন সেটা খুবই প্রত্যাশিত বিল। এই বিল যদিও আমাদের আশা আকাঙ্ক্ষা পরিপূর্ণ ভাবে পূরণ করতে পারেনি। অত্যন্ত সময়োচিত এবং জরুরী এই বিল মাননীয় মন্ত্রী মহাশয় এনেছেন। কিন্তু এটা অত্যান্ত তড়িঘড়ি করে আনা হয়েছে। তার প্রমাণ হচ্ছে যতগুলি এ্যামেণ্ডমেন্ট এসেছে, আপনি দেখবেন, আমাদের বিরোধী পক্ষের কথা ছেড়ে দিলেও, সরকার পক্ষ থেকেও অনেক এ্যামেণ্ডমেন্ট এসেছে। সরকার পক্ষের দায়িত্বশীল ব্যক্তি এবং বিশ্ববিদ্যালয়ের সংগে যুক্ত নানা ভাবে অধ্যাপক নির্মল বোস, অধ্যক্ষ অমিয় ব্যানার্জী তাঁরাও এ্যামেণ্ডমেন্ট দিয়েছেন। কাজেই মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয় এতদিন পরে যে বিল এনেছেন সেটা অত্যন্ত তড়িঘড়ি করে এনেছেন, এটা ওয়েল ড্রাফটেড বিল নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়. ১৯৭৫ সালের ৮ই ডিসেম্বর বিগত বিধান সভায় যখন ওয়েষ্ট বেঙ্গল কলেজ টীচার্স সারভিস সিকিউরিটি ( এ্যামেণ্ডমেন্ট ) বিল, ১৯৭৫ পাশ হয়েছিল তখন তার সংগে সুস্পস্ট এই প্রতিশ্রুতি ছিল যে কলেজ এবং বিশ্ববিদ্যালয়-এর শিক্ষক নিয়োগের ক্ষেত্রে একটা সাভিস কমিশন গঠন করা হবে। আজকে মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয় শুধু কলেজ সার্ভিস কমিশন আনলেন। তিনি যখন বিল উত্থাপন করেন, বিল উত্থাপন করার সঙ্গে তিনি বলেছেন ১৯৭৫ সালের উদ্দেশ্য কি ছিল ? এই ধরনের একটা প্রতিশ্রুতি ছিল, সেই প্রতিশ্রুতির আংশিক ভাবে পালন করতে এগিয়ে এলেন।

তিনি নিশ্চয় ওয়াকিবহাল, কলেজীয় স্তরে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে যেমন অনেক দুর্নীতি চলেছে, বিশ্ববিদ্যালয়ের স্তরেও শিক্ষক নিয়োগের ক্ষেত্রে এমন অনেক দুর্নীতি বহুদিন ধরে চলেছে এবং অতি সম্প্রতি লিংগুইসটিকে একজন প্রফেসরকে নিয়োগ করা হয়েছে কলকাতা বিশ্ববিদ্যালয়ে—আমি আগে এই বিষয়ে বিধানসভায় বলেছি—ডঃ সুনীতিকুমার চট্টোপাধ্যায় ছিলেন যে আসনে, অধ্যক্ষ সুকুমার সেন ছিলেন যে আসনে সেই আসনে একজন বি. এ. ফেল ভদ্রলোককে প্রফেসর হিসেবে নিয়োগ করা হয়েছে। কাজেই এইগুলো সম্পর্কে আমরা উদাসীন থাকতে পারি না। আজকে মাননীয় মন্ত্রীমহাশয় যদি একটা পূর্ণাঙ্গ বিল আনতেন কলেজ সার্ভিস কমিশন এবং ইউনিভার্সিটি সার্ভিস কমিশন ইনকরপোরেট করে ইউনিভার্সিটি সার্ভিস কমিশন বলে একটা কমপ্রিহেনসিভ বিল আনতেন তাহলে সেটা ভাল হোতো। কিন্তু মন্দের ভাল হিসাবে যে বিল এনেছেন সেটাকে আমি অত্যন্ত সময়োচিত বলে মনে করছি। কারণ

পশ্চিমবঙ্গের কলেজীয় শিক্ষার ক্ষেত্রে একটা বিরাট শংকার সৃষ্টি হয়েছে। মাননীয় মন্ত্রীমহাশয় সেদিন এই বিধানসভায় বলেছেন যে ৬৫ টি কলেজ অধ্যক্ষের পদ খালি আছে এবং আমার যতদূর খবর, মন্ত্রীমহাশয় সঠিক সংখ্যা বলতে পারবেন ৩০০-র বেশী অধ্যাপকের পদ বিভিন্ন কলেজে খালি পড়ে রয়েছে। কাজেই এই অবস্থায় দু-তিন বছর ধরে বহু কলেজের কোন এ্যাপয়েনমেণ্ট হতে পারে নি। এমন কি মন্ত্রীরা যাঁরা অধ্যাপনা করতেন, মাননীয় শিক্ষামন্ত্রী অধ্যাপক শম্ভু ঘোষ, অধ্যাপক পার্থ দে, ওঁরা মন্ত্রী হয়ে গেছেন তাঁদের জায়গায় কিভাবে লোক নেওয়া হবে, কিভাবে কলেজ চলবে সে বিষয়ে কোন ব্যবস্থা নেই এবং অনেকদিন ধরে এই অবস্থা চলে আসছে। প্রথমতঃ এক মাসের জন্য অধ্যাপকদের এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়ার কোন এক্তিয়ার ছিল না, কোন অধ্যক্ষের কোন গভর্ণনিং বডির। এর ফলে একটা অচল অবস্থার সম্ভাবনা দেখা দিয়েছিল। তারপর একটা টেমপোরারী ব্যবস্থা হয়েছে। কিন্তু বেশ কিছুদিন একটা সংকটের মধ্যে গেছে, কোন কলেজে লোক নিয়োগ করা যায়নি। তাই আমি মনে করি এই বিলটা তাড়াহুড়ো করে পাশ করা দরকার। এই বিল সম্পর্কে বলতে গিয়ে আমি দলীয় দৃষ্টিভঙ্গীর উর্ধে থেকে আমার বক্তব্য বলার চেষ্টা করছি, এবং শিক্ষক মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে এইটুকু নিবেদন করব, তিনিও যেন তাঁর দলীয় দৃষ্টিভঙ্গীর উর্ধে থাকেন। আমার যে সমস্ত এ্যামেণ্ডমেণ্ট আমি মুভ করেছি সেগুলো বিচার করবেন। আমি আগেই বলেছি এই বিলটা অত্যন্ত তড়িঘড়ি করে আনা হয়েছে তার প্রমাণ হচ্ছে সরকার পক্ষ থেকে এতগুলো এ্যামেনমেণ্ট এসেছে। কাজেই মন্ত্রীমহাশয় যেন শিক্ষক হিসাবে এটাকে বিবেচনা করেন। শুধু সরকার পক্ষ থেকে যে এ্যামেণ্ডমেণ্ট এসেছে সেইগুলো গ্রহণযোগ্য আর বিরোধী দলের লোক সেই হেতু কোন এ্যামেণ্ডমেণ্টের যুক্তিকতা নেই, এই সংকীর্ণ দলীয় দৃষ্টিভঙ্গীর পরিচয় আশা করি তিনি দেবেন না। এই আবেদন রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসামসুদ্দিন আহমেদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র যে বক্তব্য হাউসের সামনে রেখেছেন এই বিল সম্পর্কে, এটা সারকুলেশনে দেবার জন্য বলেছেন, তাঁর বক্তব্য যুক্তিযুক্ত বলে আমি মনে করি। এবং এর সমর্থনে আমি দু-একটি কথা বলতে চাই। মন্ত্রীমহাশয় নিজে বলেছেন যে এটা একটা গুরুত্বপূর্ণ বিল। এই গুরুত্বপূর্ণ কেন তার প্রমাণ এত এ্যামেণ্ডমেণ্ট এসেছে। যাদের সম্বন্ধে বিল তারা কিন্তু নিরক্ষর নন। এবং হাজার হাজার লক্ষ লক্ষ ভবিষ্যতকে যাদের তৈরী করার দায়িত্ব যে প্রতিষ্ঠানগুলোর হাতে আছে সেই প্রতিষ্ঠানগুলো পরিচালনার জন্য যাদেরকে

নেওয়া হবে তাদের সিলেকশনের ব্যাপারটা প্রধানতঃ এর ভিতর আছে এবং এটা একটা ডেডলক অবস্থায় আছে।

[ 4-40—4-50 P. M. ]

কিন্তু নিয়োগ পদ্ধতি সম্পর্কে এই হাউসের বাইরেও যাঁরা শিক্ষাবিদ আছেন তাঁদেরও মতামতেরও প্রয়োজন আছে। সেই জন্য আমার মনে হয় শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র মহাশয় সার্কুলেশনের জন্য ২২ নং এ্যামেণ্ডমেণ্ট যেটা এনেছেন সেটা গ্রহণ করা উচিত। তিনি এই বিলটি আপাতত পাশ না করিয়ে আগামী সেসন পর্যন্ত অপেক্ষা করতে বলেছেন। আগামী সেসান আর ২ মাস পরেই বসবে এবং তখন এই বিলটি সম্বন্ধে আমরা বিবেচনা করতে পারব। ইতি মধ্যে এটাকে সার্কুলেশনে পাঠিয়ে এই হাউসের বাইরে যাঁরা শিক্ষাবিদ আছেন তাঁদের অভিমত জানার সুযোগ আমরা গ্রহণ করতে পারি। আমরা সদস্যরা এটার সম্বন্ধে গেজেট পেয়েছি, দেশের সকলেই সেই গেজেট দেখার সুযোগ পাননি। তাই আমি শ্রীবীরেন্দ্র কুমার মৈত্র মহাশয়ের এ্যামেণ্ডমেণ্টকে মন্ত্রী মহাশয়কে গ্রহণ করতে অনুরোধ করছি। সেই জন্য আমি অনুরোধ করছি আপনি এই গুরুত্বপূর্ণ বিলটি তড়িঘড়ি করে পাশ করাবেন না। এটাকে সার্কুলেশনে দিন। আর একান্তই যদি তা না দেন, তাহলে—যদিও আমি কাগজে কলমে কোন এ্যামেণ্ডমেণ্ট দিইনি, তথাপি আপনাকে অনুরোধ করব আপনি অত্যন্ত এই বিলটিকে সিলেক্ট কমিটির সামনে পেশ করার ব্যবস্থা করুন। এই কয়টি কথা বলে আমি আমার বক্তব্য আপাতত শেষ করছি।

**শ্রী মহঃ সোহরাব:** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় শিক্ষামন্ত্রী যে বিলটি এনেছেন তা তিনি প্রকৃত পক্ষে ১৯৭৫ সালের য়্যাক্টের ৩ নং ডাইরেকসন অনুযায়ী এনেছেন। জনতা দলের সদস্য সন্দীপ বাবু বললেন যে, শিক্ষামন্ত্রী অধ্যাপক মানুষ, সুতরাং তাঁর কাছ থেকে আমরা রাজনীতির উর্দ্ধের শিক্ষা নীতি আশা করব। কিন্তু আমি অত্যন্ত হতাশ হয়েছি যে, সন্দীপবাবু কি ১৬-১৭ মাস ধরে শম্ভু বাবুর কার্যকলাপ দেখে বুঝতে পারেননি যে, তিনি রাজনীতির উর্দ্ধে থেকে কাজ করতে পারছেন না? তিনি মন্ত্রী হবার পর থেকে যেভাবে সমস্ত বিশ্ববিদ্যালয় গুলিকে নিজেদের কুক্ষিগত করবার জন্য সেনেট, সিণ্ডিকেটগুলি ভেঙে দিয়ে প্রকাশ্য ভাবে দলবাজী করতে আরম্ভ করেছেন তাতে তাঁর কাছে রাজনীতির উর্দ্ধের কাজ আশা করা যায় না। এর পর থেকেই তাঁর প্রতি আমাদের শ্রদ্ধা নত হয়েছে। তিনি একজন ভাল অধ্যাপক,

শিক্ষা ক্ষেত্রের সঙ্গে অনেক দিন ধরে সংযুক্ত আছেন এবং শিক্ষা আন্দোলনের সঙ্গে যুক্ত আছেন—তাঁর প্রতি সেই শ্রদ্ধা আমরা হারিয়েছি। প্রকৃত পক্ষে তিনি আলীমুদ্দিন স্ট্রিটের নির্দেশে শিক্ষা সম্পর্কে এই সমস্ত বিলগুলি আনছেন এবং সমস্ত কাজ করছেন। যদিও '৭৫ সালের য়্যাক্ট অনুযায়ী তিনি এই বিল এনেছেন, তথাপি অমরা দেখতে পাচ্ছি শিক্ষাকে নিজেদের দলীয় স্বার্থে কুক্ষিগত করার জন্য আজকে অত্যন্ত চতুরতার সঙ্গে এই বিল এনেছেন। তিনি এটা আলীমুদ্দিন স্ট্রিটের নির্দেশে এনেছেন এবং এর ফার-রিচিং এফেক্ট আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভবিষ্যতে বিভিন্ন কলেজে যে-সমস্ত শিক্ষক অধ্যাপকরা নিযুক্ত হবেন, তাঁরা কিভাবে নিযুক্ত হবেন ? যদিও এই বিলে সেই নির্দেশ দেওয়া আছে, তথাপি আমরা আজকে প্রতি ক্ষেত্রে কি দেখছি ? শিক্ষা ক্ষেত্রে বেশী করে ফ্রিডম দেওয়ার কথা যেখানে আমরা বলে থাকি সেখানে আজকে আমরা দেখছি, শিক্ষাকে কি করে সরকারের কুক্ষিগত করা যাবে তার একটা প্রচেষ্টা।

সুতরাং এইটার ফার রিচিং এ্যাফেক্ট আছে এবং সেইজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি যে বীরেন মৈত্র মহাশয় যে মোসান এনেছেন সার্কুলেসানের জন্য ভালভাবে বিচার-বিবেচনা করার জন্য তা যেন দেওয়া হয় এবং বিভিন্ন ক্ষেত্রে এই জিনিষগুলি ভালভাবে আলোচনা করে যাতে আমরা আরোও সাজেসান দিতে পারি এই অনুরোধ রেখে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Birendra Kumar Maitra that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

**শ্রীহরিপদ ভারতী** ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, উচ্চ শিক্ষার ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে বিল এখানে উপস্থিত করেছেন আমি তাঁর সঙ্গে একমত যে বিলটা আকারে সংক্ষিপ্ত হলেও অত্যন্ত গুরুত্বপূর্ণ। অবশ্য তিনি যে দৃষ্টি ভঙ্গী দিয়ে বিলটা গুরুত্বপূর্ণ বলে মনে করছেন—আমি অত্যন্তঃ দুঃখিত—তাঁর দৃষ্টি-ভঙ্গীর সঙ্গে আমার দৃষ্টি-ভঙ্গীর সর্বত্র মিল হবে না। তথাপি একথা সত্য যে, বিলটা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং এই বিলটা কেন গুরুত্বপূর্ণ বলে মনে করি সেকথা যথা সময়ে ব্যক্ত করবার চেষ্টা করবো কিন্তু তাঁর আগে আমার এক বন্ধু বলেছেন যে বিলটা কালপোযোগী হয়েছে,—আমি ব্যক্তিগত ভাবে মনে করি এই মুহূর্তে বিলটা উপস্থাপন করবার কোন প্রয়োজনীয়তা ছিল না এবং সেইজন্য এই বিলটা আদৌ সময়পোযগী নয়। কারণ আমরা যারা কলেজের সঙ্গে যুক্ত

আছি, আমরা জানি, বন্যা-বিধ্বস্ত পশ্চিমবাংলায় আজকে কলেজগুলির আর্থিক অবস্থা মুমূর্ষু। আমি আশা করেছিলাম মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয় সেই সমস্যার সমাধানের কোন সূত্র আজকে বিধানসভায় আমাদের সামনে দেবেন। কিন্তু মুমূর্ষু কলেজগুলিকে বাঁচাবার জন্য কোন চিন্তা উপস্থিত করলেন না,—আনলেন—একটি বিল। যে বিলের মুখ্য উদ্দেশ্য অধ্যাপক নিয়োগ করা, অধ্যক্ষ নিয়োগ করা এবং সেই নিয়োগ করার ক্ষেত্রে এতাবৎকাল যে দুর্নীতি চলেছে, অযোগ্য ব্যক্তি নিয়োগ করা হয়েছে, কলেজগুলিতে নিজেদের ব্যক্তির স্বার্থ চরিতার্থ করবার জন্য নিজেদের লোককে নিয়োগ করেছেন তা উল্লেখ করেছেন। এখন সরকার চাচ্ছেন এই সার্ভিস কমিসনের মাধ্যমে যোগ্য ব্যক্তি নিযুক্ত হোক, দুর্নীতি দূরীভূত হোক, কলেজগুলিতে পঠন-পাঠন সুষ্ঠু হোক। তাই যদি তাঁর উদ্দেশ্য হয় নিশ্চয়ই আমি তাঁকে স্বাগত জানাবো।

কিন্তু বিলতে তিনি যে কথা প্রকাশ করেছেন আমার মনে হয় মূল উদ্দেশ্য অপ্রকাশ রেখে বলেছেন এবং যা বলেছেন গোপন রেখেছেন তার থেকে অনেক বেশী। গোপন কথাটা আমি আমার মত করে আপনাদের কাছে বলছি। তাঁর এই কমিশনের উদ্দেশ্য হচ্ছে যোগ্য অধ্যাপক নিযুক্ত করা, পঠন পাঠন যাতে ভাল হয়, দুর্নীতি দূর হয় যথাযোগ্য ব্যবস্থা এই নিয়োগের ক্ষেত্রে অবলম্বিত হয় তারই কথা উনি বলতে চাইছেন। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে আমার জানিয়ে দেবার প্রয়োজন নেই উনি আমার চাইতে অনেক বেশী জানেন। আজকে যে পদ্ধতিতে নিয়োগ হয় বেসরকারী কলেজগুলিতে সেখানকার পরিচালক মণ্ডলীর খুশীমত নিজেদের লোক নিয়োগ করতে পারেন এমন কোন ব্যবস্থা নেই তিনি ভাল করেই জানেন। বিশেষ করে পে প্যাকেট সিসটেম চালু করবার পর থেকে সমস্ত নিয়োগের পূর্বাহ্নে সরকার থেকে অনুমোদিত করে নিতে হয় তার একটা নির্দিষ্ট যোগ্যমান মন্ত্রী মহাশয় আমাদের সামনে উপস্থাপিত করেছেন, সেই মানের পরিপ্রেক্ষিতে ম্যাট্রিকুলেশন, স্কুলফাইনাল থেকে এম. এ., এম. এস. সি পর্যন্ত নিযুক্ত করবার আগে সরকারের কাছ থেকে অনুমোদন করিয়ে নিতে হবে। তিনি নির্দিষ্ট মান দিয়েছেন, ক্রমিক সংখ্যা দিয়েছেন এবং তাদের মধ্যে এর যে পার্থক্য নির্দেশ করে থাকেন পূর্বাহ্নে তার অনুমোদন করে নিতে হবে। প্রফেসার নিয়োগ করার ব্যাপারে দুর্নীতি, স্বজনপোষণ এ সবের অবকাশ কোথায়? আমি ব্যক্তিগতভাবে বুঝতে পারি না। আমার মনে হয় তিনি যে কমিশন করছেন তার মধ্যে স্বজনপোষণের ঢালাও ব্যবস্থা থাকতে পারে, উনি তিন জন মানুষ নিয়ে কমিশন গঠনের কথা বললেন কেমন মানুষ, কিভাবে

অধ্যাপক অধ্যক্ষের যোগ্যতার বিচারে কে সর্বশ্রেষ্ঠ প্রমাণ করবেন তা বললেন না তিনি বললেন তিন জন মানুষ নিয়ে কমিশন গঠিত হবে, এটা গণতান্ত্রিক পদ্ধতিতে হচ্ছে বলে ব্যক্তিগতভাবে আমি মনে করতে পারছি না। কমিশনের যে তিনজন মানুষ তারা কিভাবে নিযুক্ত হবে তা উনি বললেন না। তিনজনের মধ্যে এক জন শিক্ষক নেবেন, অন্য দুইজন বিচারক অথবা উচ্চ ক্ষমতাসম্পন্ন ব্যক্তিদের মধ্যে থেকে নিয়ে কমিশন গঠিত হবে, সরকারের মনোনীত ব্যক্তিদের নিয়ে কমিশন গঠিত হলে কোথাও দলীয় সরকারের দলীয় দৃষ্টিভঙ্গী বিসর্জন দিয়ে নিরপেক্ষ বিচার করবেন এ কথা ভাবা অস্বাভাবিক। তাঁরা বিচার করবেন কমিশনে যে এক্সপার্টরা আসবেন, কিন্তু তাঁদের যোগ্যতার বিচার কে করবে ? কলেজে কলেজে এই রকম নিয়োগে বেশী দুর্নীতি হবে। তিনি তাঁদের মধ্যে দিয়ে দুর্নীতি বেশী করে উপস্থাপিত করবেন। কোন অধ্যাপক বা অধ্যক্ষ নিযুক্ত করার ব্যাপার ছাড়াও আরও দুইজন এই কমিশনে নিযুক্ত হবেন। তাঁদের নিযুক্ত করবেন কে ? একজন ইউনির্ভারসিটি কাউন্সিল থেকে ইউনির্ভারসিটির চ্যানসেলার অথবা ভাইসচ্যান্‌সেলার—উপাচার্য্য, সমস্ত বিশ্ববিদ্যালয় অধিকৃত হবার পর ঐ বিশ্ববিদ্যালয় কাদেরকে নিযুক্ত করবেন পারদর্শী হিসাবে ? কে কমিশনের সদস্যরূপে নিযুক্তি করণের এক্সপার্টরূপে থাকবেন—এ কি বলে দেবার প্রয়োজন আছে ? তাঁরা কথা কইবেন, তাদের মতামত নিয়ে যে ব্যক্তিকে নিযুক্ত করতে চাইবেন তাতে নিরপেক্ষ বিচার থাকবে বলে আমি মনে করি না। দলের মানুষ দলীয় দৃষ্টিভঙ্গী নিয়ে দলের বিরুদ্ধে সরকারের নির্বাচিত লোক সরকারী প্রভাব মুক্ত হয়ে নির্বাচন করবেন অবশ্য তাঁরা যদি তা করতে পারেন তাহলে আমরা নিশ্চয় তাঁদের অভিনন্দন জানাব কিন্তু তিনটি অপর পরিবেশের মানুষ, তাঁরা কাজে খুশী করতে পারবেন বলে মনে হয় না, সঙ্গে সঙ্গে আর একটি কথা বলতে চাই এর মধ্যে। এই কমিশনকে ক্ষমতা দেওয়া হচ্ছে যে তাঁরা যা নির্দেশ দেবেন সেই নির্দেশ মহাবিদ্যালয়ের পরিচালক মণ্ডলীরা যদি মনোমত বলে মনে না করেন সম্মত না হন তাহলে তাঁদের অসম্মতির কথা তাঁরা সরকারকে জানাবেন, সরকারী সিদ্ধান্তই শেষ পর্য্যন্ত নিতে হবে অর্থাৎ মহাবিদ্যালয়গুলির কোন স্বাধীনতা নেই তাঁরা পে-প্যাকেট অনুযায়ী শিক্ষক, অশিক্ষক কর্মচারীদের বেতন দিচ্ছেন কলেজের সমস্ত রিফাণ্ডেবল-ননরিফাণ্ডেবল মাণির ৭৫ ভাগ গ্রহণ করে মাত্র ২৫ ভাগ তাদের দিয়ে কলেজগুলোকে মৃত্যুর পথে ঠেলে দিচ্ছেন সঙ্গে সঙ্গে বলছেন আমাদের কমিশন যা নির্দেশ দেবে সেই হচ্ছে চরম।

[4-50—5-00 P.M.]

অর্থাৎ ঐ সার্ভিস কমিশান আর সরকারী সিদ্ধান্তের মধ্যে পার্থক্য থাকতে পারে না কারণ সরকার এই কমিশান নিযুক্ত করছেন অতএব তাঁদের যে সিদ্ধান্ত তাই শেষ পর্যন্ত কার্যকরী হবে। মহাবিদ্যালয়গুলি নিজস্ব কোন স্বাধীনতা থাকবে না এবং সঙ্গে সঙ্গে বলেছেন মহাবিদ্যালয়গুলির কাছ থেকে কমিশন প্রয়োজনীয় ক্ষেত্রে যে কোন তথ্য বা রেকর্ড চাইতে পারেন এবং তারা বাধ্য ঐগুলি সরবরাহ করতে। অর্থাৎ মহাবিদ্যালয়গুলির কোন স্বাধীনতা নেই এরা তাঁদের কলেজ পরিচালনা করবেন ২৫ ভাগ টাকা নিয়ে। কিন্তু পে তাকে দিচ্ছেন বলে সরকারের নিযুক্ত কমিশান .য কোন সময় যে কোন রেকর্ড কলেজগুলির কাছ থেকে দাবী করতে পারবেন এবং তাদের তা পূরণ করতে হবে। আমি মনে করি শিক্ষা মন্ত্রী মহাশয় বলতে পারতেন আমি সরকারীকরন করতে চাই এবং আমরা তাহলে নিশ্চিত হয়ে সরকারকে তখন সাধুবাদ জানাবো এবং আমরাও সরকারী কলেজের টিচার করলে নিজেরা তখন কৌলীন্য পাবো। কিন্তু এটা আমাদের কাম্য নয়। কাজেই এটা গুরুত্বপূর্ণ বিল অন্য অর্থে এবং কোন অর্থে তা আমি বলার চেষ্টা করছি। যে সরকারীকরনের কথা বলেছি নিয়োগের ক্ষেত্রে সেই সরকারীকরন প্রতিষ্ঠা করবার জন্য উনি এই বিল এনেছেন। অন্য এর কোন উদ্দেশ্য এর মধ্যে আছে বলে আমি মনে করি না। আজকে সমস্ত পরিচালক মণ্ডলীর মধ্যে মাঝে মাঝে কেবল তাঁদের লোক নয় এডমিনিষ্ট্রেটার বসিয়ে কলেজগুলির সমস্ত স্বাধীনতা কেড়ে নেবার চেষ্টা চলছে তার মধ্যে আর একটা খবর দিচ্ছি তাঁরা সেখানে নিযুক্ত করছেন তা হচ্ছে সমস্ত কলেজগুলি যত অধ্যাপক ও অধ্যক্ষ নিযুক্ত হবে সেগুলি সব হবে আমাদেরই নিযুক্ত কমিশানের দ্বারা। অর্থাৎ যে পদ শূন্য হবে তা সমস্ত নিযুক্ত করতে হবে আমাদের দলের এবং আমাদের স্নেহ অভিষিক্ত ব্যক্তির দ্বারা অর্থাৎ সমস্ত চাকরী কলেজ কিম্বা বাইরে বা অফিস আদালতে হোক তা সবই আমরা ঠিক করে দেবো, বাইরের লোক কেউ চাকরী পাবে না। তাই মনে করি যে উদ্দেশ্য নিয়ে তিনি এই বিল এনেছেন তার দ্বারা মহাবিদ্যালয়গুলিকে বাঁচানো যাবে না, পঠন পাঠনের উন্নতি হবে না, শিক্ষা জগতের কল্যাণ হবে না এবং দুর্নীতিমুক্ত প্রশাসন কলেজগুলিতে প্রতিষ্ঠিত হবে না। তিনি এনেছেন সরকারী ক্ষমতা বিস্তার করার জন্য এবং সরকারী মনোনীত ব্যক্তিদের চাকরী দেবার জন্য। অতএব কমিশনের আবশ্যকতা কোন দিক থেকে উপলব্ধি করি না। তাই আমি এই বিলের বিরোধীতা করছি—করে আবেদন করবো এই বিল তিনি নিজে পুনরায় পর্য্যালোচনা

করুন এবং উপলব্ধি করার চেষ্টা করুন যে, এই বিলের দ্বারা শিক্ষা জগতের কোন কল্যাণ সাধিত হবে না। এই বিল প্রত্যাহার করে নিয়ে নুতন ভাবে বিল আনুন এই বক্তব্য রেখে আমি শেষ করছি।

**মহঃ সোহরাব**ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের উপর আলোচনায় অধ্যক্ষ হরিপদ বাবু যে কথা বললেন আমি তাঁর সঙ্গে সুর মিলিয়ে বলছি বিলের ফাব রিচিং এ্যাভেক্ট হচ্ছে শিক্ষা জগতে কি ভাবে নগ্ন রাজনীতি প্রবেশ করান যায় তারই চেষ্টা। মন্ত্রী বলেছেন দুর্নীতি দূর করা একটা উদ্দেশ্য। আমরা জানি যে সমস্ত জায়গায় এ্যাডমিনিষ্টেটার নিয়োগ করা হয়েছে তাঁরা হয় সরকারী অফিসার কিম্বা দলীয় লোক—অর্থাৎ সমস্ত শিক্ষা ব্যবস্থাকে কি ভাবে কুক্ষিগত করা যায় তারই চেষ্টা এই বিলের মধ্যে আছে। কারণ কমিশন নিয়োগের ক্ষেত্রে তিনি বলতে পারতেন ষ্টেট গভঃ নিয়োগ না করে ইউ জি সি দ্বারা চেয়ারম্যান ও সদস্য নিয়োগ হবে। কিন্তু তিনি সেটা করলেন না। অতএব ষ্টেট গভঃ বা তিনি দলের উপর থেকে কাজ করবেন সেটা আমরা আশা করতে পারি না। শিক্ষক কর্মচারী নিয়োগের ক্ষেত্রে তাঁরা দলবাজী করছেন। অতএব বিভিন্ন কলেজের অধ্যাপক ও অধ্যক্ষ নিয়োগের এক মাত্র উদ্দেশ্য হচ্ছে নিজের দলের লোককে নিয়োগ করা এরূপ একটি কমিশনের মাধ্যমে। কমিশনের সদস্যের মধ্যে ৩ জনের কথা বলেছেন পরে ২ জনের প্রভিসান রেখেছেন। সরকারী সদস্যদের এ্যামেডমেণ্ট নেবেন আমরা জানি সেখানে প্রথমে তাঁর উদ্দেশ্য হচ্ছে ৩ জনের মধ্যে একজন আর এস পি, একজন ফরোয়ার্ড ব্লক, এবং আর একজন সি. পি. এম নিজের। কিন্তু সি· পি· এম শুনলেন না বলেই ৫ জন করতে হলো—এর ৩ জন সি· পি· এম, ১ জন ফরোয়ার্ড ব্লক, ১ জন আর· এস· পি। সেই জন্য বলতে চাই আপনি যে উদ্দেশ্য নিয়ে বিল এনেছেন তা সফল হবে না, আপনার দলের লোককে আপনি ঢোকাতে পারবেন না। যেমন বিভিন্ন বিশ্ববিদ্যালয় কাউনন্সিগুলিতে দেখছি ২/১ জন দিতে পেরেছেন বেশীর ভাগই সি· পি· এম দলের লোককে নিতে হয়েছে। সুতরাং ৩ নং কলেজ প্রফেসার বা ইউনিভারসিটি লেকচারারের কথা বলেছেন সেখানে আপনি ইউনিভারসিটি রির্ডার বা টিচার অফ এ ইউনিভারসিটি করতে পারতেন। এটা নিয়ে যে এ্যামেডমেণ্ট এসেছে সেটা গ্রহণ করার জন্য অনুরোধ করছি। বিশ্ববিদ্যালয়ের নমিনি হবেন একজন এক্সপার্ট বলে বলা আছে। কিন্তু যতদিন পর্যন্ত না সিলেট বা সিণ্ডিকেটের নির্বাচন না হচ্ছে ততদিন এই কমিশনের কাজ বন্ধ রাখুন। নির্বাচনের পর সিনেট সিণ্ডিকেট থেকে ১ জন করে নমিনি নেওয়া যেতে পারে কারণ বর্ত্তমানে নমিনি

আপনার দলের লোকই হবে। সেইজন্য বলেছিলাম আপনি অত্যন্ত চতুরতার সঙ্গে এই বিল এনেছেন—অর্থাৎ কি ভাবে দলবাজী করা যায় কলেজগুলিতে প্রফেসার প্রিন্সিপাল নিয়োগ করা যায় যার দ্বারা নিজের দলের লোক ঢোকান যায় সে ব্যবস্থা চতুরতার সঙ্গে করেছেন।

[5-00—5-10 P.M.]

আপনারা বলেছেন এই কমিশনের মধ্যে ইউনিভার্সিটির একজন সাহায্য করতে পারে। গভর্নিং বডির বহু ত্যাগের ফলে প্রাইভেট কলেজগুলি প্রতিষ্ঠিত হয়েছে। আপনাদের নিযুক্ত কমিশন যাঁকে রেকমেণ্ড করে পাঠাবেন তিমি যদি কলেজ অথরিটির মনোমত না হন তাহলে তাঁকে ফেরৎ পাঠিয়ে দেবেন, সেখানে স্টেট গভর্ণমেণ্টের ডিসিসান ফাইনাল হবে। এতে দেরী হয়ে যাবে। আজকে বিভিন্ন কলেজে অনেক অধ্যক্ষ এবং অধ্যাপকের পদ খালি আছে। এখানে কি সাজেসান দিতে পারি অধ্যাপক এবং অধ্যক্ষের নিয়োগের ক্ষেত্রে গভর্নিং বডির তরফ থেকে প্রেসিডেন্ট বা প্রিন্সিপ্যালকে, একজন রিপ্রেজেনটেটিভকে যেন নেওয়া হয়? গভর্নিং বডির প্রেসিডেন্ট বা প্রিন্সিপ্যালকে যদি ডাকা হয় টু হেল্প দি সিলেকশান তাহলে দেরী হবে না। এই আইনের মধ্যে গভর্নিং বডিকে কোন রকম সুযোগ-সুবিধা দেওয়া হচ্ছে না অর্থাৎ কমিশন যেটা মিয়োগ করবেন সেটা যদি তাদের মনঃপুত না হয় তাহলে সেটা স্টেট গভর্ণমেণ্টটের কাছে আসবে, স্টেট গভর্ণমেণ্টের ডিসিসান ফাইনাল হবে। ইউনিভার্সিটি থেকে এক্সপার্ট নেবার জন্য যেমন প্রথা আছে তেমনি কলেজের গভর্নিং বডি থেকে দু'জন রিপ্রেজেনটেটিভ যদি নিতে পারেন তাহলে আমার মনে হয় হেল্পফুল হবে। আমরা দেখতে পাচ্ছি এর মধ্যে প্রভিসান আছে যে যাঁরা চেয়ারম্যান হবেন, মেম্বার হবেন তাঁদের জন্য প্রো-ভাইস-চানসেলর, ভাইস-চানসেলরের পোষ্ট রাখা হবে। অর্থাৎ যাঁরা কমিশনের চেয়ারম্যান, মেম্বার হবেন তাঁরা যদি স্টেট গভর্ণমেণ্টের মনোমত কাজ করেন, ৪ বছরের টার্ম, তাহলে তাঁদের একটা প্রাইজ পোষ্ট প্রো-ভাইস-চানসেলর ভাইস-চানসেলরের পোষ্টের লোভ রেখে দেওয়া হচ্ছে। আমাদের মনোমত যদি কাজ কর, আমাদের লোককে যদি অধ্যাপক, অধ্যক্ষের পদে সিলেকসান কর তাহলে ভবিষ্যতে তোমাদের সুবিধা হবে, তোমাদের প্রো-ভাইস-চানসেলর, ভাইস-চানসেলরের পদে উন্নীত করা যাবে।

শেষে একটা কথা বলতে চাই ৫ নং ব্লকে যে সমস্ত জিনিসগুলি বলেছেন—মিস কনডাক্ট, ইনভলভিং মোরাল টারপিটিউড, ইনসলভেন্সি অর ইনফার্মিটি অব

বডি অর মাইণ্ড, এর সঙ্গে আর একটা ক্লজ জুড়ে দিন ইনভলভমেণ্ট ইন এ পার্টিকুলার পলিটিক্যাল পার্টি, এই এই কারণে তাকে সরান যেতে পারে। কোন সদস্য যদি কোন পার্টিকুলার পলিটিক্যাল পার্টির সঙ্গে ইনভলভ হন তাহলে তাকে এই সদস্য পদ থেকে খারিজ করা যেতে পারে। আর একটা কথা হচ্ছে ফাইনানসিয়াল মেমোর‍্যাণ্ডামে যেটা বলা হয়েছে ৫ লক্ষ ৮২ হাজার টাকা, আমি মনে করি তিনি যেভাবে এই কমিশনের পরিকল্পনা করেছেন তাতে তার চেয়ে অনেক বেশী টাকা খরচ হবে। আজকে যেখানে পশ্চিমবাংলা বন্যার ক্ষেত্রে অনেক ক্ষতিগ্রস্থ সেখানে এই লক্ষ লক্ষ টাকা খরচ করার যে পরিকল্পনা করেছেন এটা তিনি খতিয়ে দেখেননি। আমি তাই আপনার মাধ্যমে বলতে চাই এই যে নানারকম পার্টিবাজী করার পরিকল্পনার কথা চিন্তা করেছেন এটা না করে মাননীয় শিক্ষা মন্ত্রী একজন ভাল শিক্ষাবিদ, তিনি বহুদিন কলেজের সঙ্গে জড়িত আছেন, তাঁকে অনুরোধ করব সুস্থ শিক্ষা নীতির কথা চিন্তা করে, শিক্ষাকে দলগত রাজনীতির উর্ধে রেখে এই বিলকে তিনি প্রত্যাহার করে নেবেন, এই বক্তব্য রেখে আমি শেষ করছি।

[5-10—5-20 P.M.]

**শ্রীঅচিন্তকুমার রায়** ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষামন্ত্রী মহাশয় পশ্চিমবঙ্গ মহাবিদ্যালয় কৃত্যক কমিশন বিধেয়ক, ১৯৭৮ যেটা এনেছেন তাকে সমর্থন করতে গিয়ে প্রথমতঃ বলতে চাই যে, পশ্চিমবাংলার শিক্ষিত সমাজের দীর্ঘদিনের যে দাবী ছিল, যেটা এতদিনধরে অবহেলিত হয়ে আসছিল শিক্ষামন্ত্রী মহাশয় সেই বিল উপস্থাপিত করে পশ্চিমবাংলার শিক্ষিত সমাজের সেই আশা-আকাঙ্খা পুরণ করতে যাচ্ছেন। কিন্তু এই ব্যাপারে বিরোধীপক্ষের বক্তব্য যা শুনলাম তাতে আমি দুঃখিত হয়েছি। এটা বামফ্রন্ট সরকার বা মন্ত্রী মহাশয় উপস্থিত করেছেন তা নয়, এর পেছনে শিক্ষিত সমাজের অর্থাৎ কলেজে এবং বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির একটা আন্দোলন রয়েছে। ১৯৭৫ সালে এই বিধানসভায় সিকিউরিটি এ্যাক্ট পাশ করা হয়েছিল। কাজেই সেটা কংগ্রেস সরকার করে যায়নি অথচ করা উচিত ছিল সেটাই মন্ত্রী মহাশয় উপস্থিত করেছেন, এটা কোন গোষ্ঠীর ব্যাপার নয়। এই আন্দোলনের সঙ্গে জনতা পার্টির লোকও ছিলেন। কিন্তু আজকে দেখলাম জনতা পার্টির তরফ থেকে সন্দীপবাবু বললেন, এটা সময়োচিত এবং মন্দের ভাল। কিন্তু হরিপদবাবু ববলেন, এটা সময়োচিত নয় এবং এটা প্রত্যাহার করা উচিত। কাজেই দেখা যাচ্ছে জনতা পার্টি তাঁদের উক্তির মধ্যে স্ববিরোধিতা প্রতিফলিত করছেন।

তাঁরা বাইরের সঙ্গে এটা মিলিয়ে দেখলেই পারতেন। বিহারে কি হয়েছে সেটা আপনারা কাগজে দেখেছেন। পশ্চিমবাংলায় কি অবস্থা ছিল? টোকাটুকি, শিক্ষাক্ষেত্রে নৈরাজ্য, যা খুসী করব এই অবস্থা ছিল। কিন্তু এখন দেখছি এই ব্যাপারে একটা বলিষ্ঠ নীতি নেওয়া হয়েছে এবং সেই নীতির পেছনে লক্ষ লক্ষ মানুষের সমর্থন রয়েছে, সরকারের পেছনে মানুষের সমর্থন রয়েছে। পঞ্চায়েত নির্বাচনের পর এঁরা আতঙ্কগ্রস্ত হয়েছেন কারণ বাস্তুঘুঘুর বাসা ভেঙ্গে গেছে, কায়েমীস্বার্থ ভেঙ্গে গেছে।কাজেই এই কলেজ শিক্ষার ক্ষেত্রেও তাঁদের যেটা ছিল সেটা আর থাকবে না বলে তাঁরা আতঙ্কগ্রস্ত হয়েছেন। জনতা পার্টির তরফ থেকে যে বক্তব্য রাখা হয়েছে সেটা আমি আশা করিনি। কংগ্রেসের তরফ থেকে সোহরাব সাহেব কেন এই মন্তব্য করলেন আমি জানি না। কলেজ এবং শিক্ষক সমিতির যে সংগঠন রয়েছে সেখানে তাঁদেরও নেতৃত্ব রয়েছে এবং কাগজে দেখবেন তাঁরাও এটা চাচ্ছেন। অথচ তাঁরা এখানে এর বিরোধিতা করছেন। আমার নিজের একটা সংশোধনী রয়েছে এবং সেই সংশোধনীতে আমি বলেছি কমিশনে ৫জন সদস্য রাখা উচিত। তবে আরও ২ জনের কথা যা বলা হয়েছে সেখানে বিরোধ হবে কমিশনের সঙ্গে কলেজের সঙ্গে এই যে কথা বলা হচ্ছে সে সম্বন্ধে নিশ্চয়ই বিবেচনা করা হবে। তবে এটা ঠিক এর মাধ্যমে সমস্যা সমাধানের কথাই বলা হয়েছে। আমি বুঝতে পারছি না এতে দুর্নীতি, স্বজনপোষণ এসব কথা কি করে আসে? পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে সরকারী কলেজে এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়। পশ্চিমবাংলার শিক্ষিত লোক যাঁরা চাকুরী করতে আসবেন তাঁরা সকলেই কি বামপন্থী লোক? সেটা হলে তো ভালই হোত। আসল কথা হচ্ছে পঞ্চায়েত নির্বাচনের পর এঁদের মনে একটা ভয় ঢুকে গেছে। স্যার, এঁরা করেছিল কি, না সব জায়গায় কেবল নিজেদের লোক এবং দলীয় লোক।

যুক্তি যেখানে হারা সেখানে চিন্তাও হারা হবে এবং সেখানে এইসব প্রশ্ন তোলা ছাড়া আর দ্বিতীয় কিছু আছে বলে আমার অন্ততঃ কিছু মনে হচ্ছে না। আসলে কিন্তু মন্ত্রী মহাশয় এই বিল এনে সত্যিই পশ্চিমবাংলার শিক্ষা ক্ষেত্রে যে সাব ষ্ট্যাণ্ডার্ড বড় অবস্থা চলছিল তাতে একটা সুস্থতা আনার চেষ্টা করেছেন। আমরা দেখেছি কোন কলেজে উপরে উপরে হয়তো একটা বিজ্ঞাপন দিলো কিন্তু ভেতরে ভেতরে নেওয়া হল। এইটা আমাদের চোখে আমরা দেখেছি চলে আসছে। আমরা এও দেখেছি অধিকাংশ কলেজগুলির ক্ষেত্রে মিলিয়ে নেবেন, আমি দু একজন সম্পর্কে মন্তব্য করতে চাই না, কিন্তু অধিকাংশ কলেজগুলির ক্ষেত্রে আমরা দেখেছি গত ৫/৭

বছরে অনেক নিয়োগ হয়েছেন, কোনও প্রিন্সিপ্যালেরই কলেজ চালাবার সম্পর্কে কোন যোগ্যতা নেই। আমি এই বিধানসভায় দাঁড়িয়ে বলতে পারি ভালভাবে বিচার বিবেচনা করলে দেখা যাবে বহুক্ষেত্রে অন্যায়ভাবে অন্যপথে নিয়ে চলেছেন। গত ৫/৭ বছর ছাত্র সমাজের একাংশ যারা দুর্নীতিগ্রস্ত এবং ভুল পথে যারা তাদের রাজনৈতিক চিন্তা দ্বারা চালিত করেছিল তাদের স্বার্থসিদ্ধি করার জন্য এইসব অধ্যক্ষদের নিয়োগ করা হয়েছিল। শিক্ষার স্বার্থে তাদের নিয়োগ করা হয়নি। সেটা কি চলবে? শিক্ষার স্বার্থে, জনগণের স্বার্থে, অভিভাবকদের স্বার্থে শিক্ষাকে পরিচালিত করতে হবে। কাজেই এই বিলের মধ্যে সেই ধরণের চিন্তাধারা, বলিষ্ঠ মতবাদ এবং পরিণত সামর্থ্য—তার মধ্য দিয়ে শিক্ষাকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করা হয়েছে। তারজন্য আমি এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

থ্যাংক ইউ স্যার।

শ্রীসামসুদ্দীন আহমেদ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইতিপূর্বে পূর্ববর্তী বক্তার বক্তৃতা শুনছিলাম এবং জানতে পারলাম তিনি একজন অধ্যাপক। এই যদি অধ্যাপকের বক্তব্য হয় তাহলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি নিশ্চিত থাকবো, কমিউনিজম আর আসবে না। আর একটা কথা, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মনে হচ্ছে, বিলটা পড়ার পর হঠাৎ মাথায় খেলে গেলো, কি যেন একটা এই রকমই দেখেছি। এই রকম কি দেখেছি? ইতিপূর্বে ব্লক লেভেল কমিটি দেখেছি। তাতে কি দেখেছি? মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাতে দেখেছি যে প্রত্যেক পারটির প্রতিনিধি থাকবে। কিন্তু দেখা গেলো কি? নিয়ে যে কিন্তু হচ্ছে না। এক, এক, করে তিন হচ্ছে—আর, এস, পি, এক, সি, পি, এম—এক ফরওয়ার্ড ব্লক—এক। দেখা গেলো সি. পি. এমের প্রাধান্য বোধহয় হবে না। তাই আবার দু জনের প্রভিসান করা হলো। আমরা দেখেছি ব্লক লেভেল কমিটিতে ফ্রন্ট কমিটির নাম করে ওখানে যায়। কিন্তু ফ্রন্ট কমিটির নাম করে রাজত্ব করছে কারা? সি. পি. এম বন্ধুরা। কে এই সিদ্ধান্ত নিল, সিদ্ধান্ত কার—না,—ফ্রন্ট কমিটির সিদ্ধান্ত। ফ্রন্ট কমিটিযা বলে দিয়েছে তাই হবে—এখানে ফরওয়ার্ড ব্লক, আর. এস. পি ওদের কোন কিছু বক্তব্য নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেখতে পাচ্ছি, কমিশনে তিনজন নেওয়া হবে—কে নেবেন, শম্ভুবাবু নেবেন, পশ্চিমবঙ্গ সরকার নেবেন। শম্ভুবাবু ধীরস্থির মানুষ, অধ্যাপক মানুষ। তিনি অতি সুন্দরভাবে, সুষ্ঠভাবে, পদক্ষেপ নিয়ে এগিয়ে যান।

[5.20—5.30 P.M.]

কিন্তু তিনি যে জাল ফেললেন সেটা নিজেদের স্বার্থ সিদ্ধির জন্য এমনভাবে ফেললেন যাতে বড়বড় মাছ তাঁদের হাতে থাকে এবং বাকীগুলো এদিক ওদিক ফসকে যায়। স্যার, এই কমিশম করবে পশ্চিমবঙ্গ সরকার। আমরা বলেছিলাম এই বিল সার্কুলেসনের দেওয়া উচিত অভিমত গ্রহণ করবার জন্য। এত গুরুত্বপূর্ণ ক্ষমতা যাঁদের হাতে দেওয়া হচ্ছে তাঁদের এ্যাপয়েন্টমেন্ট খেয়াল খুশীমত হবে? স্যার, আমাদের যাঁরা সমর্থক তাঁরা অনুরোধ রেখেছিল যে কলেজে দলবাজী করা চলবে না। কিন্তু আমি দেখলাম কলেজের অধ্যাপকদের দলবাজী শেখাবার জন্য এমন কায়দা করে তিনি বলেছেন। তিনি পরিস্কার করে কিছু বলেননি, ভেগ—ভাবে বলেছেন। তিনি বলেছেন, '৩ জন সদস্যকে নিয়ে একটা কমিশন গঠণ করবেন এবং তার মধ্য থেকে একজন সভাধ্যক্ষা হইবেন এবং রাজ্য সরকার যদি অপর সদস্য নিযুক্ত করা প্রয়োজন মনে করেন তাহা হইলে অনধিক ২ জন অপর সদস্য নিযুক্ত করিতে পারিবেন। তাহলে দেখা যাচ্ছে ৫ জন কিন্তু এল। তা যদি হয় তাহলে এই ৩/৫ এসব করার মানে কি? আপনাদের মধ্যে হয়ত মতবিরোধ হতে পারে সেইজন্য আরও ২ জন রাখা হল। আমার মনে হয় একটা রক্ষা কবচ হিসেবে এই ২ জনকে রাখা হয়েছে এবং এটা একটা কায়দা করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আর একটা জায়গা লক্ষ্য করবার আছে। কমিশনকে সাহায্য করবার জন্য শিক্ষক নিযুক্ত করবার ব্যাপারে উপাচার্যের লোক থাকবেন এবং বিশ্ব বিদ্যালয়ের লোক থাকবেন। বিশ্ব বিদ্যালয়ের ব্যাপারে আপনি জানেন সুপারসিড করার পর অর্থাৎ গলা কাটার পর নিজেদের লোক সেখানে বসিয়ে দিয়েছেন। কাজেই বিশ্ব বিদ্যালয় বলতে আমরা ওই কথাই বুঝব যে, দলবাজী করবার জন্য নিজেদের লোক পাঠাবেন। অর্থাৎ শম্ভুবাবু যা বলবেন তাই হবে, তার বাইরে কিছু হবে না। কাজেই ওখানে আপনারা পেয়ে গেলেন ২ জন লোক।

সুতরাং আবার সোজা রাস্তা হয়ে গেল। আবার নিজেদের দলের লোকদের আনবার রাস্তা আপনারা করে দিলেন পরিস্কার ভাবে। এতে কিন্তু সি. পি. এম.-এরই লাভ বেশী আছে, জয়ন্তবাবুর বেশী লাভ হবে না, আর. এস. পি.-র বেশী লাভ হবে না। যাই হোক, আমার বক্তব্য হচ্ছে এই, প্রত্যেক পদক্ষেপে দেখতে পাওয়া যাচ্ছে এই জিনিস হচ্ছে। গভর্নিং বডি একটা আছে মাননীয় অধ্যক্ষ মহাশয়—কিন্তু সেই গভর্নিং বডি কেন আছে এটা আমরা জানতে চাই। সেখানে

কে আছে আমরা জানতে চাই। গভর্নিং বডি কিছু জানল না, তাদের কোন প্রতিনিধিকে নেওয়া হল না। কমিশন পরামর্শ নিলেন কাদের? আবার সেই শম্ভুবাবুর সংঙ্গে পরামর্শ করলেন। অর্থাৎ ইউনিভার্সিটির তরফ থেকে, উপাচার্য্যের তরফ থেকে, আচার্য্যের তরফ থেকে যারা গেলেন তারা কিন্তু গভর্নিং বডির লোক নন। অধ্যক্ষ কিছু জানলেন না, গভর্নিং বডি কিছু জানল না—আমার বক্তব্য হল তাহলে এটা কি গণতান্ত্রিক হল? জয়ন্তবাবু আগে শুনুন, শুনে তারপরে বলবেন। আপদাদের কি দশা হবে সেটা আপনারা এখন বুঝতে পারছেন না। এখন আপনাদের শুনতে খুব ভাল লাগছে, পরে আপনারা বুঝবেন। কাজেই গভর্নিং বডিকে কিছুই গুরুত্ব দেওয়া হল না। আবার একটি জায়গায় আপনারা গভর্নিং বডিকে কিছুটা সুযোগ দিয়েছেন বলছেন। যদি কোন গভর্নিং বডি বলেন না করতে তাহলে ঐ মতামত সহ আপনার কাছে পাঠাতে পারে—কিন্তু যদি পাঠায়ও তাহলেও কিন্তু গভর্নিং বডির মতামত গ্রহণ করা হবে না—এখন যদি সেটার বিচার বিবেচনা হয় হবে, আর না হয় যে সিদ্ধান্ত কমিশন দেবেন সেটাই হবে ফাইন্যাল। বীরেনবাবু, চীৎকার করে কোন লাভ নেই, গণতন্ত্রের নামে চীৎকার করে গণতন্ত্রের গলা টিপে টিপে একেবারে শেষ করতে আরম্ভ করেছেন। উচ্চ শিক্ষা জগত আসতে আসতে আপনারা নিজেদের মত লোক ঢোকাতে আরম্ভ করছেন। জয়ন্ত-বাবু, আপনি মনে রাখুন যতই হাহা করুন, এখন বুঝবেন না, পরে বুঝবেন। শম্ভুবাবুর লোকেরা, ফরওয়ার্ড ব্লকের লোকেরাই বেশী প্রাধান্য পাবে। অবশ্য রক্ষা কবচ একটা করছেন, ঠিক আছে। অধ্যক্ষ মহাশয়, তড়িঘড়ি করে এই বিল আনা হয়েছে। আমরা ভেবেছিলাম বিলটি সারকুলেসানে দেওয়া হবে। কিন্তু জনমত সংগ্রহের জন্য দেওয়া হল না। আমি আর একটি প্রস্তাব করেছিলাম সারকুলেসানে একান্ত না দেওয়া হলে অন্ততঃ সিলেক্ট কমিটিতে পাঠানো হবে। সিলেক্ট কমিটিতে গেলে কিছুটা সময় পাওয়া যেত আলোচনা করার, কিন্তু সে সম্ভাবনা রইল না। আমরা ভোটে হেরে গেলাম, তাতে কিছু যায় আসে না। আসল উদ্দেশ্য আপনাদের সাধিত করার জন্য এটা করা হল। কাজেই বিলটি আজকে যেভাবে এসেছে তাকে কিছুতেই সমর্থন করা যায় না। এখানে বহু জিনিস সাপ্রেষ্ট করা হয়েছে এবং গণতন্ত্রকে হত্যা করার একটা বিরাট অস্ত্রশস্ত্র আনা হয়েছে। কাজেই একে সমর্থন করব কি করে? তাই আমি কিছুতেই একে সমর্থন করতে পারছি না।

**শ্রীনির্মল কুমার বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রীশম্ভু চরণ ঘোষ পশ্চিমবঙ্গ মহাবিদ্যালয় কর্ত্তক কমিশন বিধেয়ক ১৯৭৮, যে উত্থাপন করেছেন

আমি তাকে সর্বান্তঃকরণে সমর্থন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন একটি রোগ আছে, ইংরাজীতে সেই রোগের নাম হচ্ছে জন্ডিস, বাংলায় বলে ন্যাবা—এই রোগ যাদের হয় তারা চোখে সরষের ফুল দেখে। সব কিছুকেই তারা হলদে দেখে—সাদা, কালো, সবুজ, নীল সবকিছুই তাদের কাছে হলদে। আমাদের বিরোধী পক্ষের সদস্যদেরও তাই হয়েছে। ওদের চোখে আজ শুধু দলবাজি ছাড়া কিছুই নেই। কোন কিছুর মধ্যে এটা ছাড়া তারা আর কিছুই খুঁজে পান না। যদি প্রকৃতই একটা ভাল বিল আনা হয় তাহলে ওরা তার মধ্যে অনুবীক্ষণ যন্ত্র নিয়ে বসেন দলবাজী কোথায়—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত বিস্মৃত হয়েছি। কারণ আমাকে অনেকে জিজ্ঞাসা করেছেন এই যে বিলটি এসেছে এটা কি হবে? সর্বসম্মতিক্রমে পাশ হবে? এই বিলটি কেন এসেছে? এসেছে এই কারণে যে বেসরকারী কলেজ শিক্ষকদের সর্বসম্মত দাবীর ভিত্তিতে—আমি অত্যন্ত গর্বের সঙ্গে বলি যে পশ্চিমবঙ্গে যখন বিভিন্ন স্তরে শিক্ষক আন্দোলন ব্যাপকভাবে হয় তখন কলেজ শিক্ষকদের মধ্যে কোন বিভেদ নেই দেখেছি—দলমত নির্বিশেষে সেই আন্দোলন হয়েছিল। সেখানে বামপন্থীরা যেমন ছিল, সি. পি. এম., ফরওয়ার্ড ব্লক, আর. এস. পি., জনতা পার্টি, কংগ্রেসও তেমনি ছিল এবং আমরা মিলিত সংগঠনের মধ্যে কাজ করি এবং সেই সব সংগঠন থেকে দীর্ঘকাল ধরে সর্ব সম্মতিক্রমে বিভিন্ন সম্মেলনে আমরা সকলে মিলিত ভাবে প্রস্তাব করেছি এবং সেই সম্মেলনে অধ্যাপক ভারতীও ছিলেন। তাঁর উপস্থিতিতে সর্বসম্মতিক্রমে প্রস্তাব হয়েছে এই জাতীয় সার্ভিস কমিশন আমরা চাই, যে সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক দিলীপ চক্রবর্তী ছিলেন, যিনি জনতা পার্টির নেতা, কংগ্রেসের নেতারাও সেখানে ছিলেন এবং সেখান থেকে এই দাবী করা হয়েছে। তারা সকলে মিলে এই প্রস্তাব করেছেন এবং সেই প্রস্তাবের ভিত্তিতে এই বিলটি আজকে এসেছে। আজকে এখানে কংগ্রেস দল প্রতিবাদ করছেন। ১৯৭৫ সালের আইন আমার কাছে আছে, আমি তার থেকে পড়ে শোনাচ্ছি।

[5-30—5-40 P.M.]

১৯৭৫ সালে এই বিধানসভা যে আইন পাশ করেছিলেন সেই আইনের নাম হচ্ছে The West Bengal College Teacher's Security' Secretary of Services Act, 1975. তাতে কি আছে? তার তিন ধারায় আছে—

(3) appointment to the post of a teacher shall be made by the Governing Body on the recommendations of the University and College Service Commission to be constituted by the State Govt.

এই বিল পাশ করেছেন শ্রী সিদ্ধার্থ শঙ্কর রায়ের মন্ত্রীসভা। স্যার, এই বিল পাশ হয়েছে যখন ঐ ওরা অনেকেই বিধানসভার সদস্য ছিলেন এবং অনেকেই মন্ত্রী ছিলেন। তারা সেদিন এই প্রস্তাব পাশ করেছেন। আমরা বিরোধী দলে যারা ছিলাম আমরা অভিনন্দন জানিয়েছিলাম। সেই সরকার যদি কমিশন করতেন আমরা বলতাম ঠিক হয়েছে। সরকারের হাতে নেওয়ার চেয়ে, গভর্নিং বডির হাতে নেওয়ার চেয়ে নিরপেক্ষ কমিশনের হাতে দিন। বিরোধী দলের কি ভূমিকা সেটা আমরা জানি। সরকার ডান হাতে ভাত খেলে বিরোধীদল বাঁ হাতে ভাত খাবে? এরা তো তাই করছেন। সরকার ভাল কাজ করলেও নিন্দা করতেই হবে তাই নিন্দা করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেশ বিভাগের আগে ইংরাজ আমল যখন ছিল তখন আমরা জানি, যে কোন শিক্ষা বিল এলে সেখানে বিতর্কের মান খুব উঁচু হ'ত। এই পশ্চিমবঙ্গ বিধানসভাতেও পরবর্তীকালে কংগ্রেস আমলে বিরোধী-দলের সদস্যরা যে কোন শিক্ষা বিল নিয়ে—১৯৬৫ সালে কোলকাতা বিশ্ববিদ্যালয় বিল পাশ হয়েছে, আমরা বিধানপরিষদের আলোচনা করেছি, আমাদের বন্ধুরা বিধানসভাতে আলোচনা করেছেন—যে বিতর্ক করতেন সেখানে আমরা দেখেছি বিতর্কের মান কত উঁচুতে ছিল। আজকে আমি খুব দুঃখিত ব্যথিত হলাম বিতর্কের মান দেখে। বিরোধীদলের নেতা এখানে উপস্থিত আছেন তিনিও আশা করি সেটা বলবেন। আমরা কি দেখলাম—বীরেন মৈত্র—জনতা পার্টির—সার্কুলেশান মোশান আনলেন। সন্দীপ দাস মহাশয় বিরোধীতা করবার জন্যই বক্তৃতা করলেন। এসব অদ্ভুত লাগলো আমার কাছে। তারপর অধ্যাপক হরিপদ ভারতী, যাঁকে আমি অত্যন্ত শ্রদ্ধা করি তিনি বক্তৃতা করলেন—বিলটা ভাল করে পড়েও দেখেন না, পড়বার তো দরকার নেই, বিরোধিতা করতে হবে তাই তিনি বলে গেলেন। তিনি বললেন, কলেজ শিক্ষকদের নিয়োগের সময় দুজন বিশেষজ্ঞ নেওয়া হবে—একজন বিশ্ববিদ্যালয়ের কাউন্সিল দেবেন, আর একজন উপাচার্য্য দেবেন—দুটোই এক। এখানে কি লেখা আছে আমি সেটা তাঁকে পড়ে দেখতে বলি। ক্লাস সেভেন প্রভাইসো ওয়ানটা পড়ে দেখুন। সেখানে লেখা আছে একজন বিশ্ববিদ্যালয় পাঠাবেন এবং আর একজনকে চ্যানসেলার পাঠাবেন। পড়েও আসেননি বক্তৃতা করবেন কি করে? ভাল বক্তা, শিক্ষিত ব্যক্তি কিন্তু পড়বার

দরকার বোধ করাটা ছেড়ে দিয়েছেন। তারপর সোহরাব সাহেব, শিক্ষক আন্দোলনের নেতা, আমরা আশা করেছিলাম কিছু ভাল কথা তিনি বলবেন। কিন্তু তার তো দরকার নেই, কেবল দলবাজি, দলবাজি দলবাজি—এই কথা তিনি বলে গেলেন।

একটা বলতে হবে তাই বললেন। চ্যানসেলর তো গভর্ণর ( শ্রী মহম্মদ সোহরাব আমি ভাইস-চ্যানসেলর বলেছি ) আমার কথা হচ্ছে এই যে দৃষ্টিভঙ্গী যে ভাল কাজ করলেও বিরোধীতা করতে হবে—এই দৃষ্টিভঙ্গী আপনারা ছাড়ুন। পার্লামেণ্টারী সিস্টেমে বিরোধীতা এই জিনিষ নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল পশ্চিম-বাংলার কলেজ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক আন্দোলনের সর্বসমস্ত দাবীর ভিত্তিতে এসেছে। এটার কেন প্রয়োজন হল ? এটার প্রয়োজন এই কারণে হয়েছে—এর আগে কি ছিল নিয়োগের ব্যাপারে ? বিধানসভার একজন সদস্য বললেন যে লক্ষ লক্ষ টাকা খরচ করে গভর্নিং বডি কলেজ করছে নিয়োগ তাঁরা করবেন না ? নিশ্চয়ই করবেন না। টাকা যাঁরা নিয়োগ করবেন, চাকর রাখবেন—এই জমানা চলে গেছে। এই জিনিস আমরা বন্ধ করতে চাই। এতদিন এই জিনিষ হয়েছে। আমরা দেখেছি যে প্রাইভেট কলেজে নিয়োগ হত গভর্নিং বডির সদ্যদের খেয়ালখুসি মত। কোনরকম যোগ্যতা বিচার না করে নিজেদের আত্মীয় স্বজন এবং পেয়ারের লোকেদের নিয়োগ করা হত। এতে শিক্ষাক্ষেত্রে মান অনেক নেমে গেছে, শিক্ষকের মান নেমে গেছে, সমাজের সম্মান নষ্ট হয়ে গেছে। গ্রামে মফঃস্বলে আমরা দেখেছি এবং শুনেছি যে গভর্নিং বডির অমুক মেম্বারকে একটু হাতজোড় না করা হলে, একটু সেবা না করলে, তাঁর বাড়ীর বাজার না করে দিলে, একটু দাদা না বললে চাকুরী পাওয়া যায় না। এই সব জিনিষ হয়েছে। তারপর শিক্ষক আন্দোলনের বিরোধিতা করেছে। অবশ্য এই বিরোধিতার ফলে কিছুটা উন্নতি হয়েছে। সেই উন্নতিটা কি ? বিশ্ববিদ্যালয় নিয়ন্ত্রণ হয়েছে। গভর্নিং বডি সিলেকসান কমিটি করবেন কিন্তু বিশ্ববিদ্যালয় থেকে একজন বিশেষজ্ঞ পাঠাতে হবে। যদি ইংরাজীতে শিক্ষক নিয়োগ করতে হয় বিশ্ববিদ্যালয়কে জানাতে হবে এবং বিশ্ববিদ্যালয় একজন বিশেষজ্ঞ পাঠাবেন। কিন্তু এটা হল না, ২ দিক থেকে বাধা এল। এক হচ্ছে, যে মুহুর্ত্তে কলেজ থেকে প্রস্তাব গেলো যে সিলেকশান কমিটি আমরা করতে চাই নাম পাঠাও অমনি বিশ্ববিদ্যালয়ের ৪ পাশে কড়িডোর প্রাকটিস শুরু হল, লবিং আরম্ভ হয়ে গেল যে, অমুককে দিন, অমুককে দিন, এইভাবে বিশেষজ্ঞ পাঠান হত। তারপরে মফঃস্বলে কোথাও গেলেন সিলেকশান কমিটি বসছে মেয়ের বিয়ের বাজার হয়ে গেল—ইলিশ মাছ ধর, পানতুয়া কর, মুরগী কাট ভাল করে এক্সপার্টকে খাওয়াও আমি যাকে

চাই তার যাতে হয়। আর কি হল ? আর হল ২ মাস আগে থেকে একজনকে নিয়োগ করে দেওয়া হল যাতে সিলেকশান কমিটি দেখুন ভাল কাজ করছে।

( গোলমাল )

শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েণ্ট অব অর্ডার, বিলের উপর বক্তৃতা করতে গিয়ে উনি বিয়ের বাজার করছেন। আজকে বিলের উপর বক্তব্য রাখতে গেলে এই জিনিষ তিনি বলছেন কেন বুঝতে পারছি না।

শ্রীনির্মলকান্তি ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুই মাস আগে থেকে নিয়োগ করে বলা হত যে খুব ভাল কাজ করছে। এইভাবে অযোগ্য লোকেরা নিযুক্ত হতেন। স্পনসর্ড কলেজের ব্যাপারে কি হত ? সরকারের প্রভাব বেশী পড়তো। এই কারণে আমরা এই দাবী করেছি যে সরকার একটা নিরপেক্ষ কমিশন করে দিন। ভাল লোকদের নিয়ে সেই কমিশন তাঁর নিজের নিয়ম কানুন তৈরী করে, বিজ্ঞাপন দিয়ে অধ্যক্ষদের এবং অধ্যাপকদের লিষ্ট তৈরী করবেন এবং সেই লিষ্ট থেকে বিভিন্ন কলেজে নিয়োগ করতে হবে। আগেকার প্রাইভেট কলেজে যে একেবারে বেসরকারী ব্যবস্থা ছিল এবং পরবর্ত্তীকালে বিশ্ববিদ্যালয় এবং গভর্নিং বডির যৌথ ব্যবস্থা এবং স্পনসর্ড কলেজের যে সরকারী ব্যবস্থা, এই সব ব্যবস্থা থেকে এই জিনিষগুলি ভাল। সেই কারণে আমরা এই দাবী করেছি এবং এটাকে সমর্থন করেছি। মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী কতগুলি কথা বলেছেন, আমি সেগুলির প্রতি স্মরণ করিয়ে দেই। আজকে এটা করা হলে, এর ফলে কি হবে ? এর ফলে সমস্ত শিক্ষাক্ষেত্রে একই মান হবে। সমস্ত কলেজ—সেই দীনহাটা কলেজ আর কলকাতার বড় কলেজে একই ধরণের শিক্ষক নিযুক্ত হবেন, একই ধরণের লোক হবেন, একই কমিশন বসে ঠিক করবেন।

[5-40—5-50 P.M.]

যেভাবে সরকারী চাকরীর ক্ষেত্রে পাবলিক সার্ভিস কমিশন, কি রাজ্যে কি কেন্দ্রে করেন একই প্যাটার্ণে সেই জিনিষ আমরা করতে চাই। সরকারী স্কুল এবং কলেজের ক্ষেত্রে সেইরকম জিনিষ আছে। আজকে দার্জিলিং কলেজে যেরকম শিক্ষক পাওয়া যায়, কলকাতায় সেইরকম পাওয়া যায় কিন্তু দুঃখের বিষয় আজ মফস্বলের প্রান্তের কলেজের এবং কলকাতার কলেজে এরকম শিক্ষক পাই না। সেই

জিনিষটা হবে, শিক্ষকদের মর্য্যাদা বাড়বে—যোগ্য শিক্ষক নিযুক্ত হবার পরও লোকে ভাবে মামার জোরে, অমুকের জোরে সে চাকরী পেয়েছে। কিন্তু একটা সার্ভিস কমিশনের ভিতর দিয়ে উত্তীর্ণ হয়ে যিনি আসবেন তাঁর মর্য্যাদা বাড়বে এবং তিনি ভাল ভাল কাজ করতে পারবেন। এই সব কারণে আমি এটাকে সমর্থন করি। আমার সংশোধনী কয়েকটি আছে, আমি পরে বলব। আগে দু-একটি বক্তব্য আছে সংক্ষেপে বলে আপাততঃ আমি শেষ করব। মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি, বিলে আছে কতকগুলো জিনিষ রেগুলেসনের দ্বারা হবে। আমি তাঁকে অনুরোধ করব যে এই রেগুলেসনগুলো যেন অতি সত্বর করা হয়। কারণ কয়েকজন শিক্ষকের অবস্থা ঝুলে রয়েছে। কেউ ২ মাস কেউ ৬/৭ মাস—তার কারণ আগের আইনটা পাশ হবার পর, পে-প্যাকেট হবার পর পাকাপাকি নিয়োগ বন্ধ হয়ে গেছে—যে সার্ভিস কমিশন হবে তারা নিয়োগ করবে। তাই অবিলম্বে রেগুলেসন করে যাতে সার্ভিস কমিশনে নিযুক্ত হন, রেগুলেসন তৈরী হয়, অল্প দিনের মধ্যে সিলেকসন করে এদের সবাইকে বিধিবদ্ধ করা যায়। দ্বিতীয় বক্তব্য হচ্ছে আগের আইন যেটা ১৯৭৫ সালে পাশ হয়েছিল তার মধ্যে একটা বিপজ্জনক প্রোভাইসো আছে ৩-এর প্রোভাইসোতে আছে সেটা আমি পড়ে শোনাচ্ছি—

'Provided further that no recommendation of the Untiversity and the College Service Commission or the Selection Committee will be necessary with respect to filling up for a period not exceeding six months of any permanent and temporary vacancy in the post of a teacher.' দরকার হয়। দরকার হয় অল্পদিনের জন্য হঠাৎ নিতে হয় কিন্তু এটা ব্যতিক্রম। এটা যেন নিয়মে না হয় তাহলে যে উদ্দেশ্য নিয়ে জিনিষটা করা হচ্ছে—স্বজন—পোষণ মুক্ত, দুর্নীতি মকত, অযোগ্যতা মুক্ত—একটা ভাল ব্যবস্থা সেটা আমরা করতে পারব না। তাই এমন ভাবে কাজটা করতে হবে যাতে সার্ভিস কমিশন যখনই দরকার হয় তখনই তাঁরা ঠিক মত করতে পারেন। আশঙ্কা আমার এই কারণে হচ্ছে যে স্কুলের ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি অনেক জায়গায় হেড মাষ্টার, হেড মিসট্রেস নিচ্ছেন সরকারী স্কুলে, ঠিকমত শিক্ষকরা যান না। কলেজে যখন সার্ভিস কমিশন করে নিয়োগের ব্যবস্থা করছে এই জিনিষ যেন না হয়। কলেজেও কোথাও কোথাও আছে এই জিনিষগুলোর দিকে লক্ষ্য রাখতে হবে। আরেকটা আমার শেষ কথা, আমাদের যে সুপারিশ ছিল পশ্চিমবঙ্গের কলেজ ও বিশ্ববিদ্যালয় অধ্যাপক সমিতি কিম্বা আমরা

কলকাতা বিশ্ববিদ্যালয় সিনেট থেকে সর্বসম্মতি ক্রমে যে প্রস্তাব পাশ করেছি, নিয়োগের ক্ষেত্রে এই ধরণের কমিশন করা দরকার। সেই ক্ষেত্রে আমরা কেবলমাত্র কলেজ শিক্ষকদের কথা বলিনি, সঙ্গে সঙ্গে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের কথাও বলেছি। আমাদের রাজ্যে বিশ্ববিদ্যালয় এখন অনেকগুলো। এখানে কুলীন বিশ্ববিদ্যালয় এবং অকুলীন বিশ্ববিদ্যালয় রয়েছে, বড় বিশ্ববিদ্যালয়, ছোট বিশ্ববিদ্যালয় কলকাতা শহর এবং দূর গ্রামের বিশ্ববিদ্যালয়—সেখানেও শিক্ষক নিয়োগের ক্ষেত্রে একটা কেন্দ্রীয় কমিশনের দ্বারা হওয়া দরকার। যদি একটা কমিশন হোতো কলেজ ও বিশ্ববিদ্যালয় সার্ভিস কমিশন তাহলে ভাল হোতো। কিন্তু সরকার বিবেচনা করে ঠিক করেছেন কলেজের জন্য একটা কমিশন হবে। এটা সুত্রপাত হোক, এর পরে আমরা অনুরোধ করব তিনি আর একটা বিল আনুন যেখানে ইউনিভার্সিটি কমিশন—আমি জানি এই ব্যাপারে কোন কোন বিশ্ববিদ্যালয়ে কায়েমী স্বার্থের দিক থেকে বাধা আছে, যেমন বিভিন্ন প্রাইভেট ম্যানেজমেন্ট থেকে কলেজে এই ধরণের কমিশন করার বাধা আছে যার কিছুটা প্রকাশ আমরা এখানে দেখতে পাচ্ছি। কেবলমাত্র সরকারই সব কাজে নিন্দা করব, দলবাজি করব তাই নয় ঐ কায়েমী স্বার্থের যে প্রভাব সেই প্রভাব এখানে কারও কারও উপরে পড়েছে। আমার মনে হয় সরকারী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের ক্ষেত্রেও এই কমিশন করার ব্যাপারে অনেক বাধা আছে। সেই বাধা অতিক্রম করতে হবে। অতিক্রম করে যাতে সকল বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের একভাবে নিয়োগের জন্য একরকম নিয়ম যাতে করতে পারি সেই ব্যাপারে আরেকটা বিল আনবার জন্য অনুরোধ জানিয়ে এই বিলকে সমর্থন করে এই বক্তব্য শেষ করছি।

**শ্রীহরিপদ ভারতী ঃ** অন এ পয়েন্ট অফ পার্সোন্যাল, এক্সপ্লানেসন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য নির্মলবাবু তার বক্তব্যের মধ্যে আমার সম্বন্ধে কিছু বলেছেন। অবশ্য তিনি আমাকে শ্রদ্ধা করেন বলেছেন। ভাল বক্তা প্রশংসাপত্র দিয়েছেন সেইজন্য তাঁর কাছে আমি অসীম কৃতজ্ঞতা পাশে আবদ্ধ। কিন্তু তিনি আমার বক্তব্যের মধ্যে এত কথার মধ্যে একটা জায়গাতে সামান্য একটা কথা নিয়ে বলেছেন—আমি বিল করিনি এই রকম মন্তব্য করে যে আসর জমিয়ে দিলেন তার জন্য আমি খুবই দুঃখিত।

স্যার, আমার বক্তব্য হচ্ছে, আমি এখানে বিশ্ববিদ্যালয়ের কথা দেখেছি, কিন্তু আমি কাউন্সিল বলেছিলাম। কিন্তু উনি আমার বক্তব্য শোনেনি। আমি বলেছিলাম বিশ্ববিদ্যালয় অধিগ্রহণ করা হয়েছে, কাজেই বিশ্ববিদ্যালয় বলতে সেখানে

কাউন্সিল আছে এবং উপাচার্য আছে। তা উনি উপাচার্য্যের বদলে আচার্য বলে আমার বক্তব্যকে আরো স্পষ্ট করে দিলেন। কারণ আচার্য্য জানেন না কে যোগ্য, কে অযোগ্য, সরকার বলে দেবেন, আচার্য্য করবেন। কাজেই আমার বক্তব্য আরো বেশী করে প্রতিষ্ঠিত হলো।

**শ্রীকালিপদ বর্মণ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই হাউসে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী যে কলেজ সার্ভিস কমিশন, বিল, ১৯৭৮ পেশ করেছেন, সেই বিলকে সর্বান্তকরণে সমর্থন করে আমি দু' একটি বক্তব্য রাখতে চাই। কলেজ শিক্ষকদের বেতনের নিরাপত্তা এবং শিক্ষক নিয়োগের ক্ষেত্রে একটা ইউনিফর্ম নীতি প্রণয়নের চেষ্টা বামফ্রন্ট সরকার করছেন। যদিও ১৯৭৫ সালে কংগ্রেস সরকার সার্ভিস সিকিউরিটি এ্যাক্ট পাশ করে গিয়েছে, কিন্তু তবুও এটা সকলেরই জানা আছে যে, এই এ্যাক্টের কোন ডিটেল্স তারা রচনা করে যায়নি এবং বাস্তবে শিক্ষকদের চাকুরীর নিরাপত্তা খুব বেশী সিকিয়োর হয়নি। কাজেই আমি মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখছি যে, কলেজের শিক্ষকদের চাকুরীর নিরাপত্তা ইত্যাদি বিধিগুলি যেন অতি শীঘ্র তিনি রূপায়ণ করার ব্যবস্থা করেন। এত দিন আমরা দেখছিলাম সিলেক্সন কমিটি বলে একটা কমিটি করে কলেজের প্রিন্সিপালরা ইউনিভার্সিটিতে গিয়ে বিভিন্ন ভাবে তাঁদের নিজস্ব লোকেদের নিয়োগের ব্যবস্থা করেন। সেই ত্রুটি আজকে যে কলেজ সার্ভিস কমিশন বিল পাশ হতে চলেছে এর দ্বারা দূরিভূত হবে এবং যোগ্য শিক্ষকরা কলেজে নিযুক্ত হয়ে কলেজের শিক্ষার মান আরো সুন্দর করতে পারবেন, আরো উচ্চ করতে পারবেন, এই আশা আমরা নিশ্চয়ই করব। কলেজগুলিতে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে যে সার্ভিস কমিশন হচ্ছে, এটা খুবই আনন্দের কথা। বহু দিনের শিক্ষক আন্দোলনের এটা একটা কালমিনেশন। বামফ্রন্ট সরকারের শিক্ষা ক্ষেত্রে যে নীতি সেই নীতি অনুযায়ীই শিক্ষক নিয়োগের ক্ষেত্রকে দুর্নীতিমুক্ত করার জন্যই আজকে এই বিল আনা হয়েছে। সুতরাং মাননীয় মন্ত্রী মহাশয়ের এই প্রয়াস অভিনন্দন যোগ্য।

আমি এই প্রসঙ্গে আরো দু' একটি কথা বলতে চাই যে, কলেজগুলিতে পে প্যাকেট পাঠানোর ব্যবস্থা করার সঙ্গে সঙ্গে কলেজের আয়ের শতকরা ৭৫ ভাগ সরকারের কাছে জমা দেওয়ার যে ব্যবস্থা হয়েছে তাতে অনেক কলেজের আর্থিক অবস্থার উপর এটা একটা বিরাট চাপ সৃষ্টি হয়েছে।

[ 5-50—6-00 P.M. ]

এবং এর দ্বারা শিক্ষার সংকোচনের একটা আশঙ্কা দেখা দিয়েছে। যেমন, অনেক কলেজে কাষ্ট হিন্দুর গরীব ছাত্ররা আছে, সেই কাষ্ট হিন্দুর ছাত্র-ছাত্রীরা সময়মত বেতন দিয়ে পড়তে পারেন না। অথচ কলেজে তাঁদেরকে ভর্তি করা হয়, সেই এ্যাসিউমড ইনকাম দেখিয়ে তবে সরকারকে রিটান দিতে হয়। কিন্তু সেসানের সময় দেখা যায় সেই এ্যাসিউমড ইনকাম ঠিক ঠিক হলো না কেননা সেই গরীব ছাত্র-ছাত্রীরা অনেকেই বেতন পরিশোধ করতে পারে না। তার ফলে এই যে গ্যাপ থাকে এই গ্যাপকে পুরণ করার জন্য কলেজগুলিকে দায়ী থাকতে হয় এবং তার ফলে আর্থিক অবস্থার উপর চাপ সৃষ্টি হয়। অনেক কলেজে শিক্ষক নিয়োগ করতে হবে কিন্তু আর্থিক অবস্থা খারাপ হওয়ার জন্য পোষ্ট এ্যাপ্রুভড করা হয় না। পোষ্ট এ্যাপ্রুভড করলে লোক নিতে হয়, শিক্ষক নিয়োগ করতে হয় কিন্তু হায়ার সেকেণ্ডারী কোর্স বা ২ ইয়ার কোর্সে যেটা চালু হয়েছে এর জন্য আরও বেশি শিক্ষক নিয়োগের দরকার হয়ে পড়ে এবং টেম্পোরারি বেসিসে শিক্ষক নিয়োগ করতে হয়। এই টেম্পোরারী বেসিসে যে শিক্ষক নিয়োগ করতে হয় যাতে সরকার বেতন দেন সেইজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখছি। পরিশেষে আর একটি বিশেষ ঘটনার কথা বলে আমার বক্তব্য শেষ করছি। কাকদ্বীপ কলেজের প্রিন্সিপ্যালের ব্যাপার নিয়ে কতদূর সরকার ভাবছেন তা আমি জানি না তবে এটা শুনলাম যে ঐ কলেজের প্রিন্সিপ্যাল দেড় থেকে দু-বছর যাবৎ বেতন পাচ্ছেন না এবং তারপরে কিছুদিনের মধ্যে তাঁকে সাসপেণ্ড করা হয়েছে। তাঁকে অনশন করতে হচ্ছে। এই ব্যাপারে যদি মাননীয় শিক্ষামন্ত্রী কিছু আলোকপাত করেন তাহলে খুবই ভাল হয়। এই কথা বলে এই বিলটিকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীদেবপ্রসাদ সরকার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় এখানে একটি বিল উত্থাপন করেছেন। এই রাজ্যে বেসরকারী কলেজ, স্পনসর্ড কলেজ এবং স্পনসর্ড নয় এই সমস্ত কলেজগুলিতে শিক্ষক আগামী দিনে কিভাবে নির্বাচিত হবে তারজন্য একটি নতুন পরিবর্তন আনতে চেয়েছেন। এখানে আমাদের সামনে বিচার্য্য বিষয় এই পরিবর্তন শিক্ষকদের স্বার্থে, শিক্ষার বিকাশের স্বার্থে কতটা কার্যকরী হবে বা আদৌ কার্যকরী হবে কিনা। প্রথমতঃ এই কথা ঠিক বর্তমানে যে প্রচলিত প্রথা অর্থাৎ বেসরকারী কলেজগুলিতে তারা নিজেরা শিক্ষক নিয়োগ করেন এই প্রথায় ত্রুটি-বিচ্যুতি নিশ্চয়ই আছে এবং

ক্রটি-বিচ্যুতি বলতে যেটা সেটা হচ্ছে অনেক ক্ষেত্রেই শিক্ষার মূল উদ্দেশ্যটি যতটা না বড় হয়ে দেখা দেয় তার থেকে স্বজন-পোষণ, দুর্নীতি এবং দলবাজি এইসব উদ্দেশ্য অনেক বেশী বড় হয়ে পড়ে। এইগুলি মূল বিবেচ্য বিষয় হিসাবে কাজ করে এবং যার ফলে শিক্ষার আসল উদ্দেশ্য ব্যাহত হয়। যার ফলে যোগ্যতা সম্পন্ন শিক্ষক নিযুক্ত হতে পারে না এবং অবশ্যম্ভাবিভাবে এই আবহাওয়ায় শিক্ষার মান নিম্নগামী হচ্ছে—একথা অস্বীকার করার উপায় নাই। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে এই যে, আজকে বামফ্রন্ট সরকার এই যে বিকল্প ব্যবস্থা এই বিলের মধ্য দিয়ে প্রবর্ত্তন করতে চাচ্ছেন তার দ্বারা এই ক্রটি-বিচ্যুতি দূরীভূত হবে কিনা এইটাই বিচার্য্য বিষয়। দলবাজির প্রশ্ন স্বজন-পোষণের প্রশ্ন এই সমস্ত সমস্যা এখানেও থাকবে কিনা? যে ব্যবস্থা হয়েছে তাতে তাঁরা একটা কলেজ সার্ভিস কমিশন করেছেন যে কলেজ সার্ভিস কমিশন রাজ্য সরকার কনস্টিটিউট করবেন এবং সেই কমিশনের সুপারিশক্রমে শিক্ষক নিযুক্ত হবে। তাদের নিয়োগ করা হবে। এখন প্রশ্ন যে কলেজ সার্ভিস কমিশন কি দলীয় সংকীর্ণতার উর্ধে থাকবে? এ গ্যারান্টি কোথায়? কারণ ইতিমধ্যে মধ্যশিক্ষা পর্ষদ ও বিশ্ববিদ্যালয় অধিগ্রহণ করার পর উক্ত প্রতিষ্ঠান সমূহকে বামফ্রন্ট সরকার যেমন নগ্নভাবে দলীয় স্বার্থে পরিচালনা করে চলেছেন তার থেকে এরকম আশঙ্কা করা কি অমূলক হবে যে কলেজ শিক্ষক নিয়োগের যে নূতন ব্যবস্থা প্রবর্ত্তন করতে যাচ্ছেন বর্তমানে সরকার তার দ্বারা স্বজনপোষণ এবং দলীয় স্বার্থরক্ষা করার ব্যবস্থা আরও পাকাপোক্ত হবে? সুতরাং এই সম্পর্কে সন্দেহ পুরোমাত্রায় থাকছে। দুর্নীতির প্রসঙ্গ উঠেছে, সরকার অধিগ্রহণ করলে যে দুর্নীতি মুক্ত হবে এমন কোন কথা নেই। তাহলে সরকারী ব্যবস্থায় এত দুর্নীতি থাকত না, রাইটার্স বিল্ডিং-এ দুর্নীতি থাকত না, হাসপাতালে দুর্নীতি থাকত না, তাহলে সরকারী কর্তৃত্বাধীনে গেলে সেখানে দুর্নীতি থাকবে না এমন কোন কথা নেই। এখানে মাননীয় সদস্য নির্মলবাবু তিনি কলেজ শিক্ষক আন্দোলনের ইতিহাস তুলে ধরবার চেষ্টা করেছেন। তিনি বলেছেন কলেজ শিক্ষক সমিতি শিক্ষক নিয়োগের ক্ষেত্রে কলেজ সার্ভিস কমিশনের দাবী রেখেছিল। হ্যাঁ একথা ঠিক পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি কলেজ সার্ভিস কমিশনের দাবী করেছিল। কিন্তু উক্ত সমিতি এমন কথা কি কোথাও বলেছে যে এই কমিশনকে এমন ভাবে গঠন করতে হবে যাতে তা ক্ষমতাশীল সরকারী দলের দলীয় স্বার্থ চরিতার্থ করার হাতিয়ারে পর্যবসিত হয়? সুতরাং কলেজ সার্ভিস কমিশন গঠিত হোক; but it should not be an appendage to the Government or the rulling party. দ্বিতীয় প্রশ্ন, নির্মলবাবু আমার সুবিধা করে দিয়েছেন, উনি রেফারেন্স দিয়েছেন যে কংগ্রেস সরকারও

এই রকম ভাবে করতে চেয়েছিলেন। নির্মলবাবু ঠিক কথাই বলেছেন ১৯৭৫ সালে শিক্ষার স্বাধিকার হরণের উদ্দেশ্যে সিদ্ধার্থবাবুরা এই রকম একটা কলেজ সার্ভিস কমিশন গঠন করার পরিকল্পনা নিয়েছিলেন কিন্তু কার্যকরী করে উঠতে পারেন নি। বর্তমান বামফ্রন্ট সরকার তাকেই কার্যকরী করেছেন অর্থাৎ দলীয় রাজনীতি করে শিক্ষাকে কি ভাবে কুক্ষিগত করা যায় সেই ব্যবস্থা করছেন। সুতরাং আমরা এর মধ্যে প্রগতিশীলতার কিছু দেখতে পাচ্ছি না। অতএব কলেজ সার্ভিস কমিশন গঠন হোক কিন্তু তার এক্তিয়ার ট্রানকেটেড বা সুপারসিটেড ইউনিভারসিটির উপর নয়, ইউনিভারসিটির অটোনমি ফিরিয়ে এনে তার ওপর দেওয়া হোক। সুতরাং এই সরকারের পদক্ষেপ এটা একটা বিচ্ছিন্ন ঘটনা নয় ক্ষমতায় আসার পর একের পর এক অস্ত্র প্রয়োগ করে তারা শিক্ষার স্বাধীনতা হরণ করেছেন—মধ্যশিক্ষা পর্ষদ, ইউনিভারসিটিকে সুপারসিট করেছেন, আর তৃতীয় অস্ত্র প্রয়োগ করেছেন কলেজ সার্ভিস কমিশন গঠন করে, কনভার্টিং ইট ইনটু এ্যান এ্যাপেনডেজ অফ দি গভর্ণমেন্ট। সেইজন্য এই বিল গ্রহণযোগ্য নয় বলে শিক্ষা ও শিক্ষকদের স্বার্থে এই বিল প্রত্যাহার করা উচিত বলে আমি মনে করি।

[6-00—6-10 P.M.]

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের ফার্ষ্ট রিডিং-এ আমি কয়েকটি কথা বলতে চাই। নির্মল বসু ও অচিন্ত সিংহ রায় বললেন যে বিধান সভায় জনতা পার্টি এই বিলের উপর বিভিন্ন রকম কথা বললেন শ্রীবীরেন মৈত্র সার্কুলেশান মোশন মুভ করলেন। অধ্যক্ষ ভারতী বললেন এই বিল সময় উপযোগী নয় এবং তিনি কতকগুলি আশঙ্কাও প্রকাশ করেছেন, অধ্যাপক সন্দিপ দাস, তিনি কলেজ শিক্ষক অন্দোলনের সঙ্গে যুক্ত, বললেন বিলটি মন্দের ভাল—কিন্তু কিছু বিল সম্বন্ধে রিজারভেশান আছে। বিলের উপর আলোচনায় বিভিন্ন রকম মন্তব্য আসতে পারে আশা বাঞ্ছনীয় এবিষয়ে আমি নির্মলবাবুকে র‍্যাসজেস্কুই-এর বিখ্যাত বই "নিউ ডেস্‌পটিজিম"-এর কথা স্মরণ করিয়ে দিতে চাই। আমরা দেখছি বিধান সভায় বা লোকসভায় হোক যখন কোন গুরুত্বপূর্ণ বিল নিয়ে আলোচনা হয় তখন পরিষদ পার্টি হুইপ অনুযায়ী চলতে হয়। আপনাকে অধ্যক্ষ হিসাবে পেয়েছি বলে বলছি—যে এ বিষয় আপনি একটি আলোচনার অবকাশ সৃষ্টি করবেন। এখানে যে আইন হতে চলেছে সেখানে যদি একটা রাজনৈতিক দল বিভিন্ন ভাবে বক্তৃতা দিয়ে থাকে তাহলে সেটা নিশ্চয়ই বৃহত্তর স্বার্থেই হয়। সুতরাং ঐ পক্ষের যাঁরা এমেণ্ডমেণ্ট এনেছেন তা বৃহত্তর স্বার্থেই এনেছেন। ইন্দিরা

গান্ধী একটা পার্নিশাশ, এব্রোগ্যাস ৪২তম সংবিধান সংশোধন আইন জারী করেছিলেন জরুরী অবস্থা জারী করে গণতন্ত্র ধ্বংস করেছিলেন যাকে সকলেই সমর্থন করেছিলেন এবং তার বিরুদ্ধে তার দলের কেউ বলেন নি। বিবেক অনুসারে যদি কেউ কথা বলতে না পারেন তাহলে তাতে দেশের ক্ষতিই হয়। ১৯৭৫ সালে কলেজ টিচার্স সিকিউরিটি সার্ভিস Act যেটা হয়েছিলো সেটা নিশ্চয়ই খুব গুরুত্বপূর্ণ পদক্ষেপ ছিলো। আমি জানি উঠবন্দী প্রজার মত কলেক শিক্ষকদের চাকরীর ক্ষেত্রে কোন সিকিউরিটি ছিলো না। প্রশ্ন হচ্ছে শিক্ষামন্ত্রী যখন এই রকম বিল আনলেন তখন সেখানে শুধু একপেশে দৃষ্টি দিয়ে দেখছেন কেন? শুধু কলেজ কেন সমস্ত শিক্ষা ক্ষেত্রে একটা আইন করা দরকার। আমার বক্তব্য ভুল বলে শাসকশ্রেণীর কাছে গণ্য হতে পারে কিন্তু আমার অধিকার আছে ভুল কথা বলার। শাসক দল ডিসেন্টকে মত পার্থক্যকে ভয় পান তাই অধ্যাপক হরিপদ ভারতীর বক্তৃতায় ওঁরা রুষ্ট হয়েছেন। তাতে এসে যায় না। আমার মনে হয় শিক্ষামন্ত্রী মহাশয় যে এ্যাডমিশান দিয়েছেন সেটা কারেক্টলি দেন নি। সঠিক মূল্যায়ন হতো যদি প্রিয়্যাম্বল ঠিক মত হতো। হোয়াট ইজ প্রিয়্যাম্বল? আপনি দেখুন এখানে আছে Whereas it is expedient to provide for the constitution of a College Service Commission in West Bengal and for matters connected therewith or incidental thereto; এটা কি একটা প্রিয়্যাম্বল? প্রিয়াম্বল হলে বলতে হয় The very purpose of the Act is to regulate, to control, to supervise college education in West Bengal and to regulate the service conditions mode of recruitment, appointment, termination, dismissal, removal of service of all the college teachers এই রকম হলে জিনিষটা পরিষ্কার হতো। যেমন সেকেণ্ডারী এডুকেশনে আছে To supervise, to control, to regulate Secondary Education in West Bengal. শিক্ষামন্ত্রীর সদিচ্ছা নেই এই কথা বলছি না কেননা তিনি শিক্ষক আন্দোলনের সঙ্গে জড়িত ছিলেন, মন্ত্রী মহাশয় জানেন ইউনিভারসিটি ফার্ষ্ট ষ্ট্যাটিউট, রেগুলেশান, অর্ডিন্যান্স এইগুলি হচ্ছে প্যারাডাইস অফল ইয়ার্স —তাঁরা যে ভাবে ইন্টারপেট করেন সে ভাবেই হয়। আমি নিজে ইউনিভারসিটির বিরুদ্ধে কিছু মামলা করতে গিয়ে দেখেছি এমন ভাবে নিয়োগ হয়েছে যেগুলি এ্যাকসেপটেড হয়ে গেছে তার বিরুদ্ধে কিছু করার নেই। এ ক্ষেত্রে ভাল হতো যদি প্রিয়্যাম্বলের মধ্যে অবজেক্ট অফ দি বিল ভালভাবে পারপাস অফ দি বিল লেখা থাকতো। আমি দলবাজীর কথা বলছি না কিন্তু এই দলবাজীর কথা পার্টিজানের কথা যদি অমূলক হয় তাহলে আমরা নিজেরাই বলবো পরে এসে যে

আমাদের ধারণা অমূলক ছিল। দলবাজীর কথাটিকে উড়িয়ে দেবেন কি করে? বিলটা এমন ভাবে রচনা করা হয়েছে যে দলবাজীর আশঙ্কা এসেই পড়ে।

এই নিয়োগ সম্বন্ধে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের, বিশেষ করে যে সমস্ত শিক্ষাবিদ্, অধ্যাপক এবং মাষ্টার মহাশয়রা আছেন তাঁদের দৃষ্টি আকর্ষণ করছি ক্লজ ৩-এর প্রতি। State Government shall, with effect from such date as it may, by notification, appoint, constitute a Commission by the name of the West Bengal College Service Commission consisting of three members of whom one shall be the Chairman. ঠিক আছে, কিন্তু প্রোভাইসোতে বলেছেন Provided that the State Government may if it considers necessary so to do, appoint not more than two additional members. আমি শিক্ষামন্ত্রী মহাশয় বলছি আপনি এটা বিচার করবেন। আপনারা চান একটা ভাল পদক্ষেপ আপনারা নেন। আমি একবারও বলিনি Any piece of Legislation can be foolproof or Knosee-proof or it can withstand the test of time to time. প্রত্যেক যুগে নতুন নতুন চ্যালেঞ্জ তো করবে, নতুন সমস্যা আসবে, সেই সমস্যার আলোতে আমরা ত্রুটি-বিচ্যুতি সংশোধন করব। এখানে আমি বলছি এই প্রোভাইসো রাখতে চাইছেন কেন? যদি একথা বলতেন গভর্ণমেন্ট করবে, এটা গভর্ণমেন্টের ইচ্ছা তাহলে অন্য কথা, কিন্তু গভর্ণমেন্ট তার অস্ত্রাগারে একটা অস্ত্র রেখে দিচ্ছেন সুযোগ মত ব্যবহার করার জন্য। এজন্য কোন কোন মাননীয় সদস্য আশঙ্কা প্রকাশ করেছেন It is capable of absence, it is capable of being used for a volatile purpose for a purpose which is not germane or relevant to the provisions of themain Act. দি স্টেট গভর্ণমেন্ট মে ইফ ইট কন্‌সিডারস নেসাসারি, এখানে ভাষাটা ইলাষ্টিক, কন্‌সিডার করতে পারেন, আবার ইউ মে নট কন্‌সিডার, সুতরাং এটা রাখার দরকার নেই। আপনি যখন কমিশন করছেন, এইখানে ক্ষমতার অপব্যবহারের বীজ বপন করা হচ্ছে—নিজেরা সেরা মানুষকে বিচার করার জন্য নিয়ে আসছেন তখন আবার দু'জন রাখছেন কেন? আশঙ্কা হচ্ছে, হয়ত ওয়েটেজ রাখছেন আপনাদের দলের কমিটিতে সরকারের কমিটির সদস্যরা যদি মেজরিটি হয়ে যায়। আমি কোন মোটিভ শিক্ষামন্ত্রীর প্রতি ব্যক্তিগত ভাবে ইম্পিউট করছি না। ৩ জনের কমিশন, ২ জন একদিকে থাকলেন আর একজন অন্যদিকে থাকল, মন্ত্রী মহাশয়ের সেটা করবার ইচ্ছা থাকলেও সব দল নিয়ে এই সরকার গঠিত, তাঁরা মনে করছেন এই কমিশনের এই রিকয়ায় পছন্দ

হচ্ছে না, মেজরিটি ডিসিশান চেঞ্জ করতে পারে। সেজন্য আমার আশঙ্কা এই প্রোভাইসো ঢুকিয়ে ১ জনকে রাখবার সুযোগ করছেন। এটা করার প্রয়োজন নেই। আপনাদের ইচ্ছা যখন মহৎ তখন এটা রাখছেন কেন? একটু গণতন্ত্রের হাওয়া শিক্ষা জগতে হইতে দিব না। আমি পরিষ্কার বলছি সাব-কলেজ ২ অব কলেজ ৩ যদি রাখেন তাহলে মেন পারপাস ফাষ্টেটেড হয়ে যাচ্ছে। মেন অবজেক্ট অব দি এ্যাক্ট-এ কি বলছেন—

Of the members one shall be a person who, not being an educationist, occupies or has occupied, in the opinion of the State Government, a position of eminence in public life or in Judicial or Administrative Service and the others shall have teaching experience either as a Professor of a University or as a principal for a period of not less than ten years. মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে এবং সরকার পক্ষের মাননীয় সদস্যগণের কাছে, নির্মলবাবুর কাছে তো বটেই, আমার অনুরোধ আপনারা বিবেচনা করে দেখবেন যে যে কোয়ালিফিকেশান আপনারা সাব-ক্লজ ২ অব ক্লজ ৩-তে রাখলেন This qualification should covers as far as the nomination of the Chairman and other members of the Service Commission consisting of three principal members is concerned তাহলে মনে হচ্ছে এখানে একটা ডিকোটমি থেকে যাচ্ছে, ডাইভার্জেন্ট ষ্ট্যাণ্ডার্ড আছে, ভিন্ন ভিন্ন রকমের ষ্ট্যাণ্ডার্ড রাখা হচ্ছে, অর্থাৎ কমিশন যখন নিযুক্ত করছেন ৩ জনকে নিয়ে তাঁদের মধ্যে কোয়ালিফিকেশানের ষ্ট্যাণ্ডার্ড এক রকম রেখে দিচ্ছেন সাব ক্লজ ২-তে, আর এ্যাডিসন্যাল মেম্বার্স যাদের নিয়ে আসছেন তাঁদের বেলায় অন্য রকম জিনিস আনছেন। আমার মনে হয় একটা ইউনিফর্ম কোয়ালিফিকেশান রাখা উচিত, প্রোভাইসোটা উঠিয়ে দেওয়া উচিত। যদি আমাদের বক্তব্য না শুনেন, এটা যদি মনে করেন ফ্রেস ড্যাফ্‌টিং, সেটা আপনাদের ইচ্ছা, আপনারা করতে পারেন, সংখ্যা গরিষ্ঠতার জোরে যুক্তির ভিত্তিতে নয়—এই কমিশনে তাহলে আমি বলব দয়া করে এ্যাডমিনিষ্ট্রেটিভ সার্ভিসের লোককে আর আনবেন না। এঁরা অনেক ভাল পজিশানে থেকে ছড়ি ঘোরাচ্ছেন, শিক্ষক, অধ্যাপক নিয়োগের ব্যাপারে আবার এ্যাডমিষ্ট্রেটিভ সার্ভিসের লোককে আনবেন কেন। তবে পজিসন অব এমিনেন্স ইন পাবলিক লাইফ এটা কেপেবল অব ভেরিয়াস এণ্ড ডাইভার্জ ইন্টারপ্রিটেসান। আজকে আপনাদের জমানা আছে, ভবিষ্যতে অন্য জমানা আসবে গণতন্ত্র থাকলে, তখন সেই দল তাঁদের মত জমানা করতে পারেন। যদি কোন রকম ত্রুটি কিছু হয় তাহলে তার সুযোগ নিয়ে কোন বিশেষ

দল বা গোষ্ঠি তাদের স্বার্থ সিদ্ধি করতে পারেন। সেজন্য আপনি প্রোভাইসোটা উঠিয়ে দিন। সাব-ক্লজ ২ যদি রাখেন তাহলে ম্যান অব এ মিনেন্স ওটা এত ইলাস্টিক, ভেগ যে ওটা বাদ দিয়ে দিন। এ্যাডমিনিষ্ট্রেটিভ সার্ভিস বাদ দিন, জুডিসিয়াল সার্ভিসের লোককে রাখতে পারেন। কারণ, আমরা দেখেছি কলকাতা বিশ্ববিদ্যালয়ে স্যার আশুতোষ থেকে শুরু করে স্যার গুরুদাস বন্দ্যোপাধ্যায় পর্যন্ত যাঁদের আমরা বড় শ্রদ্ধার সঙ্গে স্মরণ করি, যতদিন শিক্ষাবিদরা ভারতবর্ষে বেঁচে থাকবেন ততদিন তাঁরা শ্রদ্ধার সঙ্গে এই দুটি নাম স্মরণ করবেন বিশেষ করে স্যার গুরুদাস বন্দ্যোপাধ্যায়কে, স্যার আশুতোষকে।

[ 6·10—6-20 P.M. ]

আমরা জানি ডক্টর রাধাবিনোদ পালের মত বড় বড় বিচারকরা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলার রূপে এসেছেন। কাজেই আপনি যদি জুডিসিয়াল সার্ভিসের লোক গ্রহণ করেন তাহলে সেটা মন্দের ভাল হবে। তবে এটা করার ক্ষেত্রে অর্থাৎ তাঁদের সার্ভিস কমিশনে বসানোর ব্যাপারে কতগুলি জেনুয়িন ডিফিকাল্‌টিস্ রয়েছে কারণ তাঁদের পলিটিকিং-এর কোন স্কোপ নেই। কাজেই আপনি একটা এ্যামেণ্ডমেন্ট আনুন এবং প্রোভাইসো-টা বাদ দিন। তারপর আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি ক্লজ সেভেনের প্রতি। এখানে বলা হচ্ছে, 'Notwithstanding anything contained in any other law for the time being in force or in any contract, custom or usage to the contrary, it shall be the duty of the Commission to select persons for appointment to the posts of Teachers of a College.' এই কথা বলার পর আর একটা প্রোভাইসো দেওয়া হয় for selection of persons for appointment to the posts of Teachers other than Principal, the Commission shall be aided by two persons having special knowledge on the subject for which such selection is to be made, of whom one shall be a nominee of the University to which such college is affiliated and the other shall be a nominee of the Chancellor of such University. এখানে আপনারা লক্ষ্য করুন 'বি আদার স্যাল বি দি নমিনি অব চ্যানসেলর অব সাস্ ইউনিভার্সিটি।' অর্থাৎ নমিনির নাম করে আবার ২ জনকে নিয়ে আসছেন। কেন? আপনারা বলেছেন কমিশনে বিশিষ্ট লোকদের নিয়ে আসছেন, ১০ বছরের অভিজ্ঞ শিক্ষককে আনছেন। তাহলে আবার নমিনেসনের প্রশ্ন কেন রাখছেন? আমার সামান্য জ্ঞানে বুঝি সেকসন সেভেন-এর সঙ্গে ক্লজ টেন পরস্পর বিরোধী

কারণ এর মধ্যে কোন সংগতি থাকছে না। কাজেই আপনাকে বলছি কমিশনে এই যে নমিনেসনের ব্যবস্থা করছেন আপনি বাদ দিন এবং সেখানে আমার বিকল্প প্রস্তাব হচ্ছে তিনি কোন নমিনি হবেন না, বিশ্ববিদ্যালয়ের ভাইস্ চ্যানসেলরের নমিনি হবে না বা সরকারেরও নমিনি হবে না—তিনি হবেন ইউনিভার্সিটির ডিপার্টমেণ্টাল হেড। স্বাধীন নিরপেক্ষ গণতান্ত্রিক সিদ্ধান্ত চান না বলেই বোধ করি নমিনেশনের উপর এত জোর দিচ্ছেন আপনারা ধরুন, শান্তিপুর কলেজ, কালনা কলেজ, কাটোয়া কলেজ-এ যদি শিক্ষক নিযুক্ত হয় তাহলে কমিশনে থাকবেন সেই সেই কলেজ যে যে ইউনিভার্সিটির আণ্ডারে তার ডিপার্টমেণ্টাল হেড। এটা এখন বর্ধমান ইউনিভার্সিটি হতে পারে, নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি হতে বা অন্য ইউনিভার্সিটিও হতে পারে। এই এ্যাপয়েন্টমেণ্ট পলিটিক্যাল সায়েন্সের ক্ষেত্রে হতে পারে বা অন্য সায়েন্স সাবজেক্টেও হতে পারে। অর্থাৎ আমার মূল কথা হচ্ছে কমিশন উইল বি এডেড্ বাই দি হেড অব দি ডিপার্টমেণ্ট। কিন্তু নমিনি থাকলে আমার ভয় হচ্ছে দলবাজী পক্ষপাতিত্ব হবে। কাজেই আপনি ওই নমিনেশনের কথাটা বাদ দিন। এটা তো আপনারাও বলেন। আমি মনে করি এটা নাহলে ক্লজ টেন সম্পূর্ণ রিডানড্যাণ্ট হয়ে যাবে। তারপর বলেছেন, for selection of persons for appointment to the post of Principal, the Commission shall be aided by the Vice Chancellor of the University to which such college is affiliated or his nominee and a nominee of the Chancellor of such University. অধ্যাপক হরিপদ ভারতী বলেছেন, চ্যানসেলর মিন্স গভর্নমেণ্ট। গভর্নর চ্যানসেলর হলেও তিনি নিজে কোন নমিনি দেবেন না অর্থাৎ আপনাদের অস্ত্রাগারের সেই সাবেক যন্ত্র প্রস্তুত হবে শাসক দলের বাছাই করা নমিনিই আসবেন। আমার আশঙ্কা হচ্ছে এই যে ২জন নমিনি নিয়ে আসছেন এতে আপনারা জোর করে তাদের উপর চাপিয়ে দেবেন। আপনাদের দলীয় সিদ্ধান্ত বা মতলব আপনি যদি এটা বাদ দেন তাহলে আমাদের সেই আশঙ্কা আর থাকে না। তারপর ক্লজ সেভেন, সাব-সেকসন টু-তে বলেছেন, It shall also be duty of the Commission to advice the Cancellor or the State Govt. On such matters as may be referred to it by either of them. এটা কি সুপ্রিম কোর্ট যে আর্টিকেল ওয়ান ফটিথ্রি-তে এ্যাডভাইসরি ও ওপিনিয়ন দেবে? কমিশনের কাজ হচ্ছে শিক্ষক নিযুক্ত করা এবং পার্পাস অব দি এ্যক্ট যেটা সেটা হচ্ছে কলেজ শিক্ষকদের সার্ভিস রেগুলেট করা এবং সেখানে যোগ্যগুণী ব্যক্তি, গুণী ব্যক্তিদের নিয়ে আসা।

[6-20—6-30 P.M.]

খুব ভাল কথা, এইটাই হওয়া উচিত, ক্রিম অফ আওয়ার ট্যালেন্ট তারাই আসবেন। তা যদি করতে হয়, তাদের কাছে ম্যাটার রেফার্ড হবে, তাঁরা তাঁদের এ্যাডভাইসরি ওপিনিয়ান পাঠাবেন। এর কোন অর্থ নেই, অযথা এইভাবে কমিশনকে টাগ করার প্রয়োজন নেই। তাহলে Commissionm ay be subjected to uncharitable criticism from various associations and functional bodies. আমার মনে হয় এই রকম—

Eminently constituted Commission should not be left to the off chance of being uncharitably construed because of a wrong drafting. This is my humble submission Sir, to you, to the honourable members and to the members of the treasury bench.

তার পরের প্রশ্ন হলো,—

The manner of selection of persons for appointment to the posts of Teachers of college shall be such as may be punished by regulations. আপনি রেগুলেসান্স নিয়ে আসুন। আপনাকে হাউসকে এ্যাসিউরেন্স দিতে হবে যে In the form of a legislation. আপনি লেজিসলেশান করে বলুন, This is the made of recruitment. তা না করে—

Should we leave it to the subordinate legislation—the subordinate organisation—to frame and draft regulations or should we leave it to the Commission to formulate of the regulations, byelaws and ordinance to regulate recruitment and appointment.

আপনি যদি আমাদের টীচারসদের প্রোটেকসান করে দিতে চান, তাহলে আমার মতে রেগুলেসান হাউসকেই করে দিতে হবে, হাউসই সেটা করে দেবে। আমার এই ব্যাপারে একটা আশঙ্কা আছে। মন্ত্রী মহাশয় যদি আমার আশঙ্কা দূর করেন তাহলে ভাল হয়। আমার আশঙ্কা দূর হলেও After all it is a debateable point এই ধরণের রুলস রেগুলেশান হাউসের সামনে আনা দরকার আলোচনা হওয়া দরকার নতুন আমলাতন্ত্রই প্রাধান্য পাবে তর্ক থেকেই যায়। তারপর এখানে যে বলছেন, রুল নাইন—

'Provided that if, at any time, a College does not consider it fit to accept any recommendation of the Commission it shall refer the matter to the State

Government together with the reasons for such non-acceptance and the decisions of the State Government thereon shall be final.' This proviso should be totally deleted because it is absolutely redundant.

এইজন্য আমার নিজের মনে হয় মাননীয় অধ্যক্ষ মহাশয়, অধ্যাপক ঘোষ যেকথা বলছেন যে বিলে তাঁর সদিচ্ছা আছে এবং যে সম্বন্ধে নির্মলবাবু এবং অন্যান্য কয়েকজন সরকার পক্ষের সদস্য বেশ জোরের সঙ্গে বললেন তাতে আমি অনুরোধ করবো আপনি যদি কমিশনকে এই ক্ষমতা দেন তাহলে—

The recommendation of the Service Commission regarding appointment of teachers and Principals should be hinding and final. It should not be left to the whims and caprices of the College Governing Boby or to the Education Directorate, or to the Chancellor, or to the Vice-Chancellor howsoever important he or they may be

কিন্তু কি হচ্ছে। কমিশনের হাতে এতো ক্ষমতা দিচ্ছেন, কমিশন রিক্রুট করছে, কিন্তু আবার বলছেন, দি রেকোমেনডেশান ইজ নট বাইণ্ডিং। এতে কি শঙ্কা থেকে যাচ্ছে না, আশঙ্কা থেকে যাচ্ছে না? এই আশঙ্কা তো অমূলক নয় যে আপনাদের সরকার ভয় পাচ্ছেন যে কমিশন এমন কিছু করতে পারেন যা may not be patalable are may not be agreeable. কমিশন এমন কিছু করতে পারেন যা হয়তো আপনাদের মনঃপূত নাও হতে পারে সেইজন্য এটা আপনারা এই ধারাটা এই ভাবে রাখছেন? সেই আশঙ্কা যে অমূলক এটা দূর করে দিয়ে সেটা প্রমাণ করুন। রেকোমেনডেশান যা করবেন উইল বি বাইণ্ডিং। তারপর ক্লজ ১২-তে বলেছেন পাওয়ার টু কল ফর রেকর্ডস। এটা একটা রোভিং এনকোয়েরির স্কোপ রেখে দিয়েছেন। কমিশন যখন তখন যার তার রেকর্ড চেয়ে পাঠাবে—কেন কিসের জন্য? যদি কোন কমপ্লেন থাকে,

If any specific complaint is made in regard to any appointment made in any College that will be within the seisin of the Commission concerned. The Commission, after giving hearing—proper, due, adequate and effective hearing—to all the interests concerned or affected persons concerned, come to a decision that would be in conformity with the fundamental fair play and rules of natural justice.

তাহলে কমিশন যখন তখন ইচ্ছে মত ফাইল চেয়ে পাঠাবে। কে একটা কমপ্লেন

করলেন, হয়তো কোন বাইরে থেকে এসে কেউ বললেন, ওমুক কলেজের রেকর্ড ডেকে পাঠাও তখন কমিশন রেকর্ড চেয়ে পাঠালেন, তাহলে কলেজ অথরিটি উইল বি এ্যাফেকটেড। সেইজন্য আমার মনে হয় এই জিনিষটা বাদ দিন এবং এইটার দ্বারা রোভিং ইনভেষ্টিগেশানের পথ প্রশস্ত করবে এবং এর ফলে ইনষ্টিটিউসানের অটনমি ব্যাহত হবে। আর শেষের কথা বলছি, ক্লজ ১২এ-তে যেটা আছে, রিপোর্ট অফ রেকোমেণ্ডেশান। আমি শেষ কথা বলছি ক্লজ টুয়েলভ—রিপোর্ট অব রেকমেণ্ডেসন। আমার মনে হয় কমিশনের রিপোর্ট গভর্ণমেণ্টের কাছে যাবে। তবে এখানে বলা হয়েছে গভর্ণমেণ্ট সেটা এ্যাকসেপ্ট করতে পারে আবার রিজেক্ট করতেও পারে। আমার মনে হয় এদিক থেকে এই সমস্ত আশঙ্কা যা রয়েছে তা উড়িয়ে দেওয়া যায় না। কাজেই যদি একটা কমপ্রিহেনসিভ বিল আসত এবং সেখানে শিক্ষক এবং ছাত্রদের সমস্যা আনা হোত তাহলে মনে হয় এটা সর্বাঙ্গসুন্দর হোত। আমরা চাই কলেজ সার্ভিস কমিশন হোক এবং তার সঙ্গে এটাও বলছি তাঁদের সিকিউরিটি অব এমপ্লয়মেণ্ট দিতে হবে। মন্ত্রী মহাশয় আর একটা কথা জানেন যে, স্পনসর্ড কলেজ অনেক সুযোগ সুবিধা পায় কিন্তু তাদের ডিসমিস্যাল হলে তাঁরা আদালতে আসতে পারেন না Because under the law it is not a statutory body, it is not created under a statute. Statute is not purely of a private college nor of a Government College. Result is, they are absolutely in a precarious position. If they are removed from service they cannot seek protection of law and ask for reinstatement. In that event they can only ask for damage for wrongful termination.

আমি মনে করি স্পনসর্ড কলেজের শিক্ষকদের ক্ষেত্রে একটা গ্যারাণ্টি থাকা উচিত। আজকে আমাদের সমস্যা হচ্ছে শিক্ষক নিয়োগের ব্যাপারে আমাদের সেরা শিক্ষক আনতে হবে। আমাদের দেশে আই. এ. এস. অফিসার এবং কলেজের শিক্ষকদের ক্ষেত্রে যে বৈপরিত্য রয়েছে সেটা দূর করা উচিত এবং আমাদের দেখা উচিত শিক্ষকদের স্বাতন্ত্র্য যেন নষ্ট না হয়, ইনষ্টিটিউসন্যাল অটনমি যেন নষ্ট না হয়। শুধু তাই নয়, যতদিন পর্যন্ত না এই ইউনিভার্সিটি সুপারসেসন উঠে যাচ্ছে ততদিন পর্যন্ত এটা যেন না হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমাকে এতক্ষণ ধরে বলতে দিয়েছেন বলে আমি তাঁকে ধন্যবাদ জানিয়ে এখানেই বক্তব্য শেষ করছি।

**শ্রীঅমিয় ব্যানার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের উচ্চশিক্ষামন্ত্রী কলেজের

অধ্যাপকদের নিয়োগের ব্যাপারে যে বিল উপস্থাপিত করেছেন তাকে পরিপূর্ণ সমর্থন করে আপনার মাধ্যমে দু-একটা কথা বলতে চাই। কাশীবাবুর বক্তৃতার আগে পর্যন্ত যে সব আলোচনা বিরোধীপক্ষ থেকে করলেন সেটা শুনে মনে হয়েছিল যে এই বিল পাশ হলে দেশের বোধ হয় খুব বড় একটা সর্বনাশ হয়ে যাবে। কাশীবাবুর বক্তৃতার আগে পর্যন্ত যে সব বক্তৃতা বিরোধীপক্ষ থেকে শুনেছি তার মধ্যে উত্তেজনাকর বক্তৃতাই বেশী ছিল এবং কেউ প্রচ্ছন্নভাবে এবং কেউ প্রকাশ্যভাবে এর বিরোধিতা করেছেন। কাশীবাবু বলেছেন এই বিল পাশ হওয়া উচিত, তবে কিছু কিছু আশঙ্কা রয়েছে একথা তিনি বলেছেন। তবে তিনি যে ধরনের আশঙ্কার কথা বলেছেন তার হাত থেকে মুক্তির কি পথ সেটা বোঝা কঠিন। এস. ইউ. সি.-র সদস্য দেবপ্রসাদবাবু বলেছেন, এই কমিশন গভর্ণমেণ্ট থেকে নিয়োগ করবেন কেন? এটা আসলে ওঁদের ব্যাপার। ১৯৭৫ সালে কংগ্রেস গভর্ণমেণ্ট যখন এই ধরণের একটা বিল উপস্থিত করেন তখন দলমতনির্বিশেষে শিক্ষকরা আন্দোলন করেছিলেন। তখন গভর্ণমেণ্ট কংগ্রেসের হাতে ছিল এটা জেনেশুনেই অধ্যাপকরা এই আন্দোলন করেছিলেন কারণ তাঁরা তাঁদের অভিজ্ঞতায় দেখেছিলেন বিভিন্ন কলেজে যে পদ্ধতিতে শিক্ষক নিয়োগ করা হয় সেটা ঠিক পদ্ধতি নয়। শিক্ষকরা বলেছেন বহুক্ষেত্রে অধ্যক্ষ্যরা, গভর্নিংবডির লোকেরা ইউনিভার্সিটি এক্সপার্টদের প্রভাবিত করেন এবং এটা নিয়ে নানা রকম কণ্ট্রোভার্সি, মতান্তর ছিল। আমার ব্যক্তিগত অভিজ্ঞতা হচ্ছে, অনেক সময় এ্যাপয়েণ্টমেণ্টের ব্যাপারে কোন রকম দোষত্রুটি না থাকলেও মনে হোত নিশ্চয়ই অধ্যক্ষ্যকে ম্যানিপুলেট করা হয়েছে এরকম একটা পরিস্থিতি তখন ছিল এবং তার ফলেই শিক্ষকরা এই শিক্ষক নিয়োগের ব্যাপারে একটা কমিশন চেয়েছিলেন।

[6-30—6-40 P.M.]

সেই সার্ভিস কমিশনের একটি বক্তব্যে সার্ভিস সিকিউরিটি এ্যাক্ট ১৯৭৫ উপস্থিত করা হয়, এখন সেটাকে ইমপ্লিমেণ্ট করা হচ্ছে। ইনপ্লিমেণ্ট করতে গিয়ে যেভাবে বক্তব্য রাখা হয়েছে যে গভর্ণমেণ্ট যখন কনষ্টিটিউট করবে কমিশন তখন যতই তাদের বাধ্যবাধকতা থাকুক না কেন সেটা সাংঘাতিক রকমের পার্টিজ্যান হতে বাধ্য। এখন মুস্কিক হচ্ছে পাবলিক সার্ভিস কমিশনের সদস্যদের গভর্ণমেণ্ট নিয়োগ করেন। তা সত্বেও আমরা মনে করি পি. এস. সি.-র মাধ্যমে যে এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হচ্ছে, সমালোচনার সুযোগ থাকলেও মন্দ হবে এটা ভুল—কিছু পরিমাণে ভাল তো নিশ্চয় আছে। আমার বন্ধু সোহরাব সাহেব বলেছেন ইউ. জি. সি.

এ্যাপয়েন্টগুলি দেবেন। প্রথমতঃ ইউ. জি. সি.-র প্রস্তাবটি অবাস্তব। প্রথমতঃ এটা আইনের অধিকারের মধ্যে পড়ে না। দ্বিতীয়তঃ সেই কমিশনের সদস্যরাও তো একটি বিশেষ পার্টির সরকার দ্বারা মনোনীত। কাজেই এর থেকে উপায় তো কিছু নেই। তবে কোন কোন সদস্য যখন খুব উত্তেজনা প্রকাশ করেছেন তখন শম্ভুবাবু যদি এটা করতেন তাহলে বোধ হয় ওরা খুব খুশী হতেন, তাতে বোধ হয় সমস্যার সমাধান হত কিনা জানি না—বিলটি পাশ হয়ে যাবে, কমিশনের সদস্যদের নিয়োগপত্র দেবেন বিরোধী দলের বন্ধু নেতারা একসঙ্গে বসে আলোচনা করে—এটা হলে সমাধান হত কিনা আমি জানি না। কারণ, তাতেও বোধ হয় হত না। হত না এই কারণে যে এই বিল সম্বন্ধে আলোচনা করতে গিয়ে সন্দীপবাবু বলেছেন তাড়াতাড়ি বিল পাশ হওয়াই মোটামুটি ভাল। তারপরে বীরেনবাবু আবার বলেছেন বিলটি সারকুলেসানে দিতে হবে পাবলিক ওপিনিয়ন নেওয়ার জন্য—এই দুজনের বক্তব্যের মধ্যে কিছু মিল খুঁজে পাওয়া যায় না। অধ্যাপক সমাজ দলমত নির্বিশেষে বহুদিন ধরে আন্দোলন করে এসেছে, তবেই এই বিল এসেছে। হরিপদবাবু তো নানা ভাষা, ভঙ্গীতে শেষ পর্যন্ত বললেন ইট স্যুড বি থ্রোন টু দি ডাষ্টবিন, যদিও ভাষাটি হয়ত ব্যবহার করেননি, কিন্তু করলে হয়ত ভাল হত। তবে কাশীবাবু, আমার ব্যক্তিগতভাবে মনে হয় তিনি কিছু গঠন মূলক জিনিস মুভ করেছেন। কাজেই এই প্রস্তাবের মধ্যে কমিশন একটা হলেও সেটা ইলেকসানে হবে, এই বলতে চেয়েছেন? কমিশনের সদস্যদের ইলেকসান করা হবে—তা নিশ্চয় বলতে পারেন না। পি. এস. সি.-র সদস্যদের গভর্ণমেন্ট এ্যাপয়েন্ট করছেন। এই বিল পাশ হলে সরকার কমিশনের সদস্যদের নিয়োগ করবেন, এছাড়া কোন উপায় নেই, বিরোধী পক্ষকে এটা মেনে নিতেই হবে— পার্টি সিস্টেম অব গভর্ণমেন্টে--কোন গভর্ণমেন্টে কখনই মুক্তি পাওয়া যায় না— তবে হ্যাঁ, দেখতে হবে যে কতখানি পরিমাণে সেফগার্ডস্ রাখা হয়েছে। এখন সেই সেফগার্ডস্ এখানে বিভিন্নভাবে রাখা হয়েছে। যে যাদের নিয়োগ করা হবে তারা কি ধরণের লোক হবেন। আবার কেউ কেউ বলেছেন এতে বোঝা যাচ্ছে নিজেদের পার্টির লোকদের দেখে করা হবে। এখন ম্যান অব এমিনেন্স যদি পার্টির মধ্যে থাকেন তাহলে কি যুক্তি এই যে যতই তিনি ম্যান অব এমিনেন্স হোন না কেন, যদি তার রাজনৈতিক মত থাকে তাহলে তিনি কোন মতেই কমিশনের সদস্য হতে পারবেন না? এটাই কি গণতন্ত্রের সংজ্ঞা? এটা পৃথিবীর কোথাও উচ্চারিত হয়েছে কিনা আমার জানা নেই। কাজেই এই সমস্ত কথার মধ্যে সারবত্তা আছে বলে আমার মনে হয় না। যারা এতদিন

গভর্ণমেন্ট চালিয়েছেন তারা জানেন যখন একটি কমিশন এ্যাপয়েন্ট করতে হয় তখন স্বভাবতই কতগুলি জিনিস দেখতে হয়। সরকারের যে নীতি এ্যাসেম্বলীতে গৃহীত হয়, যে কার্যপদ্ধতি এ্যাসেম্বলীতে গৃহীত হয়, যে উদ্দেশ্যে বিল গৃহীত হয়, সেই উদ্দেশ্যে, সেই রীতিকে কার্যকরী করতে পারেন এমন ব্যক্তিকে এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়। বর্তমান সরকার সেদিকে লক্ষ্য রেখে এ্যাপয়েন্ট করবেন। কনষ্টিটিউসনে নিশ্চয় বিরোধী পক্ষের বিভিন্ন রকমের আতঙ্ক যাতে না হয় এদিকে লক্ষ্য রেখে করবেন না। কারণ জলাতঙ্ক হলে এই সমস্ত লোকের মধ্যে এই জিনিস দেখা যায়। তাই অনেক বক্তার মধ্যেই আমি আলিমুদ্দিনের আতঙ্ক লক্ষ্য করেছি। এই আতঙ্ক একটা সাংঘাতিক আতঙ্ক হয়ে দেখা দিয়েছে, যাঁর জন্য একটা সুস্থ জিনিস সম্পর্কে ধীর স্থির নিরপেক্ষ দৃষ্টিভঙ্গীতে অনেকেই এটা নিতে পারছেন না। আমি আশা করেছিলাম যে অন্ততঃ কোন কোন ক্ষেত্রে সেটা নিতে পারবেন।

কারণ আগেই বলেছি যে কংগ্রেস আমলে তারাই উল্লেখ করেছিলেন যে এই রকম একটা কমিশন করবার দরকার আছে। কাজেই মূল নীতির বিষয়ে কোন আপত্তি নেই। কমিশনের গঠন পদ্ধতিতে শম্ভুবাবুর বিলে আছে যে তিনজনের কমিশন হবে এবং দরকার হ'লে আরো দুজনকে নেওয়া হবে। কংগ্রেসের কোন কোন বেঞ্চ থেকে বললেন এবং আমাদের বন্ধু সোহরাব সাহেবেও অনেক অঙ্ক কষে বললেন যে তিনজন আর. এস. পি., ফরোয়ার্ড ব্লক, সি. পি. এম.-এর হবার কথা ছিল আর দুজন বোধ হয় যোগ করা হ'ল মেজরিটি, মাইনরিটি করবার জন্য। আবার কাশীবাবু বললেন, কমিশনের এসব দরকার কি—কমিশন কমিশনই থাকুন। তা যে কোন পথেই যাওয়া যাক না কেন যদি মূল উদ্দেশ্যটা হয় এই যে আমরা সমালোচনা করবোই তাহলে তাদের স্যাটিসফাই করা সম্ভব নয়। নিশ্চয় আমাদের বন্ধু সোহরাব সাহেব এবং অন্যান্যরা লক্ষ্য করেছেন যে আমি নিজে এবং আমাদের আরো কোন কোন সদস্য আমাদের এ্যামেণ্ডমেন্টে বলেছি যে, যে প্রভিসানটা আছে যে তিনজন সদস্যের পরে একটা প্রভাইসো রাখা হচ্ছে—সেকসান থ্রিতে যে প্রভাইসোটা আছে--সেই প্রোভাইসোটা ডিলিট করে তিন জনের জায়গায় পরিপূর্ণ ৫ জন করা হোক। কাজেই এখানে দেখা যাচ্ছে যে অনেকখানি পরিমাণে আমাদের বিরোধীদলের কারুর কারুর সঙ্গে আমাদের ঐক্যমত্য আছে। কাজেই ইউন্যানিমিটির পরিবেশ এখানে যে একেবারেই নেই সেকথা আমরা বলব না। তারপর আর একটা গুরুত্বপূর্ণ পয়েন্ট এখানে আছে। ওরা

বলেছেন যে নমিনি, চ্যানসেলারের নমিনি, এক্সপার্ট—এসবের দরকার কি? আবার কেউ কেউ সন্দেহ প্রকাশ করেছেন যে এর মাধ্যমে ইউনিভার্সিটির কাউন্‌সিল এখন যেটা আছে সেটা আসবে। আমার বন্ধু সন্দীপ দাস মহাশয় কাউন্‌সিলের কোন এ্যাপয়েন্টমেন্ট সম্পর্কে—একটা ডিপার্টমেন্টের সন্দেহ প্রকাশ করেছেন। আমি তাঁকে জানাই যে কাউন্‌সিল মূলতঃ একটা নীতির ভিত্তিতে চলছে। সেই নীতিটা হচ্ছে, যে সিলেক্‌শন কমিটিটা তৈরি হয় তাতে চ্যানসেলারের নমিনি থাকেন—এক্সপার্ট পি. জি. কাউন্‌সিলের নমিনি থাকেন। সিলেক্‌শান কমিটি ইউন্যানিমাসলি যে ভাবে প্রায়রিটি দিয়ে এ্যাপয়েন্টমেন্ট করেন—কম্পোজিসান অফ দি সিলেক্‌সান কমিটির ব্যাপারে যদি কন্‌ট্রোভারসি না থাকে তাহলে সিলেক্‌সান কমিটির এ্যাপয়েন্টমেন্ট, সাজেসান, রেকমেণ্ডেসান যার পক্ষেই যাক না কেন, তিনি যে দল বা মতের হোন না কেন তাকে এ্যাপয়েন্টমেন্ট দেবার কথা আমরা ঠিক করে নিয়েছি এবং এ পর্য্যন্ত সেই ভাবেই কাউন্‌সিল চলছে। কাজেই সেখানে আপনাদের আশঙ্কার কিছু নেই—সেখানে সিলেকসান কমিটির মাধ্যমে যে এ্যাপয়েন্টমেন্ট হবে সেটাই গ্রাহ্য হবে। তারপর অনেকে বলেছেন, আমরাও এ্যামেণ্ডমেন্ট দিয়েছি, কাশীবাবুও বলেছেন যে, হ্যাঁ, কমিশন যে রেকমেণ্ডেসান করবে সেই রেকমেণ্ডেসান আবার গভর্ণিং বডি রিজেক্ট করতে পারে এবং করলে তার কারণ দর্শীয়ে তারা লিখবেন—আমি মনে করি উচ্চশিক্ষামন্ত্রী শম্ভুবাবু এটা বিচার বিবেচনা করে দেখবেন—বিলের অধিকাংশ জায়গায় আমি পরিপূর্ণ একমত হয়েও তাকে ভাবতে অনুরোধ করি কারণ এ পর্য্যন্ত আমাদের যে অভিজ্ঞতা তাতে আমরা দেখেছি আমি নিজে একজন অধ্যক্ষ হয়েও একথা বলছি যে যখন রেকমেণ্ডেসান যাবে গভর্ণিং বডির হাতে তখন সেখানে যদি এই অধিকার রাখা হয় যে আমি অমুককে নেব, অমুককে নেব না তাহলে তাতে অসম্ভব রকমের দেরি হবে। তাছাড়া সেখানে ঘুরে পথে নানান জিনিষের আমদানী হবে যা আমরা প্রতিরোধ করতে চাই। কাজেই এটা না করে কমিশন যে রেকমেণ্ডেসন বা লিষ্ট পাঠাবে সেটা গভর্ণিং বডি মেনে নিতে বাধ্য থাকবেন এটা হওয়াই বাঞ্ছনীয়। এখন তো সেন কমিশন কোয়ালিফিকেসান ঠিক করেই দিয়েছে যে বি প্লাস হতে হবে এবং এই এই কোয়ালিফিকেশান থাকতে হবে। সেখানে সেটা ইউনিভার্সিটি গ্রাণ্ট কমিশন এবং স্টেট গভর্ণমেন্ট মিলেমিশে ঠিক করেছেন। কাজেই এই কোয়ালিফিকেসানের চৌহদ্দির মধ্যেই পারসোন্যালিটি এবং আদার ফ্যাক্টরস যা ইণ্টারভিউ-এ দেখা হয় তা দেখতে হবে। এসব দেখে কমিশন যে রেকমেণ্ডেসান করছেন সেই রেকমেণ্ডেসান

কোন গভর্ণিং বডির রিফিউস করার সঙ্গত কারণ থাকতে পারে বলে আমি মনে করি না। গভর্ণিং বডির কাজ হচ্ছে যোগ্য শিক্ষকদের দিয়ে সেখানে পড়াশুনার ব্যবস্থা করা। সেখানে এই যে যোগ্য শিক্ষক কমিশন নির্বাচন করে পাঠাচ্ছেন তাদের দিয়ে লেখাপড়ার ব্যবস্থা করা। এটা একটা গুরুত্বপূর্ণ পদক্ষেপ। যোগ্য শিক্ষক নিয়োগ করতে পারলে পঠন পাঠনের ক্ষেত্রে নিশ্চয় অনেক বেশী উন্নতি হবে। যদিও আমি মনে করি—আশা করি আমার সঙ্গে অনেকেই একমত হবেন—যে শুধুমাত্র একটি পদক্ষেপেই সমগ্র শিক্ষা জগতে যে গণতান্ত্রিক পরিবেশ আমরা চাই, যে উচ্চশিক্ষার মান আমরা চাই সেই মান একেবারে অটোমেটিক্যালি আসবে একথা মনে করবার কোন কারণ নেই। তবে এটা একটা জরুরী পদক্ষেপ সে বিষয়ে কোন সন্দেহ নেই। এখন যে গভর্ণিং বডির কথা বললাম সে ব্যাপারে এখানকার কোন কোন কংগ্রেস বেঞ্চের মাননীয় সদস্য—কংগ্রেস, না, কংগ্রেস (আই) আমার মনে নেই কারণ ২৪ ঘন্টা অন্তর অন্তর তো পরিবর্তন হচ্ছে—বলেছেন, গভর্ণিং বডির কোন সে থাকবে না ?

[6-40—6-50 P.M.]

অনেক টাকা খরচ করেছে কলেজ অতএব গভনিং বডির সে থাকতে হবে। এখানেই একটু দৃষ্টিভঙ্গীর তফাৎ। গভর্ণিং বডি নিশ্চয়ই যখন দেশে ব্রিটিশ শাসন ছিল তখনও বটে, এখনও বটে সরকার সব কিছু করবে—এই রকম চিন্তা ধারায় পরিচালিত হত না। বেসরকারী উদ্যোগের স্থান নিশ্চয়ই আছে। জনসাধারণের উদ্যোগে তারা বিদ্যালয় অথবা কলেজ প্রতিষ্ঠা করতে এগিয়ে আসবে, এটা সাধুবাদের যোগ্য। তাদের সর্ত যদি এই হয় যে আমরা এগিয়ে আসতে পারি অধ্যক্ষ নিয়োগ, অধ্যাপক নিয়োগ আমাদের ইচ্ছা মত হতে হবে, আমাদের ফ্যামিলির লোক হতে হবে অথবা আমাদের দলের কেউ হতে হবে, এই ধরণের সর্ত যদি আরোপ করা যায় তাহলে শিক্ষার যে মূল উদ্দেশ্য সেই উদ্দেশ্য ব্যাহত হয়। সেদিক থেকে সেই অধিকার গভর্ণিং বডিকে দেওয়ার প্রয়োজন আছে বলে মনে করি না। বরং মনে করি যে গভর্ণিং বডির যে রেকমেণ্ডেশান সার্ভিস কমিশন চেয়েছেন সেই রেকমেণ্ডেশান অনুযায়ী তাঁরা এ্যাপোয়েন্টমেন্ট দেবেন। এর ফলে ধীরে ধীরে কলেজের আভ্যন্তরীণ পরিবেশ অনেক সুস্থ হবে। কারণ আমার অভিজ্ঞতা থেকে দেখেছি যে যখন কলেজের গভর্ণিং বডির হাতে নিয়োগের ভার থাকে তার অর্থ এই হয়—যতই নিরপেক্ষভাবে করতে যাক না কেন, নিরপেক্ষতা সম্পর্কে আর দশ জন যাঁরা আগ্রহী তাঁদের সেই নিরপেক্ষতা সম্পর্কে সম্পূর্ণ বিশ্বাস থাকে না এবং অর্থ নৈতিক ক্ষেত্রে নানা ধরণের

পারস্পরিক সন্দেহ, অবিশ্বাস ইত্যাদি দেখা যায়। ধরুন কে সেক্রেটারীর লোক, কে প্রিন্সিপালের লোক এইভাবে অধ্যাপকদের কপালে ছাপ পড়ে যায় এবং তার ফলে আভ্যন্তরীণ পরিবেশ খুবই খারাপ হয়ে যায়। আমি ১৬ বছর অধ্যক্ষের পদে আছি। তাতে আমার অভিজ্ঞতা থেকে আমি মনে করি যে এ্যাপোয়েন্টমেন্টের ব্যাপারে অধ্যক্ষদের কোন হাত থাকা উচিত নয়। কারণ থাকলে নানা ধরণের এই জাতীয় আলাপ-আলোচনার মধ্যে জড়িয়ে পড়বেন, তাঁর নিজের দল করার ইচ্ছা হবে, তাঁর দলের মেজরিটি যাতে থাকে সেইভাবে চেষ্টা করবেন। আর তিনি যদি নাও চান তাহলেও অন্যরা তাঁদের নানা ধরণের স্বার্থে তাঁদের ইচ্ছাকে পরিপূর্ণ করার জন্য তাঁকে টানতে পারেন। কাজেই সে দিক থেকে আমি মনে করি এই সার্ভিস কমিশিনের বিল এনে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয় উপযুক্ত পদপেক্ষ গ্রহণ করেছেন। আমি আশা করবো এই বিলকে সভার সমস্ত অংশ সম্পূর্ণ ভাবে সমর্থন করবেন এবং এইটুকু বলতে পারি যে আজকে চেঞ্জিং সোসাইটির, সেখানে কোন একটা বিল এনে ফর অল টাইমস টু কাম সব ঠিক হয়ে গেল—একথা ভাববার কোন কারণ নেই। অভিজ্ঞতার আলোতে যদি কিছু দেখা যায়, যদি কোন সংশোধন দরকার হয় সেই সংশোধন আমরা সকলে মিলে করতে পারি। এই কথা বলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ জানিয়ে এবং মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে এই বিল আনার জন্য ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশম্ভুচরণ ঘোষ ঃ** মাননীয় স্পীকার মহোদয়, দীর্ঘক্ষণ বিরোধী পক্ষের মাননীয় সদস্যবৃন্দ তাঁদের বক্তব্য বিলের উপর রাখার চেষ্টা করেছেন। আমি আশা করেছিলাম যে তাঁরা আরো কঠোর দৃষ্টিভঙ্গীতে বিলটিকে সমালোচনা করবেন এবং কিছু কিছু গঠন মূলক বক্তব্য উপস্থাপন করার চেষ্টা করবেন। কিন্তু আমি অবাক বিস্ময়ে দেখলাম বিশেষ করে কংগ্রেসের মাননীয় সদস্যরা যে বক্তব্য এখানে উত্থাপন করেছেন। তাঁরা ৩ বছর আগেকার বিধানসভার কার্য্যবিবরণী অথবা তাঁদের দলনেতা বিধানসভায় বিবৃতি প্রদানের কথা বলেছেন—এই বিধানসভায় কলেজ টীচার্স, (সিকিউরিটি অব সার্ভিস) এ্যাক্ট শুধু পাশ হয়েছিল তা নয়। এই বিধানসভায় দাঁড়িয়ে কংগ্রেসের তখনকার মুখ্যমন্ত্রী, তিনি থার্ড মার্চ একটা বিবৃতি প্রদান করেছিলেন এবং সেই বিবৃতির একটা জায়গায় সুস্পষ্টভাবে উল্লেখ আছে—

There will be appointed a University and College Service Commission for the selection and recruitment of University and college teachers for making regulations of the service conditions in general and dealing with

other allied matters. The West Bengal College Teachers' (Security of Service) Act.

পরবর্তীকালে তারা ওয়েষ্টবেঙ্গল কলেজ টীচার্স সিকিউরিটি অফ সার্ভিস এ্যাক্ট এই আইন গ্রহণ করেন। সেখানেও ৩নং ধারাতে অত্যন্ত স্পষ্টভাবে উল্লেখ আছে যে রাজ্য সরকার বেসরকারী কলেজ শিক্ষকদের নিয়োগ পদ্ধতি নিরুপণ করার জন্য সার্ভিস কমিশন গঠন করবেন। একটা কথা অত্যন্ত পরিষ্কারভাবে বিরোধী দলের মাননীয় সদস্যের লক্ষ্যে আনতে চাই যে যদি আমরা সরকার পক্ষ থেকে স্বতপ্রণোদিত হয়ে কোন বিল উত্থাপন করবার চেষ্টা করতাম, হয়তো কোন অভিসন্ধী আরোপ করার সুযোগ থাকত। কিন্তু আমি পুরোনো রেকর্ড দেখেছি সর্বপ্রথম ইউ. পি.-র চ্যান্সেলর ডঃ এম. চেন্না রেড্ডী ইউ. পি.-র ১৭টি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের এক সভায় ২৪ এবং ২৫শে ডিসেম্বর ১৯৭৫ সালের এই কলেজ টীচারস সার্ভিস কমিশনের উপযোগ্যতা এবং প্রয়োজনীয়তা সম্পর্কে একটি বিবৃতি দেন। সেই বিবৃতি শুধুমাত্র ইউ. পি.-র কলেজ শিক্ষকদের কাছে অত্যন্ত সমাদৃত হয়েছিল তাই নয় ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের কলেজ শিক্ষকরা তাঁকে সুন্দরভাবে স্বাগত জানিয়েছিলেন সেই ইউ. পি.-র চ্যান্সেলর ডঃ এম. চেন্না রেড্ডীর বক্তব্য তখনকার সরকার তাঁকে অনুধাবন করে সার্ভিস কমিশন গঠন করবার কথা চিন্তা করেছিলেন। কাজেই মাননীয় বিরোধী দলের সদস্যদের আমি এই বলে আশ্বস্ত করতে চাই যে কলেজ সার্ভিস কমিশন সম্পর্কে যে ধারণা এই সম্পর্কে আমাদের যে চিন্তা এটা কিন্তু আমরা নয় এর আগে সকল রাজ্যের শিক্ষকরা চিন্তা করেছেন দলমত নির্বিশেষে প্রতিটি সরকার তাঁকে সমর্থন জানিয়েছেন। আমাদের সবকারী দলের অন্যতম সদস্য মাননীয় নির্মল বোস, অধ্যক্ষ অমিয় ব্যানার্জী অত্যন্ত স্পষ্টভাবে একটি কথা বলেছেন যে এরা শুধুমাত্র একটি বিশেষ দলের চিন্তাধারার প্রতিফলন নয়। সমগ্র রাজ্যের সমস্ত কলেজ শিক্ষকদের দীর্ঘদিনের আন্দোলনের ফলশ্রুতি হিসাবে আজ এই বিল আমরা উত্থাপন করেছি। এই বিল যখন উত্থাপন করি তখন স্বভাবতঃই আমাদের মনের মধ্যে ছিল—যদি এটাই আমাদের ধারণা থাকত যে সম্পূর্ণ শিক্ষাজগতকে সরকারী নিয়ন্ত্রণে আনব অথবা সরকারী কুক্ষির মধ্যে আনার জন্য—আমরা সমস্ত শিক্ষা ব্যবস্থাকে সেইভাবে গড়ে তুলব তাহলে বর্তমানে আমাদের সামনে অন্ততঃ একটি পথ খোলা ছিল যেটা আমরা গ্রহণ করতে পারতাম, বর্তমানে পশ্চিমবাংলায় স্পনসর্ড কলেজের শিক্ষকদের নিয়োগের ক্ষেত্রে ডি. পি. আই. তাঁর সিলেকশন কমিটির মাধ্যমে অধ্যাপক নিয়োগ করে থাকেন এই যে নীতি আমরা বর্তমানে অনুসরণ করছি সেই নীতিকে সমস্ত স্তরে কলেজের ক্ষেত্রেও প্রয়োগ করবার চেষ্টা করতাম। কিন্তু তা আমরা করিনি। অপর দিকে আমরা

দেখছি এই কথা কোন মাননীয় সদস্য অস্বীকার করতে পারবেন না যে বেসরকারী পরিচালক সমিতি এতদিন ধরে যে শিক্ষক নিয়োগ করে এসেছে, যেভাবে শিক্ষকদের কর্মচ্যুত করেছে যেভাবে শিক্ষকদের নানাভাবে হায়রাণী করেছেন সেই ইতিহাস সমস্ত শিক্ষক আন্দোলনের সঙ্গে সংশ্লিষ্ট কর্মী এবং মানুষের জানা আছে, বিশেষ করে সমস্ত বিভিন্ন দলের মাননীয় সদস্যরা অনেকেই সেই সময় নির্যাতীত হয়েছেন তাঁরা পরিচালক সমিতি কর্তৃক নিয়োগ পদ্ধতির বিরুদ্ধে সোচ্চার হয়েছিলেন, সেই সময় তাঁরা বলেছিলেন পরিচালক সমিতি অনেক সময় শুধুমাত্র দলের কথা আমি বলছি না, গোষ্ঠিগত দৃষ্টিভঙ্গী দিয়ে স্বজনপোষণ অথবা অন্য দৃষ্টিভঙ্গী নিয়ে শিক্ষক নিয়োগের যে চেষ্টা করেন শিক্ষাক্ষেত্রে সেটা অত্যন্ত অশুভ নজির স্থাপনের একটা দৃষ্টান্ত স্বরূপ। সেইজন্য তার বিরুদ্ধে সমস্ত শিক্ষক শ্রেণী প্রতিবাদ জানিয়েছে। তাঁরা শিক্ষকদের জন্য কলেজ সার্ভিস কমিশন গঠনের জন্য বার বার সুপারিশ করেছেন। সেই হিসাবে আমরা এই সার্ভিস কমিশন এনেছি। একদিকে যে সমস্ত বেসরকারী কলেজে বর্তমানে শিক্ষক নিয়োগের ব্যবস্থা আছে তাকে আমরা সমর্থন করছি না অপরদিকে স্পনসর্ড কলেজে বর্তমানে প্রচলিত সিলেকশন কমিটির যে ব্যবস্থা তাকেও আমরা সমর্থন করছি না। সেইজন্য এই বিলের অভ্যন্তরে শুধু প্রাইভেট কলেজ নয় স্পনসর্ড কলেজগুলোকেও আনা হয়েছে। সরকারী নিয়ন্ত্রণে নয়, এখানে একটা সার্ভিস কমিশন থাকবে যে সার্ভিস কমিশন—মাননীয় সদস্যদের আমি আশা করব তাঁরা শিক্ষাগত যোগ্যতা, উচ্চমানের কথা চিন্তা করে যথাযথ ভাবে শিক্ষক নিয়োগ করার চেষ্টা করবেন।

[6-50—7-00 P.M.]

সেইজন্য সার্ভিস কমিশন দুটো যে পদ্ধতি বর্তমানে চালু আছে তার মাঝামাঝি একটা সুন্দর পথ। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে যে সমস্ত প্রশ্ন অতীতে দেখা দিয়েছে, বর্তমানেও সেই সমস্ত প্রশ্নের আমরা সম্মুখীন হচ্ছি, এরপর আর সেই সমস্ত প্রশ্ন উত্থাপিত হবে না। মাননীয় সদস্য অধ্যাপক হরিপদ ভারতী একটা প্রশ্ন তুলে হাউসে চমক্ লাগাবার চেষ্টা করেছেন। তিনি বার বার চেষ্টা করেছেন বর্তমানে যে সমস্ত কলেজে যে সমস্ত শিক্ষকরা নিয়োগ হচ্ছেন সেই সমস্ত শিক্ষকদের নিয়োগের ক্ষেত্রে সরকারের কাছে পূর্বাহ্নেই এ্যাপ্রুভাল গ্রহণ করতে হয়। তাহলে বর্তমানে নিয়োগের যে পদ্ধতি রয়েছে তা পরিবর্তন করে তড়িঘড়ি করে এই বিল আনবার চেষ্টা আমরা করলাম কেন? মাননীয় সদস্যের কাছে আমি বিনীতভাবে

নিবেদন করতে চাই যে, তিনি যদি ওয়েষ্ট বেঙ্গল কলেজ ( সিকিউরিটি অফ্ সার্ভিসেস ) এ্যাক্ট, ১৯৭৫-এর ক্লজ ৩-টা ভাল করে পড়ে দেখতেন তাহলে দেখতে পেতেন যে, সেখানে এই বিধান আছে রাজ্য সরকার সার্ভিস কমিশন গঠন করে শিক্ষক নিয়োগের ব্যবস্থা করবেন। '৭৫ সালে তাঁরা বলেছিলেন সার্ভিস কমিশন করে শিক্ষক নিয়োগ করবেন, কিন্তু পূর্বতন কংগ্রেস সরকারের পক্ষ থেকে সার্ভিস কমিশন গঠন করা হয়নি। পশ্চিম বাংলায় বামফ্রন্ট সরকার গঠিত হবার পর আমরা সেই সিকিউরিটি অফ্ সার্ভিসেস এ্যাক্ট অনুযায়ী সিলেক্সন কমিটি গঠন করি এবং এটা একটা অন্তবর্তীকালীন ব্যবস্থা, একটা ইনটার্ম মেজার। যতদিন পর্যন্ত না সার্ভিস কমিশন গঠিত হচ্ছে ততদিন পর্যন্ত সিলেক্শন কমিটির মাধ্যমে আমরা শিক্ষক নিয়োগ করব এবং সেই হিসাবে বর্তমানে বিভিন্ন কলেজে শিক্ষক নিয়োগ হচ্ছে। একজন মাননীয় সদস্য, অধ্যাপক সন্দীপ দাস, তিনি আবেগের সঙ্গে বলে গেলেন, বহু কলেজে আজকে অধ্যাপক নিয়োগ করা হচ্ছে না, ৩০০ নাকি অধ্যাপকের পদ খালি আছে। আমি জানি না তিনি বাস্তব চিত্র জানেন কিনা। তিনি একটি কলেজের সঙ্গে সংশ্লিষ্ট এবং শিক্ষক আন্দোলনের সঙ্গেও যুক্ত আছেন। তিনি কি জানেন বর্তমানে কি অবস্থার মধ্যে কলেজগুলি আছে ? আজকে কলেজ শিক্ষকরা উদ্বৃত্ত অবস্তায় এসে দাঁড়িয়েছে, বিভিন্ন কলেজ টিচার সারপ্লাস হয়ে গিয়েছে। পশ্চিম বাংলার বামফ্রন্ট সরকার চায় কলেজ শিক্ষকদের একজনেরও যাতে কোনও রকম ক্ষতি না হয়, চাকুরী না যায়। সেই জন্যই পে প্যাকেটের ব্যবস্থা করেছি, শতকরা ৭৫ ভাগ সরকারী তহবিলে জমা দেওয়ার মাধ্যমে। এতে সরকার লাভবান হচ্ছে না, আমি বিভিন্ন কলেজের হিসাব দেখেছি। আমি একমাত্র ফার্ষ্ট ইয়ার ডিগ্রি কোর্সের চিত্র বিভিন্ন কলেজের তুলে ধরতে চাই। সেই চিত্র অত্যন্ত ভয়াবহ। উচ্চ শিক্ষার ভয়াবহ চিত্র। যে শিক্ষকরা কাজ করছেন সেখানে তাঁদের যাতে সঙ্কটজনক অবস্থার মধ্যে পড়তে না হয়, তার জন্যই আমরা ঐ ব্যবস্থা করেছি। অধ্যাপক সন্দীপ দাস মহাশয় নিজে যে কলেজে আছেন, সেই কলেজের হিসাব কি তিনি জানেন ? আর্টস সায়েন্স এবং কমার্সের জন্য বিভিন্ন কলেজে অনেক অধ্যাপক আছেন, কিন্তু আগে যেখানে ফার্ষ্ট ইয়ারে এক একটি কলেজে ২০০-২৫০ ছাত্র ভর্তি হত, সেখানে আজকে সর্বসাকুল্যে ৪০-৫০ জনের বেশী ছাত্র ভর্তি হয় না। এমন অনেক কলেজ আছে যেখানে আর্টস এয়েন্সে একজনও ছাত্র ভর্তি হয়নি। হুগলী জেলার কামারপুকুর কলেজে আর্টসে মাত্র ২ জন ভর্তি হয়েছে। কাজেই আজকে ছাত্র ভর্তির হার কমে যাবার ফলে অধ্যাপকরা উদ্বৃত্ত হয়ে যাচ্ছেন, তাঁদের চাকুরীর নিরাপত্তার সমস্যা দেখা দিচ্ছে। কাজেই আমাদের

আজকে দেখতে হচ্ছে কিভাবে শিক্ষকরা নিযুক্ত থাকতে পারেন। হরিপদ ভারতী পে প্যাকেটের কথা বলেছেন, শতকরা ৭৫ ভাগ জমা দিয়ে মাত্র ২৫ ভাগ দিয়ে কিভাবে কলেজগুলি চলবে! আমি তাঁর কাছে প্রশ্ন রাখছি কারা ৭৫ ভাগ জমা দিচ্ছে? যেখানে মাত্র ১০ থেকে ১৫ জন করে ছাত্র রয়েছে, সমস্ত পশ্চিম বাংলায় যেখানে গড়ে ২০ থেকে ৩০ জন করে এক একটি ক্লাশে ছাত্র রয়েছে, তার বেশী ছাত্র কলেজে ভর্তি হয়নি, সেই ২০ থেকে ২৫ জনের শতকরা ৭৫ ভাগ জমা দিতে হচ্ছে। ঐ সকল ছাত্রদের সকলের পুরো বেতন দিয়ে একজনও অধ্যাপকের ৭০০ টাকা হারের বেতন দেওয়া যায় না। এটাই আজকে পশ্চিম বাংলার কলেকগুলির চিত্র। উচ্চ শিক্ষার সঙ্গে যুক্ত কলেজ শিক্ষকদের সমস্ত রকম দুরবস্থার হাত থেকে বাঁচাবার যে ব্যবস্থা পশ্চিম বাংলার বামফ্রন্ট সরকার করেছেন তাতে পশ্চিম বাংলার কলেজ শিক্ষক সমিতি সাধুবাদ জানিয়েছে। ব্যক্তিগতভাবে কয়েকজন মাননীয় সদস্য উষ্মা প্রকাশ করতে পারেন, সমালোচনা করতে পারেন, সমালোচনা করতে পারেন কিন্তু তাঁরা অন্তরে নিশ্চয়ই এই অবস্থাটাকে স্বীকার করে নেবেন। মাননীয় বিরোধী দলের নেতা শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয় তিনি এই বিল সম্পর্কে আলোচনা করতে গিয়ে কতকগুলি ভাল জিনিষ বলেছেন আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু সঙ্গে সঙ্গে দেখা যাচ্ছে যে তিনি আমাদের এই বিলেতে বিশ্ববিদ্যালয়কে আনার কথা বলেছেন। একথা ঠিক যে, West Bengal College (Security) of Services Act., 1975. এতে কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য সার্ভিস কমিশন গঠনের কথা বলা আছে। একথা ঠিক যে, এই সম্পর্কে আমাদের শিক্ষক সমিতির প্রস্তাব সরকারের কাছে ছিল কিন্তু তা সত্ত্বেও আমরা যখন এই বিল সম্পর্কে চূড়ান্ত রূপ দেবার চেষ্টা করি তখন পশ্চিম বাংলার সবকটি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্যদের সাথে এই বছরের জানুয়ারী এবং ফেব্রুয়ারী মাসে ৭৮ সালে দুটি বৈঠকে মিলিত হয়েছিলাম—সেই বৈঠকে তাঁরা অভিমত প্রকাশ করেছিলেন যে, বর্তমানে এটা কলেজের ক্ষেত্রে প্রয়োগ করুন, বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে প্রয়োগ করার জন্য আবার পরে চিন্তা করতে পারেন এবং তাঁরা এই প্রসঙ্গে উল্লেখ করেছিলেন ইউ. জি. সি. যে কমিটি নিয়োগ করেছিলেন সেই গজেন্দ্রগাদকার কমিটি, সেন কমিটি, এবং গনি কমিটি তাতে কোথাও এই ধরণের সুপারিশ নাই। যদিচ ইউ. জি. সি.-কে এই সমস্ত কমিটি কোন সুপারিশ দেয়নি কিন্তু ইউ. জি. সি. যখন ১৯৭৫ সালে নতুন বেতনক্রম চালু করেন তখন এরা সরকারের কাছে সুস্পষ্ট ভাবে বক্তব্য রেখেছিলেন যে কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য সার্ভিস কমিশন গঠন করার প্রয়োজনীয়তা আছে। কিন্তু উপাচার্য্যদের অনুরোধে আপাততঃ

শুধুমাত্র কলেজ শিক্ষকদের ক্ষেত্রে আমি এই নীতি গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করি এবং সেইমত বিলটিকে এই হাউসে উপস্থাপিত করেছি। ভবিষ্যতে প্রয়োজন বোধে আরও আলোচনা সাপেক্ষে বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে সম্প্রসারিত করা যায় কিনা নিশ্চয়ই সরকার চিন্তা করবেন। এ খাতে মাননীয় সদস্য শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয় তিনি কতকগুলি ক্লজের কথা বলেছেন যেগুলি সম্পর্কে সংশোধনী ইতিমধ্যেই হাউসে উত্থাপিত হয়েছে। বিভিন্ন মাননীয় সদস্য ক্লজ ৩ সম্পর্কে তাঁদের সংশোধনী রেখেছেন ক্লজ ৯ সম্পর্কে তাঁরা সংশোধনী রেখেছেন এবং সেই সংশোধনী সম্পর্কে তারা বক্তব্য রাখার পর আমি সরকারের পক্ষ থেকে আমার বক্তব্য রাখবো এবং আমার মনে হয় যে এই সম্পর্কে মাননীয় বিরোধী দলের নেতা শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয় যে বক্তব্য রেখেছেন তার জন্য আমি তাঁকে স্বাগত জানাচ্ছি ।কিন্তু তিনি কতকগুলি বিষয় সম্পর্কে যে বক্তব্য রেখেছেন আমার মনে হয় তিনি যদি আরও একটু ভালভাবে অনুধাবন করতেন তাহলে দেখতেন যে এর প্রয়োজন আছে। তিনি ক্লজ ১১ সম্বন্ধে বলেছেন যে, কি প্রয়োজন কমিশনের একটি কলেজ থেকে রেকর্ড তলব করার? কি প্রয়োজন একটি ইউনিভার্সিটি থেকে ইনফরমেসান তলব করার? আমি তাঁকে অনুরোধ করবো ক্লজ ৭ সাব-ক্লজ ২ যদি দেখেন তাহলে দেখবেন যে এতে অত্যন্ত পরিষ্কার ভাবে এই কথা আমি বলেছি যে শুধুমাত্র এই কমিশনের একটি কাজ শুধু শিক্ষক নিয়োগ নয়—এই কলেজের কাছে এই বিশ্ববিদ্যালয়ের কাছে যদি চ্যান্‌সেলর অথবা সরকার কোন বিষয়ে যদি জানতে চান, কোন ইনফরমেসান চান তাহলে কমিশন ইনফরমেসান দিতে বাধ্য থাকবে। কমিশনে দুটি কাজ সরকার এবং চ্যানসেলারকে ইনফরমেসান অথবা কোন বিষয়ে অবহিত করার দায়িত্ব গ্রহণ করবে। অপর দিকে কলেজ শিক্ষকদের নিয়োগের ব্যবস্থা তারা করবে এবং সেই হিসাবে ক্লজ ৭ সাব-ক্লজ ২-তে বলা আছে যে এইগুলি কমিশনের অন্যতম দায়িত্ব। সেই দায়িত্ব পালন করার ক্ষেত্রে ক্লজ ১১ যদি না থাকে, যদি কমিশন কলেজ থেকে রেকর্ড তলব না করে তাহলে কেমন করে সরকারের কাছে রেকর্ডগুলি প্লেস করবে, কেমন করে সরকারের কাছে ইনফরমেশান দিতে সমর্থ হবে? সেইজন্য ক্লজ ৭ সাব-ক্লজ ২ জন্য আমি সেখানে ক্লজ ১১টা রেখেছি যে এই রেকর্ড এবং ইনফরমেসানের প্রয়োজন থাকবে এবং নিশ্চয়ই বিশ্ববিদ্যালয় এবং কলেজের কাছ থেকে কমিশন তলব করতে পারবে। তিনি ক্লজ ৩-এ একটি জায়গায় বলেছেন যে ৩ জন প্রভাইসো তুলে দিতে অর্থাৎ কোন প্রভাইসো রাখার প্রয়োজন আছে? সরকার আবার কেন ২ জনকে নিয়োগ করার কথা চিন্তা করবেন?

[7-00 – 7-10 P.M.]

সেই প্রোভাইসো তুলে দেওয়ার এখানে সংশোধনী আসছে। সেই সম্পর্কে আমরা বিচার করেছি, সেটাকে গ্রহণের ক্ষেত্রে আমাদের অসুবিধা হবে না। ক্লজ ৭, ১, আইয়ে এই কথা বলা আছে। বিশ্ববিদ্যালয়ে চ্যান্সেলারের পক্ষ থেকে একজন থাকবেন এবং তিনি এই কমিশনকে সাহায্য করবেন। তিনি কিন্তু সদস্য হিসাবে থাকছেন না—থাকছেন সাবজেক্ট এক্সপার্ট হিসাবে। কমিশনে যে সমস্ত সদস্য আছেন ইংরাজী ভাষা সাহিত্য এক্সপার্ট এই কথা নিশ্চয় ধরে নেওয়া হবে না। কোন শিক্ষক নিয়োগ করার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ে অনুরোধ করব যে আপনারা একজন ইংরাজী ভাষা, ইংরাজী সাহিত্যে এক্সপার্টকে মনোনীত সদস্য হিসাবে আমাদের দিন। কমিশনের পক্ষ থেকে চ্যানসেলারের কাছে অনুরোধ করা হবে আপনার একজন মনোনীত সদস্যকে আমাদের এক্সপার্ট হিসাবে দিন তিনি শুধুমাত্র সাবজেক্ট এক্সপার্ট হিসাবে কাজ করবেন এ ধারণার কোন ভিত্তি নেই, কোন কারণ নেই, ইংরাজী ভাষা এবং সাহিত্যের কোন এক্সপার্ট বামফ্রন্ট সরকারের সমর্থক হন বামফ্রন্টের চিন্তাধারার সমর্থক হন তাহলে আমরা গর্ব অনুভব করব। তিনি আমাদের দেশের মানুষের কাছে গর্বের জিনিষ সেখানে আমাদের কিছু করার নেই যে কেন তিনি বিরোধী মত পোষণ করেন না? তাঁর যোগ্যতার মাপকাঠি দল নয়, তাঁর যোগ্যতার মাপকাঠি হবে তাঁর পাণ্ডিত্য। এখন আমরা দেখছি যে সমস্ত বিশ্ববিদ্যালয়ে প্রফেসার নিয়োগ হয় সেই প্রফেসর নিয়োগের ক্ষেত্রে সেখানে চ্যানসেলারের একজন এক্সপার্ট থাকেন তার মানে চ্যানসেলর আমাদের সরকারের লোক পাঠিয়ে বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক নিয়োগ করেন না, চ্যানসেলর একজন অভিজ্ঞ—একজন এক্সপার্টকে মনোনীত করে পাঠান—তিনি সে বিষয়ে সাহায্য করেন। কাজে কাজেই আশংকার, হতাশার কোন কারণ নেই। তা ছাড়া—আমি আর বক্তৃতা দীর্ঘ করতে চাই না শুধু একটা বিষয়ে মাননীয় বিরোধী সদস্যদের আশংকার নিরসন করতে চাই, ক্লজ ২-এ আমি তাঁদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। এখানে পাশ করে নিয়ে গিয়ে করতে চাই না। ক্লজ ১২ আছে কমিশনের যে কোন ব্যক্তিকে নিয়োগের দায়িত্ব কমিশনের রিপোর্ট চ্যানসেলারের কাছে পেশ করা হবে সেখানকার রিপোর্ট হাউসের কাছে বিধানসভাতে পেশ করা হবে। মাননীয় সদস্যদের জ্ঞাতার্থে কমিশনের কার্যকলাপের রিপোর্ট হাউসের সামনে পেশ করা হবে। তাদের অবগতির জন্য কতখানি দলবাজি হচ্ছে অথবা সুষ্ঠুভাবে নিয়োগের ব্যবস্থা হচ্ছে সেই নীতি নির্ধারণের সমর্থনে আমি এই কথা বলতে চাই যে আমি বিরোধীদলের সদস্যদের আহ্বান জানাচ্ছি যে এই বিলটিকে সমর্থন জানান।

The motion of Shri Sambhu Charan Ghosh that the West Bengal College Service Commission Bill, 1978, be taken into consideration, was then put and agreed to.

**Clause 1**

The question that clause 1 do stand part of the bill, was then put and agreed to.

**Clause 2**

**Shri Nirmal Bose :** Sir, I beg to move that in clause 2, sub-clause (j), line 2, the words "and an additional member" be omitted.

**Shri Sambhucharan Ghosh :** Sir, I accept the amendment.

The motion of Shri Nirmal Bose that in clause 2, Sub-clause (j), line 2, the words "and an additional member" be omitted was then put and agreed to.

The question that clause 2 as amended do stand part of the Bill was then put and agreed to.

**Clause 3**

**Shri Saudip Das :** Sir, I beg to move that proviso to clause 3(1) be omitted.

**শ্রীসন্দীপ দাস :** আমার ৮ আর ৯ তুটা এ্যামেণ্ডমেণ্ট আছে। ৮টা এ্যাকসেপটেড হলে ৯টা রিডানডাণ্ট হয়ে যাচ্ছে। সেজন্য আমি ৮-এর টা মুভ করছি। মন্ত্রী মহাশয় বিরোধী দলের প্রতি কটাক্ষ করে বললেন যে আমরা গঠনমূলক সমালোচনা করি না—সমস্তই জনডিস আই নিয়ে দেখি। কিন্তু বিরোধী দল থেকে অনেক গঠনমূলক কথা বলা হয় যেগুলি তাঁরা গ্রহণ করেন না। ক্লজ ৩ প্রভাইসো বাদ দিয়ে ৩(২) সম্পর্কে বক্তব্য রাখছি যে এটা আমি রিড্রাফট করতে বলছি। সেখানে আমি of the members one shall be a person who, in the opinion of the State Government, occupies an eminent position. বলে আছে যেটা সেটা বাদ দিতে বলছি। সেখানে সন্দেহের কোন অবকাশ রাখবেন না। গণতান্ত্রিক ব্যবস্থায় পার্টির গভঃ থাকে সেখানে পারসেন্স এমিনেন্সের স্থান নেই। আপনারা চিরকাল গভঃ থাকবেন না। কাজেই আপনারা যে ভিত্তিতে পারসেন্স অফ এমিনেন্ট বিচার করবেন পরে সেটা সেই ভাবে নাও হতে পারে।

কাজেই সন্দেহের কোন অবকাশ রাখবেন না। আপনি আজকে আপনাদের বন্ধুদের উপকার করবেন কিন্তু ভবিষ্যতে এটাই আপনার উপর বুমে রাং হতে পারে। সেজন্য বলছি স্পেসিফিক ভাবে বলে দিন জুডিসিয়াল সার্ভিস এর লোক দিন। এটা আপনি বিবেচনা করে দেখবেন। আপনি ক্লজের মধ্যে বলেছেন দুজন শিক্ষা জগত থেকে আসবেন—একজন বলেছেন প্রফেসার অফ ইউনিভার্সিটি, আর একজন বলেছেন প্রিন্সিপ্যাল ফর এ পিরিয়র্ড নট লেস দ্যান টু ইয়ার্স। আমি এর সঙ্গে Reader of a University or a Professor of a Government College with not less than ten years experience or as emient college teacher (including principal) with not less than twenty-five years teaching experience. আপনি এটা বিবেচনা করে দেখুন।

[7-10---7-20 P.M.]

আমি যখন ছাত্র ছিলাম তখন দেখেছি শিক্ষা জগতে এরূপ অনেক বিশিষ্ট শিক্ষাবিদ ছিলেন যাঁরা কোন দিন ইউনিভার্সিটিতে আসেননি। মন্ত্রী মহোদয়, যে বিষয়ে অধ্যাপক সে বিষয়ে কৃতী অধ্যাপক অধরচন্দ্র দাস—রিডার হিসাবে রিটায়ার করেন, ডঃ রাসবিহারী দাস তাই, প্রেসিডেন্সী কলেজের অনেকও তাই। সুবোধ সেনগুপ্ত, অমল হোম, ভবতোষ দত্ত, তারক সেন, তাপস মজুমদার ইত্যাদি কৃতী সন্তানেরা অনেকেই কলেজের প্রফেসর কাটিয়েছেন। কলেজ টিচার এবং প্রিন্সিপ্যালের মধ্যে এরূপ গুণগত তফাৎ করবেন না। মন্ত্রী মহোদয়েরই অনেক ছাত্র পল্লীগ্রামে গিয়ে অধ্যক্ষ হয়ে আছেন আবার দূরে যাবার মানসিকতা অনেকের নেই কিন্তু কৃতী অধ্যাপক হিসাবে সারা ভারতবর্ষে পরিচিত। কাজেই আপনার বিলের আওতার মধ্যে তাঁদের আনার ব্যবস্থা রাখুন। আপনি এখানে ইউনিভার্সিটি প্রফেসরকে রাখবেন, সেখানে একজন প্রিন্সিপ্যালকে—থার্ড প্ল্যানের কলেজগুলি কিভাবে হয়েছে, কিভাবে প্রিন্সিপ্যাল হয়েছে, মুচালেকা কলেজগুলি কিভাবে হয়েছে জানেন, আপনি আজকে মন্ত্রী হয়েছেন, কিন্তু মন্ত্রী হবার আগে আপনাকে যদি মুচালেকা কলেজের প্রিন্সিপ্যাল হতে বলা হত আপনি কি যেতেন? অনেকেই এই রকম প্রিন্সিপ্যাল হতে যাননি। আপনার বিল অনুযায়ী তাঁরা অনেকেই যখনই কমিশনের মেম্বার হবার যোগ্যতা অর্জন করেছেন তখনই কিন্তু আমার আশঙ্কা রয়েছে তাঁরা এসে যাবেন। যাঁরা অধ্যাপনাতে অনেকের চেয়ে জুনিয়র, দলের খুঁটির জোর যাঁদের আছে তাঁরাই এসে যাবেন এই আশঙ্কা আমার রয়েছে। কাজেই আপনার বিলটাকে সমালোচনার উর্ধে রাখুন এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পীকার :** আলোচ্য বিধেয়কের উপর সিদ্ধান্ত গ্রহণ ৭-২২ মিঃ শেষ হওয়ার কথা, কিন্তু আলোচনা এখনও বাকি আছে। আমাদের নিয়মাবলীর ২৯০ ধারা অনুযায়ী আরো আধ ঘণ্টা সময় বাড়ানোর জন্য আমি সভার সম্মতি চাচ্ছি। আশা করি এতে সকল সদস্যের সম্মতি আছে। সুতরাং সদস্যদের সম্মতিক্রমে বিধেয়কের উপর আলোচনার নির্দিষ্ট সময় আরো আধ ঘণ্টা বাড়ান হল। এখন নির্মলবাবু, আপনার ১ থেকে ৪ নং এ্যামেণ্ডমেণ্ট মুভ করুন।

**Nirmal Bose :** Sir I beg to move that for Clause 3(2) the following be substituted, namely :

"(2) Of the members one shall be a person who not being an educationist shall be a senior member of judicial or administrative service and the others shall be either a Professor of a University or a Reader of a University or a Professor of a Government College with not less than ten years experience or as eminent college teacher (including principal) with not le ss than twenty-five years teaching experience.".

**Shri Nirmal Bose :** Sir, I beg to move that proviso to clause 3(1) be omitted.

**Shri Achinta Krishna Roy :** Sir, I beg to move that in clause 3(1), line 4, for the word 'three', the word 'five' be submitted.

**শ্রীশম্ভুচরণ ঘোষ :** আমি সংশোধনীগুলি গ্রহণ করছি।

The motion of Shri Nirmal Bose that proviso to clause 3(1) be omitted, was then put and agreed to.

The motion of Shri Achinta Krishna Ray that in clause 3(1), line 4, for the word 'three', the word 'five' be substituted, was then put and agreed to.

**শ্রীনির্মল বোস :** স্যার, ক্লজ ৩-তে আইটেম ২৪ আমি মুভ করছি গ্রহণ করার জন্য। এখানে একটু ভুল আছে, সেটা সংশোধন করতে চাইছি। ১০ বছরের পর হবে অর এ্যাজ এ টিচার, আদার স্থান প্রিন্সিপ্যাল অব এ কলেজ, ফর এ পিরিয়ড অব নট লেস স্থান, এই স্থান কথাটা বাদ পড়ে গেছে যেখানে, স্থান কথাটা দিতে বলছি। প্রস্তাবটা যখন করা হয়েছিল তখন প্রিন্সিপ্যাল ছিলেন, টিচার ছিলেন না। সুতরাং এই সংশোধনীতে প্রস্তাব করছি ১৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন একজন কলেজ টিচারকে প্রিন্সিপ্যাল ছাড়া তাঁকে নেওয়া হোক।

**Shri Nirmal Bose :** Sir, I beg to move that in clause 3, sub-clause (2), in line 6, after the words "ten years" the words", or as a teacher, other than Principal of a College, for a period of not less than fifteen years" be added.

[7-20—7-30 P.M.]

**শ্রীশম্ভুচরণ ঘোষ :** আমি ২৪ নং সংশোধনী গ্রহণ করছি।

The motion of Shri Nirmal Kumar Bose that in clause 3, sub-clause (2), in line 6, after the words "ten years" the words, "or as a teacher, other than Principal of a college, for a period of not less than fifteen years", be added, was then put and agreed to.

**শ্রীসন্দীপ দাস :** স্যার, এ্যামেণ্ডমেন্ট নং ৮ আমি আগেই মুভ করেছি।

I am not moving amendment No. 9.

**শ্রীশম্ভুচরণ ঘোষ :** আমি এই সংশোধনী গ্রহণ করতে পারছি না।

**শ্রীসুনীতি চট্টরাজ :** স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার। এ্যামেণ্ডমেন্ট গ্রহণ এবং বর্জন দেখেই বোঝা যাচ্ছে দলবাজী সুরু হয়ে গেছে।

**মিঃ স্পীকার :** শ্রীসন্দীপ দাস কর্তৃক আনীত সংশোধনী প্রস্তাব অগ্রাহ্য হল।

The motion of Shri Sandip Das that for clause 3(2) the following be substituted, namely :

"(2) Of the members one shall be a person who not being an educationist shall be a senior member of judicial or administrative service and the others shall be either a Professor of a University or a Reader of a University or a Professor of a Government College with not less than ten years experience or an eminent college teacher (including principal) with not less than twenty-five years teaching experience.", was then put and lost.

**Shri Achintya Krishna Ray :** Sir, I am not moving my amendment Nos. 10, 11, 12.

**Shri Nirmal Kumar Bose :** Sir I beg to move that in clause 3(2), in line 6, after the word "Principal" the words, "or as a teacher, other than Principal of a college" be inserted.

**Shri Sambhu Charan Ghosh :** Sir, I accept this amendment.

The question that clause 3, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

**Clauses 4 to 6**

The question that clauses 4 to 6 do stand part of the Bill, was then put and agreed to.

**Clause 7**

Shri Achintya Krishna Ray : Sir, I am not moving my amendment Nos. 14 and 16.

Shri Amiya Banerjee : Sir, I am not moving my amendment Nos. 15 and 17.

The question that clause 7 do stand part of the Bill, was then put and agreed to.

**Clause 8**

The question that clause 8 do stand part of the Bill, was then put and agreed to.

**Clause 9**

**Shri Sandip Das :** Sir, I beg to move that in clause 9, in the proviso, line 3, for the words "the State Government" the words "the Commission" be substituted.

Sir, I also beg to move that in clause 9, in the proviso, lines 4 and 5, for the words "and the decision of the State Government shall be final" the words" The Commission shall reconslder the case with another two persons with special knowledge as mentioned in clause (i) of the proviso to sub-section (1) of section 7 and the reconsidered decision of the Commission shall be final.'' be substituted.

**শ্রীশম্ভুচরণ ঘোষ :** স্যার, আমি এগুলো গ্রহণ করছি না।

**শ্রীসন্দীপ দাস :** আমি শুধু সংশোধনীগুলো মুভ করেছি কোন বক্তব্যই বলিনি উনি বলে দিলেন গ্রহণ করবেন না। উনি যেটা বললেন সেটা কোন বক্তব্য না শুনেই বললেন। উনি যদি কানে তুলো দিয়ে দেন তাহলে আলাদা কথা।

**মিঃ স্পীকার :** আমি আজকে বিরোধীপক্ষের সদস্যদের বহু সময় দিয়েছি। তা'হলেও এইসব কথা বলছেন।

The motions of Shri Sandip Das—

that in Clause 9, in the proviso, line 3, for the words "the State Government" in words "the Commission" be substituted.

That in clause 9, in the proviso, lines 4 and 5, for the words "and the decision of the State Government shall be final" the words "The Commission shall reconsider the case with another two persons with special knowledge as mentioned in clause (i) of the proviso to sub-section (1) of section and 7 the recodsidered decision of the Commission shall be final", be substituted, were then put and lost.

[ 7-30—7-40 P.M. ]

**Shri Achinta Krishna Ray :** Sir, I beg to move that proviso to clause 9 be omitted.

The motion of Shri Achintya Krishna Ray that proviso to clause 9 be omitted, was then put and agreed to.

The question that clause 9, as amended, do stand part of the Bill was then put and agreed.

**Clauses 10 & 11**

The question that Clauses 10 & 11 do stand part of the Bill was then put and agreed to

**Clause 12**

**Shri Nirmal Kumar Bose :** Sir, I beg to move that in Clause 12, lines 4 to 6, the words "together with a memorandum explaining, as respects the cases, if any, where the advice of the Commission was not accepted, the reasons for such non-acceptance" be omitted.

The motion of Shri Nirmal Kumar Bose that in Clause 12, lines 4 to 6, the words "together with a memorandum explaining, as respects the cases,, if any, where the advice of the Commission was not accepted, the reasons for such non-acceptance" be omitted, was then put and agreed to.

The question that Clause 12, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

**Clauses 13 and 14**

The question that Clauses 13 and 14 do stand part of the Bill, was then put and agreed to.

**Clause 15**

**Shri Sandip Das :** Sir, I beg to move that in clause 15, lines 2 and 3, the words "any College not receiving any aid from the State Government or" be omitted.

**শ্রীসন্দীপ দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ২১নং সংশোধনী উত্থাপন করছি এবং বলছি, মাননীয় সদস্য নির্মলবাবু তাঁর বক্তব্য রাখার সময় বলেছেন যে, যাঁদের টাকা আছে তাঁদের দিন চলে গেছে। আমি তাঁর সেই বক্তব্য সরকার পক্ষের সদস্যদের স্মরণ করিয়ে দিচ্ছি যে, কন্‌ষ্টিটিউসন চেঞ্জ না হওয়া পর্যন্ত মাইনরিটি ইনষ্টিটিউশনের কথা বাদ দেওয়া যেতে পারে। কিন্তু গভর্ণিং বডি টাকা দিয়ে কলেজ করেছে সেটা যেমন মানেন নি ঠিক তেমনি গভর্ণমেন্টের কাছ থেকে হেল্প নিচ্ছে না অথচ সার্ভিস কমিশনের বাইরে থাকবে এই যুক্তি কেন মানছেন না? আমি শিক্ষা মন্ত্রীকে বলছি তিনি দলীয় দৃষ্টিভঙ্গীর বাইরে চিন্তা করুন।

আপনি একটু দলীয় দৃষ্টিভঙ্গীর বাইরে চিন্তা করে দেখুন। আপনি বিড়লা শিক্ষা প্রতিষ্ঠানের কথা চিন্তা করে দেখুন। সেখানে ইউনিভার্সিটির নর্মসে হবে না। সার্ভিস কমিশনের নর্মসে হবে না। আপান জানেন বিড়লা কলেজে এ্যাপয়েন্টমেন্টের ব্যাপারে কেলেঙ্কারী হয়েছে। তারা আমাদের ঠকিয়ে দিয়ে গেছে। ঠকিয়ে দিয়েছে কিনা সেটা আপনি জানেন, আমিজানি না। আপনি যদি এটা না গ্রহণ করেন তাহলে আমি মনে করব বামফ্রন্ট সরকার মুখে এক কথা বলেন, আর কাজে অন্যরকম করেন। আমি মাননীয় সদস্য নির্মলবাবুর একটি কথা উদ্ধৃত করে বলছি—উনি বললেন যাদের টাকা আছে তাদের দিন চলে গেছে ফুরিয়ে গেছে—স্টেট গভর্ণমেন্টের টাকা নিচ্ছে না—সার্ভিস কমিশ.নর এক্তিয়ার থেকে যদি সরিয়ে রাখেন তাহলে সার্ভিস কমিশনের উদ্দেশ্য অনেকাংশে ব্যর্থ হবে।

**শ্রীশম্ভুচরণ ঘোষ :** আমি এই সংশোধনীটা গ্রহণ করছি না।

The motion of Shri Sandip Das that in clause 15, lines 2 and 3, the words "any College not receiving any aid from the State Government or" be omitted, was then put and lost.

The question that clause 15 do stand part of the Bill, was then put and agreed to.

**Clauses 16, 17 and Preamble**

The question that clauses 16, 17 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Sambhu Charan Ghosh :** Sir, I beg to move that the West Bengal College Service Commission Bill, 1978, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**মিঃ স্পীকার ঃ** আজকের সভার কার্য্য এখানেই মুলতবী রাখা হচ্ছে। আগামী কাল বেলা ১ টার সময় এই অধিবেশন আবার শুরু হবে।

**Adjournment**

The House was then adjourned at 7.40 p.m. till 1.00 p.m. on Wednesday the 6th December, 1978 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 6th December, 1978, at 1 P. M.

**Present**

Mr. Speaker (Shri Syed Abdul Mansur Habibullah) in the Chair, 11 Ministers, 4 Minister of State and 193 Members.

[1-00—1-10 P.M.]

**শ্রীদীনেশ মজুমদার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কেন্দ্রের জনতা দলের প্রার্থীকে অভিনন্দন জানাচ্ছি। কারণ নির্বাচনের রায় আজ হয়েছে। স্বৈরতন্ত্রের বিরুদ্ধে গণতন্ত্রের জয় সুচীত হয়েছে। আপনি নিশ্চয়ই লক্ষ্য করেছেন যে গতবার ভোটপর্বে লোকসভা নির্বাচন কেন্দ্রে ৭০ হাজার ভোটের ব্যবধানে জনতা প্রার্থী জয়লাভ করেছিলেন। এবারে সেই ব্যবধান কমে ৩০ হাজার হয়েছে। কাজেই সেই দিক থেকে কেন্দ্রের জনতা সরকারের দৃষ্টি আকর্ষণ করছি, এর থেকে তাঁদের শিক্ষা নিতে হবে এবং ভবিষ্যতে যাতে সমস্ত গণতান্ত্রিক শক্তিকে উদ্বুদ্ধ করে যাতে এগিয়ে যেতে পারেন। সেদিন নির্বাচনে যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল যে অর্থনৈতিক ক্ষেত্রে আমাদের অগ্রসর হতে হবে, গণতান্ত্রিক শক্তিকে শক্তিশালী করবো, সেই দিকে লক্ষ্য রাখতে হবে।

**শ্রীরজনীকান্ত দলুই :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বামফ্রন্ট সরকারের চীফ হুইফ যে কথা বললেন, সেই সম্পর্কে আমার বক্তব্য আছে। আপনি জানেন যে ১৯৭৭ সালে ওখানে ১ লক্ষ ৭০ হাজার ভোটে কংগ্রেস পরাজিত হয়েছিল। সেই ব্যবধান কমে এসেছে। সুতরাং কারা স্বৈরতন্ত্র, আর কারা গণতন্ত্র তার পরীক্ষা হয়ে গেছে। আজকে সেখানে ২৭টি কেন্দ্রে রিগিং করা হয়েছে এবং রিগিং করার পরে ২৭ হাজার

ভোটে জনতা প্রার্থী জয়ী হয়েছেন। কাজেই প্রতিক্রীয়াশীলের জয়লাভে অতি বাম এবং বামফ্রন্ট সরকারের চীপ হুইপের এত আনন্দ প্রকাশ করার কিছু নেই।

**শ্রীজন্মেজয় ওঝা**: মাননীয় অধ্যক্ষ মহাশয়, বামফ্রন্ট সরকারের তরফ থেকে যে বক্তব্য রাখা হয়েছে সে জন্য আমি জনতা পার্টির তরফ থেকে তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। অবশ্যই আমাদের শিক্ষা নিতে হবে। কিন্তু আজকে ৩০ হাজার ভোটের ব্যবধান হয়েছে সেটা আগামীকাল এক লক্ষ হবে না—এটা বলা যায় না। আমাদের শিক্ষা নিতে হবে যে আমাদের অর্থনৈতিক ক্ষেত্রে অগ্রগতি দরকার। তবে আমাদের আর একটা শিক্ষা নিতে পশ্চিমবাংলায় সেটা হচ্ছে, আপনারা আর একটু শান্ত হন এবং আমাদের সঙ্গে মিলেমিশে কাজকর্ম করুন।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস**: মাননীয় অধ্যক্ষ মহাশয়, ফতেপুরে জনতার জয়কে আমরা অভিনন্দন জানাচ্ছি, সেখানকার লোক সৈরতন্ত্রের বিরুদ্ধে সংগ্রাম করছে। এই জয়ের ফলে ভারতবর্ষের গণতান্ত্রিক শক্তির আবার জয় সুচিত হয়েছে।

(গোলমাল)

**শ্রীসরল দেব**: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একবার ফতেপুরে প্রমাণিত হয়েছে ভারতবর্ষের জনগণ স্বৈরতন্ত্রের বিরুদ্ধে তাদের রায় জানিয়েছে।

(গোলমাল)

**শ্রীদেবনারায়ণ চক্রবর্ত্তী**: মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গে যে পঞ্চায়েত নির্বাচন হয়ে গেল, তাতে যে গণতান্ত্রিক শক্তির অভ্যুদয় হয়েছে তা অক্ষুণ্ণ থাকবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে আর আরও বলতে চাই—

(গোলমাল)

**মিঃ স্পীকার**: আপনি বসুন, শ্রীচক্রবর্ত্তী আপনি বসুন। ইউ হ্যাভ রিপিটেডলি ডিসরিগার্ডেড মাই রিকোয়েস্ট টু সিট ডাউন। আপনাকে ২০ মিনিট সময় দিচ্ছি, আপনি আপনার বক্তব্য বলুন। কারণ এইভাবে চলতে পারে না।

## HELD OVER STARRED QUESTIONS

**( to which oral answers were given )**

### কাঁথি সমুদ্র উপকূলে লবণ তৈয়ারীর কারখানা

*৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬৮।) শ্রীজন্মেজয় ওঝা: বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথির সমুদ্র উপকূলে কতগুলি লবণ তৈরীর কারখানা আছে;

(খ) ইহা কি সত্য যে, ঐ কারখানাগুলির কয়েকটি বে-আইনীভাবে সরকারী জমি দখল ক'রে নিয়েছে; এবং

(গ) সত্য হ'লে, কোন্ কারখানা কত জমি দখল করেছে?

ডঃ কানাইলাল ভট্টাচার্য: (ক) মোট ৩৭টি লবণ তৈরীর কারখানা আছে।

(খ) হ্যাঁ।

(গ) প্রাপ্ত তথ্যানুসারে অমূল্য কুমার শী ১৩.৩১ একর সোনামুহী সল্ট ম্যানুফ্যাক্চারার ১৪০.০০ একর রাম নগর সল্ট কোম্পানী (২য় ইউনিট) ৭৭.০০ একর জমি বে-আইনীভাবে দখল করে আছে। এ ছাড়া ১২টি ক্ষুদ্র Unit-এর বে-আইনী দখলে প্রায় ৯শত একর সরকারী জমি আছে।

শ্রীজন্মেজয় ওঝা: মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে অনেক সরকারী খাস জমি এই সমস্ত কারখানা জবর দখল করে আছে। এই সমস্ত জমি উদ্ধারের জন্য মন্ত্রী মহাশয় কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

ডঃ কানাইলাল ভট্টাচার্য্য: যে জমিগুলো বে-আইনী ভাবে দখল করে আছে সেই সমস্ত কোম্পানী, তারা ভারত সরকারের কাছে এবং আমাদের ল্যাণ্ড এ্যাণ্ড ল্যাণ্ড রেভিনিউ ডিপার্টমেন্টের কাছে দরখাস্ত করেছে লিজ দেবার জন্য। ভারত সরকার এবং আমাদের ল্যাণ্ড এ্যাণ্ড ল্যাণ্ড রেভিনিউ ডিপার্টমেন্ট তা প্রত্যাক্ষাণ করেছে এবং তাদের নোটিশ দিয়ে উঠে যেতে বলেছি। কিন্তু এখনও তারা জবর দখল করে আছে। আপনি বোধ হয় জানেন হিন্দুস্থান সল্ট লিমিটেড, এটি একটি ভারত সরকারের নিয়ন্ত্রনাধীন সংস্থা, তারা ওখানে নুন তৈরী কারখানা করার ব্যবস্থা

করছে। ঐ সংস্থার হাতে ঐ জবর দখল যারা করেছে তাদের কাছ থেকে শান্তিপূর্ণ ভাবে সেই জমি উদ্ধার করে তুলে দেওয়া হবে।

**শ্রীজন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই সমস্ত জমি না ছাড়ার ফলে বৃহদায়তন কোন শিল্প সেখানে করা সম্ভব হয়নি ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** বড় আকারের শিল্পের জন্য হিন্দুস্থান সল্ট লিমিটেড, ভারত সরকারের একটি সংস্থা, তারা কাজ শুরু করে দিয়েছে। বি এবং সি ব্লকে যে জমি আছে, সেই সমস্ত জমি হস্তান্তর করার চেষ্টা চলছে। এই সমস্ত ছোট ছোট কারখানাগুলো যাতে জমিগুলো ছাড়ে তার জন্য কথাবার্ত্তা চলছে। শান্তিপূর্ণভাবে যাতে তারা দখল দেয় তার জন্য কথাবার্ত্তা অনেক দূর এগিয়েও গেছে।

[1-10—1-20 P.M.]

**শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যারা বেদখল করে আছে তারা কত দিন যাবত আছে ?

**শ্রীকানাইলাল ভট্টাচার্য্য ঃ** কংগ্রেসী আমল থেকে বেদখল করে আছে।

**শ্রীরজনী কান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় তো বললেন যে তাদের সঙ্গে তিনি কথা-বার্তা বলেছেন, তা কথাবার্তা বলার ফলে কাজ কি কিছু এগিয়েছে ?

**শ্রীকানাইলাল ভট্টাচার্য্য ঃ** এব্যাপারে যিনি ভারত সরকারের রাষ্ট্রমন্ত্রী আছেন, শ্রীমতী আভা মাইতি, তাঁর সঙ্গে কথা-বার্তা বলছি এবং আমার কাছে যত-দূর খবর আছে তাতে দেখছি কথা-বার্তা অনেক দূর এগিয়েছে।

### তিলপাড়া ব্যারেজের জলের বিপদসীমা

*৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬০।) **শ্রীকিরণময় নন্দ ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৭৮ সালের সেপ্টেম্বর মাসে বন্যার সময় তিলপাড়া ব্যারেজের জলের বিপদসীমা সম্পর্কে জেলাশাসককে সময়মত জানানো হইয়াছিল কি না ; এবং

(খ) গত সেপ্টেম্বর মাসে দ্বিতীয় বার বন্যার পূর্বে বিভিন্ন নদীর জল বিপদসীমা অতিক্রম করার পর সংশ্লিষ্ট জেলাশাসকদের সময়মত জানানো হইয়াছিল কি না ?

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** স্যার, আমি আপনার অনুমতি নিয়ে এই প্রশ্নটির দিকে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এখানে তিলপাড়া ব্যারেজের জলের বিপদসীমা সম্পর্কে বলা হচ্ছে, কিন্তু আমার মনে হয় এটা বিপদসীমা অতিক্রম সম্পর্কে হবে।

**শ্রীরজনী কান্ত দলুই ঃ** স্যার, মন্ত্রী প্রশ্নের উত্তর দেবেন, উনি কি বলছেন ?

**অধ্যক্ষ মহোদয় ঃ** উনি একটা ক্ল্যারিফিকেসন চাইছেন, তাতে আপনি বাঁধা দিচ্ছেন কেন ?

**শ্রীপ্রভাস চন্দ্র রায় ঃ** (ক) হ্যাঁ। বিপদসীমায় জল উঠলেই সংশ্লিষ্ট সকলকেই জানানো হয়।

(খ) হ্যাঁ। নিয়মিত এবং সময়মত জানানো হইয়াছিল।

(তৎসহ) এক্সট্রিম ডেঞ্জার লেভেল সম্পর্কে আমার পক্ষে এখনই কিছু বলা সম্ভব নয়। কারণ এবিষয়ে একটি ফ্যাক্ট ফাইণ্ডিং কমিটি বসানো হয়েছে, তারা এনকোয়ারী করে দেখছে।

**শ্রীবীরেন্দ্র কুমার মৈত্র ঃ** আনন্দবাজার এবং অন্যান্য কয়েকটি কাগজে খবর বেরিয়েছিল যে, ওখানে আগে থাকতে খবর দেওয়া হয়নি, সরকারী পক্ষ থেকে এর কোনও প্রতিবাদ করা হয়েছিল কি ?

**শ্রীপ্রভাস চন্দ্র রায় ঃ** যেহেতু ঐ বিষয়ে ফ্যাক্ট ফাইণ্ডিং কমিটি গঠিত হয়েছে সেহেতু ঐ বিষয়ে এখনই কিছু বলা সম্ভব নয়। তাদের কাছ থেকে রিপোর্ট পেলে পর, দেখা যাবে।

**শ্রীবীরেন্দ্র কুমার মৈত্র ঃ** আমার বক্তব্য হচ্ছে ফ্যাক্ট ফাইণ্ডিং কমিটি এই খবরটা বেরবার অনেক পরে গঠিত হয়েছে। কিন্তু যখন এই খবরটা বেরিয়েছিল তখন আপনি এর কোন প্রতিবাদ করেননি কেন ?

**শ্রীপ্রভাস চন্দ্র রায় ঃ** যেহেতু আমি মনে করেছিলাম এবিষয়ে একটা হাই পাওয়ার কমিটি নিযুক্ত করা উচিত সেই জন্য আমি তখন ঐ বক্তব্য গ্রহণ বা বর্জন কোনও কিছুই করিনি এবং প্রতিবাদও করিনি। সেই জন্যই নিরপেক্ষভাবে তদন্ত করা হচ্ছে।

**শ্রীরজনী কান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলেছিলেন ৩০শে নভেম্বরের মধ্যে ফ্যাক্ট ফাইণ্ডিং কমিটির রিপোর্ট পাওয়া যাবে, তিনি কি সেই রিপোর্ট পেয়েছেন ?

**শ্রীপ্রভাস চন্দ্র রায়ঃ** না, এখনো পাইনি।

**শ্রীদেবপ্রসাদ সরকারঃ** এখানে প্রশ্নের উত্তরে মন্ত্রী মহাশয় বললেন যে, সেখানে জেলা শাসককে জানানো হয়েছিল, যদি জানানো হয়ে থাকে তাহলে দ্বিতীয় পর্য্যায়ের বন্যায় দাসপুরে অত লোক মারা গেল কেন; জেলা প্রশাসক কি দায়িত্ব পালন করেনি ?

**শ্রীপ্রভাস চন্দ্র রায়ঃ** স্যার, কিরণময় নন্দ তিলপাড়া সম্পর্কে প্রশ্ন করেছিলেন। কিন্তু উনি এর মধ্যে আবার দাসপুর আনছেন কেন ?

**শ্রীদেবপ্রসাদ সরকারঃ** স্যার, উনি ২য় প্রশ্নের উত্তরে বলেছেন, সেপ্টেম্বর মাসে বিপদসীমায় জল উঠলেই সংশ্লিষ্ট সকলকেই জানানো হয়।

**শ্রীপ্রভাস চন্দ্র রায়ঃ** কিন্তু দাসপুরের কথা তো নেই। প্রশ্নটা দাসপুর সম্পর্কে ছিল না, প্রশ্নটা বীরভূম সম্পর্কে।

প্রথমতঃ ডেঞ্জার লেভেলের ঠিক আগে গ্রীন সিগন্যাল দেওয়া হয়। দ্বিতীয়তঃ ডেঞ্জার লেভেল যখন এসে যায় তখন ইয়োলো লাইট দেওয়া হয় এবং এক্সট্রিম ডেঞ্জার লেভেলে যখন যায় তখন রেড লাইট বা রেড সিগন্যাল দেওয়া হয়।

**শ্রীমহঃ সোহরাবঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ফ্যাক্ট ফাইনডিং কমিটির রিপোর্ট পাওয়া যায়নি। আমার প্রশ্ন হচ্ছে কবে নাগাদ পাওয়া যাবে ?

**শ্রীপ্রভাস চন্দ্র রায়ঃ** এখনই বলা সম্ভব নয়। এনকোয়ারি কমপ্লিট করতে পারে নি। এই রিপোর্ট পেলে বলে দেবো।

**শ্রীরজনী কান্ত দলুইঃ** আপনি তো ৩০শে নভেম্বরের মধ্যে পাওয়া যাবে বলেছিলেন ?

**শ্রীপ্রভাস চন্দ্র রায়ঃ** এটা ঠিকই যে আমি টাইম লিমিট দিয়েছিলাম কিন্তু ওরা এখনও রিপোর্ট দিতে পারেনি। আমি ওনাদের বলেছি তাড়াতাড়ি করতে। এই রিপোর্ট পেলেই আমি জানিয়ে দেবো। আর *৬৮ নম্বর কোশ্চেনের (খ) তে বিভিন্ন নদীর জলের বিপদসীমা অতিক্রম করার পর ওয়ারনিং দেওয়া হয়েছিল কি না-সেই প্রশ্নের জবাব আমি দিচ্ছি-বীরভূমের বিভিন্ন নদী যথা ব্রাহ্মণী, দ্বারকা, বাঁশলোই, কোপাই, বক্রেশ্বর, অজয়, হিংলো প্রভৃতি নদীর ক্ষেত্রে এবং মালদহের ফুলহরি, মহানন্দা ও গঙ্গা এবং পশ্চিম দিনাজপুরের পুর্ণভবা প্রভৃতি এবং নদীয়ার

ভৈরব, জলঙ্গী, চূর্ণী প্রভৃতির জলসীমা সম্বন্ধে অবস্থা অনুযায়ী নিয়মিত ও যথাযথ-ভাবে রেডিওগ্রাম ও টেলিফোনের মারফতে সংশ্লিষ্ট জেলা কর্তৃপক্ষকে জানানো ও ও সতর্কীকরণ করা হইয়াছিল।

*75 ( held over )

## ঠুটোমারী বাঁধ

*৭৬। ( অনুমোদিত প্রশ্ন নং *২৫৩। ) **শ্রীনানুরাম রায়ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বালি অঞ্চলের ঠুটোমারী বাঁধটি ভাঙ্গিয়া গিয়াছে ; এবং

(খ) অবগত থাকিলে—

(১) উক্ত বাঁধটি পুনর্নির্মাণের বিষয়ে সরকার কোন ব্যবস্থা করিতেছেন কি,

(২) কতদিনে উহা পুনর্নির্মাণ করা হইবে, ও

(৩) উক্ত বাঁধটি পুনর্নির্মাণের জন্য কত টাকা ব্যয় হইবে ?

**শ্রীপ্রভাস চন্দ্র রায়ঃ** (ক) হঁ্যা ( হুগলী জেলা থানা-গোঘাট অঞ্চল-বালি )

(খ) (১) বাঁধটি পুনর্নির্মাণের জন্য প্রয়োজনীয় জরীপ হইয়া গিয়াছে এবং এষ্টিমেট তৈয়ারী করা হইতেছে। (২) পুনর্নির্মাণের কাজ ১৯৭৯ সালের জুন মাসের মধ্যে শেষ হইবে বলিয়া আশা করা যায়। (৩) আনু-মানিক ৪৫ লক্ষ টাকা।

## নিউজপ্রিন্ট কারখানা

*৭৭। ( অনুমোদিত প্রশ্ন নং *১০৬। ) **শ্রীদীপক সেনগুপ্তঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তর বাংলায় নিউজপ্রিন্ট-এর কারখানা খোলার কোন পরিকল্পনা সরকারের আছে কি ;

(খ) ঐ পরিকল্পনা থাকিলে, প্রস্তাবিত কারখানাটি কোথায় স্থাপিত হইবে ; এবং

(গ) কোচবিহারে অন্য কোন ভারী শিল্প স্থাপনের আশু পরিকল্পনা সরকারের আছে কি ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য :**

(ক) হ্যাঁ।

(খ) প্রস্তাবিত কারখানাটির জন্য শিলিগুড়ি মহকুমার রাঙাপানি রেলষ্টেশনের নিকট ফাঁসি দেওয়া স্থানটি সবচেয়ে উপযুক্ত বলিয়া বিবেচিত হইয়াছে ।

(গ) আপাততঃ নাই।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি—রাঙাপানি রেল-ষ্টেশনের নিকট ফাঁসি দেওয়া স্থানটি কেন সবচেয়ে বেশী উপযুক্ত বলিয়া বিবেচিত হইয়াছে ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য :** সাধারণত নিউজপ্রিণ্ট কারখানার জন্য জল বেশী প্রয়োজন হয়। ওখানে মহানন্দায় একটি বাঁধ হচ্ছে। সুতরাং সেখান থেকে জল পাওয়া যাবে। দ্বিতীয়তঃ দার্জিলিং মহকুমা ৪ হাজার থেকে ৫ হাজার ফিট উঁচুতে—আমাদের কাগজ তৈরীর জন্য যে কাঠের দরকার হবে—সেইসব কনিফেরাস উড ওখান থেকে পাওয়া যাবে এবং ওখান থেকে নিয়ে আসার সুবিধা হবে।

[1-20—1-30 P. M.]

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** এই পরিকল্পনা এই সরকারের না বিগত সরকারের ?

**ডঃ কানাইলাল ভট্যাচার্য্য :** এ সম্পর্কে একটা পরিকল্পনা আগেই ছিলো যেটা আমরা রূপায়িত করছি।

**শ্রীসরল দেব :** এই কারখানা হলে কত লোক চাকরী পাবে ?

**ডঃ কানাইলাল ভট্যাচার্য্য :** প্রায় ১০/১৫ হাজার।

**শ্রীরজনীকান্ত দোলুই :** এতে কত টাকা খরচ হবে এবং কবে থেকে কাজ আরম্ভ হবে।

**ডঃ কানাইলাল ভট্যাচার্য্য :** ৯০ কোটি টাকা খরচ হবে এবং আগামী নভেম্বর-ডিসেম্বর থেকে কাজ আরম্ভ হবে।

**শ্রীঅতীশচন্দ্র সিংহা ঃ** উত্তর বাংলায় একটা চুরোট ও আর একটা ডলোমাইটের কারখানা করবার কথা ছিল তার কি হলো ?

**ডঃ কানাইলাল ভট্যাচার্য্য ঃ** চুরোট টা স্মল স্কেল ডির্পাটমেণ্ট থেকে হচ্ছে এবং ডলোমাইট সম্পর্কে একটা প্রজেক্ট রিপোর্ট মোটামুটিভাবে তৈরী করা হয়েছে যা নিয়ে কনসালটেণ্ট-এর সঙ্গে আলাপ আলোচনা চলছে।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র ঃ** এই কারখানা শেষ করতে কত বছর লাগেবে।

**ডঃ কানাইলাল ভট্যাচার্য্য ঃ** আশা করা হচ্ছে আগামী নভেম্বর ডিসেম্বর মাস থেকে এই কারখানা তৈরী করার কাজ সুরু করা যাবে এবং প্রোডাকসান সুরু হতে ১৯৮৩-৮৪ হবে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** এই কারখানার জন্য যে র মেটিরিয়াল ক্রিপটোম্যানিয়া জাপানীকা একটা জাপানী গাছ সেটা নিয়ে এক্সপেরিমেন্ট করার জন্য বিহারের একটা ফ্যাক্টারীকে দেওয়া হয়েছিলো—কিন্তু আপনি কি বলতে পারেন যে ফ্যাক্টারী চলবার মত সেখানে র মেটিরিয়াল পাওয়া যাবে কিনা ?

**ডঃ কানাইলাল ভট্যাচার্য্য ঃ** ক্রিপটোম্যানিয়া জাপানীকা—বা ধূপিগাছ যেটা আমাদের হিমালয়ে হয় কনিফেরাস ট্রি এই কারখানাকে ফিড করবার জন্য দরকার ৩০ বছর এই গাছ বড় হতে লাগে। ৩০ বছর ধরে যাতে এই কারখানাকে ফিড করান যায় সেই অনুযায়ী ব্যবস্থা বন বিভাগ করছে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** পুরান যে সমস্ত গাছ আছে তারজন্য ডি ফরেস্টেসান এবং এ্যফরেস্টেসান দরকার। এই প্রজেক্টের জন্য সে কাজ আরম্ভ হয়েছে কিনা ?

**শ্রীকানাইলাল ভট্যাচার্য্য ঃ** সেখানে যে ফরেস্ট আছে তার একের তিরিশ অংশ প্রতি বছর কেটে নিয়ে রি প্ল্যানটেসান করা হচ্ছে এবং আবার ৩০ বছরে তারা গড়ে উঠবে। এইভাবে একটা সাইকেলিক প্রসেসে কাজ চলবে।

**শ্রীমতীশ রায় ঃ** এই কারখানার জন্য সবচেয়ে বেশী পরিমাণে দরকার জল সেটা কি পাওয়া যাবে ?

**ডঃ কানাইলাল ভট্যাচার্য্য ঃ** মহানন্দা ব্যারেজ হচ্ছে বলে সেখানে জলের ব্যবস্থা হবে সেইজন্যই সেখানে সাইড ঠিক করা হয়েছে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** টোটাল প্রজেক্ট কষ্ট কত এবং কারা কারা এতে পার্টিসিপেট করছে ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্যঃ** ১২০ কোটী টাকার, ডব্লু বি আই ডি সি এবং এইচ পি সি এতে পার্টিসিপেট করছে। এইচ পি সি বলেছে আমরা সমস্ত টাকা প্রোভাইড করতে পারবো। সেইজন্য মোটামুটি ভাবে ঠিক হয়েছে আমাদের ঐ ডব্লু বি আই ডি সির তরফ থেকেও একটা টোকেন পার্টিসিপেসান হবে।

## STARRED QUESTIONS (to which oral answers were given)

### কান্দী ও আরামবাগের বন্যা সম্পর্কে বিভ্রান্তিকর সংবাদ প্রচারের অভিযোগ

*১৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *৮৮।) **শ্রীসন্দীপ দাস:** তথ্য ও সাংস্কৃতিক বিষয়ক বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাম্প্রতিক বন্যার সময় সরকারী দপ্তর হইতে কান্দী ও আরামবাগ সম্পর্কে বিভ্রান্তিকর সংবাদ প্রচার করা হইয়াছে এরূপ কোন অভিযোগ সরকারের কাছে আসিয়াছে কি ; এবং

(খ) আসিয়া থাকিলে, এই ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**শ্রীবুদ্ধদেব ভট্টাচার্য্যঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রীসন্দিপ দাস:** সরকারী প্রেস নোট থেকে বের হবার আগে যে সংবাদ বের হয়েছিলো এগুলি কি সমস্ত ভ্রান্ত বা অসত্য?

**শ্রীবুদ্ধদেব ভট্টাচার্য্যঃ** সংবাদপত্রে যা বেরিয়েছে তার সমস্ত কিছুর বিরোধীতা সরকার করেন না—যেগুলি প্রয়োজন তা করেন।

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** সংবাদপত্র ও আকাশ বাণী আমাদের বিভাগ থেকে সমস্ত সংবাদ সংগ্রহ করে কি প্রচার করেছিলেন, না এর বাইরে তাদের কোন এভিনিউ বা এজেন্সি আছে?

**শ্রীবুদ্ধদেব ভট্টাচার্য্যঃ** সংবাদ পত্র ও রেডিও নিজস্ব সংবাদ দাতার মাধ্যমে পাওয়া খবর তারা প্রচার করেন, সুতরাং সমস্ত দায়িত্ব সরকারের নয়। সরকার প্রেস নোট, নিউজ বুলেটিন এবং রেডিওর মাধ্যমে প্রচার করেন—তবে জেলা স্তর থেকে নিজস্ব সংবাদ দাতার কি রিপোর্ট এসেছে তার উত্তর আমরা দিতে পারবো না।

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** প্রথম ৭ দিন কাঁদি মহকুমার বন্যা সম্পর্কে কোন রকম সংবাদ প্রচারিত হয়নি—এই বিষয় আপনাদের দপ্তরে কোন দায়িত্ব ছিলো না?

[1-30—1-40 P.M.]

**শ্রীবুদ্ধদেব ভট্টাচার্য্যঃ** মাননীয় সদস্যকে এটুকু বলতে পারি সেই কয়েকটা দিন সমস্ত জেলা থেকে সংবাদ আসার অসুবিধা ছিল। তবে যখন যেমন সংবাদ এসেছে তখন সেই সংবাদ যে যে মাধ্যমে দেওয়া দরকার, দেওয়া হয়েছে। কোন জেলার সংবাদ দেওয়া হয়নি, পড়ে থেকেছে এটা সত্য নয়।

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যখন ২৬-২৭শে সেপ্টেম্বর তারিখে রাত্রি বেলায় ২॥ লক্ষ কিউসেক জল তিলপাড়া ব্যারেজ এবং ম্যাসাঞ্জোর ড্যাম থেকে ছাড়া হয়েছে তার ৬ ঘণ্টা বাদে অল ইণ্ডিয়া রেডিও থেকে ৭॥ টার সংবাদে ১ লক্ষ ২০ হাজার কিউসেক জল ছাড়ার সংবাদ দেওয়া হয়েছিল?

**শ্রীবুদ্ধদেব ভট্টাচার্য্যঃ** খানিকটা ঐধরণের খবর বেরিয়েছিল। রেডিওতে যে সংবাদ প্রচার করা হয় তার একমাত্র তথ্য রাজ্য সরকার করেন না, তাঁরা নিজেরা যেসব সোর্স থেকে সংবাদ পেয়ে যাচ্ছেন সেটাও প্রচার করেন, তারজন্য রাজ্য সরকার দায়িত্ব নিতে পারেন না। রাজ্য সরকারের দপ্তর থেকে এমন সংবাদ পাঠান হয়েছে যেটা ভুল এটা আজ পর্যন্ত কেউ বলেননি।

**শ্রীঅতীশ চন্দ্র সিংহঃ** মন্ত্রী মহাশয় খানিকটা স্বীকার করে নিয়েছেন যে সেই সময়ে প্রচার বা সেই সময়ে খবর আসার অসুবিধা ছিল। কিন্তু দুঃখের কথা আমি যখন ২রা অক্টোবর মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করতে যাই তখন ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের কাছ থেকে টেলিপ্রিণ্টারে মেসেজ দেখেছি সেখানে এতবড় কাঁদি মহকুমায় বন্যা হয়ে গেল সেই রকম গুরুত্ব সহকারে সেই মেসেজ দেখেননি। সেজন্য আপনার কাছে জানতে চাই, আপনি জিনিসটা এড়িয়ে যাচ্ছেন, আপনি বলতে চাইছেন সংবাদপত্র নিজস্ব সংবাদ দিত। আপনাদের দপ্তরে খবর এসেছিল, আপনারা সেটাকে গুরুত্ব সহকারে দেখেননি। ডি. এম.-র সেই খবর এখনও মুখ্যমন্ত্রীর দপ্তরে আছে। কেন সেই খবর দেননি এটা বলবেন কি?

( No Reply )

**মিঃ স্পীকারঃ** আপনারা যাঁরা শুনেছেন তাঁরা বুঝেছেন মাননীয় অতীশ সিংহ তাঁর নিজের কিছু ইনফর্মেশান আছে, সেটাই হাউসকে দিচ্ছেন। এ্যাকচুয়্যালি আমি তাঁর প্রশ্ন বুঝতে পারছি না।

**শ্রীঅতীশ চন্দ্র সিংহ :** আমার প্রশ্ন হচ্ছে ২রা অক্টোবর ডি. এম. টেলিপ্রিণ্টারে মেসেজ পাঠিয়েছেন, সেই টেলিপ্রিণ্টারে কি খবর আছে সেটা জানাবেন কি ?

**শ্রীবুদ্ধদেব ভট্টাচার্য :** টেলিপ্রিণ্টারের মেসেজ কি আছে সেটা জানতে হলে নোটিশ চাই। কিন্তু মাননীয় সদস্য প্রশ্নাকারে যা বলতে চাইছেন সেটা হচ্ছে কাঁদি সম্বন্ধে সংবাদ পাওয়া সত্ত্বেও সংবাদ আটকে রেখে দেওয়া হয়েছে সেটা কি কারণে আটকে রেখে দেব ? যে জেলা থেকে যখন যা খবর এসেছে, জেলা ম্যাজিষ্ট্রেট পাঠিয়েছেন, মাননীয় সদস্যরা পাঠিয়েছেন সমস্ত সংবাদ পাঠান হয়েছে সংবাদপত্রে। মুর্শিদাবাদ জেলা সম্পর্কে বা কাঁদি সম্পর্কে সংবাদ আটকে রেখে দেওয়ার কোন কারণ থাকতে পারে না।

**শ্রীমনোরঞ্জন হাজরা :** আমার প্রশ্ন হচ্ছে এই উত্তরের পরিপ্রেক্ষিতে আমাদের অভিজ্ঞতা এই যে ডি. ভি. সি'র যে ওয়ার্ক ম্যানুয়েল আছে সেটা বদল করা দরকার বিবেচনা করেন কি না ?

( নো রিপ্লাই )

**মিঃ স্পীকার :** ডি. ভি. সি'র ওয়ার্ক ম্যানুয়েল ইজ এ সেপারেট কোয়েশ্চেন।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন ২৭ তারিখে কাঁদিতে বন্যা হয়েছে আর রেডিওতে খবর দিয়েছে ২রা অক্টোবর তা হলে সত্যি যে মুর্শিদাবাদের ডি এম আপনাদের কাছে কোন খবর পাঠাননি ?

**শ্রীবুদ্ধদেব ভট্টাচার্য :** খবর আমরা পরের দিন পেয়েছি কিন্তু প্রশ্ন হচ্ছে কি সংবাদ পাঠাবো আমরা ? সংবাদ হচ্ছে সমস্ত কাঁদি মহকুমায় বন্যা হয়েছে কিন্তু বিস্তৃত খবর না পাওয়ার জন্য সেটা তো প্রেসকে দেওয়া যায় না, প্রেস নোটও করা যায় না। আমি বলছি যেভাবে সংবাদগুলি এসেছে ঠিক সেইভাবে প্রেসনোট করেছি। কিন্তু কাঁদির কোন বিশেষ খবর পেয়েছি, খবর পাওয়া সত্ত্বেও আটকে রাখা হয়েছে এটা ঠিক নয়। তারা যেভাবে খবর পাঠিয়েছেন, এস ও এস পাঠিয়েছেন, এক লাইনে কিম্বা দু-লাইনে কিম্বা চার লাইনে যেভাবে পাঠিয়েছেন সেইভাবে খবর প্রেস নোট করেছি।

**শ্রীসন্দীপ দাস :** কাঁদির সব খবর পাওয়া সত্ত্বেও রেডিওতে এ্যানাউন্সমেণ্ট হলো না এটা কি কাঁদির লোকের পক্ষে খুব অন্যায় করা হয়নি ?

**শ্রীবুদ্ধদেব ভট্টাচার্য্য:** যেভাবে আমরা খবর পেয়েছি ঠিক সেইভাবে আমরা প্রেস নোট করেছি।

**শ্রীসন্দীপ দাস:** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে বিভিন্ন প্রেস নোটের সঙ্গে কোন সঙ্গতি ছিল না। আরামবাগ এবং কাঁদি সম্পর্কে সরকারের আগের প্রেসনোট এবং পরের প্রেসনোটের কোন সঙ্গতি নেই এটা জানেন কি?

**শ্রীবুদ্ধদেব ভট্টাচার্য্য:** সরকারী প্রেসনোটে সঙ্গতি নেই এটা দেখিয়ে দিলে খুবই খুশি হবো।

**শ্রীরজনী কান্ত দলুই:** মাননীয় মন্ত্রী মহাশয়, বললেন যে বন্যার সময়ে বিভিন্ন জেলা থেকে যে সব খবর এসেছে সেই সব খবর রেডিও এবং সংবাদপত্র তাদের নিজস্ব এজেন্সি মারফত তারা সেই সব খবর ছাপিয়েছে। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে এই ব্যাপারে সরকারের কোন অলিখিত সেন্সারসিফ চালু হয়েছিল কি না যে সরকারকে না জানিয়ে কোন খবর ছাপানো যাবে না?

**শ্রীবুদ্ধদেব ভট্টাচার্য:** সেন্সারসিফ সম্পর্কে এরকম অবান্তর প্রশ্ন করে লাভ নাই। এই সরকার আসার পর থেকে সরকারের ঘোষিত নীতি পরিষ্কার করে বলে দেওয়া হয়েছে সেন্সারসিফ বলে কোন নীতি এই সরকার সমর্থন করে না। আমি বলেছি সংবাদপত্র বা রেডিও তাদের নিজস্ব এজেন্সি আছে, সরকারী সূত্রও আছে, তারা নিজেই সংবাদ দেন। কোন অবস্থায় কোন জায়গাতেই কোন সেন্সারসিফ ছিল না এবং এখনও নেই।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি এবং জিজ্ঞাসা করছি যে সরকার এই রকম নির্দেশ দিয়েছে যে সাংবাদিকরা বা সংবাদ সরবরাহ প্রতিষ্ঠানরা তারা বন্যা বা এই রকম ভয়াবহ পরিস্থিতিতে সংবাদ সংগ্রহের জন্য সরাসরি ডি এম, এস ডি ও, বি.ডি.ও এস পি, এইসব লোকের কাছ থেকে কোন খবর ডাইরেক্টলি কারেক্ট করতে পারবেন না, যা কিছু করতে হবে মহাকরণ থেকে করতে হবে। এই রকম নির্দেশ দিয়েছেন কি না?

**শ্রীবুদ্ধদেব ভট্টাচার্য্য:** সরকারের এইরকম করার কোন প্রশ্ন নেই, উচিতও নয় এবং অধিকারও নেই।

**শ্রীঅমলেন্দ্র রায়:** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি আড়াই লক্ষ কিউসেক জল ৬ ঘণ্টা আগে ছাড়া হয়েছে এবং তারজন্য আমাদের মহকুমা ভেসে গিয়েছে অথচ

রেডিওতে সাড়ে সাতটার সময় খবর দেওয়া হয় যে ১ লক্ষ ২০ হাজার কিউসেক জল ছাড়া হয়েছে। এই যদি অবস্থা হয় তাহলে এর প্রতিকার কি আছে, এই ভাবে যদি আকাশবানী কাজ করেন তাহলে সরকারের সঙ্গে কো-অর্ডিনেশানের এই কি নমুনা? তাহলে দেশের লোক ভেসে যাবে না কেন তাদের যদি ফরওয়ার্ণ না করা হয়।

**শ্রীবুদ্ধদেব ভট্টাচার্য্য:** আগামী দিনে যাতে এই ধরণের সমস্যা না হয় তারজন্য আমরা দেখছি।

**শ্রীকিরণময় নন্দ:** আরামবাগ মহকুমা ১৫ ফুট থেকে ৩০ ফুট জলের তলায় এই সংবাদ কি সরকার থেকে পরিবেশন করা হয়েছিল?

**শ্রীবুদ্ধদেব ভট্টাচার্য্য:** আমার জানা নেই।

**শ্রীকিরণময় নন্দ:** আরামবাগ মহকুমায় বন্যার সময় কত ফুট জল ছিল?

**শ্রীবুদ্ধদেব ভট্টাচার্য্য:** কত ফুট জল ছিল এটা সরকার থেকে কখনও বলার বিষয় ছিল না।

### বন্যাক্লিষ্ট রেশম চাষীদের সাহায্য

*১৫০। (অনুমোদিত প্রশ্ন নং *২২০।) **শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত বন্যার ফলে ক্ষতিগ্রস্ত রেশম (গুটিপোকার) চাষীদের সাহায্যের জন্য এ পর্যন্ত কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বা হচ্ছে;

(খ) মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা ২ নম্বর ব্লকের অধীন গ্রামসমূহের রেশম চাষীদের সংখ্যা কত; এবং

(গ) ঐ এলাকায় কি পরিমাণ রেশম চাষের জমি বন্যার ফলে ক্ষতিগ্রস্ত হয়েছে?

**শ্রীচিত্তব্রত মজুমদার:** (ক) সরকারী অনুদানও ব্যাঙ্ক ঋণের ব্যবস্থা করা হইতেছে। তদুপরি বিনামূল্যে রেশম ডিম সরবরাহের ব্যবস্থা করা হয়েছে।

(খ) প্রায় ১,৫০০ জন।

(গ) প্রায় ৪৫০ একর।

[ 1-40—1-50 P. M. ]

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** রেশম চাষীরা উপেক্ষিত এবং এটা একটা বড় শিল্প। আপনি যে বললেন 'হইতেছে' এটা বস্যাতঃ বলে পোছাচ্ছে কিনা ?

**শ্রীচিত্তব্রত মজুমদার :** আমি গত বুধবার এই সম্পর্কে একটা প্রশ্নের উত্তরে বলেছিলাম যে আমরা পঞ্চায়েত এবং সরকারী দপ্তর মারফত এনকোয়ারী করাচ্ছি কার কি পরিমাণ ক্ষয়ক্ষতি হয়েছে এই রিপোর্ট ডিসেম্বরের ভিতরে তৈরী শেষ হওয়ার কথা এবং এ্যাসিসটেন্স যেটা পেঁছাতে জানুয়ারী মাস থেকে শুরু হবে।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** রেশম-গুটি পোকা চাষের এইটিই হচ্ছে মরসুম সুতরাং ডিসেম্বরে এনকোয়ারী করে সাহায্য করাতে জানুয়ারী মাস লাগবে তাহলে সরকারী শৈথিল্যতা পক্ষে মানুষের প্রশ্ন উঠে যাবে। সেইজন্য যাতে তরান্বিত করা যায় সেই ব্যবস্থা কি মাননীয় মন্ত্রীমহাশয় নেবেন ?

**শ্রীচিত্তব্রত মজুমদার :** ব্যবস্থা যেটা বলছেন এটা কিছুতেই সম্ভব নয়। কেননা সরকার যখন কোন এ্যাসিসটেন্স দেয় তখন একটা তদন্তের মাধ্যমে দিতে হবে সেটা। সুতরাং তদন্ত যে রকম ভাবে হয়ে আসবে সেটা যদি তাড়াতাড়ি আসে আমরা টাকা আটকিয়ে রাখবো না আমরা দিয়ে দেবো।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রীমহাশয় নিশ্চয়ই জানেন যে রেশম চাষীদের সংখ্যা খুব বেশি নয়। কিন্তু এখন মাত্র ডিসেম্বরের প্রথম সপ্তাহ, সাহায্য যেতে যেতে জানুয়ারী মাসে পেঁছাবে, কিন্তু এখন এটা হচ্ছে মরসুমের সময়, তাড়াতাড়ি যাতে সাহায্য পাঠাতে পারবেন কিনা সেটা বলুম।

**শ্রীচিত্তব্রত মজুমদার :** রেশম চাষীদের সংখ্যা খুব কম নয়। পশ্চিম বাংলায় রেশম চাষীর সংখ্যা অনেক বেশি। তদন্ত রিপোর্ট কমপ্লিট হলে আমরা সাহায্য দেওয়া আরম্ভ করবো।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য :** মাননীয় মন্ত্রীমহাশয় জানেন যে রেশম চাষীদের বসতগৃহ অর্থাৎ যেখানে পোকা পোষে সেগুলিও ভেঙ্গে গেছে। দুটো একসঙ্গে মিলিতভাবে তাড়াতাড়ি সাহায্য করবেন কিনা ?

**শ্রীচিত্তব্রত মজুমদার ঃ** যেখানে পোকা পোষে অর্থাৎ রিয়ারিং হাউস যাতের ক্ষতি হয়েছে অনুদানটা তাদের ক্ষেত্রেও প্রযোজ্য ।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** গুটিপোকা যাদের কিনতে হয় তাদের ভরতুকি দেওয়ার কোন ব্যবস্থা করছেন কিনা ?

**শ্রীচিত্তব্রত মজুমদার ঃ** ব্যাঙ্ক ঋণ এবং সরকারী অনুদান আমাদের পুরানো স্কীম ছিল ৭৫ ভাগ ব্যাঙ্ক থেকে ঋণ এবং ২৫ ভাগ অনুদান। এবারে বন্যার জন্য অনুদান ৫০ ভাগ পড়েছে এবং ব্যাঙ্ক ঋণও ৫০ ভাগ থাকবে।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র ঃ** মুর্শিদাবাদ ছাড়া আর কোন্ কোন্ জেলায় রেশম শিল্পের চাষ হয় ?

**শ্রীচিত্তব্রত মজুমদার :** মালদহ, বীরভুম, পশ্চিম দিনাজপুর, দার্জিলিং, জলপাইগুড়ি, বাঁকুড়া, মেদিনীপুর, পুরুলিয়া এবং নদীয়া জেলাতেও হচ্ছে।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানেন যে চাষীরা যে রেশমের কোটা পায় এগুলি প্রায় রোগে মারা যায় সেইজন্য এই ব্যাপারে কোন ভাল সীড দেওয়ার ব্যবস্থা করবেন কিনা ?

**শ্রীচিত্তব্রত মজুমদার ঃ** এই রকম কোন নির্দিষ্ট খবর এলে সে সম্পর্কে নিশ্চয় ব্যবস্থা গ্রহণ করবো।

## তসর শিল্প

*১৫১। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৫।) **শ্রীসুনীতি চট্টরাজ ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

ক) গত ১৯৭৫-৭৬, ১৯৭৬-৭৭, ১৯৭৭-৭৮ আর্থিক বৎসরে কি পরিমাণ এবং কত টাকা মূল্যের তসরগুটি বিহার, উড়িষ্যা ও মধ্যপ্রদেশ হইতে পশ্চিমবঙ্গে আমদানি করা হইয়াছে ;

(খ) পশ্চিমবঙ্গে ঐ সময়ে কি পরিমাণ তসরগুটি উৎপাদন হয় ; এবং

(গ) তসর বস্ত্র শিল্পে কাঁচামাল পশ্চিমবঙ্গে উৎপাদনের জন্য বর্তমান সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

**শ্রীচিত্তব্রত মজুমদার ঃ** (ক)

| আমদানীর বৎসর | আমদানী করা তসর গুটির পরিমাণ | মূল্য |
|---|---|---|
| ১৯৭৫-৭৬ | ২,৩০,৩১৫ কেজি. | ৫২,৯৭,২৫৫ টাঃ |
| ১৯৭৬-৭৭ | ৩,৩৩,৯৯৮ কেজি. | ৮৩,৪৯,৯৫০ টাঃ |
| ১৯৭৭-৭৮ | ২,৮০,৬৯৪ কেজি. | ৭৮,৫৯,৪৩২ টাঃ |

(খ)

| বৎসর | তসর গুটির পরিমাণ |
|---|---|
| ১৯৭৫-৭৬ | ৫,১৯০ কেজি. |
| ১৯৭৬-৭৭ | ১৭,৭০৫ কেজি. |
| ১৯৭৭-৭৮ | ১৫,৪১০ কেজি. |

(গ) রঘুনাথপুর তসর ডিম সরবরাহ কেন্দ্র, পাঁচঘড়া কেন্দ্র হইতে ডিম সরবরাহ করার ব্যবস্থা আছে। ইহা ছাড়া কেন্দ্রীয় সরকারের অধীনস্থ তসর বীজাগার হইতে ডিম সরবরাহ করার ব্যবস্থা আছে। তদুপরি, তসর বীজ উৎপাদনের জন্য ষষ্ঠ পরিকল্পনায় বীজ উৎপাদন বৃদ্ধির জন্য নতুন বীজাগার ও ব্লক প্লানটেশন ফার্ম স্থাপন করার পরিকল্পনা আছে।

**শ্রীসরল দেব :** ১৯৭৬-৭৭ এর তুলনায় ১৯৭৭-৭৮ সালে উৎপাদন কম হল কেন?

**শ্রীচিত্তব্রত মজুমদার ঃ** এটা সম্বন্ধে নোটিশ দিতে হবে।

**শ্রীশশাংক শেখর মণ্ডল ঃ** বীরভূমের জঙ্গলে তসর গুটি হওয়ার সম্ভাবনা আছে, সেখানে এই তসর গুটি যাতে হতে পারে তার জন্য অনুমতি কি দেবেন না দিয়েছেন?

**মিঃ স্পীকার ঃ** এই প্রশ্নে এটা আসে না, আপনি প্রশ্নটা দেখুন।

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে গাছের উপর ভিত্তি করে পোকাগুলি হয়, সেই গাছ বন দপ্তর থেকে পেতে কোন অসুবিধা হচ্ছে কিনা?

**শ্রীচিত্তব্রত মজুমদার ঃ** এই রকম সমস্যা খুব একটা বড় আকারে আমাদের কাছে আসেমি। স্বাভাবিকভাবে ছোটখাট সমস্যা থাকতে পারে, কিন্তু বড় এই রকন কোন ঘটনা আমাদের কাছে আসেনি।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য ঃ** তসর তৈরী করার পর যে ঝুট থাকে তা থেকে কেটো উৎপাদনের ব্যবস্থা আছে কিনা ?

**শ্রীচিত্তব্রত মজুমদার ঃ** নোটিশ দেবেন।

**শ্রীঅচিন্ত্যকৃষ্ণ রায় ঃ** মন্ত্রীমহাশয়ের কাছে জানতে চাইছি যে তসর কীট শিল্প ব্যবসায়ীরা কুক্ষিগত করে রেখেছেন এবং যারা এর কাজ করেন তাদের যে দুরবস্থায় ফেলেছেন সে সম্পর্ক সরকার ভাবছেন কিনা ?

**মিঃ স্পীকার ঃ** It is disallowed.

*152. Held Over

### সুবর্ণরেখা নদীর বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প

*১৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৯।) **শ্রীপ্রবোধচন্দ্র সিংহ ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুবর্ণরেখা নদীর বন্যা নিয়ন্ত্রণের জন্য কোন প্রকল্প রচিত হইয়াছে কি ; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে—

(১) ঐ প্রকল্পের,সংক্ষিপ্ত রূপরেখা কি, ও

(২) প্রকল্প রূপায়ণের কাজ কবে নাগাত শুরু হইবে ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায় ঃ** (ক) ও (খ) (১) সুবর্ণরেখা মদীরব ন্যা নিয়ন্ত্রণের জন্য বিহার রাজ্যে চাণ্ডিল ড্যাম (Chandil Dam ) এবং নিম্ন অববাহিকায় পশ্চিমবঙ্গ ও উড়িষ্যা রাজ্যে বন্যা নিয়ন্ত্রণ বাঁধ (flood control embankment) নির্মাণ প্রয়োজন। বিহার, উড়িষ্যা ও পশ্চিমবঙ্গ রাজ্যের মধ্যে গত ১৯৭৮ সালের আগষ্ট মাসে সম্পাদিত ত্রি-পাক্ষিক চুক্তি অনুযায়ী, বিহার সরকার যে চাণ্ডিল ড্যাম নির্মাণ করবেন তাতে কিয়ৎ পরিমাণে বন্যা-নিয়ন্ত্রণের ব্যবস্থা থাকবে (flood cushion) যার ফলে পশ্চিমবঙ্গ ও উড়িষ্যা রাজ্য উপকৃত হবে। আর, নিম্ন অববাহিকায় পশ্চিমবঙ্গ ও উড়িষ্যা রাজ্যে সুবর্ণরেখা নদীর উভয় তীরে পরস্পরের পরিপূরক বন্যা-নিয়ন্ত্রণ-বাঁধ (floop control embankment) একই সঙ্গে নির্মাণের জন্য পশ্চিমবঙ্গ ও উড়িষ্যা

রাজ্য সরকার দ্বয় পরস্পরের সঙ্গে আলোচনা (discussion) এবং কেন্দ্রীয় জল কমিশন (Central Water Commission), রেলমন্ত্রক (Railway Ministry) ও পরিবহণ মন্ত্রকের (Transport Ministry) সঙ্গে পরামর্শ করে পরিকল্পনা তৈরী করবেন।

(খ) (২) বিহার রাজ্য সরকার কর্তৃক চাণ্ডিল ড্যাম নির্মাণের কাজ ১৯৭৯-৮০ আর্থিক বৎসরে শুরু করার সম্ভাবনা আছে। বন্যা-নিয়ন্ত্রণ-বাঁধ নির্মাণ কার্য্য শুরু হওয়া সম্বন্ধে এখনই কিছু বলা সম্ভব নয়।

[ 1-50—2-00 P.M. ]

**শ্রীপ্রবোধচন্দ্র সিংহঃ** এই যে সুবর্ণরেখা পরিকল্পনা, বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প রচনা করা হয়েছে এর মধ্যে কি ইরিগেসান বা জলসেচ পরিকল্পনা যুক্ত আছে?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ** মাননীয় সদস্য মেদিনীপুর জেলা থেকে নির্বাচিত হয়েছেন। তাঁর জানা আছে যে সুবর্ণরেখা নদী পরিকল্পনা না করলে পশ্চিমবঙ্গের মধ্যে মেদিনীপুর জেলা বিশেষ করে কাঁথি মহকুমা এবং নিম্ন এলাকা প্লাবিত হয় প্রতি বছর। সুতরাং বন্যা নিয়ন্ত্রণ পরিকল্পনা সুবর্ণরেখা পরিকল্পনার উদ্দেশ্যে। তবে কিছু ইরিগেসানের ব্যবস্থা করছি।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ** মন্ত্রীমহাশয় কি জানাবেন এই পরিকল্পনায় কত টাকা লাগবে এবং কোন কোন রাজ্য কত টাকা করে দিচ্ছেন?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ** আমি আমার উত্তর দেবার সময়ে দু নম্বরে এবং এক নম্বরের শেষে বলেছি এই বিষয়ে বিহার সরকার, উড়িষ্যা সরকার এবং পশ্চিমবঙ্গ সরকার আমরা পরিকল্পনা করবার সময় সেণ্ট্রাল গভর্ণমেণ্টের সেণ্ট্রাল ওয়াটার কমিশন, রেলওয়ে মন্ত্রক এবং পরিবহণ মন্ত্রকের সাথে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করা হবে এবং তাতে কত টাকা লাগবে সে বিষয়ে আলোচনা করে পরিকল্পনা গ্রহণ না করা পর্য্যন্ত কত টাকা লাগবে তা বলা সম্ভব নয়।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ** এই পরিকল্পনা অনুসারে কোন রাজ্যকে ক্ষতিপূরণ দিতে হবে কিনা?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ** বিহার রাজ্য থেকে ক্ষতিপূরণ দেওয়ার কথা ছিল। তবে আমরা তিন রাজ্য মিলে কেন্দ্রীয় সরকারকে বলেছি যে আমাদের টাকা দেবার ক্ষমতা

নেই। সুতরাং আপনাদের টাকা দিতে হবে। ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে টাকা নেবার জন্য আমরা কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করেছি এবং এছাড়াও আরও সব কিছু করার জন্য আমরা কেন্দ্রীয় সরকারকে লিখেছি।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র ঃ** উড়িষ্যা গভর্ণমেন্টকে ক্ষতিপূরণ দিতে হবে বলে তাঁরা কয়েক বছর কাজ করতে দিচ্ছে না। তাঁদের ক্ষতিপূরণ দিতে হবে কিনা এটা দয়া করে জানাবেন কি?

**মিঃ স্পীকার ঃ** The question is disallowed.

## মালিয়াড়া জোঁড় প্রকল্প

*১৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৩।) **শ্রীনবনী বাউরী ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় গঙ্গাজলঘাটী থানার মালিয়াড়াজোঁড় প্রকল্পে সারংপুর ও রাধুর-বাইদ গ্রামের মধ্যে যোগাযোগ ব্যবস্থা করার পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি; এবং

(খ) পরিকল্পনা থাকিলে,—

(১) উক্ত ব্যবস্থা, কবে অনুমোদিত হইয়াছিল,

(২) উক্ত কাজ বর্তমানে কি অবস্থায় আছে, ও

(৩) ঐ কাজ কবে শেষ হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রীপ্রভাসচন্দ্র রায় ঃ** (ক) হ্যাঁ।

(খ) (১) ভারত সরকার কর্তৃক এখনও উহা অনুমোদিত হয় নাই।

(২) যে সেতুটি দ্বারা উক্ত গ্রাম দুইটির মধ্যে যোগাযোগ ব্যবস্থা স্থাপন করার পরিকল্পনা করা হইয়াছে তাহা নির্মাণের স্থান চুড়ান্তভাবে স্থির করার উদ্দেশ্যে প্রয়োজনীয় তথ্যানুসন্ধানের কাজ চলিতেছে। স্থানীয় অধিবাসীদের সহিতও এ সম্পর্কে আলোচনা করা হইতেছে।

(৩) মালিয়াড়াজোঁড় প্রকল্পের সংশোধিত এষ্টিমেটে উক্ত সেতুটির সংস্থান রহিয়াছে উহা বর্তমানে কেন্দ্রীয় সরকারের অনুমোদনের অপেক্ষায়

রহিয়াছে। অনুমোদন এবং প্রয়োজনীয় অর্থ পাওয়া গেলেই উক্ত কাজে হাত দেওয়া হইবে এবং আশা করা যায় যে তিন মাসের মধ্যেই সেতুটি নির্মাণের কাজ শেষ করা যাইবে।

**বাঁকুড়া জেলায় চীনামাটি শিল্প স্থাপনের প্রস্তাব**

*১৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৫।) **শ্রীঅনিল মুখার্জী:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রীমহায়য় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার চীনামাটির কোন ক্ষুদ্র শিল্প স্থাপনের প্রকল্প সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে কোথায় ও কি শিল্প স্থাপিত হবে?

**শ্রীচিত্তব্রত মজুমদার:** (ক) প্রকল্প গ্রহণের জন্য প্রয়োজনীয় সমীক্ষা করা হয়েছে। প্রকল্প প্রতিবেদন তৈরীর কাজও হাতে নেওয়া হয়েছে।

(খ) প্রকল্প প্রতিবেদন তৈরীর পরে এ বিষয়ে নির্দিষ্ট সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হবে। আপাতত, চীনামাটির জন্য কমন ফেসেলিটিজ সেণ্টার (ওয়াশারিজ) স্থাপনের প্রস্তাব বিবেচনা আছে।

**শ্রীগুণধর চৌধুরী:** মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন বাঁকুড়া জেলায় কোন কোন থানায় চীনা মাটি পাওয়া যায় এবং সেখান থেকে মালিকরা এই সব চীনা মাটি বিদেশে পাচার করে দিচ্ছে?

**শ্রীচিত্তব্রত মজুমদার:** অনেকগুলি থানা থেকে চীনা মাটি পাওয়া যায়। হ্যাঁ মালিকরা পাচার করে দিচ্ছে।

**শ্রীঅনিল মুখার্জী:** মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে জানাবেন কি এই যে পরিকল্পনার কথা বললেন এটা কোন্ জায়গায় স্থাপন করার কথা সরকার ভাবছেন?

**শ্রীচিত্তব্রত মজুমদার:** আমরা কয়েকটি জেলার কথা ভাবছি এবং আমি আগের বলেছি আমরা এর জন্য প্রতিবেদন তৈরী করছি এবং পরীক্ষা নিরীক্ষা চলছে এই সবের পর আমরা ঠিক করবো।

**শ্রীঅনিল মুখার্জী:** মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি এই পরিকল্পনা রূপায়িত হলে কত জন লোককে এই ব্যাপারে কাজ দেওয়া সম্ভব হবে।

**শ্রীচিত্তব্রত মজুমদার ঃ** এটা এখনই বলা সম্ভব নয়, কেন না কিভাবে এটা ছড়াবে কি অবস্থায় দাঁড়াবে সেটা এখনও ঠিক বুঝতে পারা যাচ্ছে না।

**শালতোড়া থানা এলাকার সেচ প্রকল্প**

*১৫৬। ( অনুমোদিত প্রশ্ন নং *৩৮২। ) **শ্রীনবনী বাউরী ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শালতোড়া থানায় বিহারীলাল পাহাড়ের নিকটস্থ কোন সেচ প্রকল্পের কাজ সরকার গ্রহণ করিয়াছেন কি ;

(খ) যদি "ক"-এর উত্তর হ্যাঁ হয়, তাহা হইলে উক্ত কাজ কতদূর অগ্রসর হইয়াছে ; এবং

(গ) কত দিনের মধ্যে উক্ত কাজ শেষ হইবে বলিয়া আশা করা যায় ?

**The Mister for Irrigation / Water ways :** (ক) না। এরূপ কোন প্রকল্পের কাজ সেচ ও জলপথ বিভাগ গ্রহণ করেন নাই।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) প্রশ্ন উঠে না।

[ 2-00—2-10 P. M. ]

**Adjournment Motion**

**মিঃ স্পীকার ঃ** আমি মাননীয় সদস্য সর্বশ্রী বীরেন্দ্রনাথ মৈত্র, সন্দীপ দাস, সুধীর দাস শর্মা, বলাইলাল দাস মহাপাত্র, সুনির্মল পাইক, হরিপদ জানা (ভগবানপুর), হরিপদ জানা (পিংলা), নানুরাম রায়, রাসবিহারী পাল ও জন্মেঞ্জয় ওঝার কাছ থেকে একটি এবং শ্রীঅতীশচন্দ্র সিনহা ও জনাব সামসুদ্দিন আহমেদ এঁদের প্রত্যেকের কাছ থেকে একটি করে মুলতুবী প্রস্তাবের নোটিশ পেয়েছি প্রথম নোটিশে শ্রীবীরেন্দ্রনাথ মৈত্র প্রমুখ সদস্যরা অপারেশন বর্গা সম্বন্ধে আলোচনার জন্য মুলতুবী প্রস্তাব এনেছেন। বিষয়টি সরকারী নীতি সংক্রান্ত। এরূপ বিষয়ে মুলতুবী প্রস্তাব আনা যায় না। দ্বিতীয় নোটিশে শ্রীঅতীশচন্দ্র সিন্হা পঞ্চম শ্রেণী পর্য্যন্ত ইংরাজী শিক্ষা ব্যবস্থার অবলুপ্তির উপর আলোচনার জন্য মুলতুবী প্রস্তাব এনেছেন। এটিও একটি সরকারী নীতি সংক্রান্ত এবং মুলতুবী প্রস্তাবের পক্ষে অনুপযোগী। তৃতীয় নোটিশে জনাব সামসুদ্দীন

আহমেদ ভারত বাংলাদেশ সীমান্তে চুরি ও ডাকাতি, রাহাজানি সম্বন্ধে আলোচনার জন্য মুলতুবী প্রস্তাব এনেছেন। বিষয়টি সাধারণভাবে আইন শৃঙ্খলার প্রশ্ন সম্পর্কিত ও আকস্মিক জরুরী প্রকৃতির নয়। সুতরাং এটি মুলতুবী প্রস্তাবের পক্ষে অনুপযোগী। আমি উপরোক্ত তিনটি মুলতুবী প্রস্তাবের নোটিশেই আমার অসম্মতি জ্ঞাপন করছি।

**Shri Deo Prakash Rai** : Mr. Speaker, Sir, with your special permission I want to say something.

**Mr. Speaker** : Let the members read their adjournment motions first.

**Shri Deo Prakash Rai** : No, Sir. I think, I must speak first. I rise here because it is very important. It came from the month of the Chief Minister that day when I was not here. I am one of the seniormost members of this House.

**Mr. Speaker** : Let the usual proceedings go on first. I will give you chance to speak later.

**Shri Deo Prakash Rai** : I will continue speaking. That day while discussion on the Darjeeling Hill Areas Development Council (Amendment) Bill, 1978 was going on.

**Mr. Speaker** : Mr. Rai, kindly take your seat. I have told you that let the usual proceedings finish first then I will give you time.

**Shri Deo Prakash Rai** : Sir, I am going to speak, I will continue my speech or you can send your Marshal here. The issue is very important because it came from the mouth of the Chief minister. I again say, it is very important because it was uttered by your Chief Minister.

(At this stage Shri Rabin Mukherjee rose to speak)

You cannot gag me like this. I will meet you in the streets then.

I rise here to speak because it is very important. I feel, it is very important. Sir, as you are occupying the highest Chair of West Bengal

Legislative Assembly you will understand this because it was uttered by the Chief Minister. I am D. P. Rai. I say, I am the seniormost M. L. A. I am to clarify this. I am not a new recruit here—I am not like this. সেদিন কি হয়েছিল ? When the Bill for Hill Areas Development Council was moved I said whatever I thought best. When I left the House. Jyoti Basu, the Chief Minister said "দেওপ্রকাশ রাই কি বলে চলে গেলেন আমার কথা শুনলেন না।" That is why I am explaining this. Before the Hill Development Council was formed I met Jyoti Basu more than 6/7 times and I had series of correspondences with Jyoti Basu. Now he says, "দেওপ্রকাশ রাই চেঁচামেচি করে চলে গিয়েছেন—he has not listened to me." জ্যোতি বসু বাজে কথা বলেছেন আমরা শুনব ?

(Noise and interruptions)

Hill Development Council constitute-এর ব্যাপারে জ্যোতিবসুর সঙ্গে আমাদের ৫।৬ বার কথাবার্তা হয়েছে। আমরা বলেছিলাম আপনি যদি এটা করতে চান তাহলে এটা করতে হবে সেটা করতে হবে। আরো correspondence আছে। When I was convinced that he was not forming the Hill Development Council and he was going to form a C. P. M. Development Council, I spoke on that day. I had nothing to discuss with Jyoti Basu. I have got no confidence in him. Their members might have confidence in him. Do you think that you have got all the constituencies ? We have also got our constituencies. We have also our followers. We will see to it. Why I left ? Because I have no belief in him—no faith in him. So, Sir, I tell you today the reason why I left the House that day ? I did not have any confidence in him. I did not have any faith in Jyoti Basu because after having discussion, after having exchange of correspondences he did not listen to me.

(Noise and interruptions)

Silence.

(Shri Rabin Mukherjee : Please sit down)

You are not the Speaker. I am addressing the Chair. I am not

immature, but you may be immature—I am addressing the Chair.

(Noise)

**শ্রীদীনেশ মজুমদার** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে বলছি যে উনি যে সব কথা এখন বলেছেন সেগুলি এক্সপাঞ্জ করা হোক। স্যার, এই সঙ্গে আরো অনুরোধ, সভার সদস্যরা যাতে সুষ্ঠুভাবে আলোচনায় অংশ গ্রহণ করতে পারেন তারজন্য আপনি হস্তক্ষেপ করে এইসব জিনিষ বন্ধ করুন।

( Noise )

**শ্রীদেওপ্রকাস রাই** : * * * * *

[ 2-10—2-20 P.M. ]

**শ্রীবিমলানন্দ মুখার্জী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে আবেদন করছি এবং জানতে চাচ্ছি যে এই ধরণের বক্তব্য সম্মানিত সভায় চলতে পারে কি না ?

**মিঃ স্পীকার** : আপনি বসুন না, দেখছেন তো কি অবস্থা।

**শ্রীদেওপ্রকাশ রাই** : * * * * *
আমি কথা দিচ্ছি। * *

**শ্রীসরল দেব** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ধরণের বক্তব্য এখানে রাখা যায় কিনা আমি আপনার কাছে জানতে চাই।

**মিঃ স্পীকার** : আপনারা বসুন। প্রত্যেকে উঠে উঠে বলবার কি আছে। আপনারা সবাই যদি এ্যাডভাইস দিতে চান তাহলে তো আমি হেল্পলেস। এখন আমি শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র মহাশয়কে মুলতুবী প্রস্তাব পড়বার জন্য বলছি।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সকলের পক্ষ থেকে প্রস্তাবটি পড়ছি। আজকে আপনি এটা মূলতুবী করছেন। আপনার কাছে প্রার্থনা এটাতে আমাদের প্রিভিলেজের প্রশ্ন রয়েছে। এটা যদি মূলতুবী করেন তাহলে আমরা প্রিভিলেজে দেব। কারণ বাইরের কাগজে বেরিয়েছে এবং সরকারের মন্ত্রী বাইরে স্টেটমেন্ট দিয়েছেন। আজকে আনন্দবাজার পত্রিকায় স্টেটমেন্ট বেরিয়েছে। সরকারের সব্যসাচী মুখার্জী যে রিপোর্ট দিয়েছেন, আজকে এর সঙ্গে কোন সঙ্গতি

Note : * Expunged as ordered by the chair.

নেই। এটা একটা ইম্পরটেন্ট ব্যাপার। মূলতুবী প্রস্তাব যেটা দিয়েছি সেটাকে ছোট্ট করে দেওয়া হয়েছে। কিন্তু কথা হচ্ছে আমাদের প্রিভিলেজের প্রশ্ন এর সঙ্গে জড়িত রয়েছে।

**মিঃ স্পীকার:** প্রিভিলেজ মোশানে আলাদা ভাবে পরে দেবেন।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র:** সরকারের অপারেশান বর্গা একটি গুরুত্বপূর্ণ, অভিনব এবং সম্পূর্ণ নতুন সিদ্ধান্ত। ভূমি সদ্ব্যাবহার বিভাগের মন্ত্রী মহোদয়ের এই বিবৃতি প্রকাশের সঙ্গে সঙ্গে সারা গ্রামবাংলায় অশান্তির আগুন হঠাৎ জ্বলে উঠেছে। আজ দরিদ্র এবং দরিদ্রের মধ্যে দুর্ভাগ্যজনক হানাহানি আরম্ভ হয়েছে। এই ব্যবস্থা চালু করার সঙ্গে সঙ্গে সরকার রাইটার্স হইতে কোন নির্দেশ নামা জেলার সংশ্লিষ্ট বিভাগে বা জে. এল. আর. ও দের নিকট পাঠাইতে পারেন নাই। তৎপরিবর্তে বীরভূমের অতিরিক্ত জেলা সমাহর্তার অনুসৃত একটি সার্কুলারের কপি পাঠান হয় মাত্র। সরকার ধান কাটার মরশুমে একটি সম্পূর্ণ নতুন বিতর্কমূলক আইনবিরুদ্ধ নির্দেশনামা চালু করিয়া গ্রাম বাংলার জনমতকে ভিন্ন পথে প্রবাহিত করিয়া বিভ্রান্তি সৃষ্টির রাজনৈতিক প্রয়াস করিয়াছেন। এই পরিস্থিতিতে জনগণের বৃহত্তর স্বার্থে অদ্যই সভার কাজ মুলতুবী রাখিয়া এই বিষয়ে পূর্ণ আলোচনা করা হউক।

**শ্রীঅতীশচন্দ্র সিনহা:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতী নিয়ে আনন্দ বাজার পত্রিকার খবরটা পড়ছি। প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষামন্ত্রী শ্রীপার্থ দে মহাশয় বলেছেন যে ইংরাজী শিখবার দরকার নেই। যাঁদের দরকার আছে তাঁরা আলাদা ভাবে শিখে নেবে। আমি তারই পরিপ্রেক্ষিতে আমার মূলতুবী প্রস্তাব আপনার অনুমতী নিয়ে পাঠ করছি। জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মূলতুবী রাখছেন। বিষয়টি হল—পশ্চিমবঙ্গ ক্রমশই সর্বভারতীয় ক্ষেত্রে প্রতিটি বিষয়ে যেমন শিক্ষা, শিল্প ইত্যাদিতে পশ্চাদপদ হচ্ছে। বর্তমান সরকারের পঞ্চম শ্রেণী পর্যন্ত ইংরাজী শিক্ষা ব্যবস্থার অবলুপ্তির প্রস্তাব এখনকার ভবিষ্যৎ যুবসম্প্রদায়ের ক্ষতি করবে। ইংরাজী শিক্ষা ব্যবস্থা প্রাথমিক ও মাধামিক স্তরে থাকবে কি থাকবে না তা সর্বভারতীয় ক্ষেত্রে স্থিরীকৃত হওয়া উচিত। প্রদেশগুলি আলাদা ভাবে এই সিদ্ধান্ত নিলে সেই প্রদেশেরই ক্ষতি। অবিলম্বে এই সভা মূলতুবী রেখে এই বিষয়ে আলোচনা করা হোক।

**শ্রীসামসুদ্দিন আহমেদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তাঁর কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হলো—দীর্ঘকাল যাবত ভারত বাংলাদেশ সীমান্তবর্তী বিস্তীর্ণ এলাকায় চুরি, ডাকাতি, রাহাজানি হইয়া চলিয়াছে। ১৯৭৮ সালের ১২.২.৭৮ তারিখে অনন্তপুর গ্রামে, ১৫.৩.৭৮ তারিখে বৈষ্ণবনগর গ্রামে, ১৩.৪.৭৮ তারিখে ভগবানপুর গ্রামে, জুন মাসে নারায়ণপুর গ্রামে, ৬.১০ ৭৮ তারিখে, কৃষ্ণপুর গ্রামে অক্টোবর মাসে লক্ষীপুর গ্রামে, নভেম্বর মাসে জায়েনাপুর গ্রামে এবং ২৭.১১.৭৮ তারিখে পুনরায় ভাগবানপুর গ্রামের জাফর আলি বিশ্বাস ও শের মহম্মদ বিশ্বাসের বাড়ীতে একই রাত্রে মারাত্মক ডাকাতি হইয়াছে। গ্রামবাসীরা স্থানীয় থানার সাহায্য প্রার্থী হইলে পুলিশ যথাযথ ব্যবস্থা গ্রহণ করিতে পারে নাই। ইহাতে সীমান্তবর্তী ভারতীয় জনসাধারণ ভীত সন্ত্রস্ত হইয়া পড়িয়াছেন এবং নিরাপত্তার চরম অভাব বোধ করিতেছেন। অতএব এই গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনার জন্য অদ্যকার অধিবেশন মুলতুবী রাখা হোক।

## Calling Attention to Matters of Urgent Public Importance

**মিঃ স্পীকার ঃ** অধ্যক্ষ মহোদয়ঃ আমি নিম্নলিখিত বিষয়ের উপর ছটি আকর্ষণী নোটীশ পেয়েছি যথা ঃ—

১। গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদের বিভিন্ন সভায় উপস্থিতির জন্য বেতন নির্ধারণ—শ্রীযামিনী মজুমদার।

২। কংসাবতী সেচপ্রকল্প হইতে সেচের জন্য জলের ব্যবস্থা—শ্রীঅনীল মুখার্জী।

৩। কলিকাতার দেশবন্ধু গার্লস স্কুলের অর্ধলক্ষ টাকা তছরূপ—শ্রীজন্মেঞ্জয় ওঝা।

৪। হাইকোর্টে বর্গা অপারেশনের উপর নিষেধাজ্ঞা—শ্রীসুনীতি চট্টরাজ।

৫। বর্ধমানের কালনা বিদ্যুৎ বিভাগের কর্মচারীর কর্মরত অবস্থায় আহত হওয়া সত্ত্বেও ক্ষতিপূরণ না দেওয়া—শ্রীসুনীতি চট্টরাজ।

৬। চেতলা ও টালিগঞ্জ থানা এলাকায় গরীব বস্তিবাসীদের উপর অত্যাচার—শ্রীসুনীতি চট্টরাজ।

৭। কুলটীর 'ইসকো' কোম্পানীতে বাঙ্গালী অফিসারদের পদত্যাগ—শ্রীসরল দেব।

৮। কলিকাতা পৌরভবনে আগুন লাগার ঘটনা—শ্রীসরল দেব।

৯। উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের বাসে গত ১লা ডিসেম্বরের দুর্ঘটনা—শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র।

আমি উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের বাসে গত ১লা ডিসেম্বরের দুর্ঘটনা বিষয়ের উপর শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র কর্তৃক আনীত নোটিশ মনোনীত করেছি।

সংশ্লিষ্ট মন্ত্রীমহোদয়, যদি সম্ভব হয়, ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**শ্রীভবানী মুখার্জী ঃ** ৮ই ডিসেম্বর, ১৯৭৮

## MENTION CASES

[2-20—2-30 P.M.]

**শ্রীকিরণময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, সি. পি. আই. (এম)-এর সমর্থকরা বিশেষ করে হালফিল সমর্থকরা গ্রামে গ্রামে জোর যার মুলুক তার—এই নীতিতে আমাদের আদিম যুগে ফিরিয়ে নিয়ে যাচ্ছে। যারা সি. পি. আই. (এম)-এর কৃষক সমিতি ভুক্ত নয় তাদের জমি থেকে জোর করে ধান কেটে নেওয়া হচ্ছে, ভুয়া চাষী সাজানো হচ্ছে, ক্ষেতমজুরদের জমি থেকে তুলে দেওয়া হচ্ছে। মারাত্মক অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে এক দল লোক গত ৩০।১১।৭৮ তারিখে মেদিনীপুর জেলার ভগবানপুর থানার অর্জুননগর গ্রামে শ্রীসত্যেন্দ্রনাথ দাসের ৭ বিঘা জমির ধান কেটে নিয়ে যায়। শ্রীদাসের অপরাধ তিনি ঐ অঞ্চলের জনতা পার্টির সভাপতি। শ্রীদাসকে হুমকি দেওয়া হয়েছে যদি তিনি আইনের আশ্রয় নেন তাহলে তাঁর পরিবারের সকলের ধান কেটে নেওয়া হবে এবং উপযুক্ত শিক্ষা দেওয়া হবে। মুখ্যমন্ত্রী মহোদয় যেন এ বিষয়ে উপযুক্ত তদন্ত করে প্রতিকারের ন্যূনতম ব্যবস্থাটুকু নেন।

**শ্রীসমরেন্দ্রনাথ সান্ন্যাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বন্যা বিধ্বস্ত নদীয়া জেলার একটি গুরুত্বপূর্ণ সমস্যার প্রতি কৃষিমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, নদীয়া জেলায় এবছর বন্যা হওয়া সত্বেও রবিশস্য, গম এবং বোরো ধানের চাষ অন্যান্য বছরের তুলনায় বেশী হয়েছে। কিন্তু সমস্যা হচ্ছে সার

নিয়ে। কলকাতায় এক ধরণের সার ব্যবসায়ী আছেন যাদের বলা হয় প্রিন্সিপাল ডিলার, তারা সারগুলি ধরে চালান দেন। কিন্তু তাদের কোনও গুদাম নেই, এক একটা অফিস আছে। তাদের কাজ হচ্ছে জেলার হোল-সেলারদের কাছে সার পৌঁছে দেওয়া। কিন্তু আজকে তারা তা দিচ্ছে না। ফলে গ্রামাঞ্চলের চাষীরা সার পাচ্ছে না। এই সারের অভাব আজকে নদীয়া জেলাতে অত্যন্ত প্রকট হয়ে উঠেছে। তারপর জেলার হোল-সেল ডিলাররাও সকল চাষীকে সার সরবরাহ করতে পারছেন না। তাই আমি মাননীয় কৃষিমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি শুধু জেলায় হোলসেল ডিলারের বদলে ব্লকে ব্লকে ডিলার দেওয়ার ব্যবস্থা করা হোক, যাতে সহজেই খুচরা সার চাষীরা পেতে পারে।

**শ্রীপ্রবোধকুমার পুরকায়েত ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি বামফ্রন্ট সরকারের ভূমি-রাজস্ব ও ভূমিসদ্ব্যবহার দপ্তরের মন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীকে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বামফ্রন্ট সরকার ইতিমধ্যেই ঘোষণা করেছেন যে, তাঁরা চাষীর ফসল রক্ষা করার ক্ষেত্রে কতগুলি নীতি নির্ধারণ করেছেন। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, আজকে গ্রামে পুলিশের সাহায্যে মালিক পক্ষ চাষীর ধান কেটে নিয়ে যাচ্ছে। সরকারের তরফ থেকে তাদের কোনও প্রটেক্সন দেওয়া হচ্ছে না। আমার নির্বাচন কেন্দ্র কুলতলী কেন্দ্রের পূর্বগুড়গুড়িয়া মৌজার ১২ জন ভাগচাষী, যারা ভাগচাষী নির্বাচিত হওয়ার জন্য ভাগচাষ কোর্টে কেস করেছে। তাদের জমির ধান মালিক পক্ষ আলিপুর মহকুমা শাসকের অনুমতি নিয়ে এবং তার প্রটেক্সনে পুলিশ দিয়ে কেটে নিয়ে যাচ্ছে। চাষীরা অনন্যোপায় হয়ে হাইকোর্টের আশ্রয় নিয়েছে এবং হাইকোর্ট এক সপ্তাহের নিষেধাজ্ঞা দিয়েছেন যে, এই সময় কোনও পক্ষ জমিতে নামবে না। কিন্তু হাইকোর্টের কাগজ-পত্র মহকুমা শাসক এবং জে. এল. আর. ও.-কে দেওয়া সত্ত্বেও সেই আদেশকে অগ্রাহ্য করে পুলিশ আজকে ঐ ১২-জন ভাগচাষীর ধান কেটে নিয়ে যাচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী এবং ভূমিরাজস্ব ও ভূমিসদ্ব্যবহার দপ্তরের মন্ত্রী মহোদয়ের দৃষ্টি বিষয়টির প্রতি আকর্ষণ করছি যে, বামফ্রন্ট সরকারের ঘোষিত নীতি যাই থাক না কেন প্রশাসন এবং পুলিশ জোতদারের পক্ষে চাষীর ধান লুঠ করছে। এ সম্পর্কে তাঁরা নিশ্চয়ই অবিলম্বে সিদ্ধান্ত নেবেন এবং যাতে গরীব চাষীরা তাদের ফসল থেকে বঞ্চিত না হয়, সেদিকে দৃষ্টি দেবেন, এই আশা করছি।

**শ্রীযামিনীকিশোর মজুমদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার জেলায়

বালুরঘাট শহরে এই হাউসের মাননীয় সদস্য শ্রীগনিখান চৌধুরী মহাশয় একটি মিটিং-এ অস্পষ্ট বক্তব্য রেখেছেন। তিনি বলেছেন যে, জ্যোতিবাবু এবং তাঁর দলকে চাপকানো হবে। ঐ মিটিং-এ শান্তি রক্ষা করা মুশকিল হয়ে দাঁড়িয়েছিল। জনসাধারণের একটি অংশ তার এই বক্তব্যের বিরুদ্ধে পিঠের চামড়া খুলে নেবে বলে উদ্ধত হয়েছিল কিন্তু তাদের কোন রকমে থামানো হয়। আমি মনে করি ওনার বিরুদ্ধে ১১০ ধারা বি. এল. কেস প্রয়োগ করা উচিৎ যাতে ভবিষ্যতে আর যেন শান্তিভঙ্গ না হয়।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, লক্ষ্মী জনার্দ্দন পুরে পাথর প্রতিমা থানার অন্তর্গত সি. পি. এমের তাণ্ডব নৃত্যের একটি ঘটনা উল্লেখ করছি। ঘটনাটি খুবই দুঃখজনক। শেখ ইমাজুদ্দিনের জমিতে ১৪৪ ধারা জারি করা হয়েছে এস, ডি, ও কোর্ট থেকে। কিন্তু সেই জমির ধান ২৯.১১.৭৮ তারিখে সি. পি. এমের লোকেরা লাঠি-বল্লম সহযোগে এসে কেটে নিয়ে গেছে এবং শেখ ইমাজুদ্দিনকে তাঁর বাড়িতে আটক করে রাখে। ঐ দিন রাত্রে তাঁর বাড়ির চারিদিকে আগুন লাগিয়ে দেয় এবং তাঁকে পুড়িয়ে মারার চেষ্টা করা হয়েছিল কিন্তু গ্রামের লোক গিয়ে তাঁকে কোন রকমে বাড়ি থেকে বের করে আনে। তাঁর সমস্ত ঘর-বাড়ি পুড়ে গেছে। এই ব্যাপারটি পাথর প্রতিমা থানায় জানানো হয়েছে কিন্তু ওখানকার পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান যিনি সি. পি. এমের লোক—তিনি ঐ থানায় গিয়ে পুলিশেরা যাতে তদন্ত না করে, কিছু লিখে না রাখে এবং গ্রেপ্তার না করে তারজন্য বহু তদ্বির তদারক করছেন এবং পুলিশ আজও পর্যন্ত কিছু করছেন না। আমি এই ব্যাপারের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীজন্মেঞ্জয় ওঝা**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং তাঁর দলের সমস্ত সদস্যদের প্রতি একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। একজন প্রবীন স্বাধীনতা সংগ্রামী শ্রীসর্বেশ্বর আচার্য্য মহাশয় তিনি তাঁর কিছু জায়গায় কলা-গাছের চাষ করেছিলেন। সেই বাগানে প্রায় ২০০ থেকে ৩০০ কলা গাছ ছিল এবং ৫০ থেকে ৬০টি কলার কাঁদি ছিল। সি. পি. এমের লোকেরা এসে সেই কাঁদিগুলি কেটে দিয়ে গেছে এবং সেখানে পার্টির লালঝাণ্ডা পুঁতে দিয়েছে। ঐ থানার মঙ্গলপুরের গুনধর সাউ এবং পারিহারপুরের বিপিন দাসের জমি থেকে ১৪৪ ধারা অমান্য করে, আদালতের রায়কে অমান্য করে ১০০ থেকে ১৫০ জন সি. পি. এমের লোক এসে সমস্ত ধান কেটে নিয়ে গেছে। পুলিশ তাঁদের বিরুদ্ধে কেস করেছে। কিন্তু সেই কেস তুলে নেবার জন্য সি. পি. এমের ওপর মহল থেকে চাপ আসছে যেন ওদের না

ধরা হয় এবং কেসটি যেন তুলে নেওয়া হয়। সুতরাং এই জিনিষ ঘটছে। আমি বামপন্থী সরকারকে অনুরোধ করবো যেন এই জিনিষ না ঘটে—সেটা একটু দেখবেন।

**শ্রীমলীন ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি ঘটনার কথা জানাতে চাইছি। ১৯৭২ এবং ১৯৭৩ সালে এ্যাডিশন্যাল এমপ্লয়মেণ্ট প্রোগ্রাম হিসাবে ২৫ নম্বর রুটে চণ্ডীতলা এলাকায় ওদের আমলে ৬টি বাস দেওয়া হয়েছিল ব্যাঙ্কের লোন নিয়ে। এখন সেগুলিকে রুটে না চালিয়ে বিভিন্ন যাত্রাদলে খাটাচ্ছে। আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর কাছে আবেদন করছি যাতে এই বাসের লাইসেন্স ক্যানসেল করে দিয়ে সেই রুটে নতুন বাসের লাইসেন্স দেওয়া হয়। কারণ ১৫টি বাসের বদলে যেখানে ৭-৮টি বাস চলছে এবং তার ফলে যে কোন মুহূর্তে ল এ্যাণ্ড অর্ডার ভেঙ্গে যেতে পারে।

[ 2-30—2-40 P.M. ]

**শেখ ইমাজুদ্দিন ঃ** স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উল্লেখ করছি। মুর্শিদাবাদ জেলায় সার পাওয়া যাচ্ছে না। এখন আলু ও গম চাষের সময় চাষীদের ২৫-৩০ টাকা বেশি দাম দিয়ে কিনতে হচ্ছে। আমাদের লোক এবং সি. পি. এম. কর্মীরা এতে খুব অসন্তুষ্ট। জেলার নেতৃবৃন্দ তাদের নিরব থাকতে বলেছেন। তারা বলছে, কংগ্রেস আমলে আমরা এর জন্য আন্দোলন করেছি কিন্তু আমাদের সরকার যেখানে দুর্নীতি মুক্ত সমাজের কথা বলছেন সেখানে আমাদের চোখের সামনে বেশী দামে সার বিক্রি হচ্ছে। এমন কি আমার জেলায় রাষ্ট্রমন্ত্রীর বাড়ির পাশের দোকান থেকেই বেশী দামে সার বিক্রি হচ্ছে, কিন্তু তিনি কিছু করছেন না। এ সম্পর্কে ব্যবস্থা নেওয়া প্রয়োজন বলে আমি মনে করি।

**শ্রীবীরেন্দ্রনাথ রায় ঃ** স্যার, আমি পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে জলপাইগুড়ি, শিলিগুড়ি বাস সিণ্ডিকেটের বারখানা বাস এবং একটি ইঞ্জিনীয়ারিং ওয়ার্কশপ থাকবে। এখানে ৮২ জন শ্রমিক কাজ করতো। গত এক বছর ধরে বারোটার মধ্যে মাত্র তিনটি বাস চলছে। এর ফলে শ্রমিকরা ঠিকমতন কাজ ও বেতন পাচ্ছে না এবং তাদের দুর্দশার শেষ নেই। এই বাস সিণ্ডিকেট যাতে ঠিকমত চলে সেদিকে মন্ত্রী মহাশয় দৃষ্টি দিন।

**শ্রীগুণধর চৌধুরী ঃ** স্যার, আপনার মাধ্যমে সরবরাহ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে বাঁকুড়া জেলায় বাজারে সিমেন্ট না পাওয়ার ফলে সেখানকার সাধারণ মানুষরা কোন কাজ করতে পারছে না এবং সেখানকার রাজমিস্ত্রী শ্রমিক যারা

গৃহ নির্মাণের কাজ করে তারা দুর্দশার মধ্যে পড়েছে। সেইজন্য বাঁকুড়ায় যাতে দ্রুত সিমেন্ট সরবরাহ করা হয় সেটার জন্য অনুরোধ করছি।

**শ্রীনবনী বাউড়ীঃ** স্যার, গঙ্গাজলঘাঁটি নির্বাচন কেন্দ্রে কিছু মৎস্যজীবী মানুষ গত রবিবার আমার কাছে একটা নোটীশ নিয়ে এসেছিল যাতে আছে যে ১৯৭২-৭৩ সালে তারা ১৫০ টাকা করে ঋণ নিয়েছিল যেটা নোটীশ পাওয়া মাত্রই ৭ দিনের মধ্যে শোধ না করতে পারলে তাদের স্থাবর অস্থাবর সম্পত্তি ক্রোক করা হবে। এ বছর অতিরিক্ত বৃষ্টির জন্য পুকুরের মাছ ভেসে যাওয়ায় তাদের পক্ষে সেই ঋণ শোধ দেওয়া সম্ভব নয়। সেইজন্য তাদের এই ঋণ যাতে মুকুব হয় তারজন্য হাউসের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীপ্রবোধচন্দ্র সিংহঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রামাঞ্চলে সাধারণ মানুষ প্রশাসনের কোন সাহায্য পাচ্ছে না। তার জলন্ত দৃষ্টান্ত দিচ্ছি এবং তার প্রতিকার আশা করছি। এগ্রা থানার এবান্দা গ্রামে জীতেন্দ্র মান্না বলে একজন লোক আছেন। তাঁর বিরুদ্ধে জ্ঞানেন্দ্র পাল সি. পি. এম.-এর সমর্থক থানায় দরখাস্ত করে যে, জীতেন মান্না যে জমি চাষ করছিল সেই জমি সরকারে ভেষ্ট করেছে। কিন্তু সে গত বছর পর্যন্ত জমির খাজনা দিয়েছে তা সত্বেও এগ্রা থানায় গিয়ে ঐ জমি দুটির উপর ১৪৪ ধারা জারি করে। জে. এল. আর. ও. তদন্ত না হওয়া পর্যন্ত থানা ধান কটতে বারন করে ২৯-১১-৭৮-তে জে. এল. আর. ও. তদন্তের দিন ধার্য্য করে। কিন্তু তদন্তের আগের দিন ২৮-১১-তে সি. পি. এম.-এর ২০০ লোক লাঠি অস্ত্র নিয়ে ধান কেটে নেয় এবং ঐ বাড়ীর লোকেদের মারধোর করে। জীতেন্দ্র মান্না থানায় আবেদন করে ১৪৪ ধারা করেছিল তা সত্বেও সে কোন প্রটেকসান পায়নি। সেইজন্য আবেদন করছি জনসাধারণের স্বার্থ যাতে রক্ষিত হয় সে বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীসুনীল বসু রায়ঃ** আসানসোলে সালানপুর থানায় যে সমস্ত খাস জমি বাস্তু বা চাষের জন্য বিলি করা হয় সেগুলি তারা পাচ্ছে না। আমিন পাওয়া যাচ্ছে না বলে বাস্তুর জন্য যে সমস্ত জমি বিলি হয়েছে সেই সমস্ত জমি দখল হবার পর কোন অজানা লোক সে সমস্ত জায়গায় যারা পাট্টা পেয়েছে তারা যাতে দখল নিতে না পারে তার জন্য চেষ্টা করছে। এ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীবিজয় পালঃ** ইতিপূর্বে আমি একটা প্রশ্ন করেছিলাম সেটা আবার করছি কেননা এর সঙ্গে কোটি কোটি টাকা এবং ল এণ্ড অর্ডার জড়িত আছে। আসানসোল

এলাকার কয়লাখনি অঞ্চলে বড়বনী থানার মধ্যে বে-আইনীভাবে কয়লা কাটা হচ্ছে। সুপ্রিম কোর্টের একটা জাজমেন্টের জন্য অনেকগুলি জায়গায় কয়লা কাটা বন্ধ আছে কিন্তু দু চারটি জায়গায় হচ্ছে বলে কোটি কোটি টাকা রয়েলটি সরকার পাচ্ছেন না। শুধু তাই নয় পুরান খনির মালিকরা গুণ্ডা রাখার জন্য সেখানে ল এণ্ড অর্ডারের প্রশ্ন দেখা দিয়েছে। এ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

[2-40—2-50 P.M.]

**শ্রী সামসুদ্দিন আমেদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েতের ব্যাপারে যে নীতি সরকার নিয়েছেন তারই পরিপ্রেক্ষিতে যে একটা গর্হিত কাজ হয়েছে সেই বিষয়ে আপনার মাধ্যমে আমি পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জ ২ নং ব্লকের সেকেন্দা গ্রাম পঞ্চায়েতে বন্যা ত্রাণের জন্য একটা লিস্ট তৈরী হচ্ছিল। সেখানে সি. পি. এম.-র প্রধান তাঁর সহকর্মীদের নিয়ে সেই লিস্ট তৈরী করার জন্য মিটিং ডাকলেন। ওখানকার কংগ্রেসের যে ৩ জন সদস্য আছেন তাঁরা সেই মিটিং-এ গেলেন, তাঁদের সেখানে বসতে দেওয়া হল না, মিটিং থেকে তাঁদের বের করে দেওয়া হল এবং বলা হল যে আপনাদের এখানে কোন মতামত প্রকাশ করতে দেওয়া হবে না। তখন তাঁরা এই বিষয়ে উর্ধতন কর্তৃপক্ষ বি. ডি. ও.-র কাছে গেলেন, তিনি তদন্ত করতে এলেন, তদন্ত করে বলে গেলেন ভবিষ্যতে যাতে এই রকম ঘটনা না হয়। আমাদের সভ্যরা নির্বাচিত প্রতিনিধি, তাঁদের প্রতি এই রকম ব্যবহার করা চলে না, কিন্তু তা সত্বেও তাঁরা এই জিনিস করে চলেছেন। এরপরে আরো উর্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হল, বি. ডি. ও. বার বার বলেছেন, কিন্তু একই অবস্থা চলছে। তাঁরা কাগজপত্র যা দাখিল করেছেন তার অনুলিপি আপনার কাছে দিচ্ছি, এটা পঞ্চায়েত মন্ত্রীকে আপনি দেবেন। আমরা জনসাধারণের নির্বাচিত প্রতিনিধি, আমরা যদি কথা বলতে না পাই তাহলে কি অবস্থা আপনি চিন্তা করে দেখুন। সেজন্য আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রীকে এই ঘটনাটা জানালাম, তিনি যেন এই বিষয়টা দেখেন।

**ডঃ বিনোদবিহারী মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বাঁকুড়া জেলার পল্লীগ্রামে ধান কাটা নিয়ে কিরকমভাবে জুলুমবাজী চলছে তার একটা দৃষ্টান্ত দিচ্ছি। বাঁকুড়া জেলার কলপাথর অঞ্চলের অধীন নাংগলবেড়া গ্রামের একজন জমির মালিক, তার নাম হচ্ছে স্বর্গত রামদাস কুণ্ডুর বিধবা স্ত্রীর ওখানে ৪/৫ বিঘা জমি আছে। ওখানকার কয়েকজন সি. পি. এম.-র সমর্থক জোর করে তার ধান কেটে নিয়েছে। ধান কাটার পর পুলিশকে যখন ইনফর্মেশান দেওয়া হয় তখন একজন

সি. পি. এম. সমর্থক এ্যারেস্ট হয়। সি. পি. এম. সমর্থকদের ধারণা ছিল ওটা ভেস্টেড ল্যাণ্ড এবং ভেস্টেড ল্যাণ্ডে যেই চাষ করুক সেই ধান সি. পি. এম. সমর্থকদের প্রাপ্য। এই ভুল ধারণার বশবর্তী হয়ে এই ধান কাটা হয়েছিল। এখন সেই মালিক যাতে ধান কাটতে না পারে সেজন্য সেখানকার জেলা পরিষদে সি. পি. এম.-র যে সদস্য আছে শ্রীফটিক গোস্বামী তিনি সেখানে সমস্ত ধান কাটার উপর নিষেধাজ্ঞা জারী করেছেন। বাইরে থেকে যাতে লোক ধান কাটতে না পারে তার জন্য তিনি ভয় দেখাচ্ছেন। আমি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই সমস্ত অরাজকতা অবিলম্বে বন্ধ করুন।

**শ্রীসন্দীপ দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে আমি আগেই বলেছি যে আমার একটা বক্তব্য আছে, এটা মামুলি মেনসানের পর্যায়ে পড়ে না। ব্যাপারটা অত্যন্ত গুরুতর। আমি কালকেও হাউসে বলেছিলাম যে শেঠ সুকলাল করনানী হাসপাতাল বন্ধ হয়ে যাবার উপক্রম হয়েছে একটি ঘটনায় এবং সেই ঘটনাটি বলেছিলাম। সেই অবস্থার কোন উন্নতি না হয়ে অবস্থার দ্রুত অবনতি হয়েছে, কালকে হাসপাতাল বন্ধ হয়ে যাবে। আজকে কোন রকমে জোড়াতালি দিয়ে হাসপাতাল চলছে। আমি আসার আগে ভিজিটিং কমিটির সভা করে এসেছি, সেই ভিজিটিং কমিটির মিটিং-এর প্রোসিডিংসে সব মেম্বার সই করেছেন, আই. এম. এ.-এর সভাপতির সই আছে, সার্জেন সুপারিনটেনডেন্টের সই আছে, আপনাদের সদস্য শ্রীঅশোক বসুর সই আছে, সকলের সই আছে।

স্যার, আমি আপনার কাছে ঘটনাটা বলতে চাই এবং আপনি এই বিষয় উদ্যোগ নিন এই অনুরোধ জানাচ্ছি। গত ১০ই নভেম্বর পি. জি. হাসপাতালে হাউস সার্জেন রিক্রুটমেন্ট-এর ব্যাপারে এ্যাডভার্টাইজমেন্ট পাঠান হল এবং ২৭/২৮ তারিখ সিলেকসন আরম্ভ হল। তখন একটি বিশেষ সম্প্রদায়ের ছাত্র সংগঠন এসে সেখানে বাধা দিল এবং বলল যে, আপনারা সিলেকসন করতে পারবেন না। হাসপাতাল কর্তৃপক্ষ এইগুলি এড়ানোর জন্য ইণ্টারভিউ বন্ধ রাখলেন। ২৭/২৮ তারিখ হাসপাতালের হাউস স্টাফদের টার্ম শেষ হয়ে যাচ্ছে—তারা ১লা ডিসেম্বর থেকে আর হাউস স্টাফ হিসেবে থাকবে না যদি না আবার তাদের এ্যাপয়েণ্টমেন্ট হয়। ২৫শে নভেম্বর ডাইরেক্টর অব হেল্‌থ সার্ভিসেস একটা গাইড লাইন পাঠালেন কি বেসিসে সিলেকসন হবে এবং সেই বেসিসে সিলেকসন হল। তারপর, সেই ছাত্র সংগঠন আই. এম. এ. এবং মুখ্যমন্ত্রীর কাছে গেল। মুখ্যমন্ত্রী তখন ইণ্টারভিউ করেন এবং তাঁর প্রতিনিধি হিসেবে নরেশ ব্যানার্জীকে পাঠালেন এবং সেখানে স্টুডেন্টস্ ফেডারেসন অব ইণ্ডিয়ার প্রতিনিধি ছিলেন এবং

হাউস স্টাফদের প্রতিনিধিও ছিলেন। গাইড লাইন ২/৩ বার চেষ্টা করা হল। আজকে ভিজিটিং কমিটির রেজলিউসনের মধ্যে বলা হয়েছে, 'The Visiting Committe considered and resolved that selection done according to the agreement of 4.12.78 criteria though not satisfactory still solve the difficulties, i.e., closure of the hospital passed by the local administration for the present time.' যা হোক, তবে এটা সন্তোষজনক নয় যে, এইভাবে একটা অর্গানাইজেসন এসে বাধা সৃষ্টি করে সমস্ত জিনিস পাল্টে দেবে। হাসপাতাল যাতে বন্ধ না হয় তার জন্য ভিজিটিং কমিটি এটা মেনে নিতে বলেন এবং ডাইরেক্টর অব্ হেলথ সার্ভিসেস্ একটা নোট পাঠান কিভাবে এ্যাডভার্টাইজমেন্ট হবে। এইসব রিপোর্ট আমার কাছে রয়েছে।

**মিঃ স্পীকার:** আপনি এবারে বসুন। বিজনেস এ্যাডভাইসরি কমিটি যে টাইম লিমিট করে দেয় তার বেশী আমি সামান্য কিছু করতে পারি মাত্র। ইউ হ্যাভ স্পোকেন ফর মোর দ্যান থ্রি মিনিটস্ এ্যাণ্ড স্টিল ইউ আর কন্টিনিউয়িং।

**শ্রীসন্দীপ দাস:** কালকে যখন এটা ফাইনান্স-এর এ্যাপ্রুভালের জন্য গেল তখন ডাইরেক্টর অব্ হেল্থ সার্ভিসেস্ এবং সার্জন সুপারিনটেনডেন্ট চিফ মিনিস্টারের কাছে একটা নোট পাঠালেন যে, এস. এফ. আই. যে এগ্রিমেন্ট করেছে সেটা আমরা মানতে রাজী নই।

[2-50—3-00 P.M.]

**শ্রী হবিবুর রহমান:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বেআইনী কাজের প্রতি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। হুগলী জেলার বহিরখণ্ড অঞ্চলে নারায়ণপুর ডুল্লায় কংগ্রেস সমর্থকদের উপর সি. পি. এম.-এর গুণ্ডা বাহিনী দিনের পর দিন বিভিন্ন ধরনের নির্যাতন চালিয়ে যাচ্ছে। ইন্সপেকসন ক্যাম্প-এর অফিসারদের উপর ইনফ্লুয়েন্স খাটিয়ে কংগ্রেস সমর্থক চাষীদের বর্গাদার হিসেবে রেকর্ড করাতে দিচ্ছে না এবং জোর করে তাদের ধান কেটে নিচ্ছে। শুধু তাই নয়, ১১ জন চাষী থানায় ডায়রি করেছে কিন্তু কোন প্রতিকার হয়নি। ২৫ জন চাষী হাই কোর্টের শরণাপন্ন হয়েছে কিন্তু ইনজাংসন অমান্য করে সি. পি. এম.-এর গুণ্ডা বাহিনী এরকম অত্যাচার করছে। কোন্ তারিখ ডায়রি করা হয়েছে এবং কোন্ তারিখে ইনজাংসন পেয়েছে সেটা আমি আপনার কাছে দিচ্ছি যাতে মুখ্যমন্ত্রী এর প্রতিকার করেন।

**শ্রীকৃষ্ণদাস রায়:** স্যার, আজকে আমি একটি নতুন খবর দিতে চাই। সি. পি.

এম.-এর লোকেরা তাদের পার্টি অফিস চালানোর জন্য চাষীদের ধান লুট করছে এবং এর সঙ্গে সঙ্গে সেখানকার সমাজবিরোধীরাও মাঠে নেমে পড়েছে। মেদিনীপুর জেলার নারায়ণগর থানায় আদমপুর গ্রামে খগেন দের ৭ বিঘা জমির কাটা ধান ১-১২-৭৮ তারিখে সি. পি. এম.-এর লোকেরা নিয়ে গেছে। খনেগবাবু ডায়রি করতে থানায় গেলেন, কিন্তু তাঁর ডায়রি গ্রহণ করা হল না। ও. সি. উর্ধতন অফিসারের মতামত এই ব্যাপারে চাইলেন। উর্ধতন কর্তৃপক্ষ ও. সি.-কে বললেন, তোমার ধান তুলে নিয়েছে কি? এতে তোমার কি হয়েছে? স্যার, ঘটনাটির প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীহরিপদ জানা ( পিংলা ):** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনেকগুলো সমস্যা যা রয়েছে তার মধ্যে একটির প্রতি আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার পিংলা থানার অধীনে মালিগ্রাম মৌজায় ভূষণচন্দ্র খামরাই নামে একজন মধ্যবিত্ত কৃষক তার জমি নিজ হাতে চাষ করছিল। ঐ গ্রামের নতুন সি. পি. এম. নামধারী শেখ ফিজুরুদ্দীন সি. পি. এম.-এর লোকদের সহায়তায় ১৪৪ ধারা অমান্য করে সেই কাটা ধানগুলি নিয়ে নেয়। এই প্রতিকারের জন্য তিনি স্থানীয় ও. সি. এবং জে. এল. আর. ও. আশ্রয় নেয়। কিন্তু তাঁরা কেয়ার করেন না। মানুষ যাতে সুখে স্বাচ্ছন্দ্যে বসবাস করতে পারে সেইজন্য আমি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করাছ।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সাধারণতঃ সি. পি. এম.-এর নাম করি না। আমি আজকে একটা গুরুত্বপূর্ণ কথা ভূমি রাজস্বমন্ত্রী এবং চিফ হুইপের কাছে রাখতে চাই। প্রথম কথা হচ্ছে, আমার কনষ্টিটিউয়েন্সীকে অপারেসন বর্গার জন্য সরকার ঠিক করেছেন। এবং অপারেসন বর্গার নামে প্রতিদিন অপারেসন হচ্ছে। আজকে কাগজে দেখবেন এই ব্যাপারে সরকারের বক্তব্য বেরিয়েছে। শ্রীঅধীর চক্রবর্তী, সংবাদপত্র উপদেষ্টা, তথ্য সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার, বলেছেন, গ্রামে গ্রামে প্রকাশ্য স্থানে সান্ধ্য বৈঠক হবে এবং তারপর অপারেসন বর্গা হবে।

আর একটা কথা বলতে চাই, সেটা হচ্ছে এই যে আমি প্রথম দিন থেকে একথা বলে আসছি যে আমার কনষ্টিটিউয়েন্সীতে যে অপারেশন বর্গা হচ্ছে, সেই সম্বন্ধে বিজ্ঞপ্তি প্রচার করা হচ্ছে ছাপিয়ে কিন্তু সেই বিজ্ঞপ্তি আমার কাছে আসে নি। আমি গ্রামে গিয়ে দেখেছি, এই গাইড লাইন ফর সেটলমেন্ট অব হারভেষ্টিং

ডিস্‌পিউটস, এতে লেখা আছে জে. এল. আর. ও. কাজ করবেন পঞ্চায়েতের মাধ্যমে হাই কোর্টের মাননীয় বিচারপতি যে রায় দিয়েছেন সেটা আমি এখানে একটু পড়ে দিতে চাই।

**মিঃ স্পীকার ঃ** এ জিনিষ মেনশনে চলে না।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র ঃ** আমি আমার বক্তব্য এই বলে শেষ করছি যে সরকার যে নির্দেশ দিচ্ছেন সেই অনুযায়ী আমার ওখানে অপারেশন বর্গা হচ্ছে না, এ সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয় একটি বিবৃতি দিন।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। মহম্মদ বাজার থানা এলাকায় গরীব বিধবা তিন বিঘা জমির মালিক, ৫ বিঘা জমির মালিক, এই সমস্ত গরীব জমির মালিক যারা,—তারা জোতদার নয়, এই সমস্ত বেছে বেছে গরীবদের উপর অত্যাচার করা হচ্ছে, তাদের জমির ধান তাদের ঘরে ঢুকতে দেওয়া হচ্ছে না। এবারের বন্যায় তারাতো এমনিতেই ভিখারীতে পরিণত হয়েছে, সি. পি. এম. বর্গার হাতে পড়ে তারা এখন পথে বসতে চলেছে। আমি আপনার মারফত বিনয়ের সঙ্গে বলতে চাই যে এই গরীবদের উপর জোর জুলুম বন্ধ করুন, বর্গাদার এবং মালিকের যে শেয়ার উৎপাদিত ধানের, তার ফেয়ার ডিসট্রিবিউশন হোক। এই যে জমির যারা মালিক নয়, তারা মালিক সেজে লাল পতাকা নিয়ে, ধান কেটে নিয়ে যাচ্ছে এবং পুলিশ নিষ্ক্রিয় হয়ে আছে, গভর্ণমেন্টও চুপচাপ আছেন, এর একটা বিহিত ব্যবস্থা করুন।

**শ্রী শেখ ইমাজুদ্দিন ঃ** স্যার, এই বাড়ীতে মাইনরিটি কমিশনের সভা বসেছে, সেখানে দেখা করবার জন্য এবং তাদের গ্রিভ্যান্স বলার জন্য অনেক লোক গেটে এসেছে।

**মিঃ স্পীকার ঃ** আপনি বসুন, কাল ইনফরমেশন দিয়েছি যে এই কমিশনের বৈঠক মাত্র এইখানে বসবে, তার সম্বন্ধে আলোচনা করতে দেব না।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, আপনি কেন ওঁকে বলতে বারণ করলেন বুঝলাম না। আমিও বাইরে গিয়েছিলাম, ওয়েস্ট বেঙ্গল সিটিজেন্স ফোরামের মাইনরিটি কমিউনিটির কিছু লোক, ২৫-৩০ জন এসে আমাকে যা বলেছে সেটা আপনার অবগতির জন্য জানাতে চাই, তারা মাইনরিটি কমিশনের কাছে কিছু বলতে চায়, আপনি এই হাউসে সাময়িকভাবে কমিশনকে বসতে দিয়েছেন, তারা

গেটে দাঁড়িয়ে আছে, আসতে দিচ্ছে না, তারা ভিতরে আসতে চাইছে। এ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করতে বলছি।

**মিঃ স্পীকার :** ঠিক আছে, আপনি দৃষ্টি আকর্ষণ করেছেন, তাই এ্যশিওর ইউ তাদের আসতে দেওয়া হবে।

You give me the papers. I will give it to Marshal. He will go and arrange this.

[3-00—4-00 P.M. including adjournment]

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, লেফট ফ্রন্ট গভর্ণমেন্ট মাইনরিটি কমিশনকে এইভাবে ব্যবহার করছেন। ঠিকভাবে ব্যবহার করা হচ্ছে না। তাদের দরজা বন্ধ করে রাখা হচ্ছে। এম. এল. এ., এম. পি.-দের ঠিকমতো কাজ করতে দিচ্ছেন না। আমাদের এ্যাপ্রিহেনসান হয়েছে, ওদেরও হয়েছে। এইটা আপনাকে জানাচ্ছি।

**Mr. Speaker :** There is no such apprehension. I have already told you yesterday that I have got nothing to do with the Minority Commission.

**শ্রীদেওপ্রকাশ রাই :** Sir, with due respect I request you not to come to a conclusion. The Minority Commission has come here. আমার কথা হচ্ছে, মাইনরিটি কমিশন যখন পশ্চিমবাংলায় এসেছেন, পশ্চিমবাংলায় অনেক মাইনরিটি আছেন, তাঁরা তাঁদের বক্তব্য বলতে চাইবেন, কিন্তু ইনফরমেশান দেওয়া হয়নি। ৫ তারিখে এসে তাঁরা ৭ তারিখে চলে যাচ্ছেন। আমি গতকাল হোম মিনিষ্টারকে কনট্যাক্ট করার চেষ্টা করেছি এই মাইনরিটি কমিশন সম্বন্ধে জানবার জন্য। কিন্তু চেষ্টা করেও কনট্যাক্ট করতে পারলাম না। এরা যখন পশ্চিমবঙ্গে এসেছে তখন এর সম্বন্ধে ব্যবস্থা করার দায়ীত্ব কার? Who will respect the minorities ?

## Laying of Reports

The Annual Reports of the West Bengal Forest Development Corporation Limited for the years 1974-75, 1975-76 and 1976-77.

**Shri Parimal Mitra :** Sir, I beg to lay the First, Second and Third Annual Reports of the West Bengal Forest Development Corporation Limited for the years 1974-75, 1975-76 and 1976-77, respectively.

**Mr. Speaker :** I have a painful duty to make an order that the pronouncements by Shri Deo Prakash Rai when he first spoke should be expunged from the records of the proceedings.

(At this stage the House was adjourned 4 till p.m.)

[4-00—4-10 P.M.]

(After recess)

**শ্রীরজনীকান্ত দোলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্যার, অন এ পয়েন্ট অব্ ইনফর্মেসন ওয়েস্ট বেঙ্গল মুসলিম ইয়োথ ফোরাম মাইনরিটি কমিশনের কাছে ব্ল্যাক ফ্ল্যাগ ডিমনষ্ট্রেট করেছে এবং তারা কমিশন বয়কট করেছে।

**মিঃ স্পীকার ঃ** আপনি যেটা দেখে বলছেন ওটা আমাকে দিন। (মাননীয় সদস্য এই সময় একটি নথি লইয়া মাননীয় স্পীকার মহাশয়ের কাছে জমা দেন।)

**The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1978.**

**Shri Bhabani Mukherjee :** Sir, I beg to introduce the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1978.

(Secretary then read the title of the Bill)

**Shri Bhabani Mukherjee :** Sir, I beg to move that the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1978, be taken into consideration. অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ বিধানসভার সদস্যদের যে প্রচলিত এমলিউমেন্টস এ্যাক্ট আছে তার সংশোধনী হিসাবে এই বিলটি আনা হচ্ছে। এটার উদ্দেশ্য অত্যন্ত সীমাবদ্ধ। বিধানসভার সদস্যরা তাদের সদস্য হিসাবে সরকারী কাজকর্ম করতে গিয়ে অত্যন্ত অসুবিধাজনক অবস্থার মধ্যে পড়ছেন। সেই অবস্থার কিছুটা প্রতিবিধানের জন্য এই বিলটি আনা হয়েছে। যেমন ধরা যায় আমাদের বিধানসভার অনেক সদস্যই বিভিন্ন কমিটির কাজে বিভিন্ন রাজ্যে যাচ্ছেন এবং অন্যান্য রাজ্যের সমস্ত অভিজ্ঞতা নিয়ে আমাদের এখানে সে সম্বন্ধে কি ব্যবস্থা করা যায় সেই বিষয়ে তাদের সুচিন্তিত মতামত সরকারের কাছে প্রদান করেন। প্রয়োজনের তাগিদেই তাদের পশ্চিমবঙ্গের বাহিরে যেতে হচ্ছে। আমাদের যে প্রচলিত আইন আছে তার মধ্যে পশ্চিমবাংলার বাহিরে রেলওয়ে মারফত ৪ হাজার ৮০০ কিলোমিটার পর্যন্ত ভ্রমণের সুযোগ সুবিধা আছে। বর্তমান বিলে আমরা সেটাকে বাড়িয়ে ৮ হাজার কিলোমিটার

করতে চেয়েছি। দ্বিতীয়তঃ পশ্চিমবঙ্গের মধ্যে বিশেষ করে কলকাতা এবং কিছু কিছু এলাকায় সদস্যদের যাতায়াত করার জন্য এখন যে পদ্ধতি আছে তাতে করে বাস, ট্রামে কুপন মারফত ভ্রমণ করতে পারেন। কিন্তু এখন এইসব এলাকায় যানবাহনের যে অবস্থা তাতে করে এই কুপন ব্যবহার করার যেসব নিয়মকানুন আছে তাতে অত্যন্ত অসুবিধার মধ্যে তাঁদের পড়তে হয়। ভীড়ের মধ্যে অনেক সময় এমন হয় যে অনেকে দাঁড়াতেই পারেন না, ট্রামে বাসে যারা যাতায়াত করেন তারা সকলেই এটা জানেন। এই অবস্থায় তাঁদের কুপন বের করে সই করা এবং ঠিকমত জিনিসটিকে হাজির করা খুব ডিফিকাল্ট হয়। সেইজন্য আমরা একটা কার্ড, পাস দেবার ব্যবস্থা করেছি এবং সেই পাসটা দেখালেই চলবে, লেখালেখির ঝঞ্ঝাট আর করতে হবে না। স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন ছাড়াও ট্রামের মধ্যে সেই সুযোগ যাতে দেওয়া যায় সেইজন্য ট্রামের ক্ষেত্রেও এই পাস চালু করার ব্যবস্থা হয়েছে। প্রতিদিন অনেক বিধানসভার মাননীয় সদস্যদের কাছ থেকে এইসব অসুবিধা সম্বন্ধে শোনার পরে এইভাবে আমরা মেম্বার্স এমলিউমেন্টস বিলটি সংশোধন করার জন্য প্রস্তাব রাখছি। আমি আশা করি সরকার এবং বিরোধী পক্ষের সমস্ত সদস্যদেরই এই বিলের প্রতি সমর্থন পাওয়া যাবে। কারণ, এই সম্বন্ধে এখন পর্যন্ত কোন এ্যামেণ্ডমেন্ট আমি পাইনি।

**শ্রীজন্মেঞ্জয় ওঝা ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় পরিষদীয় মন্ত্রী বিধানসভার সদস্যগণের ভ্রমণের জন্য একটি বিল এইমাত্র আনলেন এবং সেটা উপস্থাপন করতে গিয়ে তিনি বললেন মাননীয় সদস্যদের বহু অসুবিধার সম্মুখীন হতে হয় এবং সেই সমস্যার সমাধান করার জন্য কুপনের পরিবর্তে একটি পাসের ব্যবস্থা করছেন। আর পশ্চিমবাংলার বাহিরে ৪ হাজার ৮০০ কিলোমিটার পর্যন্ত ভ্রমণ করার যে সুযোগ ছিল সেটাকে বাড়িয়ে ৮ হাজার কিলোমিটার করে দেবার জন্য এই বিলটি এনেছেন। পশ্চিমবাংলার বাহিরে খুব কম সদস্যই যেতে পারেন। তাই আমার মনে হয় এই সমস্যাটা যদি তিনি খুব ভাল করে জানতেন তাহলে বুঝতে পারতেন যে বয়স্ক সদস্যদের একা যাওয়ার অসুবিধা আছে। অন্যান্য সমস্ত ষ্টেটে কি হচ্ছে না হচ্ছে, কোথায় কি ব্যবস্থা আছে, সেটা তিনি ভাল করে জানেন না এবং সেটার খোঁজ খবরও তিনি নেননি।

[4-10—4-20 P.M.]

তাছাড়া অসুবিধার কথা তিনি যা বললেন আমার মনে হয় সে বিষয়ে তিনি সদস্যদের কাছ থেকে খোঁজ খবর নেন নি যে তাদের অসুবিধা বা সমস্যা কি। সেখানে সমস্ত দলের সদস্যদের কাছ থেকে যদি তিনি ভালো করে জেনে নিতেন যে কি করা

যায় এবং সেইভাবে যদি বিল আনতেন তাহলে ভাল হত। কিন্তু তা না করে তিনি এখানে দেখছি সামান্য ছোট্ট একটা বিল আনলেন। স্যার, কতজন এম. এল. এ. আর বাইরে যান, কতজনেরই বা দরকার হয়। তাছাড়া সমস্যা তো ভেতরে—এখানে আভ্যন্তরীণ অসুবিধাই তো বেশী। এই যে ষ্টেট ট্রান্সপোর্টের একটা বাস আমাদের জন্য দিয়েছেন কিন্তু উত্তরবাংলায় যে ষ্টেট ট্রান্সপোর্ট আছে সেখানে সদস্যদের জন্য কোন বাস কিম্বা কুপন তারা পান না—এই খবরটা বোধহয় মন্ত্রী মহাশয় রাখেন না।

( ভয়েস ঃ—না, সেখানেও ব্যবস্থা আছে। )

সেখানে লং ডিসটেন্সের জন্য আছে কিন্তু শর্ট ডিসটেন্সের জন্য নেই। স্যার, আপনি জানেন, এম. এল. এদের সমস্যাও অনেক, কাজও অনেক। সেখানে চৌকিদারদের কাছেও তাদের যেতে হয় আবার রাষ্ট্রপতি, রাজ্যপালের কাছেও যেতে হয় ডেপুটেশান দেবার জন্য। তাদের গ্রামাঞ্চলে যেতে হয়, বন্যার সময় নৌকা নিয়ে ছুটতে হয়, মারামারি, হাঙ্গামা হলেও ছুটতে হয়। সেখানে বিরোধীদলের সদস্যরা—আমরা ভুক্তভোগী, আমরা জানি যে আমাদের কি অসুবিধার মধ্যে পড়তে হয়। হয়ত আমাদের তাড়াতাড়ি যাবার দরকার কিন্তু সেখানে আমরা যেতে পারি না যানবাহনের অসুবিধার জন্য। অবশ্য সরকারী দলের সদস্য যারা তারা এস. ডি. ও, বি. ডি. ও. অফিসের জীপে যেতে পারেন কিন্তু আমাদের অনেক সমস্যা রয়েছে। আমরা দ্বিতীয় শ্রেণীর সদস্য সেইজন্য আমরা ঐ সুযোগ থেকে বঞ্চিত। আমরা হয়ত এইসব অসুবিধার জন্য যথা সময়ে যেতে পারলামই না। মাননীয় মন্ত্রী মহাশয় যদি এসব ব্যাপারে ভাল করে খোঁজ নিতেন এবং তা নিয়ে বিল আনতেন তাহলে ভাল হত। এই প্রসঙ্গে আমি বলি, নাগাল্যাণ্ডে প্রত্যেকটি সদস্য-এর তাদের কেন্দ্রে ঘোরবার জন্য সরকার থেকে ব্যবস্থা আছে—সেখানে তাদের জন্য একটি করে জিপের ব্যবস্থা আছে। এই যে সুবিধাগুলি এগুলি কিন্তু ব্যক্তিগত লাভের জন্য নয়, তাদের দায়িত্ব পালনের জন্যই এগুলির দরকার। আজকে পরিষদীয় গণতন্ত্রকে সবল করার জন্য, মানুষের সেবা করবার জন্য এবং সমস্যার সমাধানের জন্য আমাদের অনেক কাজই করতে হয়। আমাদের সামনে যখন সমস্যা আছে তখন সেই সমস্যার সমাধানের জন্য কখনও টেলিফোন করতে হয়, কখনও টেলিগ্রাম করতে হয়, দ্রুত যেতে হয়, কখনও নৌকায় যেতে হয়—নানান ভাবে আমাদের যোগাযোগ করতে হয়। আজকে মাননীয় পরিষদীয় মন্ত্রীমহাশয় যে বিলটা এনেছেন এ সম্পর্কে আমি বলব, মাননীয় মন্ত্রীমহাশয়ের তিনি এসব খোঁজ করেন নি বলেই এইভাবে বিলটা এনেছেন। আমি মনে করি মাননীয় পরিষদীয় মন্ত্রীর কর্তব্য হচ্ছে সমস্ত বিরোধীদলের সদস্যদের সঙ্গে এবং

সরকারী দলের সদস্যদের সঙ্গেও এইসব ব্যাপার নিয়ে একটা বৈঠক করা। তাছাড়া হরিয়ানা, পাঞ্জাব থেকে শুরু করে ওদিকে নাগাল্যাণ্ড পর্য্যন্ত সমস্ত রাজ্যের সদস্যদের অসুবিধাগুলি দূর করার কি ব্যবস্থা আছে সেগুলি দেখা দরকার। মাননীয় মন্ত্রী মহাশয় এইসব বিষয়গুলি দেখে যদি একটা কমপ্রিহেনসিভ বিল আনতেন তাহলে আমি তাকে স্বাগত জানাতে পারতাম, এরজন্য আমি তাকে ধন্যবাদ দিতাম কিন্তু আজকে যে বিল এনেছেন সেটাকে আমি স্বাগতও জানাতে পারছি না, এরজন্য তাকে ধন্যবাদও দিতে পারছি না। এখন এই প্রসঙ্গে আরো দু-চারটি কথা বলতে চাই। স্যার, এখানে একটা মানসিকতা আছে—সকলেই চান কিন্তু কেউই মুখ ফুটে বলবেন না কারণ তা হলে ভোটাররা চটে যাবে, খবরের কাগজে বিরূপ মন্তব্য লেখা হতে পারে—সেইজন্য কেউ কিছু বলবেন না। কিন্তু আমি বলছি এটা কি একেবারেই অপ্রয়োজনীয়?

সেজন্য আমি মনে করি সমস্ত রাজ্যের কোথায় কি সুযোগ-সুবিধা আছে, অসুবিধা দূর করার ব্যবস্থা আছে, সেগুলি ভাল করে খতিয়ে দেখুন। বীরেনবাবু আমাদের হাউস কমিটির চেয়ারম্যান হিসাবে অনেক রাজ্য ঘুরে এসেছেন, অনেক জায়গা থেকে নোট নিয়ে এসেছেন যে কোথায় কি ব্যবস্থা আছে কিম্বা সমাধান করার কি উপায় আছে সেই সমস্ত বিষয়ে রিপোর্ট দিয়েছেন। সেই হাউস কমিটির রিপোর্টগুলি ভাল করে দেখুন। অনেক পয়সা খরচ করেছেন সরকারের। এরজন্য না হয় আরো কিছু খরচ হবে, এটা করা উচিত। আমরা মনে করি এটা কর্তব্য পালন। এই কর্তব্য পালনে যাতে সুবিধা হয়, সরকারী দল সহ বিরোধী দলের সদস্যরাও যাতে কর্তব্য পালনের সুযোগ-সুবিধা পান সে জন্য ব্যবস্থা করা দরকার। সেজন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো, আজকে এই বিলকে প্রত্যাহার করে নিন। আজকে এই বিলকে প্রত্যাহার করে নিয়ে আমাদের সঙ্গে বসুন, বসে একটা কমপ্রিহেনসিভ বিল করুন। কোথায় কি করা যায় সেটা দেখে, শুধু তাই নয়, অন্যান্য রাজ্যের রিপোর্টগুলি নিন, তাছাড়া লোকসভার রিপোর্টও আছে, সেখানকার সদস্যদের অসুবিধাগুলি দূর করার কি ব্যবস্থা আছে সেই সব বিষয়ে খোঁজ-খবর নিন এবং তারপরে একটা কমপ্রিহেনসিভ বিল আনুন। সেইভাবে যদি জানেন তাহলে আমরা সেটাকে স্বাগত জানাতে পারবো আমাদের পার্টি থেকে, অন্যথায় দুঃখের সঙ্গে পারছি না।

**শ্রী হবিবুর রহমান:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পরিষদীয় মন্ত্রী মহাশয় যে বিল উত্থাপন করলেন, আমরা মনে করেছিলাম যে তিনি একটা কমপ্রিহেনসিভ বিল আনবেন এবং সেটা হবে সমাজতান্ত্রিক ধাঁচের। কিন্তু তিনি একটা ছোট্ট

বিল এনেছেন। সদস্যদের দৈনন্দিন অসুবিধা কি রয়েছে সেটা তিনি আদৌ খতিয়ে দেখেন নি। তিনি একটা রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বিল এনেছেন। তিনি বলেছেন যে কমিটিকে পশ্চিমবাংলার বাইরে বিভিন্ন রাজ্যে ঘুরতে হয়। এই কমিটি আগেও বাইরে ঘুরতেন এবং তখনও ৪৮ শত কিলোমিটারের মধ্যে ঘোরা হত। আজকে সেটাকে ৮ হাজার কিলোমিটার করা হল কেন? আজকে পলিট ব্যুরোয় যোগদান করার জন্য সদস্যদের ঘনঘন যেতে হবে, বিভিন্ন রাজ্যের প্লেনামে যোগদান করার জন্য যেতে হবে, অতএব ৪৮ শত কিলোমিটারে হবে না, সেজন্য ৮ হাজার কিলোমিটার করা হয়েছে। এটা একটা রাজনৈতিক উদ্দেশ্য সাধনের জন্য করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি কমিটি ঘোরার কথা বলেছেন এবং সেজন্য এই বিলটি আনতে চেয়েছেন। এই কমিটি আগেও ছিল এবং তখনও ৪৮ শত কিলোমিটারের মধ্যে তারা ঘুরেছেন। আজকে সদস্যদের দৈনন্দিন অসুবিধার কথা ভাবেন না। আজকে কমিটির সদস্যরা বিভিন্ন রাজ্যে যান, সেখানকার রিপোর্টগুলি তারা মাননীয় সরকারের কাছে উপস্থাপন করেন। তারা কি সেই রিপোর্টগুলি পড়ে দেখেছেন যে অন্যান্য রাজ্যে সদস্যদের কি সুযোগ সুবিধা দেওয়া হয়েছে? সেগুলি তারা দেখছেন না। আজকে প্রথম শ্রেণীতে ৮ হাজার কিলোমিটার ঘেরার ব্যবস্থা করে দিলেন। আপনারা দ্বিতীয় শ্রেণীর জন্য ব্যবস্থা করুন। আপনারাতো বলেন মেহেনতী মানুষের, খেটে খাওয়া মানুষের প্রতিনিধি হয়ে এসেছেন। আজকে লক্ষ লক্ষ মানুষ দ্বিতীয় শ্রেণীতে স্থান পাচ্ছে না, সেখানে আপনারা প্রথম শ্রেণীতে ৮ হাজার কিলোমিটার করে দিলেন। আজকে দৈনন্দিন যে সমস্ত অসুবিধাগুলি আছে সেগুলি দূর করার চেষ্টা করুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেই সম্পর্কে আমি দু' একটি কথা আপনার মাধ্যমে তুলে ধরতে চাই। আজকে বিহার, হরিয়ানা, মাদ্রাজ প্রভৃতি রাজ্যে কি ব্যবস্থা আছে? সেখানে এম. এল. এ.-দের সঙ্গে একজন অতিরিক্ত লোক নিয়ে ঘোরার ব্যবস্থা আছে। আজকে একজন যদি হঠাৎ অসুস্থ হয়ে পড়ে সে হাসপাতালে যেতে পারে না, কারণ ট্রেনে সঙ্গে কোন লোক থাকে না। আমি থাকবো ফার্ষ্ট ক্লাশে আর আমার সঙ্গের লোকটি, যে আমার সেবা-শুশ্রুষা করেন, তিনি থাকবেন অন্য জায়গায়। আজকে এই অসুবিধাগুলি দূর করার কোন ব্যবস্থা রাখেন নি। এগুলি সম্পর্কে বিশেষ ব্যবস্থা নেওয়া দরকার।

[4-20—4-30 P.M.]

তারপর মাননীয় অধ্যক্ষ মহাশয়, টেলিফোন—এই সরকারের অব্যবস্থার জন্য আজকে অঘটন, দুর্ঘটনা ঘটছে, আজকে যদি আমাদের জংগীপুর থেকে এই সরকারকে

কোন বিষয়ে দৃষ্টি আকর্ষণ করার জন্য টেলিফোন করতে হয় তাহলে তা আমাকে নিজের পয়সা দিয়ে করতে হবে। তারপর যান্ত্রিক গোলযোগ তো আছেই, ২৫/৩০ টাকা চার্জ হয়ে যায়। এই অসুবিধার তাঁরা চিন্তা করেন নি। বাসের কথা বলেছেন, সহরতলীর বাসের কথা বলেছেন কিন্তু দূর পাল্লার বাসগুলোতে আমাদের লাইন দিয়ে টিকিট কাটতে হয়, কুপন দিয়ে। তার যে অব্যবস্থা রয়েছে যাত্রীদের লাইন দিয়ে টিকিট করতে হয় ৩ দিন ধরে বসে থাকতে হয়, অনেক সময় আমাদের টিকিট না পেয়ে ফিরে যেতে হয়েছে। অতএব দূর পাল্লার বাস সম্বন্ধে আরও সুব্যবস্থা করুন। দূর পাল্লার বাস বলতে যেমন উত্তর বাংলার, দীঘাতে রয়েছে, দুর্গাপুরে রয়েছে। সরকারী পরিচালনাধীন যে সমস্ত রুট রয়েছে সেই রুটে যদি পাশের ব্যবস্থা করেন তাহলে তাতে কি অসুবিধা ছিল আমি বুঝতে পারছি না। এই বিষয়ে তাঁকে ভেবে দেখতে অনুরোধ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবার আমি হোস্টেল সম্বন্ধে বলি। আপনি তো হোস্টেলে গেছেন এটা আপনারই দায়িত্বে রয়েছে এই হোস্টেলে কি অব্যবস্থার উপর দেখুন, একটা টাওয়েল একটা চাদর ২০-২৫ দিন ধরে ব্যবহার করতে হচ্ছে, নোংরা হয়ে গেছে। পরিবর্তন করতে গেলে বলেন—

( গোলমাল )

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** অন এ পয়েন্ট অফ অর্ডার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেম্বারদের সম্বন্ধে একটা ছোট বিল এসেছে, এর সঙ্গে এম. এল. এ.-দের হোষ্টেলে কি করে আসে? এম. এল. এ.-রা হোষ্টেলে তোয়ালে পাচ্ছে না, চাদর পাচ্ছে না এইসব কি আসে স্যার?

**শ্রীহবিবুর রহমানঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ বিধানসভার মাননীয় সদস্যদের খুব দুর্ভাগ্য যে তাঁদের তত্ত্বাবধানের জন্য একজন মহারাজার পুত্রকে হাউস কমিটির চেয়ারম্যান করা হয়েছে, যিনি আদৌ হোষ্টেলে যান না এবং হোষ্টেল বাসীদের কি অসুবিধা হচ্ছে তাও দেখেন না। আমি দায়িত্ব নিয়ে বলছি, আমি যেদিন থেকে এসেছি—প্রায় ১৫ দিন হল আমাকে যে তোয়ালে এবং চাদর দেওয়া হয়েছিল তা এখনও পরিবর্তন করে দেওয়া হয়নি। অফিসে গিয়ে বললে বলা হয় ছিঁড়ে গেছে, মজুত নেই ইত্যাদি। আপনি যদি যান আপনাকে আমি দেখাতে পারি যে আমি কিরকম নোংরা তোয়ালে এবং চাদর ব্যবহার করছি। আপনি এমন লোককে হোষ্টেলের চেয়ারম্যান করেছেন যিনি হোষ্টেলে থাকেনই না উপরন্তু হোষ্টেলের ছায়া অবধি মাড়ান না। এই বিষয়ে আপনাকে ভেবে দেখতে বলছি।

ক্যান্টিন সম্বন্ধে বলি আজকে ২০ মিনিট বসে থেকেও খাবার পাইনি, আমরা বাসে আসতে পারিনি, আমাদের হেঁটে আসতে হয়েছে। বসে থেকেও খাবার পাওয়া যায় না, এই হচ্ছে আপনাদের হোষ্টেলের ক্যান্টিনের অবস্থা। অন্যান্য রাজ্যে যেমন কেরালা, তামিলনাড়ুতে সেখানে টেলিফোন করলে হোষ্টেল মেম্বারদের ঘরে খাবার চলে যায়। এমন কি সেখানে নিরামিষ, আমিষ আলাদা আলাদা ব্যবস্থা রয়েছে। আপনি ক্যান্টিনে গেছেন এবং সরেজমিনে দেখেছেন কি অবস্থা হয়েছে। এই বিষয়ে মাননীয় পরিষদীয় মন্ত্রী মহাশয় ভেবে দেখবেন। তারপর মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা ঘরে দু-তিন জন করে সদস্যদের ঢুকিয়ে রাখা হয়েছে। আমি জনসাধারণের প্রতিনিধি, আপনি জানেন আমার এলাকার লোকেরা তাদের নানারকম দুর্ভোগ, বেদনার কথা, নাভিশ্বাসের কথা সুদূর গ্রামাঞ্চল থেকে আমাদের জানাতে আসে তাদের থাকার জন্য কোন জায়গা আমরা দিতে পারি না। এমন কি তাদের সঙ্গে যে দু-দণ্ড কথাবার্তা বলব সে ব্যবস্থা পর্যন্ত নেই।

আমরা দেখেছি অন্যান্য রাজ্যে এম. এল. এ.-দের জন্য সিংগল সিটেড রুম রয়েছে এবং তাঁদের এলাকার মানুষের সঙ্গে কনফিডেনসিয়াল টক্ করবার জন্য আলাদা প্রাইভেট রুম রয়েছে। ভূপালে এই রকম সিসটেম রয়েছে এবং আরো অনেক জায়গায় রয়েছে। তারপর যদি কোনও এম. এল. এ.-র ফ্যামিলি নিয়ে থাকবার প্রয়োজন হয় তাহলে ঐসব জায়গায় আলাদা ফ্ল্যাটের ব্যবস্থা রয়েছে। এইসব ব্যবস্থা কি আমাদের এখানে আছে? আমরা যে অবস্থার মধ্যে ওখানে আছি তাতে সুস্থ মস্তিষ্কে হাউসে এসে বক্তব্য রাখা সম্ভব হয় না। যদিও আমার আরো অনেক অসুবিধার কথা বলবার আছে, তথাপি আমি আজকে এই কয়টি অসুবিধার কথা উল্লেখ করে আপনার মাধ্যমে মাননীয় পরিষদীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে, মাননীয় সদস্য জন্মেজয় ওঝা মহাশয় যে কথা ইতিপূর্বে বলে গেলেন সেই কথা অনুযায়ী আপনি সকল এম. এল. এ.-দের সঙ্গে বসে কথাবার্তা বলে তাঁদের কি কি অসুবিধা হচ্ছে, সেগুলি সংগ্রহ করে একটা কমপ্রিহেনসিভ বিল আনুন, একটা সমাজতান্ত্রিক বিল আনুন, এই বিলটা আজকে প্রত্যাহার করে নিন। আজকে আপনি দলীয় রাজনীতির প্রভাব বিস্তারের জন্য ৪৮০০ কিঃ মিঃ-কে বাড়িয়ে ৮০০০ কিঃ মিঃ করতে চাইছেন, এই কাজ আপনি করবেন না। এর বদলে একটা কমপ্রিহেনসিভ বিল আনুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইতিপূর্বে জন্মেজয় ওঝা মহাশয় বললেন, আমিও বলছি, আজকে বি. ডি. সি. করা হয়েছে, সেখানে এম. এল. এ.-কে চেয়ারম্যান করা হয়েছে। চেয়ারম্যান

হওয়ার জন্য এম. এল. এ.-দের সেখানে ছোটাছুটি করতে হয়, অনেক জায়গায় যেতে হয়। কিন্তু দুঃখের কথা এইসব কাজ করতে আমাদের বিরোধী দলের এম. এল. এ.-দের সবচেয়ে বেশী অসুবিধা হয়। কারণ বি. ডি. ও. সাহেব অথবা অন্যান্য সরকারী অফিসাররা জিপ গাড়ীতে করে চলে যান, আর আমাদের হেটে বা সাইকেলে করে যেতে হয়। বিরোধী পক্ষের এম. এল. এ.-দের সরকারী কর্মচারীরা গাড়ীতে করে নিয়ে যেতে ভয় পায়। কারণ যদি কোনও সরকারী দলের ক্যাডার দেখে ফেলে, কমরেড দেখে ফেলে তাহলে সেই কর্মচারীর চামড়া ছাড়িয়ে কমরেড জুতো করবে। তাই তারা আমাদের গাড়ীতে নিয়ে যেতে ভয় পায়। অথচ ঐসব কমরেডদের কোথাও কাজের প্রোগ্রাম থাকলে তাদের গাড়ীতে করেই নিয়ে যাওয়া হয়। সুতরাং এই যে সমস্ত অসুবিধা আমাদের আছে, এগুলি কিভাবে দূর করা যায় সে সম্পর্কে আমাদের সঙ্গে বসে আলোচনা করে একটা কমপ্রিহেনসিভ বিল আনুন, আমরা আপনাকে স্বাগত জানাব, অভিনন্দন জানাব। তাছাড়া এই বিলে অভিনন্দন জানাবার কিছু নেই। এই কয়টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনবকুমার রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছু দিন আগে স্টেটসম্যান পত্রিকায় আমরা দেখেছিলাম যে, পরিষদীয় মন্ত্রী বলছেন, পশ্চিমবাংলার এম. এল. এ.-দের জনসাধারণের কাজ করবার সুযোগ-সুবিধা দেওয়ার জন্য তিনি ভাবছেন। এই রকম একটা বিবৃতি তিনি দিয়েছিলেন। আজকে তিনি তাঁর সেই ভাবনা চিন্তার ফল হিসাবে এই রকম একটা বিল হুম করে নিয়ে এসেছেন। তিনি এম. এল. এ.-দের জন্য কি চিন্তা করলেন, না, এ. এল. এ.-দের বাইরে যাতায়াতের জন্য ৪৮,০০ কি. মি. পর্যন্ত কুপোনের ব্যবস্থা ছিল, সেটাকে তিনি ৮০০০ কিঃ মিঃ পর্যন্ত বাড়িয়ে দিলেন। তিনি ৩ বছরের একটা এস্টিমেট করেছিলেন যে, বিগত তিন বছরে এই খাতে গড়ে ১,৮২,৪২৯'০০ টাকা ব্যয় হয়েছে। আর আজকে তিনি যেটা করতে যাচ্ছেন তাতে বছরেই ব্যয় হবে ৩,০৪,০৪৮'০০ টাকা। তার মানে ২ লক্ষ টাকার ব্যয় বেড়ে গেল। আমাদের মাথায় আসছে না হঠাৎ তিনি কেন আমাদের এই সমস্যা সংকুল পশ্চিমবঙ্গ রাজ্যের রাজ্য সরকারের ২ লক্ষ টাকার বাজেট বাড়িয়ে দিচ্ছেন? এটা খুবই চিন্তার কথা। আমি অনেক চিন্তা করে দেখলাম যে কিছু দিন আগে জলন্ধরে সি. পি. ,এম. পার্টির একটা সেন্ট্রাল কনফারেন্স হয়ে গেছে, কেন্দ্রীয় সমাবেশ হয়েছে, কিন্তু সেখানে যেতে ঐ দলের এম. এল. এ.-রা ৪৮০০ কি. মি.-এর মধ্যে কভার করতে পারেন নি, তাঁদের ৬০০০ কি. মি. লেগেছে, সুতরাং বাকি টাকা

নিজেদের পকেট থেকে দিতে হয়েছে। সেইজন্য আমার মনে হয় আমাদের পরিষদীয় মন্ত্রী মহাশয় ঐ সমস্ত সদস্যদের ইন্সপিরেসনে হঠাৎ ৮০০০ কি. মি. পর্য্যন্ত মাইলেজ বাড়াবার বিল নিয়ে এসেছেন।

[ 4-30—4-40 P.M. ]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছুক্ষণ আগে আপনার সঙ্গে বিভিন্ন পার্টির চীফ হুইপদের সাথে যখন আলোচনা হচ্ছিলো তখন আপনি বলেছেন পশ্চিমবাংলার এম. এল. এ.-দের যেসব সুযোগ-সুবিধা দেওয়া হচ্ছে তা বৃটিশ আমলে ফজলুল হকের রাজত্বে তাই দেওয়া হয়েছিল।

**মিঃ স্পীকার ঃ** আমি তা বলিনি।

**শ্রীনবকুমার রায় ঃ** আপনারা এই ৮ হাজার কিলোমিটার বাড়িয়ে দিলেন। সি. পি. এমের লোকদের অন্য রাজ্যে পাঠিয়ে দিয়ে পার্টির কাজ করবার জন্য এটা আপনারা করলেন। অশোক বৌদ্ধ ধর্ম প্রচার করবার জন্য সঙ্ঘ মিত্রকে পাঠিয়েছিলেন কিন্তু আপনাদের অন্য রাজ্যে পাঠিয়ে দিয়ে সি. পি. এম রাজ্যের প্রচার হবে না—এটা আমি জোরের সঙ্গে বলছি। সুতরাং এই ব্যাপারটা আপনারা চিন্তা করুন। এই যে ৮ হাজার কিলোমিটার করেছেন তারজন্য খরচ হবে ২ লক্ষ টাকারও বেশী—আমাদের পশ্চিমবাংলায় জনগনের এই ২ লক্ষ টাকা খরচ করে এম. এল. এ.-দের অন্য রাজ্যে পাড়ি দিয়ে কি লাভ হবে তা বলতে পারেন? আমরা পশ্চিমবাংলার মানুষকে সেবা করার জন্য প্রতিনিধি হিসাবে নির্বাচিত হয়ে এসেছি। সুতরাং দিল্লীতে ছোটা-ছুটি করে, মাদ্রাজে ছোটাছুটি করে পশ্চিমবাংলার কি উপকার হতে পারে তা আমি বুঝতে পারছি না। এটা কি জন-দরদীর পরিচয়? আপনারা নিজেরা মেহনতী মানুষের প্রতিনিধি বলেন—এটা কি তারই চিন্তা-ধারার বহিঃপ্রকাশ? এর আগে জনতা দলের মাননীয় সদস্য এবং ইন্দিরা কংগ্রেসের মাননীয় সদস্য বিলটি উইথড্র করবার জন্য বলেছেন এবং আমিও বলছি যে আমার সাজেসান হচ্ছে যে, সমস্ত দলের প্রতিনিধিদের নিয়ে তাদের সঙ্গে আলোচনা করুন—এম. এল. এ.-দের কি কি সুবিধা দেওয়া দরকার সেই সম্বন্ধে চিন্তা করুন এবং চিন্তা করে বিল নিয়ে আসুন। অন্য রাজ্যে এম. এল. এ.-দের পাঠিয়ে দিয়ে পশ্চিমবাংলার জনসাধারনের টাকা খরচ করাবেন না। জলন্ধরে মিটিং করতে গিয়ে প্রতিটি এম. এল. এ-র নিজের পকেট থেকে ২০০ থেকে ৩০০ টাকা গচ্চা দিতে হয়েছে। আবার অন্য জায়গায় মিটিং করতে গিয়ে

পশ্চিমবাংলার জনসাধারনের টাকাগুলোকে জলাঞ্জলি দেবেন না। এই বিল উইথড্র করে নিয়ে সব বিভিন্ন দলের সিনিয়র সদস্যদের নিয়ে আলোচনা করে সিদ্ধান্ত নিন। এই বিল এনে মাইলেজ বাড়িয়ে দিয়ে জনগনের মনে বিভ্রান্তি নিয়ে আসবেন না। দ্বিতীয়তঃ কলকাতা শহরে ট্রাম-বাসে ভ্রমণের জন্য পাস সিসটেম চালু করবার জন্য এই বিলে রেখেছেন। কিন্তু মফঃস্বলের যারা এম. এল. এ আছেন তাদের জন্য চিন্তা করলেন না। মফঃস্বলে এম. এল. এ-দের অনেক জায়গায় বাসে করে ছোটা-ছুটি করতে হয়। কখনও ১ মাইল যেতে হয়, কখনও ২ মাইল যেতে হয়, কখনও বি. ডি. ও, অফিসে দৌড়া-দৌড়ি করতে হয়। ভীড় বাসে চেপে আমাদের যেতে হয়। সুতরাং এইদিকটা দেখলেন না এবং এতে করে নগর অঞ্চলের এম. এল. এ.-দের সঙ্গে শহরাঞ্চলের এম. এল. এ.-দের বিভেদ সৃষ্টি করবার চেষ্টা করা হচ্ছে। আমি এবার হোস্টেল সম্বন্ধে কিছু বলছি। এম. এল.এ হোস্টেলে টাওয়েল এবং বিছানা পাওয়া যায় না। ২০০ এম. এল. এ.-দের জন্য টাওয়েল মোট ৮০টি।

সেখানে আছে মাত্র ৮০টি টাওয়েল আর এম, এল, আছেন ২০০। কি করে এ হবে? আপনি জানেন এম. এল. এ হোষ্টেলে কি কি সুবিধা অসুবিধা আছে। আপনার কাছে একদিন এম. এল. এ হোস্টেল সমন্ধে বলবার জন্য সময় চেয়েছিলাম আপনি তা দেননি। নূতন যে কনট্রাকটার এসেছেন তিনি যে চাল সাপ্লাই দিচ্ছেন সেটা অখাদ্য। বীরেন সরকার মহাশয় এর সেই চাল খেয়ে পেটের অসুখ করে গেছে। অনেকে বাড়ী চলে গেছেন। চেয়ারম্যানকে বলেছিলাম তিনি কিছু করেননি, শুধু বলেছেন খাদ্য মন্ত্রীর সঙ্গে আলোচনা করছি। আমাদের এম. এল. এ হোস্টেলে সরকার পক্ষ এবং বিরোধী পক্ষের এম. এল. এ দের মধ্যে পার্থক্য করে দেখা হয়। এম: এল. এ হোস্টেলে নিয়ম আছে ৫০ গ্রাম করে মাছ দেওয়ার—সেখানে ২৫ গ্রাম দিচ্ছেন। ডাঃ অম্বরীশ মুখার্জি মুখ্যমন্ত্রীকে এই নিয়ে টেলিফোন করায় দেখলাম তাঁকে ৪ পিস মাছ দেওয়া হয়েছে। এটা তিনি অস্বীকার করতে পারবেন না। আমরা এর প্রতিবাদ করেছিলাম।

**মিঃ স্পীকার ঃ** এই সব আলোচনা করার সুযোগ এখানে নেই।

**শ্রীনবকুমার রায় ঃ** পরিশেষে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো আপনি এই বিল উইড্র করে নিয়ে সমস্ত এম. এল. এ-দের নিয়ে বলে আর একটা বিল আনুন—পার্টি বাজী করবেন না। এই বলে আমি এই বিলের বিরোধীতা করছি।

**Shri Deo Prakash Rai :** Mr. Speaker, Sir, the name of this Bill is the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill. The very expression "Members' Emoluments" is comprehensive. I do not want to go into it. I am not here to ask for raising the pay and allownaces of the members because we are committed to the service of the people, no matter whether we get Rs. 100 or Rs. 150. But, Sir, before I proceed I will tell you about the incidents of yesterday. I am the seniormost boarder of the MLA Hostel. I am staying there ever since it was opened by Mr. P. C. Sen.

[ 4-40—4-50 P.M. ]

Yesterday the Minority Commission came to calentta. I wanted to contact the Chief Minister, I wanted to contact the Home Department, I rang up writers' Buildings, the telephone was ringing ওরা সব শুয়ে পড়ে আছে আমি কি করবো ?

What could I do ? So I tore off the telephone and threw it away. You can take action. To-day when I came to the House I came to know that some Press Reporters were asking.

ডি. পি. রাই কি করলেন ? আমি বলছি যখন টেলিফোন কাজ করছে না তখন আমি সমস্ত ফেলে দিলাম।

My Party's head office is in Darjeeling. Everyday I have to contact office. আমি কি করবো টেলিফোন পাচ্ছি না ? প্রেস রিপোর্টাররা জিজ্ঞাসা করলেন ডি. পি. রাই কি করেছে—সমস্ত ভেঙ্গে ফেলে দিয়েছি। আজও আমার হেড অফিসের সঙ্গে কনট্রাক্ট করতে না পারলে সব ফেলে দেবো।

That is what had happened yesterday. Now, Sir, I am not here to ask for increment of pay and allowances of the MLAS.

When we were in the Government—I was a Cabinet Minister—I used to draw only Rs. 500/- per month. But I do not know how much the present Ministers are drawing. We are committed to the service of the people. Now, on behalf of my Party I wholeheartedly support this Bill.

This amendment I support with some reservation. You might ask me what is the reservation. Sir, every time there is misunderstanding between the hill people and the plains people. When you prepare any plan or chalk out a programme or prepare your budget you think only about the plains and you forget about the people living in the hills. Sir, there are thousands outside who have no facility of railway travel, tram travel or bus travel. In Darjeeling is there any local train, is there any state bus or any tram service ? But how much we have to spend every day ? In my house everyday from 6 in the morning I have to offer 50 cups of tea on an average to those who come. So, why talk about transport facilities ? What is this Government thinking about that ?

In the hills there is no state transport bus, there is no tram, no big train, no local bus or local train. These facilities are there in the plains. My constituency is a very big hill constituency in India. The height ranges from two thousand feet to fourteen thousand feet and I have to cover it on foot. Is there any local train, tram or state bus ? So I tell the Minister—you should note it down—that at least you introduce your State bus or train. I do not expect you to bring helicopter. At least you do arrange for ponny hire, as in the hills there is no State bus, no local train.

Thank you very much.

**ডঃ অম্বরীশ মুখার্জী ঃ** পয়েন্ট অব পার্সোন্যাল এক্সপ্ল্যানেসান, স্যার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাছের ব্যাপার নিয়ে যেভাবে আমার সম্বন্ধে বলা হল যে আমি নিজে বেশী মাছ খাবার জন্য হল্লা করেছি, ব্যাপারটা তা নয়। আমি আপনার কাছে দরখাস্ত করেছিলাম যে খাওয়ার ব্যাপারে একটু অসুবিধা হচ্ছে আপনি কাইগুলি একটু দেখুন। ওরা দেখলেন সত্য সত্যই মাছের ওজন একটু কম ছিল, তারপর থেকে এক পিসের বদলে অনেককে ৪ পিস দিয়েছিল। আমি যে টেবিলে খেয়েছিলাম সেই টেবিলে আমি একলা খাইনি, আরো কয়েকজন খেয়েছেন। তারপর সাইজটা একটু বড় হল। এই হল ব্যাপার, এটাই আমার পার্সোন্যাল এক্সপ্ল্যানেসান। আমি নিজে সরাসরি কোন জায়গায় দরবার করিনি, আমি আপনার কাছে আবেদন করেছিলাম, আমি নিজে

ফিল করেছি যে খাবারের কোয়ালিটি খারাপ ছিল, বিশেষ করে চালের কোয়ালিটি খুব খারাপ ছিল। সেটা আপনার কাছে আমি জানিয়েছি। আজকে যদি মাননীয় সদস্য বলেন যে আমি নিজের কিছুটা সুবিধা করে নেওয়ার জন্য এটা করেছি এটা অসত্য।

**মিঃ স্পীকারঃ** এই জিনিসটা বাড়ান যায় না, আপনারা নিজেদের প্রতি দায়িত্ব নিয়ে বলেন না। নবকুমার বাবু বা আপনি যে কথাগুলি বললেন কালকে কাগজে যখন বেরুবে যে এখানে মেম্বাররা তাঁদের মাছের ভাগ নিয়ে আলোচনা করেছেন তখন কি হবে? সুতরাং যিনি এই জিনিসটা উত্থাপন করেছেন তিনিও এই জিনিসটা বিবেচনা করেননি, আপনিও বিবেচনা করেননি। আমার ইচ্ছা হচ্ছে ঐ জিনিষটা এক্সপাঞ্জ করে দিতে। কিন্তু যেহেতু ওর মধ্যে এমন কিছু আনপার্লামেন্টারী নেই, সেজন্য এক্সপাঞ্জ করতে পারছি না। আপনাদের এই জিনিসটা বোঝা উচিত, মাছের ভাগ কে কতটা পেল তাই নিয়ে আলোচনা করা উচিত নয়।

( এই সময়ে অনেক মেম্বার তাঁদের আসন ছেড়ে উঠে দাঁড়ালেন )

**শ্রীসত্যরঞ্জন বাপুলিঃ** স্যার, আপনি বলার পর জিনিসটা আরো একটু বেশী ফোকাস হয়ে গেল। আপনি মাছের ব্যাপারটা এক্সপাঞ্জ করে দিন।

**শ্রীনবকুমার রায়ঃ** স্যার, উনি দুঃখ পেয়েছেন বলছেন, আমি ওঁকে দুঃখ দেবার জন্য বলিনি। প্রতিবাদ আপনি করতে চেয়েছেন, প্রতিবাদ করেছেন।

[ 4-50—5-00 P. M. ]

**মিঃ স্পীকারঃ** আপনাদের নিজেদের মধ্যে সেটা যদি থাকতো তাহলে খুব খুশি হতাম। এইরকম একটা জিনিস নিয়ে হাউসের মধ্যে আলোচনা করা যায় না সৎবুদ্ধি যদি আপনাদের মধ্যে থাকতো তাহলে আমি আনন্দিত হতাম। আপনারা এবং ওরা যদি বলতেন যে আমরা যা বলেছি তা এক্সপাঞ্জ করে দেওয়া হোক তাহলে আই উড হ্যাভ বীন গ্ল্যাড এই বিষয়ে কোন সন্দেহ নাই।

**শ্রীশচীন সেনঃ** স্যার, আমাদের পরিষদীয় মন্ত্রী যে প্রস্তাব উত্থাপন করেছেন তাকে সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলবো। এই কথা বলার আগে···

**মিঃ স্পীকারঃ** মাছের যে প্রসঙ্গ নবকুমার রায় মহাশয় বলেছেন সেটা আমি সম্পূর্ণ এক্সপাঞ্জ করে দিলাম।

**শ্রীশচীন সেন ঃ** স্যার আমার বক্তব্য বলার আগে একটা ছোট গল্প মনে পড়ে যাচ্ছে—ছোটবেলায় আমরা পড়েছিলাম যে মাস্টার মহাশয় আমাদের পড়ার সময়ে শ্মশান ও নারিকেল গাছ সম্বন্ধে রচনা পরীক্ষার জন্য সাজেসান দিয়েছিলেন এবং বলেছিলেন শ্মশান কিম্বা নারিকেল গাছের মধ্যে একটা রচনা থাকবে। ছাত্ররা নারিকেল গাছ মুখস্ত করে এসেছিল কিন্তু এসে দেখে শ্মশানের রচনা এসে গেছে, তখন ছাত্ররা রচনায় লিখতে আরম্ভ করলো এক দিন সবাইকে শশ্মানে যেতে হবে এবং তারপরে লিখলো আমাদের শ্মশানে একটা নারিকেল গাছ আছে, এই বলে নারিকেল গাছ সম্বন্ধে তিন পৃষ্ঠা রচনা লেখা আরম্ভ করলো। এই রকম আমরা এই হাউসে দেখছি বিরোধীপক্ষরা যে কোন ব্যাপারেই হোক সি. পি. এম-র বিরুদ্ধে তাদের বলতেই হবে। এখানে মাননীয় সদস্যরা সেইজন্য প্রস্তাব সম্বন্ধে তাদের বক্তব্য না রেখে সি. পি. এম-র বিরুদ্ধে কথা বলতে আরম্ভ করেছে। এম. এল. এ. হোস্টেলের সম্বন্ধে বক্তব্য রাখছেন। আপনারা এম. এল. এ. হোস্টেলের ঘরে ভাড়া দেন না, সেখানে অনেক কিছু কাণ্ডকারখানা করেছেন আবার এখানে এটা নিয়ে এসেছেন। এম. এল. এ. হোষ্টেল সম্বন্ধে আপনাদের বলতে লজ্জা করে না।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, মাননীয় সদস্য শচীনবাবুর রয়েস হয়েছে উনি এখানে যে কথা বললেন সেটা তাঁকে উইথড্র করতে হবে। তিনি বললেন যে আপনারা ঘরের ভাড়া দেননি। আমি তাঁকে বলতে পারি যে একদিনে ঘরের ভাড়া যদি আমাদের কারও বাকি থাকে তাহলে এম. এল. এ. হোষ্টেলে ঢুকবো না। আপনারাই ঘরের ভাড়া দেন না। Why is he telling this? How does he know? He cannot say this, he must withdraw it.

( নয়েজ )

**শ্রীশচীন সেন ঃ** স্যার, এখনও আমি দায়িত্ব নিয়ে বলছি এম. এল. এ. হোষ্টেলে গদ সাজান বিধান সভার এমন কিছু লোক আছেন, পুরোনো দিনের এক সময়ে হয়তো বিধানসভার সদস্য ছিলেন তিনি এখনও সেখানে আছেন···( নয়েজ )

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** স্যার, আপনি দেখুন উনি কি বলছেন। এটা ওঁকে উইথড্র করতে হবে, তা না হলে ইট সুড বী এক্সপাঞ্জ।

**শ্রীনবকুমার রায় ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, উনি হাত দেখিয়ে বললেন যে আমরা কেউ ঘরের ভাড়া দিই না। স্যার, আপনি ওঁনার বক্তব্য পরিস্কার জেনে

নিন। আপনি এম. এল. এ. হোস্টেল সম্বন্ধে এনকোয়ারী করুন যে লেফট্ ফ্রন্ট এম. এল. এ-দের কত টাকা বাকি আছে আর আমাদের কত টাকা বাকি আছে। উনি স্যার এনকোয়ারী করে কালকে হাউসে বলবেন তা না হলে ওঁকে উইথড্র করতে হবে। আপনি একটা জাষ্টিস দিন।

**শ্রীশচীন সেন ঃ** আমি বলেছি অনেক পুরোন দিনের সদস্য যারা গত বিধানসভার সদস্য ছিলেন তারা এখনও কিছু ওখানে আছেন তাদের কথা।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** স্যার আমি দায়িত্ব নিয়ে বলতে পারি যে ওদের সদস্যদের এবং তাদের গেস্ট নিয়ে ৬৫ হাজার টাকার ভাড়া বাকি আছে। উনি স্যার কিছুই জানেন না, উনি থাকেন বালিগঞ্জে, উনি কিছুই জানেন না। আমি বলছি যে ৬৫ হাজার টাকা বাকি আছে। আই সে ইট ফ্রম দি ফ্লোর অব দি হাউস।

**শ্রীশচীন সেন ঃ** যে প্রস্তাব এখানে এসেছে সে প্রস্তাব নিয়ে আলোচনা না করে এম. এল. এ. হোস্টেল সম্বন্ধে তাঁরা বেশি আলোচনা করলেন।......

**ডঃ শাশ্বতীপ্রসাদ বাগ :** স্যার, যে বিষয়ে নিয়ে এখানে আলোচনা হওয়া উচিত সেইটি আলোচনা না করে তার থেকে অন্য বিষয়ে এম. এল. এ. সম্বন্ধে মেম্বাররা আলোচনা করতে চাইছেন তখন আমার মনে হচ্ছে বিষয়টি গুরুত্বপূর্ণ এবং এই গুরুত্বপূর্ণ বিষয়ে এম. এল. এ. রা অনেক অভিযোগ করেছেন। যারা ওখানে থাকেন তারা ও অভিযোগ করেছেন। সুতরাং আমার মনে হয় আপনি এই বিষয়ে ঘোষণা করুন যাতে আমরা কালকে এখানে আলোচনা করতে পারি এই বিষয়ে।

**মিঃ স্পীকার ঃ** মাননীয় সদস্যগণ যদি জেনেশুনে এই বিতর্ককে অন্যদিকে নিয়ে যেতে চান তাহলে আমি কি বলতে পারি। এই বিলে এম. এল. এ. হোস্টেল সম্পর্কে কোন কথা নেই। অথচ তাঁরা জেনে শুনে এম. এল. এ. হোস্টেল সম্বন্ধে আলোচনা করেছেন। এক্ষেত্রে আমি হয়তো বন্ধ করে দিতে পারি এবং এক্সপাঞ্জ করে দিতে পারি। কিন্তু তা আমি চাচ্ছি না। আমি এর আগে ভেবেছিলাম, যে এম. এল. এ. হোস্টেল সম্বন্ধে আপনাদের বসে আলোচনা করবো। কিন্তু এই সর্ট সেসানে আমি সময় দিতে পারি নি। সেইজন্য আমি নিজেই সিদ্ধান্ত নিয়েছি যে আপনাদের প্রত্যেকটির পার্টির সভ্যদের অনুরোধ করছি যে আপনারা একাধিক প্রতিনিধি যারা এম. এল. এ. হোস্টেল থাকেন এবং যারা হাউস কমিটির মেম্বার আছেন তাদেরও অনুরোধ করছি যে ১৮ তারিখ বিকাল চারটের সময়ে আমার ঘরে আসবেন সেখানে আমরা এই বিষয় নিয়ে

আলোচনা করবো। সুতরাং এখানে আপনারা আর এম. এল. এ. সম্বন্ধে কোন রকম আলোচনা করবেন না, বিলের উপর আলোচনা করুন।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** আমরা কি সকলেই যাবো।

**মিঃ স্পীকার ঃ** আমি বলেছি প্রত্যেকটি পার্টির এখানে যারা আছেন তাদের থেকে তিন-চারজন করে সদস্য আসতে পারেন আর হাউস কমিটির মেম্বার তারাও আসবেন বিকাল চারটের সময়ে আমার চেম্বারে। আর অনুরোধ করছি এখন বিলের উপর আলোচনা করুন।

[ 5-00—5-10 P. M. ]

**শ্রীশচীন সেন ঃ** স্পীকার মহাশয়, আমি সে প্রশ্নে যাচ্ছি না। ধান ভানতে শিবের গীত আরম্ভ হয়েছিল বলেই, একথা উঠেছিল। যে প্রস্তাব উত্থাপন করা হয়েছে তার সমর্থনে মোটামুটি সবাই বলেছেন আরও বেশী চাই। বিভিন্ন রাজ্যে কি ব্যবস্থা আছে আমার জানা নাই, যে ধরণের বক্তব্য রাখা হয়েছে, তাতে কারও জীপ গাড়ী চাই, কারও সুন্দর বাড়ী চাই, কারও সুন্দর ঘর চাই, সব কিছু একেবারে সুন্দর করে চাই। আপাততঃ আজ যা আছে এবং হতে যাচ্ছে সেটা হোক, অন্যান্য রাজ্যে সে সুযোগ সুবিধা যদি থেকে থাকে তো আলোচনা করে দেখা যাবে। বর্তমানে যেটা অদ্ভুত ব্যাপার আমাদের এখানে দেখছি, একটা কমিটিকে কাজের জন্য বাইরে যেতে গেলে কুপন ট্রেনে গেলে লাগে কিন্তু প্লেনে গেলে কিছু লাগে না, এ্যারোপ্লেনে গেলে খরচ লাগে না কিন্তু ট্রেনে যেতে গেলে কুপন ইত্যাদি লাগে। আপাততঃ এখানে আট হাজার কিলোমিটার করা হচ্ছে। মাননীয় সদস্যরা বিশেষ করে বাস সম্পর্কে কিছু কিছু শব্দ ব্যবহার করে অভিযোগ করলেন, বাস সম্পর্কে এটা বলা যায় যে আমরা মধ্যবিত্ত ঘরের মানুষ যারা, ট্যাক্সী, জীপ ইত্যাদি চড়ার আকাঙ্খা করিনা, ট্রামে বাসে চড়ে কাজ করতে পারলেই খুসী। বাসের মধ্যে দেখি কুপন চাওয়া হলে নাম সই করতে হয়, কিন্তু সেখানে তো ত্রিভঙ্গ মুরারী হয়ে দাঁড়িয়ে থাকতে হয় বেশীর ভাগ সময়েই, ফলে এই যে ছাড়পত্রের ব্যবস্থা করা হচ্ছে তাতে বাসে চড়তে সুবিধাই হবে, আমি এই ব্যবস্থাকে সর্বাঙ্গীন সমর্থন জানাই। আর বন্ধুরা যে সব বিষয় বলেছেন, এখন এই প্রস্তাব পাশ করুন, তারপরে সেই সব বড় জিনিষের কথা বিবেচনা করা যাবে।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় এই বিলের প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে আমি দুই একটি কথা বলতে চাই।

**মিঃ স্পীকার :** আলোচ্য বিধেয়কের বিতর্ক সময়-সূচী অনুযায়ী ৫টা ৫মিঃ সময়ে শেষ হওয়ার কথা, এ সম্পর্কে আলোচনা আরও বাকী রয়েছে, সেজন্য আরও কিছু সময় প্রয়োজন। অতএব বিধানসভার কার্য্যপ্রণালী পরিচালনার ২৯০ ধারা অনুযায়ী এই বিলের বা বিধেয়কের আলোচনা সময় আরও আধ ঘণ্টা বাড়ানোর জন্য বিধানসভার সম্মতি চাইছি। আমি ধরে নিচ্ছি সভার সম্মতি আছে।

**শ্রীঅনিল মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যরা এর আগে অনেকেই আলোচনা করেছেন, কিন্তু আমি শুনলাম যে এটাতো ছোট সংশোধনী, ৪৮০০ থেকে ৮ হাজার কিলোমিটার করা হচ্ছে এবং এটুকু সংযোজনের জন্য এখানে এই সংশোধনী বিল এসেছে। এই ব্যবস্থা সমর্থন করতে যেয়ে আমরা কিন্তু বহু জায়গা বিচরণ করে ফেললাম, যেগুলির প্রয়োজন অনেক ক্ষেত্রেই বোধ হয় নাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের নিজেদের সমর্থনে অর্থাৎ মাননীয় সদস্যদের কি কি সুযোগ সুবিধা থাকা দরকার, এটা সম্বন্ধে বলতে যেতে বলতে চাই যে আমরা যখন পার্লামেণ্টারী সিষ্টেম নিয়েছি এবং এই এ্যাসেম্বলী কক্ষে বসেছি এয়ার কণ্ডিশণ্ড ঘরে, এর জন্য খরচ হচ্ছে। কেউ কেউ বলেছেন দু লক্ষ টাকা পর্য্যন্ত বাড়িয়ে দেওয়া হোক। আস্তে আস্তে এয়ারকণ্ডিশন তুলে দিয়ে, নিয়ন লাইট তুলে দিয়ে হ্যাবিকেন জ্বালিয়ে তাহলে বাইরে বসতে হয়।

( শ্রীসুনীতি চট্টরাজ : কার্য্যতঃ এখনতো হ্যারিকেন জ্বালাতেই হচ্ছে )

মাননীয় সদস্য হবেন, অনারেব্যল এম. এল. এ হবেন, অনারেব্যল এম, পি-দের মতো এই সব জায়গায় ঘুরবেন এবং পশ্চিমবাংলার বাইরে যাবেন এবং বিভিন্ন জায়গায় অফিসারদের সঙ্গে মিটিং করবেন, তারপর দেখবেন কোন অফিসারের গাড়ী পাবেন চড়তে পারবেন বা যেতে পারবেন এসব সত্যই অসুবিধাজনক। এরকম হামেশাই দেখা যায় অনেক সদস্য অনেক জায়গায় দাঁড়িয়ে আছেন, বাস যাচ্ছে, হাত তুলছেন, দাঁড়াচ্ছে না। কলকাতায় বা নর্থ বেঙ্গলে ষ্টেট ট্রান্সপোর্ট আছে, কিন্তু বহু জায়গায় ট্রান্সপোর্ট নেই। সেখানে ঘুরে ঘুরে গ্রাম বাংলার মানুষের কাজ করতে হয়। আমাদের পশ্চিমবাংলায় শুধুমাত্র ৪৮শো থেকে ৮ হাজার বাড়িয়ে দিয়ে কিন্তু সমস্যার সমাধান হচ্ছে না। এইটা ঠিকই আছে। পশ্চিমবাংলার বাইরে আমাদের নানা কাজে যেতে হয় এবং অনেক সময় দেখেছি দিল্লীতে ২/৩ বারও কোনও কোন সদস্যকে যেতে হয়। কিন্তু পশ্চিমবাংলার বাইরে যেসব প্রদেশ আছে আমি তার থেকে আপনাদের কাছে কয়েকটা চিত্র তুলে ধরছি সেখানে মাননীয় সদস্যরা কি কি সুযোগ পান। পশ্চিমবাংলার বাইরে যে সব রাজ্য আছে সেই রাজ্যের এম, এল, এরা

সেই সব রাজ্যের প্রতিনিধিরা কি রকম সুযোগ-সুবিধা পান, কি রকম আছে মেম্বারদের ক্ষেত্রে সুবিধা সেটা আমাদের দেখতে হবে। কংগ্রেস আমলের পশ্চিমবঙ্গের এম. এল. এরা হয়তো ছিলেন কংগ্রেসী এম. এল. এ-রা ছিলেন হয়তো বড়লোকের ছেলে, টাকা-পয়সার দরকার হতো না। কিন্তু বামফ্রন্টের যারা এসেছি তারা সাধারণ মধ্যবিত্ত, তাদের অধিকাংশেরই প্রয়োজন—একথা অস্বীকার করার উপায় নেই। বিভিন্ন জায়গায় জনসাধারণের কাজে যেতে হয় এম. এল. এ-দের তার খরচ-খরচা মেটাবার সামর্থ্য অনেক এম. এল. এ-রই নেই। কংগ্রেস আমলে দু ধরণের এম. এল. এ ছিল—একদল বড়লোক, আর এক ধরণের সাধারণ ঘরের ছেলে কড়ির ব্যবস্থা করেছিলেন মন্ত্রীর ঘরের ঘোরাফেরা করে। ফলে এইসব তার দিকে দেখতেন না—এইটাই দেখা যেতো। আজকে বামফ্রন্টের সময় পুলিশ অফিসারেরা ইনক্রিমেন্টের কথা ভাবছেন। কয়েকদিন আগে পুলিশ অফিসারেরা আমাকে বলেছিলেন আপনি একটু জ্যোতিবাবুকে বলে দিন আমাদের ইনক্রিমেন্টের ব্যাপারে। আমি বললাম আপনারা এখন ইনক্রিমেন্টের কথা ভাবেন। এতদিন পুলিশ অফিসারেরা ইনক্রিমেন্ট, স্যালারি ইত্যাদির কথা ভাবেন নি। উপরির উপর ভাবতো। উপর দিয়েই চলে যেতো। যেটা প্রয়োজন, যেটা নেসেসিটি অন্য প্রদেশ সুযোগ-সুবিধা আছে, সেগুলো জানতে হবে। আজকে আমরা জানি, পাঞ্জাবে, allowance per month Rs. 500/-, Rs. 225/- other allowances for meeting expendeture in the member's constituency plus by railway first class fare, by road 0·75 paise per kilometer, by air as admissibles Grade I Government Servent ...এখানে এম. এল. এ-রা গেজেটেড অফিসারদের মতো ক্যারেক্টার সার্টিফিকেট দিতে পারেন, কিন্তু সরকারের গ্রেড ওয়ান অফিসারেরা যে সুযোগ-সুবিধা পান সেটা তারা পান না। কিন্তু পাঞ্জাবে এইসব প্রিভিলেজ রেখেছে যে গ্রেড ওয়ান গভর্ণমেন্ট সারভেন্টের মতো তারাও halting allowance Rs. 45/- per day পাবেন। তারপর ইউ, পি-তে আছে, Rs. 500/- as allowance per month and Rs. 500/- per month for meeting the expenditure in the member's constituency, mileage as first class train fare as admissible to Class I Gazetted Officer. এই রকম আমরা দেখেছি হিমাচল প্রদেশে। সেখানে তাদের ২৫০/- এ্যাজ স্যালারি এবং Rs. 500/- as compensatory allowance plus Rs. 325/- as constituency allowance.

[ 5-10—5-20 P.M. ]

এ ছাড়া আমি অন্যান্য প্রভিন্সে দেখাতে পারি ফ্রি-মেডিক্যাল ট্রিটমেন্টের ব্যবস্থা

বিভিন্ন গভর্ণমেন্ট হাসপাতালে আছে এম. এল. এ-দের পরিবার বর্গের জন্য। হরিয়ানায় আছে, হিমাচলপ্রদেশে আছে, ইউ. পি এই সব জায়গাতে আছে। আমি যতদূর জানি প্রত্যেক প্রভিন্সেই facilities of free medical treatment in Government hospitals, free of charges acpommodation in hospitals and dispensaries. আছে এবং আমাদের এখানেও এই সব মেম্বারদের এই রকম মেডিক্যাল বেনিফিট থাকা উচিত বলে মনে করি। ইউ পি-তে ডি এ ৫১ টাকা পার ডে এবং সমস্ত রকম first class railway fare and half fare admissible to Class I Government Officers. সুতরাং এই সব জিনিস প্রত্যেক প্রভিন্সে আছে এমন কি ত্রিপুরার মত জায়গায় ৪০০ টাকা এবং ২০০ টাকা এ্যালাউন্স তার উপর ডি এ এ্যাডমিসেবিল, ফ্রি মেডিক্যাল এ্যাটেনডেন্ট এই সব রয়েছে। আর এখানে এই পশ্চিমবাংলায় আমরা নিই না লজ্জা বোধ করি। এবং অনেক সময় নেবো না বলে আমরা প্রগতিশীল হয়ে গেলাম এই জিনিষটা আমি বলি এটা ঠিক নয়। আমাদের নেসেসিটি যেটা সেটা এ্যাডমিট করতে হবে। আমাদের মেম্বারদের কাজ করবার জন্য আউট সাইডে যেতে হয় এবং আমাদের কনষ্টিটিয়েন্সিতে বিভিন্ন গ্রামে যেতে হয় তার জন্য টাকার দরকার এবং বিভিন্ন ফেসিলিটির প্রয়োজন আছে এটা অস্বীকার করলে চলবে না। আমরা বিভিন্ন জায়গায় আউট সাইডে গিয়ে দেখেছি তাদের সে সমস্ত ফেসিলিটি রয়েছে। আজকে মেম্বারদের যদি সৎভাবে কাজ করতে হয় তাহলে তারা যাতে বিভিন্ন জায়গায় যেতে পারে গ্রাম থেকে গ্রামান্তরে যেতে পারে, ট্রাম ষ্টেট বাস ইত্যাদিতে তাদের ফেসিলিটি থাকা দরকার এমন কি প্রাইভেট বাসেও তাদের ফেসিলিটি থাকা দরকার। এগুলি আজকে খতিয়ে দেখার দরকার আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিভিন্ন রাজনৈতিক দলের এম. এল. এ-দের জানা দরকার যে পার্লামেন্টে যারা আছেন যদি আজকে পার্লামেন্টারী সিস্টেম ইনট্রডিউস করতে হয় তাহলে তারাও যেভাবে কাজ করছে সেইভাবেই এম, এল, এ-দের কাজ করতে হচ্ছে অতএব সেই রকমভাবেই এখানেও সেই মেসিনারী সেট আপ করতে হবে। সুতরাং পার্লামেন্টারী ব্যবস্থাতে যে পার্লামেন্টারী প্রিভিলেজ রয়েছে extending to all the state member's, ষ্টেট মেম্বারদের সেটা এক্সটেণ্ড করা দরকার। আপনি যে কমিটি করে দিয়েছেন সেই কমিটির মেম্বাররাও বলেছেন অনেক কাজ করার দরকার আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি যে কথা বলেছেন এই বিল পাশ হবার পর অন্যান্য সদস্যদের ডেকে পলেটিক্যাল পার্টিজদের মেম্বারদের ডেকে বা তাদের রিপ্রেজেন্টেটিভ-

দের ডেকে পার্লামেন্টে যে সব সুযোগ সুবিধা আছে সেই সব সুযোগ সুবিধাগুলি যাতে এখানেও মেম্বাররা পায় তার জন্য আলোচনা করে আপনি সিদ্ধান্ত গ্রহণ করুন। তাদের মিনিমাম ডিগনিটি এবং প্রিভিলেজ যাতে বজায় থাকে তার ব্যবস্থা আপনি করবেন এবং একটা ইউনিফর্ম রুলস থাকা দরকার। কারণ বিভিন্ন রাজ্যে বিভিন্ন রকম বিভিন্ন ধরণের ব্যবস্থা এবং রুলস রয়েছে সেখানে একটা ইউনিফর্ম রুলস থাকা দরকার। পার্লামেন্টে যে সমস্ত রুলস এবং প্রিভিলেজ আছে আমাদের ষ্টেটেও এবং প্রতি রাজ্যেই সেই সমস্ত রুলস এবং প্রিভিলেজ থাকা দরকার Uniform system of Parliamentary democracy functioning, যাতে হয় এবং সেই ফাংসনিং-এর মধ্য দিয়ে মেম্বাররা স্মোথলি কাজ করতে পারে যাতে তারা তাদের একটিভিটিজ আরও উন্নত করতে পারে তাদের ডিউটি ডিসচার্জ করতে পারে তার জন্য আজকে সকলেরই ভাবা উচিত। পুনরায় আমাদের পরিষদীয় মন্ত্রী মহাশয় তবুও যে পদক্ষেপ নিয়েছেন ঐ ৪৮০০ থেকে ৮০০০ করার ভাবনা তিনি করেছেন তার জন্য তাকে ধন্যবাদ জানিয়ে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Sri Manohar Tirkey :**

माननीय स्पीकार महोदय, माननीय मंत्री महोदय ने जो संशोधनी बिल सदन के सम्मुख प्रस्तुत किया है, उसका मैं हृदय से समर्थन करता हूं। इस बिल का समर्थन करते हुए, मैं अपना कुछ विचार रखना चाहता हूं। मैं उन सदस्यों के साथ एकमत हूं, जिन्होंने इस बिल का समर्थन किया है। सदस्यों को वास्तव में कुछ-कुछ असुविधायें हैं, जिनको दूर करने की आवश्यकता है। हमारे यहाँ खासकर उत्तर बंगाल में जो असुविधायें विधानसभा के सदस्यों को होती हैं, उनके बारे में मैं यहाँ माननीय मंत्री से निवेदन करना चाहता हूं। क्यों कि जो संशोधन बिल लाया गया है, उसके द्वारा सदस्यों की असुविठायें दूर की जायँगी और कुछ और सुविधायें प्रदान की जायेगी।

हमारे यहाँ उत्तर बंगाल में नार्थ-बंगाल स्टेट ट्रान्सपोर्ट कारपोरेशन के द्वारा बसें परिचालित की जाती हैं। साथ ही कुछ प्राइवेट बसें भी चलती हैं किन्तु उनकी संज्या बहुत ही कम है। यह इलाका पहाड़, जंगल और चाय बगानों से भरा पड़ा है, इसलिए वहाँ पर सब जगह स्टेट बसें नहीं चलती हैं। इस कारण से हम लोगों कये अपने कार्य के दर्म्यान प्राइवेट बस से जाना पड़ता है। इसलिए मेरा निवेदन यह है कि जब शहरी एम० एल० ए० के लिए बस पास का प्रबंध किया जाता है तो हम लोगों के लिए प्राइवेट बस के लिए पास की व्यवस्था की जानी चाहिए।

जलपाईगुड़ी अंचल में प्राइवेट बसें अधिक संख्या में चलती हैं—स्टेट बसें कम चलती हैं। जब शहरी सदस्यों के लिए बस पास की सुविधायें प्रदान की जाती हैं तो फिर देहाती अंचल के सदस्यों के लिए क्यों नहीं व्यवस्था की जाती है ?

रेल पास पहरे सदस्यों मे लिए ४८०० किलो मिटर की थी और अब उसे बढ़ाकर आठ हजार की गई है, यह बड़ी सराहनीय कदस हैं। कांग्रेसी सदस्यों ने जो यह अभियोग लगाया है कि सी० पी० एम० के सदस्यों को जालन्धर जाने में जो असुविधा हुई थी, उसी को ध्यान में रखकर ८ इजार किलो मीटर की गई है। किन्तु मेरा कहना यह है कि उनको यह चिन्ता नहीं करनी चाहिए क्यों कि वे लोग भी चिकमगलूर जा सकते हैं।

मैं माननीय मंत्री के इस सराहनीय कदम के लिए हार्दिक अभिनन्दन करता हूं। किन्तु साभ ही साथ यह निवेदन करना चाहता हूं कि नार्थ बंगाल में बसों की बड़ी असुविधायें हैं। दमलोगों को पार्टी की मिटिंग या अपने अंचल के काम-काज के लिए इधर से उधर जाना पड़ता हैं। लेकिन बस की कमी के कारण बड़ी असुविधायें होती हैं। यदि कोई बिमार हो जाय तो उसे भी बड़ी कठिनाई उठानी पड़ती है। इन कठिनाईयों को दूर करना चाहिए। मेरा तो निवेदन यह है कि पार्लियामेन्ट के सरस्यों को जो सुविधायें प्रदान की गई हैं, वे सारी सुविधामें यहाँ के सदस्यों को भी मिलनी चाहिए। मैं समझता हूं इसमें सदस्यों को काम करने में बड़ी सुविधा होगी।

मैं पुनः नार्थ बंगाल के ट्रान्सपोर्ट के वारे में ध्यान दिलाना चाहता हूं। वहाँ बासों की संख्या बहुत कम है। सरकारी बसों की संख्या तो और भी कम है। इसके अतिरिक्त वह इलाका पहाड़-जंगल और चाय बगानों से भरा पड़ा हुआ है। शायद इसी कारण सरकारी बसें काफी संख्या में नही चलती है। कुछ प्राइवेट बसें अवश्य चलती है किन्तु उन बसों के द्वारा यात्रा करना बहुत कठिन है। इसलिए बाध्य होकर मोटर साइकिल या साइकेल की व्यवस्था करके हमलोगों को इधर से उधर आना-जाना पड़ता है। आज शहरी सदस्यों के लिए सुबिधामें प्रदान की जा रही है किन्तु बड़े दुख के साथ कहना पाड़ता है कि देहाती एम० एल० ए० को इन सुविधायों से बंचित रखा जा रही है। ईसलिए मेरा निवेदन यह है कि शहरी और देहाती सदस्यों की सुविधाओं में कोई अन्तर करने की चेष्टा मत कीजिए। सबको समान सुविधा मिले, इसकी व्यवस्था करने की मेहरबानी कीजिए। प्राइवेट बसों में भी पास की व्यवस्था कीजिए।

अन्त में माननीय मंत्री महोदय ने जो संशोधन बिल यहाँ रखा है, मैं उसका समर्थन करता हूं।

[ 5-20—5-30 P. M. ]

**শ্রীরেণুপদ হালদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় পরিষদীয় মন্ত্রী মেম্বারস এমলিউমেন্টস এ্যামেণ্ডমেন্ট বিল এনেছেন। সদস্যদের ট্রেন, বাস, ট্রামে যাতায়াতের জন্য যেসমস্ত সুযোগ সুবিধা ছিল সেটাকে আরো বাড়িয়ে দেওয়ার জন্য তিনি এই বিলটি এনেছেন এবং এর জন্য আগে যে পরিমাণ অর্থ ব্যয় হত এখন তার চেয়ে ৩½ লক্ষ টাকা বেশী অর্থ ব্যয় হবে। স্যার, আপনি জানেন এই মাত্র কয়েকদিন আগে পশ্চিমবঙ্গে এক ভয়াবহ বন্যা হয়ে গেছে। তার কয়েকদিন পরেই তিনি এই রকম একটা ব্যয় বৃদ্ধির বিল হাউসে উপস্থিত করলেন। এই বন্যায় যে সমস্ত ক্ষয় ক্ষতি হয়েছে সেগুলি পূরণ করার জন্য যে অর্থের প্রয়োজন সেই অর্থেরই অভাব যখন সরকারের ঘটছে তখন সদস্যদের জন্য এই রকম ভাবে ব্যয় বৃদ্ধি করার কোন যুক্তি থাকতে পারে না। ২ কোটি লোক বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছেন এবং ১২ লক্ষের বেশী ঘর বাড়ী নষ্ট হয়েছে, রাস্তা ঘাট নষ্ট হয়েছে, অন্যান্য সম্পত্তি নষ্ট হয়েছে, জমির ফসল নষ্ট হয়েছে ইত্যাদি। কাজেই তাদের পুনর্বাসনের ব্যবস্থা আগে হওয়া দরকার। এই সমস্ত উন্নয়নমূলক কাজে বাজেট বরাদ্দ বেশী হওয়া দরকার। কিন্তু তা না করে সদস্যদের সুবিধার জন্য কিছু বাড়তি টাকা খরচ করার ব্যাপারে এই বিলটি নিয়ে এলেন। আমি মনে করি সাধারণ মানুষের দুরবস্থা আজকে চরম সীমায় গিয়ে পৌঁচেছে। আজকে অর্থের জন্য আমাদের বিভিন্ন রাজ্যের কাছ থেকে সাহায্য নিতে হচ্ছে। শুধু তাই নয়, যে সমস্ত সেবামূলক প্রতিষ্ঠান আছে তাদের কাছ থেকে সাহায্য নেবার প্রয়োজন যেখানে হচ্ছে সেখানে সদস্যদের জন্য এই ব্যয় বৃদ্ধি করাটা আমার মনে হয় বাঞ্ছনীয় নয়। ফরোয়ার্ডব্লকের অনিলবাবু অন্যান্য রাজ্যের এম. এল. এ. দের কি কি সুযোগ সুবিধা দেওয়া হয়, তাদের কত এ্যালাওয়েন্স দেওয়া হয়, ডি. এ. দেওয়া হয়, স্যালারি কত দেওয়া হয় ইত্যাদি নানান তথ্য পরিবেশন করলেন। তার বক্তব্য থেকে আমি যতটা বুঝতে পেরেছি সেটা হচ্ছে এই, তিনি বলতে চেয়েছেন আমাদের এখানকার এম. এল. এ-দেরও যেন এই রকম সুযোগ সুবিধা দেওয়া হয়, এর প্রয়োজন আছে এই যুক্তি তিনি দেখিয়েছেন। কিন্তু বর্তমান রাজ্যের অবস্থার পরিপ্রেক্ষিতে এই বিলটি আনা যথোচিত হয়নি বলে আমি মনে করি। তাই আমি এই বিলকে সমর্থন করতে পারছি না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীদেবীপ্রসাদ বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের দুটি ভাগ আছে . একটি রূপান্তর, আর একটি বৃদ্ধি। ট্রাম বাসের ব্যাপারে যারা আপত্তি করছেন তারা একটু পরেই গোপনে সই করে কুপন নিয়ে আসবেন, তাদের রূপান্তর একটু বেশী হচ্ছে। আর এটা ৩½ হাজার কিলোমিটার পর্যন্ত বাড়ছে। বামফ্রন্টের এম. এল. এ. রা নিজেরা এটা ব্যবহার করবার সুযোগ পান না। তারা নিজের নিজের এলাকা নিয়ে এত ব্যস্ত থাকেন যে বাহিরে যাবার সুযোগ তাদের খুব কমই হয়। তাদের সমস্ত কুপন পচেই যায় এবং ওদের ভাগ্যেই বেশী হয়। রেণুপদ হালদার বিরোধিতা করলেন।

স্যার, আমি এই দুঃখটা বুঝি। যদি বুঁচি, আন্নাকালী, পচা আর কেলোকে নিয়ে আর বলতে লজ্জা লজ্জা করছে তাদের মাকে সঙ্গে নিয়ে ফার্ষ্টক্লাসে যেতে পারা যেত তাহলে কি মজাটাই না হ'ত। সেটা আর হ'ল না তাই ওদের খুব দুঃখের কারণ হয়েছে, হলে খুব ভালো হ'ত। তারপর আর একজন খুব গরিবদের কথা বললেন—অমুক করতে হবে, তমুক করতে হবে ইত্যাদি বললেন কিন্তু বলে শেষ-কালে বললেন এম. এল. এ-দের টেলিফোন দেওয়া হোক। আর কি বললেন? তিনিও চাইলেন এ্যাটেনডেণ্ট পাস। আমি তার দুঃখটা বুঝি। এই বুড়ো বয়সে বিবিকে নিয়ে হজ করতে যাবার পথে বম্বে পর্যন্ত তো ফার্ষ্টক্লাসে যাওয়া যেত, সেটা বন্ধ হল, কাজেই খুব দুঃখ এবং সেই কারণেই বিরোধিতা করলেন। নবকুমার বাবু খুব বিপ্লবের কথা দিয়ে শুরু করলেন কিন্তু শেষে আমরা দেখলাম কার্তিক ঠাকুরের পেছনের খড় বেরিয়ে পড়েছে। তিনি বললেন মফঃস্বলে যত বাস আছে সেই সব বাসের জন্য পাস দেওয়া হোক। স্যার তাতে যে গভর্ণমেণ্টের অনেক বেশী টাকা খরচ হ'ত সেই হিসাবটা তিনি করেন নি—এইখানেই কার্তিক ঠাকুরের পেছনের খড়টা বেরিয়ে পড়েছে। দেওপ্রকাশ রাই মহাশয় তীব্র বিরোধিতা করতে উঠে বললেন যে হেলিকপ্টার চাই—উড়বেন। আমি বলি, ওড়বার জন্য তো হেলিকপ্টারের দরকার নেই, কোলকাতার রেস কোর্স আর বার যা রয়েছে সেই দুটি জায়গায় ভর করলেই আর হেলিকপ্টারের দরকার হবে বলে আমি মনে করি না। রেণুপর হালদার মহাশয় বন্যা ইত্যাদি ব্যাপারে অনেক দুঃখ করে কয়েকটি কথা বললেন। আমি বলি, ঐ যে বাইরের জন্য ৩ হাজার দুশো কিলোমিটার বাড়লো সেটা আমাদের খুব কাজে লাগবে না, কারণ কন্সটিটিউয়েন্সী ছেড়ে আমরা যেতে পারি না। নিজের এলাকা আর রাইটার্স বিল্ডিং এই করতে করতেই আমাদের সময় কেটে যায়। সেইজন্য

আমি বলব, এতে হাতি ঘোড়া কিছুই করা হয়নি যারজন্য বড় বড় কথা এখানে বলতে হবে। অতএব আমি এই বিলকে সর্বান্তঃকরণে সমর্থন জানাচ্ছি এবং বিরোধীরা যে সমস্ত কথা বলেছেন তার কিছু জবাব আমি দিয়েছি। তবে হ্যাঁ, বুঁচি, কেলোর মাকে সঙ্গে নিতে পারলে ভাল হ'ত সে বিষয়ে কোন সন্দেহ নেই।

[ 5-30—5-42 P.M. ]

**শ্রীভবানী মুখার্জী**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আগেই বলেছিলাম আমাদের এই বিলের উদ্দেশ্য অতি ছোট। অন্যান্য সদস্যদের মূল অভিযোগ এটাই যে কেন কম্প্রিহেনসিভ বিল আনা হোল না, কেন এত সামান্য জিনিষ আনা হয়েছে? সেই কম্প্রিহেনসিভ বিল সম্পর্কে সভার বিভিন্ন পক্ষ থেকে যখন তাগিদ আসছে তখন এটা নিশ্চয় আলোচনা করব এবং ভবিষ্যতে আলোচনা করে দেখব। বর্তমানে যে সম্বন্ধে সমালোচনা হয়েছে সেই বিষয়ে দু-একটি কথা বলব। মাননীয় সদস্য হবিবুর রহমান সাহেব বললেন যে এর আগে ৪৮০০ কিলোমিটার ছিল, আপনারা তো খরচ বাড়াচ্ছেন। আমি খবর নিয়ে জেনেছি এই ৪৮০০ কিলোমিটারে তাঁদের মোটেই চলত না তার বিনিময়ে এয়ার প্যাসেজ হোতো। এয়ার প্যাসেজের কোন লিমিট নেই। আজকে যে কথাটা উঠেছে যে বেশী খরচ হয়ে যাবে তা মোটেই হবে না খরচটা এই লিমিটে রাখলে বেশী হয়ে যাচ্ছে, এই হচ্ছে অতীত অভিজ্ঞতা। অতএব এই ৮০০০ কিলোমিটার করলে খরচ বাড়বে বলে কাগজে কলমে যেটা দেখা যাচ্ছে সেটা আদৌ হবে না, এটা কমবে এটাই সত্য কথা, এই হচ্ছে আমাদের সেক্রেটারিয়েটের রিপোর্ট।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী**ঃ অন এ পয়েন্ট অফ অর্ডার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় বললেন সেক্রেটারিয়েট থেকে খবর নিয়ে জেনেছেন আগে নাকি প্লেনে কমিটি এইরকম ভাবে যেত। কিন্তু এই সরকার চলার সময় জলন্ধরে যখন কম্যুনিষ্ট পার্টির মিটিং চলছিল সেই সময় একটি কমিটি গেছে সকলে প্লেনে করে মিটিং এ্যাটেণ্ড করতে এবং এইরকম ভাবেই ট্যুর প্রোগ্রাম ছিল। সুতরাং আপনি যে বলছেন প্লেনে গেছে এইরকম ভাবে সকলেই খরচ করেছেন। মন্ত্রী মহাশয় যেটা বললেন এই তথ্য ঠিক নয়। আপনি খবর নিয়ে দেখুন, প্লেনে আপনারাও গেছেন এবং বেশী খরচ হয়েছে।

**শ্রীভবানী মুখার্জী**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, দ্বিতীয়তঃ কলিকাতার বাইরে

দুর্গাপুর ও উত্তরবঙ্গের বাসের সার্ভিসে আমরা কার্ড করতে চেয়েছিলাম, কিন্তু যা পদ্ধতি—খরচের যে হিসাব করতে হয় সেটা করতে গিয়ে কিছু টেকনিক্যাল অসুবিধা হওয়ার দরুণ এখনও সেটা করা যায়নি। পরবর্তীকালে সেটা নিশ্চয় আমরা করব। আমি প্রস্তাব রাখছি এই হাউসের সময় অন্ততঃ ১৫ মিনিট বাড়িয়ে দিন, কারণ আরো কিছু বলার আছে।

**মিঃ স্পীকার ঃ** আলোচ্য বিলের উপর আলোচনার সময়সূচী ৫ টা ৩৫ মিঃ শেষ হবার কথা, কিন্তু আলোচনা শেষ করার জন্য আরো কিছু সময়ের প্রয়োজন। তাই আমি পশ্চিমবঙ্গ বিধানসভার কার্যপ্রণালী নিয়মাবলী ২৯০ নিয়ম অনুযায়ী এই আলোচনার সময় আরও আধ ঘণ্টা বাড়ানোর জন্য সভার সম্মতি চাইছি। আশাকরি সদস্যদের সম্মতি আছে। সুতরাং আরও আধঘণ্টা সময় বাড়ানো হল।

**শ্রীভবানী মুখার্জী ঃ** দ্বিতীয় কথা যেটা বলতে চেয়েছিলাম, মাননীয় সদস্য শ্রীজন্মেঞ্জয় ওঝা যেটা বলেছেন উত্তরবঙ্গের ভ্রমণের জন্য কুপণ নেই, সম্ভবতঃ তাঁর এই তথ্যটা ঠিক নয়। আমাদের সমস্ত স্টেটবাস যেখানে যেখানে আছে, শুধু কলকাতায় নয়, দুর্গাপুর, এবং অন্যান্য সমস্ত জায়গায় কুপণ সিষ্টেম আছে। আজকের এই বিলটা অত্যন্ত সীমাবদ্ধ উদ্দেশ্য নিয়ে আনা হয়েছে এক হিসেবে আমাদের খরচ কমাবার জন্য—অফিসিয়্যাল কাজে বাইরের রাজ্যে যাবার ব্যাপারটা এবং এখানে ষ্টেটবাস এবং ট্রামে সভ্যদের ভ্রমণ করার বিশেষ অসুবিধা রয়েছে সে সম্বন্ধে বিবেচনা করে সংক্ষেপে এই বিল আনা হয়েছে। অন্যান্য রাজ্য সম্বন্ধে আমরা তথ্য সংগ্রহ করেছি, অন্যান্য রাজ্যে ভাল ব্যবস্থা আছে। কিন্তু আপনারা জানেন যে আমাদের পশ্চিমবাংলার আর্থিক অবস্থা অত্যন্ত দুর্বল। সেইজন্য এতদিন পর্য্যন্ত এই অবস্থার মধ্যে আমাদের চলতে হচ্ছে। মাননীয় বিধানসভার সদস্যদের যাতে কাজকর্ম করার জন্য যে সমস্ত অতি প্রয়োজনীয় সুযোগ সুবিধা তা যাতে তাঁরা পান সেই সম্পর্কে সকলের সঙ্গে আলোচনা করে যাতে একটা বিল আনা যায় সে সম্বন্ধে সমস্ত দলের সঙ্গে আলোচনা করে একটা কমপ্রিহেনসিভ বিল যাতে আনা যায় তার ব্যবস্থা করব। আজকে যে সীমাবদ্ধ উদ্দেশ্য নিয়ে এই বিলটা আনা হয়েছে এটাকে সমর্থন করা হোক, এই বলে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Bhabani Mukherjee that the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1978, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 2 and Preamble**

The question that clauses 1 to 2 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Bhabani Mukherjee :** Mr. Speaker, Sir, I beg to move that the Lengal Legislative Assembly (Members' Emeluments) (Amendment) Bill, 1978, as settled in the Assembly, be passed.

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দুটি বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। একটি হচ্ছে উনি বললেন, নর্থ বেঙ্গলের বাসে এম, এল, দের কুপন চালু আছে। কিন্তু আমি তাঁকে জানাচ্ছি যে, সর্ট ডিস্টেন্সের জন্য কুপন নেই। লং ডিস্টেন্সের জন্য কুপন ব্যবস্থা আছে। ২য় কথা হচ্ছে, রেলওয়ে কুপনের ব্যাপারে আমাদের বিধানসভার অনেক টাকা নষ্ট হয় টিকেট রিফাণ্ড করার ব্যবস্থা না থাকার ফলে। অনেক সময় আমরা আগে থেকে রিজার্ভেসন করে রাখি, কিন্তু নানা কারণে এবং বিধানসভার অধিবেশন দীর্ঘ সময় ধরে চলার জন্য অনেক সময় আমাদের প্রোগ্রাম চেঞ্জ করতে হয় বা গাড়ী ধরতে পারি না। তখন কিন্তু আমাদের কুপন রিফাণ্ড দেওয়া হয় না। এর ফলে বিধান সভার অনেক টাকা নষ্ট হয়। কারণ টাকা রিফাণ্ডের ব্যবস্থা নেই। আইডেন্টিটি কার্ডের নং দিয়ে যদি এটা রিফাণ্ডের ব্যবস্থা রাখা যায় তাহলে আমার মনে হয় ভাল হয়।

**শ্রীভবানী মুখার্জী ঃ** উনি যে প্রস্তাব করেছেন সেটা আমি নিশ্চয়ই গভর্নমেন্টের কাছে রাখবার ব্যবস্থা করব।

The motion of Shri Bhabani Mukherjee that the Bangal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1978, as settled in the Assembly be passed, was then put and agreed to.

**32nd Report of the Business Advisary Committee.**

**অধ্যক্ষ মহাশয় ঃ** এখন আমি কার্য উপদেষ্টা কমিটি, অর্থাৎ বিজনেস এ্যাডভাইসারী কমিটির ৩২-তম প্রতিবেদন পেশ করছি। এই সমিতির বৈঠক আজ

৬-টার সময় আমার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। উক্ত বৈঠক ১৩ ডিসেম্বর ১৯৭৮ পর্যন্ত বিধানসভার কার্যক্রম ও সময়-সূচী নিম্নলিখিত ভাবে সূচীত করা হয়েছে।

| | | |
|---|---|---|
| Wednesday—13-12-78 | (i) | The Bengal Smoke-Nuisance (Amendment) Bill, 1978 (Introduction, Consideration and Passing)—1 hour. |
| | (ii) | The West Bengal Legislative Assembly Proceedings (Protection of Publication) Bill, 1978 (Introduction, Consideration and Passing)—1 hour. |
| | (iii) | The West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1978, (Introduction, Consideration and Passing) —½ hour. |
| | (iv) | The West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1978 (Introduction, Consideration and Passing)—1 hour. |
| | (v) | The West Bengal *Bhudan Yagna* (Amendment) Bill, 1978 (Introduction Consideration and Passing)—½ hour. |
| Thursday—14-12-78 | (i) | The West Bengal Fire Services (Maintenance of Discipline) Repealing Bill, 1978 (Introduction, Consideration and Passing)—½ hour. |
| | (ii) | The West Bengal Central Valuation Board Bill, 1978 (Introduction, Consider tion and Passing)—3 hour.s |
| | (iii) | The Motor Vehicles (West Bengal Second Amendment) Bill, 1978 (Introduction Konsideration and Passing) —1 hour, |

(iv) The Calcutta Tramways Company (Acquisition of Undertakings) (Amendment) Bill, (Introduction, Consideration and Passing)—1 hour.

Friday—15-12-78

(i) The Bangabasi Group of Colleges (Taking over of Management) Bill, 1978 (Introduction, Consideration and Passing)—2 hours.

(ii) Motion under rule 185—Notice given by Shri Anil Mukherjee, Shri Achinta Krishna Roy and Shri Subhas Goswami —$2\frac{1}{2}$ hours.

There will be no Calling Attention and Mention Cases on the 14th December, 1978.

**মিঃ স্পীকার ঃ** আমি এখন পরিষদীয় বিভাগের মন্ত্রীমহাশয়কে এই রিপোর্টটি আনুষ্ঠানিকভাবে সভায় পেশ করার জন্য অনুরোধ করছি।

**শ্রীভবানী মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভার কার্য্য-উপদেষ্টা সমিতির ৩২-তম প্রতিবেদনটি যেটা আজ উপস্থাপিত করা হয়েছে সেটা গ্রহণের জন্য সভায় পেশ করছি।

**মিঃ স্পীকার ঃ** আমি ধরে নিচ্ছি এটা গ্রহণে কারোও আপত্তি নেই। অতএব প্রস্তাবটি যথাযথভাবে গৃহীত হলো। আজকে সভার কার্য্য এখানেই মুলতুবী রাখা হচ্ছে। আগামীকাল বেলা ১টার সময় এই অধিবেশন আবার শুরু হবে।

**Adjournment**

The House was then adjourned at 5-42 P. M. till 1-0 P. M. on Thursday the 7th December, 1978, at Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 7th December, 1978, at 1 P. M.

**PRESENT**

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 13 Ministers, 3 Ministers of State, Deputy Ministers and 183 Members.

[ 1-00 – 1-10 P. M. ]

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাত্র চারটি কোয়েশ্চেন আছে, তার মধ্যে একটি কোয়েশ্চেনের মাত্র উত্তর বেল বাজার ৫ মিনিট আগে লাইব্রেরীর টেবিলে দেওয়া হয়েছে। তিনটি আসেনি। প্রতিদিন বেল বাজার কিছু আগে পাওয়া যায়। আপনি দয়া করে গভর্ণমেন্ট—সরকার কে বলবেন কোয়েশ্চেন এ্যানসারটা একটু আগে পাঠালে ভাল হয়। আজকে তো কিছু নেই।

**শ্রীরজনীকান্ত দোলই ঃ** তিনটি হেল্ড ওভার। আমরা টেবিলে গিয়ে দেখেছি একটি মাত্র কোয়েশ্চেন আছে, আর কোন ইনফর্মেশন নেই।

**মিঃ স্পীকার ঃ** আমি পরিষদীয় মন্ত্রী মহাশয়কে বলছি, আমাদের মিনিষ্টারদের নোটিশ করার জন্য, ওঁরা কোয়েশ্চেন উত্তর প্রায়ই স্থগিত রাখছেন। এটা ড্র করার অধিকার যখন আছে, তখন মন্ত্রীমহাশয়দের এ বিষয়ে সচকিত করার জন্য বলছি। চারটি কোয়েশ্চেন স্থগিত আছে।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মন্ত্রীমহাশয়দের চোখে আঙুল দিয়ে দেখিয়ে দেওয়ার জন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

**মিঃ স্পীকার ঃ** যদি মনে করেন মন্ত্রীরা এটা উত্তর দিতে এ্যাভয়েড করছেন হাউসে অপোজিসন তা মনে করতে পারেন, এতে অনেক সময় কাজের অসুবিধা হয় অধিকারটা খর্ব হচ্ছে মনে করতে পারেন। তাই আমি পরিষদীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীভবানী মুখার্জী ঃ** আমি ব্যাপারটা বলব।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র ঃ** এই সেসনে একটাও সর্ট নোটিশ কোয়েশ্চেন হয়নি।

**মিঃ স্পীকার ঃ** আপনাদের জানাচ্ছি, মন্ত্রীমহাশয় বাইরে থাকায় মেনলি হেল্থ মিনিষ্ট্রির উত্তর দিতে পারছেন না।

*157 and *158 held over.

## STARRED QUESTIONS

**( to which oral answers were given )**

### দুর্গাচক কলোনিতে পুনর্বাসনযোগ্য প্লট

*১৫৯। ( অনুমোদিত প্রশ্ন নং *৩৬০। ) **শ্রীশিবনাথ দাস ঃ** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হলদিয়ার অন্তর্গত দুর্গাচক কলোনিতে বর্তমানে পুনর্বাসনযোগ্য খালি প্লট-এর সংখ্যা কত ;

(খ) উক্ত প্লটসমূহের জন্য আবেদনকারীর সংখ্যা কত ;

(গ) তন্মধ্যে কতজনকে উক্ত প্লট দেওয়া সম্ভব হইবে ;

(ঘ) ঐ প্লট অ্যালটমেন্ট-এর নিয়ম কি ; এবং

(ঙ) উক্ত কলোনি উন্নয়নের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী ঃ** দুর্গাচক পূর্ববঙ্গের উদ্বাস্তু বৃন্দের কোনও কলোনী নাই প্রশ্নটির সহিত এই বিভাগের কোন সম্পর্ক নাই।

অতিরিক্ত ঃ বিষয়টি ভূমি রাজস্ব বিভাগের নিয়ন্ত্রাধীন। হলদিয়া পরিকল্পনার জন্য জমি অধিগ্রহণের ফলে যাঁরা বাস্তুচ্যুত হয়েছেন, তাঁদের জন্যই দুর্গাচক কলোনী প্রতিষ্ঠা করা হয়েছে।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন এই কোশ্চেনটা পাবার পর এটা আপনার নয় এটা জেনে আপনি কি এটা ভূমি রাজস্ব মন্ত্রীর কাছে রেফার করেছিলেন ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী ঃ** গতকাল পেয়ে রেফার করেছি।

**শ্রীরজনীকান্ত দোলুই ঃ** হলদিয়া করার সময় যারা বাস্তুচ্যুত হয়েছিলো তাদের জন্য এই দুর্গাচক কলোনী তৈরি হয়েছিলো—সুতরাং এটা কি আপনার বিভাগের অন্তর্গত ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী ঃ** এটা আমার বিভাগের নয়।

## গোকর্ণ ১নং গ্রামে খয়রাতি সাহায্য বণ্টন

*১৬০। ( অনুমোদিত প্রশ্ন নং *৩৭৪। ) **শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** ত্রাণ ও কল্যাণ ( ত্রাণ ) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাম্প্রতিক বন্যায় কান্দী ব্লকে ( মুর্শিদাবাদ জেলা ) গোকর্ন ১নং গ্রাম ( অর্থাৎ অঞ্চল ) সরকারী হিসাব মত কতখানি ক্ষতিগ্রস্থ ; এবং

(খ) সাম্প্রতিক বন্যায় ২৭-এ সেপ্টেম্বরের পর থেকে ২০-এ নভেম্বর পর্যন্ত কি হারে শতকরা লোককে খয়রাতি সাহায্য ( জি আর ) দেওয়া হয়েছে ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী ঃ** (ক) ক্ষতির পরিমাণ সম্বলিত একটি বিবরণী পেশ করা হইল।

(খ) ২৭ শে সেপ্টেম্বর হইতে ২০শে নভেম্বর পর্যন্ত প্রতি সপ্তাহে হারে মাথা পিছু ২ কেজি হিসাবে শতকরা ৬৬ জনকে অর্থাৎ মোট, ১৮৫০০ ইউনিটকে খয়রাতি সাহায্য গম দেওয়া হইয়াছে।

কান্দী ব্লকে গোকর্ণ ১নং অঞ্চলে ক্ষতির পরিমাণ সম্বলিত বিবরণী ঃ

১) ব্লকের নাম ঃ কান্দী

২) গ্রাম পঞ্চায়েতের নাম ঃ গোকর্ণ—১

৩) আক্রান্ত গ্রামগুলির নাম ঃ গোসাইডোর, বাগুল্লা, কুটীরপুর।

৪) আক্রান্ত জনসংখ্যা ঃ ৩৫০০

৫) ক্ষতিগ্রস্ত বাড়ীর সংখ্যা ঃ (১) সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত— ৮৪
(২) আংশিক ক্ষতিগ্রস্ত— ১৫৫
(৩) সামান্য ক্ষতিগ্রস্ত— ১০০

মোট—৩৩৯

৬) ক্ষতিগ্রস্ত বাড়ীগুলির আর্থিক মূল্য—৪,০০০ টাকা

| | | |
|---|---|---|
| ৭) | জীবনহানির সংখ্যা : | × |
| ৮) | বিনষ্ট গবাদি পশুর সংখ্যা : | ১০ |
| ৯) | বন্যায় জড়িত গবাদি পশুর সংখ্যা : | ৭০০ |
| ১০) | উদ্ধারকৃত লোকের সংখ্যা : | ২০০ |
| ১১) | ত্রাণ শিবিরের সংখ্যা : | ১টি গোকর্ন হাইস্কুল। |
| ১২) | ফসল হানির পরিমাণ : | মোট শস্যক্ষেত্রের শতকরা ৩৫ ভাগ |
| ১৩) | জন উপযোগিতামূলক ক্ষতি : (Public Utility Services) | × |

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** ১৮ হাজার ৫০০ কে বলেছেন এটা কি একটা ব্লকের না পার্শ্ববর্ত্তী এলাকার ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী :** না এক এলাকার।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** ৩ হাজার ৫০০ বাড়ি যে ক্ষতিগ্রস্ত হয়েছে এদের ক্ষয়রাতি সাহায্য বাবদ কোন গ্রান্ট দেওয়া হয়েছে কি ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী :** এটা জি, আর এর প্রশ্ন—জি, আর দেওয়া হয়েছে গমে।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র :** এই তালিকা কে করেছে—ব্লক কমিটি না গ্রাম পঞ্চায়েত ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী :** এটা কে তৈরি করেছেন তা কি এর মধ্যে লেখা আছে।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র :** তালিকাগুলি কার উপর তৈরি করার দায়িত্ব ছিলো ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী :** আমাদের কাছে ডিলার রেজিষ্টাররা পাঠান।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র :** গোকর্ন গ্রাম পঞ্চায়েত না খালি গ্রাম ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী :** গোকর্ন এক নং গ্রাম—অর্থাৎ অঞ্চল।

[ 1-10—1-20 P. M. ]

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র ঃ** প্রতি সপ্তাহে কি ১৮ হাজার ৫০০ ইউনিট দেওয়া হয়েছে ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী ঃ** ২৭শে সেপ্টেম্বর থেকে ২০শে নভেম্বর পর্যন্ত দেওয়া হয়েছে তাতে শতকরা লোক সংখ্যার ৬৬ জনকে খয়রাতি সাহায্য দেওয়া হয়েছে।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র ঃ** এখানে লোক সংখ্যা কত ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী ঃ** সেখানে ক্ষতিগ্রস্ত লোক ৩ হাজার ৫০০। ২৭শে সেপ্টেম্বর থেকে ২০ নভেম্বর পর্যন্ত কটা সপ্তাহ মিলে ১৮,৫০০ ইউনিটকে দেওয়া হয়েছে এবং একে ভাগ করলে ক্ষতিগ্রস্ত কত পারসেন্ট সেটা বের হবে।

**শ্রীরজনীকান্ত দোলুই :** ৩ হাজার ৫০০ ক্ষতিগ্রস্থ লোককে কেন জি, আর দিতে পারলেন না ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী ঃ** ১৮,৫০০ ইউনিটকে দেওয়া হয়েছে—৩,৫০০ লোক, তাহলে ১৮,৫০০ ইউনিট তো ৩,৫০০র বেশী।

**শ্রীরজনীকান্ত দোলুই ঃ** শতকরা ৬৬ জন কেন হলো—হানড্রেড পারসেন্ট হলো না কেন ?

( কোন উত্তর দেওয়া হয় নাই )

**মিঃ স্পীকার :** যখন মন্ত্রী মহাশয় বলছিলেন তখন সরকার পক্ষ থেকে অনেকে বলবার চেষ্টা করেন—আপনারা একের পর এক বলুন আপনাদের কি বলবার আছে। সাপ্লিমেন্টারি আছে কিনা বলুন ?

**শ্রীকমল সরকার :** স্যার, সবিনয় নিবেদন ওদের এত আস্কারা দেবেন না।

**শ্রীসুনীতি চট্টরাজ :** মাননীয় সদস্য বললেন যে আপনি আমাদের এত আস্কারা দেবেন না—এটা উনি কোন রাইটে বললেন এটা আমার প্রিভিলেজ।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন ৬৬ পার্সেন্ট লোককে আপনারা জি. আর. দিয়েছেন, আমার প্রশ্ন হচ্ছে এত পার্সেন্ট আগে কোন সরকার সাহায্য করেছেন কি ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী ঃ** না, এত পার্সেণ্ট এর আগে কোন সরকার সাহায্য করেননি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বৃদ্ধ বয়ঃজেষ্ঠ মাননীয় সদস্য যেভাবে বললেন সেটা আপনি লাইটলি নিয়েছেন, কিন্তু আমরা নিতে পারছি না। আপনি যখন চেয়ার থেকে বলেন তখন আমরা ধরে নেব সিরিয়াসলি আপনি বলেছেন, তেমনি উনি যেটা বললেন সেটা সিরিয়াসলি বললেন এবং আমরা মনে করি ওঁর বক্তব্যটা চেয়ারের উপর এ্যাম্পারসান। উনি হেসে হেসে যেভাবে বললেন সভাকে তাতে উনি বলতে পারেন না যে আপনি এপক্ষকে বেশী আস্কারা দিচ্ছেন। আইন মাফিক হাউসে একজন সরকার পক্ষ থেকে মন্ত্রী বললেন তখন আইডেন্টিফাইং হয় না, ইউ আর পারফেক্টলি কারেক্ট ইন আইডেন্টিফাইং অল দিজ থিংগস, কিন্তু সেই সময় উনি আবার বলে উঠলেন আস্কারা এপক্ষকে বেশী দিচ্ছে। এটা চেয়ারের উপর এ্যাম্পারসান। এটা উনি উইথড্র করুন।

**মিঃ স্পীকার ঃ** আপনি প্রোটেষ্ট করেছেন, রেকর্ডেড হয়েছে।

**শ্রীমহম্মদ সোহরাব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ৩৫০০ এ্যাফেক্টেড লোককে জি. আর. দিয়েছেন। হিসাব মত দেখা যাচ্ছে ২৭শে সেপ্টেম্বর থেকে ২০শে নভেম্বর পর্যন্ত সমস্ত এ্যাফেক্টেড লোককে যদি জি. আর. দেন তাহলে ১৮,৫০০ হয় না বেশী হয়। আপনি বলেছেন ৬৬ পার্সেণ্ট অব দি টোটাল পপুলেশান তাদের জি. আর. দিয়েছেন, আপনি যদি সমস্ত এ্যাফেক্টেড লোককে জি. আর. দেন তাহলে ১৮,৫০০ হয় না, তাহলে কোনটা সত্য ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী ঃ** সকলকে জি. আর. দেওয়া হয়েছে।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** আপনি ওভাবে যোগ বিয়োগ করলে ভুল হবে। কারণ এখানে হাফ ইউনিট আছে, ফুল ইউনিট আছে। আপনি, এখানে হাফ ইউনিট আছে, ক্যালকুলেশান দিচ্ছেন ফুল ইউনিটের, ওভাবে গণ্য করলে হবে না, ওর মধ্যে দেখতে হবে কত হাফ ইউনিট আছে।

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এলাকার আমি স্পেসিফিক কোয়েশ্চেন করছি। আপনি যে ক্ষতিগ্রস্তের সংখ্যা দিয়েছেন সেটা তার চেয়ে অনেক বেশী। আপনার কাছে এই রকম কোন সংবাদ আছে কিনা আমার

সঙ্গে গেলে আমি তথ্য দিয়ে প্রমাণ করে দেব যে যেসব সি. পি. এম'-র লোক তাদেরই জি, আর, দেওয়া হয়েছে সেটা সরেজমিনে তদন্ত করতে রাজী আছেন কিনা ?

[ 1-20—1-30 P. M. ]

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী** ঃ মাননীয় সদস্য যেকথা বললেন সেটা অসত্য। আমি ভেরিফিকেসন করে যেটা এনেছি সেটাই সঠিক।

**শ্রীঅতীশচন্দ্র সিনহা** ঃ স্যার, উনি যেটা বললেন তাতে আমি বলছি একটা স্পেসিফিক ডেট দিয়ে আমার সঙ্গে যান তাহলে সেটা সত্য কি অসত্য তা প্রমাণ করা যাবে।

**মিঃ স্পীকার** ঃ এই কোশ্চেনের এ্যানসার হতে পারে না। উউ ক্যান টক উইথ দি মিনিষ্টার, ইউ ক্যান গো টু হিম, দিস্ ক্যা'ন্ট বি এ কোশ্চেন।

**শ্রীবলাইলাল দাসমহাপাত্র** ঃ মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, তিনি বলেছেন ১৮ হাজার ৫০০ ইউনিটকে সেখানে রিলিফ দেওয়া হয়েছে এবং তার মধ্যে ৬৬ পারসেন্টকে দেওয়া হয়েছে এবং ৩৪ পারসেন্টকে বাদ দেওয়া হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে, কোন্ ভিত্তিতে ৬৬ পারসেন্টকে দেওয়া হয়েছে এবং কোন ভিত্তিতে ৩৪ পারসেন্টকে বাদ দেওয়া হয়েছে ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী** ঃ যে জনসংখ্যা এই ব্লকে আছে তার মধ্যে ৩ হাজার ৫০০ লোক এ্যাফেক্টেড আমি এই কথাই বলেছি। ওই ব্লকের সমস্ত লোক ক্ষতিগ্রস্ত নয়। সেখানে ৩ হাজার ৫০০ লোক ক্ষতিগ্রস্ত হয়েছে এবং তাদেরই জি, আর দেওয়া হয়েছে এবং আমরা ১৮ হাজার ৫০০ ইউনিট জি, আর ২৭শে সেপ্টেম্বর থেকে ২০শে নভেম্বর পর্যন্ত দিয়েছি।

**শ্রীরজনীকান্ত দলুই** ঃ মাননীয় মন্ত্রী যেটা বললেন অতীশবাবুর প্রশ্নের উত্তরে ভেরিফিকেশান করে যে রিপোর্ট আপনি পেয়েছেন সেই রিপোর্ট আমাদের কাছে পেশ করেছেন—এই ভেরিফিকেশান কে করেছে দয়া করে জানাবেন কি ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী** ঃ আমি আগেই এর উত্তর দিয়েছি।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** আপনি বলেছেন ৬৬ পারসেন্ট লোককে আপনারা জি, আর, দিয়েছেন, এর আগে এত পারসেন্ট কাউকে দেওয়া হয়নি—আমার প্রশ্ন হচ্ছে যে এত পারসেন্ট রিলিফ দিয়েছেন বলেই আমাদের প্রাক্তন কংগ্রেসী মন্ত্রী ক্ষিপ্ত হয়েই এই প্রশ্ন করছেন কি ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জীঃ** আমি বলতে পারব না, এটা আপনার অপিনিয়ন হতে পারে।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্রঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে ১৭শে সেপ্টেম্বর থেকে ২০ নভেম্বর পর্যন্ত কয়টা উইক হয়, এবং কত উইক-এর জন্য দেওয়া হয়েছে—যদি ৬৬ পারসেন্ট হয় তাহলে তিন হাজার ৫০০ লোকের ৬৬ পারসেন্ট এ ১৮ হাজার ৫০০ ইউনিট হয় কি করে—দয়া করে বলবেন কি ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জীঃ** এই প্রশ্নের উত্তর আমি আগেই দিয়েছি।

**শ্রীসুনীতি চট্টরাজঃ** স্যার, আমি স্পেসিফিক দায়িত্ব নিয়ে বলছি, যারা অভাবী মানুষ, যারা ক্ষতিগ্রস্ত মানুষ তারা চাচ্ছে না। অথচ অভাবী মানুষ নয়, ক্ষতিগ্রস্ত মানুষ নয়, যারা সি. পি. এম-এর সাপোর্টার তারাই রিলিফ পাচ্ছে, দলবাজী হচ্ছে এবং এই দলবাজী মন্ত্রীমহাশয় বন্ধ করবেন কিনা ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জীঃ** অভাবী মানুষ, ক্ষতিগ্রস্ত মানুষ সবাই আমাদের সরকারের পক্ষ থেকে রিলিফ পেয়েছে। কিন্তু দলবাজীটা ওঁদের পক্ষ থেকে হচ্ছে। আমরা রিলিফের ব্যাপারে কোন রাজনীতি দেখিনা, দলবাজী দেখিনা।

**শ্রীঅতীশচন্দ্র সিনহাঃ** মাননীয় মন্ত্রীমহাশয় যেটা বললেন তাতে আমি ওই এলাকার সদস্য হিসেবে বলতে পারি যে এটা সম্পূর্ণ অসত্য কারণ তার পাশের এলাকা পুরন্দরপুর, হিজল সেখানে বন্যা হয়েছিল, সেখানে হানড্রেড পারসেন্ট লোককে কভার করা হয়নি। ওই অঞ্চলে যেহেতু সি, পি, এম-এর অঞ্চল প্রধান নির্বাচিত হয়েছে, সেখানে যাদের পাকাবাড়ী, ৩ তলা বাড়ী তাদের রিলিফ দেওয়া হয়েছে।

( নো রিপ্লাই )

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাসঃ** এই গোকর্ণ গ্রামটা কাঁন্দিতে অবস্থিত। সেখানে একটা প্রবাদ প্রচলিত আছে, গোকর্ণে কে কার মেশো। এই প্রশ্নটা মুর্সিদাবাদের। এখানে সত্য বাপুলি মহাশয়, সুনীতি চট্টরাজ এবং বীরেন মৈত্র সকলেই বলছেন, ওই

এলাকায় সরকারী সাহায্য ব্যাপক ভাবে দেওয়া হয়েছে এবং তার ফলে ওই এলাকার কংগ্রেস একেবারে বিলুপ্ত হয়েছে এবং বিশেষ করে অতীশবাবু বন্যার সময় ওখানে ছিলেন না।

( নো রিপ্লাই )

**অতীশচন্দ্র সিনহা:** স্যার, উনি যেকথা বললেন সেটা সম্পূর্ণ অসত্য। আমাদের কংগ্রেস বিলুপ্ত হয়নি, কেউ বিলুপ্ত হয়নি। আমার অতিরিক্ত প্রশ্ন হচ্ছে মন্ত্রীমহাশয় কি জানেন, ওখানে যখন বন্যা হয় তখন ব্রীজ ভেঙ্গে যায়, রাস্তা ভেঙ্গে যায়, গোকর্ণে সাময়িকভাবে ডিপো তৈরী করে সেখান থেকে খাবার পাঠানোর ব্যবস্থা হয়। কিন্তু যেখানে পাঠাবার কথা ছিল সেখানে সেগুলি না পৌঁছিয়ে ওই গোকর্ণে যাদের ৩ তলা বাড়ী আছে, পাকাবাড়ী আছে তারাই সেটা আত্মসাৎ করে এটা আপনি জানেন কি ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী:** এটা অসত্য।

**শ্রীহবিবুর রহমান:** মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে তাঁর কাছে যে রিপোর্ট আছে সেটা সঠিক। কিন্তু আমি বলতে চাই, ওই এলাকার মাননীয় সদস্য অতীশবাবু বললেন ত্রাণ বিলির ব্যাপার নিয়ে দলবাজী হয়েছে কিন্তু মন্ত্রীমহাশয় বলছেন তাঁর রিপোর্ট ঠিক। যিনি ওই এলাকার লোক তিনি বলছেন এটা অসত্য কথা। সেইজন্য আমি অনুরোধ করছি মাননীয় সদস্যকে সঙ্গে নিয়ে তিনি এই ব্যাপারে তদন্ত করবেন কিনা যে কোনটা ঠিক।

( নো রিপ্লাই )

[ 1.30—1-40 P. M. ]

**মিঃ স্পীকার:** মিঃ হবিবুর রহমান অত্যন্ত গুরুত্বপূর্ণ সাজেশন রেখেছেন, মূল্যবান সাজেশন রাখা যায় কিন্তু প্রশ্ন তো এভাবে করা যায় না।

**শ্রীঅতীশচন্দ্র সিংহ:** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে তাঁকে একটু আগে আমি জিজ্ঞাসা করেছিলাম সাময়িকভাবে রিলিফ ক্যাম্প খোলা হয়েছিল গোকর্ন

হাইস্কুলে, যেখানে সরকারী রিলিফ খোলা হয়েছিল তার পাশেই কো-অর্ডিনেশন কমিটি ক্যাম্প খুলেছিল।

**মিঃ স্পীকার:** What is your question. You are going a statement.

**শ্রীঅতীশচন্দ্র সিংহ:** সেখানে পাউরুটি বিলি করা হয়েছিল তাতে ২৪০ পিস থাকার কথা কিন্তু দেখা গেছে তাতে কোনটিতে ৪০ পিস, কোনটিতে ৫০ পি, এবং সেটাও যে কোয়ালিটির তা অত্যন্ত খারাপ, যেজন্য এই রকম কমপ্লেন করা হয়েছিল, সেটাও ডি এম-এর কাছে জানানো হয়েছিল···( নয়েজ )······

**মিঃ স্পীকার:** দিস ইজ অল্‌সো এ ষ্টেটমেন্ট, আই ডিস-এলাউ ইট।

**শ্রীশচীন সেন:** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে এটা কি সত্য বন্যা যখন হল কান্দি মহকুমার গোকর্ন গ্রামে, ১৮ দিন বাদে মাননীয় সদস্য শ্রীঅতীশচন্দ্র সিংহ সেখানে যখন যান, তখন বন্যাক্লিষ্ট মানুষ হাজারে হাজারে কাল পতাকা তাঁকে দেখিয়েছিল এটা কি ঠিক ?

( নয়েজ : অসত্য, অসত্য )

**মিঃ স্পীকার:** I also disallow this supplementary.

**শ্রীঅতীশচন্দ্র সিংহ:** Sir, I rise on a point of order and also on a point of personal explanation. একটা প্রশ্ন করতে গেলে একটা ষ্টেটমেন্ট না দিয়ে বা ফ্যাক্ট না বলে প্রশ্ন করব কি করে ? আপনিতো ওকালতি করেছেন, এখানে অনেক মাননীয় সদস্য উকালতি করেছেন, আগে একটা ফ্যাক্ট ষ্টেট না করে কি বলব আপনার খবর জানা আছে কি ? যদি উঠে আমি তাই বলি এবং কোন খবর না বলি তাহলে কি উত্তর তিনি দেবেন, সেজন্য কোন্ খবর, সেটা তো বলতেই হবে, ষ্টেটমেন্ট দিতেই হবে, যদি আপনি সে ষ্টেটমেন্ট করতে না দেনতো প্রশ্ন করার কোন মানেই হয় না। Facts must be stated before a question is put. আমি আপনার রুলিং চাইছি, ফ্যাক্টস্ না বলে কি আমি এসেম্বলীতে বলব মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি বলে বসে পড়ব ? ফ্যাক্টস্ না বলে কিসের উপর প্রশ্ন করব ? জানতে চাইছি Wheather we, members of this House, are allowed to state the facts before a specific question is asked during the question hours ?

**শ্রীঅনিল মুখার্জী ঃ** অন এ পয়েন্ট অব প্রিভিলেজ স্যার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদি কোশ্চেন আওয়ারে ডেসক্রিপশন ষ্টেটমেন্ট অব ফ্যাক্টস করেন মাননীয় সদস্যরা, তাহলে অন্যান্য প্রশ্নের উত্তর পাব কি করে? পার্টিকুলার সদস্য যদি ষ্টেটমেণ্ট অব ফ্যাক্টস্ করে যান, তাহলে তো অন্যান্য কোশ্চেনের উত্তর পাব না, ফলে অন্যান্য সদস্যদের যে রাইটস্ এণ্ড প্রিভিলেজেস্ আছে তা নষ্ট হয়। এটাই আমার পয়েন্ট অব প্রিভিলেজ।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** মন্ত্রীমহাশয় কি এইবার জয়ন্তবাবু এবং শচীনবাবুকে নিয়ে গোকর্নে যাবার কথা ভাবছেন?

**মিঃ স্পীকার ঃ** এটা সাপ্লিমেন্টারী হয় না।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মন্ত্রীমহাশয় কি দয়া করে উত্তর দেবেন যে ২৭শে সেপ্টেম্বর থেকে ২২শে নভেম্বর ১৯৭৮ ত্রাণ ব্যবস্থায় অব্যবস্থা এবং দলবাজি এই সম্বন্ধে যে হাজার হাজার অভিযোগ এসেছে সে সম্বন্ধে তদন্ত করেছেন কি?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী ঃ** দলবাজির কোন অভিযোগ কান্দি থেকে আসে নি এবং মাননীয় সদস্য যে কথা বলছেন তা অসত্য এবং দূরভিসন্ধিপ্রসূত।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এর আগে মন্ত্রী মহাশয়কে প্রশ্ন করেছিলেন যে ২৭শে সেপ্টেবর থেকে ২২শে নভেম্বর কয়টা সপ্তাহ বিলি করা হয়েছে। আমি উত্তর পাই নি, উনি উত্তর দেন নি। ২৭শে সেপ্‌টেম্বর থেকে ২২শে নভেম্বর কটা রেশন দেওয়া হয়েছে। সেটা বললে আমাদের পক্ষে বলা সম্ভব হতো। যদি ৬ সপ্তাহ ধরা হয় তাহলে সাড়ে তিন হাজারে ৬ সপ্তাহের রেশন যদি সেণ্ট পারসেণ্ট ধরি তাহলে ২১ হাজার হবে। ৬৬ পারসেণ্ট হলে ১৩ হাজার ৮৬০ হবে। উনি বলছেন ১৮ হাজার ৫০০। কোন অংকে এটা মিললো এটা জানতে চাইছি। আজকে যদি বলতে না পারেন তাহলে অন্যদিন বলবেন যে ৩ হাজার ৫শোর ৬৬ পারসেণ্ট কত হয়।

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী ঃ** নোটিশ দিলে আমি বলবো।

## UNSTARRED QUESTIONS

**( to which written answers were laid on the table )**

### কেলেঘাই পরিকল্পনার ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের অর্থ মঞ্জুর

২৯। ( অনুমোদিত প্রশ্ন নং ৪৪। ) **শ্রীজন্মেঞ্জয় ওঝা:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কেলেঘাই পরিকল্পনায় ক্ষতিগ্রস্থ অধিবাসীদের ঘরবাড়ী অন্যত্র উঠাইয়া লইবার জন্য সিফ্‌টিং চার্জ বাবদ কোন টাকা মঞ্জুর করা হইয়াছিল কি ;

(খ) "ক" প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে,

(১) ঐ টাকার পরিমাণ কত ;

(২) ইহার মধ্যে কত টাকা ৩১এ অক্টোবর পর্যন্ত দেওয়া হইয়াছে এবং কত টাকা দেওয়া বাকী আছে এবং বাকী থাকার কারণ কি ?

**সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) বিশেষ ভূমি অধিগ্রহণ দপ্তর হইতে ঘরবাড়ী তুলিয়া লইবার বাবদ কোন সিফ্‌টিং চার্জ মঞ্জুর করা হয় নাই।

(খ) (১) প্রশ্ন উঠে না।

(২) প্রশ্ন উঠে না।

**চন্দ্রপুরায় ডি ভি সি'র টিউব লিকেজ**

৩০। ( অনুমোদিত প্রশ্ন নং ৮০। **শ্রীসন্দীপ দাস :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ডি ভি সির চন্দ্রপুরায় ব্যাপকভাবে টিউব লিকেজ হচ্ছে ;

(খ) সত্য হইলে—

(১) এই লিকেজের কারণ কি ; এবং

(২) এর প্রতিকারের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**বিদ্যুৎ বিভাগের মন্ত্রীমহাশয় :** (ক) ডি ভি সি-র চন্দ্রপুরায় টিউব লিকেজ হচ্ছে, তবে ব্যাপকভাবে নয়।

(খ) (১) প্রথম কারণ বেশী ছাইযুক্ত নিম্নমানের কয়লা সরবরাহ। দ্বিতীয় কারণ হলো বয়লারের ভিতরে নানা বস্তু জমে থাকায় বয়লার টিউবের যন্ত্রপাতি অতিরিক্ত গরম হয়ে যায়।

(২) উন্নত মানের কয়লা সরবরাহের ব্যাপারে ডি ভি সি কর্তৃপক্ষ কোল ইণ্ডিয়ার সঙ্গে কথাবার্তা চালাচ্ছেন। তারা প্লাটেন ওয়াটার-ওয়াল টিউবগুলি বদল এবং পরিস্কার করিবার ব্যবস্থা গ্রহণ করছেন।

## হুগলী জেলায় রুর‍্যাল লাইব্রেরি

৩১। ( অনুমোদিত প্রশ্ন নং ৯৪। ) শ্রীদেবনারায়ণ চক্রবর্তী : শিক্ষা ( প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলায় রুর‍্যাল লাইব্রেরির সংখ্যা কত ;

(খ) উহার মধ্যে নিয়ম অনুসারে নির্বাচিত কমিটির দ্বারা পরিচালিত লাইব্রেরীর সংখ্যা কত ;

(গ) বর্তমান সরকারের আমলে সরকারী পরিদর্শকগণ উক্ত লাইব্রেরিগুলির মধ্যে কয়টি পরিদর্শন করিয়াছেন ; এবং

(ঘ) উক্ত লাইব্রেরিগুলির কর্মচারীগণ বেতন নিয়মিত পান কি ?

শিক্ষা ( প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার ) বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) ৫২ ( বাহান্ন )।

(খ) ৪৯ ( উনপঞ্চাশ )।

(গ) ৫২ ( বাহান্ন )।

(ঘ) সরকার লাইব্রেরিগুলিকে অনুদান দিয়া থাকেন। কর্মিগণের বেতন দেওয়ার দায়িত্ব লাইব্রেরি কর্তৃপক্ষের।

## গ্রাম বৈদ্যুতিকরণ

৩২। ( অনুমোদিত প্রশ্ন নং ১২০। ) শ্রীসুনীতি চট্টরাজ : বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১লা জুলাই, ১৯৭৭ হইতে ১৯৭৮ সালের ৩১এ অক্টোবর পর্যন্ত পশ্চিমবঙ্গে কতগুলি গ্রামে বৈদ্যুতিকরণ হয়েছে ; এবং

(খ) কতগুলি গভীর নলকূপ এবং নদী হইতে জলোত্তলন প্রকল্পে বিদ্যুৎ সংযোগ করা হয়েছে ?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) ১লা জুলাই, ১৯৭৭ হইতে ১৯৭৮ সালের ৩০এ সেপ্টেম্বর পর্যন্ত পশ্চিমবঙ্গে ৭০২টি গ্রামে বৈদ্যুতিকরণ

হয়েছে। ( কতকগুলি জেলা হইতে ১৯৭৮ সালের অক্টোবর মাসের বিবরণ এখনও পাওয়া যায় নাই। )

(খ) ১লা জুলাই, ১৯৭৭ হইতে ১৯৭৮ সালের ৩০এ সেপ্টেম্বর, পর্যন্ত ৩৮টি গভীর নলকূপ এবং ৩৩টি নদী হইতে জলোত্তলন প্রকল্পে বিদ্যুৎ সংযোগ করা হইয়াছে। ( কতগুলি জেলা হইতে ১৯৭৮ সালের অক্টোবর মাসের বিবরণ এখনও পর্যন্ত পাওয়া যায় নাই )।

### রামপুরহাট থানার বন্যায় ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের অনুদান ও ঋণ প্রদান

৩৩। ( অনুমোদিত প্রশ্ন নং ১৪৯। ) **শ্রীশশাংকশেখর মণ্ডল :** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, রামপুরহাট থানার নিম্নলিখিত গ্রাম ( অঞ্চল ) সমূহে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত অধিবাসীদের সরকার হইতে গৃহনির্মাণ বা গৃহ সংস্কার বাবদে কি হারে ও কত টাকা ও কতজনকে সাহায্য ও ঋণ দেওয়া হইয়াছে—গ্রাম ( ভূতপূর্ব অঞ্চল ): (১) বড়পাল, (২) খরুন, (৩) বুধিগ্রাম, (৪) সাহাপুর, (৫) বিষ্ণুপুর, (৬) মাড়গ্রাম-১, (৭) মাড়গ্রাম-২ ও (৮) চুণীগ্রাম।

**ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় :** কোন গৃহনির্মাণ সাহায্য বা ঋণ এসব গ্রামে এখনও পর্যন্ত দেওয়া যায় নাই, কারণ সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতগুলি হইতে তাহাদের সুপারিশ সহ এ ধরণের ব্যাক্তিদের তালিকা এখন পর্যন্ত পাওয়া যায় নাই।

### রামপুরহাটে শ্রমিকদের ট্রেড ইউনিয়ন-এর অধিকার

৩৪। ( অনুমোদিত প্রশ্ন নং ১৫৫। ) **শ্রীশশাঙ্কশেখর মণ্ডল ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বীরভূম জেলার রামপুরহাট মহকুমার রামপুরহাট শহরের কয়েকটি হাস্কিং মিল, আটা চাকী ও স মিলে কর্মরত শতাধিক শ্রমিকেরা সাপ্তাহিক ছুটি ও ন্যূনতম মজুরী প্রভৃতি বিষয়ে ট্রেড ইউনিয়নের অধিকার হইতে বঞ্চিত ; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত শ্রমিকদের ট্রেড ইউনিয়নের অধিকার দানের বিষয়ে সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিতেছেন কি ?

**শ্রম বিভাগের মন্ত্রীমহাশয় :** (ক) রামপুরহাট শহরের হাস্কিং মিল, আটা চাকী ও স মিলে কর্মরত শ্রমিকরা ট্রেড ইউনিয়ন অধিকার হইতে বঞ্চিত বলিয়া সরকারের কোন তথ্য জানা নাই।

(খ) প্রশ্ন উঠে না।

**Construction of a subsidiary Health Centre in Birbhum**

35. (Admitted question No. 163.) Dr. MOTAHAR HOSSAIN : Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) if it a fact that the Government accorded administrative approval to the work of construction of a Subsidiary Health Centre at Kathia-Edrakpur in Murarai-II Block in the district of Birbhum, and

(b) If so, the present position thereof ?

**Minister for Health and Family Welfare Department :** (a) Yes ;

(b) Construction of all new works remained suspended in 1977 due to paucity of fund. The embargo has since been lifted and the Construction Board Directorate is expected to take up the work soon.

**রামপুরহাট মহকুমায় স্টেডিয়াম নির্মাণ**

৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৮।) শ্রী (ডাঃ) মোতাহার হোসেন : শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রামপুরহাট মহকুমা শহরে একটা স্টেডিয়াম নির্মাণকল্পে বিগত সরকার প্রথম পর্যায়ের কাজের জন্য কিছু অর্থ মঞ্জুর করিয়াছিলেন ;

(খ) সত্য হইলে—

(১) উক্ত মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ কত ;

(২) ৩১শে অক্টোবর, ১৯৭৮ পর্যন্ত কত টাকা খরচ হইয়াছে ;

(৩) স্টেডিয়ামের বাকী কার্য সমাধা করার জন্য আর কত টাকার প্রয়োজন হইবে ; এবং

(৪) প্রয়োজনীয় অর্থ কবে নাগাত পাওয়া যাইবে বলিয়া আশা করা যায় ?

**শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) সরকার ১৯৭৬ সালে এই বাবত টাকা মঞ্জুর করিয়াছিলেন।

(খ) (১) ১ লক্ষ টাকা।

(২) ৮২,০০০ ( বিরাশী হাজার ) টাকা।

(৩) বাকী কার্য সমাধা করার জন্য প্রদত্ত ১ লক্ষ টাকার উপর আরও ১ লক্ষ টাকার প্রয়োজন হইবে।

(৪) অতিরিক্ত প্রয়োজনীয় অর্থের বিষয় আগামী আর্থিক বছরে বিবেচনা করা হইবে।

**আঞ্চলিক পরিবহণ সংস্থায় বেসরকারী সদস্য মনোনয়ন**

৩৭। ( অনুমোদিত প্রশ্ন নং ১৭১। ) **শ্রী (ডাঃ) মোতাহার হোসেন ঃ** স্বরাষ্ট্র ( পরিবহণ ) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলা আঞ্চলিক প্রাধিকারে কিছু বেসরকারী সদস্য আছেন ;

(খ) সত্য হইলে, তাঁহারা কোন রাজনৈতিক দলভুক্ত কি না ;

(গ) 'খ' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, কোন্ কোন্ দলভুক্ত ; এবং

(ঘ) কিসের ভিত্তিতে তাঁহাদের মনোনয়ন দেওয়া হইয়াছে ?

**স্বরাষ্ট্র ( পরিবহণ ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ), (গ) ও (ঘ) ১৯৩৯ সনের মোটরযান আইনের ৪৪ (২) ধারা অনুযায়ী যে কোন ব্যক্তিকে রাজ্য সরকার যোগ্য মনে করিলে আঞ্চলিক পরিবহণ সংস্থার বেসরকারী সদস্য হিসাবে মনোনয়ন করিতে পারেন, যদি সেই ব্যক্তির কোনো পরিবহণ সংস্থা বা ব্যবসায়ে মালিক, কর্মচারী অথবা অন্যভাবে কোন আর্থিক সম্বন্ধ না থাকে। বেসরকারী সদস্যদের যোগ্য বিবেচনা করায় রাজ্য সরকার তাঁহাদের মনোনীত করিয়াছেন। রাজনৈতিক দলভুক্তির কোনো প্রশ্ন এই বিষয়ে প্রাসঙ্গিক নহে।

### বীরভূম জেলায় নব-নির্মিত স্বাস্থ্য সাব-সেন্টারগুলির কার্যারম্ভ

৩৮। ( অনুমোদিত প্রশ্ন নং ১৭২। ) শ্রী (ডাঃ) মোতাহার হোসেন: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলার নন্দীগ্রাম, দাঁতুড়া ও বড়ুয়া-গোপালপুরের স্বাস্থ্য সাব-সেন্টারগুলির নির্মাণের কাজ সম্পন্ন হওয়া সত্ত্বেও সেগুলি এখনও খোলা হয় নি;

(খ) সত্য হ'লে, বিলম্বের কারণ কি; এবং

(গ) কবে নাগাত উক্ত সাব-সেন্টারগুলি খোলা হবে বলে আশা করা যায়?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) নার্সিং কর্মীর অভাব।

(গ) কর্মী পেলেই কাজ শুরু হবে। কর্মী সংগ্রহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

### বন্যাকবলিত জেলাসমূহে চাষের জন্য বলদ, ট্রাক্টর ও বীজ সরবরাহ

৩৯। ( অনুমোদিত প্রশ্ন নং ২১৯। ) শ্রীজয়ন্ত কুমার বিশ্বাসঃ কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বন্যাকবলিত জেলায় চাষের বলদ কেনার জন্য কৃষকদের অনুদান দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কি না;

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে এই অনুদানের পরিমাণ কত ;

(গ) চৈতালী মরশুমে বীজ সরবরাহ করার কোন পরিকল্পনা সরকারের আছে কি না ;

(ঘ) 'গ' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, তাহার জেলাওয়ারী হিসাব কি ; এবং

(ঙ) বন্যাকবলিত এলাকায় সরকারী ট্রাক্টর দিয়ে চাষ করার কোন পরিকল্পনা সরকারের আছে কি না ?

**কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ও (খ) বর্তমানে কৃষকদের বলদ কেনার জন্য কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের অনুদান দেওয়ার পরিকল্পনা নেই। তবে কৃষকরা যাহাতে বলদ ক্রয় করিতে পারে তার জন্য ব্যাঙ্ক হইতে ঋণ দানের ব্যবস্থা হইয়াছে।

(গ) চৈতালী মরশুমে 'মিনিকিট' মারফৎ বিনামূল্যে বীজ সরবরাহ করার পরিকল্পনা আছে।

(ঘ) বিবেচনাধীন আছে।

(ঙ) কোন কোন জেলায় সরকারী ট্রাক্টর ও পাওয়ার টীলারের সাহায্যে বন্যাকবলিত এলাকায় চাষ করা হচ্ছে।

**মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে প্রাপ্ত সাহায্য ও সাহায্যকারীদের তালিকা**

৪০। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৭।) **শ্রীদেবনারায়ণ চক্রবর্তী ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুখ্যমন্ত্রীর ত্রান তহবিলে বিভিন্ন পূজা কমিটি বা ধর্মীয় প্রতিষ্ঠান হইতে কত পরিমাণ অর্থ সাহায্য পাওয়া গিয়াছে এবং তাহাদের নাম কি ?

**মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় ঃ** মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে ২৮এ আগস্ট, ১৯৭৮ হইতে ৩১এ অক্টোবর ১৯৭৮ পর্যন্ত পূজা কমিটি ও ধর্মীয় প্রতিষ্ঠানসমূহ হইতে প্রাপ্ত অর্থের পরিমাণ টাঃ ৩,২৬,৪৫৭·৩৩ পঃ। নামের তালিকা সন্নিবেশিত হইল।

*Statement referred to in reply to unstarred question No. 40 (Admitted question No. 237)*

| Serial No. | Name | Amount |
|---|---|---|
| | | Rs. |
| 1. | Shri Ramkrishna Sarada Ashram, B. B. Sodepur .. | 150.00 |
| 2. | Lake Pally Sarbajanin Durgotsab Committee .. | 101.00 |
| 3. | Secretary, Biswakarma Puja Committee .. | 201.00 |
| 4. | Bidhan Nagar Ramkrishna Vivekananda Kendra .. | 1,001.00 |
| 5. | Parmartha Sadhak Sangha .. | 1,000.00 |
| 6. | Sandersartala Sarbojanin Durgotsab .. | 1,001.00 |
| 7. | Anandamayee Seva Committee .. | 501.00 |
| 8. | Bhangur Ramkrishna Bhakta Sangha .. | 51.00 |
| 9. | Biswakarma Puja Committee .. | 251.00 |
| 10. | Secretary, Ramkrishna Sarada Pith Mandir .. | 31.00 |
| 11. | Biswakarma Puja Committee, Braithwaite Co. Ltd. .. | 2,000.00 |
| 12, | Secretary, Biswakarma Puja Committee, Paikpara Depot, C.S.T.C. .. | 1001.00 |
| 13. | Secretary, Biswakarma Puja Committee, Lake Depot .. | 1,501.00 |
| 14. | Secretary, Biswakarma Puja Committee, Belgharia Depot .. | 1,001.00 |
| 15. | Secretary, Biswakarma Puja Committee, Taratola Depot .. | 501.00 |
| 16. | Secretary, Biswakarma Puja Committee, Manicktala Depot | 501.00 |
| 17. | Secretary, Biswakarma Puja Committee, 1978 .. | 501.00 |
| 18. | Secretary, Biswakarma Puja Committee, Rajya Bidyut Parshad B.C.C.C. .. | 201.00 |
| 19. | Tala Dakshinpally Sadharan Durgatsab Committee .. | 51.00 |
| 20. | Biswakarma Puja Committee, Coal India Ltd. HQ. .. | 101.00 |
| 21. | Konnagor Sakuntala Raksha Kalimata Karya Nirbachak Samity .. | 751.00 |
| 22. | Biswakarma Puja Committee, D. M. Section .. | 201.00 |
| 23. | Biswakarma Puja Committee, Howrah CMDA .. | 501.00 |

| Serial No | Name | | Amount |
|---|---|---|---|
| | | | Rs. |
| 24. | Biswakarma Puja Committee, T.T. Div., South CMDA | .. | 301.00 |
| 25. | Biswakarma Puja Committee, South CMDA | .. | 200.00 |
| 26. | Mukherjeepara Sarbojanin Puja Committee | .. | 25.00 |
| 27. | Biswakarma Puja Committee of Bharat Immunity Lab. | .. | 4,001.00 |
| 28. | I. C. I. V. Puja Committee | .. | 2,100.00 |
| 29. | V. K. Puja Committee | .. | 2,201.00 |
| 30. | Stone Flat Electrical India Viswakarma Puja Committee | | 4,800.00 |
| 31. | Ballygunge Sarbojanin Shyama Puja | .. | 501.00 |
| 32. | Cotton-Mills Puja Committee | .. | 2,000.00 |
| 33. | Viswakarma Puja Committee of Premier Equipment | .. | 200.00 |
| 34. | President, Puja Committee of Pvt. Ltd., a Shop (Blaok-Smith Shop) | .. | 466.85 |
| 35. | Monasatala Puja Committee | .. | 101.00 |
| 36. | Kalipuja Committee | .. | 101.00 |
| 37. | Viswakarma Puja Committee, Oriental Metal India (P) Ltd. | | 93.30 |
| 38. | Viswakarma Puja Committee Police Directorate | .. | 51.00 |
| 39. | Pandua Electric Supply Puja Committee | .. | 201.00 |
| 40. | Khanyan Electric Supply (Em.) Viswakarma Puja Committee | | 101.00 |
| 41. | Phoal Pukur Sarbajanin Durgatsab Committee | | 101.00 |
| 42. | Viswakarma Puja Committee, 1978 | .. | 301.00 |
| 43. | Viswakarma Puja Committee, Khargah Jute Mill | .. | 301,00 |
| 44. | Belghoria P. H. Puja Committee | .. | 21.00 |
| 45. | Viswakarma Puja Committee | .. | 101.00 |
| 46. | Purchase Deptt. Viswakarma Puja Committee, Durgapur | | 182.00 |
| 47. | Lane Durgapuja Committee | .. | 51.00 |
| 48. | Route No. 41 Bus Workers & Owners Viswakarma Puja Committee | .. | 1,001.00 |
| 49. | Abhyudoy Seva Samiti | .. | 250.00 |
| 50. | ELMI Viswakarma Puja Committee | .. | 1,001.00 |
| 51. | Viswakarma Puja Committee, 2/4, Exchange, Calcutta | .. | 101.00 |

| Serial No. | Name | Amount |
|---|---|---|
| | | Rs. |
| 52. | Agamari Puja Samiti .. | 101.00 |
| 53. | Viswakarma Puja Committee of P. W. (Rd.) Department Barasat .. | 501.00 |
| 54. | W. B. S. E. B. Hind Motor Substn. Viswakarma Puja Committee .. | 151.00 |
| 55. | Hindusthan Dev. Corporation Viswakarma Puja Committee | 306.00 |
| 56. | Viswakarma Puja Committee South Subarban Divn. Water Supply CMDA. .. | 111.00 |
| 57. | Viswkarma Puja Committee Staff S. E. Rly. Printing Press | 501.00 |
| 58. | Babcock Wilcock India Ltd. Viswakarma Puja Committee | 301.00 |
| 59. | Viswakarma Puja Committee of VIECCO Lobby Ltd. | 1,667.75 |
| 60. | Graphite India Ltd. Viswakarma Puja Committee .. | 8,344.43 |
| 61. | P I K V Puja Committee .. | 2,201.00 |
| 62. | R B I Employees Viswakarma Puja Committee .. | 151.00 |
| 63. | Sugandha Mandir Sarbojanin Kalipuja Committee .. | 101.00 |
| 64. | Viswakarma Puja Committee, Tisha Project .. | 701.00 |
| 65. | Staff of Sewage Disposal Plant Viswarkarma Puja Committee | 301.00 |
| 66. | Subhaspally Puja Committee .. | 101.00 |
| 66(A). | Subhashpally Puja Committee .. | 101.00 |
| 67. | Secretary, Viswakarma Puja Committee, Food Corporation of India. .. | 101.00 |
| 68. | Viswakarma Puja Committee .. | 101.00 |
| 69. | Puja Committee, office of Assistant Engineer, P. W. (O) Department .. | 201.00 |
| 70. | Viswakarma Puja Committee of the I.O.W. (CMS). E. Rly., Burdwan .. | 101.00 |
| 71. | Viswakarma Puja Samity, Unit-2 .. | 1,800.00 |
| 72. | Viswakarma Puja Committee of the Laid off workers of Bird (P.E.D.) Foundry. .. | 213.00 |
| 73. | AE, CSDKI, CD-I. CC-III, Malda W.B.S.E.B. Viswakarma Puja Committee .. | 68.00 |

| Serial No | Name | Amount |
|---|---|---|
| | | Rs. |
| 74. | Sri Sukumar Hazra, Viswakarma Puja Comm., Gopalpur Pipe-water Supplies Schemes, Burdwan. | 101.00 |
| 75. | Salashar Path Sarbojonin Durgotsab Committee .. | 101.00 |
| 76. | Sarbojonin Puja Committee .. | 101.00 |
| 77. | Viswakarma Puja Committee .. | 51.00 |
| 78. | Sri Ajambar Panda, Secretary, Biswakarma Pu; : Committee Keshpur Elec. Office, Midnapore. .. | 303.00 |
| 79. | Viswakarma Puja Committee, Bhandarhati. .. | 201.00 |
| 80. | Viswakarma Puja Committee, M's Indian National Diesel Eng. Co. Ltd. .. | 115.00 |
| 81. | Viswakarma Puja Committee, Durgapur State Transport | 2,551.00 |
| 82. | N.B.S.T. Viswakarma Puja Committee .. | 501.00 |
| 83. | Secretary, Sarbojonin Jagadhatri Puja Samity .. | 501.00 |
| 84. | Secretary, Viswakarma Puja Committee, 1978, Burdwan P.H. Engg. Divn. .. | 501.00 |
| 85. | Sri A. K. Ghosh, President, Viswakarma Puja Committee, 1978, Head Works Divn. No. I., FBP, Murshidabad. .. | 431.00 |
| 86. | Bongaon Group Supply W.B.S.F Viswakarma Puja Committee | 501.00 |
| 87. | Viswakarma Puja Committee, Chbrid India Ltd. .. | 1,001.00 |
| 88. | Viswakarma Puja Committee, Allied Resins and Chemicals | 1.001.00 |
| 89. | Viswakarma Puja Fund, Office of the Asstt. Engineer, Hooghly | 401.00 |
| 90. | Vidyasagar Cheritable Society .. | 1,001.00 |
| 91. | Viswakarma Puja Committee, Indian Oxygen Ltd. Equipment | 8,001.00 |
| 92. | R. K. Sanskriti Parishad .. | 31.00 |
| 93. | F.I.C. and I.C.L. Viswakarma Puja Committee .. | 2,001.00 |
| 94. | Viswakarma Puja Committee, Dairy Factory, Quality Control and Purchase. .. | 801.00 |
| 95. | Viswakarma Puja Committe, South, and Central Sections, M.T.R. (R). .. | 2,425.00 |
| 96. | Ramkanaitala Sarbojonin Durgotsab Samity .. | 101.00 |

| Serial No. | Name | | Amount |
|---|---|---|---|
| | | | Rs. |
| 97. | Viswakarma Puja Committee, Bengal Ingot Co. Ltd | | 3,001.00 |
| 98. | Raja Bagan Durgotsab Committee | .. | 151.00 |
| 99. | Barabazar Durgotsab Committee | .. | 501.00 |
| 100. | Sri Ramkrishna Day Students' Home | .. | 516.40 |
| 101. | Viswakarma Puja Committee, Chandannagar Municipality | | 101.00 |
| 102. | Glaxo Viswakarma Puja Committee | .. | 253.00 |
| 103. | Viswakarma Puja Committee Jessop and Co. Ltd. Works Machine shop. | .. | 101.00 |
| 104. | Patra Dakshinpara Barawari Puja Committee | .. | 501.00 |
| 105. | Viswakarma Puja COmmittee Fitting and Machine Shop | | 151.00 |
| 106. | Barabazar Durgotsab Sarbojonin Committee | | 4,600.00 |
| 107. | Viswakarma Puja Committee P.B.R. Talgur Silpi S. Mohasangha | .. | 205.00 |
| 108. | G.E.C. India Ltd., AEI Works Viswakarma Puja Committee | | 5,001.00 |
| 109. | Viswakarma Puja Committee Rajabagan Dockyard | | 1,501.00 |
| 110. | Pallysree Sarbojonin Durgotsab Committee | .. | 501.00 |
| 111. | Mrs. Shop Biswakarma Puja Comm. Eaeter Rly. | .. | 1,001.00 |
| 112. | Dunlop Engg. Deptt. Biswakarma Puja Comm. Sahaganj Hooghly. | .. | 1,001.00 |
| 113. | Biswakarma Puja Committee, Mahananda Embankment Sub-Divn. No. 1 Bhaluka, Malda. | | 501.00 |
| 114. | Murari I Block Biswakarma Puja Committee, Birbhum | | 151.00 |
| 115. | Shri Kanailal Bose, Secy., Biswakarma Puja Committee | | 201.00 |
| 116. | Secretary, Biswakarma Puja Committee, Irrigation Department, Raiganj. | .. | 101.00 |
| 117. | Secretary, Marawari Seva Samity, Banurhati, Jalpaiguri | | 2,366.00 |
| 118. | Secretary, Biswakarma Puja Committee, English Bazar Fire Station, Malda. | .. | 501.00 |
| 119. | Central Methodist Church (Hindusthani) | .. | 151.00 |
| 120. | Biswakarma Puja Committee, Calcutta | .. | 501.00 |

| Serial No. | Name | Amount |
|---|---|---|
| | | Rs. |
| 121. | Lakshmipur Swamiji Seva .. | 145.00 |
| 122. | Shri Biswakarma Puja Comm. Hospital Electric Department | 543.88 |
| 123. | Biswakarma Puja Committee Fitting Department MANC, Durgapur-10. .. | 100.00 |
| 124. | Biswakarma Puja Committee, Cal-53 .. | 1,001.00 |
| 125. | Karmacharibrinda State Helth Organization of behalf of Biswakarma Puja Committee. .. | 3,051.00 |
| 126. | C.T.C. Nonapukur Biswakarma Puja Comm. Ca l .. | 901.00 |
| 127. | Molins Recreation Club on behalf of Biswakarma Puja Committee .. | 700.00 |
| 128. | Biswakarma Puja Committee Bisco Lowrie Co. Ltd. | 805.00 |
| 129. | G.S.M. Motor Workers Deptt. Biswakarma Puja Committee | 30.00 |
| 130. | Das Reprographi's (B. P. Comm. Engg. Silpa Sramik Union) Calcutta-53. .. | 1,500.00 |
| 131. | Teelamit India Biswakarma Puja Comm. Behala | 1,001.00 |
| 132. | Srikrishna Charitable Trust .. | 251.00 |
| 133. | Gondalpara Jute Mill Durgapuja Samity .. | 5,000.00 |
| 134. | Telipara Sarbojonin Durgatsab Committee .. | 100.00 |
| 135. | Biswakarma Puja Committee Agri. Mechanical Wings, Malda .. | 1,151.00 |
| 136. | Secretary, Balaka Samaskriti Chakra Bhachurdata. Sarbajonin Puja Committtee | 201.00 |
| 137. | Belgachia Sadharan Durgotsab and Pradarshava | 1,000.00 |
| 138. | Birati Coal Centre, Biswakarma P. Committee | 501.00 |
| 139. | Hela Harijan Seva Samity .. | 201.00 |
| 140. | Sripally Durgotsab Fishery Co-op. Society .. | 501,00 |
| 141. | Hatkhola Gossaipara Sarbojonin Durgotsab .. | 101.00 |
| 142. | Hatkhola Sarbojonin Durgotsab .. | 51.00 |
| 143. | Jaidevpuja Committee .. | 1,001.00 |
| 144. | Beniatala Sarbojonin Durgotsab .. | 101.00 |

| Serial No. | Name | | Amount |
|---|---|---|---|
| | | | Rs. |
| 145. | Nandaram Sur St. Sarbojonin Durgotsab Committee | | 101.00 |
| 146. | Domjur Sarbojonin Durgotsab Committee | .. | 101.00 |
| 147. | Kalyan Samity Durgotsah Puja Committee | .. | 301.00 |
| 148. | Deshapriya Nagore Purbasthali Durgapuja Committee | | 1,057.03 |
| 149. | Basudevpur New Colony Sarbojonin Durgapuja Committee | | 80.00 |
| 150. | Deshapriya Nagore Sarbojonin Pujautsab Committee | | 51.00 |
| 151. | D. P. Nagore Akalbodhan Puja Committee | .. | 11.00 |
| 152. | Biswakarma Puja Committee | .. | 131.00 |
| 153. | Biswakarma Puja Committee | .. | 90.00 |
| 154. | Biswakarma Puja Committee | .. | 21.00 |
| 155. | Biswakarma Puja Committee | .. | 11.00 |
| 156. | Betarpally Sarbojonin Durgotsab Samity | .. | 201.00 |
| 157. | Udayan Club Durgotsab Committee | .. | 151.00 |
| 158. | 10th Pally Sadharan Durgotsab | .. | 31.00 |
| 159. | Belgachia (Kendra) Sarbojonin Durgotsab Committee | | 201.00 |
| 160. | Uttar Calcutta Sarbojonin Durgotsab Committee | | 101.00 |
| 161. | Shibshankar Adi Sarbojonin Durgotsab Commsttee | | 75.00 |
| 162. | Adi Shyambazar Sarbojonin Durgotsab Committee | | 101.00 |
| 163. | S.D. Puja Committee Eatserly | .. | 509.00 |
| 164. | 29th Pally S. D. Puja Committee | .. | 601.00 |
| 163. | Durgapuja Committee, C.I.T. | .. | 1,001.00 |
| 166. | Lights Welfare Asson. Puja Committee | .. | 361.00 |
| 167. | Girish Bidyaratna Lane Durgapuja Committee | .. | 525.00 |
| 168. | Biswakarma Puja Committee, C.L.W. Howrah | .. | 135.00 |
| 169. | L.I.G.D. Tenants Durgapuja Cymmittee, Behala Housing Estate | .. | 101.00 |
| 170. | Kalipark Sarbojonin Durgotsab Committee 24-Pargs | | 101.00 |
| 171. | Biswakarma Puja Committee Burdwan University Divn. and Sub-divn. I and II Coms Bd. | .. | 401.00 |
| 172. | Khamarpara Sarbojonin Durgotsab Committee, Hooghly | | 101.03 |

| Serial No. | Name | | Amount |
|---|---|---|---|
| | | | Rs. |
| 173. | Beloon Hempakali Barawari Durgotsab, Hooghly | | 101-00 |
| 174. | Dunlop Sarbojonin Puja Committee (Old), Sahaganj | | 101.00 |
| 175. | Biswakarma Puja Committee, 73 A. B. Banerjee Lane | | 62.00 |
| 176. | Garden Seva Sangshad | .. | 201.00 |
| 177. | Viswakarma Puja Committee State Dairy, Durgapur | .. | 850·00 |
| 178. | Viswakarma Puja Committee Kirloskar Co. Ltd. | .. | 429·00 |
| 179. | Maheshpal Lane Puja Committee | .. | 501·00 |
| 180. | Einestine Avenue Durgapur Comm. Durgapur | .. | 2,001·00 |
| 181. | Viswakarma Puja Committee Alliance Jute Mills (Jessons) Pvt. Ltd. 24-Parganas. | .. | 201·00 |
| 182. | Viswakarma Puja Committee Shantipur Municipality, Nadia | .. | 101·00 |
| 183. | Jagatballavpur Sarbojonin Durgotsab Camm. Howrah | .. | 101·00 |
| 184. | Nandan Kanan Sarbojonin Durgotsab Comm. Hindmotor, Howrah. | .. | 501·00 |
| 185. | Viswakarma Puja Committee Jaynagore SFB | .. | 151·70 |
| 186. | SISI TI Sarbojonin Durgotsab Comm. Behala | .. | 101·00 |
| 187. | Sindhipark Sarbojonin Durgotsab Comm. Cal-29 | .. | 501·00 |
| 188. | Dinhata Modan Mohanbari Puja Committee | .. | 501·00 |
| 189. | Dinhata Balarampur Puja Committee | .. | 201·00 |
| 190. | Dinhata Saheed Corner Puja Committee | .. | 51·00 |
| 191. | Dinhata Station Phonpath Rangpur Puja Comm. | .. | 51·00 |
| 192. | Gosani Puja Committee | .. | 101·00 |
| 193. | Dinhata College Puja Committee | .. | 301·00 |
| 194. | Babupara Puja Committee | .. | 601·00 |
| 195. | Viswakarma Puja Committee, Education Deptt., Writers' Buildings | .. | 51·00 |
| 196. | Nungy Stationpally Sarbojonin Durgotsab Puja Committee | | 101·00 |
| 197. | Mahesh Colony Puja Committee, Hooghly | .. | 301·00 |

| Serial No. | Name | | Amount |
|---|---|---|---|
| | | | Rs. |
| 198. | Suktra Sangha Sarbojonin Durgapuja Committee | .. | 101.00 |
| 199. | Chairman, Sarbojonin Durgapuja Committee. 26/26 Dum Dum Road. Calcutta-2 | .. | 1,101·00 |
| 200. | Ultadanga Railway Colony Puja Committee | .. | 501·00 |
| 201. | Pratapgarh Sarbojonin Durgotsab Committee | .. | 301·00 |
| 202. | Ghatakpara Sarbojonin Durgotsab Committee | .. | 101·00 |
| 203. | Biswakarma Puja Committee, Asansol Electric Divn., Asansol Polytechnic | .. | 101·00 |
| 204. | Amarpur S.D.P. Committee | .. | 101·00 |
| 205. | Gapinathpur Sarbojonin Durgapuja Comm. Hooghly | .. | 51·00 |
| 206. | Viswakarma Puja Committee R.C. Lab | .. | 15·00 |
| 207. | Viswakarma Puja Committee, B.E. College | .. | 101·00 |
| 208. | Employees of SFW Mahinagore Substation from Viswarkama Puja Festival. | .. | 151·00 |
| 209. | Viswakarma Puja Comm. of Braithwaite Buran and Jessop Construction Co. Ltd. | | 90.00 |
| 210. | Basudevpur Sarbojonin Durgotsad Committee | .. | 201.00 |
| 211. | Ekbalpur Sarbojonin Durgotsab Samity, Cal-23 | .. | 501.00 |
| 212. | Karkhana Sangha Shyamapuja Fund, Howrah | .. | 301.00 |
| 213. | Rabindranagore Sarbojonin Durgotsab Comm., Cal-49 | .. | 151.00 |
| 214. | Uttar Salkia Babudanga Mistripara Sarbojonin Durgotsab Committee. | | 501.00 |
| 215. | Chetla C.P.C. Staff Qtr. Durgapuja Comm. | .. | 201.30 |
| 216. | U.B. Colony Sarbojonin Durgapuja Comm., Cal 35 | .. | 1,201.00 |
| 217. | Singha Bahini Club Durgapuja Comm., Howrah-1 | .. | 101.00 |
| 218. | Sarbojonin Sibani Archanai Satadal, Cal-6 | .. | 551.00 |
| 219. | Maitra Sangha Durgapuja Committee | .. | 1,001.00 |
| 220. | Friends Assocn. Sarbojonin Durgapuja Comm., Cal-36 | | 1,001.00 |
| 221. | 35 Pally Sarbojonin Durgapuja Comm. (organised by Milan Sangha) | .. | 1,251.00 |

| Serial No. | Name | | Amount Rs. |
|---|---|---|---|
| 222. | Cossipur Sarbamangala Saradia Puja Committee | .. | 201.00 |
| 223. | Cossipore Kalyan Sevadal Durgapuja Comm. | .. | 401.00 |
| 224. | Jheel Road Estate Puja Committee, Cal-2 | .. | 801.00 |
| 225. | Cossipur Rly. Qr. Sarbojonin Durgapuja Comm. | .. | 51.00 |
| 226. | Tarundal Durgapuja Committee | .. | 501.00 |
| 227. | Kumargali Sarbojonin Durgapuja Samiti | .. | 101.00 |
| 228. | Mominpur Tarun Sangha Sarbojonin Durgapuja Comm. | | 501.00 |
| 229. | Cossipore Sarbojonin Durgapuja (by Saptapadi Sangha) | | 101.00 |
| 230. | Cossipore Sarbojonin Durgapuja Samity | .. | 51.00 |
| 231. | Santikhthir Sarbojonin Durgapuja Samity, Hoogly | .. | 101.00 |
| 232. | Patra Uttarpara Barwari Puja Committee | .. | 101.00 |
| 233. | Bestobell (I) Ltd. Viswakarma Puja Comm. Cal-27 | .. | 281.00 |
| 234. | Bhangur Cossipore United Youth Club Sarbojonin Durgapuja Committee. | | 221.00 |
| 235. | Acharyya Bari Puja Fund | .. | 50.00 |
| 236. | Janakalyan Samiti Sarbojonin Durgapuja Comm. | .. | 101.00 |
| 237. | Central Sinthi Sarbojonin Durgapuja Comm. | .. | 101.00 |
| 238. | Durgapuja Comm, of New Rly. Colony, Park St., Ranaghat | | 251.00 |
| 239. | Sarbojonin Puja Comm., Debipur, Chandrapur Tarun Sangha | | 107.00 |
| 240. | Natone Colony Sarbojonin Durgapuja Comm. | .. | 101.00 |
| 241. | Viswakarma Puja Comm. Howrah Spl. Rds. Div. CMDA | | 695.00 |
| 242. | Shri Ramkrishna Pathagar | .. | 101.00 |
| 243. | S.D. Harisahar Kona Colony, 24-Parganas | .. | 501.00 |
| 244. | Madhya Natagar Sarbojonin Durgapuja Comm., 24-Parganas | | 101.00 |
| 245. | Members of Puja Comm. of Cossipore Divn. Bldgs. | .. | 201.00 |
| 246. | Neogipara Sarbojonin Durgapuja Samiti | .. | 1,001.00 |
| 247. | Durgapuja Committee organised by Aikyasan | .. | 101.00 |
| 248. | Viswakarma Puja Committee, Calcutta | .. | 301.00 |
| 249. | Bidhangarh Sarbojonin Durgapuja Comm. | .. | 501.00 |
| 250. | Dakshinpalli Sarbojonin Durgapuja Comm., Behala | .. | 2,001.00 |

| Serial No. | Name | Amount Rs. |
|---|---|---|
| 251. | Nabanagar Sarbojonin Durgapuja Samity, Cal-32 | 201·00 |
| 252. | Natan Palli Sarbojonin Durgapuja, Kher, Bombay | 5,000·00 |
| 253. | Ghutia Bazar Sarbojonin Durgapuja Samity, Hooghly | 501·00 |
| 254. | Lichutala Jagadhatri Barwari Puja Comm. Chandernagore | 1001·00 |
| 255. | Burnpur Town Puja | 1001·00 |
| 256. | Bidhan Park Puja Committee, Cal-50 | 101·00 |
| 257. | Talpukur Nutanpara Sarbojonin Durgapuja Comm., Nadia | 251·00 |
| 258. | Viswakarma Puja Comm., Khatra, Kansabati | 101·00 |
| 259. | Halisala Sarbojonin Puja Comm., Dignagar, Nadia | 101·00 |
| 260. | Garnaharitala Sarbojonin Durgapuja Comm., Nadia | 101·00 |
| 261. | Sarbojonin Durgapuja Comm., Lumding, Assam | 51·00 |
| 262. | D.P.L. Chemical Laboratory Viswakarma Puja Comm. | 85·00 |
| 263. | Gandhi Colony Central Puja Committee | 301·00 |
| 264. | Maynadanga Sarbojonin Puja Comm., Hooghly | 251·00 |
| 265. | Haringhata Farm Divn. Viswakarma Puja Comm. | 201·00 |
| 266. | Falguni Abason Durgapuja Comm., Salt Lake | 305·00 |
| 267. | Gazipur Puja Comm., 24-Parganas | 51·00 |
| 268. | Srimanipura Sarbojonin Durgapuja Comm., Cal-36 | 101·00 |
| 269 | Viswakarma Puja Comm., CIF, Durgapur | 351·00 |
| 270. | Viswakarma Puja Fund Ganga Anti-Eros on Recreation Club, Murshidabad. | 101·00 |
| 271. | Khardah Thana Road Panchanantola Durgapuja Comm. | 501·00 |
| 272. | Surbazar Barwari Puja Comm., Ichapur | 101·00 |
| 273. | Viswakaarma Puja Comm. of Steel & Allied Product Factory No. 1, Calcutta-23. | 2,251·00 |
| 274. | Viswakarma Puja Comm. of Hindusthan Aeronautics Limited, Barrackpur. | 401·00 |
| 275. | Viswakarma Puja Comm., W.B.S.E.B., Raninagar | 185·00 |
| 276. | Viswakarma Puja Puja Comm. of Bandel Thermal Power Station Control Spare. | 101·00 |
| 277. | Apiritala Sarbojonin Durgatsab Samity | 501·00 |

| Serial No. | Name | Amount Rs. |
|---|---|---|
| 278. | Bagbazar Sarbojonin Durgotsab and Exhibition | 2,001·00 |
| 279. | Bharat Matha Puja Comm. Bejoygarh, Cal-32 | 501·00 |
| 280. | Sarbojonin Durgapuja Comm., Milan Samity, Midnapore | 151·00 |
| 281. | Mohta Charitable Trust, Calcutta-1 | 1,001·00 |
| 282. | Motijheel Sarbojonin Durgapuja Comm., Dum Dum | 1,001·00 |
| 283. | Chakrabortypara Sarbojonin Durgapuja Comm., Hooghly | 101·00 |
| 284. | Sarbajanin Durgapuja, Bansberia | 151·00 |
| 285. | Goswamipara Sarbajanin Durgapuja, Serampore | 501·00 |
| 286. | Viswakarma Puja Comm. Hooghly, Chinsurah Elec. Supply, WBSEB | 1,001·00 |
| 287. | Sri Sri Radharanilata Sevak Sangha, Shillong-3 | 101·00 |
| 288. | Sarbojonin Durgapuja Comm., Nasik | 5,000·00 |
| 289. | Rly. Sarbojonin Durgapuja Comm., Dimapur, Nagaland | 1,001·00 |
| 290. | President, Mibarzarpally Durgapuja Comm. | 101.00 |
| 291. | General Secretary, Durgapuja Committee, D.N.K. Colony | 101·00 |
| 292. | Sree Mahubir Sihan Samity, Asansol | 500·00 |
| 293. | Jubilee Club, Durgapuja Comm. Birpara, Jalpaiguri | 201·00 |
| 294. | Sri Arobinda & Other Disciples, Contai | 33·00 |
| 295. | Welding Shop No. 6 Durgapuja Fund, S.E. Rly Workshop, Kharagpur. | 70·00 |
| 296. | Laxminarayan Road, Durgapuja Comm., Dum Dum Cantt. | 101·00 |
| 297. | Sri S. R. Maitra, Secy., Modhyapalli Sarbojonin Durgapuja, Durgapur. | 301·30 |
| 298. | Employees of Durgapuja and Viswakarma Puja Comm., Durgapur. | 101·00 |
| 299. | Raly. Sarbajonin Durgapuja Comm., Dimapur, Nagaland | 1,001·00 |
| 300. | President, Mirvazarpally Durgapuja Comm. | 101·00 |
| 301. | General Secy., Sarbajonin Durgapuja Comm., D.N.K. Colony | 101·00 |
| 302. | Sree Mahabir Sihan Samity, Asansol | 500·00 |
| 303. | Jubilee Club Durgapuja Comm., Jalpaiguri | 201.00 |
| 304. | Shri Arobinda & Other Disciples, Contai | 33·00 |

| Serial No. | Name | Amount Rs. |
|---|---|---|
| 305. | Welding Shop No. 6 Durgapuja Fund, S.E. Rly. Workshop, Kharagpur. | 70·00 |
| 306. | Laxminarayan Rd. Durgapuja Comm., Dum Dum Cantt. | 101·00 |
| 307. | Shri S, R. Maitra, Secy., Modhyapalli Sarbajonin Durgatsab, Durgapur | 301·00 |
| 308. | Employees of Durgapur Steel Plant Viswakarma Puja Committee, Durgapur. | 101·00 |
| 309. | Inland Water Transport Wing Viswakarma Puja Committee, Calcutta-23 | 501·00 |
| 310. | Madhya Calcutta Biswakalyan Sarbojonin Durgapuja Samity, Calcutta-6 | 201·00 |
| 311. | Sarbajonin Durgapuja Committee, Subhaspalli, Chandernagore | 201·00 |
| 312. | Nadia Mills Lichubazar Durgapuja Comm. (North gate), Naihati | 251·00 |
| 313. | Nadia Mills Lichubazar Durgapuja Comm. (South gate) Naihati | 510·00 |
| 314. | Tilakpalli Sarbojonin Durgapuja Comm. B. Zone, Durgapur-5 | 1,401·00 |
| 315. | Mahajatinagore Sarbojonin Durgapuja Comm., Agarpara | 201·00 |
| 316. | Durgapuja Comm., Tarapukur Genl. Qrs., Serampore | 501·00 |
| 317. | Sarbojanin Durgapuja Comm., J. N. Lahiri Road, Hooghly | 501·00 |
| 318. | Amra Sahai 5 & 6 Palli Jagadhatri Palli Puja Comm. | 101·00 |
| 319. | Nehrunagore Colony D. P. Comm., Hooghly | 101·00 |
| 320. | Banga Laxmi Cotton Mills Weaving Deptt. Viswakarma Puja Committee. | 101·00 |
| 321. | Banga Laxmi Durgapuja Comm. | 501·00 |
| 322. | Kalitala Durgapuja Samity, Serampore | 151 00 |
| 323. | New Athelatic Club W. B. Social Welfare Durgapuja Committee, Bhadreswar. | 101·00 |
| 324. | New Trafic Colony Durgapuja Comm., Andal | 501·00 |
| 325. | Circus Maidan Asson. Puja Comm., Kanchrapara | 301·00 |

| Serial No. | Name | Amount Rs. |
|---|---|---|
| 326. | Sabuj Sangha Durgapuja Comm., Pandua | 101·00 |
| 327. | Sarbojanin Durgapuja Committee, Haringhata | 501·00 |
| 328. | Chauddarpalli S. Puja Committee, Birati | 201·00 |
| 329. | Viswakarma Puja Comm. 1978, Housing Elec. Sub-Divn. No III V, Entally. | 4,555·00 |
| 330. | Viswakarma Puja Comm. Engg. Staff. Central Dairy Engg. Section, Calcutta-37. | 701·00 |
| 331. | Shastri Seva Sadhan, Bansberia | 101·00 |
| 332. | Panpur Barawari Durgapuja Comm., 24-Parganas | 201·00 |
| 333. | Milonpalli Sarbojanin Durgapuja, Hooghly | 51·00 |
| 334. | Viswakarma Puja Comm., Electric Supply, Basirhat | 510·00 |
| 335. | Clothing Factory Durgapuja Comm., E. Rly., Howrah | 20·00 |
| 336. | Jhaljhala Barrack Colony Durgapuja Comm., Malda | 101·00 |
| 337. | R. R. Hazarimal Trust Fund, Calcutta | 501·00 |
| 338. | Gosaba Sarbojanin Durgapuja Committee | 101·00 |
| 339. | Shri Shri Ramkrishna Sangha, Lakhimpur | 420·00 |
| 340. | P.W.D. Recreation Club, Viswakarma Puja Committee, 1778, Cooch Behar. | 131·00 |
| 341. | Babupara Durgapuja Committee, Alipurduar | 251·00 |
| 342. | Hooghlyghat Sarbojanin Durgapuja Committee | 101·00 |
| 343. | Jessop Structural Stores Viswakarma Puja Committee, Calcutta-30 | 101·00 |
| 344. | Viswakarma Puja Committee, Settlement Hq. Cooch Behar | 112.30 |
| 345. | Sarbojanin Durgapuja Committee, N. B. Nagore | 201·00 |
| 346. | South 24-Parganas, Hariharpur Hospitalpara, Sarbojanin Durgapuja Committee. | 101·00 |
| 347. | Bidhan Sangha Puja Committee, Calcutta-67 | 151·00 |
| 348. | Kalyani Ind. Housing Estate, B.L.D. Durgapuja Committee Kalyani. | 501·00 |
| 349. | Viswakarma Puja Committee, Gouripur Power House Electric Control Room. | 101·00 |
| 350. | Management and Employees of Mogra Cinema Viswakarma Puja Committee, | 51·00 |

| Serial No. | Name | Amount Rs. |
|---|---|---|
| 351. | Madhya Jadavpur Sarbojanin Durgapuja organised by Yuba Bani Sangha, Narikeldanga. | 501·00 |
| 352. | Birindiha Sarbojanin Durgapuja Committee, Burdwan | 201·00 |
| 353. | Lalbagan Puja Samity, Chandernagore | 51.00 |
| 354. | Babu Block Last Railway Qrs. Durgapuja Committee, Kanchrapara. | 251·00 |
| 355. | Ramkrishna Upanibesh Sarbojanin Durgapuja Committee, Jadavpur. | 200·00 |
| 356. | Piyarabazar Sarbojanin Durgapuja Committee, Konnagore | 51·00 |
| 357. | Durgapuja Comm. 1978 (Netaji Subhas Sangha), Barrackpore | 251·10 |
| 358. | Sutarmall Sarbojanin Durgapuja Committee, Berhampore | 101.00 |
| 359. | Mankumari Road Sarbojanin Durgapuja Committee, Berhampore. | 51·00 |
| 360. | Maharani Sarnamayee Road Sarbojanin Durgapuja Committee, Berhampore. | 151·00 |
| 361. | Durgapuja Committee Prafullanagore Paschimpara, Belghoria | 201·00 |
| 362. | Laxmipuja Committee, Tarun Thirtha, Creek Row, Calcutta-51 | 51·00 |
| 363. | Durgapuja Committee of Millon Palli Unnayan Sangha, Calcutta-79 | 501·00 |
| 364. | Viswakarma Puja Committee, Kurseong, Darjeeling | 501·00 |
| 365. | Mok Durgapuja Committee, Dhanbad, Bihar | 165·00 |
| 366. | Secretary, Indrolok State II Durgapuja Committee, Paikpara, Calcutta-2 | 701·00 |
| 367. | Shri Shri Durgapuja Samity, Ranchi Road Railway Station Hazaribag. | 176·00 |
| 368. | Sarbojanin Durgapuja Committee, Ichapore, 24-Parganas | 151·00 |
| 369. | Culture Sarbojanin Durgapuja Committee | 501·00 |
| 370. | CESC Workers Viswakarma Puja Committee Victoria House, Calcutta. | 101·00 |
| 371. | Aradanga Puja Committee, Asansol | 501·00 |
| 372. | Shri Gopal Das Adhikary, Secretary, Ramnagore, Sarbojanin Durgapuja Committee, Midnapore. | 501·00 |

| Serial No. | Name | Amount Rs. |
|---|---|---|
| 373. | Sarbamongala Sarbojanin Durgapuja Committee, Sarbamongala, Malda. | 551·00 |
| 374. | Lactumkhrah Sarbojonin Durgapuja Committee, Shillong | 251·00 |
| 375. | L.L.C. Campus Puja Committee, Asansol | 551·00 |
| 376. | Durgapuja Committee. New Settlement, Kharagpur | 201·00 |
| 377. | Sarbojonin Durgapuja Committee, Hatkhola, Bagdogra, Darjeeling. | 7,411·00 |
| 378. | Sarbojonin Durgapuja Committee, Burnpur | 101·00 |
| 379. | Nilachal Sarbojonin Durgapuja Committee, Birati, Calcutta-5 | 301·00 |
| 380. | V. P. Committee, Messrs, Brooke Bond India Limited, Hide Road Factory. | 2,501·00 |
| 381. | Abdalpur Sarbojonin Durgapuja Committee, Madhyamgram, 24-Parganas. | 51·00 |
| 382. | Viswakarma Puja Committee, West Bengal State Electricity Board, Naihati Electric Supply, Adhata Sub-Station. | 501·00 |
| 383. | Viswakarma Puja Committee, Indian Jack-Nail, Konnagore, Hooghly. | 201·00 |
| 384. | Viswakarma Puja Committee, E-No. Bogie Deptt., Coach Works, Jessop & Co. Limited, Dum Dum. | 113·00 |
| 385. | Shri Shyamaprasad Auddy, Secretary, Sarbojonin Puja Committee, Mondalpur, Gaighata, 24-Parganas. | 75·00 |
| 386. | Viswakarma Puja Committee, West Section, Cossipore | 18·00 |
| 387. | Viswakarma Puja Committee of M. R. Shop Eastern Railway, Liluah, Howrah. | 1,000·00 |
| 388. | Viswakarma Puja Telecom Central Staff, Eastern Railway, Sealdah. | 143·70 |
| 389. | Chowdhuripara Puja Committee, Bank Bhavan | 101·00 |
| 390. | Ramkrishna Sanskriti Parishad Puja Committee, Paikpara | 101·00 |
| 391. | Patna Sarbojonin Durgapuja Committee, Adarsha Sangha | 101·00 |
| 392. | Ramprasadnagore Sarbojonin Durgapuja Committee | 101·00 |
| 393. | Tallygunge Sarbojonin Puja Samity | 151·00 |
| 394. | Thewdanga Puja Committee (Market) Ganganagore | 101·00 |
| 395. | Shri Ratan Kr. Biswas, Secy., Durgapuja Committee, Jalpaiguri | 101·00 |

| Serial No. | Name | Amount Rs. |
|---|---|---|
| 396. | Sathsuni Anchal Sarbojonin Durgapuja Committee, Bagdanga | 201·00 |
| 397. | Raghunathpur Durgapuja Committee, Rajarhat | 151·00 |
| 398. | 20-Palli Sarbojonin Durgapuja orgn. by Nutan Jagrata | 1,001·00 |
| 399. | Santi O Moitri Sangha Puja Committee, Habra | 71·00 |
| 400. | Ranipark Sarbojonin Durgapuja Committee, Belghoria (through MIC, Relief). | 101·00 |
| 401. | Stn. Sarbojonin Durgapuja, Jullunder Cantt., Punjab | 1,000·00 |
| 402. | Ramkrishna Ave.-Extn., S. N. Banerjee Road Durgapuja Committee, Durgapur. | 1,001·00 |
| 403. | Viswakarma Puja Committee of I. T. C. Ltd., Calcutta | 6,350·00 |
| 404. | Dr. S. R. Mallick, President, Raninagar, S. D. P. Committee, Murshidabad. | 251·00 |
| 405. | Durgapuja Committee, Paglababa Ashram, Goalpura, Assam | 141·00 |
| 406. | Palsit Paschimpura Laxmipuja Committee, Burdwan | 51·00 |
| 407. | Shri T. C. Mondal, Secy., Purba and Paschim Zoka Puja Committee, 24-Parganas. | 101·00 |
| 408. | Krishnagar Durgapuja Committee, South Tripura | 50·00 |
| 409. | 1/9C, Viswakarma Puja Committee, C/o. P. K. Chakraborty, Burdwan. | .... |
| 410. | Deshbandhupara Puja Committee, (Paritosh Saha) Falakata | 100·00 |
| 411. | Debipur Hukahari Sarbojanin Durgapuja Committee | 101·00 |
| 412. | Hatkhola Sarbojanin Durgapuja Committee | .... |
| 413. | Memari Post Office Kalipuja Committee, Burdwan | 401·00 |
| 414. | Naktala Puja Committee, Calcutta-47 | 501·00 |
| 415. | Friends Union Puja Committee, Calcutta-4 | 301·00 |
| 416. | Viswakarma Puja Committee, Dhaniakhali, West Bengal State Electricity Board, Hooghly. | 201·00 |
| 417. | Sarbojanin Durgapuja Committee, Patiala | 1,001·00 |
| 418. | Durgapuja Committee, Farakka Barrage | 1,001·00 |
| 419. | Adibedi Sarbojanin Durgapuja Committee, Durgapur Project Colony. | 501·00 |
| 420. | David Hare Sarbojonin Durgapuja, Durgapur | 1,001·00 |

| Serial No. | Name | Amount Rs. |
|---|---|---|
| 421. | South Eastern Railway Durgapuja Committee, Maharastra | 1,001·00 |
| 422. | Sevak Sangha Sarbojanin Sarodatsav Committee | 101·00 |
| 423. | Nama Sarbojonin Durgapuja Committee | 131·00 |
| 424. | Dakshin Hijal Pukuria Sarbojonin Durgapuja Committee | 501·00 |
| 425. | Mechanical Sub-Divn. I, II, III, P. W. (Roads) Department Viswakarma Puja Committee. | 101·00 |
| 426 | Sarbojanin Shri Shri Durga & Lakshmi Puja Committee, 1978 | 501·00 |
| 427. | Vivekanandanagar Sarbojanin Durgapuja Committee | 101·00 |
| 428. | Harindanga Sarbajanin Durgapuja Committee | 101·00 |
| 429. | Akra Sarbajanin Durgapuja Committee | 1,001·00 |
| 430. | Yuvak Sangha & Kansari Bagan Sarbojanin Durga Committee | 51·00 |
| 431. | Viswakarma Puja Committee of Haringhata Dairy Compressor Unit. | 301·00 |
| 432. | Surbojanin Durgapuja Committee, No. II, Bankimnagar | 101·00 |
| 433. | Baidyabati Poddarghat Sarbojanin Durgapuja Committee | 301·00 |
| 434. | Telipara Puja Committee, Bongaon | 51·00 |
| 435. | Collegepara Sarbojanin Puja Committee, Bongaon | 120·00 |
| 436. | Kossipur Ratanbabu Rd. Sarbojanin Durgapuja Committee | 301·00 |
| 437. | East Maniktala Durgapuja Committee, Ichapur | 51·00 |
| 438. | Chatterjeepara Sri Sri Durga & Lakshmipuja Committee | 101·00 |
| 439. | Khatia Sarbojanin Durgapuja Committee, Howrah | 101·00 |
| 440. | Hathuba Sarbojonin Puja Committee, Habra | 51.00 |
| 441. | Lalitmohan Atheletic Club Sarbojonin Durga Puja Committee, Goalpurghat, 24-Parganas. | 301·00 |
| 442. | Karipara Sarbojonin Durga Puja Committee, Calcutta-28 | 1,001·00 |
| 443. | Lichubagan Sarbojonin Durga Puja Committee, Bhadreswar | 125·00 |
| 444. | Ambika Kundu Lane Sarbojonin Durga Puja Committee | 601·00 |
| 445. | Dhapadhapi Sarbojonin Durga Puja Committee | 50·00 |
| 446. | Adarsa Palli Ward No. 2 Durga Puja Committee, Regent Park | 101·00 |
| 447. | Five Pally Sarbojonin Durga Puja Committee | 1,001·00 |
| 448. | 21/2, No. Matilal Colony Sarbojonin Committee, Calcutta-51 | 101·00 |
| 449. | Puja Committee—78 Howrah Belgachia Sarbojonin Durga Puja | 501·00 |

| Serial No. | Name | Amount Rs. |
|---|---|---|
| 450. | Durga Puja Committee of State Lime Stock Farm, Kalyani | 1,001·00 |
| 451. | Durga Puja Committee of West Masunda, New Barrackpore | 101·00 |
| 452. | Gopal Puja Cha Bagan Puja Committee, Jalpaiguri | 300·00 |
| 453. | Ichapur Asokenagar Durga Puja Committee | 201·50 |
| 454. | Morepukur Sarbojonin Durga Puja Committee, Hooghly | 101·00 |
| 455. | Sarbojonin Sri Sri Durga Puja Committee, Rishra | 201·00 |
| 456. | Majhehan Sarbojonin Durga Puja Committee, Kharagpur | 101·00 |
| 457. | Sarbojonin Durga Puja Committee, Sodepur | 1,001·00 |
| 458. | Durgapuja Committee, 30-D, 30-E, Ram Krishna Samadhi Road, Calcutta | 1,001·00 |
| 459. | Viswakarma Puja Committee, Sen-Raleigh Workers | 3,501·00 |
| 460. | Kalipuja Committee Babdhu & Balak Sangha, Calcutta-4 | 551·00 |
| 461. | Subhaspally Sarbojonin DURGAPUJA, Jalpaiguri | 201·00 |
| 462. | Sabasini Chabagan Durgapuja Committee, Hasimara, Jalpaiguri | 301·00 |
| 463. | Kalipuja Committee, Jabbalpur | 3,001·00 |
| 464. | Bagati Sarbojonin Durga Puja Committee, Hooghly | 101·00 |
| 465. | Akra Vivekananda Puja Committee | 51·00 |
| 466. | Sarbojonin Durgotsav, Mayadham | 201·00 |
| 467. | Udayan Durga Puja Committee, 24-Parganas | 501·00 |
| 468. | Agradut Sangha Durga Puja Committee, 24-Pargs. | 501·00 |
| 469. | Narayani Grammya Puja Committee, 24-Pargs. | 28·00 |
| 470. | Durgapur Chemical Adibedi Puja Committee, Durgapur | 201·00 |
| 471. | Jhappukur Sarbojonin Durga Puja, Sahaganj, Hooghly. | 201·00 |
| 472. | Sarbojonin Durga Puja Committee, L. I. C. Township, Madhyamgram. | 401·00 |
| 473. | Kakeswar Sarbojonin Durgapuja Committee, 1978, Panagarh, Burdwan. | 100·00 |
| 474. | Bharat Chandra Rajpath Surbojonin Durgapuja Committee, Shyamnagar, 24-Parganas. | 501·00 |
| 475. | Nomatpara Sarbojonin Durgapuja Committee, Barrackpore | 501·00 |
| 476. | Bidhanpalli Sarbojonin Durgapuja Committee, Barrackpore | 101·00 |
| 477. | Battala Puja Committee, Barrackpore | 101·00 |

| Serial No. | Name | Amount Rs. |
|---|---|---|
| 478. | Jolly Club Puja Committee, Barrackpore | 501·00 |
| 479. | Barrackpore Bus Stand Puja Committee | 511·00 |
| 480. | Adi Durgotsav Battala Puja Committee, Asansol | 101·00 |
| 481. | Surya Sen Nagar Puja Committee, 24-Parganas | 301·00 |
| 482. | B.E. College Durga Puja Committee, 1978 | 201·00 |
| 483. | Dakshin Howrah Milan Samity Sarbojonin Durga Puja Committee | 501·00 |
| 484. | Ultapurba N'Para Durga Puja Committee, Barasat | 51·00 |
| 485. | Tantipara Durgapuja Committee, Hooghly | 101·00 |
| 486. | Leninnagar Sarbojonin Durgapuja Committee, 24-Parganas | 201·00 |
| 487. | Madhya-Kalikata Sarbojonin Sri Sri Kalipuja Committee | 151·00 |
| 488. | Malda Ramkrishna Pally Durga Puja Committee | 201·00 |
| 489. | Chandigarh Sarbojonin Durgapuja Committee, Madhyamgram | 501·00 |
| 490. | Sarbojonin Durgapuja Committee, 1978, Birati | 701·00 |
| 491. | Viswakarma Puja Committee, WBSEB, Beliatore | 201·00 |
| 492. | Panchagram Janakalyan Sangha Puja Committee | 205·00 |
| 493. | Sarbojonin Durga Puja Committee, Konnagar, Hooghly | 1,001·00 |
| 494. | Fulia Adi Sarbojonin Durga Puja Committee | 101·00 |
| 495. | Netaji Boys Club Sarbojonin Durga Puja Committee | 101·00 |
| 496. | Pratik Durgapuja Committee, 1978, Shyamnagar | 101·00 |
| 497. | Strachy Rd. Puja Committee, Liluah | 701·00 |
| 498. | Pragati Puja Committee, Howrah | 101·00 |
| 499. | Staff Durgotsav Committee, Kanchrapara T.B. Hospital | 1,001·00 |
| 500. | Puja Committee, Sonarpur Choupatty | 51·00 |
| 501. | Durga Puja Committee, Madhabpore, Midnapore | 10·00 |
| 502. | Durgapuja Committee, Sonada, Darjeeling | 101·00 |
| 503. | Govt. of India Press Viswakarma Puja Committee, Santragachi, Howrah. | 151·00 |
| 504. | Power House Viswakarma Puja Committee, Haldia Dock Complex | 501·00 |
| 505. | S.D. BRS II Tenants, Haldia Dock Complex | 1,001·00 |

| Serial No. | Name | Amount Rs. |
|---|---|---|
| 506. | Durga Puja Committee, Kalyan Bayam Samity | 324·48 |
| 507. | CIWC Viswakarma Puja Committee, 1977, Calcutta | 462·50 |
| 508. | Viswakarma Puja Committee of EFTL Sealdah, Eastern Railway | 301·00 |
| 509. | Kanchantala Barowari Puja Committee, Cal-44 | 201·00 |
| 510. | Uttarayan Housing Estate Durga Puja Committee, B.T. Road | 1,001·00 |
| 511. | Sri Sri Viswakarma Puja Committee, 1978 Machine Ltd. Taratala Road. | 501·00 |
| 512. | Ichapur-Nawabganj Sasthitala Durgotsav Samity, 24-Parganas | 151·00 |
| 513. | Chakchaka Topatha Durga Puja Committee, Cooch Behar | 51·00 |
| 514. | Sankrail Sarbojanin Durga Puja Committee, Howrah | 51·00 |
| 515. | Mahishila Govt. Colony, Bhattala Puja Committee, Asansol | 201·00 |
| 516. | Kalachhara Naldighi Sarbojanin Durgotsab Committee | 51·00 |
| 517. | Residents of Civil Lines Sree Sree Kali Puja Committee, 1978 Nagpur | 501·00 |
| 518. | Bhagwan Sree Satya Sai Seva Committee, Kalimpong | 200 00 |
| 519. | Viswa Karma Puja Committee Pry. Mills Committee, ASP, Electric. Engg. Department. | 76·00 |
| 520. | Viswa Karma Puja Committee | 101·00 |
| | Railway Traffic Deptt. ASP | 311·00 |
| 521. | Viswakarma Puja Committee Central Stores Deptt. ASP | 445·00 |
| 522. | Durga Puja Committee, Agrani Club, Malda | 101·00 |
| 523. | Sarbojanin Durga Puja Committee, Babupara, Mistripara, Malda | 51·00 |
| 524. | Durga Puja Committee, Sarat Pally, Malda | 101·00 |
| 525. | Subudhipur Sarbojanin Puja Committee, Baruipur | 401·00 |
| 526. | Uttar Ukilpara Sarbojanin Durga Puja Committee, Baruipur | 351·00 |
| 527. | Tuensang Sat Sang | 501·00 |
| 528. | Chittaranjan Park Puja Samity, 1978, New Delhi | 5,101·00 |
| 529. | Ballarpur Paper Mills Puja Samity, New Delhi | 5,001·00 |
| 530. | Chittaranjan Park Durgapuja Samity, N. Delhi | 5,001·00 |
| 531. | South Extension Puja Committee, New Delhi | 6,001·00 |

| Serial No. | Name | Amount Rs. |
|---|---|---|
| 532. | Delhi Durga Puja Committee, Kashmeri Gate | 3,001·00 |
| 533. | Karol Bagh Puja Samity, New Delhi | 2,001·00 |
| 534. | Daryaganj Sarbojanin Durga Puja Samity, New Delhi | 2,001·00 |
| 535. | Lakshminagar Sarbojanin Durga Puja Samity, New Delhi | 501·00 |
| 536. | Benoynagar Sarbojanin Durga Puja Comm., New Delhi | 1,001·00 |
| 537. | Chalas Clerical and Medl. Staff Durgapuja Committee, Jalpaiguri | 251·00 |
| 538. | Santan Dal, Ghoksardanga, Cooch Behar | 92·00 |
| 539. | Santan Dal, Jamal Shah, Cooch Behar | 273·00 |
| 540. | Santan Dal, Matha Bhanga, Cooch Behar | 201·00 |
| 541. | Shri Durga Puja Committee, Barakar | 501·00 |
| 542. | Dogachhia Jana Kalyan Samity out of Sarbojanin Durga Puja | 101·00 |
| 543. | Viswa Karma Puja Committee, Feeder Canal Division. FBP | 310·00 |
| 544. | Viswa Karma Puja Committee, Township Sub-Division, C. & D., FBP. | 101·00 |
| 545. | A. B. P. & Club (Durga Puja Committee), Jalpaiguri | 201·00 |
| 546. | Durga Puja Committee, Malda Merchants' Association, Malda | 1,001·00 |
| 547. | New Jersey Saraswati Puja Committee, USA | $300 |
| 548. | East Coast Durga Puja Association, N. Y. | $ 800 |
| 549. | Kishor Sanstha Durga Puja Committee, Midnapore | 101·00 |
| 550. | Viswakarma Puja Committee, R & C Laboratory A.S.P. | 120·00 |
| 551. | Biswa Karma Puja Committee of Port Blair Telephone Exchange | 151·00 |
| 552. | Sree Sree Durga Puja Samity, Gwalior-1 | 501·00 |
| 553. | Milon Pally Sector—Viswa Karma Puja Committee, Darjeeling | 501·00 |
| 554. | Central Workshop Vishwakarma Puja Committee, Kharagpur | 201·00 |
| 555. | Viswakarma Puja Committee of Oxygen Plant of SA of India Ltd., Durgapur | 221·00 |
| 556. | Baguiati Sarbojanin Durgotsab Committee | 101·00 |
| 557. | Natunpally Sarbajanin Durgotsab Committee, Bombay | 2,500·00 |
| 558. | Viswakarma Puja Committee, Jalpaiguri | 501·00 |
| 559. | Viswakarma Puja Committee of AE (Agri. Mech) Cooch Behar | 301·00 |

| Serial No. | Name | Amount Rs. |
|---|---|---|
| 560. | 22 Pally Saradotsab Subhas Udyan | 501·00 |
| 561. | 7 Pally Sarbojanin Durgapuja, Calcutta-7 | 501·00 |
| 562. | Viswakarma Puja Committee, Durgapur-4 | 1,001·00 |
| 563. | Viswakarma Puja Committee, Cooch Behar | 51·00 |
| 564. | Township Electrical Maintenance Puja Committee, Durgapur | 301·00 |
| 565. | Biswakarma Puja Committee, Malda Telephone Exchange | 250·00 |
| 566. | Diocese of Barrackpore (Church of North India) 24-Parganas | 1,150·00 |
| 567. | Viswa Santi Mandir, California | $ 250 |
| 568. | Biswakarma Puja Committee Drivers Assocn. Mahabirsthan, Siliguri | 501·00 |
| 569. | Chanakyapuri Puja Samity, New Delhi | 3,101·00 |
| 570. | R. W. S. PHE Division Viswakarma Puja Committee, Bankura | 201·00 |
| 571 | Viswakarma Puja Fund 1978, Raiganj Agri-Irri Wing | 666·66 |
| 572. | Shri Shri Durgapuja Committee 1978, Nagpur | 1,001·00 |
| 573. | Technical Staff of Malda Electric Supply out of Biswakarma Puja Fund, Malda. | 1,001·00 |
| 574. | Shri Shri Thakur Anukul Chandra Satsangh | 2,001·00 |
| 575. | Biswakarma Puja Committee, Jhantipahari Group Electric Supply, Bankura. | 140·00 |
| 576. | Employees of Gramsevak Training Centre, Malda out of Viswakarma Puja Fund. | 144·02 |
| 577. | Sarbajanin Durga Puja Committee Takagach Club | 101·00 |
| 578. | Nayan Chand Dutta Street Sarbajanin Durgotsab Committee, Calcutta-6. | 50·99 |
| 579. | Viswakarma Puja Committee, Hooghly Chinsurah Electric Supply W.B.S.E.B. | 1,001·00 |
| 580. | Shri Shri Radharanitala Sevak Sangha, Shillong-3 | 101·00 |
| 581. | Sarbajanin Durgotsav Committee, Nasik | 5,000·00 |
| 582. | Rly. Sarbajanin Durgapuja Committee, Dimapur, Nagaland | 1,001·00 |
| 583. | Atabagan Kalyan Parishad, Garia | 200·00 |
| 584. | Bansal Brothers Workers Union Parishad Puja Committee, Garia | 30·00 |

| Serial No. | Name | Amount Rs. |
|---|---|---|
| 585. | Chandidas Puja Committee, 1978, Durgapur | 1,201·00 |
| 586. | Ashoke Avenue Durga Puja Committee, Durgapur | 1,001·00 |
| 587. | Viswakarma Puja Committee, I.I.S.C.O., Burnpur | 92·00 |
| 588. | Amiya Ranjan Pal, Gitalpara Sarbajanin Durga Puja Committee, Jalpaiguri. | 51·00 |
| 589. | Railway Staff Durga Puja Committee, Tripura | 101·00 |
| 590. | Beltala Durga Paja Committee, Midnapore | 51·00 |
| 591. | Babupara Durga Puja Committee, Deleagram, Nadi | 51·00 |
| 592. | Durga Puja Committee (Majpara) Milon Sangha, Ladhurka, Purulia. | 101·00 |
| 593. | Durga Puja Committee, Kangshabati Project Colony, Khatra, Bankura. | 501·00 |
| 594. | Saha Sarbajanin Durga Puja Committee, New Alipore, Calcutta-53. | 101·00 |
| 595. | Viswakarma Puja Committee of Township Alloy Steel Plant, Durgapur. | 51·00 |
| 596. | Viswakarma Puja Committee Enterprises (I) Pvt. Ltd., Purulia. | 1,001·00 |
| 597. | Ambikapur Puja Committee, Silchar | 601·00 |
| 598. | Rly. Durga Puja Committee, S. E. Rly., Monoharpur, Bihar | 501·00 |
| 599. | Puja Committee, Indira Colony, Royganj, West Dinajpur | 51·00 |
| 600. | Sarbajanin Durga Puja Committee, Kharagpur | 101·00 |
| 601. | Sri Sri Durga Puja Committee, Bhoga, Dhanbad, Bihar | 101·00 |
| 602. | Air Force Station Durga Puja Celebration Committee, Jullunder, Punjab | 1,001·00 |
| 603. | Tufanganj Barowari Puja Committee | 51·00 |
| 604 | Harirampur Sarbajanin Durga Puja, West Dinajpur | 101·00 |
| 605. | Sonarpur Puja Samity, Lucknow | 1,001·00 |
| 606. | Sarbajanin Durga Puja Committee, Falakata, Jalpaiguri | 101·00 |
| 607. | Durga Puja Committee, Gunj Tea Estate, Jalpaiguri | 501·00 |
| 608. | Sarbajanin Durgapuja Committee, Calcutta-41 | 201·00 |
| 609. | Kadamboni Sarbojanin Durgotsav | 50·00 |

| Serial No. | Name | Amount Rs. |
|---|---|---|
| 610. | Mahesh Jagannathghat Puja Committee | 501·00 |
| 611. | Durga Puja Committee, Asansol | 201·00 |
| 612. | Fulbagan Sarbajanin Puja Committee, Durgapur | 1,001·00 |
| 613. | Char-Er-Pally Sarbajanin Durgotsav, Hooghly | 1,251·00 |
| 614. | Dakshin Pally Sarbajanin Puja Committee, Adra | 501·00 |

## মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে প্রাপ্ত সাহায্য

৪১। (অনুমোদিত প্রশ্ন নং ২৪০।) **শ্রীদেবনারায়ণ চক্রবর্তী ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) মুখ্যমন্ত্রী ত্রাণ তহবিলে সাম্প্রতিক বন্যার জন্য যে সাহায্য আসিয়াছে তার পরিমাণ কত ; এবং

(খ) বৈদেশিক কোন প্রতিষ্ঠান ঐ তহবিলে সাহায্য করিলে তার নাম কি ও প্রদত্ত সাহায্যের পরিমাণ কত ?

**মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় ঃ** (ক) ২৮এ আগস্ট, ১৯৭৮ হইতে ৩১এ অক্টোবর, ১৮৭৮ পর্যন্ত প্রাপ্ত সাহায্যের পরিমাণ ঃ (১) অর্থ টাঃ ১,৪০,৭৯,৯৩২·১৫, (২) ত্রাণ সামগ্রী (৮-৯-৭৮ হইতে)—চাল - ১০,৭৮৯·৯৫ কেজি + ৮ ব্যাগ আটা—১,৫১৭·৭০ কেজি + ৪ ব্যাগ, ডাল—২,০৮৪·২০ কেজি + ২ প্যাকেট, গম—৮,৭২০ কেজি + ৩ ব্যাগ, চিড়া—৭২৩ কেজি + ৭৩ ব্যাগ, পুরাতন ধুতি, শাড়ী, জামাকাপড়—২,১২৮ বাণ্ডিল + ১ প্যাকেট + ৭,৬৫০টি নূতন ধুতি + ১২৪ বাণ্ডিল + ৭ প্যাকেট + ৯,৯৫৯টি + ৩০০টি শাড়ী। ঔষধ—(১) ৩১ বাক্স বিভিন্ন প্রকারের, (২) কলেরা টিকা ৮ × ৫০ × ২০ মিলি প্যাকেট।

(খ) বৈদেশিক কোন প্রতিষ্ঠান এই তহবিলে ত্রাণ সামগ্রী সাহায্য করেন নাই।

## মধ্য কলিকাতায় আক্রান্ত জেলা কংগ্রেস সভাপতি

৪২। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৪।) **শ্রীসুনীতি চট্টরাজ ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৮ সালের ১৯এ নভেম্বর এণ্টালী থানার অন্তর্গত মধ্য কলিকাতা জেলা কংগ্রেস সভাপতির অফিস একদল সমাজবিরোধী কর্তৃক আক্রান্ত হইয়াছিল এরূপ কোন সংবাদ সরকারের গোচরে আসিয়াছে কি ;

(খ) আসিয়া থাকিলে,—

(১) উক্ত ঘটনায় পুলিস কোন কেস দায়ের করিয়াছে কি ?

(২) করিলে কতজন আসামীকে এ পর্যন্ত গ্রেপ্তার করা হইয়াছে ? এবং

(গ) বর্তমানে ঐ কেস-এর অবস্থা কি পর্যায়ে আছে ?

**স্বরাষ্ট্র ( আরক্ষা ) বিভাগের মন্ত্রীমহাশয়ঃ** (ক) মধ্য কলিকাতা জেলা কংগ্রেস সভাপতির অফিস আক্রান্ত হওয়ার কোন ঘটনা সরকারের জানা নাই। তবে ঐদিন জেলা কংগ্রেসের সভাপতি কয়েকজন দুর্বৃত্ত দ্বারা আক্রান্ত হয়েছিলেন বলে জানা গেছে।

(খ) (১) ঐ ঘটনার পরিপ্রেক্ষিতে একটি মামলা দায়ের করা হয়েছে।

(২) প্রাথমিক এজাহারে উল্লিখিত এক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে।

(গ) মামলাটি তদন্তাধীন আছে।

### রামপুরহাট উপ-কারাগার

৪৩। ( অনুমোদিত প্রশ্ন নং ২৬৯। ) **শ্রীশশাঙ্কশেখর মণ্ডলঃ** স্বরাষ্ট্র ( কারা ) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, রামপুরহাট উপ-কারাগারটি বন্দী সংখ্যার তুলনায় সংকীর্ণ ও অস্বাস্থ্যকর ; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত উপ-কারাগারটির উন্নয়ন ও সংস্কারের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**স্বরাষ্ট্র ( কারা ) বিভাগের মন্ত্রীমহাশয়ঃ** (ক) হ্যাঁ।

(খ) উক্ত উপ-কারাগারে স্থানাভাব দূরীকরণ এবং অন্যান্য সংস্কারের বিষয়ে পরিকল্পনা প্রস্তুত হইতেছে।

### রামপুরহাট থানা এলাকায় গ্রামীণ গ্রন্থাগার

৪৪। ( অনুমোদিত প্রশ্ন নং ২৭৮। ) **শ্রীশশাঙ্কশেখর মণ্ডলঃ** শিক্ষা ( মাধ্যমিক, প্রাথমিক ও গ্রন্থাগার ) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রামপুরহাট থানা এলাকায় গ্রামীণ গ্রন্থাগারের সংখ্যা কত ?

(খ) সেগুলি কোন্ কোন্ গ্রামে অবস্থিত ?

(গ) এই সকল গ্রন্থাগারের পুস্তক ক্রয়ের জন্য বার্ষিক সরকারী সহায়তার পরিমাণ কত ?

**শিক্ষা ( প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার ) বিভাগের মন্ত্রীমহাশয় ঃ** (ক) তিন।

(খ) (১) নারায়ণপুর, (২) চাঁদপাড়া ও (৩) খরুন।

(গ) বার্ষিক বিবিধ খরচ বাবত প্রতিটি গ্রন্থাগারের জন্য ছয় শত টাকা দেওয়া হয়। ইহার অন্ততঃ এক-তৃতীয়াংশ পুস্তক বাবত খরচ করা হয়।

## শিক্ষণ শিক্ষা ( বি-এড্ ) সম্প্রসারণ

৪৫। ( অনুমোদিত প্রশ্ন নং ২৮১। ) **শ্রীশশাঙ্ক শেখর মণ্ডল ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শিক্ষণ শিক্ষা ( বি-এড্ ) সম্প্রসারণের জন্য আংশিক সময়ের শিক্ষণ শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা বৃদ্ধির কোন পরিকল্পনা সরকারের আছে কি ;

(খ) থাকিলে, বীরভূম জেলায় ঐরূপ কোন প্রতিষ্ঠান স্থাপিত হইবে কিনা ; এবং

(গ) হইলে, কোথায় স্থাপন করা হইবে ?

**শিক্ষা ( উচ্চতর ) বিভাগের মন্ত্রীমহাশয় ঃ** (ক) আংশিক সন্ধ্যাকালীন শিক্ষক শিক্ষণ ব্যবস্থা ( পার্ট টাইম ইভিনিং বি-এড/টিচার্স ট্রেনিং স্কিম ) ১৯৭৭-৭৮ শিক্ষাকালের ( সেসনের ) পর থেকে বন্ধ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সুতরাং এই ধরণের প্রতিষ্ঠানের সংখ্যাবৃদ্ধির প্রশ্ন ওঠে না।

(খ) ও (গ) উত্তর নিষ্প্রয়োজন।

## ন্যায় পঞ্চায়ত গঠন

৪৬। ( অনুমোদিত প্রশ্ন নং ২৮৪। ) **শ্রীশশাঙ্ক শেখর মণ্ডল ঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রাম পঞ্চায়েত স্তরে ন্যায় পঞ্চায়েত গঠনের ব্যবস্থা কতদিনের মধ্যে কার্যকরী হইবে বলিয়া আশা করা যায় ; এবং

(খ) স্থায় পঞ্চায়েতের হাতে কি কি ক্ষমতা দিবার কথা সরকার চিন্তা করিতেছেন ?

**পঞ্চায়েত বিভাগের মন্ত্রীমহাশয় ঃ** (ক) বিষয়টি বর্তমানে সরকারের বিবেচনাধীন নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

## হরিণঘাটা দুগ্ধ প্রকল্পে গাভী ও বাছুরের মৃত্যু

৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ৩০৫।) **শ্রীসরল দেব ঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হরিণঘাটা দুগ্ধ প্রকল্পে গত সেপ্টেম্বর মাসে ৪৫টি উন্নতজাতের গাভী ও বাছুর মারা গেছে ;

(খ) সত্য হইলে, কাহারও গাফিলতির ফলে কি ঐ গাভীগুলি ও বাছুরগুলির মৃত্যু ঘটে ; এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে কাহারও বিরুদ্ধে ঐ বিষয়ে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কি ?

**পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রীমহাশয় ঃ** (ক) হরিণঘাটা ফার্মে গত সেপ্টেম্বর মাসে ৩০ তারিখে একটি পরিণত বয়স্ক গাভী এবং ১টি বাছুর বন্যার সময় মারা গিয়াছে। মৃত্যুর কারণ শারীরিক দুর্বলতা। কল্যাণী লাইভস্টক ফার্মে গত ৩০এ সেপ্টেম্বর থেকে ৬ই অক্টোবর, ১৯৭৮ পর্যন্ত গবাদি পশুর মৃত্যুর তালিকা ও কারণ এই সঙ্গে দেওয়া হলো।

(খ) না।

(গ) প্রশ্ন উঠে না।

***Statement referred to in reply to clause 'Ka' of unstarred question No. 47 (Admitted question No. 305)***

কল্যাণী খামারে গত বন্যার সময়ে ৩০শে সেপ্টেম্বর থেকে ৬ই অক্টোবর, ১৯৭৮ পর্যন্ত গরুর মৃত্যুর খতিয়ান কারণ সহ :—

| তারিখ | বয়স্ক গাভী | মৃত্যুর কারণ | বাছুর | মৃত্যুর কারণ | মোট |
|---|---|---|---|---|---|
| ৩০-৯-১৯৭৮ | ১ | শারীরিক দুর্বলতা | ১ | শারীরিক দুর্বলতা | ২ |
| ১-১০-১৯৭৮ | ৪ | ঐ | ৩ | নিউমোনিয়া আন্ত্রিকরোগ | ৭ |
| ২-১০-১৯৭৮ | ১ | ঐ | ২ | নিউমোনিয়া আন্ত্রিকরোগ | ৩ |
| ৩-১০-১৯৭৮ | ১ | ঐ | | | |
| | ১ | নিউমোনিয়া | ২ | নিউমোনিয়া | ৬ |
| | ১ | আকস্মিক পড়ে গিয়ে | ১ | আন্ত্রিকরোগ | |
| ৪-১০-১৯৭৮ | | | ৪ | নিউমোনিয়া | ৪ |
| ৫-১০-১৯৭৮ | ১ | শারীরিক দুর্বলতা | | | ১ |
| ৬-১০-১৯৭৮ | | | | | |
| | ১০ | | ১৩ | | মোট ২৩টি |

## মেদিনীপুরে বন্যায় ক্ষতিগ্রস্ত প্রাথমিক বিদ্যালয়

৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩২৬।) **শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি** : শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন্ কোন্ সার্কেলের কতগুলি প্রাথমিক বিদ্যালয় সাম্প্রতিক বন্যায় (১) আংশিক ও (২) সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হইয়াছে ;

(খ) এই ক্ষয়-ক্ষতির পরিমাণ কত টাকা ; এবং

(গ) এই সকল বিদ্যালয় গৃহ মেরামত বা পুনর্নির্মাণ বাবত ১৫ই নভেম্বর, ১৯৭৮ পর্যন্ত কত টাকা সরকারী সাহায্য হিসাবে মঞ্জুর করা হইয়াছে ?

**শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয়ঃ**

(ক) মেদিনীপুর জেলায় সাম্প্রতিক বন্যায় (১) ১,০৬৯টি প্রাথমিক বিদ্যালয় আংশিকভাবে, (২) ৮৮২টি বিদ্যালয় সম্পূর্ণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে।

ইহার সার্কেলভিত্তিক বিবরণ দেওয়া আপাততঃ সম্ভব নয়।

(খ) এই ক্ষয়ক্ষতির পরিমাণ এক কোটি বার লক্ষ চব্বিশ হাজার আট শত টাকা ধরা হয়েছে।

(গ) এই জেলায় ৫৪০টি বিদ্যালয় গৃহ মেরামত বা পুনর্নির্মাণ বাবত ১৫ই নভেম্বর, ১৯৭৮ পর্যন্ত সরকারী সাহায্য হিসাবে ২,১৬,০০০ টাকা মঞ্জুর করা হয়েছে।

## মেদিনীপুরে বন্যায় ক্ষতিগ্রস্ত কাঁচারাস্তা ও পুল

৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩২৮।) **শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তিঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলা পরিষদের অধীনে কত মাইল কাঁচারাস্তা এবং কত সংখ্যক পুল সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত হইয়াছে ; এবং

(খ) এই ক্ষয়ক্ষতির পরিমাণ কত ?

**পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) মেদিনীপুর জেলা পরিষদের অধীনে সাম্প্রতিক বন্যায় প্রায় ৫৫৯ কি. মি. কাঁচা রাস্তা এবং ১৩৬টি পুল ক্ষতিগ্রস্ত হইয়াছে।

(গ) এই ক্ষয়ক্ষতির পরিমাণ মোট ২২,০৬,০০০ টাকা।

## দাঁতন ১ নং ব্লকের বন্যাবিধ্বস্ত গ্রামসমূহে পাইপের মাধ্যমে পানীয় জল সরবরাহ

৫০। (অনুমোদিত প্রশ্ন নং ৩২৯।) **শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তিঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় দাঁতন ১নং ব্লকে দাঁতন শহর সন্নিহিত বন্যাবিধ্বস্ত গ্রামগুলিতে পাইপের মাধ্যমে পানীয় জল সরবরাহ করিবার কোন পরিকল্পনা পশ্চিমবঙ্গ সরকারের আছে কি ; এবং

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে—

(১) এই এলাকার ফ্লাড্-প্রোন মৌজাগুলিতে পাইক-ওয়াটার সরবরাহের জন্য কোন সার্ভে ইতিমধ্যে হইয়াছে কি, ও

(২) সার্ভে হইয়া থাকিলে তাহার ফলাফল কি ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) ও (খ) (১) হ্যাঁ।

(খ) (২) প্রাথমিক সমীক্ষা শেষ হইয়াছে। এখন বিশদভাবে সমীক্ষা কার্য চলিতেছে। প্রাথমিক সমীক্ষায় উক্ত এলাকার জল লবণাক্ত ও লৌহ মিশ্রিত বলিয়া প্রতিপন্ন হইয়াছে।

## মেদিনীপুর জেলায় সিমেণ্ট ডিলার

৫১। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩২।) **শ্রীরামচন্দ্র শতপথীঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন্ কোন্ মহকুমায় (১) কতজন সিমেণ্ট ডিলার নিযুক্ত হয়েছেন, (২) কতজন নতুন ডিলার লাইসেন্স পাওয়ার জন্য দরখাস্ত করেছেন (মহকুমাভিত্তিক);

(খ) উক্ত দরখাস্তগুলি কি সরকার বিবেচনা করিয়াছেন ; এবং

(গ) করিয়া থাকিলে, তাহার ফলাফল কি ?

**খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) (১) মহকুমাভিত্তিক সিমেণ্ট ডিলার নিযুক্তির সংখ্যা—

ঘাটাল—২৭

মেদিনীপুর সদর—৭১

কাঁথি—৩৭

তমলুক—২১৮

ঝাড়গ্রাম—১৮

মোট—৩৭১

(২) মহকুমাভিত্তিক নতুন ডিলার লাইসেন্স পাওয়ার জন্য দরখাস্তকারীর সংখ্যা—

মেদিনীপুর সদর—২৪
কাঁথি—১৬
তমলুক—৩৬
ঘাটাল—১৩
ঝাড়গ্রাম—৪

মোট—৯৩

(খ) হ্যাঁ।

(গ) দরখাস্তগুলি বিবেচনা করিয়া নিম্নবর্ণিত মহকুমাগুলিতে মোট ৮৬টি ডিলার লাইসেন্স মঞ্জুর করা হইয়াছে—

মেদিনীপুর সদর—২২
কাঁথি—১৩
তমলুক—৩৫
ঘাটাল—১২
ঝাড়গ্রাম—৪

মোট—৮৬

বাকী ৭টি দরখাস্ত বিবেচনাধীন আছে।

### ঝাড়গ্রাম শহরে পৌরসভা গঠন

৫২। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩৬।) **শ্রীরামচন্দ্র শতপথী ঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম শহরে একটি পৌরসভা গঠনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ;

(খ) থাকিলে, কোন্ কোন্ মৌজা এই পৌরসভা এলাকাভুক্ত হইবে ; এবং

(গ) কবে নাগাত এই পরিকল্পনা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায় ?

**স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম শহরে একটি পৌরসভা গঠনের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

(খ) জিলা শাসক বাঁদরভেলা, জংগলখাস, বলরামদিহি, বামদা, নূতনদিহি, বাছুরডোবা, রঘুনাথপুর, চণ্ডীপুর, বেনাগেড়িয়া, ভরতপুর, শ্রীরামপুর, জংগলখাস, কেশবদিহি, মুনিগেড়িয়া, ঝাড়গ্রাম, চকজংগলখাস, মুনসিসাই, জামদা, ঝরিয়া কদমকানালি, চান্দাবিলা, ভালুকখুলিয়া, গাইঘাটা, শিরিশাবনী ও খাসজংগল মৌজা উক্ত পৌরসভার এলাকাভুক্ত করিবার জন্য সুপারিশ করিয়াছেন।

(গ) প্রস্তাবটি বর্তমানে পরীক্ষা নিরীক্ষা হইতেছে। সমস্ত দিক বিবেচনা করিয়া যথাসময়ে ব্যবস্থা গ্রহণ করা হইবে।

**কসবা-এগরা পানীয় জল সরবরাহ প্রকল্প**

৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯৬।) **শ্রীপ্রবোধচন্দ্র সিংহ:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি মহকুমার এগরা থানার অন্তর্গত কসবা-এগরা পানীয় জল সরবরাহ (পাইপ ওয়াটার সাপ্লাই স্কিম) প্রকল্পটি রূপায়ণের কাজ কবে হইতে শুরু হইয়াছে;

(খ) উক্ত প্রকল্পের কাজ বর্তমানে কতদূর অগ্রসর হইয়াছে,

(গ) ইহা কি সত্য যে, ঐ প্রকল্প রূপায়ণে অসুবিধা দেখা দিয়াছে; এবং

(ঘ) সত্য হইলে—

(১) কি ধরনের অসুবিধা দেখা দিয়াছে, এবং

(২) ঐ অসুবিধা দূরীকরণে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) ১৯৭৫ সাল হইতে।

(খ) ঐ প্রকল্পের মধ্যে ডিষ্ট্রিবিউশন সিস্টেমের কাজ আরম্ভ করা হইয়াছে।

(গ) হ্যাঁ।

(ঘ) (১) ভূমি অধিগ্রহণের ব্যাপারে অসুবিধা দেখা দিয়াছে।

(২) শীঘ্র ভূমি অধিগ্রহণ করিয়া দিবার জন্য জেলা কর্তৃপক্ষকে জানানো হইয়াছে।

**Adjournment Motion**

**মিঃ স্পীকারঃ** আমি মাননীয় সদস্য শ্রীঅতীশচন্দ্র সিংহ, শ্রীবিজয় বাউরী ও জনাব মহম্মদ সোহরাব এঁদের প্রত্যেকের কাছ থেকে একটি করে মুলতুবী প্রস্তাবের নোটিশ পেয়েছি।

প্রথম নোটিসে শ্রীঅতীশচন্দ্র সিংহ মুর্শিদাবাদ জেলার কান্দীতে জনৈক সাংবাদিকের জমিতে জোরপূর্বক বর্গারেকর্ড ও জমি থেকে ধান লুঠের ঘটনা উল্লেখ করে এ বিষয়ে আলোচনার জন্য আজকের সভা মুলতুবী রাখতে চেয়েছেন। বিষয়টি একটি আইন-শৃঙ্খলা জনিত ঘটনা এবং মুলতুবী প্রস্তাবের পক্ষে জরুরী প্রকৃতির নয়।

দ্বিতীয় নোটিসে শ্রীবিজয় বাউড়ী ক্রিষ্টোফার রোডে রাধারাণী আদর্শ বিদ্যালয়ে ছাত্র ধর্মঘটের ফলে পঠন পাঠনে অচলাবস্থার উপর আলোচনার জন্য আজকের সভা মুলতুবী রাখতে চেয়েছেন। এটিও মুলতুবী প্রস্তাবে উপযোগী জরুরী প্রকৃতির নয়।

তৃতীয় নোটিশে জনাব মহম্মদ সোহরাব গত বুধবার জিঞ্জিরাপোলে ফুড কর্পোরেশন অব্ ইণ্ডিয়ার গুদামের সামনে কলকাতা আর্মড পুলিশের জনৈক কনষ্টেবলের মৃতদেহ প্রাপ্তি ও অপর একজন সঙ্গীর রক্তাপ্লুত অবস্থায় পড়ে থাকার ঘটনা উল্লেখ করে এ বিষয়ে আলোচনার জন্য মুলতুবী প্রস্তাব এনেছেন। বিষয়টি আইন-শৃঙ্খলা সম্পর্কিত একটি বিচ্ছিন্ন ঘটনা। এবং এ সম্পর্কে আইন মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়। এর উপর কোন মুলতুবী প্রস্তাব আনা যেতে পারে না। আমি উপরোক্ত তিনটি মুলতুবী প্রস্তাবের নোটিশে আমার অসম্মতি জ্ঞাপন করছি। তবে দ্বিতীয় প্রস্তাবের শ্রীবিজয় বাউড়ী কর্তৃক আনীত যেটি সে সম্পর্কে আমি মন্ত্রী মহাশয়কে একটা ষ্টেটমেন্ট দিতে অনুরোধ করছি। তিনি এখন দিতে পারেন বা কবে দেবেন তা বলে দিতে পারেন।

[ 1-40—1-50 P.M. ]

**শ্রীপার্থ দেঃ** আমি একটু পরে বলে দিচ্ছি।

**শ্রীঅতীশচন্দ্র সিংহঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মুলতুবী প্রস্তাবটি পড়ে দিচ্ছি। জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ, জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হোল :— মুর্শিদাবাদ জেলার কান্দী-বান্ধব পত্রিকার জনৈক সাংবাদিক বন্যার সময়ে ত্রাণ সামগ্রী বণ্টনের দুর্নীতি ও অপচয়ের বিবরণ উপরোক্ত পত্রিকায় প্রকাশ

করেন। সেইজন্য অসন্তুষ্ট হয়ে স্থানীয় সি. পি. আই. (এম) সমর্থক কিছু মানুষ ঐ সাংবাদিকের জমিতে জোর করে বর্গাদার রেকর্ড করাবার অপচেষ্টা করছে এবং গত ৩০-১১-৭৮ তারিখে এ সাংবাদিকের জমি থেকে ধান লুট করে নিয়ে যাওয়া হয়েছে। ডাইরী করা সত্বেও লুণ্ঠিত ধান এখনও উদ্ধার হয় নি। সাংবাদিকের সত্য সংবাদ পরিবেশনের জন্য এই হয়রানি অত্যন্ত দুঃখজনক। তাই এই সভার কাজ মুলতুবী রেখে এ বিষয়ে আলোচনা করা হোক।

**শ্রীঅমলেন্দু রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে সাংবাদিকের কথা উনি বলছেন কোন্ কাগজের জানি না উনি কি ব্লক লেবেলে যে কমিটি আছে তার কাছে নালিশ দায়ের করেছেন কিনা?

**মিঃ স্পীকারঃ** এইসব আপনি বলতে পারেন না।

**শ্রীরজনীকান্ত দোলুইঃ** সরকার পক্ষ তো বলেন এ্যাডজর্ণমেন্ট মোসনের উপর কোন ডিসকাসন হয় না। অমলবাবু কি করলেন স্যার?

**মিঃ স্পীকারঃ** আমি তো বলেছি অমলবাবু করেন নি।

**শ্রীবিজয় বাউড়ীঃ** স্যার, আমি আমার মুলতুবী প্রস্তাবটি পড়ে দিচ্ছি। জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হোলঃ—ক্রিষ্টোফার রোডের পাঁচকড়ি রাধারাণী আদর্শ বিদ্যালয়ে এ্যাডমিনিষ্ট্রেটার নিয়োগ এবং ঐ স্কুলের প্রধান শিক্ষকের উপর সাসপেনসন আদেশ জারীর প্রতিবাদে উক্ত স্কুলের ছাত্ররা গত ৮ই নভেম্বর থেকে ছাত্র ধর্মঘট চালিয়ে যাচ্ছে। এই পরিপ্রেক্ষিতে উক্ত বিদ্যালয়ে পঠন পাঠনের ক্ষেত্রে যে অচলাবস্থার সৃষ্টি হয়েছে সে সম্পর্কে আলোচনা করার জন্য সভার স্বাভাবিক কাজ আপাতত মুলতুবী রাখার প্রস্তাব করছি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি যে আজকে চারটি প্রশ্ন যেগুলি নির্দিষ্ট ছিল তার মধ্যে দুটি হেল্ড ওভার হোল আর বাকী দুটি তাও উত্তর পাওয়া যায় নি। আমার দুঃখের বিষয় হচ্ছে আমার কোয়েশ্চেনগুলি এখনও পর্যন্ত পাই নি।

**মিঃ স্পীকারঃ** মিঃ বাপুলী, আপনি তখন হাউসে ছিলেন না। আজকে আপনাদের বলা হয়েছে মাননীয় মন্ত্রীর হেলথ ডেট ছিল—এই বিশেষ কারণে তিনি

অনুপস্থিত থাকার জন্য এটা হয় নি। এই পরিস্থিতি আমি আগেই জানিয়েছি, আপনি তখন উপস্থিত ছিলেন না।

**Calling attention to matters of urgent public importance**

**মিঃ স্পীকার ঃ** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি যথা ঃ—

১। মুর্শিদাবাদ জেলার বিভিন্ন এলাকায় নদীর পাড় ভাঙ্গন—শ্রীআবুল হাসনাৎ খান ও শ্রীবীরেন্দ্র নারায়ণ রায়।

২। রাণীগঞ্জ এলাকায় গত সোমবার মাল বোঝাই ট্রাক সহ ডাকাতের পলায়ন—শ্রী মোঃ সোহরাব।

৩। গ্রাম পঞ্চায়েতে পুরানো কর আদায়কারীদের ছাটাই করা হোচ্ছে—শ্রীবিশ্বনাথ চৌধুরী।

৪। জলদাপাড়া হলং অভয়ারণ্যে গণ্ডার নেই—শ্রীমনোহর তিরকী।

৫। পশ্চিমবঙ্গে আন্তর্জাতিক শিশুবর্ষ উদ্‌যাপনে কমিটির কর্মসূচী—শ্রীরজনীকান্ত দোলুই।

৬। ম্যাকিনটোমবার্ণ—এ লক আউট—শ্রীরজনীকান্ত দোলুই।

৭। মুদ্রণ শিল্পে সংকট—শ্রীরজনীকান্ত দোলুই।

8. Harvesting clash between two groups of persons at Nanur—Shri Md. Sohorab.

9. Harvesting clash in the Fakiratuni area under canning P.S.—Shri Md. Sohorab.

10. Eviction of Bargadar—Shri Rajani Kanta Doloi.

11. Long standing grievances of S.S.I. work based untis of West Bengal—Shri Rajani Kanta Doloi.

12. Harvesting clash at Joypur, 24-Parganas—Shri Rajani Kanta Doloi.

13. Troubles in front of Ayurveda College- Shri Rajani Kanta Doloi.

14. Problems of Automobile Industry- Shri Rajani Kanta Doloi

15. Killing of one constable at Majerhat—Shri Rajani Kanta Dolol.

16. The expert committee report on the second test tube baby—
Shri Rajani Kanta Doloi.

17. Adult Education Plan—Shri Rajani Kanta Doloi.

18. Irregularities in train services—Shri Rajani Kanta Doloi.

আমি শ্রীমনোহর তিরকী কর্তৃক আনীত জলদাপাড়া হলং অভয়ারণ্যে গণ্ডার নেই—নোটিশটি মনোনীত করছি। সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়, যদি সম্ভব হয়, আজকে ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**শ্রীভবানী মুখার্জী :** ১৪ তারিখে উত্তর দেওয়া হবে।

**মিঃ স্পীকার :** এখন শিল্প ও বাণিজ্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় দুর্গাপুরে অবস্থিত ভারত অপ্যালমিক গ্লাস লিমিটেড সম্বন্ধে একটি বিবৃতি দেবেন। এটি সম্বন্ধে দৃষ্টি আকর্ষণ করেছিলেন শ্রীসুনীল বসু রায় ও শ্রীবিজয় পাল, ৪ঠা ডিসেম্বর, ১৯৭৮ তারিখে।

**Dr. Kanailal Bhattacharya :** Bharat Opthalmic Glass Ltd. is a Government of India undertakings. It was set up at Durgapore for manufacture of opthalmic and optical glass to meet the increasing need of the country in respect of these items which were all along being imported. BOGL was set up with technical collaboration with a Russian Firm.

Opthalmic glass constitute a social need of the country. If adequate quantity of opthalmic glass is not available in the country more and more spurious lenses from sheet glass will be produced by unscrupulous traders to meet the increasing demand.

The existing technology for manufacture of opthalmic glass is of batch type and the capacity of production as per projet report is 300 tonnes of opthalmic glass per year. The actual production, however, never exceeded 150 tonnes mainly because of technological constraints due to frequent failure of pots used for glass melting and this problem could not be sloved even with the assitance of Central Glass and Ceramic Research Institute, Jadavpore. After a number of technological studies it has been observed that it would be uneconamical to rely on production with batch type of technology. Most of the countries manufacturing

opthalmic glass have switched over to continuous process technology. BOGL is the only manufacturer of opthalmic glass in the country on commercial basis.

It was therefore decided to switch over to continuous process technology. Accordingly an expansion project involving investment of around Rs. 5.88 crores with additional projected production of 650 tonnes per year has been planned by BOGL. This coupled with present capacity of 150 tonnes per year can meet the entire requirement of India by 1982-83. The present estimated requirement of opthalmic glass in the country is around 450 tonnes and the projected requirement by 1983 would be around 800 tonnes. The scheme if implemented would enable BOGL to earn handsome profit. Foreign collaborator for this purpose has been selected.

The State Government got the information that Government of India had issued a press release inviting private parties to apply for licence to produce opthalmic glass by the continuous process technology. Immediately on receipt of this information the State Government had taken up the matter with the Govt. of India. Very recently a reply has been received from the Govt. of India assuring that they were equally anxious that BOGL established the capacity to meet the demand of opthalmic glass by adopting the continuous process technology and became economically viable at the earliest. But at the same time they considered it as necessary to create sufficient indigenous capacity so that the gap between the demand and supply made available by the BOGL could be met. They also considered it justified on public health ground as well. It was assured that applications for licence from private parties, if any, would be considered taken into account the estimated demand, the capacity of BOGL and public health considerations.

The Government of West Bengal feel that in assessing the capacity of the BOGL to satisfy the demand within the country for opthalmic glass, the Government of India would take into account the expansion and modernisation plan of the BOGL so that the present and future prospects

of the company are not adversely affected in any way, in view of its importance to the economy of the eastern region and West Bengal in particular.

[ 1-50—2-00 P.M. ]

**শ্রীসুনীল বসু রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ ঘটনা সম্পর্কে আমি এইমাত্র একটি টেলিগ্রাম পেলাম, আমি সেটা পড়ছি এবং পড়বার পর আপনাকে দিচ্ছি। "On Sunday Kishan rally attacked by congressite hoodlums with firearms at Banagram, Laodoha P. S. Jotedars of Banagram preventing poors taking drinking water. No action taken. Rathin Roy, Secretary, Durgapur Subdivision Krisak Sabha."

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** মাননীয় স্পীকার মহোদয়, বিড়লা কলেজ সায়েন্স এ্যাণ্ড এডুকেশান কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত একটা বেসরকারী কলেজ। এই কলেজটি স্নাতক পর্যায়ে পদার্থ বিদ্যা, রসায়ন এবং গণিত শাস্ত্রে পাশ এবং সম্মান পড়ান হয়। এতদ্ব্যতীত এখানে স্নাতক পর্যায়ে শিক্ষক শিক্ষণের বিষয় শিক্ষা দেবার ব্যবস্থা আছে। কলেজের পরিচালনা এবং প্রশাসন ঘটিত ব্যাপারে নানা প্রকার ত্রুটির অভিযোগ আসে। কলিকাতা বিশ্ববিদ্যালয় সরকারের নিকট কলেজটি সম্পর্কে একটি তদন্ত রিপোর্ট পেশ করেন। তাতে লক্ষ করা যায় যে অগণতান্ত্রিক শিক্ষক ছাঁটাই, নির্দেশ সত্বেও যথাযথভাবে পরিচালন সমিতি গঠন না করে এবং বিশ্ববিদ্যালয়ের নির্দেশ অমান্য করার অভিযোগ আছে। বিশ্ববিদ্যালয় সরকারকে এই বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানায়। সরকারের পক্ষ থেকে বিষয়টি বিশেষভাবে পরীক্ষার পর স্থির হয় আইন মোতাবেক কলেজটি অধিগ্রহণ করা হবে। সে সময়ে অধিগ্রহণ করার ব্যবস্থা অবলম্বন করা হচ্ছিল সেই সময়ে কলেজ কর্তৃপক্ষ সরকারকে সরাসরি কলেজটি হস্তান্তর করার ইচ্ছা প্রকাশ করেন। তখন সরকার ঠিক করেন কলেজটিকে স্পনসর্ড কলেজ করা হবে যদি কলেজ কর্তৃপক্ষ স্পনসর্ড করার সমস্ত শর্তাদি পূরণ করেন। এই আলোচনার পরিপ্রেক্ষিতে কলেজের সহিত বিভিন্ন কর্তৃপক্ষের আলোচনা চলে। স্পনসর্ড করা সহজ এবং তরান্বিত করার জন্য সরকার পক্ষ থেকে একটা এ্যাডহক কমিটি গঠন করা হয়। ৩১শে আগষ্ট এ্যাডহক কমিটি সমস্ত বিষয়টি বুঝিয়া নেবার চেষ্টা করেন কিন্তু তা তারা পারেন নি। কলেজের হিসাব পত্র, ব্যালেন্স সীট ভালভাবে বুঝিয়া নেবার জন্য সরকার এ্যাডহক কমিটির পরিবর্তে একজন প্রশাসক নিযুক্ত করেন। প্রেসিডেন্সী কলেজের অধ্যাপক

ডঃ এস. আর. চক্রবর্ত্তীকে প্রশাসক নিযুক্ত করা হয়। প্রশাসক হিসাবে ডঃ চক্রবর্ত্তীকে আজ পর্যন্ত কলেজ কর্তৃপক্ষ হিসাব-নিকাশ যাবতীয় দায়দায়িত্ব বুঝিয়া দিতে সক্ষম হন নি। কলেজকে স্পনসর্ড করার জন্য যে সব সর্তাদি কলেজ কর্তৃপক্ষের পূরণ করার কথা ছিল তা আজ পর্যন্ত পালিত হয়নি। এমতাবস্থায় সরকার কলেজটিকে সরাসরি অধিগ্রহণ করার ব্যবস্থার আয়োজন করিয়াছেন।

**ডঃ শাশ্বতীপ্রসাদ বাগ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে একটা প্রশ্ন জানতে চাচ্ছি, উনি যদি চান তাহলে উত্তর দেবেন কারণ মুলতুবী প্রস্তাবের উপর উনি জবাব দিয়েছেন। আমার কথা হচ্ছে, রাতারাতি কলেজ বিল্ডিং চেঞ্জ করে অন্যত্র হয়েছে সে সম্পর্কে এই ষ্টেটমেন্টে কোন উল্লেখ নেই। উনি যদি সেইটুকু বলতে পারেন।

**মিঃ স্পীকার ঃ** উনি মুলতুবী প্রস্তাবের উপর ৩৪৬ অনুযায়ী উত্তর দিয়েছেন।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতী নিয়ে আমি একটু আপনার মূল্যবান সময় নিচ্ছি। এটা সি. পি. এম., এস. ইউ. সি, ফরোয়ার্ড ব্লক ইত্যাদির ব্যাপার নয়, এর সঙ্গে জাতীয় স্বার্থ জড়িত আছে, আপনি একটু দয়া করে শুনুন। আজকে চীন, রাশিয়া, ইংল্যাণ্ডের কোন ডাক্তার যদি টেষ্ট টিউব বেবী করে তাহলে গোটা ইন্টারনাশানাল পেপারে তার পাবলিসিটি হয়। হতভাগ্য বাঙ্গালী ডঃ সুভাষ মুখার্জী, ডঃ এস. কে. ভট্টাচার্য্য, প্রফেসর সুনীত মুখার্জী, এঁরা বাঙালী এই তাঁদের অপরাধ। আজকে তাঁরা টেষ্ট টিউব বেবী করলো, ইন্টারন্যাশন্যাল পাবলিসিটি দরকার, সেটাতো হলই না, আজকে রেকগনিশনের প্রশ্ন দাঁড়িয়ে রয়েছে। আজকে আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের কাছে অত্যন্ত বিনয়ের সঙ্গে অনুরোধ করছি, এটা জাতীয় স্বার্থ স্যার, আজকে একজন ডক্টর রিপোর্ট প্লেস করবে সেই রিপোর্ট পরীক্ষা করার জন্য একটা কমিটি করা হয়েছে এবং সেই কমিটির চেয়ারম্যান করা হয়েছে ডঃ এম. কে. দাসগুপ্তকে। তিনি কে? তিনি হেড অব দি ডিপার্টমেন্ট অব রেডিও ফিজিক্স এ্যাণ্ড ইলেকট্রোনিক যাঁর এই বিষয়ে কোন অভিজ্ঞতা নেই। আজকে দরকার গাইনোকোলজিষ্ট, আজকে দরকার বাইয়োলজিষ্ট। এটা একটা জাতীয় স্বার্থের ব্যাপার। আজকে বাঙ্গালী ডাক্তাররা এই জিনিষ করে যদি প্রপার রেকগনিশান না পায়—সেই রিপোর্ট একজামিন করবেন একটা হাতুড়ে ডাক্তার, এ জিনিষ হয় না। আজকে দরকার বায়োলজিস্ট, আজকে দরকার গায়নোকোলজিষ্ট, আজকে বিশেষ ভাবে পরীক্ষা করা দরকার কিন্তু সেই জিনিষ হয়নি। আজকে পশ্চিমবাংলার

এটা একটা ইজ্জত-এর প্রশ্ন। এটাকে আপনারা ইভেড করতে চাইছেন। আমি পশ্চিমবাংলার স্বার্থে বলছি এটা একটা সিরিয়াস ইস্যু। ইট শুড বি প্রপারলি এক্জামিণ্ড বাই প্রপার এক্সপার্টস।

[2-00—2-10 P.M.]

**শ্রীরজনীকান্ত দোলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা একটা গুরুত্বপূর্ণ বিষয়। এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছ থেকে আমরা একটা বিবৃতি দাবী করছি।

**শ্রীনির্মলকুমার বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এই বিধানসভায় নিয়মিত বৈধতার প্রশ্ন তুলি। আমি কিন্তু আজকে আপনার অনুমতি নিয়ে প্রপাইটির প্রশ্ন তুলছি। গবেষণা, শিক্ষা এইসব ব্যাপারগুলো সমস্ত দলাদলির উর্ধে রাখা উচিত। কিন্তু বিরোধী সদস্যরা যেভাবে এই ব্যাপারটাকে নিয়ে এলেন—আমাদের বাঙ্গালী গবেষকদের সারা দেশে সুনাম আছে—এর ফলে সেইসব গবেষকদের সুনাম নষ্ট হয়ে যাচ্ছে। টেস্টটিউব শিশু, এই সম্পর্কে সরকার বিবেচনা করছেন। এবং এটা যদি প্রমাণিত হয় তাহলে আমরা সবাই গৌরব বোধ করবো, কিন্তু এই বিষয়েও উনারা দলাদলি করছেন, সব বিষয়েই কি উনারা দলাদলি করবেন ?

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** আজকে সেখানে প্রপার এক্সপার্টস নিয়োগ করা হয়নি, একজন রেডিও ইলেকট্রনিক্সের এক্সপার্ট, তিনি এই ব্যাপারে কি বোঝেন ?

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** মিঃ স্পীকার, অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, মাননীয় সদস্য সুনীতিবাবু যে ব্যাপারটা এখানে রাখলেন যেন এই গবেষক বাঙ্গালীর মর্য্যাদা রক্ষা করা হয়, কারণ যাঁকে দায়িত্ব দেওয়া হয়েছে, তাঁকে আমাদের সন্দেহ হচ্ছে, কিন্তু মাননীয় সদস্য নির্মলবাবু যেভাবে ব্যাপারটা নিলেন, তাতে আরও দলীয় ভাবটা জেগে উঠলো। আমার প্রিভিলেজটা বলছি, মাননীয় সদস্য যেটা বলেছেন—আমরা চাইছি বাঙ্গালীর এই গবেষণা যেন ন্যাশন্যাল লেভেলে স্থান পায়। আমি বলবো, এই ব্যাপারে আরও গুরুত্বপূর্ণ ভাবে আলোচনা করার জন্য একটা দিন ধার্য করা হোক।

( গোলমাল )

মুখ্যমন্ত্রীকে বলুন এই কমিটি পাল্টাতে এবং ঠিকভাবে এক্সপার্ট দিয়ে কমিটি করতে বলুন।

**শ্রীঅমলেন্দ্র রায় ঃ** এইভাবে এক্সপার্টের পরিচয় দেওয়া যায় না। এক্সপার্ট ইজ এক্সপার্ট। এক্সপার্টের ব্যাখ্যা এইভাবে হয় না। এইভাবে বলাটা অজ্ঞানতার পরিচায়ক।

**শ্রীনির্মলকুমার বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেভাবে জিনিসটাকে এখানে বলা হচ্ছে--আমরা এটাকে কোনও মতেই ছোট করতে চাইছি না। আমরা বলতে চাই যদি ব্যাপারটা হয়ে থাকে তাহলে আমরা গর্ব বোধ করবো। কিন্তু হয়েছে কি না, এই নিয়ে প্রশ্ন দেখা দিয়েছে। শুধু কলকাতার ব্যাপারই নয়, প্রথম যখন লণ্ডনে হলো তখন সারা পৃথিবীতে একটা হৈ চৈ পড়ে গেল।

( গোলমাল )

**মিঃ স্পীকার ঃ** এইভাবে এর উপর আলোচনা চলতে পারে না। এর উপর যদি আর আলোচনা করেন তাহলে—দি ম্যাটার হ্যাজ বিন আণ্ডারষ্টুড বাই এভরিবডি—আপনারা সবাই একসঙ্গে এইভাবে কথা বললে আই হ্যাভ দি রাইট টু ডাইরেক্ট দি প্রসিডিংস টু গো অফ দি রেকর্ড।

**ডঃ শাশ্বতীপ্রসাদ বাগ ঃ** এন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার।

**মিঃ স্পীকার ঃ** আপনি কোন্ ধারা অনুযায়ী পয়েন্ট অফ অর্ডার তুলছেন, সেটা বলুন।

**শ্রীশাশ্বতীপ্রসাদ বাগ ঃ** আণ্ডার রুল ৩৫০, স্যার, আমি বলছি যে, এই হাউসে আমার পূর্বে একজন সদস্যকে আপনি ঔচিত্যের প্রশ্ন তুলে বলবার সুযোগ দিয়েছেন। সেই ঔচিত্যের প্রশ্ন তুলে তিনি বলেছেন, যে-কোনও লোকই এক্সপার্ট হতে পারে। আমি বিজ্ঞানের ছাত্র হিসাবে আপনার সামনে একটি প্রশ্ন রাখছি। যে প্রশ্নটি আজকে এখন আমাদের সামনে এসেছে, সেটি একটি বিজ্ঞানের প্রশ্ন। একজন গবেষক বিজ্ঞানের সব শাখার পণ্ডিত হতে পারেন না। এখানে চিকিৎসা শাস্ত্রের বিষয়ে যে ঘটনা ঘটেছে তার তদন্তের জন্য যদি অভিযোগ সত্য হয় রেডিও ফিজিক্স, ইলেক্ট্রনিক্স-এর প্রফেসরকে চিকিৎসা বিজ্ঞানের জন্য নিযুক্ত করা হবে, তাহলে সেটা হবে খুবই দুঃখজনক ঘটনা। সরকারের নীতি যদি তাই হয় যে এক্সপার্ট মানেই যে কোনও এক্সপার্ট, তাহলে সেটা খুবই দুঃখের এবং সেটার সমর্থনে ঔচিত্যের প্রশ্ন তোলাটা খুবই দুর্ভাগ্যজনক।

**অধ্যক্ষ মহোদয়ঃ** ইট ইজ নট এ পয়েন্ট অফ্ অর্ডার। এখন ৩৫১ ধারায় উল্লেখ।

## MENTION CASES

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সমাজ-কল্যাণ দপ্তরের মাননীয়া রাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

কুচবিহারের অন্ধ বিদ্যালয়ে অনেক দিন ধরে প্রশাসনিক ত্রুটি এবং দুর্নীতির বহু ঘটনা ঘটে যাচ্ছে। ইতিপুর্বে মাননীয়া রাষ্ট্রমন্ত্রী শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী এবিষয়ে তদন্ত করেছিলেন। কিন্তু তা সত্বেও আজ পর্য্যন্ত ওখানে প্রশাসনিক কোন উন্নতি না হওয়ার জন্য গত ১ মাস ধরে ছাত্ররা বিক্ষোভ প্রকাশ করতে শুরু করেছে। সম্প্রতি এই বিক্ষোভ এমন এক পর্য্যায় গিয়ে দাঁড়িয়েছে যে, স্থানীয় ডি· সি·-কে পর্যন্ত সেখানে তদন্ত করতে হয়। আমি সেই জন্য বিষয়টির প্রতি মাননীয়া রাষ্ট্রমন্ত্রীর দৃষ্টিটি আকর্ষণ করে তাঁর কাছে অনুরোধ করছি যে, ওখানে যে-একজন সুপারেনটেনডেন্ট দেওয়ার কথা ছিল, তা এখন পর্যন্ত দেওয়া হয়নি, অবিলম্বে ওখানে একজন সুপারেনটেনডেন্ট নিয়োগ করুন। আমার মনে হয় এই অন্ধ বিদ্যালয়কে কেন্দ্র করে কুচবিহারে আমার একটা অপ্রীতিকর ঘটনা ঘটতে চলেছে। সেইজন্য আমি বিষয়টির প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি।

[ 2-10—2-20 P.M. ]

**শ্রীরবীন্দ্রনাথ মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সবার দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। গলশিয়া সেবক সংঘ জুনিয়র হাই স্কুলটি ২৪-পরগণা জেলায় বারাসাত থানার অন্তর্গত রাজারহাট কনষ্টিটিউয়েন্সিতে অবস্থিত। গত ১৯৭০ সাল থেকে ঐ স্কুলে যে সমস্ত টাকা-পয়সা এসেছে তা আজ পর্যন্ত জমা হচ্ছে না এবং তার ফলে শিক্ষকেরা বেতন পাচ্ছেন না। যিনি ঐ স্কুলের সম্পাদক, শেখ আবদুল জলিম তিনি ব্যক্তিগতভাবে একটি প্রাইমারী স্কুলের হেডমাষ্টার এবং তার একটি ভেড়িও আছে। প্রাক্তন গ্রাম পঞ্চায়েতের অধ্যক্ষও ছিলেন, কো-অপারেটিভ সোসাইটির তিনি সেক্রেটারী এবং ওয়েষ্ট বেঙ্গল ষ্টেট কো-অপারেটিভ সোসাইটির একজন মেম্বার। ঐ ভদ্রলোক কংগ্রেস (আই) এর আবার সমর্থক। ১৯৭৮ সালে যে

টাকা পাওয়া গেছে সেই টাকা তিনি জমা দেননি। শুধু তাই নয়, কয়েকজন শিক্ষককের বিগত পূজার সময় কাজ করে যে ডি. এ., এ. ডি. এ., এ্যাড-হক বেনিফিট এবং এক্স-গ্রাসিয়ার টাকা এসেছিল তা সমস্তই নিজের কুক্ষিগত করেছে। টিচার্সরা ব্যাঙ্ক থেকে টাকা নিতে গিয়েছিল কিন্তু ব্যাঙ্ক রিফিউজড করেছে। এইরকম একটা অবস্থা সেখানে চলছে। আমার অনুরোধ, অবিলম্বে প্রধান শিক্ষককে বাতিল করে এ্যাডমিনিষ্ট্রেটর নিয়োগ করা হোক এবং উপযুক্ত পানিসমেন্ট-এর ব্যবস্থা করা হোক।

**শ্রী কাজী হাফিজুর রহমান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেদিনীপুর জেলার নারায়ণগড় থানার চক কিশোর গ্রামের প্রান্তিক চাষী শ্রীপ্রিয়নাথ খাটুয়ার চোখের সামনে তার মোট জমি, ( ১ একর ৮৬ ডেঃ ) এবং ১ একর ভাগচাষের জমি থেকে সি. পি. এমের লোকেরা বহু লোকজন নিয়ে এসে ধান কেটে নিয়ে যায়। আমার প্রশ্ন হচ্ছে এই যে প্রান্তিক চাষীর সারা বছরের খাওয়ার ধান লুঠ হয়ে গেল সে এখন খাবে কি ? আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর হাতে এই দরখাস্তটি দিতে চাইছি এবং অনুরোধ করছি যেন তিনি যথাযথ ব্যবস্থা অবলম্বন করেন।

**Shri Dawa Narbu La :** Mr. Speaker, Sir, six employees of the State Electricity Board had been expelled in a case at the instigation and pressure of C. P. I. (M) on 20. 10. 1978. After completion of the investigation the O. C. had submitted final report about these six persons and, accordingly, the learned Sub-Divisional Magistrate, Jalpaiguri, had discharged them on 18.11.1978. But, Sir, even after this order has been passed these persons have not been allowed to join their duties. Great injustice is being done to these persons by not allowing them to join their duties. So, I request the Hon'ble Chief Minister to direct the State Electricity Board to withdraw their suspension order and allow them to join their duties immediately.

Thank you,

**শ্রীনীরোদ রায় চৌধুরী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সিমেন্টের ব্যাপারে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সিমেন্টের নির্দিষ্ট দাম বেঁধে নেওয়ার পরেও বিভিন্ন ডিলাররা যা-তা দামে বিক্রি করছে। ২৩ টাকা যেখানে সিমেন্টের বস্তা সেখানে তাঁরা নিচ্ছেন ৬৩ টাকা করে। তারা এইভাবে সাধারণ মানুষকে প্রতারণা করছে। সুতরাং এই ব্যাপারে এখনই ব্যবস্থা অবলম্বন করা উচিৎ। সিমেন্টের দর যদি

নির্দিষ্ট না করা হয় তাহলে এই সিমেন্ট নিয়ে অনেক কেলেঙ্কারী হবে। এইসব অসাধু ব্যবসায়ীরা কংগ্রেসের লোক। তারা এই সরকারকে হেয় প্রতিপন্ন করার জন্য এই সিমেন্ট নিয়ে কালোবাজারি শুরু করেছে। আমার সাব-ডিভিসন এলাকায় সেখানে তারা দামের উপর দেড় টাকা বেশী নিচ্ছে কিন্তু রসিদ দিচ্ছে না। এই ব্যাপারে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং যারা অসাধু ব্যবসায়ী আছেন তাদের যাতে লাইসেন্স বাতিল করে দেওয়া হয় তারজন্য ব্যবস্থা অবলম্বন করতে অনুরোধ করছি।

**শ্রীউপেন্দ্র কিসকু:** মিঃ স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলায় সারের অভাব দেখা দিয়েছে। এই মরশুমে আলু, গম চাষের খুব ক্ষতি হয়েছে, চাষীরা খুব অসুবিধার মধ্যে পড়েছে। যদিও কোন কোন জায়গায় সার পাওয়া যাচ্ছে তার দাম অত্যন্ত চড়া এবং এই চড়া দাম দিয়ে অনেকে কিনতে পারছেন না। তাই এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য আমি কৃষিমন্ত্রীকে অনুরোধ করছি।

**শ্রীবিশ্বনাথ চৌধুরী:** অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পঞ্চায়েত বিভাগের বিরুদ্ধে একটি ছোট্ট নালিশ আনছি। তার কারণ হচ্ছে আজকে দীর্ঘ দুই বছর ধরে সরকারী সমস্ত নিয়ম ভঙ্গ করে চৌকিদারদের ভাতা এবং তাদের কোন সরকারী পোষাক দেওয়া হচ্ছে না। শীত এসে গেল,সেই শীতের পোষাক এবং সাধারণভাবে যে পোষাক দেবার কথা তাও তারা পাচ্ছে না। আমি অবিলম্বে আপনার মাধ্যমে এর প্রতিকারের দাবী করছি। আজকে পশ্চিমবঙ্গে যে সময়ে পঞ্চায়েত বিভাগের পক্ষ থেকে বিভিন্ন জায়গায় লোক নিয়োগের কথা বলা হচ্ছে, তখন বহু জায়গায় যারা কর আদায় করেন তাঁদেরকে ছাঁটাই করা হচ্ছে। আপনার মাধ্যমে আমি এ বিষয়টিরও প্রতিকার দাবী করছি।

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীমহাশয়ের কাছে আমি বীরভূমের তসর চাষীদের একটি বিষয়ের উল্লেখ করছি। পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলাতে বনবিভাগের কর্তৃপক্ষ এই তসর চাষীদের সুযোগ দিচ্ছেন কিন্তু বীরভূমের হতভাগ্য তসর চাষীরা সে সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। এজন্য তারা যে পারমিশন চেয়েছিলেন তা প্রত্যাখ্যাত হয়েছে। আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ করছি এই ব্যান লিফ্ট করে যাতে বন্যাক্লিষ্ট বীরভূম জেলার তসর চাষীরা সুযোগটা পায় এবং লাভবান হতে পারে।

**শ্রীশিবনাথ দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেন্দ্রীয় সরকার তাঁর দেয় টাকার যে হিসাব চেয়েছেন রাজ্যসরকার তার জন্য খুব গোসা করেছিলেন কিন্তু সেই অর্থ নিয়ে কিভাবে অপব্যবহার করা হচ্ছে সেই সম্পর্কে আমি দু-একটি উল্লেখ করছি। সুতাহাটায় অঞ্চলের অঞ্চল প্রধান সি. পি. এম. এবং তিনি সেই অঞ্চলের যিনি সেক্রেটারী তাঁর যোগসাজসে একসঙ্গে মিলে দুজনে অন্য নামে তসর চাষের জন্য যে মিনিকীট— সেই মিনিকীট এক কুইণ্টাল আত্মসাৎ করেছেন। তারপর কম্যুনিটি নার্সারী স্কীমে এক একর জমি চাষের জন্য যে ৪০০ টাকা দেওয়া হয় এবং ধান দেওয়া হয় তিনি সেই ধান এক কুইণ্টাল নিয়ে সমস্তটা খাবার কাজে লাগিয়েছেন, চিঁড়া যা দেওয়া হয়েছিল তাও তিনি খাওয়ার কাজে ব্যবহার করেছেন। ময়না একনম্বর ব্লকের অঞ্চল প্রধান— তিনি প্রায় ৪ টনের মত ধানকে বিভিন্ন জায়গায় বিলি করেছেন। কম্যুনিটি নার্সারি স্কীমে নিয়ম এটা নয়, এক জায়গায় এক প্লটে বীজ বোনার নিয়ম, এই নিয়ম লঙ্ঘন করা হয়েছে। বি. ডি. ও. আপত্তি করায় তাঁকে হুমকি দেওয়া হয়েছে। বি. ডি. ও. যখন তার প্রতিবাদ করে তখন তাকে হুমকি দিয়ে বলা হয় এই সম্পর্কে যদি অনুসন্ধান করেন তাহলে আপনাকে খুন করা হবে। এই রকম ভাবে অপব্যবহার করা হচ্ছে। এই সম্পর্কে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

[2-20—2-30 P.M.]

**শ্রীসমরেন্দ্রনাথ সান্যাল :** স্যার, নদীয়া জেলার অনেকগুলি অঞ্চলে কো-অপরেটিভ ব্যাঙ্কগুলির নির্বাচন ৫-৬ মাস আগে হয়ে গেছে। কিন্তু এখনও পর্যন্ত ঐসব ব্যাঙ্কে সরকারী মনোনীত সদস্যদের মনোনয়ন দেওয়া হয় নি—আগে যারা ছিলো তারাই আছেন। সরকারের ঘোষিত নীতি হচ্ছে বন্যার ফলে যারা ঋণ শোধ করতে পারেনি তাদের ঋণ দেওয়া হবে। কিন্তু পুরান যারা আছেন তারা এতে বাধা দিচ্ছেন। সেইজন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি অবিলম্বে সরকারী মনোনয়ন দিন।

**শ্রীযোগেন্দ্রনাথ সিংহ রায় :** স্যার, তহবিল তছরূপের ঘটনা সম্পর্কে স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। জলপাইগুড়ি জেলার উত্তর লতাবাড়ি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে ভারপ্রাপ্ত চিকিৎসক রথীন মৈত্র বে-আইনী ভাবে সরকারের হাজার হাজার টাকা অপচয় করেছেন। এই সম্পর্কে প্রয়োজনীয় কাগজপত্র আমার কাছে আছে কিন্তু আশ্চর্যের ব্যাপার এটা দীর্ঘ দিন ধরে ঝুলছে। মনে হচ্ছে একে ধামা চাপা দেবার চেষ্টা করছেন স্বাস্থ্য বিভাগের উর্দ্ধতন কিছু লোক। আমি অনুরোধ করছি এটা নিয়ে তদন্ত করে দোষীকে শাস্তি দেওয়া হোক।

**শ্রীরামচন্দ্র শতপতি :** স্যার, শিক্ষামন্ত্রীর কাছে একটি জরুরী বিষয়ে উল্লেখ করছি। মেদিনীপুরে ঝাড়গ্রাম শহরে সরকারী উদ্যোগে রানী বিনোদ মঞ্জরী সরকারী বালিকা বিদ্যালয় আছে। সেখানে একাদশ শ্রেণী পর্যন্ত পড়ান হয়। কিন্তু সেখানে কোন ছাত্রদের বাস নেই। এখানে শুধু জেলার নয়, বাঁকুড়া উড়িষ্যা থেকেও কিছু ছাত্রীরা এখানে পড়তে আসে। সেখানে ছাত্রীনিবাস না থাকায় ছাত্রীরা থাকতে পারছে না বলে পড়াশোনার খুব ক্ষতি হচ্ছে। সুতরাং এখানে যাতে ছাত্রীনিবাস তাড়াতাড়ি হয় সেইজন্য শিক্ষামন্ত্রী ও পূর্তমন্ত্রীকে অনুরোধ করছি।

**শ্রীপ্রবোধ পুরকায়েত :** স্যার ফসল কাটার ব্যাপারে যদি সরকার নীতিগত ভাবে ফসল কাটার গাইড লাইন ঠিক করেছেন যে গরীব কৃষক ও বর্গাদারদের ক্ষেত্রে প্রশাসন ও পুলিশ সাহায্য করবে। কিন্তু দেখা যাঁচ্ছে প্রশাসন ও পুলিশের সাহায্যে গরীব কৃষকের ধান কাটা হয়ে যাচ্ছে। জয়নগর থানার তিলপাড়া গ্রামের পুলিশ ক্যাম্প করা হয়েছে ল এণ্ড অর্ডারের প্রশ্ন তুলে। সেখানে পুলিশ ক্যাম্প বসিয়ে পুলিশকে সামনে রেখে সেখানকার জেলা পরিষদের যিনি সি. পি. এম.-এর প্রার্থী ছিলেন সেই আমজেদ মোল্লার নেতৃত্বে সমাজবিরোধীরা লাঠি, বোমা-পাইপগান নিয়ে বর্গাদারদের ধান লুঠ করছে। এই সম্পর্কে এস. ডি. ও., এস. পি.-র কাছে অভিযোগ করেছি, কিন্তু কিছুই হয়নি। সেইজন্য অনুরোধ করছি স্বরাষ্ট্রমন্ত্রী ও ভূমি রাজস্বমন্ত্রীকে যে আপনাদের ঘোষিত নীতি অনুসারে এখান থেকে অবিলম্বে পুলিশ ক্যাম্প তুলে দেওয়া হোক এবং গরীব কৃষক যাদের ফসল জোর করে নেওয়া হয়েছে তাদের সেগুলি ফেরত দেওয়া হোক এবং সমাজ বিরোধীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হোক। থানায় কোন ডাইরী, এফ. আই. আর. নিচ্ছেন না, তারা বলছে কোর্টে গিয়ে কেস করতে যেহেতু সি. পি. এম. আছে। এইভাবে যদি চলে তাহলে গ্রামবাংলার সাধারণ মানুষের স্বার্থ ভীষণভাবে ব্যাহত হবে। এর প্রতিকারের জন্য সরকারের কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রীঅতীশচন্দ্র সিংহ :** স্যার, আপনার মাধ্যমে ওয়েষ্ট বেঙ্গল বোর্ড অব সেকেণ্ডারী এডুকেশানে কি অপকর্ম হচ্ছে তার একটা দৃষ্টান্ত দিতে চাই। আমার কাছে একটা মার্কশীট আছে যেটা গত মাধ্যমিক পরীক্ষা (এপ্রিল '৭৮ সালে হয়েছিল) সেই সময়ের। মহম্মদ সামসুজ্জোহা হরেকনগর এ. এম. স্কুল থেকে দিয়েছিল তারই মার্কশীট—যেটা আমি জমা দেবো। এতে দেখতে পাচ্ছি অন্য কারও নাম ছিল। সান ও ডটার যেখানে থাকে সেখানে দেখছি এফ. ও ডি. কাটা। তাঁরা একটা কালাকানুনের দ্বারা বোর্ডকে অধিগ্রহণ করলেন, কিন্তু তার

সত্ত্বেও দেখছি এইসব জিনিস হচ্ছে। তাই আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীকে অনুরোধ করবো যাতে অবিলম্বে এইসব অপকর্ম বন্ধ হয় সেদিকে যেন তিনি দয়া করে দৃষ্টি দেন।

**শ্রীশচীন সেন:** স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করছি। একটা ঘটনা দিলে বোঝা যাবে কিভাবে দিনের পর দিন আমাদের সরকার ও সি. পি. এম. বিরোধী ষড়যন্ত্র চলছে। আমরা হয়তো সত্যবাবু, রজনীবাবু, কিরণময় নন্দকে হেঁসে উড়িয়ে দিই কিন্তু এর পেছনে একটা সংগঠিত চেষ্টা চলছে—যারা যে কোন ব্যাপারেই সি. পি. এম. দেখে। রাস্তায় যদি দুটি সমাজ বিরোধী মারধোর করে তাহলে যে লোকটা মার খায় তাকে ধরে নিয়ে তারা বলে সি. পি. এম. মেরেছে। এবং সেটা এমন পর্যায়ে গেছে যে সেই জায়গায় কংগ্রেসী হোক, জনতা হোক, (আই) হোক, এস. ইউ. সি. হোক, সবাই মিলিতভাবে সি. পি. এম.-এর বিরুদ্ধে কুৎসায় লাগে। ঘটনাটা হচ্ছে গত ১৬ই নভেম্বর কসবা অঞ্চলে একটা ঘটনা ঘটে। সমাজ বিরোধী যার বিরুদ্ধে কয়েকটা মার্ডার কেস আছে, আর একজন সমাজবিরোধী তার বিরুদ্ধেও অসংখ্য মামলা আছে, সেও মার্ডার কেসের আসামী বলে শুনেছি, এই দু'জনে মারামারি করে। একজন মারামারিতে বেশী মার খায়। তাকে ক্লেম করল ও হচ্ছে কংগ্রেসের কর্মী, ওকে সি. পি. এম.-র লোকেরা মেরেছে। ওখানকার কংগ্রেসের নেতা, কংগ্রেস (আই)-এর নেতা, জনতা নেতা এস. ইউ. সি.-র নেতা সবাই-এর নাম করে তারা একটা ইস্তাহার বিলি করেছে। তারা আর মানুষের কাছে স্থান পাচ্ছে না বলে ঐসব অসত্য ভাষণ দেবায় চেষ্টা করছে।

[2-30—2-40 P.M.]

**শ্রীরজনীকান্ত দোলুই:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ২৪-পরগণার খড়দহের শ্রীদুর্গা ফ্লাওয়ার মিলের নিরীহ কর্মীদের উপর সি. পি. এম. গুণ্ডা বাহিনীর যে আক্রমণ সেই আক্রমণের ব্যাপারে আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বামফ্রন্ট সরকার বলেন যে আমরা শ্রমিকের বন্ধু, শ্রমিদ দরদী, গণতন্ত্রের ধারক ও বাহক, কিন্তু প্রকৃতপক্ষে দেখা যাচ্ছে এইসব ঝুটা, অসত্য কথা, ভুয়া। শ্রীদুর্গা ফ্লাওয়ার মিলে ৪৫ জন কর্মচারী কাজ করে, তারা ওয়েষ্ট বেঙ্গল ফ্লাওয়ার মিলস মজদুর কংগ্রেসের সভ্য। মালিকপক্ষ সি. পি. এম.-এর সাহায্য নিয়ে তাঁদের বলেছিলেন আপনারা যাঁরা ফ্লাওয়ার মিলস কংগ্রেসের সভ্য আছেন

তাঁরা ফ্লাওয়ার মিলস কংগ্রেস ছেড়ে দিয়ে সি. পি. এম.-এর সভ্য হয়ে যান। সভ্যরা কিন্তু সি· পি· এম· মালিক পক্ষের হুমকিতে নতি স্বীকার করেননি। গত ২রা ফেব্রুয়ারী ১৯৭৮ তারিখে হঠাৎ দেখা গেল ফ্লাওয়ার মিল বন্ধ। শ্রম দপ্তরে এজন্য প্রতিবাদ দেওয়া হয়েছে, নোটিশ দেওয়া হয়েছে সেটেল করার জন্য, কিন্তু কোন সময় মালিকপক্ষ এসে দেখা করেননি। এটা মাননীয় মন্ত্রী জানেন, কিন্তু কোন এ্যাক্‌সান নেননি। যখন ১৬ই নভেম্বর ঐ মিলের কর্মীরা শান্তিপূর্ণ ভাবে সেখানে অবস্থান ধর্মঘট করছিলেন তখন সি· পি· এম.-এর গুণ্ডাবাহিনী তাদের উপর আক্রমণ করে তাদের মারধোর করে। ফলে কয়েকজন লোককে হাসপাতালে পাঠাতে হয়। পাশেই থানা, থানায় ঘটনাটা জানান হয়েছে, তারা কোন এ্যাকসান নেয়নি। মন্ত্রী মহাশয়কে জানান হয়েছে, তিনি তার প্রতিকার করেননি। তাই আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর কাছে জিজ্ঞাস্য তিনি এই ব্যাপারে দৃষ্টি দেবেন কিনা, এই ব্যাপারে তাঁর বক্তব্য রাখবেন কিনা ?

**শ্রীকানাইলাল দাস মহাপাত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং ভূমি ও ভূমি রাজস্বমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। জমিতে চাষ এবং ফসল কাটাকে কেন্দ্র করে পশ্চিমবংগের সর্বত্র খুন-জখমের গুরুতর অভিযোগ প্রত্যেকদিন বিধান সভায় তোলা হচ্ছে। আমি মনে করি এইসব অভিযোগ কোল্ড ষ্টোরেজে চাপা পড়ে যাচ্ছে, কোন প্রতিকার হচ্ছে না, ফলে জনসাধারণ একটা অসহায় অবস্থা ফিল করছেন। আমি একটা বিশেষ ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। ২৪-পরগণা জেলার সাগর থানার চেমাগাড়ী মৌজার চাষী তোষাদ্দক আলি গায়েন ১৯৬৭ সাল থেকে সি. পি. এম.-দ্বারা নানাভাবে নির্যাতিত লাঞ্ছিত হচ্ছেন। ১৯৬৭ সালে তাঁর নিজ হাতে চাষ করা জমির ফসল সেখানকার কৃষক সমিতির সমর্থকরা কেটে নিয়েছে। তার জন্য কোর্টে কেস হয়, কোর্টে সোলেনামা হয়, সেই সোলেনামাকে অগ্রাহ্য করে ১৯৭৮ সালের ১লা আগষ্ট তিনি যখন জমি চাষ করছিলেন তখন সি. পি. এম.-র লোকেরা তাঁর লাঙ্গল খুলে নিয়ে যায় এবং তাঁকে ভয় দেখান হয়। সেই ভয়ে তিনি জমি চাষ করতে পারছেন না। তিনি মুখ্যমন্ত্রী, ভূমি রাজস্ব মন্ত্রী, বিভিন্ন জায়গায় দরখাস্ত করেছেন, কিন্তু আজ পর্যন্ত তার কোন প্রতিকার হয়নি। ডায়মণ্ড হারবারের মহকুমা শাসক বি. ডি. ও.-কে এই ঘটনা সম্পর্কে তদন্ত করতে বলেন, বি. ডি. ও. তদন্ত করে বলেন যে ঘটনাটি সত্য এবং ৬-১১-৬৭ তারিখে তোষাদ্দক আলীকে চিঠি দিয়ে জানান যে ঘটনাটি সত্য এবং আপনি বিচার বিভাগের আশ্রয়

গ্রহণ করুন। আমি তাঁর দরখাস্ত ও তদন্তের রিপোর্ট আপনার মাধ্যমে ভূমি রাজস্ব মন্ত্রীর কাছে পেশ করছি।

**শ্রীসরল দেব :** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে পশ্চিমবাংলায় কয়লার অভাবে বহু গ্লাস ফ্যাক্টরি বন্ধ হয়ে যাচ্ছে অথচ কোলফিল্ডে বহু নন-বেঙ্গলী অফিসার রানীগঞ্জ এবং আসানসোলে বে-আইনীভাবে দ্বিগুণ দামে কয়লা ষড়যন্ত্র করে বিক্রী করছে। আজকে কয়লার অভাবে গ্লাস ফ্যাক্টরী বন্ধ হয়ে যাওয়ায় গ্লাস ফ্যাক্টরীর হাজার হাজার শ্রমিক বেকার হয়ে যাচ্ছে কাজেই আমি আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রীর কাছে অনুরোধ রাখছি এই যে বে-আইনীভাবে কয়লা বিক্রী হচ্ছে এটা বন্ধ করুন এবং বিভিন্ন কারখানা যাতে ন্যায্য মূল্যে কয়লা পায় তারজন্য প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করুন। মাননীয় স্পীকার মহাশয়, আপনি অনুগ্রহ করে খাদ্যমন্ত্রী মহাশয়কে বলবেন তিনি যেন এই ব্যাপারে অবিলম্বে উদ্যোগ গ্রহণ করেন।

**শ্রীধীরেন্দ্রনাথ রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাওড়া জেলার জগদীশপুর হেলথ সেণ্টারে ১৫টি শয্যা আছে কিন্তু সেই শয্যাগুলি সুবিন্যস্ত নয় এবং তার ফলে রোগীদের খুব অসুবিধা হচ্ছে। সেখানে ২ জন চিকিৎসকের ব্যবস্থা রয়েছে কিন্তু গত দু-বছর ধরে সেখানে ১ জন চিকিৎসকও নেই। সেখানে একজন চিকিৎসক যিনি আছেন তিনি সকালবেলায় বাহরের রোগী দেখে সারাদিন আর সময় ব্যয় করেন না। যে ঘরে অপারেশন হয় সেই ঘরই আবার প্রসূতিদের জন্য ব্যবহার করা হচ্ছে। এ রকম একটা গুরুত্বপূর্ণ সমস্যার প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করেছি কিন্তু আজ পর্যন্ত কোন উপকার হয়নি। কাজেই স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি এই এলাকার স্বাস্থ্য কেন্দ্রটির যাতে সুব্যবস্থা হয় তার প্রতি তিনি যেন দৃষ্টি দেন।

**শ্রীসুনীতি চট্টরাজ :** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিশেষ ব্যাপারে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি, জানিনা তাঁদের দৃষ্টি আকৃষ্ট হবে কিনা। নবদ্বীপ কলেজের একটি ভাল ছাত্র, প্রবীর চৌধুরী, বাড়ীতে ঘুমোচ্ছিল কিন্তু সি. পি. এম.-এর গুণ্ডারা তার বাড়ী ঘেরাও করে তাকে তুলে নিতে চায়, উদ্দেশ্য হত্যা করা। থানায় এফ. আই. আর. করা হয়েছে কিন্তু তাঁরা বললেন আমরা কিছু করতে পারব না—উপরের নির্দেশ আছে। সি. পি. এম. যদি আসামী হয় তাহলে আমরা এ্যারেস্ট করতে পারব না এটা আমাদের উপর আদেশ। স্যার, এই কি

ল এ্যাণ্ড অর্ডার? একজন লোক থানায় গিয়ে যদি প্রোটেকসন না পায় তাহলে সে কি করবে? আমার অনুরোধ আপনি এটা দেখবেন।

[2-40—2-50 P.M.]

**শ্রী সামসুদ্দীন আমেদ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি আশঙ্কাজনক বিষয়ে আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমার কনষ্টিটিউয়েন্সী কালিয়াচক বাংলাদেশের বর্ডারে রয়েছে। আপনি জানেন ১৯৭১ সালে বাংলাদেশে সংঘর্ষ হয়েছিল, মুক্তি ফৌজ ইত্যাদি হয়েছিল এবং তার ফলে প্রচুর বেআইনি অস্ত্রশস্ত্র বাংলাদেশের সমাজ বিরোধীদের হাতে এসেছে। এরা এই সমস্ত মারাত্মক অস্ত্রশস্ত্র নিয়ে দল বেঁধে ডাকাতি করছে। আমার এলাকা কালিয়াচক, ব্লক থ্রি-তে ১৯৭৮ সালে ১০টি ডাকাতি হয়েছে এবং ১টি ডাকাতিতে ৩ জনকে 'কুচ' নামে একটা যন্ত্র দিয়ে মেরে ফেলেছে। গত ২৭ তারিখ একই রাত্রে ভগবানপুর গ্রামে দুই বাড়ীতে অর্থাৎ জাফর আলি বিশ্বাস এবং শেখ মহম্মদ বিশ্বাসের বাড়ীতে নৃশংস ডাকাতি হয়েছে এবং তাতে ১ জনকে গুলি করে হত্যা করা হয়েছে। পুলিশের কাছে গেলে তাঁরা বলেন আমাদের থানার যে ক্ষমতা আছে সেটা ওই সমস্ত অস্ত্রশস্ত্রের তুলনায় অনুপযুক্ত। অর্থাৎ থানা একটা অসহায় অবস্থার মধ্যে রয়েছে এবং তারা যে সমস্ত অস্ত্রশস্ত্র নিয়ে আসছে তাতে তার মোকাবিলা করার ক্ষমতা থানার নেই। মানুষ ঘুম থেকে জেগে উঠে যখন হৈ হৈ করে ডাকাতদের তারা করছে তখন তারা চলে যাচ্ছে। আমি আগেই বলেছি ১৯৭৮ সালে ওখানে ১০টি ডাকাতি হয়েছে। পুলিশ বলছে আমরা অসহায়, ওদের হাতে যে সমস্ত অস্ত্রশস্ত্র রয়েছে তাতে আমরা তার মোকাবিলা করতে পারছি না। আমার বাড়ীতে পর্যন্ত হামলা হয়েছে। আমি এই বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী হবিবুর রহমান:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুর্শিদাবাদ জেলার ফারাক্কা থেকে লালগোলা পর্যন্ত বিস্তৃর্ণ এলাকায় যে ভাঙ্গন চলছে সেই ব্যাপারে বারবার সরকারের দৃষ্টি আকর্ষণ করা সত্বেও আজ পর্যন্ত এই ব্যাপারে কোন কর্মসূচী গ্রহণ করা হয় নি। বিগত সরকার এই ভাঙ্গন প্রতিরোধ কল্পে যে সমস্ত স্পার নির্মাণ করেছিলেন তার ফলে ভাঙ্গন কিছুটা বন্ধ হয়েছিল। কিন্তু এখন দেখছি মেরামতের অভাবে সেই স্পারগুলি নষ্ট হতে চলেছে এবং তার ফলে পুনরায় ভাঙ্গন দেখা দিয়েছে। এদিকে আবার ভাগীরথীতে ভাঙ্গন দেখা দিয়েছে এবং রঘুনাথগঞ্জ থানার বিস্তীর্ণ এলাকায় ভাঙ্গন দেখা দিয়েছে। ভাগীরথী নদীর তীরে যে সমস্ত গ্রামগুলি রয়েছে সেগুলো ভাঙ্গনের মুখে

এসে দাঁড়িয়েছে এবং রঘুনাথগঞ্জ টাউনও ভাঙ্গনের সম্মুখে এসেছে। তারপর, কালিয়া-ডাঙ্গা, বৈকুণ্ঠপুর, বীরেন্দ্রনগর প্রভৃতি গ্রামগুলিও ভাঙ্গনের মুখে এসে দাঁড়িয়েছে। এর ফলে সেখানকার আবাদ সমস্ত নষ্ট হয়ে যাচ্ছে এবং এই সমস্ত গ্রামগুলি যদি উৎখাত হয়ে যায় তাহলে আবার হাজার হাজার লোক বাস্তুহারা হবে এবং তখন আবার তাদের পুনর্বাসনের প্রশ্ন দেখা দেবে। আমি সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে এই অনুরোধ করছি যে ভাঙ্গন চলেছে তার প্রতিরোধের ব্যবস্থা করুন।

**শ্রী মহম্মদ সোহরাব:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিশেষ করে শ্রমমন্ত্রী মহাশয় আছেন, তাঁকে এই ব্যাপারে বলতে চাইছি, আমি আশা করি তিনি এই বিষয়ে দৃষ্টি দেবেন। আগামী ১৩ই ডিসেম্বর কলকাতা এবং হাওড়ার সমস্ত প্রেস কর্মচারী ধর্মঘট আহ্বান করেছে এবং এখনও তারা ওভার টাইম করছে না, ওভার টাইম করা বন্ধ করে দিয়েছে। এর ফলে আগামী যে শিক্ষাবর্ষ আরম্ভ হবে তাতে দারুণ অসুবিধা দেখা দেবে। মাননীয় শিক্ষামন্ত্রীকে ওয়েষ্ট বেঙ্গল পাবলিশার্স এসোসিয়েশন চিঠি দিয়েছে যে সর্বস্তরে এই প্রেস ষ্ট্রাইক যদি বন্ধ না করা যায় এবং আলোচনাক্রমে এর মীমাংসা না করা যায়, তাহলে কোন রকমেই কিন্তু ছাত্রদের বই ছাপতে পারবে না। এখানে উল্লেখ করা যেতে পারে যে মধ্যশিক্ষা পর্ষৎ এবং হায়ার সেকেণ্ডারী কাউন্সিলের নিজস্ব কোন প্রেস নাই, তাদের প্রশ্নপত্র এবং খাতাপত্র ও অন্যান্য যে কাজগুলি হয় তাতে বিঘ্ন সৃষ্টি হবে। তাই আমি শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে তিনি দুপক্ষকে ডেকে ষ্ট্রাইক যাতে না হয়, মীমাংসা করা যায়, যে সংকট দেখা দিয়েছো, তার নিরসন হয়, তার ব্যবস্থা তিনি করবেন।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর বিশেষ দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করছিলাম। স্বাস্থ্যমন্ত্রী আজকে নেই, আমাদের মালদা জেলায় এনকেফেলাইটিস রোগ দেখা দিয়েছে, এবং সাতজনের হয়েছে, তার মধ্যে ৫ জন মারা গিয়েছে এবং দুজন হাসপাতালে আছে। এই ৫ জনের কথা তিনি স্বীকার করবেন কিনা জানি না। কিন্তু সেখানে মশা খুব বড়েছে, এত বেড়েছে যে তার জন্য যাতে ব্যবস্থা হয় সে বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। যেসব জায়গায় এনকেফেলাইটিস রোগ হয়েছে, শুনেছি সেখানে জাপানী ভ্যাক্সিন আসবে, আমাদের ওখানেও যেখানে আরম্ভ হয়েছে, সেখানেও যেন এই ভ্যাক্সিন দেওয়া হয়। আর এ সম্বন্ধে অনুসন্ধান করবার জন্য লোক পাঠাতে অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Ramjan Ali :** Mr. Speaker Sir, I want to draw the kind attention of the Health Minister to open a hospital at Tariyal Subsidiary Health Centre in West Dinajpur. The building has been completed during the regime of the last Government but it has not been opened up till now. I have been trying for it for the last one year but getting no remedy. I would humbly request the Minister concerned to open the hospital immediately. Secondly, one ambulance was to be provided in Chakulia S. H. C but I do not find any reason why it is being delayed. The ambulance has been supplied to the district but was not given to the particular hospital for which it was sanctioned. So I would like to draw the kind attention of the Minister concerned to pay heed to my request and thus redrees my grievances as soon as possible. Thank you Sir.

## LEGISLATION

### The Motor Transport Workers (West Bengal Amendment) Bill, 1978

**Shri Krishnapada Ghosh :** Sir, I beg to introduce the Motor Transport Workers ( West Bengal Amendment ) Bill, 1978 and to place a statement as required under rule 72 (I) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill)

**Shri Krishnapada Ghosh :** Sir, I bed to move the Motor Transport Workers (West Bengal Amendment) Bill, 1978, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এ সম্পর্কে এক আধটি কথা বলতে চাই। বিলের মূল উদ্দেশ্য হচ্ছে শ্রমিকরা যাতে শ্রমিক হিসাবে গণ্য হতে পারে। বর্তমানে যাঁরা প্রাইভেট বাস অপারেটার তাঁরা শ্রমিকদের কোন নিয়োগপত্র দেন না। তাদের ডেজিগ্নেশান কি তাও বলেন না, তাদের বেতন কত তাও বলেন না এবং কোন রেকর্ড বা কোন কিছুই থাকে না, ফলে যে কোন সময় শ্রমিককে বলতে পারেন, না ও তো আমাদের শ্রমিক নয়। তার ফলে ইণ্ডাস্ট্রীয়াল ডিসপিউট এ্যাক্ট অনুযায়ী মীমাংসা করা অত্যন্ত কঠিন হয়ে দাঁড়ায়। সেদিকে লক্ষ্য রেখে যাতে শ্রমিকরা মিনিমাম প্রটেক্শন পায় এবং শ্রমিক হিসাবে গণ্য হতে পারে, এই উদ্দেশ্য নিয়ে এই বিল উত্থাপন করা

হয়েছে। আমার ধারণা এবং আশা এই হাউসের সকলকেই এই বিলকে সমর্থন করবেন।

[2-50—3-00 P.M.]

**শ্রী শেখ ইমাজউদ্দীন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিধানসভায় যে এ্যামেণ্ডমেন্ট বিলটি এসেছে এটা একটা ছোট বিল এবং এর বিষয়বস্তু, খুব একটা বড় নয়। মন্ত্রী মহাশয় বললেন বলা হয়েছে যারা প্রাইভেট বাসের মালিক তারা যাদের বাস পরিচালনার জন্য রাখেন তাদের নিয়োগপত্র দিতে হবে। অবশ্য এটা প্রত্যেকের উচিত একে সমর্থন করা। নিয়োগপত্র ছাড়া বাসের কর্মচারীরা কাজ করলে তাকে তাড়িয়ে দিতে পারে বা কম বেতন দিতে পারেন। কিন্তু বিষয়টা এই যে শুধু নিয়োগপত্র দিলেই হবে না। হয়তো নিয়োগপত্রে দেওয়া আছে দুশো টাকা বেতন, কিন্তু বাস্তবক্ষেত্রে দুশো টাকা পাচ্ছেন কিনা দেখতে হবে। অনেক ক্ষেত্রে দেখা যায় নিয়োগ পত্রে লিখিতভাবে যা বেতন দেওয়া থাকে বাস্তব ক্ষেত্রে তা দেওয়া হয় না। এই রকম হতে পারে এবং সেইজন্য সতর্ক থাকা দরকার। প্রাইভেট বাসের ক্ষেত্রে দেখা যায় মুর্শিদাবাদে এবং অন্যান্য জেলাতেও যে সামান্য কারণে বাসের ষ্ট্রাইক হয় এবং তার ফলে যাত্রীদের অশেষ দুর্গতি হয় এবং মুর্শিদাবাদে কয়েকদিন ধরে সামান্য একটা কারণে ছাত্রদের সঙ্গে বাস কর্মীদের বিরোধের ফলে গোটা জেলায় বাস বন্ধ হয়ে থাকলো। এর ফলে যাত্রীদের অশেষ দুর্গতির মধ্যে পড়তে হয়েছিল। উপরন্তু যে আইনের এ্যামেণ্ডমেন্ট বিল এখানে এনেছেন সেখানে অনেক কিছু আছে সেগুলো যাতে বাস্তবে প্রয়োগ করা হয় সেদিকে মন্ত্রী মহাশয় নিশ্চয় দৃষ্টি দেবেন—এই অনুরোধ করি। এমন দেখা যায় মোটর ট্রান্সপোর্ট ওয়ার্কার্স এ্যাক্ট, ১৯৬১ যে আইনের সংশোধন করেছেন সেই আইনে লেখা আছে এ্যাডোলেসেন্টদের ক্ষেত্রে নানা রকম ব্যবস্থা। এ্যাডোলেসেন্টদের মেডিকেল ফিটনেস সার্টিফিকেট নিতে হয় প্রপার মেডিকেল সারজেন দিয়ে। তাদের ৬ ঘণ্টার বেশি কাজ নিষেধ আছে। যারা বয়স্ক তাদের ৮ ঘণ্টা কাজের ব্যবস্থা আছে। যারা এ্যাডোলসেন্ট তাদের ৬ ঘণ্টার জায়গায় ১২-১৩ ঘণ্টা করে বাস চালাতে হয় বা বাসের কাজ করতে হয় এবং নিয়মিত বাসে কাজ করতে হয় এবং তাদের ৬ ঘণ্টার বেশি কাজ করতে বাধ্য করা হয়। এই বিষয়ে অবিলম্বে সতর্কতা দরকার। কারণ এদের যে গ্রোথ সেটা হয় না ঠিকমতো। এর ফলে তারা নানা রকম রোগে আক্রান্ত হতে পারে। এই বিষয়ে দৃষ্টি দেওয়া দরকার। আর একটা কথা, ওয়ার্কার্স এ্যাক্টে আছে ৯ দিন কাজ করলে একটি ছুটি দিতে হবে। কিন্তু অনেক ক্ষেত্রে

দেখা যায় এই ছুটি তারা পান না। কারণ বাসের মালিকপক্ষ এবং যারা কাজ করেন তাদের সঙ্গে ভাল বোঝাবুঝি নেই। মালিকপক্ষ মনে করেন বেতন তারা যা পায় তার উপর একশো করে এদের উপরি আছে। এমনও হয় যে দেখা যায় একজন বাসের ড্রাইভার বা ক্লীনার ছিল পরে নিজে একটা বাস করেছে। অনেক বাস মালিক তাই তাদের কর্মচারীদের বিশ্বাস করেন না এবং যারা বাস কর্মী এই রকম সম্বন্ধ থাকার ফলে তারা ভাল ব্যবহার পান না। এইজন্য আমি সুষ্ঠ ব্যবস্থা করার জন্য অনুরোধ করি।

এটা অকটা ছোট আইন এবং এতে যে সব কথা উল্লেখ আছে যেমন নিয়োগ পত্র প্রদান এবং বেতন যেটা সেটা নির্ধারণ করা এবং তা না করলে মালিক বা শ্রমিকদের নাম ঠিকানা ঠিক থাকে না এইসব যে ধারা আছে এগুলি আমি সমর্থন করছি। আর একটি কথা বলছি মাননীয় সদস্য রেনুপদ হালদার মহাশয় যে দুটি এমেণ্ডমেন্ট দিয়েছেন সেটা এমন কিছু নয় এবং এটা গ্রহণ করলে বিলের যে উদ্দেশ্য সেই উদ্দেশ্যর কোন পরিবর্তন হয় না—বিলের উদ্দেশ্য সংরক্ষিত থাকবে। এইজন্য আমি এই এমেণ্ডমেন্ট-গুলিকে গ্রহণ করার জন্য অনুরোধ জানাচ্ছি। আর একটি কথা আমি বলতে চাই যার সঙ্গে আমি একমত হতে পারছি না সেটা হচ্ছে ষ্টেটমেন্ট অব অবজেক্টস এণ্ড রিজনসের ক্ষেত্রে তিনি বলেছেন it is necessary, therefore, in the interest of industrial peace in this vital public utility service. এখানে যে বলেছেন ইনটারেষ্ট অব ইনডাষ্ট্রিয়াল পিস নিয়োগ পত্র পেলে ইনডাষ্ট্রিয়াল পিস থাকবে আর না হলে থাকবে না এতে আমি একমত হতে পারছি না। আজকে যে যে কারণে ইনডাষ্ট্রিয়াল পিস নষ্ট হয় তার মূল কারণে যেতে হবে। নিয়োগ পত্র দিলে ইনডাষ্ট্রিয়াল পিস এসট্যাবলিস হবে এবং তা মেনটেন হবে, এতে আমি একমত হতে পারছি না। এখানে Preserving legitimate interests of motor transport workers. সেখানে মোটর ট্রান্সপোর্ট ওয়ার্কারসদের যদি কিছু করা যায় তাহলে কিছু হতে পারে। তবে এটা ঠিক নিয়োগ পত্র না থাকলে যখন মালিকদের সঙ্গে মতবিরোধ দেখা যায় তখন তারা কোন কাগজ পত্র দেখাতে পারে না। এই দিক থেকে মোটর ট্রান্সপোর্ট ওয়ার্কারসদের অসুবিধা হতে পারে। এই বলে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুনীতি চট্টরাজ:** মাননীয় স্পীকার স্যার, The Motor Transport Workers (West Bengal Amendment) Bill, 1978 যেটা মাননীয় শ্রমমন্ত্রী অত্যন্ত বুদ্ধিমানের মত এনেছেন সেটা আমি সমর্থন করবো কিনা তা আমি পরে বলবো। শ্রমমন্ত্রী উনি মন্ত্রী রয়েছেন এবং একটা বিশেষ পার্টির লোক—সেই সি.পি.এম. নাকি শোষিত মানুষের পার্টি

শ্রমিকদের স্বার্থ রক্ষা করার জন্যই নাকি এই পার্টি, এবং সেই শ্রমিকদের কাছেই নতি স্বীকার করেই তাদের চাপে এই বিল এনেছেন। আমি শ্রম মন্ত্রীকে বলছি যদিও জানি উলু বনে মুক্ত ছড়ানো ছাড়া কিছুই হবে না তবুও বলছি আপনার ষ্টেটমেন্ট অবজেক্ট এণ্ড রিজনসে বলেছেন শান্তিশৃঙ্খলা রক্ষা করার জন্য তিনি এটা করছেন। কিন্তু আমি একটা স্পেসিফিক পয়েন্ট বলছি উনি শুধু ইণ্ডিয়ান কনষ্টিটিউসনের রাইটসের কথা যা বলা আছে তার দিকেই ওয়াকিবহাল আছেন। শ্রমিকদের ফাণ্ডামেন্টাল রাইটসের দিকেই শুধু লক্ষ্য করেছেন। কিন্তু শ্রমিকদের সিটিজনদের কর্মচারীদের যে কতকগুলি ফাণ্ডামেন্টাল ডিউটিজ আছে সেটা তিনি ভুলে গেছেন। কারণ এটা আপনার পার্টির নীতি আপনাদের রাইট আছে খুন করার আপনাদের রাইট আছে লুট করার, আপনাদের রাইট আছে ধ্বংস করার। কিন্তু আপনারা কি জানেন যে ইট ইজ ইয়োর ডিউটি শান্তি শৃঙ্খলা রক্ষা করার। তাই দেখতে পাচ্ছি মাননীয় মন্ত্রী মহাশয় ওয়ার্কারদের স্বার্থ রক্ষা করার জন্য যতগুলি ক্লজ দিয়েছেন সমস্ত গুলি ওয়ার্কার্সদের রাইটস রক্ষা করার জন্য। কিন্তু আপনি কি জানেন যে সব বাসের ছোট ছোট মালিক আছে যাদের দু একটা বাস আছে তারা।

[3-00—3-35 P.M. including adjournment]

ওয়ার্কার্সদের কাছ থেকে অনেক সময় ন্যায্য দাবী দিয়েও উপযুক্ত ডিউটি পায় না—সকলের মত তাদের কাছ থেকে ডিউটি ফিরে পায় না। আমি তাই আপনাকে অনুরোধ করছি আপনি বিষয়টি চিন্তা করে দেখুন। আপনি পণ্ডিত লোক, বিষয়টি আপনি চিন্তা করুন যে এর মধ্যে ডিউটি ক্লজগুলি ঢোকাবেন কিনা। আপনি শুধু রাইটগুলি দিয়েছেন, ডিউটির কথা কিছুই দেন নি। এর মধ্যে আছে পরিবহন কর্মীদের নিয়োগের তারিখ, নিয়োগের শর্ত, কোন মজুরী থাকলে তার হার বা হিসাব ইত্যাদি ইত্যাদি আছে। আপনি শুধু রাইটটাই দেখছেন, ডিউটিটা দেখছেন না, এটা আপনি চিন্তা করুন। শুধু একটি সাইড দেখলে হবে না। এই রাইটের সাথে কি কি ডিউটি তাদের করতে হবে সেটাও এর মধ্যে ঢোকাতে পারেন কিনা দেখুন। শুধু এই রাইট একজার্ট করলে চলবে না। আপনারা চীৎকার করবেন না, রেগে উঠবেন না। আমি মাননীয় শ্রমমন্ত্রীকে দায়িত্ব নিয়ে বলছি শ্রমিকদের রাইট একজার্ট করছেন বেসরকারী বাস মালিকদের ক্ষেত্রে, কিন্তু সরকারী স্টেট ট্রান্সপোর্টে কি শ্রমিকদের অধিকার রক্ষিত হচ্ছে? হচ্ছে না। আপনি প্রাইভেট বাস মালিকদের উপর ডিউটি আরোপ করছেন, কিন্তু

ষ্টেট ট্রান্সপোর্টে যে হাজার হাজার কর্মচারী আছে তাঁদের বেলায় কি করছেন? তাদের কোন নিয়োগপত্র না দিয়ে যে খাটিয়ে নেওয়া হচ্ছে, সেখানে আপনি লক্ষ্য রেখেছেন? রাখেন নি। বে-সরকারী ছোট ছোট বাসের মালিক, যারা আপনাদের কব্জায় আসে নি, তাদের আনার জন্যই আপনি এটা করছেন। কিন্তু আজকে স্টেট ট্রান্সপোর্টে কি হচ্ছে আপনি জানেন কিনা জানি না—আপনি নিশ্চয় জানেন, এর আগে আপনি তার উত্তরও দিয়েছেন। সেখানে মেজরিটি ওয়ার্কার্স'দের রাইট আছে ইউনিয়ন করার—সেই ইউনিয়ন করার অধিকার আপনি খর্ব করেছেন। আপনি মেজরিটি ওয়ার্কার্স'দের ইউনিয়নকে রেকগনিসন দেননি। অতএব যে সমস্ত শ্রমিক আপনাদের মনোমত, দলমত নয় তাদের রেকগনিসনের স্বার্থটাও আপনি দেখুন। আপনি শ্রমিকদের স্বার্থ রক্ষা করেছেন? শুধু চীৎকার করলে হবে না, এটা ভুয়ো কথা।

( ভয়েস :—স্যার, এটা কি বিলের উপর আলোচনা হচ্ছে? )

**মিঃ স্পীকার :** আপনি বিলের উপর বলুন।

**শ্রীসুনীতি চট্টরাজ :** স্যার, আমি মনে করি এটা বিলের উপরই বলা হচ্ছে। আপনি যদি আমাকে না বলতে বলেন তাহলে আমি বসে পড়ছি। স্যার, আমি মনে করছি বিলের উপরই বলছি—স্যার, এই বিল প্রসংগে উনি একটু গৌরচন্দ্রিকা করেছেন —উনি বলেছেন শ্রমিকদের স্বার্থ রক্ষার জন্য এই বিলটি এনেছেন। উনি যে কথাটি বলেছেন সেটা কতটা ভুয়ো, বিষয়টি অপ্রাসঙ্গিক কিনা সেটা না বলে বিলটি এনেছেন সমর্থন করলাম বসে গেলাম, অসমর্থন করলাম বসে গেলাম এতো হয় না—প্রাসঙ্গিক, অপ্রাসঙ্গিক কিছু বলতেই হবে মাননীয় স্পীকার মহাশয়, উনি যে ভুয়ো কথাগুলি বলছেন সেটা বোঝাবার জন্য আমাকে এটা বলতেই হবে। উনি বলেছেন শ্রমিকদের স্বার্থ রক্ষা করার জন্য এই বিলটি এনেছেন—এটা একটুখানি আমি বুঝিয়ে দেবার চেষ্টা করছি। আমি স্যার, এই কথা বোঝাতে চাইছি যে উনি শ্রমিকদের স্বার্থ দেখেন না বা দেখছেন না। এটা একটা উদ্দেশ্য প্রণোদিত। বেসরকারী বাস মালিকদের উপর প্রেসার দেবার জন্যই বিলটি এনেছেন। বেসরকারী বাস মালিক যারা ওদের চাঁদা দিচ্ছে না, যারা ওদের দলমত নয় তাদের উপর প্রেসার দেবার জন্য উনি এই বিলটি আজকে আনছেন এটা শুধু বেসরকারী ব্যাস মালিকদের উপরই প্রযোজ্য হবে, কিন্তু সরকারী ট্রান্সপোর্টের উপর কি প্রযোজ্য হবে? আপনি নেক্সট এ্যাসেমব্লীতে একটি বিল আনুন, সরকারের অথারিটি আছে, ষ্টেট ট্রান্সপোর্টের ক্ষেত্রেও এটা প্রযোজ্য হবে— কাউকে এ্যাপয়েন্টমেন্ট লেটার না দিয়ে নিয়োজিত করতে পারবেন না, বেগারের মত

খাটতে পারবেন না। মাসের পর মাস, বছরের পর বছর শুধু কেবল মাষ্টার রোলে খেটে যাবে, পারমানেন্ট এ্যাপয়েন্টমেন্ট দেব না—এই বিষয়ে আপনি একটা রেগুলেসন এ্যাক্ট নিয়ে আসুন নেক্সট এ্যাসেমব্লীতে, তবেই বুঝব উনি সাচ্চা কথা বলছেন, শ্রমিকদের স্বার্থ দেখেন, নাহলে বুঝব অত্যন্ত সংকীর্ণভাবে এই বিল এনে দলগত স্বার্থ দেখছেন, দলের স্বার্থই দেখছেন। এই বিলটি অসমর্থন করার কিছু নেই। আমি খালি কতগুলি সাজেসান দিলাম, এটা প্রসঙ্গিক কি অপ্রাসঙ্গিক তা জানি না—তবে আমি মনে করি এটা প্রসঙ্গিকই হবে। আমরা এটাকে সমর্থন করছি, তবে স্টেট ট্রান্সপোর্ট শ্রমিকদের ক্ষেত্রেও যাতে এটা প্রযোজ্য হয়, সেখানকার শ্রমিকরাও যাতে উপযুক্তভাবে বিচার পায়, তাদের স্বার্থও যাতে উপযুক্তভাবে রক্ষিত হয় সেইভাবে আপনি ওটা এর সঙ্গে এ্যাড করবার চেষ্টা করুন। এই সঙ্গে আমি বলব রাইট যখন দিয়েছেন তখন ডিউটি অব ওয়ার্কার্স এটাও ঠিক করুন এবং যাতে শান্তি-শৃঙ্খলা রক্ষিত হয় তার চেষ্টা করুন। কেবল ব্রুট মেজরিটির জোরে রাইট দিয়েছেন, পাশ করিয়ে নেবেন, ডিউটি আনবেন না এটা ঠিক নয়- রাইট একজাট করছেন, ক্ষমতার জোরে বিল পাশ করিয়ে নেবেন। স্পীকার বলবেন, আপত্তি জানালেও বিল পাশ হবে, কিন্তু তাতে করে পশ্চিমবঙ্গের মানুষ জাহান্নামে যাবে। আমাদের আপত্তি করার কিছু আপাততঃ নেই। তবে আমি আপনাকে বলব, আপনি সবার মত নন, আপনার মধ্যে একটু বুদ্ধি আছে। আমার বিশ্বাস আপনি নতুন এ্যামেণ্ডমেন্ট আনার চেষ্টা করবেন।

**(At this stage the House was adjourned till 3-35 P.M.)**

**(After Adjournment)**

[3-35—3-45 P.M.]

**শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী আজকে যে মোটর পরিবহন কর্মিবৃন্দ (পশ্চিমবঙ্গ সংশোধন) বিধেয়ক, ১৯৭৮ অর্থাৎ দি মোটর ট্রান্সপোর্ট ওয়ার্কাস (ওয়েষ্ট বেঙ্গল এ্যামেণ্ডমেণ্ট) বিল, ১৯৭৮ এখানে উপস্থিত করেছেন এবং তার যে উদ্দেশ্য আমি তাকে সমর্থন করছি। প্রকৃতপক্ষে এই মোটর পরিবহন কর্মীবৃন্দ সম্পর্কে কেন্দ্রের যে আইন ছিল তাতে বেসরকারী মোটর পরিবহন উদ্যোগের কর্মিদের নিয়োগের ব্যাপারে কোন বিধিবদ্ধ

আইন ছিল না। তার ফলে ড্রাইভার, ক্লিনার, কনডাকটাররা বেসরকারী পরিবহনের ক্ষেত্রে যেখানে নিযুক্ত রয়েছেন তাদের নানান অসুবিধা ভোগ করতে হ'ত। আমরা দেখেছি, তাদের চাকরির শর্ত, বেতন, নিয়োগের তারিখ সহ নিয়োগপত্র ইত্যাদি কিছুই থাকতো না। সেই জন্য এই ধারার পরিবর্তন আনা হয়েছে। সেখানে আমরা দেখেছি মালিকদের সঙ্গে তাদের দিবারাত্র বিরোধ চলে—বিশেষ করে বেসরকারী মালিকদের সঙ্গে এবং কর্মচারীদের সঙ্গে নিত্যনৈমিত্তিক বিরোধ চলতে থাকে। এখানে নিয়োগপত্রে নির্দিষ্টভাবে সব কিছু উল্লেখ না থাকলে—নিয়োগের শর্ত, সঠিক বেতন ইত্যাদি—কর্মচারীদের অনেক বেশী অসুবিধা হয় এবং আইন প্রয়োগের ক্ষেত্রেও অসুবিধা হয়। সেইজন্য এই বিধান করা হয়েছে এবং তাতে বলা হয়েছে যে, নিয়োগকর্তার নাম, ঠিকানা, মোটর পরিবহন উদ্যোগের রেজিস্ট্রেশন নম্বর মোটর পরিবহন কর্মির নাম ও তৎসহ তদীয় পদনাম, মোটর পরিবহন কর্মির নিয়োগের তারিখ, মোটর পরিবহন কর্মির নিয়োগের শর্ত অর্থাৎ তিনি কোন ভিত্তিতে নিযুক্ত হইয়াছেন—স্থায়ী, অস্থায়ী, নৈমিত্তিক না অন্য কোন ভিত্তিতে, কোন মজুরী না থাকিলে তাহার হার বা তাহা হিসাব করিবার ভিত্তি এবং বেতন ভাতাদি সহ সর্বমোট প্রদেয় অর্থ পরিমাণ এবং ঐরূপ নিয়োগপত্রে নিয়োগকর্তার তারিখ সংবলিত স্বাক্ষর ও থাকিবে। স্যার, আমি এগুলি খুব প্রয়োজনীয় বলে মনে করি। কারণ, সাধারণতঃ আমরা দেখি বেসরকারী মালিকদের কোন নিয়মকানুন নেই—সেখানে খুশীমত তারা নিয়োগ করেন, ছাঁটাই করেন। সেখানে বেতনের ব্যাপারেও ধরাবাঁধা কোন নিয়ম নেই। তা ছাড়া কোন প্রভিডেন্ট ফাণ্ডের ব্যবস্থা নেই, গ্রাচুয়িটির ব্যবস্থা নেই, নেই পেনসেন দেবার ব্যবস্থাও। এইভাবে মালিকদের খেয়ালখুশীর উপর বা তাদের দয়ার উপর কর্মচারীদের নির্ভর করে থাকতে হয়। এখানে একটা সুনির্দিষ্ট ব্যবস্থা না থাকলে কর্মচারীদের অনেক লাঞ্ছনা সহ্য করতে হবে, অনেক দুর্দশা তাদের ভোগ করতে হবে। জনসাধারণের একান্ত অপরিহার্য যে পরিবহন ব্যবস্থা সেখানে যাতে শান্তি থাকে এবং কর্মচারীরা যাতে সুষ্ঠুভাবে সেটা পরিচালিত করতে পারে তার ব্যবস্থা থাকার দরকার আছে বলেই আমি মনে করি।

আমি এটা মনে করি যদিও আজকে কর্মিদের স্বার্থে এই আইনটা পাশ করতে যাচ্ছি সঙ্গে সঙ্গে কতকগুলো বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, কর্মিদের স্বার্থ যেমন আমরা রক্ষা করতে যাব সঙ্গে সঙ্গে জনসাধারণের স্বার্থের দিকে আমাদের লক্ষ্য রাখা দরকার। কেন্দ্র আইনে যেমন ২০ ধারা একটা সংযোজন করা হোল তেমনি আরও কতকগুলো বিষয়ে সংশোধন দরকার। যেমন ধরুন নিত্য-

নৈমিত্তিক বাস দুর্ঘটনার ফলে বাস যাত্রী এবং পথচারীরা অসহায়ভাবে নিহত বা আহত হচ্ছেন, এই বিষয়ে সতর্ক হবার জন্য আইনের সংশোধনের প্রয়োজন আছে। ইন্সপেক্টরদের দায়িত্ব হীনতা, কর্তব্য অবহেলা, দুর্নিতী বন্ধ করার জন্য উপযুক্ত বিধান থাকা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এই যে বাস দুর্ঘটনা হয়, অনেক ক্ষেত্রে দেখা যায় ড্রাইভার কনডাকটরদের খামখেয়ালীতে যেমন হয় তেমনি চীপ ইন্সপেকটরদের, সাব ইন্সপেকটর বা ইনসপেকটর যাঁরা আছেন তাঁরা এত দুর্নিতী পরায়ণ—তাঁরা ঠিকভাবে ফিটনেস দেখেনা, অথবা লাইসেন্স সম্বন্ধে ঠিকমত দেখে না। গাড়ীর সম্বন্ধে কোন খোঁজ খবর নেয় না। অধিকাংশ ক্ষেত্রে দেখা গেছে কোন দুর্ঘটনা হলে কিছু টাকা পয়সা দিয়ে দিলেই ড্রাইভার, মালিকরা রেহাই পেয়ে যায়। এ বিষয়ে ব্যবস্থা থাকা দরকার। তা ছাড়া ড্রাইভার ও কনডাকটারদের উচ্ছৃঙ্খলতা বন্ধ করার জন্য এই আইনে বিশেষভাবে বিধান থাকা দরকার। অনেক ক্ষেত্রে অবশ্য ভাল ড্রাইভার কণ্ডাকটারও আছেন, কিন্তু দেখা যায় দুর্ঘটনা শুধু এই যন্ত্রপাতি খারাপ হয়েছে বলে, পার্টস খারাপ হয়ে গেছে বলে দুর্ঘটনা হয়েছে—তা হয় না বেপরোয়া ভাবে গাড়ী চালানোর জন্য এইসব দুর্ঘটনা ঘটে। এইসব উচ্ছৃঙ্খলতা বন্ধ করার জন্য আমাদের নিশ্চয় দৃষ্টি দেওয়া দরকার। তা ছাড়া আমি লক্ষ্য করছি ছাদে, পা-দানীতে অনেক সময় যাত্রীদের নিয়ে যাওয়া হচ্ছে, এইগুলো আইন সঙ্গত ভাবে বন্ধ করার জন্য কঠোরভাবে ব্যবস্থা রাখা দরকার। আমি আরো বলব বাস পারমিট দেওয়ার ব্যাপারে একটু সতর্ক হওয়া দরকার। কাকে লাইসেন্স দেওয়া হবে তার ফিটনেস সম্পর্কে সতর্ক থাকা দরকার। সাধারণ মানুষের নিরাপত্তা যাতে ব্যবস্থা যাতে রাখতে পারে সেদিকে লক্ষ্য রেখে এই যে কেন্দ্রীয় আইন যেটা আজ পশ্চিমবঙ্গ সরকার এ্যাডাপট করে নিচ্ছেন এবং মাঝে মাঝে সংশোধনী আনছেন, আমি বলছি এই বিল ভবিষ্যতে সব দিকে লক্ষ্য করে এই বিষয়ে একটা ভাল বিল আনবেন তাতে সাধারণ মানুষের যেমন সুবিধা হবে তেমনি কর্মচারীদের স্বার্থও রক্ষিত হবে—এই রকম একটা সুন্দর ব্যবস্থা হবে, সেই সমস্ত দিকে লক্ষ্য রেখে যাতে একটা সত্বর বিল আনেন, এই অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Deo Prakash Rai :** Mr. Speaker, Sir I rise to support the Bill. I support the Bill not because it is going to change the whole pattern and the system in our country, but I feel this is a progressive Bill, a step forward for the future. This Act was first passed in 1961. I will start with my experience in the tea gardens There are 255 tea gerdens in the district

of Jalpaiguri, i. e. Duars, and about 130 tea gerdens in the district of Darjeeling. Every tea garden has at least 3 to 4 vehicles—every tea garden—255—has on an average 5 to 6 vehicles. When this Act came into force in 1961 it was not implemented. I shall go back—those were the days of Congress. What did the Congress do ? They passed regulations after regulations, but they did not implement. Sir, my point is, today the Left Front Government is in power. It is going to be almost two years.

[3-45—3-55 P.M,]

They also do not bother. But, as I said, I rise to support this Bill because this is a progressive Bill. Sir, in the tea gardens, in the districts of Jalpaiguri and Darjeeling, the condition of the motor drivers, truck drivers, Land Rovers drivers is pitiable. Has the Labour Minister ever thought about them ? Here; this Bill does not cover them. What are the amenities, what are there, for their future survival ? Why this amendment is here ? I request the Labour Minister to bring again in the coming Budget Session a comprehensive Bill so that it covers all the motor drivers of the state. Now, Sir, Calcutta is a big city but in muffasils like Bankura, Jalpaiguri and Darjeeling how much the drivers are getting ? Only about Rs. 75/- per month. Can you expect a driver to live in the persent world with his wife and children with this amount ? Result is that if the capacity of the car is for 6 persons the driver carries 11/12 presons and that is why are numerous there is accident. I brought this fact to the notice of the Deputy Commissioner as also to the police in Darjeeling because within 2 months there were 7 motor accidents and 8 lives were lost. The reason is that drivers were being paid a meague amount as their monthly salary only and secondly because the Motor Vehicle Inspectors take bribe. pay Rs. 100/- to the Inspector and I get a license. This is the state of affairs there. Sir, security of the drivers must be there. It is difficult for the drivers to survive with what they are being paid and that's why he tries for other avenues. This is the condition of the drivers. Any driver whether he belongs to Government or private

owners must get uniform pay so that Security is there. In the Home ( Transport ) Department in Darjeeling there are 5/6 drivers who have been working for the last 6 years on daily wage basis—no work, no pay. When the Labour Miniiter, Shri Krishnapada Ghosh, does not come to his office in Writers' Building he should not get his pay when the drivers are emplayed by the Transport Department on no wo.ık, no pay basis the Labour Minster should not also draw his pay.

There are about five or six drivers working in the Darjeeling district under the Home (Transport) Ministry for the last six years on 'no work no pay' basis. Is this justice ? Is this the a policy of the Left front Goverment ? Did we make sacrifices for this-for 'no work no pay' ? I want the Labour Minister to note it down. The Transport Minister also should be present here. The same condition privails in the case of drivers working in other muffasil districts aiso. The Labour Minister should note in down that the drivers who are working in the Darjeeling district for the last six years should have been made permanent by now. He also expressed such a desire in his statement made today in the House. Now, Sir, you may plesse look at the other side of the coin. Even today whilc I was coming out of the MLA hostel I found a taxi with its meter Flag up down. Mrs Subba was also with me. I asked the driver to take us but he replied in the negative. In spite of disclosing our identities the taxi driver did not pay any heed. This is the way how MLAs are suffering from indignation. What happens to the Labour Minister ? What action Police have taken ? I am sure this thing should be brought to the notice of the Deputy Commissioner (Traffic)—I mean the misbehaviour on the part of taxi drivers. Every time when I wrote a letter asking them to kindly intimate me with the result of the action taken I get no response. Only yesterday while I was coming from Howrah a taxi driver demanded extra two rupees. So, Sir, request the Government to see that MLAs or public should not suffer any indignities at the hands of taxi drivers. There must be strict rule of law so that the drivers must take the passengers to their destinations.

Thank you.

**শ্রীনিরঞ্জন মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে মোটর পরিবহন কর্মিবৃন্দ ( পশ্চিমবঙ্গ সংশোধন ) বিধেয়ক, ১৯৭৮, বিলটি এসেছে তাকে আমি সমর্থন করছি। স্যার, এটা একটা পুরো কম্প্রিহেনসিভ বিল নয়, খুব সামান্য একটা বিল। এর মধ্যে দিয়ে আমাদের যাত্রী পরিবহনের জন্য যে প্রাইভেট বাস আছে, সেই প্রাইভেট বাসের শ্রমিক কর্মচারীরা যুগ যুগ ধরে শোষণের মধ্যে রয়েছে, আদিম যুগের শোষণ-ব্যবস্থায় রয়েছে, তাদের জন্য কিছু নিরাপত্তার ব্যবস্থা করা হচ্ছে। আমি আশ্চর্য হয়ে যাচ্ছি যে, বিগত ৩০ বছর ধরে শাসন চালাবার পরও কংগ্রেসের সময় হয়নি এই আদিম যুগের শোষণ ব্যবস্থার পরিবর্তন ঘটাবার জন্য আইনগত কোনও ব্যবস্থা গ্রহণ করার। সেদিক থেকে আজকে আমাদের এই বামফ্রন্ট সরকার এবং তার প্রিয় শ্রমমন্ত্রী যে, শ্রমিকদের দিকে নজর রেখে আজকে এই বিল এনেছেন, তার জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। অতীতে সরকারের সঙ্গে মালিকদের যোগাযোগ থাকার ফলেই আদিম যুগের শোষণ তারা যুগ যুগ ধরে চালিয়ে আসছিল। তার থেকে কিছুটা নিষ্কৃতি দেবার ব্যবস্থা এই বিলের মধ্যে দিয়ে করা হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাস এবং যাত্রি পরিবহনের ক্ষেত্রে ওয়ার্কাসদের জন্য এই বিল আনা হয়েছে। কিন্তু এই যাত্রি পরিবহন ছাড়াও অনেক পরিবহন রয়েছে বিশেষ করে ক্যারিয়ার ট্রান্সপোর্ট, লরি ইত্যাদি যার মধ্য দিয়ে মালপত্র বহন করা হয়। তাতে হাজার হাজার শ্রমিক এবং ড্রাইভার এর সঙ্গে যুক্ত আছেন। এদের ক্ষেত্রে এখন পর্যন্ত কোন রকম আইন-কানুনের ব্যবস্থা হয়নি। এমন কি তাঁদের শ্রমিক হিসাবে যে মর্যাদা তার যে অধিকার সেই অধিকারটুকুও নেই। আমরা জানি, এটা কম্প্রিহেনসিভ বিল নয়, সবে শুরু হয়েছে এবং এটি একটি গুরুত্বপূর্ণ বিল সে বিষয়ে কোন সন্দেহ নেই। হাজার হাজার শ্রমিক আদিম শোষণ থেকে মুক্তি পাবেন এর দ্বারা সে বিষয়ে কোন সন্দেহ নেই। আজকে তাঁরা সংগঠিত হতে পারবেন এবং মর্যাদা পাবেন। বিশেষ করে শ্রমিকদের ক্ষেত্রে যে সব স্টাটুটরি আইন-কানুন আছে সেইগুলি সংগঠিতভাবে সংগ্রামের মধ্য দিয়ে যে অধিকারগুলি অর্জন করতে পারেনি আজ তা পারবেন এবং বাসের মালিকরাও উপেক্ষা করতে পারবেন না। এতদিনের বঞ্চনা এবং লাঞ্ছনার অবসান ঘটবে। কিন্তু স্যার, কেন্দ্রের আইনে রয়েছে প্রভিডেন্ট ফাণ্ড, ই. এস. আই, গ্রাচুইটি। এর মধ্য দিয়ে শ্রমিকরা যে সমস্ত সুযোগ-সুবিধা পেয়ে থাকেন এই বিলের মধ্যে নিশ্চয়ই সেটা আসেনি। আমি তাই শ্রমমন্ত্রীকে অনুরোধ জানাবো যে কেন্দ্রের আইনকে কার্যকরী করার চেষ্টা করুন সংশোধিত ভাবে। আর একটি ব্যাপার যেটা আমার প্রতি

মুহূর্তে চোখে লাগছে সেটা হচ্ছে বেসরকারী বাসে একদল শিশুকে নিয়োগ কর হয়। এই শিশুগুলি শ্রমিক হিসাবে মর্যাদা পায় না। অথচ এদের বাসের ক্লিনার এবং অন্যান্য কাজে লাগানো হয়। দিনের পর দিন তাদের শিশু জীবনটুকু এইভাবে নষ্ট হয়ে যায়। তার কোন প্রটেকসান বা আইন-কানুন এর মধ্যে নেই। এদের নিরাপত্তার কিছু ব্যবস্থা করতে পারলে খুবই ভাল হয়। এ ছাড়া, পরিবহণ শ্রমিকদের কাজের ঘণ্টার কোন বিধি-নিষেধ নেই। কখনও ১২।১৩ ঘণ্টা, কখনও ২৪ ঘণ্টা পর্যন্ত কাজ করে। ভোর বেলায় গাড়ি বের করে রাত্রি ১২ টার সময় গাড়ি গ্যারেজে তোলে। এভাবে কাজ করতে হয়। যারফলে পরিবহণ শ্রমিকদের বেশীরভাগ ক্ষেত্রেই ৫০ বছর যেতে না যেতেই তাঁরা টি. বি তে আক্রান্ত হয়। যার ফলে আর কর্মক্ষমতা তাদের থাকে না। এই শ্রমিকদের ক্ষেত্রে কোন নিরাপত্তার ব্যবস্থা নেই। আগামী দিনে কমপ্রিহেনসিভ বিলের মাধ্যমে এই সমস্ত শ্রমিকদের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা থাকা দরকার বলে আমি মনে করি। কিন্তু এই বিলের মধ্য দিয়ে শ্রমিকদের অন্ততঃ সংগঠিতভাবে বাঁচাবার একটা ব্যবস্থা, তাঁদের নিরাপত্তার একটা গ্যারান্টি তৈরী করা যাবে। শ্রমিকেরা সংগঠিত হয়ে সংগ্রামের মধ্য দিয়ে এই মালিকদের শোষণের বিরুদ্ধে দাঁড়াতে পারবেন। আর একটি হচ্ছে, আমাদের পশ্চিমবাংলায় বেসরকারী পরিবহন ব্যবস্থার মধ্যে যেসব লোক নিযুক্ত আছেন তাদের ক্ষেত্রে কোন বেতন বা কোনরকন রোজ, তাদের নিরাপত্তা, তাদের চাকরীর নিয়ম-কানুনের গ্যারান্টি করা নেই-কোন রকম ওয়েজ বোর্ড বা ওয়েজ কমিশনের ব্যবস্থা নেই। সরকারী পরিবহণের সাথে যেসব কর্মচারী যুক্ত আছেন তাদের ক্ষেত্রে বেতনের স্কেল আছে, গ্রাচুইটি আছে, ই. এস. আই আছে, তাদের সব ব্যবস্থা আছে।

কিন্তু বেসরকারী ক্ষেত্রে আজকে প্রায় ৩০ বছর ঐ কংগ্রেস শাসনে বেসরকারী ক্ষেত্রে মালিকদের সাথে তাদের কংগ্রেস বন্ধুদের সঙ্গে বিভিন্ন যোগ সাজস থাকার ফলে নির্বাচনের সময়ে টাকা পয়সা দিয়ে বিভিন্ন ভাবে সাহায্য করতেন এবং ভোটে জিতে এলে মালিকপক্ষকে পুরস্কৃত করতেন। কংগ্রেসী মন্ত্রী, এম. এল. এ-দের সাথে গোপন যোগ সাজস থাকার ফলেই এইরকম একটা অরাজকতা চলে আসছে, পরিবহণ ব্যবস্থার মধ্যে একটা আদিম যুগের ব্যবস্থা চলে আসছে। আপনার মাধ্যমে শ্রম মন্ত্রী মহাশয়কে বলছি যে তিনি এ ব্যবস্থাটা ভালই করেছেন। এতদিন ধরে যে ব্যবস্থা চলেছে সেদিক দিয়ে আজকে এই বিলটি এনে একটি নতুন পদক্ষেপ তিনি রচনা করলেন এর মধ্যে দিয়ে। এর ফলে শ্রমিকরা বাঁচার সুযোগ

পাবে একটা নূতন পদক্ষেপ গ্রহণ করতে পারবে। এ ছাড়া আরও হাজার হাজার শ্রমিক এই আইনের আওতার বাইরে রয়ে গেল তার যাতে আগামী দিনে আলোক পায় এই আইনের আওতার মধ্যে আসতে পারে তিনি সে ব্যবস্থা করবেন। এখনও ক্যারিয়ার ট্রান্সপোর্ট-লরি ইত্যাদির শ্রমিকদের অনেক অসুবিধা আছে। আমি আর একটা বিষয় শ্রম মন্ত্রী মহাশয়ের নজরে আনতে চাই, সেটা একটু দেখা দরকার—এখানে ক্লজ ৩ এর ৪নং ধারায় ওখানে যেখানে নাম তালিকাভুক্ত করবার জন্য নাম দেওয়া হয়েছে তাদের পদ বা ডেজিগনেশন রাখার প্রস্তাব রাখা হয়েছে সেখানে ঠিকানাগুলি তার সাথে লিপিবদ্ধ করা উচিত। সেটা একটা সংশোধনীর মধ্যে এনে আমার মনে হয় নাম এবং পদের সঙ্গে ঠিকানাটা রাখলে ভাল হবে। সেদিন দিয়ে আমি শ্রম মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং বিলকে পূর্ণ সমর্থম জানিয়ে আমার কক্তব্য শেষ করছি।

**শ্রীজ্যোৎস্না কুমার গুপ্ত:** মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে শ্রম মন্ত্রী কর্ত্তৃক আনীত এই বিলটিকে সমর্থন জানাচ্ছি এবং আমার আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এইজন্য যে তিনি শ্রমিকদের একটি বহুদিনের দাবী মিটিয়েছেন। কিন্তু এই দাবী মেটাতে গিয়ে তিনি ঐটা যে দিয়েছেন যেগুলি লেখা থাকবে সেখানে দেখা যাচ্ছে যে নিয়োগ করার নামে সবসময়ে যদি টেমপোরারী—অস্থায়ী এই কথাটি থাকলে নিয়োগকর্তাদের পক্ষে সুবিধা হোতো। ক্যাজুয়েল লেবার হিসাবে তাঁরা একখানি এ্যাপয়েনমেণ্ট লেটার ধরিয়ে দেন। ট্রেড ইউনিয়নের আইন অনুযায়ী অর্থাৎ ইনডাসট্রিয়াল ডিসপিউট এ্যাক্ট অনুযায়ী তাঁরা ১২ মাস কাজ করলে স্থায়ী হবে এই কথাটি থাকত তাহলে আমার মনে হয় যে এটা আরও সম্মতি লাভ করত। দ্বিতীয়ত তিনি লিখেছেন এটা হচ্ছে একটা সেনট্রাল এ্যাক্ট রুল সেনট্রাল এ্যাক্ট রুলের ২নং ধারায় আছে ৫ জন শ্রমিক যদি না থাকে তাহলে কোন মোটর ট্রান্সপোর্ট ওয়ার্কার এ্যাক্ট প্রযোজ্য হবে না।

[4-05—4-15 P.M.]

যদি না কোন ষ্টেট গভঃ এ্যামেণ্ড করে নেয়। যদি এটা এ্যামেনডেড না হয় তাহলে ড্রাইভার কনডাক্টার, ক্লিনারদের চাকরী ঐ এ্যাক্ট দ্বারা পরিচালিত হবে এবং মালিকরা ঐ এ্যাক্ট অনুসারে বলবে আমরা ৫ জনকে এ্যাপণ্টেমেণ্ট দিই নি ৩ জনকে দিয়েছি। সেন্ট্রাল এ্যাক্ট এ পরিস্কার ভাবে বলা আছে যে কোন রাজ্য সরকার যদি চান ঐ ৫ জনের পরিবর্ত্তে সংখ্যা কমিয়ে দিতে পারেন অর্থাৎ একের উপর

করতে পারেন। সেটা যখন নেই তখন এই এ্যাক্ট কতটা কার্য্যকরী হবে সে বিষয় সন্দেহ আছে। সুতরাং মালিকরা এর সুযোগ নেবেন। রুল আপনি করতে পারেন কিন্তু সেন্ট্রাল এ্যাক্ট অনুযায়ী রুল পরিবর্ত্তন যতক্ষণ না করছেন ততক্ষণ পর্যন্ত এ্যাপয়েন্টমেন্ট চিঠি দেওয়া বাধ্য বাধকতা নয়। আমি এর আগে প্রশ্ন করেছিলাম যে সরকারী ক্ষেত্রে ওয়ার্কার ৫ বছর অন্তর ওয়েজ রিভিসানের কথা তখন আপনি বলেছিলেন আমরা এ বিষয়ে ভাবছি না। ১৯৬৯ সালে ওয়েজ রিভিসান হয়েছিলো '৭৮ সালে আর একবার ওয়েজ রিভিসান করা আমাদের উচিত ছিলো। মিঃ রায় এই মাত্র বললেন যে দার্জিলিং এ ৭৫ টাকা, কিন্তু মেদিনীপুর, বীরভূম বোলপুরে ১৫০ ও ১৭৫ টাকায় তারা লোক নিয়োগ করে। ৫ বছর অন্তর না করলে একটা ফাঁক থেকে যায়। আপনি লেবার মিনিষ্টার হিসাবে জানেন সিনেমায় যখন ওয়েজ রিভিসান হলো তখন ওই ফাঁকে অর্থাৎ ৫ বছর পর কোন ওয়েজ রিভিসান হলো না এই জন্য সিনেমা কর্মীদের দ্বারা একটা ইনজাংসান আনা হয়েছিলো। সুতরাং এটা যদি আইন না করেন তাহলে নোটিফিকেসান করে আনতে গেলে ওরা বলবে ৫ বছরের জায়গায় ১০ বছর হয়েগেল তখন কেন হয়নি এই বলে ইনজাংসান করবে। এই বিল এগিয়ে যাবার একটা পদক্ষেপ কিন্তু এর মধ্যে যে সমস্ত ক্রটি আছে সেগুলি যদি দূর না করেন তাহলে কিছু হবে না। অর্থাৎ ঐ এ্যাক্ট এ যেখানে বলা আছে প্রভিন্স এক দুই জনের উপরে এ্যাক্ট চালু করতে পারবে তখন মালিকরা এ্যাপয়েন্টমেন্টের ব্যাপারে এগিয়ে আসবে তানাহলে মালিক বলবে আমার ৩ জন কর্মী আমি এই এ্যাক্ট এর মধ্যে নেই। বিলে যেটা দিয়েছেন সেটা যদি প্রিন্টেড কপি করে রুলস এর মধ্যে দিয়ে দেন তাহলে ভাল হয়। আপনি জানেন অনেকগুলি কাগজ মোটর ভিকিল্‌স ডিপার্টমেন্টে দিতে হয়। তার সঙ্গে ঐ রুল্‌স এর ফর্ম একটা ছাপিয়ে দেন They will be giuded by the Industrial Disputes Act. তাহলে ভাল হয়। অর্থাৎ এই কথাটা যদি যোগ না করেন তাহলে আপনার শুভ্র প্রচেষ্টা ব্যর্থতায় পর্যবসিত হবে। এই কথা বলে আমি যে সব কথা বললাম সেগুলি যদি করেন তাহলে ভাল হয়।

**শ্রীরেনুপদ হালদার :** মিঃ চেয়ারম্যান স্যার, শ্রম মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তাতে ট্রান্সপোর্টে যারা কাজ করে বিশেষ করে বাসে তাদের জন্য নিয়োগ পত্রে ব্যবস্থা করে দিতে হবে। এটা খুবই আবশ্যক ছিলো। এ ছাড়া বিলে যেটুকুন সংশোধন করা হয়েছে তা থেকে কতকগুলি গুরুত্বপূর্ণ জায়গা আছে যেগুলি সংশোধন না করলে এই সমস্ত শ্রমিকদের সত্যকারের সমস্যার সমাধান হবে না।

এই বিলটা খুব সীমাবদ্ধ এই জন্য যে প্রথমত মোটর ট্রানস্পোর্ট, মোটর লরি প্রভৃতি যত যান আছে রোড ট্রান্সপোর্ট ও ওয়াটার ট্রান্সপোর্টের সেগুলি ইনক্লুড করা উচিত ছিলো। সুতরাং মূল আইনের ৪ ধারায় আছে ৫ জন বা তার বেশী শ্রমিক হলে তবে এই আইনের আওতায় আসে। বাসে যারা কাজ করে তারা ড্রাইভার, কনডাকটার ক্লিনার ছাড়া কেউ থাকে না। কোন কোন বাসে হয়তো দু-জন কনডাকটার নিয়ে ৪ জন কাজ করে। এইরূপ সংখ্যাই সব চেয়ে বেশী। তাই যাদের জন্য এই আইন সংশোধন করা হচ্ছে তাদের বেশীর ভাগই এই আইনের দ্বারা উপকৃত হবে না। সেইজন্য বলছি এই আইনের সংশোধন করে দুই বা ততোধিক যদি করা যায় তাহলে অনেক ওয়ারকারকে যুক্ত করা যায়। লরিকেও যুক্ত করা যায়।

**মিঃ চেয়ারম্যান ঃ** আলোচ্য বিধায়েকের উপর আলোচনার নির্দিষ্ট সময়সূচী অনুসারে আলোচনা ৪-১৮ মিঃ শেষ হবার কথা। কিন্তু আরো কিছু সময় এর জন্য প্রয়োজন। সুতরাং এই বিলের বা বিধায়কের উপর আলোচনার সময় আরো আধ ঘণ্টা বাড়ান হোক। আমি আশাকরি সদস্যদের সম্মতি আছে। সুতরাং সদস্যদের সম্মতিক্রমে নিদৃষ্ট সময় আরো আধ ঘণ্টা বাড়ানো হলো।

**শ্রীরেনুপদ হালদার ঃ** স্যার, আমি বলছিলাম সীমাবদ্ধ এইজন্য যে, এর সঙ্গে যুক্ত যে সমস্ত শ্রমিক আছে তারা খুব বেশী এই আইনের দ্বারা সুযোগ পাবে না। যেহেতু আইনের মধ্যে ৫ বা ততধিক আছে। সেই জন্য আইন সংশোধন করে দুই বা ততধিক হলে বেশী শ্রমিককে যুক্ত করা যায়। সেটা না হলে আইনের সুযোগ শ্রমিকরা গ্রহণ করতে পারবে না। আমার মনে হয় রোড ট্রান্সপোর্ট আইনের শতকরা ৯৫ ভাগ শ্রমিক সুযোগ পাবে না। কারণ এই সংখ্যাই বেশী যেখানে একটা বাসে ৩ জন কাজ করেন। অতএব খুব বেশী শ্রমিক এর আওতায় আনতে পারবে না।

[4-15—4-25 P.M.]

এছাড়া নিরঞ্জন বাবু যে কথা বলেছেন এখানে ১২/১৪ ঘণ্টা করে কাজ করতে হচ্ছে শ্রমিকদের সেই সময়টা যাতে কমে যায় অর্থাৎ ৮ ঘণ্টা কাজ এই জায়গায় যাতে নিয়ে আসা যায় তারজন্য বিধি ব্যবস্থা করার দরকার আছে। আমি মনে করি এই সম্পর্কে বাসে যে কমিশন দেওয়ার ব্যবস্থা রয়েছে সেই কমিশন ওয়েজ

হিসাবে যদি ধরে নেওয়া না যায় তাহলে অনেক শ্রমিক এর আওতায় আসে না। তারা কমিশন যে সমস্ত ক্ষেত্রে পাচ্ছে ওয়েজ হিসাবে পাচ্ছে, কারণ, তারা কাজের বিনিময়ে এটা পাচ্ছে, তাদের মাইনে না দিয়ে কমিশন হিসাবে দেওয়া হচ্ছে বেশীর ভাগ বাসে, সেক্ষেত্রে এই আইনে যাতে এই কমিশন ওয়েজ হিসাবে ট্রিটেড হয় তার ব্যবস্থা থাকা দরকার। এখানে আর একটা বিষয় আপনার সামনে তুলে ধরছি সেটা হল এই বাসের ওয়ারকারদের বিভিন্ন সময় কাজ করতে গিয়ে এ্যাকসিডেন্টের সম্মুখীন হতে হচ্ছে। তাদের যে কমপেনসেসান দেওয়ার ব্যবস্থা সেটা খুবই অসুবিধাজনক। কারণ, মালিকরা ইনসিওর করে রেখেছে, সেই ইনসিওর থেকে এই টাকাটা পেতে হবে, সেখানে কেস করে দরখাস্ত করে এত হয়রানি হতে হয় যে সেই টাকা তারা পায় না এবং যদিও বা পায় সেই টাকার মাত্রা খুব কম। সেজন্য এইসব ওয়ারকার যারা তাদের মূল্যবান জীবন দিয়ে দিল তার জন্য তারা যাতে প্রকৃত কমপেনসেসান পেতে পারে তারজন্য একটা বিধি থাকা দরকার। যে বিলটা নিয়ে এসেছেন এই বিলের মধ্যে আমি যে সংশোধনী দুটি দিয়েছি সেই সংশোধনী দুটি থাকার খুব প্রয়োজন আছে। ২১ (ক) (১)তে যেটা বলেছি সেটা হচ্ছে যেখানে এমপ্লয়ার কথাটা আছে সেখানে এমপ্লয়ারের সঙ্গে ম্যানেজার কথাটা দিতে বলেছি। কারণ, অনেক ক্ষেত্রে যেখানে কো-অপারেটিভ মালিক, সেখানে ম্যানেজার রাখা দরকার, সেখানে ম্যানেজার নিয়োগপত্র দিতে পারে। সেখানে ম্যানেজার রাখলে এই বিলে যে সুযোগ দেওয়ার কথা বলা হচ্ছে সেই সুযোগ অধিকতর পাবে। আমি ৪ নং-এ বলেছি যেখানে নেম আছে সেখানে নেমের সঙ্গে এ্যাড্রেসটা যুক্ত করতে বলেছি। এ্যাড্রেসটা নেমের সঙ্গে যুক্ত না থাকলে যে শ্রমিককে নিয়োগপত্র দেওয়া হবে তার প্রকৃত পরিচয়পত্র হয় না। তাই তার নাম, ঠিকানা, অন্যান্য যা আছে সেগুলি থাকা দরকার। আমি মনে করি যখন দফাওয়ারী আলোচনা হবে তখন আমি এটা মুভ করব। আমি সমস্ত সদস্যকে অনুরোধ করব আমার এই সংশোধনী সহ বিলটিকে গ্রহণ করুন এবং মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব যে সমস্ত বিষয়গুলি এখানে বললাম সে সম্পর্কে মন্ত্রী মহাশয় বিবেচনা করবেন। এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীহরিপদ জানা (ভগবানপুর)**ঃ অন এ পয়েন্ট অব ইনফর্মেশান, স্যার। আমার কেন্দ্র ভগবানপুর থেকে আমার কাছে একটা টেলিগ্রাম এসেছে, আমি সেটা হাউসের অবগতির জন্য আপনার কাছে আমি এক মিনিট সময় চাচ্ছি। আমার ভগবানপুর কেন্দ্রে সি পি এম'র ওয়ারকার কেমন করে আমাদের ওয়ারকারের উপর

নির্যাতন করেছে, তাদের মেরেছে তার একটা টেলিগ্রাম এসেছে, আমি সেটা পড়ে শোনাচ্ছি—

Provocated by Anurup Panda local C. P. M. forceably assaulted. Harvesting labourers seriously injured. Law and order fails. Pray protection. Khudi Samanta, Simulia, Bhagwanpur P, S.

মাননীয় সভাপতি মহাশয়, আমি এটা আপনার কাছে দিচ্ছি, আমি আশা করব আপনি এটা সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে দেবেন। যাতে ল এণ্ড অর্ডার বজায় থাকে তারজন্য আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি।

**শ্রীসন্তোষকুমার দাস**: মাননীয় সভাপতি মহাশয়, পরিবহন কর্মিদের জন্য মন্ত্রী মহাশয় যে বিধেয়কটি এনেছেন তাকে সমর্থন করতে গিয়ে আমি কয়েকটি কথা বলতে চাই। এই বিল সম্বন্ধে অনেক বলেছেন যে এটা তেমন কিছু নয়। আমি মনে করি এটা একটা ঐতিহাসিক ঘটনা এবং এর সুফল সুদূরপ্রসারী। আজকের দিনে যে সমস্ত গাড়ী বা বাস চারিদিকে রয়েছে তার যারা ড্রাইভার, কণ্ডাকটর এবং ক্লিনার তাদের এতদিন পর্যন্ত ঠিক মানুষ বলে গণ্য করা হোত না। অবশ্য এটা বলা বাহুল্য যে, এটা কংগ্রেসী কুশাসনের ফল। তবে এই প্রসঙ্গে মন্ত্রী মহাশয়কে বলি, তিনি যেন মনে রাখেন যাদের জন্য এই বিল তিনি এনেছেন সেই ড্রাইভার, কণ্ডাকটর এবং ক্লিনারদের অনেককেই হয়ত চলে যেতে হবে এবং তাদের সরিয়ে দিয়ে মালিকগণ সেখানে অন্য লোককে কাজে লাগাবার চেষ্টা করবেন এবং বেশীরভাগ ক্ষেত্রে এটা হবে বলে আমি নিঃসন্দেহ। সে সমস্ত ড্রাইভার, কণ্ডাকটর এবং ক্লিনার চাকুরী করেন তাদের জন্য এই বিল এনে মন্ত্রী মহাশয় হাজার হাজার এই ধরণের শ্রমিকের অভিনন্দন পাবেন এবং গণতান্ত্রিক মানুষের অভিনন্দন পাবেন। আমরা দেখছি মালিকের সঙ্গে কোন ড্রাইভার বা কণ্ডাকটরের ঝগড়াঝাটি হলে বা মনের অমিল হলেই তাদের চাকুরী থেকে বরখাস্ত করা হয় এবং তখন তারা হাওড়া স্টেশনে বা বড় বড় টার্মিন্যাস যা রয়েছে সেখানে গিয়ে কান্নাকাটি করে। আমাদের মনে রাখতে হবে কংগ্রেসীরাই বেশীরভাগ ক্ষেত্রে এই অত্যাচার চালিয়ে গেছে এবং সেই কথা মনে রেখে আমরা যেন সবসময় এই জিনিষটা দেখি যে, প্রকৃতপক্ষে ড্রাইভার, কণ্ডাকটর এবং ক্লিনাররা তাদের চাকুরীতে নিয়োগ হচ্ছে। আমি আর একটা জিনিস লক্ষ্য করতে বলছি যে, ড্রাইভার, কণ্ডাকটর এবং ক্লিনার যারা কর্মরত অবস্থায় রয়েছে তাদের কেউ যেন এর আওতাথেকে বাদ না পড়ে। এই কথা বলে একে আন্তরিকভাবে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

[4-25—4-40 P.M.]

**শ্রীকৃষ্ণপদ ঘোষ ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আমি যে বিল হাউসে উত্থাপন করেছি তাতে দেখা যাচ্ছে এরপ্রতি সাধারণভাবে হাউসের সকল সদস্যের সমর্থন আছে এবং এই প্রসঙ্গে অনেক সুপারিশ যা এসেছে সেগুলি উড়িয়ে দেওয়া যায় না। আমি এগুলি বিচার বিবেচনা করে দেখব এবং ভবিষ্যতে একটা পূর্ণাঙ্গ বলি আনা যায় কিনা সে সম্পর্কে আমি নিশ্চয়ই চিন্তা করব। আমি আগেই বলেছি যে এই বিলের উদ্দেশ্য সীমিত এবং এখনও বলব এই বিলের উদ্দেশ্য অতি সীমিত। আমি যে স্টেটমেণ্ট সাবমিট করেছি, তাতে আমি বলেছি, প্রাইভেট বাস্ ওনারদের বাস্—এ যে সমস্ত শ্রমিকরা কাজ করেন তাদের শ্রমিক হিসেবে গণ্য করা হবে এটাই হচ্ছে এর উদ্দেশ্যে। এই স্টেটমেণ্ট সাবমিট করতে গিয়ে আমি বলেছি তাদের যদি শ্রমিক হিসেবে গন্য করা হয় তাহলে ইমিডিয়েট বেনিফিট যেটা হচ্ছে সেটা হল তাদের সার্ভিস কণ্ডিসন কি, তাদের চাকুরীর সর্ত কি এগুলি করবার পথ সুগম হবে। অর্থাৎ Under Industrial Disputes Act they can megotiate and they can find a machinery to settle their disputes. ইনডাষ্ট্রিয়াল পিস্—এর কথা বলা হয়েছে কিন্তু টোট্যাল পিস্ এ্যাণ্ড ট্রাংকুইলিটি আজকের দিনে সম্ভব নয় এবং আমি সেই অর্থে কথাটা বলিওনি। আমি বলেছি লিমিটেড সেন্স—এ ইনডাষ্ট্রিয়াল পিস্ হতে পারে, শিল্পে শান্তি রক্ষা করা যেতে পারে এবং তার জন্য একটা রাস্তা হতে পারে যদি শ্রমিকদের শ্রমিক হিসেবে গণ্য করা হয়। এক বা একাধিক শ্রমিক, ৫ জনের কম শ্রমিক যেখানে রয়েছে তাদের কভার জন্য রুল এ্যামেণ্ড করবার যে নোটিফিকেসন ইশ্যু করেছি সেই পিরিয়ড-টা ওভার হয়ে গেলে ১ জন বা ২ জন শ্রমিক যেখানে কাজ করে তাদেরও কভার করবে। আমার ৩নং কথা হচ্ছে, এটা ঠিক যে এটা থাকা উচিত ছিল। অর্থাৎ ক্যারিয়ার ট্রান্সপোর্ট, লরি, ট্রাক ইত্যাদিতে যে সমস্ত শ্রমিকরা কাজ করে সেই সমস্ত শ্রমিকদের ক্ষেত্রেও থাকা উচিত ছিল। আমি নীতিগতভাবে এটা গ্রহণ করছি এবং ভবিষ্যতে যাতে এসম্পর্কে এ্যামেণ্ডমেণ্ট আনা যায় নিশ্চয়ই তার চেষ্টা আমি করব। তবে আমাদের মনে রাখতে হবে এটা সেনট্রাল এ্যাক্ট কাজেই তার পরিবর্তন করতে গেলে পরিবর্তন করবার পর প্রেসিডেণ্টস্ এ্যাসেণ্ট লাগবে। মাননীয় সদস্য দেওপ্রকাশ রায় বলেছেন এটা একটা ইনডাস্ট্রিয়াল ডিসপুট-এর ব্যাপার। এটা ইনডাস্ট্রিয়াল ডিসপুট হিসেবে কভার্ড হলেই ওয়েজ নেগোসিয়েসন, ওয়েজ কমিটি, ওয়েজ বোর্ড হতে পারে। এটা আমাদের নিশ্চয়ই আলোচনার বিষয়বস্তু। শ্রমিকদের ওয়ার্কিং আওয়ার্স সেটাও একধা ম্যাটার অব

ইনডাসট্রিয়াল ডিসপুট। শ্রমিক হলেই কাজের ঘণ্টা থাকল তা নয়। সেইজন্য এই বিল আনা হয়েছে যে, তাদের শ্রমিক হিসেবে গণ্য করা হোক, তাদের নাম লেখা হোক, তাদের ডেজিগনেসন দেওয়া হোক। এ্যামেণ্ডমেণ্ট যা এসেছে সে সম্বন্ধে পরে বলব। একটা বিশেষ কোম্পানী বা আণ্ডারটেকিং-এর শ্রমিক হিসেবে তাদের গণ্য করা হোক এটাই হচ্ছে বক্তব্য। সুনীতিবাবু শাস্তি শৃঙ্খলার কথা যা বলেছেন সেটা হতে পারে তখনই যখন একটা সার্ভিস কনডাক্ট রুল বা আমরা যাকে বলি সার্ভিস গাইডিং রুল এরকম একটা কিছু যদি হয়। চাকুরীর শর্তাবলী নিয়মাবলি না থাকলে শাস্তি শৃঙ্খলার কথা আসে না। কোড অব কণ্ডাক্ট, কোড অব ডিসিপ্লিন যদি না থাকে তাহলে কিছু হবে না। এখন অন্ধকারের রাজত্ব, কোন কনডাক্ট রুল নেই, কাজেই কাকে শাস্তি শৃঙ্খলা বা বিশৃঙ্খলার কথা বলব। এমপ্লয়য়ার—এমপ্লয়ী রিলেসন যদি প্রোপার্লি এসট্যাবলিসড হয় তখনই কোশ্চেন অব ডিসিপ্লিন এ্যাণ্ড ইনডিসিপ্লিন আসে।

কারণ আমরা দেখেছি মালিকরা বলছে ওরা আমাদের শ্রমিক নয়, ওরা কি প্রডিওস করবে, সত্যই কোন দলিল নাই এবং এই যদি না থাকে তাহলে মালিকরা মুখে বলতে পারে ওরা আমাদের শ্রমিক নয়, অথচ আমরা সকলেই জানি এই শ্রমিকরা তাদের ড্রাইভার, তাদের কণ্ডাকটার। কিন্তু যখন কোন ডিসপিউট হয়, ওয়েজ ডিসপিউট হয় কি বোনাস ডিসপিউট হয়, তখন নিগোশিয়েশনের সময় বলে ওরা আমাদের শ্রমিক নয়। সুতরাং শ্রমিক হিসাবে গণ্য না করলে এটা আসে না। সেজন্য আমরা প্রাইভেট অপারেটারদের বলছি এই জিনিষটা করতে। আমরা স্টেট ট্রান্সপোর্টের ক্ষেত্রে ইতিমধ্যেই চালু করেছি, তাদের য়্যাপয়েণ্টমেণ্ট লেটার দেওয়া হয়, তাদের প্রবেশনারি প্রিরিয়ড থাকে, তারপর তাদের পারমেনেণ্ট হিসাবে গণ্য করা হয়। সুতরাং সরকারী ক্ষেত্রে যেটা চালু করা আছে, আমরা চাই সেখানেও এটা চালু করা হোক। আমি বলছি যে স্টেট ট্রান্সপোর্ট-এর ক্ষেত্রে এগুলি চালু করা হয়েছে, এবং আমরা আসার পরে একটা জিনিস আমরা করেছি যা আগে ছিল না। আগে স্থায়ী শ্রমিক হিসাবে গণ্য করার পদ্ধতি ছিল না, দুঃখের বিষয় পূর্বতন সরকার থাকা সত্ত্বেও এটা ছিল না, শ্রমিককে শুধু শমিক হিসাবে গণ্য করলেই হবে না, তাদের সার্ভিস কণ্ডিশন থাকা দরকার, স্থায়ী না অস্থায়ী এই ক্যাটেগোরাইজেশন থাকা দরকার। আমরা সেই জিনিস করে দিয়েছি, সেই রাইট তাঁরা এখন পাচ্ছেন।

তারপরে ইন্সপেকশন, দুর্নীতির কথা এখন আলোচনা করতে চাই না, পরবর্তী সময়ে আলোচনা করব। একটা কথা বলা হয়েছে ক্যাজুয়েল হিসাবে গণ্য হবে কিনা, ক্যাজুয়েল সম্বন্ধে পার্টিকুলার ডেফিনিশনে ইন দি ইণ্ডাষ্টিয়েল ডিসপিউট এ্যাক্টে আছে, ক্যাজুয়েল তাদেরই বলা হবে যারা এণ্টায়ারলি ফর দি ক্যাজুয়েল ন্যাচার অব দি জব, ক্যাজুয়েল ন্যাচারের জব যদি না হয়, তাহলে ক্যাজুয়েল হিসাবে গণ্য হতে পারবে না। নিরঞ্জনবাবু যেকথা বলেছেন ক্যারিয়ার ট্রান্সপোর্টের কথা সেটা আমি এ্যাকসেপ্ট করি। ক্যাজুয়েল যে কথাটা বলা হয়েছে সেটা ট্রান্সপোর্টের ভিতর ক্যাজুয়েল ন্যাচারের না পেরিনিয়েল ন্যাচারের, পারমেনেণ্ট ন্যাচারের, তা দিয়েই কভারড হচ্ছে। সুতরাং এই ক্ষেত্রে সেই প্রশ্ন উঠে না। এই সীমিত বিলের ক্ষেত্রে আমি খুব দীর্ঘ আলোচনা করতে চাই না। তবে যে এ্যামেণ্ডমেণ্ট উপস্থিত হয়েছে সেগুলি ফর্মেলি মুভ করলে পর আমার মত বলে দেব, তার জন্য বক্তৃতার প্রয়োজন হবে না, ইয়েস, নো বলে সংক্ষেপে রিপ্লাই দিয়ে দেব। এই বলে বক্তব্য শেষ করছি।

The motion of Shri Krishna Pada Ghosh that the Motor Transport Workers (West Bengal Amendment) Bill, 1978, be taken into consideration, was then put and agreed to.

**Clause—1 and 2**

The question that clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

**Clause—3**

**Shri Renupada Halder :** Sir, I beg to move that in clause 3, in proposed section 20A (i), line 1, for the words "the name of the employer" the wosds "the name of the employer/manager" be substituted.

মিঃ চেয়ারম্যান স্যার, আমি তিন নম্বর ক্লজ প্রপোজড সেকসানে ২০এ (আইন) তে আমি বলেছি যে এখানে আছে দি নেম অফ দি এমপ্লয়ার সেখানে আমি the name of the employer/manager এই কথাটা যুক্ত করতে চাই। কারণগুলো আগেই বলেছি, আমি আর বলতে চাই না।

Sir, I also beg to move thar in clause 3, in proposed section 20A (iv), line 1, after the words "the name" the words "and address" be inserted.

**শ্রীকৃষ্ণপদ ঘোষ :** মিঃ চেয়ারম্যান স্যার, আমি প্রথম এ্যামেণ্ডমেণ্ট যেটা আছে সেটা গ্রহণ করতে পারছি না। এখানে বিস্তারিত আলোচনা করা সম্ভব নয়। এটা গ্রহণ করলে আমি মনে করছি শ্রমিকদের ক্ষতি হবে। সেইজন্য এটা গ্রহণ করতে পারছি না। আমি দ্বিতীয় এ্যামেণ্ডমেণ্ট যেটা আছে দি নেম এ্যাণ্ড এ্যাড্রেস এটা গ্রহণ করছি।

The motion of shri Renupada Halder that in clause 3, in proposed section 20A (i), line 1, for the words "the name of the employer", the words "the name of the employer/manager" be substituted, was then put and lost.

The motion of Shri Renupada Halder that in clause 3, in proposed section 20A (iv), line 1, after the words "the name" the words "and address" be inserted, was then put and agreed to.

The question that Clause 3, as amended, do stand part of the Bill was then put and agreed to.

**Clause 4 and Preamble**

The question that Clanse 4 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Krishnapada Ghosh :** Sir, I beg to move that the Motor Transport Workers (West Bengal Amendment) Bill, 1978, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**মিঃ স্পীকার :** আজকের সভার কার্য্য এখানেই মুলতুবী রাখা হচ্ছে। আগামীকাল বেলা ১টার সময় এই অধিবেশন আবার শুরু হবে।

**Adjourment**

The House was then adjourned at 4.40 p.m. till 1 p.m. on Friday, the 8th December, 1978, at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 8th December, 1978, at 1 P. M.

**Present**

Mr. Speaker (Shri Syed Abdul Mansur Habibullah) in the Chair, 13 Ministers, 4 Ministeri of State and 181 Members.

[1-00—1-10 P.M.]

**Mr. Speaker :** Held over starred question No. 89.

(Shri Jatin Chakrabarti rose to speak)

**Shri Deo Prakash Rai :** Mr. Speaker, Sir, I want to raise a point of privilege.

**Mr: Speaker :** Can't you do it after the question hour is over ?

**শ্রীদেও প্রকাশ রাই :** স্যার, আমাকে বলতে হবে। ও দিন আপনি ভূটানী ডলিগেসন আসার জন্য হাউস এ্যাডজর্নড করে দিয়েছিলেন। আমি আপনাকে বলবার জন্য বলেছিলাম কিন্তু ভূটানী ডেলিগেসন আসার জন্য হাউস এ্যাডজর্নড করে দিলেন তো আমি বলতে পারলাম না আপনি টি পার্টিতে চলে গেলেন।

এখন I rise on a point of privilege. সেটা হচ্ছে that day when I spoke.

**Shri Deo Prakash Rai :** Sir, this a point of privilege. That day you gave a rulling to expunge the whole proceedings so far my speech was concerned. expunged as ordered by the chair.

আমি সব পড়ে এসেছি আমি মেজ পার্লামেন্টারী প্রাকটিস সব দেখে এসেছি। আমি ওয়েষ্ট বেঙ্গল লেজিসলেটিভ এসেম্বলীতে ৭ বার এম. এল. এ হয়েছি, এবং তিন বার মিনিষ্টার হয়েছি।.....

I was going through May's Parliamentry practice. Expunged as ordered by the chair,

**Mr. Speaker :** Why do you go on speaking ? Please sit down.

**Shri Deo Prakash Rai :** Sir, I rise on a point of privilege.

**Mr. Speaker :** You cannot raise privilege unless somebody speaks against you.

**Shri Deo Prakash Rai :** Any member has a right to rise on a point of privilege. You may allow it or you may not. Expunged as ordered by the chair.

How can you expunge my whole speech ?

**শ্রীযামিনীভূষণ সাহা :** অধ্যক্ষ মহাশয়, কোশ্চেন হচ্ছে আমাদের একটা প্রিভিলেজ। তাই কোশ্চেন আওয়ারে আপনি যদি অন্য কিছু তুলতে দেন তাহলে আমাদের কোশ্চেন শেষ হবে না। আপনি কোশ্চেন আওয়ারের পরে ওটা তুলতে বলুন। ইতিমধ্যেই তো আমাদের ৭ মিনিট চলে গেল, এই সময়ের মধ্যে আমাদের ১টি কোশ্চেন শেষ হয়ে যেত।

**Mr. Speaker :** I have not allowed him to rise,

**শ্রীযমিনীভূষণ সাহা ঃ** স্যার, তাহলে ওকে বসতে বলুন।

**Mr. Speaker :** Mr. Rai, you have already explained your point. It is question hour. So we now proceed on with the starred questions.

**Shri Deo Prakash Rai :** You can give your rulling to expunge certain portion of my speech which, you feel, is not relevant, which you feel, objectionable. expunged as ordered by the chair.

**Mr. Speaker :** We now start with the starred questions,

## HELD OVER STARRED QUESTIONS

**( to which oral answers were given )**

### ব্যারাকপুর, বনগাঁ ও বারাসাত মহকুমার বিভিন্ন ব্লকে গৃহনির্মাণ বাবদ অর্থ মঞ্জুর

*৮৯। ( অনুমোদিত প্রশ্ন নং *১৮৯। ) **শ্রীসরল দেব**ঃ গৃহনির্মাণ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৩১এ অক্টোবর, ১৯৭৮ পর্যন্ত ২৪-পরগণা জেলার ব্যারাকপুর, বনগাঁ ও বারাসাত মহকুমার বিভিন্ন ব্লকে গৃহনির্মাণ বাবদ সরকার কত অর্থ মঞ্জুর করিয়াছেন ; এবং

(খ) উক্ত মঞ্জুরীকৃত অর্থ শীঘ্র বণ্টন করিবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**শ্রীযতীন চক্রবর্তী**ঃ (ক) ১৯৭৮ সালের ৩১শে অক্টোবর পর্যান্ত ২৪ পরগণার উক্ত তিনটি মহকুমার নিম্ন ও মধ্য আয় বিশিষ্ট ব্যক্তিদের জন্য সরকার সর্বমোট ১,৪৮,৫৪০০০, টাকা ( এক কোটি আটচল্লিশ লক্ষ চুয়ান্ন হাজার ) মঞ্জুর করিয়াছেন। ব্লক ভিত্তিক গৃহনির্মান ঋণ মঞ্জুর করা হয় না।

(খ) নিম্ন ও মধ্য আয় বিশিষ্ট ব্যক্তিদের জন্য গৃহনির্মান প্রকল্প নিয়মানুযায়ী এই মঞ্জুরীকৃত অর্থ বণ্টন হইয়া থাকে এবং সরকার এই বৎসরে এ বাবদ টাকা জেলা শাসক ও এ্যাডমিনিষ্টেটিভ অফিসারের ( গৃহনির্মান দপ্তরের ) হেপাজাতে বরাদ্দ করিয়াছেন।

**শ্রীসরল দেব**ঃ আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাচ্ছি এই টাকার পরিমান ৩টি মহকুমাতে আরো বৃদ্ধি করার কোন পরিকল্পনা আপনার দপ্তরের আছে কি ?

**শ্রীযতীন চক্রবর্তী**ঃ আমরা বাজেটে যা পেয়েছি তাতে বর্তমানে এই তিনটি মহকুমার জন্য কেবলমাত্র বৃদ্ধি করার পরিকল্পনা এখন পর্যন্ত আমাদের নেই।

**শ্রীরজনী কান্ত দলুই**ঃ মন্ত্রী মহাশয় বললেন জেলাশাসকদের গৃহনির্মান দপ্তর থেকে এই টাকা এ্যালট করা হয়েছে। জেলাশাসক নিজে বা তার যেসমস্ত অফিসার

আছে তাদের মাধ্যমে যারা গৃহনির্মাণ করবে এই টাকা বরাদ্দ করবেন—মন্ত্রী মহাশয় এটা জানাবেন কি ?

[1-10—1-20 P.M.]

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে, প্রথমে যারা দরখাস্ত করেন গৃহনির্মাণ ঋণ পাবার জন্য সেখানে আমাদের একটি কমিটি আছে এবং সেই কমিটি সমস্ত কিছু তদন্ত করে বা তদারক করে দেখেন। দেখার পর যখন সেই কমিটি মঞ্জুর করেন তখন আমাদের বিভাগ থেকে সেই অর্থ যা বরাদ্দ করা আছে বিভিন্ন জেলার জন্য সেটা সেই সেই জেলার জেলা শাসক এবং এ্যাডমিনিষ্ট্রেটিভ অফিসারের কাছে পাঠিয়ে দেওয়া হয়, তিনি কেবল টাকাটা দিয়ে দেন।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** এই কমিটিতে কারা কারা আছে মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

**শ্রীযতীন চক্রবর্তী :** নোটিশ চাই।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি :** গোটা ২৪ পরগণা জেলার জন্য কত টাকা দেওয়া হয়েছে সেটা বলতে পারেন কি ?

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** ২৪ পরগণা জেলার সমস্তটার জন্য বলতে হ'লে নোটিশ চাই।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** টোট্যাল কতগুলি ঘরের জন্য এই টাকা মঞ্জুর করা হয়েছে মাননীয় মন্ত্রীমহাশয় তা বলতে পারেন কি ?

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** প্রশ্নটা যে ভাবে করা হয়েছে তাতে টাকার অঙ্কটা আমার এখানে দেওয়া আছে, সেটা আমি বলেছি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** মোট বেনিফিসিয়ারিস কত সেটা বলতে পারবেন কি ?

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** দরখাস্তকারীদের নম্বর আমার কাছে নেই।

**শ্রীবীরেন্দ্র কুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বলতে পারেন কি, কি কি গুণ থাকলে এই লোন পাওয়া যায় ?

**শ্রীযতীন চক্রবর্ত্তী :** কতকগুলি নিয়ম আছে। আমরা দুটি শ্রেণীকে দিয়ে থাকি মধ্যবিত্ত এবং নিম্নবিত্ত। নিম্নবিত্ত তারাই যাদের মাসিক আয় ৬০০ থেকে ৮০০ টাকা পর্য্যন্ত আর মধ্যবিত্ত হচ্ছে এম. আই. জি—যাদের তার উপর ১৫০০ টাকা পর্য্যন্ত ইনকাম।

**শ্রীদেওপ্রকাশ রাই :** Sir, Darjeeling is one of the most backward district in West Bengal.

**মিঃ স্পীকার :** No, It is a question on 24-Parganas. Read the question first. You put another question on your point.

**শ্রীঅজয় কুমার দে :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, বন্যাপীড়িত অঞ্চলে মধ্যবিত্ত শ্রেণীর লোকেদের মধ্যে যাদের ঘর পড়ে গিয়েছে তাদের ঘর নির্মানের জন্য কোন টাকা দেবার পরিকল্পনা সরকারের আছে কি ?

**শ্রীযতীন চক্রবর্ত্তী :** বন্যা বিধ্বস্ত অঞ্চলে যারা ক্ষতিগ্রস্থ হয়েছেন তাদের জন্য আরো একটি পরিকল্পনা আছে।

**ডঃ গোলাম ইয়াজদানী :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে ২৪ পরগণার তিনটি ব্লকে যে টাকা মঞ্জুর করা হয়েছে তার একটা খসড়া হিসাব করেছেন—যাঁরা মধ্যবিত্ত শ্রেণী এবং নিম্ন মধ্যবিত্ত শ্রেণী তাঁদের ইনডিভিডুয়াল কত করে হবে বলে আশা করেন ?

**শ্রীযতীন চক্রবর্ত্তী :** এটার একটা নির্দিষ্ট সীমা আছে। যেমন ১৫ হাজার আর ১২ হাজার এই রকম আমরা দিয়ে থাকি।

## মেডিক্যাল কলেজে পূজন দাসগুপ্তের মৃত্যু

*১১৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩১১।) **শ্রীসুনীতি চট্টরাজ :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ২৭এ মে, ১৯৭৬ তারিখে কলকাতা মেডিক্যাল কলেজ হাসপাতালে পূজন দাসগুপ্তের মৃত্যু সম্পর্কে করোনারের রায় বাহির হইয়াছে কি ; এবং

(খ) হইয়া থাকিলে,—

(১) ঐ রায়ে কাহার, বিরুদ্ধে কি অভিযোগ আছে, ও

(২) এই বিষয়ে সংশ্লিষ্ট ব্যক্তিদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে বা হইতেছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ**

(ক) হাঁা, গত ১৬-৩-৭৮ তারিখে রায় বাহির হয়েছে।

(খ) (১) করোনার রক্ত বমন জনিত মৃত্যু এবং চিকিৎসক ও নার্সের কর্তব্যের ত্রুটির কথা বলেন।

(২) যে রক্ত পূজন দাসগুপ্তকে দেওয়া হয় তাহা ফরেনসিক লেবরেটরীতে পরীক্ষার জন্য পাঠানো হয়। ফরেনসিক লেবরেটরির রিপোর্টে দেখা গেছে যে পূজন দাসগুপ্তকে যে রক্ত দেওয়া হয়েছিল তাতে কোন দোষ নেই ?

**ডঃ জয়নাল আবেদিন ঃ** করোনার সাহেব বলেছিলেন যে রক্ত বমন জনিত এবং চিকিৎসক ও নার্সের কর্তব্যে ত্রুটির জন্য এই মৃত্যু হয়েছে। এখন রক্তে যদি দোষ নাও থাকে তাহলেও এদের বিরুদ্ধে ব্যবস্থা কেন নেওয়া হয়নি সেটা জানাবেন কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** এটা তদন্ত করে দেখা গেছে যে ঐ রক্তের বোতলে যে লেবেল ছিল সেটা ভুল করে লেখা ছিল ৮ই জুন ১৯৭৩। কিন্তু পরে এটা দেখা গেছে যে রক্তটা ঠিকই ছিল কিন্তু ভুল করে ঐ লেবেলটা ওখানে আটা হয়—২৬-৫-৭৬ এর জায়গায় এটা লেখা হয়। সে জন্য এটাতে ধারণা হয় যে এর জন্য কোন দোষ ত্রুটি হয়নি।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র ঃ** এই যে রক্তে ৬ই জুন লেখা হয়েছিল এবং এটা ভুল করে লেখা হয়েছিল। আমার প্রশ্ন হচ্ছে, এই রিপোর্ট কে দিয়েছিল যে ভুল করে লেখা হয়েছিল ?

**শ্রীজ্যোতি বসু ঃ** আমরা যখন রক্তটা পরীক্ষা করতে দেই লেবরেটরীতে, সেখানে পরীক্ষার পরে যে রিপোর্ট আসে তখন এটা তদন্ত করে দেখা গেছে ভুল

লেবেল আটা আছে। যদি রক্ত এখনকার হয়ে থাকে তাহলে আগেকার তারিখ আছে কেন, তারপর এই ত্রুটি বের হয়।

ডঃ জয়নাল আবেদিন : তাহলে রাজ্য সরকার করোনারের রায়ের সঙ্গে এক মত নয় বলেই কি যারা ত্রুটি করেছেন—ডাক্তার এবং সেবা শুশ্রূষাকারী তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করেননি ?

শ্রীজ্যোতি বসু : করোনারের কাছে এই সংবাদটা ছিল না। কাজেই উনি এইভাবে এটা করেছিলেন যে তারিখ এইভাবে দেওয়া হয়েছে তাতে মনে হয়েছে যে ত্রুটি আছে। কাজেই এটাতে আমরা ত্রুটি বলে মনে করতে পারছি না যে মৃত্যুর কারণ এই জন্য হয়েছে।

শ্রীসত্যরঞ্জন বাপুলী : মাননীয় মন্ত্রী মহাশয়, এই যে লেবেলিং-এর কথা বললেন যে ভুল হয়েছে, এই লেবেলিং কারা করে এবং কোন ডিপার্টমেন্টের লেবেলিং হয়, এটা বলবেন কি

শ্রীজ্যোতি বসু : যেখানে রক্ত দেওয়া হয় সেখানে লেবেলিং ডিপার্টমেণ্ট থেকে করা হয়।

শ্রীসত্যরঞ্জন বাপুলী : যে লেবেলিং ডিপার্টমেণ্ট এই ভুল করেছে তাদের বিরুদ্ধে কোন এ্যাকসান নেওয়া হয়েছে বা সাসপেণ্ড করা হয়েছে কি ?

শ্রীজ্যোতি বসু : আমি যতদুর জানি এ্যাকশান নেওয়া হয়নি।

শ্রীসত্যরঞ্জন বাপুলী : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে যাদের ল্যাচেজের জন্য গোটা সংবাদ পত্র থেকে আরম্ভ করে সারা পশ্চিমবাংলায় ঝড় বয়ে গেছে এই মৃত্যুকে কেন্দ্র করে, এই ভুল লেবেলিং করাটা গুরুত্বপূর্ণ অপরাধ বলে মনে করছেন কিনা এবং করলে কোন ব্যবস্থা নেবেন কি না ?

শ্রীজ্যোতি বসু : এটা নিশ্চয়ই অপরাধ। যদি ৭৬ সাল না বলে ৭৩ সাল বলা হয় এবং বিশেষ করে রক্তের ব্যাপারে এটা কখনই করা উচিত নয়। তবে যেহেতু দেখা গেছে যে মৃত্যুর অন্তত এই কারণে ঘটেনি। রক্ত ঠিক ছিল।

শ্রীদেবপ্রসাদ সরকার : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে এই মৃত্যুর ব্যাপারে স্থানীয় বৌবাজার থানার প্রথম যে ইনভেষ্টিগেশান অফিসার ছিলেন, তিনি

এই ইনভেষ্টিগেশানের তৎপর হবার ফলে ট্রাফিক কন্ট্রোল ডিপার্টমেন্ট, বৌবাজারে ট্রান্সফার করা হয় ?

শ্রীজ্যোতি বসু : না, আমার জানা নেই।

শ্রীরজনী কান্ত দলুই ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, এটা কি সত্য যে করোনার এম. আহম্মদ, ব্যারিষ্টার, এই রায় দেবার পরে ডঃ জে. বি. মুখার্জি পুলিশ ডিপার্টমেন্টের কাছে অপ্রিয় হন এবং সে জন্য কি সরকার করোনারের পোষ্ট উঠিয়ে দিয়ে ম্যাজিষ্ট্রেট এ্যাপোয়েন্ট করছেন ?

[1-20—1-30 P.M.]

শ্রীজ্যোতি বসু ঃ এই প্রশ্ন থেকে এটা কি করে আসে আমি জানি না। তবে অবান্তর যদি না হয় তাহলে আমি এইটুকু বলতে পারি, উনি যে তথ্য এখানে দিলেন, সেই সম্পর্কে আমার জানা নেই।

শ্রীসুনীতি চট্টরাজ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ফরেনসিক ডিপার্টমেন্ট আগে স্বয়ং সম্পূর্ণ সংস্থা আগে ছিল কি ছিল না ?

শ্রীজ্যোতি বসু ঃ এই প্রশ্ন আপনি আলাদা করে বলবেন। এটা সাংগঠনিক ব্যাপার, এর থেকে এটা আসে না।

শ্রীসুনীতি চট্টরাজ ঃ ইউ হ্যাভ নো আইডিয়া দেন। ডাঃ জে. বি. মুখার্জি একদিকে মেডিকেল কলেজের প্রিন্সিপ্যাল, অন্যদিকে এই ফরেনসিক ডিপার্টমেন্টের হেড অব দি ডিপার্টমেন্ট, ডু ইউ নো দিস ?

মিঃ স্পীকার ঃ দিস কোশ্চেন ডাজ নট এ্যারাইজ।

শ্রীরজনীকান্ত দলুই ঃ এটা কি সত্য, পূজন দাসগুপ্তের হাউস ফিজিশিয়ানের যে রিপোর্ট এবং পোস্ট মার্টেমের যে রিপোর্ট, তার মধ্যে অনেক ফারাক ছিল ?

শ্রীজ্যোতি বসু ঃ না, আদৌ তা নয়।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় মুখ্যমন্ত্রী কি জানাবেন, করনারের রায় গ্রহণ করা রাজ্য সরকারের পক্ষে অপশন্যাল না অবলিগেটারী ?

শ্রীজ্যোতি বসু ঃ মুখে বলার কিছু নেই। উনি একটা রায় দিয়েছেন লেভেল ইত্যাদির জন্য। কাজেই এটা গ্রহণ করা বা বর্জন করার কোন প্রশ্ন ওঠে না।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** পূজনের বাবা করোনারের রিপোর্ট এর উপর অসন্তুষ্ট হয়ে মুখ্যমন্ত্রী এবং রাজ্যপালের কাছে কোন অভিযোগ পত্র দাখিল করেছিলেন কি না ? আপনার সঙ্গে দেখা করতে গিয়েছিল কিনা ?

**শ্রীজ্যোতি বসু ঃ** পূজনের বাবা আমাকে এই বিষয়ে তদন্তের ব্যাপারে বলেন। আমি করোনারের রিপোর্টটা দেখি। আমার কাছে দেখা করতে এসেছিলেন কি না, সেটা আমার মনে নেই।

## ২৪-পরগণা জেলায় খুনের ঘটনা

*১১৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৮।) **শ্রীসরল দেব ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা জেলায় ১৯৭৭ সালের জুলাই মাস হইতে ১৯৭৮ সালের ৩০এ সেপ্টেম্বর পর্যন্ত কতগুলি খুনের ঘটনা ঘটিয়াছে ; এবং

(খ) এ ব্যাপারে কতজনকে গ্রেপ্তার করা হইয়াছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** (ক) মোট ২০৭টি এবং

(খ) মোট ৪০৭ জন।

**শ্রীসরল দেব ঃ** এদের এখনো পর্যন্ত গ্রেপ্তার করা হয়নি। গ্রেপ্তার করার ব্যাপার কি ব্যবস্থা গ্রহণ করেছেন, জানাবেন কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** গ্রেপ্তার করার ব্যাপারে ব্যবস্থা কি ? গ্রেপ্তার করা হয়েছে এবং তাদের বিরুদ্ধে মামলা হবে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** এই যে ২০৭টি ঘটনার কথা বললেন, এর মধ্যে কতগুলি মামলা ইতিমধ্যে তুলে নেওয়া হয়েছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** একটিও না।

**শ্রীসন্দীপ দাস ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী কি বলবেন যে, এই খুনের মধ্যে কতগুলি রাজনৈতিক খুন।

**শ্রীজ্যোতি বসুঃ** আমার মনে হয় এই রকম আরো প্রশ্ন আজকে এখানে আছে, এই রাজনৈতিক হত্যা সম্পর্কে, সুতরাং তখন এই প্রশ্ন আনলে আমার পক্ষে উত্তর দিতে সুবিধা হবে।

## অসামাজিক কার্যকলাপ

*১২০। (অনুমোদিত প্রশ্ন নং *২১৪।) **শ্রীরজনীকান্ত দোলইঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের জুন মাস হইলে ১৯৭৮ সালের ৩১এ অক্টোবর পর্যন্ত পশ্চিনবঙ্গে কতগুলি সংঘর্ষ, রাহাজানি, লুট ও ডাকাতির ঘটনা, ঘটিয়াছে;

(খ) উক্ত ঘটনার সহিত জড়িত এরূপ কতজন ব্যক্তিকে গ্রেপ্তার করা হইয়াছে; এবং

(গ) ইহার পূর্ববর্তী বৎসরে ঐ একই সময়ের মধ্যে ঐরূপ সংঘর্ষ, লুট, রাহাজানি ও ডাকাতির সংখ্যা কত ছিল?

**শ্রীজ্যোতি বসুঃ** স্পীকার মহাশয়, মুশকিল হচ্ছে এই তারকা—চিহ্নিত আর তারকা—চিহ্নিত নয়, এগুলির মধ্যে কোনও পার্থক্য থাকছে না। এটাতে অনেকগুলি সংখ্যা আছে, এটা কি করে তারকা—চিহ্নিত হয়, সেটা আমি বুঝতে পারছি না? যাই হোক আপনি যখন বলেছেন, সুতরাং তখন আমি বলছি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলীঃ** অন এ পয়েন্ট অফ্ প্রিভিলেজ, স্যার, উনি বললেন। স্টার্ড হচ্ছে কি করে আনস্টার্ড-টা, সেটা বুঝতে পারছেন না। স্যার, আপনি এ্যালাউ করেছেন, মাননীয় মুখ্যমন্ত্রী লিডার অফ্ দি হাউস হয়ে আপনার উপর এ্যাসপারসন করেছেন। এটা আমাদের কাছে ভাল লাগছে না। কিছু দিন আগেও তিনি এই ভাবে বলেছিলেন। তখন আমি এবিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করেছিলাম। আজও উনি আপনার বৈধতা চ্যালেঞ্জ করছেন যে, এটা স্টার্ড হয়ে এলো কি করে! স্পীকার ইজ্ দি কাস্টোডিয়ান অফ্ দি হাউস, স্পীকারেরই যদি মর্যাদা না থাকে, মুখ্যমন্ত্রী যদি মর্যাদা না দেন, তাহলে আমরা কোথায় আছি?

**শ্রীদীনেশ মজুমদার:** স্যার, মাননীয় সত্য বাপুলী যে কথাগুলি বললেন, সেগুলি কি উনি শুনে এবং ভেবেচিন্তে বললেন? মুখ্যমন্ত্রী কখনই স্পীকারের প্রতি কোনও এসপারসন করেননি। তিনি শুধু মাননীয় স্পীকারের দৃষ্টি আকর্ষণ করেছেন এবং একথাও উল্লেখ করেছেন যে, আপনি যখন এ্যাডমিট করেছেন তখন আমি রিপ্লাই দিচ্ছি। কিন্তু এই ধরণের প্রশ্ন যেগুলিতে অনেক সংখ্যা দেওয়া থাকে সেগুলি সাধারণ স্টার্ড কোশ্চেন হয় না, আন-স্টার্ড হয়। এই টুকুই তিনি স্পীকারের দৃষ্টি আকর্ষণ করে বলেছেন। এতে এসপারসনের কোনও প্রশ্ন নেই। সুতরাং আমি সত্য বাপুলী মহাশয়কে বলব যে এইভাবে এটা তোলা বাঞ্ছনীয় নয়।

[1-30—1-40 P.M.]

**শ্রীসত্যরঞ্জন বাপুলী:** চীপ হুইফ বললেন যে উনি এসপারসন করেননি কিন্তু আমার প্রশ্ন হচ্ছে স্টার্ড এবং আনস্টার্ডের ব্যাপারে স্পীকারই হলো অথরিটি। কিন্তু মুখ্যমন্ত্রী মহাশয় যা বললেন তাতে তো উনি স্পীকারকে কটাক্ষ করেছেন—দ্যাট আমাউন্টস টু কনটেম্পট অফ দি হাউস। স্পীকার অ্যালাউ করেছেন। স্পীকার হচ্ছেন অ্যালাউয়ের অথরিটি। তাঁর অথরিটিকে চালেঞ্জ করা যায় না।

( গণ্ডগোল )

**শ্রীঅতীশ চন্দ্র সিন্‌হা:** পয়েন্ট অফ অডার স্যার, আমি কিছুদিন আগে মন্ত্রী ছিলাম, আমি এইসব অসুবিধার কথা জানি। যদি মাননীয় মুখ্যমন্ত্রীর অসুবিধা হয় তাহলে তিনি সোজাসুজি বলতে পারতেন যে এতগুলি পড়তে পারছি না—আমি টেবিলে লে করে দিচ্ছি। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে স্যার, উনি এইরকমভাবে এড়িয়ে যেতে চান। উনি যদি এড়িয়ে যেতে চান এবং আমরা যদি কোন তালিকা না পাই তাহলে কিভাবে সাপলিমেণ্টারী করবো।

**Mr. Speaker:** তার অসুবিধার জন্য কি আমার দৃষ্টি আকর্ষণ করতে পারেন না? Every Minister has got the right to draw my attention if any difficulty arises. He has not cast any aspersion on the Chair এবং এটাই হচ্ছে ফ্যাক্ট। সুতরাং Speaker has always that right. He has not said that it is incorrect.

**শ্রীসুনীতি চট্টরাজ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপত্তি স্পীকার, আপনি যাকে ইচ্ছা যখন যেভাবে প্রটেকসান দিতে পারেন তাতে আমার কিছু বলার নেই।

দুর্ভাগ্যবশতঃ আমি মন্ত্রী নই, একজন এম. এল. এ, আমি একদিন দৃষ্টি আকর্ষণ করেছিলাম তাতে আপনি সময় এক্সটেনসন করেছিলেন। আমাকে বলেছিলেন আমার কোশ্চেনের অ্যানসার পাওয়া যাচ্ছে না অতএব আপাততঃ হেল্ড ওভার হচ্ছে। আপনি একসটেনসনটা ইন-ডায়েরেকটলি নিয়েছিলেন। তখন আপনার চেয়ারকে এসপারসন করা হয়েছিল। আবার এখন মাননীয় মুখ্যমন্ত্রী যেভাবে কথা বললেন উদ্ধাম্বের সঙ্গে তাতে আপনার চেয়ারকে এসপারসন করা হচ্ছে। আমি এ্যজ এ মেম্বার হিসাবে বলছি যে এটা আপনাকে কটাক্ষ করা হয়েছে।

**শ্রীহবিবুর রহমান**ঃ আপনি বললেন যে, কোন মন্ত্রীর অসুবিধার কথা জানাবার অধিকার আছে কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর অসুবিধার কথা জানাচ্ছেন না। উনি বলছেন যে, এ ধরণের প্রশ্ন কি করে তারকা চিহ্নিত হতে পারে ?

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী মহাশয়ের যদি উত্তর দিতে অসুবিধা হয় তাহলে উত্তরগুলো টেবিলে দিতে বলুন, উনি কি করে এই কথা বলতে পারেন ?

( গোলমাল )

**শ্রীসত্যরঞ্জন বাপুলী**ঃ অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, আমরা অলরেডি প্রশ্নগুলি দিয়েছিলাম, তা প্রশ্নের উত্তর দিতে মুখ্যমন্ত্রী যদি অসুবিধা বোধ করেন, উনি যদি ব্যস্ত থাকেন তাহলে আপনি একটা সারকুলার দিন উত্তরগুলি টেবিলে রাখবার জন্য।

**মিঃ স্পীকার**ঃ উনি তো উত্তর দিচ্ছেন।

**শ্রীবীরেন্দ্র কুমার মৈত্র**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য হচ্ছে মুখ্যমন্ত্রীর কথা শুনে আমি একটু ভয় পেলাম। এরপর আর কোন তারকা চিহ্নিত প্রশ্ন করা যাবে না। এরকম প্রশ্ন আগেও আমরা করেছি, কোয়েশ্চেনগুলো টেবিলে লে করে দিতে বলুন যাতে আমরা সময় মত উত্তরটা দেখতে পারি, আমি কালকে এই ব্যাপারটা মেনসেন করেছিলাম।

**মিঃ স্পীকার**ঃ এখন মুখ্যমন্ত্রী মহাশয় তারকা চিহ্নিত ১২০ নম্বর প্রশ্নের উত্তর দিন।

( গোলমাল )

**শ্রীজ্যোতি বসু ঃ**

(ক) সংঘর্ষ — ৪৬৫৬

রাহাজানি — ১৬১৫

লুট — ১১৭৮

ডাকাতি — ১৬২৭

(খ) গ্রেপ্তারের সংখ্যা—

সংঘর্ষ — ১৫৭৮৭

রাহাজানি — ২৭১১

লুট — ৪১৪৬

ডাকাতি — ৬১৫৮

(গ) ১৯৭৬-৭৭ সালে

সংঘর্ষ — ৪০৫৩

রাহাজানি — ১৩৫১

লুট — ৯৩৩

ডাকাতি — ১৩০৫

( গোলমাল )

**শ্রীরজনী কান্ত দলুই :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গোলমালের জন্য আমরা রিপ্লাইটা শুনতে পাইনি, কাজেই সাপলিমেণ্টারি করা যাবে না।

**মিঃ স্পীকার ঃ** আমি কি করব বলুন ? উনি তো উত্তর দিয়েছেন।

( গোলমাল—অনেক সদস্য একসঙ্গে বক্তব্য বলিবার জন্য উঠিয়া দাঁড়ান )

**শ্রীজ্যোতি বসু :** ( লিখিত উত্তর পুনরায় পাঠ করেন )।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে দেখতে পাচ্ছি যে গত ১৯৭৭-এর জুন মাস থেকে ১৯৭৮ অক্টোবর পর্য্যন্ত দেশে অনেক চুরি, ডাকাতি, লুট, রাহাজানি বেড়ে গেছে, এর কারণ কি ?

[1-40—1-50 P.M.]

**শ্রীজ্যোতি বসু :** প্রথমত এটা ঠিক যে, যে সংখ্যা আমি দিলাম তার দু এক শত এদিক ওদিক বেড়েছে বা কমেছে।

শ্রীরজনীকান্ত দলুই ঃ বাড়ার কারণগুলি কি ?

শ্রীজ্যোতি বসু ঃ সমস্ত ক্ষেত্রে বাড়েনি—দু এক শো এদিক ওদিক হয়েছে—ডাকাতি কমেছে রাহাজানি বেড়েছে। এক একটার এক এক রকম কারণ আছে।

শ্রীরজনীকান্ত দলুই ঃ কোনটা বেড়েছে আর কোনটা কমেছে ?

শ্রীজ্যোতি বসু ঃ ফিগারগুলি দেখে নিন।

শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ আপনার এই তথ্যগুলি কি স্টাটিটিক্স এর ভিত্তিতে ?

( কোন উত্তর দেওয়া হয় নাই )

শ্রীঅজয় দে ঃ দু একশো বাড়াটাকে কি বাড়া বলে ধরবেন না ?

মিঃ স্পীকার ঃ উনি তা বলেন নি।

শ্রীবীরেন্দ্র কুমার মৈত্র ঃ পুলিশের স্ট্রেংথ্ থানায় যা আছে তাতে তাদের দিয়ে এই কাজ করা কি যথেষ্ট বলে মনে করছেন ?

শ্রীজ্যোতি বসু ঃ ম্যাটার অফ ওপিনিয়ান।

## মুর্শিদাবাদ জেলায় সংঘর্ষ, খুন ও জখমের ঘটনা

*৩৪। ( অনুমোদিত প্রশ্ন নং *৬। ) শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়, শ্রীআতাহার রহমান, শ্রী আবুল হাসনাৎ খান এবং শ্রীদীনবন্ধু মাঝি ঃ স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১লা জানুয়ারি, ১৯৭৮ সাল হইতে ৩০এ অক্টোবর পর্যন্ত মুর্শিদাবাদ জেলায় কতগুলি (১) সংঘর্ষ, (২) খুন এবং (৩) জখমের ঘটনা ঘটিয়াছে ;

(খ) তন্মধ্যে কতগুলি রাজনৈতিক কারণে এবং কতগুলি অন্যান্য কারণে ঘটিয়াছে ; এবং

(গ) উক্ত ঘটনাগুলির মধ্যে বিধানসভার কোন সদস্য জড়িত আছেন এরূপ কোন সংবাদ সরকারের নিকট আসিয়াছে কি ?

শ্রীজ্যোতি বসু ঃ

(ক) ১। ৬৭৯টি সংঘর্ষ

২। ৪৬টি খুন

৩। ৩৬১টি জখম-এর ঘটনা ঘটিয়াছে।

(খ) এর মধ্যে ২৬টি সংঘর্ষের ঘটনায় বিভিন্ন রাজনৈতিক দলের সমর্থক বলিয়া কথিত কিছু লোকের যোগাযোগ জানা গিয়াছে এবং আটজন নিহত ও ৪৮ জন আহত হইয়াছে।

(গ) এই ঘটনাগুলির সঙ্গে কোন বিধানসভা সদস্যের প্রত্যক্ষভাবে জড়িত থাকার কোন সংবাদ সরকারের নিকট আসে নাই।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ খুন যা হয়েছে তার মধ্যে কতজন সি. পি. আই. এম. এর ?

শ্রীজ্যোতি বসুঃ সি. পি. এম এর ৫ জন, কংগ্রেস (ই) ৩ জন,

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ খ প্রশ্নের উত্তরে যা বলেছেন তাতে প্রত্যক্ষভাবে জড়িত নয় এই কথা কেন বলছেন ?

শ্রীজ্যোতি বসুঃ আমার কাছে যে রিপোর্ট আছে তা হচ্ছে ২৬-৮-৭৮ তারিখে কংগ্রেস (ই) এর সমর্থক প্রায় ৩০০ লোক মারাত্মক অস্ত্র নিয়ে মালেক সেখ এবং আরো ১০/১২ জন সি. পি. এম লোককে আক্রমণ করায় মালেক সেখ মারা যায় তারা ১৮ জনের বাড়ি লুট করে। রঘুনাথগঞ্জ থানায় একটা মামলা রুজু করা হয়েছে। ৩০ জনকে গ্রেপ্তার করা হয়েছে। এর মধ্যে ২৮ জন হাইকোর্ট থেকে এন্টিসিপেটারি বেল পেয়েছে বিধানসভার সদস্য হবিবুর রহমান ঐ গ্রামে আগের দিন একটা সভা করেন। কিন্তু ঐ ঘটনার সঙ্গে তাঁর জড়িত থাকার প্রত্যক্ষ কোন খবর নেই

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ মালেক সেখকে খুন করার আগে হবিবুর রহমানের বাড়িতে একটা ষড়যন্ত্র হয়েছিলো তাহলে তাকে গ্রেপ্তার করা হচ্ছে না কেন ?

শ্রীজ্যোতি বসুঃ আমাদের কাছে এরূপ কোন প্রমান নেই।

শ্রীসত্যরঞ্জন বাপুলীঃ ৩ জন কংগ্রেসকে যারা খুন করেছে আজ পর্যন্ত এই কেসের কাউকে গ্রেপ্তার করা হয়েছে কি ?

শ্রীজ্যোতি বসুঃ হ্যাঁ, হয়েছে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি :** আতাউর রহমান সম্বন্ধে কোন ওয়ারেন্ট কেস পেণ্ডিং আছে কি না ?

( নো রিপ্লাই )

**শ্রীরজনীকান্ত দলুই :** সি. পি. এম-কে ও কংগ্রেস (ই) সমর্থককে গ্রেপ্তার করেছে বাকি ৪ জন যে হত্যা হয়েছে সেটা কি ইনটার পার্টি ক্লাশ—সি. পি. এম, আর-আর এস, পি ?

**মি ঃ স্পীকার :** এ প্রশ্ন ওঠে না।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি :** আতাউর রহমান সম্বন্ধে তার বিরুদ্ধে কোন গ্রেপ্তারী পরোয়ানা আছে কি না ?

**শ্রীজ্যোতি বসু :** আমি এই প্রশ্নের উত্তর আগেই দিয়েছি। প্রত্যক্ষ যোগাযোগ নেই এই কথা আমি আগেও বলেছি। অন্য মামলায় যোগাযোগ আছে কি না জানি না।

**শ্রীহবিবুর রহমান :** মাননীয় সদস্য শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় বলেছেন যে বিধানসভার সদস্য ২৬ তারিখে অর্থাৎ আগের দিন আমি সেখানে মিটিং করেছিলাম, এটা একেবারে অসত্য-ভুল রিপোর্ট। আমি ২৫ তারিখে অন্য জায়গায় ছিলাম ও ২৪ তারিখে গিয়েছিলাম। এই সম্পর্কে আমি বিচার বিভাগীয় তদন্ত দাবী করছি।

## পশ্চিমবঙ্গে খুনের ঘটনা

*৩৯। ( অনুমোদিত প্রশ্ন নং *৬৩। ) **শ্রীকিরণময় নন্দ ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের জুলাই মাস হইতে ১৯৭৮ সালের ৩১এ অক্টোবর পর্যন্ত পশ্চিমবঙ্গে কতগুলি খুনের ঘটনা ঘটিয়াছে ;

(খ) উক্ত ঘটনাগুলির মধ্যে কতগুলি ঘটনার সহিত কোন্ কোন্ রাজনৈতিক দল জড়িত ; এবং

(গ) তন্মধ্যে কতজন ধরা পড়িয়াছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** (ক) ঐ সময়ের মধ্যে মোট ১৩২০টি খুনের ঘটনা ঘটেছে।

(খ) ইহার মধ্যে ১২টি ঘটনার সহিত কং (আই), কংগ্রেস, সি. পি. আই. (এম) ও আর. এস. পি.-র সমর্থক বলে কথিত কিছু ব্যক্তি জড়িত বলে জানা গেছে।

(গ) মোট তিনশত পনের জন (৩১৫) জন ধরা পড়েছে।

[ 1-50—2-00 P. M. ]

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন কতগুলি কেসে এর মধ্যে চার্জ সিট গেছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** সেটা আমি এখন বলতে পারছি না, নোটিশ দিলে বলতে পারব।

**শ্রীরজনীকান্ত দোলুই ঃ** মন্ত্রী মহাশয় বললেন ১৯৭৭ সালের জুলাই মাস থেকে ১৯৭৮ সালের ৩১শে অক্টোবর পর্যন্ত এই ১৫ মাসে ১৩২০টি খুন হয়েছে। এর আগে আমার প্রশ্ন ছিল কতগুলি সংঘর্ষ, রাহাজানি, লুট, ডাকাতি হয়েছে তার উত্তর দিয়েছেন, দ্যাট মিনস এই যে ঘটনা বেড়েছে এতে কি পশ্চিমবঙ্গের আইন-শৃঙ্খলা বিপন্ন হয়নি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** না হয়নি, খুব ভাল আছে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** আপনি সংখ্যা দিলেন যে ১৩২০ জন মারা গেছে, এর মধ্যে কতগুলি রাজনৈতিক হত্যা আছে বলতে পারবেন কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** প্রশ্ন করলে বলতে পারব।

## STARRED QUESTIONS

### (to which oral answers were given)

### রাজ্য সরকারের অধীন কর্মচারীদের বদলির নীতি

*১৬১। (অনুমোদিত প্রশ্ন নং *১৩২।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** স্বরাষ্ট্র কর্মীবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের অফিসার ও কর্মচারীদের কর্মস্থল হইতে বদলির কোন সুনির্দিষ্ট নীতি আছে কি ; এবং

(খ) থাকিলে, তাহা কিভাবে কার্যকর হয়?

**শ্রীজ্যোতি বসু:** (ক) ও (খ) হ্যাঁ। সাধারণতঃ তিন বৎসর অন্তর বদলী করাই নিয়ম।

বদলীর প্রশ্ন যথাসময়ে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক বিবেচিত হয় এবং সংশ্লিষ্ট মন্ত্রীর সম্মতি ও মুখ্যমন্ত্রীর অনুমোদন লইয়া অথবা নির্ধারিত কর্তৃপক্ষের নির্দেশ অনুসারে আদেশ বাহির হয়।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস:** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি আমরা বিশেষ করে ব্লক পর্যায়ে দেখেছি যে ৮-১০ বছর ধরে অফিসাররা, সরকারী কর্মচারীরা এক জায়গায় থাকছেন, এঁদের বদলির ব্যাপারে কোন সিদ্ধান্ত গ্রহণ করা হচ্ছে কি? এই ব্যাপারে কি বিভিন্ন দপ্তরের নির্দেশ দেওয়া হয়েছে?

**শ্রীজ্যোতি বসু:** শুধু ওখানে নয়, আমাদের যেটা নজরে এসেছে কয়েক মাস ধরে এই যে সাধারণভাবে নিয়ম প্রচলিত আছে অনেক বছর ধরে এটা বদলান হয়নি। আমাদের এই ১৫ মাস পরে অনেক খবর আমাদের কাছে এসেছে ঠিক এই নিয়ম অনুযায়ী হচ্ছে না, আমরা বিভিন্ন ডিপার্টমেন্টকে বলেছি যে এই রকম একটা নিয়ম সাধারণভাবে মেনে চল, যদি কোথাও অন্য রকম কিছু করতে হয় কোন কারণ থাকলে সেটা করতে হবে। মাননীয় সদস্য যেটা বললেন সেটা শুধু ঐ দপ্তরে নয়, অন্যান্য দপ্তরেও আছে।

**শ্রীঅজয়কুমার দে:** মাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন এই হারভেষ্টিং-এর সময় কোন কোন বিশেষ জায়গার থানার ও. সি.-কে বদল করা হচ্ছে কিনা?

**শ্রীজ্যোতি বসু:** এই প্রশ্ন থেকে কি এটা উঠে?

**শ্রীসত্যরঞ্জন বাপুলি:** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন এই ট্রান্সফারের ব্যাপারে কো-অর্ডিনেশান কমিটির সঙ্গে সরকার যুক্ত আছেন কিনা বা তাঁদের পরামর্শ নিয়ে করবেন কিনা?

**শ্রীজ্যোতি বসু:** না।

### অজমৎপুর গ্রামে কৃষিজমি চাষ নিয়ে সংঘর্ষ

*১৬২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩৮।) **শ্রীরাসবিহারী পাল:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার ডেবরা ব্লকের জলিমান্দা গ্রাম পঞ্চায়েতের অধীন অজমৎপুর গ্রামে গত ২৯-৮-১৯৭৮ তারিখে কৃষিজমি চাষ নিয়ে সংঘর্ষ হয় ; এবং

(খ) সত্য হইলে,—

(১) এই ঘটনায় আক্রান্ত এবং আক্রমণকারী কাহারা,

(২) এই ঘটনায় কতজন জখম হন,

(৩) এই ব্যাপারে সরকার কোন তদন্ত করিয়াছেন কিনা, ও

(৪) করিলে, তাহার ফলাফল কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** (ক) হ্যাঁ। এরূপ একটি সংঘর্ষ হয়েছিল।

(খ) দুটি বিবদমান দলের মধ্যে এই সংঘর্ষটি হয়। একপক্ষে একজন প্রাক্তন কংগ্রেস এম. এল. এ. বহিরাগত কিছু লোক এবং কংগ্রেস (আই) ও জনতা দলের সমর্থক বলে কথিত কিছু লোক ছিল। অন্যপক্ষে ছিল সি. পি. আই. (এম) দলের সমর্থক বলে কথিত কিছু লোক যার মধ্যে অধিকাংশ ক্ষেতমজুর।

(২) মোট তেরজন লোক জখম হয়।

(৩) এবং (৪) এই ঘটনার উপর স্থানীয় থানায় দুটি মামলা দায়ের করা হয়েছে। সেগুলির তদন্ত চলছে।

**শ্রীরজনীকান্ত দোলুই ঃ** এই ঘটনায় কতজনকে এ্যারেস্ট করা হয়েছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** এখনও এখানে কাউকে এ্যারেস্ট করা হয়নি, তদন্ত চলছে এবং তদন্তের পর সিদ্ধান্ত নেওয়া হবে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** প্রায় তিন চার মাস হতে চলল আজ পর্যন্ত কোন এ্যারেষ্ট হল না কেন ?

**শ্রীজ্যোতি বসু ঃ** এখনও তদন্ত শেষ হয় নি, দুই পক্ষ তাদের নামের তালিকা দিয়েছে, দুই পক্ষের মামলা আছে সেটা দেখা হচ্ছে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** কেউ এ্যারেষ্ট হবে কিনা সেটা মন্ত্রীমহাশয় বলতে পারেন কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** তদন্ত এখনও শেষ হয়নি—কি করে বলব ?

**শ্রীপ্রদ্যোতকুমার মহান্তি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের ফাইলে এমন কোন খবর আছে যে যখন ঘটনা ঘটে সেই সময় মহকুমা শাষক এবং ও. সি. ইনচার্জ অফ পি. এস. সেখানে উপস্থিত ছিলেন ?

**শ্রীজ্যোতি বসু ঃ** না আমার কাছে এই রকম কোন খবর নাই।

**শ্রীপ্রদ্যোতকুমার মহান্তি ঃ** আপনি খোঁজ নিয়ে দেখবেন কি ? আপনি বললেন যে একজনও এ্যারেষ্ট হয়নি, অথচ আমরা জানি মহকুমা শাষক এবং ও. সি. সেখানে উপস্থিত ছিলেন অথচ একজনকেও এ্যারেস্ট করা হয়নি।

**মিঃ স্পীকার ঃ** দিস কোশ্চেন ডাজ নট এ্যারাইজ।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** এই ঘটনার মাধ্যমে একজন প্রাক্তন এম. এল. এ. কি হয়েছিলেন ?

**শ্রীজ্যোতি বসু ঃ** ফাষ্ট-এড দিয়ে ছেড়ে দেওয়া হয়েছিল।

## মুর্শিদাবাদে কানপুর-বহুতালী সড়ক নির্মাণ

*১৬৩। ( অনুমোদিত প্রশ্ন নং *৩৴১। ) **শ্রীমহঃ সোহরাব ঃ** পূর্ত বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় কানপুর-বহুতালী রাস্তাটির নির্মাণকার্য বাবত সরকার অদ্যাবধি কত টাকা খরচ করিয়াছেন ;

(খ) চলতি বৎসর ঐ রাস্তার জন্য কত টাকা খরচ করা হইবে ; এবং

(গ) কতদিনে ঐ রাস্তার কাজ সম্পূর্ণ হইবে ?

**শ্রীযতীন চক্রবর্ত্তী ঃ** (ক) সেপ্টেম্বর ( ১৯৭৮ ) পর্যন্ত ৩,৭৮,৫৫৮ টাকা।

(খ) ১৯৭৮-৭৯ সালের খরচ ১,৫০,০০০ টাকা ধরা হইয়াছে।

(গ) উপযুক্ত অর্থ বরাদ্দ পাওয়া গেলে এবং পথরেখা সংক্রান্ত আপত্তি কাটাইতে পারিলে চলতি ( ষষ্ঠ ) পরিকল্পনাকালের মধ্যে কাজ সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়।

**কড়ুই গ্রামের পার্টি অফিসে জনৈক ব্যক্তিকে আটকের ঘটনা**

*১৬৪। ( অনুমোদিত প্রশ্ন নং *৩৯৮। ) **শ্রীসামসুদ্দীন আহমেদ:** স্বরাষ্ট্র ( পুলিশ ) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার কাটোয়া থানার অন্তর্গত কড়ুই গ্রামে কোন পার্টি অফিসে এক ব্যক্তিকে জোর পূর্বক আটক রাখা হইয়াছিল ; এবং

(খ) সত্য হইলে,—

(১) যাঁহাকে আটক রাখা হয় তাঁহার নাম কি, ও

(২) যাঁহারা আটক করিয়াছিলেন তাঁহাদের বিরুদ্ধে সরকার কর্তৃক কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

**শ্রীজ্যোতি বসু:** (ক) না।

(খ) (১) ও (২) প্রশ্ন উঠে না।

**নরঘাটে হলদী নদীর উপর সেতু নির্মাণ**

*১৬৫। ( অনুমোদিত প্রশ্ন নং *৩৯২। ) **শ্রীপ্রবোধচন্দ্র সিংহ:** পূর্ত বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় নরঘাটে হলদী নদীর উপর সেতু নির্মাণের কাজ কতদূর অগ্রসর হইয়াছে ; এবং

(খ) ঐ কাজ কবে নাগাত শেষ হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীযতীন চক্রবর্তী:** (ক) এবং (খ) সংশ্লিষ্ট সেতু নির্মাণের জন্য যে কূপ প্রয়োজন তাহার খনন কার্য সমাপ্ত হইয়াছিল, কিন্তু ইতিমধ্যে দুর্ঘটনা ঘটায় সমস্ত বিষয়টি অনুসন্ধানের জন্য একটি বিশেষজ্ঞ কমিটি নিয়োগ করা হইয়াছে। আশা করা যায়, আগামী দুই বৎসরে সেতু নির্মাণের কাজ শেষ হইবে।

## STARRED QUESTIONS

**(to which answers were laid on the table)**

**মেজিয়া-শালতোড়া ( ভায়া কালিকাপুর, শালমা, বামুনভোড়, ইভুড়ি ) রাস্তা নির্মাণ**

*১৬৬। ( অনুমোদিত প্রশ্ন নং *৪০১। ) **শ্রীনবনী বাউড়ী:** পূর্ত বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার মেজিয়া হইতে শালতোড়া ( ভায়া কালিকাপুর, শালনা, বামুনতোড়, ইতুড়ি ) রাস্তা নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, কত দিনের মধ্যে ঐ রাস্তার কাজ শুরু হইবে ?

**The Minister-in-Charge of Public Works Deptt.**—

(ক) এই নামের কোন রাস্তা নির্মাণের পরিকল্পনা সরকারের আপাততঃ নাই।

(খ) প্রশ্ন উঠে না।

## গ্রামবাংলার শান্তিশৃঙ্খলা রক্ষার্থে অতিরিক্ত ফাঁড়ি প্রতিষ্ঠার পরিকল্পনা

*১৬৭। ( অনুমোদিত প্রশ্ন নং *১৪৩। ) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস**ঃ স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গ্রামবাংলায় শান্তিশৃঙ্খলা রক্ষা ও চুরি-ডাকাতি প্রতিরোধের জন্য থানার অধীন প্রতিটি গ্রাম পঞ্চায়েতে একটি করিয়া ফাঁড়ি ( আউটপোস্ট ) প্রতিষ্ঠার কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

**Minister-in-Charge of Home (Police) Deptt.**—সরকারের আপাততঃ এরূপ কোন পরিকল্পনা নেই। সরকারের কাছে এ ধরণের কোন প্রস্তাবও আসে নি।

## কাটোয়া থানার আলমপুরে জোরপূর্বক ধানকাটার অভিযোগ

*১৬৮। ( অনুমোদিত প্রশ্ন নং *৪৩৯। ) **শ্রী সামসুদ্দিন আহমেদ**ঃ স্বরাষ্ট্র ( পুলিস ) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত এক মাসের মধ্যে কাটোয়া থানার আলমপুরে জোর করিয়া ধান কাটা হইয়াছে এরূপ কোন সংবাদ সরকারের গোচরে আসিয়াছে কি ;

(খ) আসিয়া থাকিলে,—

(১) যাহাদের জমি হইতে ধান কাটা হইয়াছে তাহাদের নাম কি, ও

(২) তাহাদের জমির পরিমাণ কত ; এবং

(গ) উক্ত ব্যাপারে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**Minister-in-Charge of Home (Police) Deptt.**—(ক) হ্যাঁ। এরূপ একটি ঘটনার অভিযোগ পাওয়া গিয়েছে।

(খ) (১) শ্রীমতী শোভারাণী সাঁতরা এবং শ্রীসুকুমার পাল।

(২) মোট ১·৫৬ ডেসিমল।

(গ) এ সম্পর্কে কাটোয়া থানায় একটি মামলা রুজু করে বিষয়টির তদন্ত করা হচ্ছে।

### মুর্শিদাবাদে বৈদ্যুতিক তার চুরির জন্য বৈদ্যুতিক সঙ্কট

*১৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *২১৭।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বিভিন্ন অঞ্চলে বৈদ্যুতিক তার চুরি যাওয়ার ফলে বৈদ্যুতিক সঙ্কট দেখা যাইতেছে এরূপ কোন সংবাদ সরকারের গোচরে আসিয়াছে কি ; এবং

(খ) আসিয়া থাকিলে, ইহার প্রতিকারের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

**Minister-in-Charge of Power Deptt.**—(ক) হ্যাঁ।

(খ) পুলিশ কর্তৃপক্ষকে এই সকল চুরির ঘটনা বন্ধের জন্য তৎপর হতে বলা হয়েছে।

## ADJOURNMENT MOTION

[2-00—2-10 P.M.]

**মিঃ স্পীকার:** এখন মুলতুবী প্রস্তাব। আমি মাননীয় সদস্য সর্বশ্রী রজনীকান্ত দলুই, বলাইলালদাস মহাপাত্র, কিরণময় নন্দ, সন্দীপ দাস ও অতীশচন্দ্র সিংহ এঁদের প্রত্যেকের কাছ থেকে একটি করে মুলতুবী প্রস্তাবের নোটিশ পেয়েছি।

প্রথম নোটিশে শ্রীদলুই পশ্চিমবঙ্গের কয়েকটি জেলায় সি. পি. এম.-এর লোক কর্তৃক জোরপূর্বক বর্গা উচ্ছেদ ও ধানলুঠের অভিযোগ করে এ বিষয়ে আলোচনার জন্য মুলতুবী প্রস্তাব এনেছেন।

দ্বিতীয় নোটিশে শ্রীবলাইলাল দাস মহাপাত্র কাঁথি মহকুমায় সি. পি. এম.-এর লোক কর্তৃক জনৈক পরিবারের চাষের জমি নষ্ট ও ফসল কেটে নিয়ে যাওয়ার ঘটনার

উল্লেখ করে এই ধরণের বিশৃঙ্খলার উপর আলোচনা করতে চেয়ে মুলতুবী প্রস্তাব এনেছেন।

তৃতীয় নোটিশে শ্রীকিরণময় নন্দ গ্রামাঞ্চলে কৃষক সমিতির অনুমতি ব্যতীত ক্ষেত-মজুরদের জমিতে কাজ করতে না দেওয়া, জমি থেকে তুলে দেওয়া ইত্যাদি নানা অভিযোগ করে এবিষয়ে আলোচনার জন্য আজকের সভা মুলতুবী রাখতে চেয়েছেন।

উপরোক্ত তিনটি নোটিশের বিষয়বস্তু সাধারণ আইন শৃঙ্খলা সম্পর্কিত। এসব ক্ষেত্রে প্রচলিত আইনের ব্যবস্থা গ্রহণ করা হয়। এই বিষয় আলোচনা মুলতুবী প্রস্তাবের আওতায় আসে না।

চতুর্থ নোটিশে শ্রীসন্দীপ দাস শেঠ সুখলাল কারনানি হাসপাতালে হাউস সার্জন নিয়োগের ব্যাপারে অচলাবস্থার উপর আলোচনার জন্য মুলতুবী প্রস্তাব এনেছেন।

পঞ্চম নোটিশে শ্রীঅতীশচন্দ্র সিংহ সপ্তম অর্থ কমিশনে এবং ষষ্ঠ পঞ্চবার্ষিক যোজনায় কেন্দ্রীয় সরকারের কাছ থেকে প্রয়োজনীয় অর্থ সাহায্য আনার ব্যাপারে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের ব্যর্থতার উপর আলোচনার জন্য আজকের সভা মুলতুবী রাখতে চেয়েছেন। এই দুটি নোটিশেরই বিষয়বস্তু মুলতুবী প্রস্তাবের উপযোগী জরুরী প্রকৃতির নয়।

সুতরাং আমি উপরোক্ত সবকটি নোটিশেই আমার অসম্মতি জ্ঞাপন করছি। মাননীয় সদস্যরা তাঁদের প্রস্তাবগুলি পড়তে পারেন। শ্রীরজনী দলুই।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** স্যার, আমারটা পড়তে হবে না অফিসেরটা পড়তে হবে? এটা একবার দেখুন।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** এডিট করা যেতে পারে, কিন্তু রিরাইট করা যাবে কি?

**মিঃ স্পীকার ঃ** নিয়ম যা আছে, তাতে আপনারা নোটিশ দেবেন। ষ্টেটমেণ্ট অব ফ্যাক্টসও দেবেন, ষ্টেটমেণ্ট এডিট করে কম্পোজ করে দেওয়া হবে। আণ্ডার দি রুলস নোটিশ অব মোশন ইজ গিভেন, তার সঙ্গে আলাদা ষ্টেটমেণ্ট অব ফ্যাক্টস দেবেন। ষ্টেটমেণ্ট অব ফ্যাক্টস দিলেও সেটা পড়তে দেবার নিয়ম নয়, নিয়মে এটা লেখা আছে, তা যদি করতে হয় তো অন্য অবস্থার সৃষ্টি হবে। সেজন্য আপনি নোটিশ অব মোশন দেবেন, ষ্টেটমেণ্ট অব ফ্যাক্টসও দেবেন, নোটিশ অব মোশনটাই পড়তে দেওয়া হয়, এখানে নিয়মে তাই লেখা আছে।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** আপনি কিছুদিন পূর্বে বলেছিলেন প্রত্যেক পার্টি থেকে একজনকে ষ্টেটমেন্ট অব ফ্যাক্ট পড়তে দেওয়া হবে।

**মিঃ স্পীকার ঃ** ষ্টেটমেন্ট পড়তে দেব তো বলিনি।

**শ্রীআবদুস সাত্তার ঃ** স্যার, এটা কি হচ্ছে, হয় উনি তাঁরটা পড়বেন, না হলে তাঁর লেখাটাই কিছু বাদ দিয়ে পড়তে দিতে পারেন, কিন্তু নতুন করে জিনিস আমদানী করতে দেবেন, তাহলে তো অফিসের এ্যাডজোর্ণমেন্ট মোশন হয়ে যাবে। শ্রীরজনী দলুই মেম্বার কি তাহলে অফিসের এ্যাডজোর্ণমেন্ট মোশন পড়বেন ?

**মিঃ স্পীকার ঃ** রজনীবাবু আজকে তো পড়ুন, আমি দেখব। আপনি যদি পড়তে না চান, আমি পড়ে দিচ্ছি। আমি তো বলেছি আমি দেখব, আপনি যে অসুবিধার কথা বলছেন, সেটা আমি দেখব।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** আমারটা তাহলে এলাউ করে দিন।

**মিঃ স্পীকার ঃ** না।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** তাহলে অন প্রটেষ্ট আমি অফিসেরটা পড়ছি না।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ প্রশ্নের আলোচনা রেখেছিলাম, আলোচনার সুযোগ দিলে ভাল হত। কিন্তু আমার নোটটা বদলে আমার কাছে দেওয়া হয়েছে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** এর জন্য **Your Secretary is entirely responsible.**

[2-10—2-20 P.M.]

**শ্রীদীনেশ মজুমদার :** মিঃ স্পীকার স্যার, হাউসে আপনার সেক্রেটারিয়েট সম্বন্ধে মন্তব্য করা—এটা কি হাউসের রীতি? মাননীয় স্পীকার মহাশয়, এটা রীতি সম্মত নয়। আমরা সমস্ত আলোচনা করেছিলাম, এই সিদ্ধান্ত হয়েছে, রুলসেও আছে, আপনি যা এডিট করে দিয়েছেন, সেই এডিটেড অংশই পড়তে হবে। আপনি যেটা এডিট করে দিয়েছেন সেটাই পড়বেন মাননীয় সদস্যরা।

**মিঃ স্পীকার ঃ** শ্রীঅতীশচন্দ্র সিংহ, আপনি পড়বেন কিনা দেখুন।

**শ্রীঅতীশচন্দ্র সিংহ :** স্যার, আমি দেখছি পালটে একেবারে বদলে দেওয়া হয়েছে। আমি যা বলতে চেয়েছিলাম তা এখানে নেই।

**মিঃ স্পীকার :** বলতে যা চেয়েছিলেন তা তো থাকে না।

**শ্রীঅতীশচন্দ্র সিংহ :** স্যার, অন এ্যা পয়েন্ট অফ অর্ডার। আমি এই জিনিষটাতে কাউকে এ্যাজপারসান করার জন্য নয়, একটা গঠনমূলক প্রস্তাব রেখেছিলাম। আপনি স্যার পড়ে দেখুন। (সরকার পক্ষ হইতে:—আহাঃ) আহাঃ করছেন, দেখুন আপনারা। আপনারা কি পশ্চিমবাংলার উন্নতি চান না? কোন সদস্য যদি এইরকম মন্তব্য করেন, তাহলে অত্যন্ত দুঃখের ব্যাপার হয়। আমাদের বক্তব্য ছিল, ৭ম অর্থ কমিশনে ৬ষ্ঠ যোজনায় কি করে পশ্চিমবাংলায় কেন্দ্রীয় সরকারের কাছ থেকে বেশী টাকা আনা যায় আমি সেই ব্যাপারেই এইটা দিয়েছিলাম। সেটা আমরা চাই। সেটা খোল-নলচে পালটিয়ে যা করা হয়েছে তা পড়ার যোগ্য নয়। আমি এইজন্য এ্যাজ এ মারক ইন প্রটেষ্ট আপনার কাছে বলছি যে এটা আমি পড়ছি না।

**ডাঃ জয়নাল আবেদীন :** স্যার, I rise on a point of order. আমাদের রুলসের ৬৭(১) প্রভাইসোতে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার আপনাকে এডিট করার ক্ষমতা এতে দেওয়া হয় নি। You have no right to edit. This is number one submission. Number Two আপনি এ্যামেণ্ড করতে পারেন সেই পোরসান যদি এতে any portion of the text contains words, phrases or expressions which are argumentative, unparliamentary, ironical, controversial, irrevelent, verbose, or otherwise inappropriate, the Speaker may amend the text in his discretion and the member concerned may be allowed to read the text of the motion so amended স্যার, আমার সাবমিশান আজকে যে পোরসান আপনি বাদ দিয়েছেন, আপনার কাছে আজকে আমরা ইনড্যালজেন্স কারভ করি, We crave your indulgence. যে যে নিয়মের ভিত্তিতে আপনি বাদ দিয়েছেন, কিন্তু আপনার এ্যামেণ্ডমেন্ট যদি এই হয় যে আমাদের মূল বক্তব্য পালটে যায় তাহলে স্যার, আমরা দুঃখিত যে বোধ করি এই ডিসক্রিশান স্পীকার মহাশয়ের নেই এতে। আমাদের যদি আনপারলামেন্টারি, আইরণিক্যাল কিংবা ডিফেমটরি কিছু থাকে, আপনি নিশ্চয় বাদ দেবেন। কিন্তু সেনস পালটে যাবে যে বক্তব্য আমরা তুলতে চাইছি সেটা থাকবে না সেটা আপনি পারেন না—এইটাই আপনার কাছে আমাদের নিবেদন।

**শ্রীরজনীকান্ত দলুই:** মিঃ স্পীকার স্যার, চীফ হুইপ একটু আগে বললেন, আমরা আলোচনা করেছিলাম এবং সেখানে এই সিদ্ধান্ত হয়েছে যে আপনি এডিট করে দেবেন এবং যতটুকু এডিট করে দেবেন ততটুকু পড়বো। কিন্তু স্যার, আপনি একটু আগে বললেন, না, ওটা হবে না, নোটিশ আপনাদের লিখতে হবে। নোটিশ যেটা দেবেন তা পড়তে দেবো, ষ্টেটমেণ্ট পড়তে দেবো না। দুটো কথায় কি দাঁড়াচ্ছে, কোনটা হয়।

**মিঃ স্পীকার:** আমি বলেছি আপনাদের নিয়ম হচ্ছে এই। নিয়ম মতো যদি করেন তাহলে আপনাকে দিতে হবে নোটিশ অফ মোশান একটা, আর ষ্টেটমেণ্ট অফ ফ্যাক্টস আর একটা। পড়তে দিতে পারি আমি নোটিশটা। কিন্তু আমরা এতদিন চালু করে এসেছি যে একেবারে ওর মধ্যেই ঘটনাগুলো লেখা থাকে ও ওই ধরণের উক্তি থাকে। যেমন যেটা বাদ দেওয়া হয়েছে, আমি আপনাদের পড়ে শোনাচ্ছি—notorious red army of the C. P. I. (M) workers. এটা বাদ দেওয়া হয়েছে। সি. পি. এম. ওয়ারকার্স বলা আছে। কিন্তু নটোরিয়াস রেড আরমি কোথা থেকে এলো। আপনারা এটা বলছেন কনট্রোভারসিয়াল হলো না? According to Dr. Zainal Abedin and Sri Satter this is not argumentative and ironical because it is a statement of fact coming from them. বোধ হয় notorious red army of C. P. I. (M). এটা ওঁদের মতে এটায় থাকতে পারে।

**Shri Suniti Chattoraj:** These are facts, Sir.

**মিঃ স্পীকার:** In my opinion there is no Red Army of C. P. I. (M) workers. I have shown you how your statement contained such a controversial point. আমি বাদ দিয়েছি যা বাদ দেবার। আপনি বলছেন না এমন কিছু কনট্রোভারসিয়াল আর্গুমেনটেটিভ বাদ দেওয়া হয়নি। কিন্তু আমি তা মনে করি না।

**শ্রীঅতীশচন্দ্র সিংহ:** এ্যাডজেকটিভ বাদ দিলে আমাদের বলবার কিছু নেই, কিন্তু দেখছি ভাষাটাই বাদ দেওয়া হয়েছে।

**শ্রীসুনীতি চট্টরাজ:** স্যার, অন এ পয়েণ্ট অব অর্ডার, আপনাকে শ্রদ্ধার সঙ্গে এবং অত্যন্ত বিনয়ের সঙ্গে বলছি আপনি রেগে যাবেন না আপনি বল্লেন আইন

মাফিক চললে এ জিনিষ উঠাতে দেওয়া যায় না তাহলে কি হাউস বেআইনি মাফিক চলছে ?

**মিঃ স্পীকার ঃ** আমি সে কথা বলি নি আপনি ভুল শুনেছেন আর আপনি যে পয়েন্ট অব অর্ডার তুললেন তাতে কোন পয়েন্ট অব অর্ডার নেই।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়,

**মিঃ স্পীকার ঃ** আপনি বসুন, আপনি তো প্রতিবাদ জানিয়ে পড়েন নি।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র ঃ** স্যার, আমাকে বলতে দিন, আমার মুলতুবী প্রস্তাবটা একটু দেখুন, এতে সরকারী নীতি জড়িত। বিধানসভায় প্রায় প্রতিদিন মাননীয় সদস্যগণ সরকারের দৃষ্টি আকর্ষণ করে প্রতিকার দাবী করেছেন। কিন্তু সরকার উদ্দেশ্যমূলকভাবে নিষ্ক্রিয় রয়েছেন। বরং মুখ্যমন্ত্রীর 'আমরা ওরা ও আপনারা' নীতি প্রশাসনিক ক্ষেত্রে তীব্র প্রতিক্রিয়া সৃষ্টি করেছে এবং সি. পি. এম. দলের এক শ্রেণীর দুষ্কৃতকারীদের মধ্যে অপকর্মে উৎসাহ সৃষ্টি করেছে এবং পশ্চিমবাংলায় এতো যে ব্যাপক খুন জখমের ঘটনা তা এই সরকারী নীতির ফলে....

( গোলমাল )

**শ্রীঅশোক মিত্র ঃ** আপনি বসুন। স্যার, আমাকে কিছু বলতে এ্যালাউ করুন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে অনুরোধ করছি যে আপনি অর্থমন্ত্রীকে একটু সংযতভাবে চলতে বল্লে ভাল হয়। ভদ্রলোক নূতন এসেছেন মাত্রা ছাড়িয়ে যাচ্ছেন।

**(Noise—Several members rose to speak)**

**মিঃ স্পীকার ঃ** Order, order.

**শ্রীহরিপদ ভারতী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার দুটি প্রস্তাব আছে। আমি ক্রমাগত দেখছি যখন মুলতুবী প্রস্তাব মাননীয় সদস্যগণ তুলতে চাচ্ছেন আপনি তা তুলতে দিচ্ছেন না অবশ্য তার কোন কোন অংশ আপনি পড়তে দিচ্ছেন। কিন্তু যেটা যেভাবে এডিট করা হচ্ছে তাতে মেম্বাররা মনপুত হচ্ছেন না। আপনি নিশ্চয় পড়তে দিতে পারেন আবার নাও পারেন এবং কোন সিদ্ধান্ত দিলে আমরা সেটা মাথা পেতে নেবো। কিন্তু সঙ্গে সঙ্গে আপনি কিছু বলবার আগে মাননীয় মন্ত্রীরা

যেভাবে বলতে শুরু করেন যদি আপনার নির্দেশ তার মাধ্যমে পেতে হয় তাহলে আপনি অধ্যক্ষের কাজ করছেন না তিনি অধ্যক্ষের কাজ করছেন।

[2-20—2-30 P.M.]

**শ্রীযতীন চক্রবর্তী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এর আগের দিন আপনাকে বলেছি আপনি যেভাবে এডিট করে দেন সেটা তাদের মনঃপুত হোক বা না হোক সেই এডিটেড আশটুকুই মাননীয় সদস্যরা পড়বেন, আমরাও চিরকাল তাই করেছি। আপনার কাছে আমার অনুরোধ আপনি দেখুন, আপনার এডিটেড যেটুকু আছে তার বাহিরে যদি কিছু করে থাকেন তাহলে আপনি সমস্তটা এক্সপাঞ্জ করে দিন।

**ডাঃ জয়নাল আবেদিন :** স্যার, আপনার কাছে আমি আবেদন রেখেছিলাম যে এডিট করার ক্ষমতা আপনার নেই। আপনি এ্যামেণ্ড করতে পারেন, অংশবিশেষ বাদ দিতে পারেন, এই আবেদন রেখেছিলাম। আপনার কাছে আমার নিবেদন হল এই, আপনি যদি এমন অংশ বাদ দিয়ে দেন যাতে মূল বক্তব্যটাই পাল্টে গেল তাহলে তো এ্যাডজোর্ণমেন্ট মোসানের কোন হেতুই থাকে না—এই হল আমার সাবমিসান। আমি এই ব্যাপারে আপনার রুলিং চাইছি।

**মিঃ স্পীকার :** না, পাল্টায় না। আমি তো আপনাকে বলেছি আপনি যদি এই ব্যাপারে আলোচনা করতে চান তাহলে আপনাকে দেখিয়ে দেব যে রজনীবাবুর মূল বক্তব্য বাদ দেওয়া হয় নি। রজনীবাবুর মূল বক্তব্য রেখে দেওয়া হয়েছে। অতীশবাবুর যে বক্তব্য এই ব্যাপারে আমি তার সঙ্গে একটু আলোচনা করে দেখব। কিন্তু রজনীবাবুর মূল বক্তব্যে লেখা আছে সি. পি. এম. ওয়ার্কার্স—সেটা ঠিকই লেখা আছে, অন্য কারো কথা নেই। কিন্তু যেগুলি ইনসিনিউয়েসান সেগুলি বাদ দেওয়া হয়েছে। তিনি কতকগুলি কথা বলেছেন যেগুলির কোন অস্তিত্ব নেই, যেমন রেড আর্মি অব দি সি. পি. আই. এম —আপনাদের সুবিধার জন্য এটা আমি উদাহরণস্বরূপ দেখালাম। আমি বলেছি আপনাদের সঙ্গে আলোচনা করে দেখব।

**শ্রীযতীন চক্রবর্তী :** আপনি নিজেই বলেছেন এমন কতকগুলি শব্দ ব্যবহার করা হয়েছে যেগুলি ইনসিনিউয়েসান। সুতরাং আপনার কাছে আমি সবিনয়ে জানতে চাইছি আপনি কি এগুলি এক্সপাঞ্জ করতে বলবেন ?

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** আপনি কি স্পীকারকে ডিকটেট করছেন ?

( গোলমাল )

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** আপনি নিজেই বলেছেন কতকগুলি শব্দ ব্যবহার করেছেন যেগুলি ইনসিনিউয়েসান স্যার, আপনি নিজেই স্বীকার করেছেন এগুলি ইনসিনিউয়েসান —আপনি কি এগুলি এক্সপাঞ্জ করতে বলবেন ?

( গোলমাল )

**মিঃ স্পীকার ঃ** সেগুলি ব্যবহার হলে তবেই তো আমি এক্সপাঞ্জ করতে বলব ?

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** যেগুলি বলেছেন তার মধ্যে এই জিনিসগুলি আছে এবং রজনী দোলুই মহাশয় সব সময়েই এই জিনিস করেন।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** স্যার, উনি বলুন কেন আমাকে আক্রমণ করলেন। আমি মনে করি এতে আমার প্রিভিলেজ ক্ষুন্ন হয়েছে এবং এই ব্যাপারে আমি আপনার রুলিং চাইছি।

( তুমুল গোলমাল )

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যতীনবাবু উক্তি করলেন রজনীবাবু সব সময়েই করেন। তিনি একজন মাননীয় মন্ত্রী এবং সিনিয়ার সদস্যও বটে—তার মুখ থেকে এই রকম অবাঞ্ছিত উক্তি শুনব আশা করি নি। মাননীয় অর্থমন্ত্রী নতুন এসেছেন, ওভারটোনে তিনি একটু নাচানাচি করতে পারেন, কিন্তু মাননীয় মন্ত্রী যতীনবাবুর কাছ থেকে এই রকম অবাঞ্ছিত উক্তি শুনতে হবে আশা করি নি। আপনি বলেছেন তা সত্বেও তিনি এক্সপাঞ্জ করার কথা তুলছেন—প্লিজ টেক নোট অব ইট।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি ডাঃ জয়নাল আবেদিনকে বলেছেন এই বিষয়ে আপনার রুলিং দেবেন।

**মিঃ স্পীকার ঃ** আমি রুলিং দেব বলিনি। আমি বলেছি আপনাদের যদি কিছু গ্রিভান্স থাকে তাহলে আমি দেখব।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রশ্ন হচ্ছে আমরা যখনই কোন কিছু বলতে উঠি তখনই ওদিক থেকে একটা গণ্ডগোলের চেষ্টা হয়। আজকে

আমরা দেখলাম মাননীয় অর্থমন্ত্রী ডঃ মিত্র হঠাৎ উত্তেজিত হয়ে বলতে লাগলেন অথচ তার পিছনেই লিডার অব দি হাউস মাননীয় মুখ্যমন্ত্রী বসে আছেন চুপ করে। তিনি এত ব্যস্ত হয়ে ইন্দিরা গান্ধীকে শেষ করে এসেছেন, এখন মুখ্যমন্ত্রীকে শেষ করবেন সেটা আমরা জানি। উনি এত উত্তেজিত হয়ে উঠছেন কেন? উনি আজকে একেবারে সাচ্চা কম্যুনিষ্ট হয়েছেন দেখা যাচ্ছে।

( গোলমাল )

( ডাঃ অশোক মিত্র রোজ টু স্পীক )

( নয়েজ )

**মিঃ স্পীকার ঃ** ওঁর বলার অধিকার আছে, ওঁকে বলতে দিন, আপনারা বসুন, ওঁর পারসোন্যাল এক্সপ্লানেসানটা হয়ে যাক।

( নয়েজ )

**ডাঃ অশোক মিত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শুধু আপনার দৃষ্টি আকর্ষণ করতে চেয়েছিলাম এই ব্যাপারে যে, যে যে শব্দগুলি আপনি বাদ দিয়েছেন, যে বাক্যবন্ধনীগুলি আপনি বাদ দিয়েছেন সেগুলি জনৈক মাননীয় সদস্য প্রকারান্তরে পড়ছেন—এটা উচিত নয়, এটা অধ্যক্ষের অবমাননা। আমি এই ব্যাপারেই আপনার দৃষ্টি আকর্ষণ করেছিলাম।

( নয়েজ )

## Calling Attention to Matters of Urgent Public Importance

**অধ্যক্ষ মহাশয় ঃ** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি যথা ঃ—

১। ম্যাকীনটোস্ বার্ণ লিমিটেড-এর লক আউট—শ্রীসুনীতি চট্টরাজ।

২। পশ্চিমবঙ্গে টেলিফোন প্রশাসন অকেজো—শ্রীসুনীতি চট্টরাজ।

৩। পুলিশকে দলীয় স্বার্থে ব্যবহার করা—শ্রীসুনীতি চট্টরাজ।

৪। ফরাক্কা বাঁধ এলাকায় মাছ ধরার ব্যাপারে বাঁধ রক্ষী বাহিনীর সহিত মৎস্যজীবিদের সংঘর্ষ—শ্রীআবদুস হাসনাৎ খান।

৫। বহরমপুর ইলেকট্রিক সাপ্লাই কোম্পানীর বিদ্যুতের হার বৃদ্ধি—
শ্রীজয়ন্তকুমার বিশ্বাস।

৬। টেলিফোন ভবনে আগুন লাগা—শ্রীরজনীকান্ত দোলুই।

৭। ১৯৮২ সালের এশিয়ান গেমস কলিকাতায় অনুষ্ঠিত হউক—শ্রীরজনীকান্ত দোলুই, শ্রীবিশ্বনাথ চৌধুরী, শ্রীমনোহর তিরকী।

৮। কেন্দ্রীয় সরকারের পে এ্যাণ্ড এ্যাকাউন্টস্ অফিস কলিকাতা থেকে অন্যত্র স্থানান্তর--শ্রীরজনীকান্ত দোলুই।

৯। পরীক্ষার খাতা নেওয়ার ব্যাপারে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নির্দেশ—
শ্রীরজনীকান্ত দোলুই।

১০। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ডিপ্লোমা ইন্ সোস্যাল লেবার ওয়েলফেয়ার পরীক্ষা বাতিল—শ্রীরজনীকান্ত দোলুই, শ্রীশেখ ইমাজুদ্দিন ও শ্রীহবিবুর রহমান।

11. Views of the Minorities Commission—Shri Rajani Kanta Doloy

12. Expansion programme of Durgapore Steel Plant—
Shri Rajani Kanta Doloy.

13. Rise in price of cement—Shri Rajani Kanta Doloy.

14. Work of Second Hooghly Bridge—Shri Rajani Kanta Doloy.

15. Upto-date account of donation in Chief Minister's Relief fund—
Shri Rajani Kanta Doloy.

16. Work of doubling lines between Dum-Dum and Barasat—
Shri Rajani Kanta Doloi.

20. Bureaucration inside the C.P.I.(M) Party—Shri Rajani Kanta Doloi

21. Haryana Potato Seeds for West Bengal—Shri Rajani Kanta Doloi.

22. Sell of paddy at Rs. 55 per quintal in West Dinajpur District.
—Shri Jamini Majumder.

১৯৮২ সালে এশিয়ান গেমস কোলকাতায় অনুষ্ঠিত হোক—শ্রীরজনীকান্ত দলুই, শ্রীবিশ্বনাথ চৌধুরী, শ্রীমনোহর তিরকী যেটা এনেছেন যদিও সেটা কেন্দ্রীয় সরকারের ব্যাপার তবুও এ ব্যাপারে আমাদের রাজ্যসরকারের যদি কিছু বক্তব্য থাকে তাহলে বলতে পারেন।

[ 2-30—2-40 P.M. ]

**শ্রীযতীন চক্রবর্ত্তী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এশিয়ান গেমস-এর ব্যাপারে আমরা কেন্দ্রীয় সরকারের যিনি শিক্ষামন্ত্রী এবং ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত, তাঁর কাছে এই প্রস্তাব রেখেছিলাম যে এশিয়ান গেমস যদি ভারতবর্ষে অনুষ্ঠিত হয় তাহলে কলকাতায় সেই অনুষ্ঠান করবার জন্য আমরা যে ষ্টেডিয়াম তৈরি করেছি, সেই ষ্টেডিয়ামে সেটা সম্পূর্ণ ভাবে এবং ভাল ভাবে করতে পারবো এবং তার জন্য আমরা ২০ কোটি টাকা তাঁদের কাছে চেয়েছিলাম। ২০ কোটি টাকা যদি তাঁরা আমাদের দিতেন তাহলে আমরা বলেছিলাম যে সেই নির্দিষ্ট সময়ের আগে ষ্টেডিয়াম যেটা সল্টলেকে করবার কথা, সেটার আমরা ইতিমধ্যে কিছু কিছু কাজ শুরু করেছি, সেটা সম্পূর্ণ করে দিতে পারবো। কিছুদিন পরে যখন তিনি কলকাতায় আসেন, শিক্ষামন্ত্রী ডঃ প্রতাপচন্দ্র চন্দ, তার সঙ্গে আমি এই বিষয়ে আলাপ-আলোচনা করি। তিনি তখন আমাকে এইটুকু আশ্বাস দিয়েছিলেন যে দিল্লীতে গিয়ে তিনি এই সম্পর্কে কথাবার্তা বলে দেখবেন। তবে সঙ্গে সঙ্গে তিনি একথাও বলেছিলেন যে সেখানে ২০ কোটি টাকার প্রয়োজন নাও হতে পারে কারণ বিভিন্ন কেন্দ্রীয় মন্ত্রী সভার, কেন্দ্রীয় সরকারের যে বিভিন্ন দপ্তর আছে সেখান থেকে কিছু কিছু তারা টাকা সাহায্য করবে এবং ২/১ টি ষ্টেডিয়াম যেটা তাঁদের ওখানে আছে সেখানেও কতকগুলি খেলা তাঁরা করে নিতে পারবে। আমরা তাঁদের কাছে আবার প্রস্তাব পাঠাই যে এই ষ্টেডিয়াম আমরা সম্পূর্ণ করে দেব এবং এখানে পশ্চিমবঙ্গ সরকার দায়িত্ব নিতে রাজী আছেন যদি যে ২০ কোটি টাকা আমরা চেয়েছি সেই টাকা তাঁরা আমাদের দেন এবং আমরা চাই যে কলকাতাতেই সেটা অনুষ্ঠিত হোক। আমরা এই নজির দেখাই যে যখন এখানে বিশ্ব টেবিল টেনিস প্রতিযোগিতা হয় সেই ষ্টেডিয়াম আছে, সেখানেও কতকগুলি ইনডোর গেমস যেগুলি এশিয়ান ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়ে থাকে সেগুলি করতে পারবো। আমাদের এখানে ইডেন গার্ডেনে যে ষ্টেডিয়াম আছে সেখানেও স্পোর্টস করতে পারবো এবং মাননীয় মুখ্যমন্ত্রী নিজে সেখান থেকে এই টাকার কথা বল্লেন এবং আমাদের এখানে এশিয়ান গেমস অনুষ্ঠানের অনুমতী দেওয়া হোক—এই মর্মে সেখানে চিঠি পাঠান হয়। কিন্তু দুর্ভাগ্যের বিষয় জানিনা কেন, ২০ কোটি টাকার বেশী আজকে খরচ হচ্ছে—কিছুদিন আগে যে হিসাব বের হয় তখন দেখা গেছে যে ২০ কোটি টাকার বেশী খরচ করে দিল্লীতে সেই এশিয়ান গেমস অনুষ্ঠিত হতে চলেছে। আমরা মনে করি যে পশ্চিমবাংলার প্রতি অত্যন্ত অন্যায় করা হচ্ছে। কারণ এশিয়ান গেমস যখন ভারতবর্ষে অনুষ্ঠিত হতে চলেছে সেই সময় কলকাতাকে বাদ দিয়ে দিল্লীতে করা যেখানে পশ্চিমবাংলার এত ক্রিড়ামোদি রয়েছে।

আমরা সমস্ত বিষয়ে দায়িত্ব দিতে রাজী ছিলাম এবং সঙ্গে সঙ্গে আমরা শুধু এইটুকু চেয়েছিলাম যে ষ্টেডিয়াম আমরা ওখানে তৈরী করবো সেই ষ্টেডিয়ামের জন্য পাতিয়ালায় যেমন একটা কোচিং ক্যাম্প আছে, সেই রকমভাবে আমাদের এখানেও কিছু টাকা যেন তাঁরা প্রতি বছর অনুদান দেন যাতে পূর্বাঞ্চলের জন্য আমরা এখানে একটা কোচিং ক্যাম্প করতে পারি তাহলে সেখানে ষ্টেডিয়াম, টেণ্টস-এর জন্য সবকিছু খরচ আমরা নিজেরাই চালিয়ে নিতে পারবো। কিন্তু দুর্ভাগ্য-বশতঃ আমাদের সেই আবেদনে এখনও পর্য্যন্ত কেন্দ্রীয় সরকার এবং ডঃ প্রতাপচন্দ্র চন্দ মহাশয় কর্নপাত করেন নি। আমি চাই, আপনারা বিভিন্ন দলের নেতৃবৃন্দ, সে বিরোধী দলেরই হোক, কিম্বা সরকারী দলেরই হোক, পশ্চিমবাংলার স্বার্থে সকলে মিলিতভাবে সেই দাবী জানান।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় যতীন চক্রবর্তী মহাশয় এখানে এশিয়ান গেম্‌স এর ব্যাপারে বক্তব্য রাখলেন। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ রাখবো, মুখ্যমন্ত্রীর সঙ্গে কেন্দ্রের জনতা কংগ্রেসের সঙ্গে তাঁর তো খুব দহরম মহরম আছে, তিনি ব্যক্তিগত ভাবে এই ব্যাপারে যোগাযোগ করুন এবং ব্যবস্থা নিন যাতে এখানে এশিয়ান গেমস্‌ হয়। আমরা সাহায্য করতে প্রস্তুত আছি —মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি, তিনি এই বিষয়ে নেতৃত্ব দিন।

**শ্রীজ্যোতি বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেদিনীপুর জেলার দাঁতন ও বেলদা থানাতে সি. পি. এম. এর গণ আদালত স্থাপন সম্পর্কে বিধানসভা সদস্য শ্রীকৃষ্ণদাস রায় মহাশয়ের দৃষ্টি আকর্ষণী বিজ্ঞপ্তি প্রসঙ্গে আমি নিম্নলিখিত বিবৃতি দিতে চাই ঃ—

বেলদা বা দাঁতন থানায় সি. পি. এম-এর গণ আদালতের বিচারে চরম নির্যাতন সাধ্যাতীত আর্থিক দণ্ড দান, জোর পূর্বক রায়তি জমি রেজিষ্ট্রি করিয়ে নেওয়া, দৈহিক শাস্তিদান, প্রভৃতি নিত্য নৈমিত্তিক ঘটনা হয়ে দাঁড়িয়েছে বলে যে অভিযোগ করা হয়েছে সে রকম কোন খবর সরকারের কাছে নেই। অবশ্য একটি ঘটনার কথা জানা গেছে। দাঁতন থানায় শালিকোটা গ্রামের কংগ্রেস (আই) এবং সি. পি. আই. এম. সমর্থকদের মধ্যে নানা কারণে বিরোধ রয়েছে। স্থানীয় কংগ্রেস আই নেতা শ্রীনিত্যানন্দ প্রধানের জমি সংক্রান্ত নানা কারচুপির প্রতিবাদে স্থানীয় সি. পি. আই. এম সমর্থকরা ৪/১১/৭৮ তারিখে একটি বিক্ষোভ মিছিল বার করেন। তারা শ্রী প্রধানের বাড়ীর সামনে আসে। ঐ সময় নিত্যানন্দ বাবু বাড়ি ছিলেন না। তার দুই ছেলে এবং

কংগ্রেস আই এর কিছু লোক তার বাড়ীতে উপস্থিত ছিল। সি. পি. আই: এম সমর্থকরা অভিযোগ করে যে নিত্যানন্দ বাবুর লোকেরা তাদের মিছিল আক্রমণ করেছে। মিছিলকারীরা দাবী করে যে সমস্ত বিষয়ে সালিশী আলোচনা করতে হবে। নিত্যানন্দ বাবুদের অভিযোগ যে তাদের পক্ষের লোকেদের জোর করে আলোচনা স্থলে নিয়ে যাওয়া হয়। ইতিমধ্যে পুলিশ নিত্যানন্দ বাবুর কাছ থেকে খবর পেয়ে ঘটনাস্থলে উপস্থিত হয়। এবং উভয় পক্ষের অভিযোগ এবং পাল্টা অভিযোগের ভিত্তিতে তুটি পৃথক মামলা রুজু করে। এখনও পর্য্যন্ত এই ঘটনায় কোন গ্রেপ্তার হয়নি। তবে শান্তি রক্ষার জন্য পুলিশ টহলের ব্যবস্থা হয়েছে। পুলিশ কেস তুটির তদন্ত হচ্ছে। পরিস্থিতি শান্ত। পরবর্তী কালে জমি সংক্রান্ত প্রশ্নটি মীমাংসার জন্য উভয় পক্ষের মধ্যে বৈঠক হয়েছে বলে জানা গেছে।

[ 2-40 – 2-50 P. M. ]

**শ্রীশিবেন্দ্রনারায়ণ চৌধুরী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১লা ডিসেম্বর বেলা প্রায় ১০ টার সময় পশ্চিমদিনাজপুর জেলার রায়গঞ্জ থেকে প্রায় ১৩ কিলোমিটার দূরে "নাগর সেতু" ও "গান্ধার সেতু" মধ্যবর্তী স্থানে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার একটি বাস ভয়াবহ তুর্ঘটনার সম্মুখীন হয়। কুচবিহারগামী এই বাসটির সঙ্গে বিপরীতমুখী একটি চলন্ত ট্রাকের মুখোমুখি সংঘর্ষই এই মর্মান্তিক তুর্ঘনার কারণ। তিন ব্যক্তি ঘটনাস্থলেই প্রাণ হারান এবং বাসের চালক ও কণ্ডাক্টর সহ তেইশ ব্যক্তি আহত হন। তুর্ঘটনার সঙ্গে সঙ্গেই উদ্ধার ও ত্রাণ কার্য্য শুরু হয়। বেলা প্রায় সাড়ে দশটায় শিলিগুড়ি-গামী মালদহ শিলিগুড়ি এক্সপ্রেস সার্ভিসের একটি বাস ঘটনাস্থলে পৌঁছে আহত ব্যক্তিদের উদ্ধার করে রায়গঞ্জ হাসপাতালে নিয়ে যায়। হাসপাতালে যাঁদের ভর্তি করা হয় তাঁদের মধ্যে তিনজন কয়েক ঘণ্টার মধ্যে শেষ নিশ্বাস ত্যাগ করেন। আহত ব্যক্তিগণের জন্য উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ কর্তৃপক্ষ বিশেষ খাদ্যদ্রব্য, ঔষধ, কম্বল প্রভৃতির ব্যবস্থা করেছেন। এখন পর্য্যন্ত যা রিপোর্ট পাওয়া গেছে তাতে মনে হয়, তুজন আহত ব্যক্তির অবস্থা গুরুতর।

(২) এই মর্মান্তিক তুর্ঘটনার সংবাদ পাওয়ার সঙ্গে সঙ্গে আমি ঘটনাস্থল অভিমুখে রওনা হই। হাসপাতালে আহত ব্যক্তিগণকে দেখতে যাই এবং ঘটনাস্থল নিজে পরিদর্শন করি। সংশ্লিষ্ট সকলকে আমি নির্দেশ দিয়েছি যেন আহত ব্যক্তিগণের প্রতি সবিশেষ যত্ন নেওয়া হয়। নিহত ব্যক্তিগণের আত্মীয় স্বজনের যে ক্ষতি হয়েছে তা অপূরণীয় এবং অর্থ সাহায্যে তা পূরণ করা অসাধ্য। তবুও প্রতি নিহত ব্যক্তির পরিবারকে এক হাজার টাকা অনুদান প্রতিক হিসাবে মঞ্জুর করা হবে, আমি এই ঘোষণা করেছি।

(৩) ঘটনাটি নিয়ে তদন্ত শুরু হয়েছে এবং এখনো চলছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি এই সভাকে জানাতে চাই, এই দুর্ঘটার জন্য যাঁরাই দায়ী থাকুন তাঁদের সমুচিত শাস্তি বিধানের ব্যবস্থা করা হবে। আর ভবিষ্যতে যাতে এরূপ দুর্ঘটনা সংগঠিত হবার সম্ভাবনা দূরীভূত হয়, সেদিকে লক্ষ্য রেখে তদন্তের ফলাফলের ভিত্তিতে প্রয়োজনীয় সর্বপ্রকার ব্যবস্থা গ্রহণ করা হবে।

এই মর্মান্তিক দুর্ঘটনার ফলে যে সব পরিবার তাঁদের স্বজন বিয়োগে আজ শোকাভিভূত তাঁদের প্রতি আমার আন্তরিক গভীর সহানুভূতি জানাই। যাঁরা দুর্ঘটনার কবলে আহত হয়েছেন তাঁদের এবং তাঁদের আত্মীয়স্বজনদের প্রতি জ্ঞাপন করছি আমার আন্তরিক সমবেদনা ও সহানুভূতি।

## LAYING OF REPORTS

**Presentation of the Report of the Committee on Estimates. 1977-79**

**Shri Rabin Mukherjee** : Sir, I beg to present the Twenty-first Report the Committee on Estimates, 1977-79,

## MENTION CASES

**শ্রীকমল সরকার** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনস্বার্থের একটি অত্যন্ত জরুরী বিষয়ের প্রতি আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভা, বিধানসভা এবং জনসাধারণের দৃষ্টি আকর্ষণ করছি।

স্যার, আপনি হয়ত ইতি-মধ্যেই শুনতে পেয়েছেন যে কয়েকটি বড় বড় শিল্প চটকল, ইঞ্জিনিয়ারিং সূতাকল এবং মুদ্রণ শিল্পের শ্রমিকরা ধর্মঘটের দিকে এগিয়ে যাচ্ছে এবং এতে প্রায় ৭/৮ লক্ষ শ্রমিক জড়িয়ে পড়বে। আমাদের সরকারের পক্ষ থেকে, পশ্চিমবঙ্গ সরকার এবং কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে এ-সম্পর্কে বার বার বলা হয়েছিল যে, দাবীগুলি যখন ন্যায্য তখন এগুলির মীমাংসা করা হোক। যখন কংগ্রেসী রাজত্ব চলছিল তখন থেকেই তারা এই দাবী গুলি করে আসছে, তাদের কাজের বোঝা ইত্যাদি বেড়েছে, সে-সম্পর্কে এবং বেতন বৃদ্ধি ইত্যাদি মিলিয়ে তাদের ১০ দফা দাবী রয়েছে। এই সমস্ত নিয়ে মীমাংসা করার জন্য মালিকদের বার বার বলা হয়েছে। কিন্তু মীমাংসা এখনো পর্যন্ত হয়নি। সেই জন্য আমি আপনার মাধ্যমে জানাচ্ছি যে, বিশেষ করে তিনটি শিল্প চট শিল্প, ইঞ্জিনিয়ারিং শিল্প এবং মুদ্রণ শিল্পের শ্রমিকরা ধর্মঘটের তারিখ ঘোষণা করে দিয়েছে। এই অবস্থায় পশ্চিমবাংলার জনসাধারণের একটা বড় অংশ এতে জড়িয়ে পড়বে। ৫ই জানুয়ারী, ১২ জানুয়ারী এবং ১৩ই জানুয়ারী এই তিনটি শিল্পে ধর্মঘট হতে চলেছে। সুতরাং আমি আপনার মাধ্যমে

সরকারের কাছে অনুরোধ করছি যে, ধর্মঘটের আগেই দাবীগুলির মীমাংসা করার জন্য মালিক পক্ষের উপর যথেষ্ট চাপ সৃষ্টি করা হোক। তা নাহলে এই ধর্মঘট অনিবার্য হবে।

**শ্রীআব্দুস সাত্তার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ জরুরী একটি নির্দিষ্ট বিষয় আপনার মাধ্যমে মাননীয় বিভাগের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বর্ত্তমান বামফ্রন্ট সরকার গত বৎসর ক্ষমতার আসার পর আমি এই বিধানসভায় বলেছিলাম যে বর্ত্তমান সরকার পশ্চিমবাংলার বিভিন্ন জেলায় যে সমস্ত পাবলিক প্রসিকিউটর নিযুক্ত করেছেন সেই সমস্ত এ্যাপয়েন্টমেন্টগুলি কোর্টের ফৌজদারী কার্য-বিধি আইনের ২৪ ধারায় ৩ ও ৪ উপধারা মতে বে-আইনী। গত ৬-১২-৭৮ তারিখে ২৪ পরগনা জেলার এ্যাডিসন্যাল সেসান জজ শ্রী এ. পি. ভট্টাচার্জি ৫ (৭)। ৭৮ নং সেসান মোকদ্দমায় আসামী পক্ষের এ্যাডভোকেট আপত্তি তোলেন যে, এই মোকর্দ্দমা পরিচালনার জন্য পি. পি. যাহাকে নিযুক্ত করেছেন তিনি আইনতঃ মোকদ্দমা পরিচালনা করতে পারেন না, কারণ ২৪ পরগনা জেলার পাবলিক প্রসিকিউটর হিসাবে শ্রীঅসিত রঞ্জন গাঙ্গুলীকে পশ্চিমবঙ্গ সরকার যে এ্যাপয়েন্টমেন্ট দিয়েছেন তাহা কোর্টের ফৌজদারী বিধি আইনে ২৪ ধারার ৩ ও ৪ উপধারা মতে বে-আইনি। মাননীয় বিচারপতি উভয় পক্ষের বক্তব্য শোনার পর গত ৬-১২-৭৮ তারিখে এই রায় দিয়াছেন —শ্রীগাঙ্গুলীকে পাবলিক প্রসিকিউটর হিসাবে যে এ্যাপয়েন্টমেন্ট পশ্চিমবঙ্গ সরকার দিয়াছেন তাহা অসিদ্ধ এবং আইন মোতাবেক নহে। এই রায় থেকে এটা প্রমাণিত হ'লো যে মাননীয় বিচার বিভাগের মন্ত্রী মহাশয় পশ্চিমবাংলার বিভিন্ন জেলায় যে সমস্ত পি. পি. এর এ্যাপয়েন্টমেন্ট দিয়াছেন তাহা সমস্ত বে-আইনী এবং আইন মোতাবেক নহে। সুতরাং বিভিন্ন জেলার পাবলিক প্রসিকিউটরস এবং তাহাদের দ্বারা নিযুক্ত ব্যক্তিগন সেসান জজ আদালতে যে সমস্ত মোকর্দ্দমা পি. পি. হিসাবে পরিচালনা করছেন তাহা বে-আইনী ও অশিদ্ধ। মাননীয় বিচার বিভাগের মন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ জানাচ্ছি যে, তিনি ভুল সংশোধন করে নিয়ে আইন মোতাবেক পি. পি. নিযুক্ত করুন এবং তিনি যেন আইনের মর্য্যাদা দেন ও বিচার বিভাগের যেন অবিচার না হয়।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী ও স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১।১২।৭৮ তারিখে মাননীর সদস্য শ্রীসন্দীপ দাস মহাশয়ের তারকা চিহ্নিত ১০৭ নং প্রশ্নের ও মাননীয় অন্যান্য সদস্যগণের অতিরিক্ত প্রশ্নের জবাবে মাননীয় মুখ্যমন্ত্রী ও স্বরাষ্ট্র মন্ত্রী যে জবাব দিয়েছেন তা অত্যন্ত বিভ্রান্তিকর এবং অসত্য। মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর নিকট প্রেরিত

সরকারী রিপোর্ট-এর উপর নির্ভর করে যে জবাব দিয়েছেন তা সি. পি. আই (এম) দলের চাপে, দলের সেই দুষ্কৃতকারী অবাঞ্ছিত ব্যক্তিকে রক্ষার জন্য এই অপচেষ্টা করা হয়েছে এবং সাজানো রিপোর্ট প্রস্তুত করা হয়েছে। এই রিপোর্ট সম্পূর্ণ মিথ্যা, জনস্বার্থ বিরোধী এবং দলবাজির একটি নিকৃষ্টতম দৃষ্টান্ত। আমি সরেজমীনে তদন্ত করে মাননীয় মুখ্যমন্ত্রীকে সমস্ত ঘটনা ৩/১০/৭৮ তারিখে পত্রে জানিয়েছি। দীর্ঘদিনের মধ্যে কোন জবাব পাই নাই। পুনরায় আমি ১৮/১১/৭৮ তারিখে এই বিষয়ে বিধানসভায় উল্লেখ করেছি কিন্তু মুখ্যমন্ত্রী মহাশয় আমাকে জবাব দেন নাই। প্রকৃত ঘটনা গত বিধানসভার নির্বাচনে সি, পি আই ( এম ) দলের মনোনীত প্রার্থী রোহিনী করন নিজেকে তাঁর দলের একজন প্রবল শক্তিশালী হোমড়া-চোমড়া ব্যক্তি মনে করেন এবং তিনি ও তার সঙ্গীদের উপদ্রবে সরকাবী অফিস ও জনসাধারণ বিব্রত। সেখানে গ্রাম-পঞ্চায়েতের প্রধান এবং উপ-প্রধানের কোন দায়িত্ব ছিল না, পুলিশেরও কোন দায়িত্ব ছিল না। সেইজন্য প্রতিকার করা হোক। মাননীয় মুখ্যমন্ত্রী এই বিষয়ে তদন্ত করুন, প্রকৃত ঘটনা চেপে না দিয়ে আদালতের মাধ্যমে যাতে বিচার হয় স্বাধীনভাবে তার সুযোগ দিন।

[ 2-50--3-00 P. M. ]

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সমবায় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। গত বছর আমোদপুর মিল এবং পলাশী চিনির মিলে আখের সরকারী রেট ছিল কুইন্টাল প্রতি সাড়ে বার টাকা, কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় এ বছর দর হচ্ছেকু ইন্টাল প্রতি ১০.৫৯ টাকা দেওয়া হয়েছে। গত বছরের তুলনায় সার, বীজের দাম বেড়েছে বই কমেনি, তাহলেই এই ধরণের কম দাম যদি দেওয়া হয় তাহলে গরীব সাধারণ আখ চাষীরা চাষ করতে একদম উৎসাহ পাবেনা বা পাচ্ছে না। কাজেই আমি সমবায় বিভাগের মন্ত্রী মহাশয় এই বছরের বন্যা দুর্গত প্রান্তিক ও ক্ষুদ্র আখ চাষীদের আখের দাম একটু বাড়িয়ে দেবার জন্য অনুরোধ করছি।

**শ্রীঅতীশচন্দ্র সিনহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যন্ত্রণা বলে যদি কোন জিনিষ থাকে তো তা হচ্ছে কলিকাতার টেলিফোন। গত কিছুদিন থেকে অমৃত বাজার পত্রিকায় শশধর ভট্টাচার্য্য নামে এক ভদ্রলোক ধারাবাহিক ভাবে লিখছেন এ সম্বন্ধে। আমিও একটা উদাহরণ দিচ্ছি, গত মন্ত্রী সভার সময়ে আমার বাড়ীতে একটি টেলিফোন ছিল যার নম্বর ছিল ৪৭০৭৩৫। তারপর মন্ত্রীসভার বদল হলে

আমি সেটি ফেরত দিয়ে দিই, তার রসিদও আমার কাছে আছে, তথাপি আমার কাছে প্রতি মাসেই বিল আসে এবং আমিও সেটি যথারীতি রাইটার্স বিল্ডিংয়ে পাঠিয়ে দিই, এ সম্বন্ধে চিঠি দিয়েও কোন সুবিধা হয়নি বিল আমার কাছেই আসছে, যদিও এখন আমার সেই টেলিফোন নেই। তারপর ফোনে লাইন পাওয়া যায় না, এক্সচেঞ্জ ১৯৯ ও পাওয়া যায় না। যদিও এটা কেন্দ্রীয় সরকারের ব্যাপার তবু সেই দপ্তরে যে মন্ত্রী মহাশয় আছেন আপনার মাধ্যমে তাঁর কাছে এই গুরুত্বপূর্ণ সাবজেক্টটি তুলে ধরছি জনসাধারণের স্বার্থে। ডাক্তারদের ফোন করতে গেলেও লাইন পাওয়া যায় না। তাই বলছি এটি একটু গুরুত্ব সহকারে বিবেচনা করে এই যন্ত্রণার হাত থেকে আপনি মানুষকে উদ্ধার করুন।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** স্যার এই সিরিয়াস টেলিগ্রামটা এইমাত্র পেলাম…

Headmistress, girls Bidyamandir : anti-social elements organised under the local CPI (M) leadership in Habibpur under P.S. Maldah started looting threatening people committing serious row molesting women. Peaceloving people compelled to abandon homestead. Police action wanted but no action on political pressure. এটা আপনাকে দিলাম।

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** মিঃ স্পীকার স্যার, আমার একটা মেনশেন ছিল যেটা আমি আপনার কাছে বলতে চেষ্টা করছি? আমরা এখানে কিছুই বলতে পারিনা, কিছু সদস্য আছেন যাঁরা এই হাউসের নিয়ম কানুন একবারেই মানেন না। যখন তখন উঠে দাঁড়িয়ে বলতে বা পড়তে সুরু করবেন। বুড়ো হলেই মাতব্বর হওয়া যায় না। **So I Submit** কয়েকজন সদস্য সর্বদা বিধানসভার প্রসিডিংস বা প্রসিডিওরের ব্যাপারে বাঁধা দেন। বিরোধী সদস্য আমরাও একদিন ছিলাম। আমাদেরও অভিজ্ঞতা আছে। একজন সদস্য সমস্ত সময়টা নষ্ট করে দেবেন। আমাদের গুরুত্বপূর্ণ কিছু বিষয় থাকলেও আমরা বলতে পারব না? হাউসের কণ্ডাক্ট অফ বিজনেস একেবারে মনোপলাইজ করে নিচ্ছেন। আপনি এগুলির প্রতি দৃষ্টি দিন।

( গোলমাল )

উনি কালকে দাঁড়িয়ে টেষ্ট টিউব বেবি সম্বন্ধে একটা বক্তব্য বললেন—জ্ঞান-বিজ্ঞানের সমস্ত নিয়মের বাইরে বললেন—এই সমস্ত কথাও আমাদের শুনতে হবে। আমি মনে করি এতে হাউসের অবমাননা করা হয়েছে।

**Legislation**

The West Bengal Gambling and Prize Competitions (Amendment) Bill 1978

**Shri Jyoti Basu :** Sir, I beg to introduce the West Bengal Gambling and Prize Competitions (Amendment) Bill 1978

( Secretary then read the title of the Bill )

**Shri Jyoti Basu :** Sir, I beg to move that the West Bengal Gambling and Prize Competitions (Amendment) Bill, 1978, be taken into consideration.

মাননীয় স্পীকার মহাশয়, আমি প্রস্তাব করছি পশ্চিম বঙ্গ জুয়াখেলা ও পুরস্কার প্রতিযোগিতা ( সংশোধন ) বিধেয়ক, ১৯৭৮ এই বিলটি বিবেচনা করে দেখা হোক। এই সম্বন্ধে আমি সামান্য দু একটা কথা বলতে চাই। আমাদের সকলের জানা আছে বেশ কয়েক বছর ধরে সহর ও অন্যান্য জায়গায় নানান ধরনের জুয়া খেলা বিশেষ করে সাট্টা খেলার প্রবনতা অনেক বেড়ে গেছে। আমরা এই অবস্থার কিছু পরিবর্ত্তন করতে চাই। এটা শুধু আইন করলে হবে না এর সঙ্গে অন্য কাজ আমাদের করতে হবে।

[ 3-00—3-35 P.M. ]

এ বিষয়ে কোন সন্দেহ নেই যে সাট্টা বা জুয়া যারা খেলে এখন যে আইন আছে তাতে তাদের বিশেষ কোন সাজা হবে না। অনেক আগেই এর পরিবর্তন করার কথা ছিলো কিন্তু হয়নি। আমরা দেখছি যারা বিত্তশালী উপরের দিকে আছে তারাই যে কেবল জুয়া খেলে তা নয়। আমাদের ভয়ের কারন হচ্ছে - এবং আমরাও এটা দেখতে পাচ্ছি সাধারণ মানুষের মধ্যে তলার দিকেও এটা ছড়িয়ে যাচ্ছে। কিন্তু বিপদ হচ্ছে এর সঙ্গে যারা জড়িত তারা সাট্টা জুয়া ছাড়াও অনেক রকম অসামাজিক কাজে লিপ্ত আছে যারজন্য আইন শৃঙ্খলা ব্যাহত হয়। এই সব নিয়ে নানান গোষ্ঠী গড়ে উঠেছে যাদের মধ্যে মারামারি হয়। এর জন্যে অনেক মানুষ আমাদের কাছে এসে বলেন যে এলাকায় এলাকায় ঘুরি যদি এ সব বন্ধ করে দেওয়া না যায় তাহলে তাদের জীবন অতিষ্ঠ হয়ে যাচ্ছে। সেজন্য আমরা এটার পদক্ষেপ নিচ্ছি এবং আইনের সংশোধন করছি। খুব সামান্য সংশোধন করছি যাতে শাস্তির ব্যবস্থাগুলো একটু

বেশী হয়। ফাইন বা জেল যাই হোক সেটা আমরা বেশী করে ধরেছি। কিন্তু আমি মনে করি আইন সংশোধনের সঙ্গে সঙ্গে আরো ছুটো দিক আছে—একটা হচ্ছে প্রশাসন ও পুলিস এবং সঙ্গে সঙ্গে আর একটা হচ্ছে সাধারণ মানুষের ভূমিকা। এটা যদি এক সঙ্গে না দেখি এবং কাজের ব্যবস্থা না করি তাহলে কার্য্যকরী কিছু হবে না বলে আমরা মনে করি। সুতরাং এই তিনটা খুবই দরকার আছে। যাতে আরো বেশী সাজা হতে পারে তাহলে তাদের মধ্যে খানিকটা ভয়ও হতে পারে। কিন্তু এর সঙ্গে সঙ্গে আমাদের একই সঙ্গে এটা করতে হবে। পুলিস প্রশাসনের ভূমিকা খুব প্রসংশনীয় নয়। সেইজন্য আমরা বলছি যে, সঙ্গে সঙ্গে ৬/৯ মাস অন্তর এর একটা পর্য্যালোচনা করতে হবে এবং কতটা বেড়েছে কমেছে তার একটা রিপোর্ট নিতে হবে। ঐ এলাকার মানুষ এবং জন প্রতিনিধিদের কাছ থেকে। আমরা জানি সমস্ত ঘটনা রেকর্ডেড হয় না। সেজন্য এই সব নিয়ে একটা পারস্থ করা দরকার, না হলে তাদের শায়েস্তা করা যাবে না। আমরা মনে করি সাধারণ মানুষ এর বিরুদ্ধে, কারণ তাদের জীবন অতিষ্ঠ হয়ে যাচ্ছে। অনেক যুবককে তাদের বেকারত্বের সুযোগ নিয়ে টেনে নেওয়া হয় এর মধ্যে। সেইজন্য জনসাধারণের যারা প্রতিনিধি আছেন বিভিন্ন রকম সংগঠন আছে তাঁরা এদিকে দৃষ্টি দেবেন এবং পাড়ায়, পাড়ায়, এর বিরুদ্ধে প্রচার করবেন যাতে তারা এত সাহসিকতার সঙ্গে কাজ না করতে পারে। এই সাট্টা শুধু পশ্চিম বাংলায় নয়—আগে এ সবের নামই আমরা শুনিনি—বোম্বে এবং অন্যান্য জায়গাও এই সব শুনি এবং এগুলি খুবই ওয়েল অরগানাইজড বলে মনে হয়েছে। সরকারের বাইরে থাকতে সেটা আমরা পেয়েছি এবং ভেতরে এসেও পেয়েছি। অনেকে বলেন এদের পিছনে কিছু বিত্তশালী মানুষ আছেন যাঁদের ধরাছোঁয়া যায় না। অনেক সময় এদের ধরা হয়, বিচার হয়, সাজা দেওয়া হয়, ১/৪ বছর জেল খাটে এরা, কিন্তু এদের পিছনে যারা আছে তাদের দিকে নজর দিতে হবে, তাদের খুঁজে বের করার ব্যবস্থা করতে হবে। সেজন্য জনসাধারণ, সরকার, প্রশাসন, পুলিশ, সকলকে একযোগে কাজ করবার প্রচেষ্টা করতে হবে আমি এইটুকু আপনাদের কাছে বলতে পারি। আমি আশা করব আমার এই বিধেয়কটি পূর্ণভাবে আপনারা সমর্থন করবেন।

( At this stage the House was adjourned till 3-35 P.M. )

[ 3-35—3-45 P. M. ]

**শ্রীবিনয় ব্যানার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই বিল সমর্থন করে ছু'একটা কথা বলব। মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে আমি একমত যে আইন প্রণয়ন করে

কিছু করা যাবে না। ১৯৫৭ সালে যখন এই গ্যামব্লিং এ্যাক্ট পাশ করা হয় তখন যে বিল আনা হয়েছিল সেই বিলের বিরুদ্ধে অপোজিসান বেঞ্চ থেকে বলা হয়েছিল যদি কঠোর আইনের ব্যবস্থা হয় তাহলে এই গ্যাম্বলিং হয়ত বন্ধ হয়ে যাবে। কিন্তু তা হয়নি। ১৯৫৭ সালের আইনে যদিও খুব কঠোর ব্যবস্থা নেওয়া ছিল না তবুও সেই আইনে জেল এবং ফাইনের উভয়ের ব্যবস্থা ছিল। কিন্তু তা সত্বেও ১ পার্সেন্ট গ্যাম্বলিং আজ পর্যন্ত কমেনি, আমার মনে হয় সেন্ট পার্সেন্ট বেড়ে গেছে। ১৯৫৭ সালে যখন আইন পাশ করা হয় সেই সময়ে হয়ত ৩/৪ হাজার কি ৪/৫ হাজার লোক গ্যাম্বলিং-এর সঙ্গে যুক্ত ছিল, কিন্তু আজকে শুধু সাট্টা গ্যাম্বলিং-এ প্রায় ৩০ হাজার প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে এখানে জড়িত আছে। গ্যাম্বলিং যে কত রকমের আছে তার হিসাব কেউ করতে পারবে না। ফাটকা আছে, হট্কা আছে, সাট্টা, ফারি আছে, ইল্লিগ্যাল বুক কিপিং আছে, আরো কত রকমের নাম আছে সেগুলি বলতে গেলে মহাভারত হয়ে যাবে। আবার বড়বাজারে কোন বাড়ীর বউ-এর ছেলে-মেয়ে হবে তার উপর বেট করা হয়, আবার তার ছেলে মেয়ের যদি সম্ভাবনা দেখা যায় তাহলে ছেলে হবে, না, মেয়ে হবে তার উপর বেটিং হবে। ওয়েদারের উপর বেটিং ফোরকাস্ট হয়, স্পোর্টসের উপর বেটিং হয় যদি এই বেটিং সম্বন্ধে লেখা যায় তাহলে বিরাট একটা কম্পাইলেশান হয়ে যাবে। সেজন্য এদের আইন করে কিছু করা সম্ভব একথা আমি বিশ্বাস করি না। ডেটারেন্ট পানিসমেন্টের কথা বলা হয়েছে সে সম্বন্ধে যদি আমাদের বিবেচনা করতে হয় তাহলে প্রথমে বিবেচনা করতে হবে যে কারা এই সাট্টা পরিচালনা করেন। রাস্তাঘাটে, ছোটখাট তারা নয়, যারা সাট্টা খেলে তারা কারা, কোথায় সাট্টা খেলে এবং কিভাবে হয় এবং তাদের দৈনিক রোজগার কত এগুলি বিবেচনা করতে হবে।

আপনারা কি জানেন তাদের দৈনিক রোজগার কত এবং তাদের ধরবার জন্য কাদের নিযুক্ত করা হয়? এই সাট্টা ব্যারন-রা অত্যন্ত বিত্তশালী, তারা বাইরের জগতের সঙ্গে সুপরিচিত এবং তারা বেশ প্রতিষ্ঠা লাভ করেছে। তাদের সঙ্গে বহু রাজনৈতিক দলের নেতারা রয়েছেন এবং লালবাজার, ডি ডি ডিপার্টমেন্ট থেকে আরম্ভ করে এমন কোন জায়গা নেই যেখানে তাদের এজেন্ট নেই। আমি এই যে সাট্টাখেলা হয় তার প্রতি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি বিভিন্ন প্রাইভেট হাউসে এই সাট্টা খেলা হয় এবং সেখানে নানা রকম সাংকেতিক চিহ্ন ব্যবহার করা হয়। রাত্রে বিভিন্ন ধরনের আলো জ্বালিয়ে রাখা হয় এবং লালবাজার থেকে যখন এই সাট্টা ধরতে যাওয়া হয় তার আগেই তাদের খবর দিয়ে দেওয়া হয়। তাদের নানা রকম সাংকেতিক চিহ্নের ব্যবস্থা

রয়েছে তার ফলে তারা কাগজপত্র সরিয়ে ফেলতে পারে। এই ধরনের একটা অদ্ভুত পরিস্থিতি চলছে। আর একটা জায়গায় এই খেলা হয় যেখানে কেউ সন্দেহ প্রকাশ করতে পারে না। যেমন কোলকাতা হাইকোর্টে যে সমস্ত রেষ্টুর‍্যান্ট আছে সেখানে সাট্টা খেলা হয়, রাইটার্স বিল্ডিংস, কালেক্টর অফিস, বিভিন্ন কোর্ট এবং এমন কি লালবাজার লক আপে সাট্টা খেলা হয়। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি হয়ত কিছু কিছু খবর রাখেন কারণ আপনি অনেক লোককে কোলকাতায় জানেন। তারপর, আপনারা যদি এদের ডেইলি ইনকাম কত তা শোনেন তাহলে অবাক হয়ে যাবেন। খুব কম করে হলেও এদের ডেইলি ইনকাম হচ্ছে ২০ হাজার থেকে ৪০ হাজার টাকা। এদের হাতে পুলিশ, এদের হাতে গুণ্ডা এবং এই সাট্টা ব্যারন-রা শুধু পুলিশকে স্যাটিসফাই করে তা নয়, যাঁরা সৎ অফিসার রয়েছেন তাঁদের কার কি হবি আছে সেটা পূরণ করে কিভাবে তাঁদের স্যাটিসফাই করা যায় তার চেষ্টা করে। ধরুন, কোন ডেপুটি কমিশনারের মাছ ধরার শখ আছে, এঁরা সেই শখ পূরণ করার ব্যবস্থা করে। আমি একজন সাট্টা ব্যারনের কথা জানি যাকে লালবাজারে লকআপে নিয়ে যাওয়া হয়েছিল। অবশ্য এঁরা কদাচিত এ্যারেষ্ট হয় কারণ তারা আগে থেকেই খবর পেয়ে যায় এবং তার ফলে এ্যারেষ্ট হয় না। এদের মাইনে করা লোক আছে যারা সাট্টা ব্যারনের ভূমিকা পালন করে। আমি একটা আপনাদের কাছে বলছি এই সাট্টা ব্যারনের ব্যাপারে। একবার দুজন ডেপুটি কমিশনারের মধ্যে ঝগড়া হল এবং তার শিকার হল একজন সাট্টা ব্যারন। তাকে এ্যারেষ্ট করে লকআপে রাখা হল। কিন্তু পরে দেখা গেল তাকে ভাল খাওয়া দাওয়া দিচ্ছে এবং রাত্রে লকআপ থেকে বার করে নিয়ে এসে ডানলোপিলো গদিতে শোয়ান হল।

[ 3-45—3-55 P. M. ]

এই রকম একটা পরিস্থিতিতে সাট্টা আইন করে বন্ধ করা যাবে না, অন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের সঙ্গে এই বিষয়ে সম্পূর্ণ একমত। জেলে ডিটারেন্ট পানিশমেন্ট হউক বা সিম্পল পানিশমেন্ট হউক। আগে সিম্পল ইমপ্রিজিন্টমেন্ট ছিল এখন রিগারাস ইমপ্রিজিন্টমেন্টের ব্যবস্থা হয়েছে— মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় নিজেই বহুবার জেলে ছিলেন জেলে পয়সা দিলে এমন কোন জিনিষ নেই যা পৃথিবীতে পাওয়া যায় না। সেজন্য জেলে গিয়ে তাদের রিগারাস ইনপ্রিজিনমেন্ট হলেও তাদের কোন ক্ষতি নেই। তাদের লকআপে গেলেও কোন ক্ষতি নেই। তারা মাসে ৩০/৪০ হাজার টাকা রোজগার করে তাদের ৩ হাজার টাকা ফাইন

এটা তাদের খোলামকুচীর ব্যাপার। সেজন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলতে চাই যে অন্য ব্যবস্থা করতে হবে। কারণ আপনি নিশ্চয়ই জানেন যে রাজনীতিতেও অংশ গ্রহণ করে এবং রাজনীতির বহু নেতৃস্থানীয় ব্যক্তি এদের পয়সায় পরিচালিত হয়—এমন কি এই বিল নিয়ে অনেক সাট্টা ব্যরণ বহু এম. এল. এ. দের কাছে উপস্থিত হয়েছে যে এটাকে কিছুদিন পোষ্টপণ্ড করা যায় কিনা, সিলেক্ট কমিটিতে পাঠান যায় কিনা, সারকুলেশানে পাঠান যায় কিনা—এই রকম নানা প্রকারের প্রস্তাব নিয়ে তারা এখানে উপস্থিত হয়েছে। এরা স্যার, স্বনামে বেনামে এত সম্পত্তি করেছে তা বলে শেষ করা যাবে না। এই সাট্টা ব্যারেনরা দুই দিকে ঘুষ দেন, এই রকম তাদের নেট ওয়ার্ক। দে করাপ্ট অল পারসনস্। একজন সাট্টাওয়ালা পাড়ার লোককে গর্ব করে বলে বেড়াতেন যে এমন কোন পুলিশ অফিসার দেখিনি যারা ঘুষ খায় না। স্যার, আমি জানি একজন থানায় ও. সি আসলেন তিনি খুব সং ছিলেন—কিন্তু কিছুদিন বাদে সাট্টাওয়ালা বললো যে আমি সেই অফিসারকে ১০ হাজার টাকা ঘুষ দিয়েছি। যিনি ১০০ পারসেণ্ট অনেষ্ট ছিলেন তিনিও ঘুষ খেতে আরম্ভ করলেন। আমরা স্যার, তার প্রথম প্রথম কাযকলাপ দেখেছি আর পরবর্তী কার্যকলাপও দেখছি। এরা সরকারী কর্মচারীদের করাপ্ট করছেন শুধু তাই নয় দেশের লোককেও করাপ্ট করছেন। মুখ্যমন্ত্রী মহাশয় বললেন যারা সৎ নাগরিক তারা সংঘবদ্ধ হয়ে প্রতিরোধ করতে হবে। আমরা জানি এরা এত শক্তিশালী এবং অর্থশালী এবং এদের হাতে পুলিশ যদি কেউ একক বা দলবদ্ধ ভাবে এদের বিরুদ্ধে নামেন তাহলে বহু লোকের অপঘাতে মৃত্যু হবে। অপঘাতে মৃত্যুর ভয়ে বহু সৎ নাগরিক এদের বিরুদ্ধে লাগে না। এরা পাড়ার যত গুণ্ডা বদমাইস সব লোককে পয়সা দিয়ে বশীভূত করে রাখে। চিত্তবিনোদনের জন বহু সরকারী অফিসারদের এরা হাতে রাখে। মকরাদি বলতে যা কিছু বোঝা যায় সবই এরা ব্যবস্থা রাখে এবং বাড়ীতেই বন্দোবস্ত রাখে এবং যখনই যাওয়া যায় তখনই দেখতে পাওয়া যায়। এখন দেখা যায় যখন কোন সৎ পুলিশ অফিসার কারো বাড়ীতে হয়ত রেড করতে গেলেন সেখানে গিয়ে দেখেন যে বড় বড় পুলিশ অফিসার সেখানে উপস্থিত আছেন তখন তারা পথ পাননা পালিয়ে আসবার জন্য। যাই হউক স্যার, আমার যখন সময় হয়ে গেছে আমি এখানেই আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসামসুদ্দিন আহমদ:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী খুব সুচিন্তিতভাবে এই যে এ্যামেডমেণ্ট বিল এনেছেন, তার জন্য আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি বটে কিন্তু এই প্রসঙ্গে একথা না বললেন চলে না যে আইনের বিধানকে শক্ত করেই তিনি যেন ক্ষান্ত না হন। কারণ এতক্ষণ পর্য্যন্ত পূর্ববর্ত্তী বক্তা যে কথা বলে

গেলেন, তা তিনি সহর এলাকার কথা বলে গেলেন। গ্রামের দিকে তিনি যাননি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি হয়ত জানেন গ্রামের দিকে আমরা দেখেছি কোন উৎসব উপলক্ষে - আমাদের তো বহু উৎসব হয়, বহু সাংস্কৃতিক অনুষ্ঠান হয়, বহু কিছু হয়, এবং তার পেছন দরজায় পুলিশ বসে থাকে এবং বসে থেকে জুয়া খেলায়। আমরা দেখেছি যে পুলিশের সঙ্গে আগে থেকেই চুক্তি হয়ে যায়। বীরেনবাবু আপনি তো জানেন গ্রামে বহু মেলা হয়, গান বাজনা বহু কিছু হয়. কিন্তু তার অন্তরালে চলে এই জুয়া খেলা। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব যে তিনি যেন দয়া করে কেবলমাত্র আইন এক্‌জিকিউশন করেই যেন ক্ষান্ত না হন, তিনি এই আইনটাকে কি করে এক্‌জিকিউট করবেন. তিনি কি বলতে পারেন আজ পর্যান্ত এই জুয়া খেলার জন্য কত লোক শাস্তি পেয়েছে ? বীরেনবাবু আপনি এটুকু শুনুন, আপনিতো গ্রামে থাকেন না, থাকেন সহরে, সহরের সাট্টা আপনি বুঝবেন। কিন্তু গ্রামের কথা শুনুন। আমার পূর্ববর্ত্তী বক্তা কত রকম সাট্টা আছে বলে গিয়েছেন। আমি আশ্চর্য্য হয়ে যাচ্ছি, ইতিপূর্বে দেখেছি কাগজে অমুকের হয়ে মিষ্টি খাওয়াব, গভর্ণরের সঙ্গে বেট হচ্ছে চিক্‌মাগালুরের ঘটনা নিয়ে, এগুলি উপর মহল পর্যান্ত হচ্ছে, আমি কাগজে দেখেছি, জানিনা এগুলি সাট্টার মধ্যে পড়বে কিনা। গ্রামের কথা বলতে গিয়ে এটাই বলতে চাই যে আইন করে শাস্তি বাড়িয়ে দিয়ে যদি এই সমস্যার সমাধান হত তাহলে বলার কিছু ছিল না। কেননা আমরা তো আইনে ফাঁসি দণ্ড দেওয়ার বিধান আছে জানি, মার্ডারার তো জানে যে যদি প্রমাণ হয় তাহলে তার ফাঁশি হতে পারে, তাহলে কি মার্ডার বন্ধ হয়ে গেছে ? আমি মুখ্যমন্ত্রীকে এটাই বলতে চাই যে আইনে শাস্তির পরিমাণ বাড়িয়ে দিলেই এই সাট্টা বা জুয়া বন্ধ হয়ে যাবে না। আমি আগেই বলেছি পুলিশ বসে থেকে এই সব কাজ করায়, বিভিন্ন জায়গায় মেলা হয়, সেখানেও এই জিনিসই চলে। আমি আমার মালদা জেলার কথা একটু বলি। সেখানে আল্কা বা গম্ভীরা হয়, দেখা যায় সেই গ্রামে সাট্টাওয়ালারা এক এক রাত্রে ৫০০ থেকে হাজার টাকা এক একটা পার্টিকে দেয়, এবং সেই টাকা কোথা থেকে আসে ? প্রকাশ্য একটা জায়গায় আলো জ্বেলে পুলিশ টহল দিচ্ছে আর তার মাঝখানে এই খেলা চলছে। যেখানে পুলিশ অফিসার ইনচার্জ বসে থাকে এবং এই জুয়াখেলা চলে সেখানে এটা আপনি কি দিয়ে বন্ধ করবেন ?

[ 3-55—4-05 P. M. ]

এইটার জন্য কি আলাদা বাহিনী তৈরী করবেন—এই প্রশ্ন জাগছে। আইন

শক্ত করে দিয়ে যদি সম্ভব হতো তাহলে কোন কথা ছিল না। কিন্তু আমি তাতে সন্দেহ প্রকাশ করছি। আর একটা কথা, এখানে একটা গ্যারান্টি মুখ্যমন্ত্রী দেবেন কি, যদি এমন হয় কোন পলিটিক্যাল পার্টির লোক জড়িয়ে পড়ে, যদি সি. পি. এমের লোক জড়িয়ে পড়ে তাহলে তাদের ব্যাপারে ডিসক্রিমেনেশান হবে না এই রকম প্রশ্ন আসছে। আমার প্রধান বক্তব্য হচ্ছে, মুখ্যমন্ত্রী খুবই সৎ চিন্তা দ্বারা এই এ্যামেণ্ডমেন্ট এনেছেন। কিন্তু এই সম্পর্কে আলোচনা না বাড়িয়ে বলবো তিনি আইন করেই যেন ক্ষান্ত না হন এবং তিনি দেখাশোনা করার জন্য যেন ভাল ব্যবস্থা করেন। পুলিশের যে বর্তমান সেট-আপ তা আমি বিশ্বাস করি না। পুলিশকে সংশোধন করে যদি কার্য্যকরী করতে পারেন তাহলে এটা সৎ প্রচেষ্টা হবে বলে আমি মনে করি। এটা সুন্দর বিল এবং এটাকে সমর্থন করি প্রভাইডেড তার মরচে ধরা যন্ত্রকে যদি পরিস্কার পরিচ্ছন্ন করতে পারেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুনীতি চট্টরাজ:** মিঃ ডেপুটী স্পীকার স্যার, The west Bengal Gambling and Prize Competitions (Amendment) Bill 1978 যেটা মাননীয় মুখ্যমন্ত্রী এনেছেন আমি তা সর্বান্তকরণে সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে গুটিকতক কথা তাঁকে বলতে চাই। তার প্রারম্ভে মাননীয় বীরেনবাবুকে আইডিয়া বুঝিয়ে দিতে চাই যে কর্ণিষ্টদের বয়স্কদের জ্ঞান দিতে নেই—এইটা আমি অনুরোধ করছি। মাননীয় মুখ্যমন্ত্রী প্রারম্ভিক ভাষণে কতকগুলো কথা বলেছেন সেগুলো ভাল। তিনি বলেছেন মধ্যবিত্ত পরিবারের মানুষ, মধ্যবিত্ত পরিবারের ছেলেপুলে নষ্ট হয়ে যাচ্ছে, তাই এটা এনেছি, এটা অত্যন্ত ভাল কথা রেখেছেন। তার পরিপ্রেক্ষিতে আমি বলতে চাই এই যে জুয়ো খেলা, সাট্টা খেলা, ফ্লাশ বোর্ড, নানা বোর্ড—নাম সব আমি জানি না, এর যেসব বিত্তশালী লোক, যারা এ্যাবেটর তাদের শাস্তি যেন আরও বেশি হয়, কঠোর হয়। যারা খেলছে তারা তো পরিচালকদের অঙ্গুলি হেলনে খেলছে। কিন্তু পিছনের অন্ধকারে যারা আছেন, আমি জানি অন্ধকারে বিত্তশালী লোক যারা পরিচালনা করে, আমি দায়িত্ব নিয়ে বলছি, অনেক-এর কম্পাউণ্ডে পুলিশ ঢুকতে ভয় পায় পুলিশের ক্ষমতা হয় না, সেই বাড়ীতে ঢুকতে পারে না। আপনি এমন কোন চিন্তা করছেন কিনা জুয়ো খেলা বন্ধ করার জন্য এমন আইন করবেন কিনা যাতে এই বিত্তশালী লোকদের বাড়ীতে পুলিশ যখন তখন এ্যানি ইনফরমেশানের বেসিসে ঢুকতে পারে। আমি একটা মর্মন্তিক ঘটনা আপনার কাছে রাখছি, আমার

এক বন্ধুর ঘটনা, কয়েকদিন আগে তাঁর বিধবা বউ আমার কাছে এসেছিলেন। আমার এই বন্ধুটি সুইসাইড করেছেন। রেসের ঘোড়ার পিছনে ছুটতে ছুটতে সে অনেক অনেক টাকা খরচ করে ফেলেছিল। সে আর না পেরে আত্মহত্যা করেছে। আপনি এই জিনিষটা, এই রেসটা বন্ধ করুন। রেভিনিউয়ের জন্য এই রেসটাকে রাখবেন না। রেভিনিউ যদি আপনার একমাত্র উদ্দেশ্য হয় তাহলে সব জায়গায়, রাইটার্স বিল্ডিংসে আপনি এইসব জুয়ো খেলা ইত্যাদির ব্যবস্থা করে দিন। মধ্যবিত্ত, গরীব যুবকদের বাঁচাবার জন্য আপনি রেস পশ্চিমবাংলায় সম্পূর্ণ বন্ধ করে দিন। একটা আইন নিয়ে আসুন, প্রত্যেকে আমরা সমর্থন করবো, যদি কেউ রেসুড়ে থাকেন আলাদা কথা। পশ্চিমবাংলায় রেস বন্ধ করা উচিত। তিক্ত অভিজ্ঞতা আমার আছে। আর একটা অনুরোধ করছি কোন রকম তর্কে না গিয়ে।

এই সমস্ত কলেজগুলির সঙ্গে আপনি আর একটা কলেজ এ্যাড করে দিন যে কোনও জোয়াড়ী যাদের জেল হবে তাদের রাজনৈতিক বন্দী আখ্যা দেওয়া চলবে না। আপনি হয়তো জানেন না আপনি ভাল মানুষ হয়ে সিটে বসে আছেন আর ও দিকে আলিমুদ্দিন ষ্ট্রীট থেকে আদেশের বলে জোয়াড়ীদের রাজনৈতিক বন্দী আখ্যা দিয়ে দেবে। আজকে যে সমস্ত পুলিশ অফিসার ডিরেক্টলি অর ইনডিরেক্টলি এই সব জুয়ার সঙ্গে জড়িত আছে আপনি যদি জানেন আপনার যদি জ্ঞান থাকে তাহলে তাদের শাস্তি দেবার ব্যবস্থা করুন। যারা লোয়ার ক্লাস কনষ্টেবল ৪ আনা আট আনা ঘুষ নেয় তাদের কথা আপনি পরে ভাববেন। কিন্তু যারা উপর তলার পুলিশ অফিসার যাদের ৩০/৪০ হাজার টাকার ব্যবস্থা আছে তাদের ডাইরেক্টলি পানিসমেন্ট দেবার ব্যবস্থা করুন। এই যে বিল এনেছেন এতে একটি জিনিষ রাখা হোক যেন এটাকে রেখে দিয়ে ভিতরে ভিতরে ইনকাম করে পলেটিক্যাল ইলেকসনে খরচ করার ব্যবস্থা না থাকে। এর মধ্যে যে সমস্ত বিত্তশালী মানুষ ভিতরের দিকে রয়েছে এবং তার সঙ্গে যেসব পুলিশ অফিসারদের যোগাযোগ আছে তাদের শাস্তি বিধানের ব্যবস্থা করুন। এই বলে আমি আবার এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, এতক্ষণ ধরে তিন জন বিরোধী দলের বক্তার বক্তৃতা শুনলাম। আমি দেখলাম একজন বক্তা বললেন মিষ্টি খাবার ব্যাপার বললেন নানা রকম কথা বললেন। কিন্তু এই সাট্টার ব্যাপারে যা করা হচ্ছে এর একটা বিশেষ গুরুত্ব আছে তাকে তিনি কি করে দেখলেন সেটা আমি ঠিক বুঝে উঠতে পারলাম না। সুনীতিবাবু সাট্টার কথা বলতে গিয়ে ঠাট্টা

করে বসলেন এবং অন্য দিকে চলে গেলেন। তিনি নানা রকম মিসচিফের কথা বললেন রেসের কথায় চলে গেলেন। কিন্তু গত কয়েক বছর ধরে কংগ্রেস সমাজের মানুষকে কিভাবে দুর্নীতিগ্রস্ত করেছে লোকে মদ খায় জুয়ো খেলে খুন করে। তা না করলে আজকে এই সাট্টা খেলায় যত লোক ধরা পড়ে কংগ্রেসের মাতব্বররা গিয়ে তাদের জামিন দেয়ার ব্যবস্থা করে। শুধু তাই নয়, কংগ্রেসের যে কোন শোভাযাত্রায় লক্ষ্য করে দেখবেন জনতার একটা বড় অংশ যারা সেই শোভাযাত্রায় অংশগ্রহণ করেছে তারা সব বৃকি। তারা এইভাবে যুবকদের নষ্ট করেছে তাদের দিয়ে খুন করিয়েছে, হামলা করিয়েছে, ছিনতাই করিয়েছে এবং মানসিক দিক থেকে যাতে তারা উন্নত না হয় সেই ব্যবস্থা এই কংগ্রেস দল করেছে গত ৫/৭ বছর ধরে। তারা যেভাবে রাজ্য পরিচালনা করেছিল তার ভিতর দিয়ে এই সাট্টা খেলা সৃষ্টি হয়েছিল। স্যার, আপনি যদি বলেন তাহলে ঐ কংগ্রেসীরাই যে সাট্টা খেলা পরিচালনা করছে তার নাম ধাম আমি দিয়ে দিতে পারি। ঐ কংগ্রেসের নেতা সভ্য বিভিন্ন এলাকায় ট্রেড ইউনিয়ন করেন আবার তারাই ঐ সাট্টা খেলার নেতা হয়ে বসে আছেন। আজকে এই বিল এইজন্যই আনা হয়েছে। যে আইন আছে আমি জানি না তার মধ্যে এদের কোন স্বার্থ ছিল কিনা। তারা তার মধ্যে এমন ব্যবস্থা করেছিল যে যদি কেউ ধরা পড়ে তাহলে তাড়াতাড়ি যাতে জামিন পায় তার ব্যবস্থা ছিল—অতএব বিচার কিছুই হবে না। এই কলকাতাতেই হয়েছে একজন একদিনে তিন তিন বার ধরা পড়লো আর সে তিন তিনবারই জামিন পেয়েছে।

[ 5-20—5-30 P. M. ]

তানাহলে সুস্থ ভাল লোক তারা তো আসবে না। সেই জন্যই তারা এই রকম আইন করে রেখেছিলেন। যারা এই রকম আইন করে রেখে দিয়েছিলেন তারাই আজকে বলছেন আলিমুদ্দিন স্ট্রিটে নাকি রাজনৈতিক আশ্রয় দেওয়া হয়। সি. পি. এম. পার্টির এই রকম কোন সভ্য নেই যারা সাট্টা জুয়া খেলে। আমি কংগ্রেসের এমন অনেক লোকের নাম বলতে পারি যারা সাট্টা জুয়া খেলে। আমি বলছি আপনারা একজন লোকের নাম করুন—আপনারা একজনের নামও উল্লেখ করতে পারবেন না। যারা এই রকম করে তাদের পার্টি থেকে বিদায় করে দেওয়া হয়। এই দিকে শুধু নয় - মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন শুধু আইন পাশ করে হবে না। কারণ আমরা দেখেছি—বিশেষ করে যারা ট্রেড ইউনিয়ন করেন তারা জানেন যে শ্রমিকরা এর সঙ্গে অনেকেই যুক্ত হয়েছে। শতকরা দু একজনই হোক বা তার

বেশীই হোক বিভিন্ন কারখানার গেটে বুকিরা বসে থাকে, শ্রমিকরাও বসে থাকে। এইভাবে আরো বেশী শ্রমিক এর সাথে যুক্ত হয়ে যাচ্ছে এবং এই ব্যাপারে মালিক, পুঁজিপতিদের একটি সক্রিয় প্রচেষ্টা আছে। শ্রমিক শ্রেণী গরীব লোক। তাই তাদের যদি নানা রকম খারাপ অভ্যাস, মদ খাওয়া, অন্যান্য অভ্যাস, তার সাথে সাট্টা জুয়া ইত্যাদি খেলাতে না ঢোকানো যায় তাহলে শোষন করা যাবে কি করে? তাই এই সবের মধ্যে তাদের ঢুকিয়ে দিয়ে শোষণ করা হচ্ছে এবং এর বিরুদ্ধে সঙ্ঘবদ্ধ হওয়া দরকার, এর বিরুদ্ধে আন্দোলন করা দরকার। এই পুঁজিবাদী অর্থনৈতিক ব্যবস্থার মধ্যে ধনীকে আরো ধনী করার যে ব্যবস্থা সেই ব্যবস্থার মধ্যে আমরা আছি। কাজেই এই ব্যবস্থার মধ্যে সাট্টা, জুয়া খেলার ব্যবস্থা তো হবেই। শ্রমিক ও শহরের শিক্ষিত মধ্যবিত্তদের মধ্যে দেখছি এই ধরণের ব্যবস্থা আছে। আমি জানি সম্প্রতি কলকাতায় ১৫/১৬ জন লোককে ধরেছিল। সমাজে যাদের নাম ডাক আছে তাদের ধরেও আটকাতে পারেনি। কারণ কোন আইন নেই। এমন একটা আইন নেই যাতে করে আটকানো যেতে পারে। শুধু শহরাঞ্চলেই নয়, গ্রামাঞ্চলেও এই সব ব্যবস্থা আছে। গ্রামের মধ্যবিত্ত জোতদার গ্রামের মধ্যে এই জুয়া খেলার জন্য উৎসব তৈরী করতেন। যাত্রা, থিয়েটার এই সব করতেন এবং তার খরচ ওঠানোর জন্য কুপন খেলার ব্যবস্থা করেন। ঐ জোতদাররা কংগ্রেস দলেরই লোক এবং তারাই এই কুপন খেলার ব্যবস্থা করতেন। ধনীরা কুপন খেলতে যায় না, গরীব লোকেরাই যায়। প্রথম দিন তাদের জিতিয়ে দেওয়া হয়। কেন না এই কথা তারা গ্রামে গ্রামে প্রচার করে দেয় যে, দেখ কুপন খেলে এত টাকা লাভ করেছি। তারপর দু তিন দিন ধরে তাকে শোষণ করা হয়। এই ব্যবস্থা গ্রামাঞ্চলে আছে। এর সাথে পুলিশের দীর্ঘদিন ধরে একটা প্রত্যক্ষ যোগাযোগ আছে। এর বিরুদ্ধে আমাদের নিশ্চয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এই কাজ শুধু আইন করে দিলেই হবে না, কতকগুলি বক্তৃতা দিলেই হবে না, এর জন্য সমস্ত সংগঠনের পক্ষ থেকে একটা কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে। এর সঙ্গে জনসাধারণ যদি সক্রিয়ভাবে উদ্যোগ নেয় তবেই এই ব্যবস্থা দূর করা যাবে, তবেই হয়ত কিছুটা কমানো সম্ভব হবে। মাননীয় মুখ্যমন্ত্রী সঠিক ভাবেই বলেছেন যারা জুয়া খেলেন, সাট্টা খেলেন, এই সব ব্যবস্থার যারা সংগঠক দেখা যাবে তারাই হচ্ছে সমাজ সংগঠক এবং সমাজে তারা সমাজ বিরোধী বলে পরিচিত। কাজেই সেই লোকগুলিকে আমাদের প্রথম সরাতে হবে। সুতরাং যে প্রস্তাব এখানে আনা হয়েছে সেই প্রস্তাবকে আমি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসরল দেব ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে সংশোধনী বিল আজকে এই সভায় উপস্থিত করেছেন আমি আপনার মাধ্যমে সেই বিলটি সমর্থন করছি। স্যার, আমি বিরোধীদলের বক্তব্য শুনছিলাম—যারা দীর্ঘদিন ক্ষমতায় ছিলেন তাঁরা এই সংশোধনীর কথা এতদিন ভাবেননি অথচ আজকে যখন একটা শুভ প্রয়াস নিয়ে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এই সংশোধনী বিল বিধানসভায় এনেছেন তখন তারা নানান প্রকারে সন্দেহ প্রকাশ করছেন। স্যার, এই সাট্টা এবং জুয়া পুঁজিবাদী সমাজব্যবস্থার একটা অঙ্গ হিসাবে দেখা দিয়েছে। এটা এসেছে এই কারনে যে আমাদের দেশের যুব সমাজ এই রকম ভাবে যদি সাট্টা এবং জুয়াতে মত্ত থাকে তাহলে তারা জানে সেই যুবসমাজকে দিয়ে আর যাই হোক ধনবাদের বিরুদ্ধে যে আন্দোলন সেই আন্দোলন সংগঠিত করা যাবে না। স্যার, তাই আমরা দেখেছি বিভিন্ন শ্রমিক অধ্যুষিত অঞ্চলে সাট্টা এবং জুয়ার প্রভাব দিন দিন বেড়ে চলেছে। সেটা যাতে না বাড়ে সেইজন্য একটা শুভ প্রয়াস নিয়ে মাননীয় মুখ্যমন্ত্রী এই সংশোধনী বিল এনেছেন কাজেই এতে সন্দেহ প্রকাশ করলে চলবে না এবং শুধুমাত্র পুলিশের উপর নির্ভর করলেও চলবে না। এখানে ৩/৪ এবং ১৫ ধারাতে যে সংশোধনী এসেছে তাতে তিন বছরের অনধিক মেয়াদের সশ্রম কারাদণ্ড এবং ৪ হাজার টাকা পর্য্যন্ত অর্থদণ্ডের ব্যবস্থা করা হয়েছে। আগের ১৯৭৫ সালের বিলে ছিল যে অনধিক ৫শো টাকা জরিমানা বা তিন মাস মেয়াদের কারাবাস—তার পরিবর্ত্তনের কথা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এনেছেন। স্যার, আমরা জানি এই সাট্টা এবং জুয়া মধ্যবিত্ত সমাজের বহু পরিবারকে নষ্ট করেছে এবং এটা গত ৩০ বছর ধরে হয়ে আসছে। আজকে এই দীর্ঘ ৩০ বছর বাদে হঠাৎ কংগ্রেস বেঞ্চের বন্ধুদের উপলব্ধি হল যে এর বাস্তব প্রয়োগ হবে কি না। আমি বলি, আসুন, আমরা সকলে সহযোগিতার হাত প্রসারিত করি। আমরা তো জানি হাইকোর্টে হয়, বড় বড় পুলিশ অফিসার এবং বিত্তবান লোক যারা পেছনে বসে কলকাঠি নাড়েন তাদের সঙ্গে যোগসাজসে এই সব খেলা হয়। আমাদের বারাসাতে এস. ডি. ও-র বাংলোর সামনে যে পি. ডব্লু. ডি-র এবং ষ্টেট বাসের গ্যারেজ হয়েছে সেখানে এস. ডি. ও-র নাগের ডগায় সেই ঘটনা ঘটেছে। আমি বারাসাতের এস. ডি. ও এবং এ্যাডিশন্যাল এস. পি. কে বলেছিলাম যে বারাসাতে যেখানে আমাদের এম. পি. শ্রীচিত্ত বসু থাকেন সেখানে তার বাড়ীর নীচে সাট্টা এবং জুয়া হচ্ছে, সেখানে বারবার বলা সত্বেও কোন প্রতিকার হয়নি। এটা হয়নি তার কারণ পুলিশ অফিসাররা তো রাতারাতি সবাই বামপন্থী হয়ে যাননি কাজেই সেই সব পুলিশ

অফিসারদের দিয়ে এইসব রাতারাতি বন্ধ করা যাবে এটা ভাবা যায় না কিন্তু তবুও আমাদের চেষ্টা করেতে হবে। স্যার, আগেই বলেছি এই সাট্টা এবং জুয়া পুঁজিবাদী সমাজ ব্যবস্থার একটা অঙ্গ হিসাবে প্রবর্তন করা হয়েছে। এটা করা হয়েছে তার কারণ যাতে আমাদের দেশের আন্দোলন মুখর যুব সমাজ, শ্রমিক সমাজ বিপথে পরিচালিত হয় এবং শোষণের বিরুদ্ধে আন্দোলন করতে না পারে। আজকে এর বিরুদ্ধে রুখে দাঁড়াবার জন্য মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে সংশোধনী বিল এনেছেন তাকে আমি সাধুবাদ জানাচ্ছি এবং তার সঙ্গে সঙ্গে এর বাস্তব প্রয়োগের জন্য প্রশাসনিক দপ্তরকে আরো কঠোর হস্তে ব্যবস্থা গ্রহণ করতে হবে এই অনুরোধ জানাচ্ছি। পরিশেষে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বলব, এখানে আমি শুনলাম বিরোধীদলের পক্ষ থেকে বিনয়বাবু এবং সুনীতিবাবু অনেক কথা বললেন।

**Mr. Deputy Speaker :** According to the schedule, allocation of time for the discussion of this Bill should be completed by 4-17 P.M. But I find that some more time is required. for this Bill. Therefore, under rule 290 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I seek the sense of the House for increasing the time for discussion of this Bill by half an hour.

I think, the House agrees to it. Agreed.

The time is extended by half an hour.

**শ্রীসরল দেবঃ** স্যার আমার নির্বাচনকেন্দ্রের একটি জায়গাতে এতকাল সুনীতিবাবুদের দল কংগ্রেস পার্টি তারা কনট্রাক্ট করে জুয়া খেলার ব্যবস্থা করতেন। গত বছর আমাদের বামফ্রন্ট সরকার গঠিত হবার পর সেই পুলিশ অফিসাররা, বললেন, দেখ বাবু, আমাদের সঙ্গে তো তোমাদের বরাবরের যে চুক্তি আছে তা ঠিকই আছে—জায়গাটির নাম হচ্ছে চণ্ডিগড় মহানন্দা অঞ্চল—কিন্তু মুশকিল হচ্ছে জানতে পারলে সরলবাবু এখনই লোকজন নিয়ে এসে পৌঁছাবেন, তোমরা যদি তাঁকে রাজী করাতে পার তাহলে হতে পারে। পুলিশের সঙ্গে এই ভাবে দীর্ঘ ৩০ বছর ধরে ওদের যোগসাজস চলে আসছে।

[4-15—4-25 P.M.]

সেজন্য বিরোধী বন্ধুদের এ কথা বলতে চাই যে ব্যাংগোক্তি না করে আসুন মাননীয় মুখ্যমন্ত্রী যে বিল এনেছেন সেই বিলের বাস্তব প্রয়োগের ক্ষেত্রে সহযোগিতা

করুন। আসুন, যখন গ্রেপ্তার হবে তখন যেন তাঁরা ছাড়াতে না যান। বামপন্থী কোন বন্ধু সাট্টা এবং জুয়ায় গ্রেপ্তার হবার পর কোন নেতা যদি ছাড়াতে যান এবং সেই ধরণের প্রমাণ যদি আনতে পারেন তাহলে নিশ্চয়ই তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা যাবে। কিন্তু অতীত অভিজ্ঞতার ফলে দেখা গেছে যে সাট্টা এবং জুয়ার বিরাট অংশকে আপনারা মদত দিয়ে এসেছেন, সেই মদত আর দেবেন না। এই কথা বলে মাননীয় মুখ্যমন্ত্রী যে সংশোধনী বিল এনেছেন, তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুভাষ গোস্বামী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই বিলের প্রতি বিরোধীদলের সমস্ত মাননীয় সদস্যরা সমর্থন জানিয়েছেন। এটা এই রকম একটা বিল যেটা সমর্থন না করে কোন উপায় ছিল না। কিন্তু একটা কথা তাঁরা বলতে ভুলে গেলেন যেটা সরলবাবু উল্লেখ করেছেন, সেটা হল এই যে সামাজিক ব্যাধি, এই ব্যাধি কেন চলে আসছে এবং দিনের পর দিন বিস্তাব লাভ করছে। প্রকৃত পক্ষে সমাজের উপর তলার মানুষ, যাঁরা এখনও সমাজের প্রকৃত নিয়ন্তা তারাই নিজেদের স্বার্থে এই সমস্ত ব্যাধিগুলি সমাজের রন্ধ্রে রন্ধ্রে চালিয়ে দিয়েছেন এবং যার ফল হিসাবে আমরা আজকে দেখছি যে বিভিন্ন স্তরে, বিভিন্ন শ্রেণীর মানুষের মধ্যে এটা ক্রমশঃ ছড়িয়ে পড়েছে। আজকে ভাবতে অবাক লাগে, আমরা যখন সুদূর গ্রামাঞ্চলের দিকে দেখি তখন দেখতে পাই যে একদিকে হরিনাম সংকীর্ত্তন হচ্ছে আর তারই পাশে জুয়া খেলা চলছে। তাছাড়াও আজকে সামাজিক বিভিন্ন অনুষ্ঠান—যেমন উপনয়ন, অন্নপ্রাসন, বিবাহ বাসরেও এই জুয়ার আড্ডা বসেছে। আজকে যাঁদের উপর এগুলি নিয়ন্ত্রণ করার ভার সেই পুলিশের মধ্যেও এই জিনিস রয়েছে। এই ব্যাধি তাদের মধ্যেও রয়েছে এবং তারা কেউ কেউ পানাসক্ত হন, কেউ কেউ জুয়ার আড্ডায় বসে যান। তাই যদি অবস্থা হয় তাহলে কারা এগুলি নিয়ন্ত্রণ করবেন? তাই, আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাবো যে পুলিশ প্রশাসনের মধ্যে যাঁদের এই রকম পদস্খলন হয়েছে তাঁদের সরিয়ে দিন এবং যোগ্য লোককে এনে যাতে তাঁদের শায়েস্তা করা যায়, প্রতিরোধ করা যায় তার জন্য ব্যবস্থা নিন। আমি সাট্টা খেলা প্রসঙ্গে এই কথা বলতে চাই, এই সাট্টা খেলার প্রধান মার্কেট হচ্ছে বোম্বে, মহারাষ্ট্র শহর এবং এটা তাঁদের পীঠস্থান। এখান থেকে ভারতবর্ষের বিভিন্ন শহরে তাঁরা তাঁদের জাল বিস্তার করে রেখেছে। কলকাতা বা অন্যান্য শহরে তাঁদের যে এজেন্সি আছে, তার মধ্যে যে এদের যোগাযোগ আছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে প্রশাসনিক স্তরে এবং রাজনৈতিক স্তরে এই সমস্ত সংস্থাগুলিকে যাতে শায়েস্তা করা যায়, এই পাপ এবং

ব্যাধিগুলিকে যাতে সমাজ থেকে দূর করা যায় তার জন্য আমাদের সর্বতঃ প্রয়াস চালাতে হবে। আজকে এই বিলকে সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ জয়নাল আবেদিন** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের অন্যান্য বিষয়ে ভয়ঙ্কর বিরোধ থাকলেও, আজকে যে সংশোধনী উত্থাপন করেছেন মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, এতে আমরা সকলে এক মত। আজকে আমার শুধু কৌতূহল হচ্ছিল, উনি প্রারম্ভিক ভাষণের সময় একটা কথা বলেছিলেন, যদি উনি একটু বলেন যে ওনার কি জাতীয় অভিজ্ঞতা এবং ব্যক্তিগত অভিজ্ঞতা থেকেও উনি এই সাট্টা সম্বন্ধে কি কিছু জেনেছেন ?

অবশ্য এটা খালি আমার কৌতূহল হচ্ছিল যে কি জাতীয় তাঁর অভিজ্ঞতা আছে—আমার একটা সাজেসান যে আপনি তো লর্ড সিনহা বাড়ীর তদন্তের জন্য আলাদা একটা সেল করেছেন, পুলিশকে সর্ববিধ কাজের দায়িত্ব দিলে, উপরি এই দায়িত্ব দিলে তারা ওভারবার্ডেন হয় এবং তার ফলে ইন এফেকটিভ হবার সুযোগ আছে কিনা একটু ভেবে দেখবেন। সাট্টা প্রধানতঃ কতকগুলি জায়গায় কনসেনট্রেটেড হয়ে আছে। আপনারা কতকগুলো জায়গায় সাট্টার জন্য একটা আলাদা সেল বা একটা আলাদা ব্রাঞ্চ পুলিশের মধ্যে সংগঠিত করতে পারেন কিনা সেটা দেখতে বলব। এই বিলে আমাদের বিরোধিতা করার কোন কারণ নেই। আমি আগেই বলেছি আমরা এই বিল সমর্থন করি। তবে কোন কোন ব্যক্তি উল্লেখ করেছেন যে আমরা আগে কেন কঠোর ব্যবস্থা নিই নি। কেন কঠোর ব্যবস্থা নেওয়া হয়নি তার জবাব দেওয়া এখানে অবান্তর বলে মনে করি। ধীরে ধীরে কঠোরতর বিধান প্রয়োগ করে এবং সাধারণ মানুষকে, সমাজকে সতর্ক করে দিয়ে এই আইন এবং সমাজ এক সঙ্গে যদি রুখে দাঁড়াতে পারে তাহলে আমি মনে করি এটা কিঞ্চিৎ বন্ধ করা সম্ভব হবে। আর স্পেশাল সেল কিম্বা ব্রাঞ্চের কথা যেটা বললাম মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যদি এই বিষয়ে একটু ভাবনা চিন্তা করে একটা সিদ্ধান্তে উপনীত হতে পারেন—এই দায়িত্ব তাঁর। থ্যাঙ্ক ইউ.

**শ্রীজ্যোতি বসু** : মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমি আনন্দিত আমার যে প্রস্তাব আমি রেখেছি আইন সংশোধন করবার জন্য তাতে আমাদের সমস্ত সদস্যরা, যারা এখন পর্যন্ত বক্তব্য রেখেছেন তারা সমর্থন জানিয়েছেন দুই পক্ষ থেকে। কারণ সত্যিই এটা এমন একটা প্রয়োজনে আমরা করছি যেটা বিরোধিতা করা অন্ততঃ

কারো সম্ভব নয়, প্রত্যেকেই প্রয়োজনটা অনুভব করেছেন। ডাঃ জয়নাল আবেদিন জিজ্ঞাসা করলেন আমি ব্যক্তিগত অভিজ্ঞতা সম্বন্ধে যেটা বলেছি সেটা কি? সেটা এই, আমি রাজনীতির ক্ষেত্রে দেখেছি বহু বছর ধরে বিশেষ করে এই বিগত কয়েকটি বছরে—প্রথম দিকে এই রকম ছিল না, যতদূর আমার মনে পড়ে যে আমাদের ছেলেদের বেকারত্বের সুযোগ নিয়ে তাদের বিপথে পরিচালিত করা হচ্ছে সমাজ-বিরোধী পথে পরিচালিত করা হচ্ছে। কিছু নেতার যাতে সুবিধা হয়, কোন একটা দলের বিশেষ করে, শাসকদলের যাতে সুবিধা হয় এই জন্য করা হয়েছে। এই ছেলেগুলো তো জন্ম থেকে এই রকম ছিল না। এটা অত্যন্ত লজ্জা, দুঃখ, ক্ষোভের বিষয় এইভাবে আমাদের যুব সম্প্রদায়ের একটা অংশকে এই পথে চালিত করা হয়েছে। এই সব ছেলেরা—এটা আমার অভিজ্ঞতা, আমার রাজনীতির ক্ষেত্রে আমি দেখেছি এই সব ছেলেরা বিপথে পরিচালিত হবার ফলে—তাদের আমি কোন রকম দোষারোপ করছি না, কিন্তু এইভাবে তারা পরিচালিত হবার ফলে—তারা একটা উদ্দেশ্য নিয়ে তাদের পরিচালিত করেছে—শাসকদল—সেই জন্য তারা এই সমস্ত কাজে ভিড়ে গেছে, সমস্ত অসামাজিক হয়ে উঠেছে। এই অসামাজিক কার্যকলাপের মধ্যে জুয়াখেলাও একটা।

এটার হাত থেকে যদি পরিত্রাণ পেতে হয়—আমি আগেই বলেছি এই ব্যাপারে অনেক উপরতলার মাথা আছে, বুদ্ধি আছে, তারা পরিচালনা করেন। তারা খুব বিত্তশালী মানুষ। তাদের সচরাচর আমরা ধরা পড়তে দেখিনি। জেলের ভিতর যখন ছিলাম তখন দেখেছি এই সব চোলাই মদ ইত্যাদি করে সেখানে আসে একেবারে তলাকার মানুষ এবং তাদের কাছ থেকে এই রকম গল্পও শুনেছি তার যখন জেলে থাকেন—৬/৮ মাস জেলে যখন থাকছেন তখন এমন তাদের ব্যবস্থা আছে, তাদের পরিবারকে ছ-দশ টাকা করে দেবার ব্যবস্থা আছে বাইরে থেকে। বেরিয়ে গেলে যাতে তারা একই ব্যবসার মধ্যে থাকতে পারে সেই জন্য। আমি যেটা প্রথমে বলছিলাম যে শুধু আইন বদল করে কিছু হবে না। তবে আইনটা বদলাতে হবে। কেন এটা সহজ সাধ্য ছিল সেটা বোঝা শক্ত। যাই হোক আমরা এটা আলোচনা করে দেখলাম অন্ততঃ কঠোরতর কিছু সাজা আগের থেকে কিছু বেশী সাজার ব্যবস্থা করা যায়, বেশী ফাইনের ব্যবস্থা করা যায়। কিন্তু তার সঙ্গে সঙ্গে—এটা আমি জানি যে আমাদের যে সমাজব্যবস্থা এবং অর্থনৈতিক অবস্থা বহুবছর ধরে আছে সেই সব আমূল পরিবর্তন এই ভাবে হয় না। আমাদের সমাজতন্ত্র নেই, সেইভাবে সাধারণ মানুষ-এর আধিপত্য এখনো কায়েম হয়নি, সেই জন্য এই যে শ্রেণীবিভক্ত

সমাজ যেখানে বিত্তশালীদের প্রাধান্য আমি বিভিন্ন ক্ষেত্রে দেখতে পাচ্ছি—সরকার যাদের হাতেই থাক, তবে আমরা এটা দেখতে পাচ্ছি বিভিন্ন জায়গায় জনসাধারণের সহযোগিতা দরকার, জনসাধারণকে উদ্বুদ্ধ করা দরকার। এটা এমন একটা গতানুগতিক হয়ে গেছে স্বাধীনতার পর থেকে—এটাও লজ্জার সঙ্গে বলতে হয়, ঘুষের ব্যাপার দুর্নীতির ব্যাপার যেন সমাজের মধ্যে সবাই সহ্য করে নিচ্ছে, এই রকম একটা অবস্থার মধ্যে আজকে এসেছে।

[4-25—4-35 P.M.]

তাদের মনে হচ্ছে না যে, এটা একটা অত্যন্ত পাপ কার্য, খারাপ কার্য, এটা করা উচিত নয়। সুতরাং তাদের এক-ঘরে করা উচিত, যারা এ-সব করছে। আমি এটাও দেখেছি, যারা এসব করেছে বা করে, যেসব বিত্তশালী, তাদের নাম ঠিকানা যারা ধরা পড়ে তাদের কাছ থেকে পাওয়া যায় না। যদি নাম ঠিকানা পাওয়া যেত তাহলে সাধারণ মানুষ তাদের এক-ঘরে করতে পারত এবং বলা যেত যে, এরা ভদ্রলোকের চেহারা নিয়ে আছে, অথচ এসব করছে। কিন্তু তাদের কাছ থেকে নাম ঠিকানা বেরয় না। সামাজিক ব্যধিকে শুধু আইন করে বন্ধ করা যায় না। তবে তার জন্য আমাদের ব্যবস্থা আছে। যে কাজ শুরু করেছি সেই কাজে যদি জনসাধারণকে টেনে আনতে পারি তাহলে তাদের সহযোগিতায় নিশ্চয়ই এসব বন্ধ করতে পারব। কিন্তু আরো কঠিন ব্যাপার হচ্ছে আমাদের প্রশাসন এবং পুলিশ এমন ভাবে কাজ করতে অভ্যস্ত হয়ে গিয়েছে যে, তা দিয়ে সামাজিক পরিবর্তন হচ্ছে না। নির্বাচনের মাধ্যমে মন্ত্রী বদল হয়, আমরা আসি, কিন্তু তাদের কাজের ধারার এখনো পরিবর্তন হয়নি। যদি প্রশাসন এবং পুলিশ জনসাধারণের সহযোগিতা নিয়ে কাজ করতে পারে তাহলেই এই জিনিষগুলি বন্ধ করতে পারব। সুতরাং সেদিকে আমাদের নজর দিতে হবে। পঞ্চায়েত থেকে আরম্ভ করে নির্বাচিত যত প্রতিষ্ঠান আছে, বিধানসভা আছে, লোকসভা আছে, আমাদের পৌরসভাগুলি আছে, এই সমস্তগুলির যাঁরা প্রতিনিধি তাঁরা যদি গোড়া থেকে নজর না রাখেন, তাঁরা এই সব খবরা-খবর নিয়ে ব্যবস্থা গ্রহণ না করেন তাহলে প্রশাসনিক পরিবর্তন করা কঠিন। কারণ অভ্যাস একটা ভয়ঙ্কর জিনিষ। বছরের পর বছর ধরে, বিশেষ করে ৩০ বছর ধরে যে অভ্যাস হয়েছে, সেটা একদিনে চলে যায় না। সেই জন্যই আমি বলেছি যে, ঐ তিনটি জিনিষকে এক সঙ্গে জড়িত করতে হবে। আপাততঃ আইন বদলাচ্ছে। কিন্তু তার সঙ্গেই সব চেয়ে বড় যে কথা, যেটা মৌলিক কথা

সেটা মনে রাখতে হবে। আর ঐজিনিষ না করতে পারলে কি হবে? ধরা! ধরা পড়বে না। ধরা পড়লেও এমন ভাবে মামলা হবে, কেস এমন ভাবে রিপ্রেজেণ্ট করা হবে কোর্টের কাছে যে দেখা যাবে বিশেষ কিছুই শেষ পর্যন্ত হলো না। সেই জন্য যদি সত্যিই আমরা মনে করি যে এটা একটা ভয়ঙ্কর অবস্থার সৃষ্টি করছে, বিশেষ করে সেটা যদি আমাদের যুব সম্প্রদায়ের দিকে তাকিয়ে মনে করি—যদি তাদের প্রতি দরদ থাকে, ভালবাসা থাকে—তাহলে ঐকাজ আমাদের সকলের মিলিতভাবে, যৌথভাবে করা প্রয়োজন। তাই আমি আশা করছি যে, আমরা এটা শুরু করছি, কিন্তু এটাই শেষ নয়। আরো বিভিন্ন পদক্ষেপ আমরা নেব। আমি আগেই বলেছি যে আমরা ৬ মাস বা ৯ মাস পরে কি হলো, কত লোক ধরা পড়ল, কেন কজন সাজা পেল না, ক'জন ছাড়া পেয়ে গেল এই সমস্ত আলোচনা করতে হবে এবং সেই ভাবে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। সেই ভাবে করে আলাদা ভাবে দেখে যে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন মনে হবে সেই ব্যবস্থা গ্রহণ করা হবে। তারপর আমরা চোলাই মদের ক্ষেত্রেও আইন আরো কঠোর করার কথা এবং আরো বিভিন্ন কথা ভাবছি। এটা একটা পদক্ষেপ নিচ্ছি, আশা করি আপনারা সকলে এটাকে সমর্থন জানাবেন।

The motion of Shri Jyoti Basu that the West Bengal Gambling and Prize Competitions (Amendment) Bill, 1978, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 4 and Preamble**

The question that clauses 1 to 4 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Jyoti Basu :** Sir, I beg to move that the West Bengal Gambling and Prize Competitions (Amendment) Bill, 1978, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

PRIVATE MEMBERS BUSINESS RESOLUTION

**Shri Abul Hasan : I beg to move that** পশ্চিমবঙ্গ রাজ্য বিধানসভা ভারতে বেকারীর ক্রমবর্ধমান বৃদ্ধিতে গভীর উদ্বেগ প্রকাশ করিতেছে ;

বহু প্রতিশ্রুতি সত্ত্বেও, সমাজের মৌলিক পরিবর্তনের মাধ্যমে, এই ভয়াবহ বেকারী দূরীকরণের কোন বিধান ভারতের কোন যোজনাতেই করা হয় নাই ;

সর্বাপেক্ষা মর্মান্তিক বিষয় এই যে, ভারতের সংবিধানে অদ্যাবধি সকল নাগরিকের জন্য কাজের অধিকারকে মৌলিক অধিকারসমূহের অন্তর্ভুক্ত করা হয় নাই ;

অতএব এই সভা প্রস্তাব করিতেছে যে, ভারতের সংবিধানে সকলের জন্য কাজের অধিকারকে মৌলিক অধিকারভুক্ত করা হউক ; সকল সক্ষম নাগরিক স্ত্রী-পুরুষ-নির্বিশেষে যাহাতে কাজ পাইতে পারেন তাহার দিকে এবং সামাজিক ও অর্থনৈতিক মৌলিক পরিবর্তনের দিকে লক্ষ্য রাখিয়া যোজনার পুনর্বিন্যাস করা হউক এবং এই ব্যবস্থাসাপেক্ষে যাহাতে দেশের সকল বেকারকে বেকার ভাতা দানের ব্যবস্থা করা সম্ভব হয় তাহার জন্য আর্থিক ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এই বিধানসভা কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করিতেছে।

ডাঃ জয়নাল আবেদিন : স্যার, আই রাইজ অন এ পয়েন্ট অফ অর্ডার। স্যার, আপনি রুল ১৭০ (৩) দেখুন এবং রেজোলিউসনে প্যারা ৩ আপনি যদি দেখেন যে' 'সর্বাপেক্ষা মর্মান্তিক বিষয় এই যে, ভারতের সংবিধানে অদ্যাবধি সকল নাগরিকের জন্য কাজের অধিকারকে মৌলিক অধিকার সমূহের অন্তর্ভুক্ত করা হয় নাই—স্যার, আপনি জানেন, আমরা হাউসে সদস্য হওয়ার আগে হোয়াইল উই ফাইল আওয়ার নমিনেসন—একটা ওথ নিই that I will bear true faith and allegiance to the Constitution of India Speaker Protem subscribe. ইণ্ডিয়া এবং যখন আমরা সদস্য নির্বাচিত হয়ে আসি তখন স্পীকার প্রোটেম থাকেন, তাঁর কাছে শপথ সাবসক্রাইব করতে হয় এই মর্মে I, having been elected a member of the Legislative Assembly do swear in the name of God/solemnly affiirm that I will bear true faith and allegiance to the Constitution of India as by Law established. I stress on the point, "I bear true faith and allegiance to the Constitution of India. আজকে যখন প্রস্তাব এখানে এসেছে তাতে আমরা মনে করছি "সর্বাপেক্ষা মর্মান্তিক বিষয় এই যে, ভারতের সংবিধানে অদ্যাবধি"—এটা কনষ্টিটিউসন অনুযায়ী it is a reflection upon our Constitution. এটা করবো না এই মর্মে শপথ নিই before entering in to our duty. আমরা পরিস্কার বলেছি উই উইল বিয়ার ট্রু ফেথ। আমরা আনুগত্য বা এ্যালিজিয়ান্সের শপথ নিই। সুতরাং এই রকম রিফ্লেকসন করতে পারে কিনা সেটাই আপনার বিচার্য্য বিষয়। অন্য দিকে যে রুল আমি কোট করেছিলাম ১৭০ (৩) সেখানে আছে ইন অর্ডার স্টেটমেণ্টস।

In order that a resolution may be admissible it shall satisfy the following conditions, namely (iii) it shall not contain arguments, inferences, ironical expressions, imputations or defamatory statements.

[4-35—4-45 P.M.]

এখানে বলছে গোড়াতেই যে বহু প্রতিশ্রুতি সত্ত্বেও সমাজের মৌলিক পরিবর্তনের মাধ্যমে এই ভয়াবহ বেকারী দূরীকরণের কোন বিধান ভারতের কোন যোজনাতেই করা হয় নাই। এটা ইট ইজ এ ম্যাটার অফ ইনভারেন্স। আমরা বিধানসভায় রেজিলিউসন নিতে আসি, সরকার পক্ষের উচিত হচ্ছে সব বিরোধীদলকে সঙ্গে নেওয়া, কিন্তু কোন কনসাল্ট করা হয় নাই। ব্যক্তিগতভাবে বলছি মৌলিক বেকারী দূরীকরণের এই জাতীয় রেজলিউসন মুভ করছেন দেখবেন লাষ্ট প্যারায়। অতএব দিস ইজ ওয়ান পয়েন্ট, মাই নেকসট পয়েন্ট দ্যাট ইজ এগ্রিড আপঅন এই সভা প্রস্তাব করছে ভারতের সংবিধানে সকলের জন্য কাজের অধিকারকে মৌলিক অধিকারের ভিত্তিতে করা হয়। পরে বলছেন সকল সক্ষম নাগরিকের—স্ত্রী, পুরুষ নির্বিশেষে এটাতে ডিসপিউট কম আসে।

**মিঃ ডেপুটী স্পীকার** : I fail to understand your point of order.

**ডাঃ জয়নাল আবেদিন** : আমার এটাই সাবমিশন, থার্ড সাবমিশনে যেটা বলছিলাম যে সরকার পক্ষের উচিত এগ্রিড আপঅন যদি করেন কনষ্টিটিউশনে এটা নিয়ম ১৭০ রেজলিউসনে আসে তা যখন ওঁরা করেন নি সামান্য রদবদল করলে এগ্রিয়েবল হবে।

**শ্রীঅতীশচন্দ্র সিনহা** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে। আপনি দেখবেন কনষ্টিটিউসন পড়ে এ ৪১এ লেখা আছে ডাইরেকটিভ প্রিন্সিপলস অফ দি কনষ্টিটিউসন, চ্যাপটার ফোরে আছে এও জানেন ৪২ সেকেণ্ড এ্যামেণ্ডমেণ্টে অনেক সময় বিবৃতি দিয়েছেন। যেখানে রাইট টু ওয়ার্ক ইন সার্টেন কেসেস আছে সেটাকে ফাণ্ডামেণ্টাল অগ্রাধিকার দেওয়া হয়েছে। এখানে রেজলিউসন আনা হয়েছে সর্বাপেক্ষা মর্মান্তিক বিষয় এই যে এটা হয়েছে কিনা জানি না, রাজ্যসভায় পেশ হয়েছে কিনা আমি জানি না, আইনে পরিণত হয়েছে কিনা জানিনা ডাইরেকটিভ প্রিন্সিপলস হোল চ্যাপটার ফোর এখানে যেটা প্রথম কনষ্টিটিউসন ভ্যালিড আছে তাতে সরকারের ফাণ্ডামেণ্টাল রাইটস, তাহলে স্যার,

এই কথা কি করে আসতে পারে? এটা সংবিধান বিরোধী বলে মনে করি। এই বিষয় আমরা বলতে চাইছি এই রেজলিউসন মুভ হতে পারে কিনা? এতে সংবিধানের অবমাননা করা হচ্ছে বলে মনে করি।

**শ্রীসন্দীপ দাস:** স্যার, সর্বসম্মতিক্রমে যদি ঐ মর্মান্তিক কথাটা বাদ দিলে ইউনানিমাস রেজলিউসন হয় তাহলে তা করার জন্য আমি অনুরোধ করছি।

**মিঃ ডেপুটি স্পীকার:** This is not a point of order. Now the mover may make his speech.

**Shri Abul Hassan:** डिपुटी स्पीकर स्यर, आप अच्छी तरह से जानते है और मारे हिन्दुस्तान के लोग भी जानते है कि हमारे मुल्क को आज आजाद हुए करीब तीस साल से ज्यादा हुआ है। मैं यह अच्छी तरह से जानता हूं, जहाँ तक मुझे याद पड़ता है, हमारे देश के नेताओं ने आजादी को पहले यह वादा किया था कि मुल्क के आजाद होने के बाद सारे हिन्दुस्तान के नौजवानों को काम करने का मौका दिया जायगा—सभी लोगों को काम का हक मिलेगा—देश का कोई पुरुष और नारी बेकार नहीं रहने पायेंगी। मगर बड़े अफसोस के साथ कहना पड़ता है कि हिन्दुस्तान के आजाद होने के बाद नौजवानो को नौकरी देने की बात तो दूर की रही, हम बेकारों की फौज बढ़ाने चले जा रहे है। मैं इन बेकारों की फौज को देखकर बहुत दुखी होता हूं।

इसलिए मैंने इस हाउस मे आपके मार्फत यह प्रस्ताव उठाया है। हमारे हिन्दुस्तान के संविधान मे,—हिन्दुस्तान के कानून मे सबको समान हक देने की बात है, सारे हिन्दुस्तान के लोगों को यह हक दिया गया है। यह हर हिन्दुस्तानी का पैदा इमी हक है। हर हिन्दुस्थानी पैदा होने के बाद जब यह नौजवान हो जायगा तो उसे काम मिलेगा। वह बेकार नही रहेगा। मगर आज हिन्दुस्तान की तसवीर देखी जाय तो देखने को मिलेगा कि हिन्दुस्तान में बेकारों की फौज बढ़ती चली जा रही है।

सारी दुनियाँ में पूजीबादी देशों में—शर्मायादार वरतानियाँ, अमेरिका, फ्रान्स वगैरह देशों में बेकारी की फौज है। मगर वहाँ बेकारों को बेकारी भत्ता मिलता है। हिन्दुस्तान के अन्दर सबसे पहले लेफ्ट फ्रान्ट की सरकार बनने के बाद उसने घोषणा की कि बेकारों को बेकारी भत्ता दिया जायगा। मैं दावे के साथ कह सकता हूँ कि उस बेकारी भत्ता से सबसे ज्यादा फायदा कांग्रेस के लोग ही उठा रहे हैं। इसकी वजह यह

है कि कांग्रेस के लोगों ने ही पहले से ही इम्प्लायमेन्ट इक्सचेन्ज में आपना नाम दर्ज करा रखा है। फिर भी मैं कहूँगा कि वह बाम-फ्रान्ट सरकार के लिए बड़े फिक्र बात है।

जनता पार्टी की सरकार बनने के बाद प्रधान मन्त्रीने वादा किया कि दस साल के अन्दर देश से बेकारी को दूर कर देंगे। मगर बड़े आफसोस के साथ कहना पड़ता है कि हमारे देश के प्रधान मंत्री किस तरीके से सारे हिन्दुस्तान की बेकारी दूर कर सकेंगे? मुझे तो समझ मे नहीं आता है की दस साल में हिन्दुस्तान की बेकारी दूर हो जायगी। दश साल के बाद कौन प्रधान मंत्री होगा, जनता पार्टी की सरकार सेन्ट्राल में रहेगी या नही? मैं तो बड़े दावे के साथ कर सकता हूँ कि कांग्रेज के जमाने में और यहाँ तक कि जनता पार्टी के शासन होने के वाद भी देश मे बेकारी बढ़ी है। मजदूरों की छटाई हुई है, पढ़े-लिखे लोग बेकार हुए है। कल कारखाने जनता सरकार के जमाने मे बन्ध होते जा रहे हैं। मैं तो कहुँगा कि नौजवानों की वेकारी की फौज बढ़ती जा रही है। इसके बावजूद प्रधानमंत्री का कहना है कि दस साल के अन्दर वेकारी दूर कर देंगे। दस साल मे क्यों, वेकारी तो तीन साल मे भी दूर हो सकती है।

हिन्दुस्ताने के संविधान मे—हिन्दुस्तान के कानून मे सबको हक दिया गया है कि असर सरकार सबको काम नही दे सकती है तो वेकारी भत्ता देगी। दुनियाँ मे बहुत से ऐसे समाजवादी देश है, जहाँ भूखमरी का नाही है। बिना खाये कोई नही मरता है। मगर आज हमारे देश के नौजवान एम० एल० ए०, एम० पी० और मिनिस्टरो के पास जाकर कहते हैं कि चाकरी दीजिए—चाकरी दीजिए—चाकरी दीजिए। समाजवादी देश चीन ने तीस-पैंतीस तक कड़ी मेहनत की है और उसका नतीजा यह हुआ कि आज वहाँ कोई भी वेकार नही हैं। कोरिया एक छोटा सा मुल्त है, वहाँ भी कोई बेकार नहीं है। अमेरिका के पास एक छोटा सा देश क्यूबा है, वहाँ का एक भी किसान जमीन के बेगैर बेकार नहीं है।

आपलोग जानते हैं कि मगर की बंगाल में कुछ दिनों के बाद यानि ५ जनवरी को चध-कल-सूताकल और इन्जिनियरिंग के मजदूर हड़ताल करने जा रहे है। इसकी वजह यह है कि कांग्रेस के जमाने में बहुत से श्रमिकों की नाजायज तौर पर छटाई कह दी गई थी। उनकी यह मांग वाजिब है कि जिन मजदूरों की छटाई की गई हैं, उनको फिर से काम पर लिया जायै। यह सवाल छोटा नहीं है। हमारा संविधान कहता सम्बिधान कहता हैं कि सबको काम दिया जाएगा और जिनको काम नहीं मिलेगा, उनको वेकारी भत्ता दिया जायगा।

इसलिए मैं उम्मीद करता हूँ कि हमारे रखे गये प्रस्ताव को तमाम मेम्बरोंने पास करके, मुझे शुक्रिया का मौका देंगे ।

[4-45—4-55 P.M.]

**Mr. Deputy Speaker :** I have received three amendments to the Resolution. All the amendments are in order. Shri Suniti Chattaraj will move his amendment and make a speech উনি নেই অতীশবাবুকে বোধহয় অথরিটি দিয়ে গেছেন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** এক জনের এমেণ্ডমেণ্ট আর একজন কি মুভ করতে পারে ? এই রকম কনভেনসান বোধ হয় নেই।

**শ্রীজ্যোতি বসু ঃ** আমার মনে হয় প্রভিসন হতে পারে যদি আপনি অনুমতি দেন।

**Mr. Deputy Speaker :** Mr. Abdin, let me quote Rule 173 (2). It states, "A member may, with the permission of the Speaker, authorise any other member, in whose name the same resolution stands lower in the list of business, to move it on his behelf, and the member so authorised may move it accordingly.

**Dr. Zainal Abedin :** But, Sir, you cannot allow any member to move any amendment on behalf of any other member. If I get the book of Kaul and Shakder I can show you the relevant portion রেজিলিউসান মুভ করতে পারে কিন্তু এ্যামেণ্ডমেণ্ট নয়।

**Shri Jyoti Basu :** Sir, it must not create any precedent. এটা দেখে নেওয়া ভালো।

**Shri Atish Chandra Sinha :** Subject to these, with your permission, Sir, I move the amendment.

মুখ্যমন্ত্রী যখন বললেন এটা প্রেসিডেন্ট হবে না তখন আপনার অনুমতি নিয়ে আমি মুভ করছি—এবং বলছি যে চতুর্থ লাইনে 'কোন' শব্দটা বাদ দেওয়া হোক। "বহু প্রতিশ্রুতি সত্বেও সমাজের মৌলিক পরিবর্তনের মাধ্যমে, এই ভয়াবহ বেকারী দূরীকরনের কোন বিধান ভারতের কোন যোজনাতেই করা হয় নাই"—এর সঙ্গে

আমরা একমত হতে পাচ্ছি না। এখন ৬ষ্ঠ যোজনা হতে চলেছে সুতরাং এর আগের সব যোজনাগুলিতে যাতে বেকারী সমস্যা সমাধান করা যায় তার ব্যবস্থা করা হয়েছে। বেকারী বাড়ছে কিনা সেটা অন্য কথা। কিন্তু ব্যবস্থা যে গ্রহণ করা হয় নি এই কথা বলা যায় না। সেইজন্য এই যে প্রস্তাব এসেছে তার চতুর্থ লাইনে "কোন বিধান" নেই এর 'কোন' এবং 'ভারতের কোন যোজনায় কোন' এই দুটি শব্দ বাদ দেওয়া হোক।

**Mr. Deputy Speaker :** Now, Shri Haripada Jana ( Bhagabanpur ) will move his on amendment and make his submission.

**শ্রীহরিপদ জানা ঃ** ( ভগবানপুর ) মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমার অ্যামেন্ডমেন্ট হচ্ছে "কিন্তু রাজ্য সভায় বিরোধী দলের সংখ্যাগরিষ্ঠতা থাকায় কেন্দ্রে জনতা সরকারের বিভিন্ন প্রগতিমূলক আইন ও সংবিধান সংশোধন বিল গৃহীত হওয়ার পক্ষে বাধাসৃষ্টি হইতেছে। তা-ছাড়া সংবিধান সংশোধন একটি সময় সাপেক্ষ ব্যাপার। এই সভা দুঃখের সঙ্গে লক্ষ্য করিতেছে যে রাজ্য সরকারের বেকার সমস্যা সমাধানে যতটা করনীয় ছিলো তাহা পালনে ব্যর্থ হইয়াছেন। অতএব এই সভা সিদ্ধান্ত গ্রহন করিতেছে যে সংবিধান সংশোধন না হওয়া পর্য্যন্ত রাজ্য সরকার যেন বেকার সমস্যা সমাধানে সার্বিক প্রচেষ্টা গ্রহণে উদ্যোগী হন।"

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আবুল হাসান মহাশয় যে রেজলিউসান আমাদের সামনে রেখেছেন তাতে ক্রম বর্ধমান বেকারী ভিত্তিতে একটা গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। সে সম্বন্ধে আমি একটা কথা বলতে চাই যে এই রেজলিউসান পড়ে আমার এটুকু মনে হচ্ছে আবুল হাসান সাহেব এমন একটা জিনিষ সৃষ্টি করেছেন তাতে পশ্চিমবঙ্গ সরকারের বেকার সমস্যা সমাধানে যে নীতিগত দায়িত্ব ছিল তার থেকে পলায়নের মনোবৃত্তির পরিচয় পাচ্ছি। পশ্চিমবঙ্গ সরকার বেকার সমস্যা সমাধানের ব্যাপারে নির্বিকার তাঁদের কোন দায়িত্ব নেই, এমন একটা বৈরাগ্যভাব নিয়েছেন যেন এই বেকার সমস্যার সমাধানের দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। এই রেজলিউসান পড়ে এটা ভাল করে বোঝা যাচ্ছে। আমি বলতে চাই এই বামফ্রন্ট সরকার আসার পর তাঁরা আমাদের কাছে যে কাজ করবার প্রতিশ্রুতি দিয়েছিলেন বেকার সমস্যা সমাধান করবার জন্য সেটা তাঁরা কতদূর করতে পেরেছেন, আর জনতা শাসিত যে গভর্ণমেন্ট আছে তাঁরা কি করতে পেরেছেন সেটা জানা দরকার। প্রত্যেক জনতা শাসিত রাজ্যে একটা অন্ত্যোদয় স্কীম নিয়েছেন, ১০টা করে ফ্যামিলিকে নিয়ে

একটা স্কীম করেছেন, সেখানে ৬ হাজার করে টাকা দিয়েছেন একটা ফ্যামিলিকে। সেখানে নগদ টাকা না দিয়ে মেটিরিয়ালস দিয়েছেন ৫০ পার্সেন্ট, আর গ্রান্ট দিয়েছেন ৫০ পার্সেন্ট ৮ বছর সুদযোগ্য ঋণে। ৪ পার্সেন্ট ইণ্টারেস্টে তাদের টাকা দেওয়া হয়েছে এবং সেই টাকায় মেটিরিয়াল কিনে গরু, ছাগল, টেলারিং মেশিন ইত্যাদির মাধ্যমে এই স্কীম তাঁরা চালু করেছেন। বিহারে ৬০ বছরের উপর বয়স্ক লোকেদের জন্য ওল্ড এর পেনসানের ব্যবস্থা করেছেন, ৩০ টাকা করে তাদের দিচ্ছেন। হরিয়ানা দিচ্ছে ৫০ টাকা করে। দিল্লীতে ৯০ কোটি টাকা স্মল স্কেল ইউনিটে ইনভেস্টমেণ্ট হয়েছে, এর মধ্যে ৫০ কোটি টাকা ইনভেস্টমেণ্ট করেছে গভর্ণমেণ্ট। সেই ইউনিটগুলি ১১শো কোটি টাকার দ্রব্য উৎপন্ন করে, তার মধ্যে ১০০ কোটি টাকার দ্রব্য দিল্লীর বাইরে বিক্রি হয় এবং সেই দ্রব্য পশ্চিমবাংলায়ও আসছে। সেই ইউনিটগুলির দ্রব্য বিক্রি হওয়ার ফলে দিল্লীতে জিনিসের দাম কমে যাচ্ছে এবং দেখা যাচ্ছে সেই জিনিসপত্র কলকাতার বাজারেও বিক্রি হচ্ছে। সেখানে ২॥ লক্ষ লোক কাজ পেয়েছে। আরো ৫০ কোটি টাকা তারা ইনভেস্ট করার জন্য চিন্তা করছেন, তাতেও ৩ লক্ষ লোকের কর্ম সংস্থানের ব্যবস্থা হবে। কেরালায় কংগ্রেস সরকার আছে, সেখানে তারা ৬০০ টাকার গ্যারাণ্টির দিচ্ছে আন এমপ্লয়েডকে, তারা অম্বর চরকা দিচ্ছে, সুতা কেটে সুতা বিক্রি করে তাদের সেল্‌ফ এমপ্লয়মেণ্টের ব্যবস্থা করে দিয়েছে। আমাদের এখানে ৫০ টাকা বেকার ভাতা দেওয়ার ব্যবস্থা হয়েছে। এতে কি লাভ হয়েছে? বেকারদের কাজে ব্যবস্থা করতে না পেরে তাদের ৫০ টাকা বেকার ভাতা দেওয়া মানে সেই টাকা জলে নিক্ষেপ করা ছাড়া আর কিছু নয়। তাই বলতে চাই আমাদের পশ্চিমবঙ্গে ডাল, তেল, মসলা, কাপড় ইত্যাদি বাইরে থেকে আসে, এইসব জিনিস যদি চলতে থাকে আর ৫০ টাকা ডোল দেওয়ার মত বেকার ভাতা দেওয়া হয় তাহলে আমরা ভাবতে পারি বেকার সমস্যা সমাধান করার যে নীতিগত দায়িত্ব প্রচেষ্টা থাকা উচিৎ তার থেকে তাঁরা অনেক দূরে সরে যাচ্ছেন। কেন্দ্র শুধু টাকা দেবে তবেই বেকার সমস্যার সমাধান হবে এটা কখনই সম্ভব নয়। বোম্বেতে দেখেছি সেখানকার সরকার যে টাকা দিচ্ছেন সেই টাকার বিনিময়ে কাজ করিয়ে নিচ্ছেন। এইভাবে দেখেছি বিভিন্ন জনতা শাসিত রাজ্যে। কেরালার মত কমিউনিষ্ট রাজ্যে তারা টাকা দিচ্ছে, উৎপাদনমুখী কাজের ব্যবস্থা করছে। আজকে শুধু আমাদের দেশে প্রায় ২৮ জন লোক উপার্জন করছে আর সেই উপার্জনের উপর ৭২ জন লোক খাওয়া-দাওয়া করছে। আজকে যদি সেই অবস্থা চলতে থাকে তাহলে আমরা কি করব—আজকে এগ্রিকালচারের ভেতর দিয়ে যেসব স্কীম আছে

সেগুলিকে যদি সার্বিক পরিকল্পনার মাধ্যমে রূপ দিতে পারি তাহলে বেকার সমস্যার সমাধান করতে পারব। আর একটা বলতে চাই ৬৭ পার্সেণ্ট লোক কৃষিতে কাজ করে, বাকি কৃষিতে কাজ করতে পারে না। ৬৭ পার্সেণ্ট চাষযোগ্য জমিতে যে কাজ হয় তারজন্য ৫৫ পার্সেণ্ট কাজ পায়, তার চেয়ে বেশী কাজ করতে পারে না। সেই লোকগুলির যদি বিকল্প কর্ম সংস্থানের ব্যবস্থা করতে পারি তাহলে বেকার সমস্যার সমাধান খানিকটা করতে পারব।

[4-55—5-05 P.M.]

এবং তাতে আমাদের বিভিন্ন রকম ব্যবস্থা থাকবে এবং তার মাধ্যমে কর্ম-সংস্থানের ব্যবস্থা হতে পারে। সেইজন্য আমি বলতে চাই কৃষি কার্যে যখন সকলকে কাজ দেওয়া সম্ভব নয় তখন যারা এর বাইরে থেকে তাদের কৃষিভিত্তিক এবং স্মল স্কেল ইনডাস্ট্রির মাধ্যমে যদি কাজ দিতে পারি তাহলে ভাল হয়। আমাদের পশ্চিমবাংলায় ধরুন, ৬১ পারসেণ্ট জমিতে চাষ হয়। এখন কথা হল এই সমস্ত জমিতে যে ফসল উৎপন্ন হয় তাতে আমরা যদি স্ট্র বোর্ড কারখানা করতে পারি তাহলে খুব ভাল হয়। ১টন স্ট্র বোর্ড তৈরী করতে ৮ হাজার টাকার মত লাগে এবং সেখানে আমরা ৫০ জন লোককে এমপ্লয়মেণ্ট দিতে পারি। কাজেই এরকম ছোট ছোট কারখানা তৈরী করে আমরা ক্ষুদ্র শিল্পের মাধ্যমে বহু লোককে কাজ দিতে পারি। আমাদের কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ সরকারকে যে সমস্ত কুটিরশিল্প স্থাপন করতে বলেছেন আপনারা সেটা স্থাপন করুন। আমাদের প্রধানমন্ত্রী যেটা বলেছেন সেইভাবে আমরা যদি পরিকল্পনা তৈরী করতে পারি তাহলে নিশ্চয়ই আমরা পশ্চিমবাংলায় এই যে ১৮ থেকে ৩০ লক্ষ বেকার রয়েছে তাদের কাজ দিতে পারব এবং যারা কৃষিকার্যের বাইরে রয়েছে তাদেরও কাজ দিতে পারব এবং তার ফলে আমাদের পশ্চিমবাংলা একটা সুন্দর পশ্চিমবাংলায় পরিণত হবে। কাজেই আপনারা এগিয়ে আসুন এবং এইভাবে পরিকল্পনাকরে আমরা এগিয়ে যাই।

**Dr. Zainal Abedin :** Sir, I beg to move that—

(i) in para 3, line 1, for the words **"সর্বাপেক্ষা মর্মান্তিক"** in words **"উল্লেখযোগ্য"** be substituted,

(ii) in para 4, line 2, the word **"সক্ষম"** be omitted,

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, একথা অস্বীকার কারর উপায় নেই যে আজকে বেকারী ভারতবর্ষে যতখানি তীব্র পশ্চিমবাংলায় সেটা অধিকতর তীব্র এবং

বিস্ময়। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, একটা দেশের সম্পদ হচ্ছে তার মানি, তার ফিজিক্যাল রিসোর্স এবং তার হিউম্যান পাওয়ার। একটা সমাজের অর্থনৈতিক পরিবর্তনে এই ৩টি সম্পদ কাজে লাগে। সি. পি. এম.-এর মাননীয় সদস্য আবুল হাসান যে প্রস্তাব উত্থাপন করেছেন ভারতবর্ষের ক্ষেত্রে সেটা কিঞ্চিৎ প্রযোজ্য হলেও পশ্চিমবাংলার ক্ষেত্রে এই বেকারী দুঃসহ এবং বিস্ময়। সরকার পক্ষ কি ভুলে গেলেন সেই বাংলা প্রবাদ বাক্য—চোরের মার ডাগর গলা? পশ্চিমবাংলার এই বেকারীর জন্য সি. পি. এম. তাদের দায়িত্ব অস্বীকার করতে পারে না। আমাদের দেশ যখন পরাধীন ছিল তখন দেশে বেকারী ছিল ঠিকই। স্বাধীনতার জন্য সারা ভারতবাসী যখন সংগ্রাম করছিল তখন বেকারী ছিল এবং সেইজন্যই জাতির জনক বাপুজী পথ নির্দেশ করে বলেছিলেন যে, আমাদের এই বিপুল জনসংখ্যার তুলনায় আমাদের ফিজিক্যাল এ্যাণ্ড মনিটারি রিসোর্স যখন কম তখন আমরা সকলের জন্য কাজের ব্যবস্থা করতে পারি একমাত্র এই ক্ষুদ্র এবং কুটির শিল্পের মাধ্যমে।

আমরা বেকারদের কাজের ব্যবস্থা করতে পারব কুটীর এবং ক্ষুদ্র শিল্প-এর মাধ্যমে, কংগ্রেস-এর পতাকায় তাই চরকাশোভিত হয়, কাস্তে হাতুরি শোভিত হয় না। মাননীয় ডেপুটী স্পীকার মহাশয় আজকে আমরা কি দেখছি স্বাধীনতার পর ১৯৫০ সালে ২৬শে জানুয়ারী আমরা সংবিধান গ্রহণ করলাম—রাইট ফর্ম ১৯৫১-৫২ আফটার দি ফাষ্ট জেনারেল ইলেকশান আমরা পঞ্চবার্ষিকী পরিকল্পনার মাধ্যমে আমরা দেশের অর্থ নৈতিক পুনর্গঠনের জন্য চেষ্টা করেছিলাম। পশ্চিমবঙ্গের জন্য প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনা ১৯৫১-৫২ ছিল ৭২ কোটী টাকা। গ্যাডগিল ফরমুলা অনুসারে দ্বিতীয় পরিকল্পনা সুরু হবার ৫ বছর পরে ৫৫-৫৬ সালে ১৫৬ কোটী এবং থার্ড পরিকল্পনা ৬১-৬২ সালে ৩০৫ কোটী টাকা এবং ভারতের পরিকল্পনার সঙ্গে সংগতিপূর্ণ ছিল এবং চতুর্থ পরিকল্পনার কার্যকাল ১৯৬৭-৬৮ সাল পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী আজকে জ্যোতি বসু মহাশয় সেদিন এদের পূর্বপুরুষ যুক্ত ফ্রন্টের অর্থমন্ত্রী ছিলেন, তিনি আজকে দিল্লীর বিরুদ্ধে কথা বলেন কিন্তু সেদিন ওঁরা সরকারে আসীন ছিলেন। মাননীয় জ্যোতি বসু মহাশয় সেদিন যুক্তফ্রন্টের আমলে যে পরিকল্পনার খসড়া রচিত হয় সেদিন ওরা দিল্লীতে ওরা বিকিয়ে দিয়ে এসেছিলেন পশ্চিমবাংলাকে যেখানে চতুর্থ পরিকল্পনা খাতে ৬১০ কোটি টাকা হওয়া উচিত ছিল যেখানে তারা মাত্র ৩১৭ কোটি টাকা পরিকল্পনা পেস করেছেন। তাহলে স্যার আমি বলতে চাই যে চতুর্থ পরিকল্পনায় যদি ৩০০ কোটি

টাকার বরাদ্দ কমে গিয়ে থাকে তাহলে পশ্চিমবাংলার ভয়াবহ বেকারী ঠিকই রূপ নিয়েছে। বেকারী আজকে কি ব্যাপক আপনি দেখতে পাচ্ছেন। শুধু তাই নয় আজকে পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলার গুরুতর অবনতি ঘটেছে। যারা শিল্পে লগ্নী করেন, ফিনান্সিয়াল ইনষ্টিটিউটস যারা শিল্পে অ্যাডভান্স করেন যেটাতে কলকারখানা গড়ে ওঠে তা হচ্ছে না। সরকারী চাকরী দিয়ে সবাইকে কাজ দিতে পারবেন না। এতে বেকারী দূর করতে পারা যাবে না। সেইজন্য আমরা কংগ্রেস সরকার, আমাদের কংগ্রেস সরকার একদিকে ল্যাণ্ড রিফর্মস অন্যদিকে কটেজ এ্যাণ্ড এ্যানসিলারী ইণ্ডাষ্ট্রির মাধ্যমে আমরা মানুষকে অল্প মূলধনে লেবার ইনটেনসিভ ইণ্ডাষ্ট্রি করবার দিকে মনোযোগ দিতে বলেছিলাম। কিন্তু সি. পি. এম.-এর ৬৭-৬৯ ভয়াবহ তাণ্ডব এবং ধ্বংসলীলা, হত্যালীলা, আইন-শৃঙ্খলার অবনতি এই যুক্তফ্রন্ট-এর আমলে বাংলায় কোন শিল্প প্রতিষ্ঠিত হয়নি। পশ্চিমবাংলায় সব শিল্প বন্ধ, তারা লগ্নী করেনি সেই সময়ে। আজকে আবার যখন এরা ক্ষমতায় এসেছে প্রতিশ্রুতি দিয়ে ৩৬ দফার কর্মসূচীর মধ্যে দিয়ে যে আমরা বেকার ভাতা দেবো না কাজ দেবো। এবং এখন যে তাণ্ডব শুরু হয়েছে প্রথম দু-এক মাস তারা সংযমী ছিল কিঞ্চিৎ কিন্তু আজকে তাদের ধ্বংসাত্বক রূপ এবং যে ধ্বংসলীলা এবং সুসংগঠিত হত্যালীলা ঘটিয়ে যাচ্ছে তার জন্যে পশ্চিমবাংলায় অর্থ বিনিয়োগ হচ্ছে না। কোন ফিনানসিয়াল ইনষ্টিটিউটরা লগ্নী করছে না। স্যার, আপনি জানেন যে বেকারীর জ্বালা দূর করতে গেলে হিউম্যান রিসোর্স দিয়ে ক্ষুদ্র শিল্পে এবং কুটির শিল্পের পুনর্গঠন করতে হবে। আমরা দেখেছি প্রশ্ন উত্তরকালে মুমূর্ষ ক্ষুদ্র ইণ্ডাষ্ট্রি তাদের র-মেটেরিয়াল দেওয়া যাচ্ছে না। যেখানে ইনস্টল ক্যাপাসিটি বেড়ে যাচ্ছে সেখানে র-মেটেরিয়াল সাপ্লাই হচ্ছে না এবং তাও পক্ষপাতমূলকভাবে সরবরাহ ও বণ্টন করা হচ্ছে।

[5-05 to 5-15 P.M.]

যাকে কেন্দ্র করে এ্যান্‌সিলিয়ারী ইনড্রাসট্রিজ গড়ে উঠে। তা হচ্ছে না তাই সরাসরি বন্ধুদের জিজ্ঞাসা করতে পারি যেখানে আপনারা হত্যালীলা, ধ্বংসলীলা, সুসংগঠিত করে চলেছেন পশ্চিমবাংলার বুকে, সেখানে আপনারা কি অস্বীকার করতে পারেন যে আপনাদের এই অপকর্মের জন্য, আপনাদের হিংসাশ্রয়ী কার্য্যকলাপের জন্য বাংলায় পুঁজি নিয়োগ হচ্ছে না? আমাদের ফিজিক্যাল রিসোর্সেস লিমিটেড, মানিটারী রিসোর্সেস লিমিটেড কিন্তু ভাস্ট হিউম্যান রিসোর্সেস রয়েছে। আপনারা দুমুখো নীতি অনুসরণ করে চলেছেন। তাই আমরা দেখছি

ভয়াবহ বন্যায় বাইরের কিছু সেবামূলক প্রতিষ্ঠান এসে যখন বন্যায় যাদের ঘরবাড়ী ভেসে গিয়েছে, তাদের বাড়ীঘর তৈরী করে দিতে চাইল, তখন ফরম্যান জারী করতে শুনলাম আলিমুদ্দিন ষ্ট্রীট থেকে যে তাদের তা করতে দেওয়া হবে না, তাদের প্যাটার্নে করতে দিতে হবে, মাল মশলা তাদের হাতে তুলে দিতে হবে।

( নয়েজ )

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই চামচিকেদের খেচামিচি বন্ধ না করলে পর কিছু বলা যাবে না। আমরা দেখলাম যেখানে ডোনেশন আসতে পারে, সেবামূলক প্রতিষ্ঠান, ভোলানটারী অর্গানাইজেশন দেশের এবং বিদেশের এসে এখানে ক্ষতিগ্রস্ত মানুষদের সাহায্য করতে পারে, আমরা দেখলাম এদের দলবাজীর জন্য, এদের ভণ্ডামির জন্য, ওঁরা আজকে থমকে দাঁড়িয়েছেন। আমরা ১৯৬৭ সালে দেখেছি, ১৯৬৯ সালে দেখেছি পরিকল্পনায় এঁরা মার খেয়েছেন, বাংলাকে মেরেছেন, ৪র্থ পরিকল্পনায় ৩১৭ কোটি টাকা খরচ হবে ধরা হয়েছিল সেই জায়গায় ইণ্টারমিডিয়েট পিরিয়াডে কংগ্রেস সরকার এসে সেখানে ১২৪৮ কোটি টাকার পরিকল্পনা করছিলেন, এঁদের এই অর্থ মন্ত্রীর দ্বারা পরিকল্পনার কলেবর বৃদ্ধি সম্ভব হবে না। আজকে প্রথম কথা হল প্রিকনডিশন, একটা দেশে লগ্নী করতে গেলে শিল্পে শান্তি স্থাপন করতে হবে। দ্বিতীয় কথা হচ্ছে ল্যাণ্ড সার্টেনিটি আনতে হবে, আইনের শাসন কায়েম করতে হবে, আইনের শাসন প্রতিষ্ঠা করতে হবে। আপনারা আইনের শাসন উড়িয়ে দিয়েছেন। পার্টির শাসন প্রবর্ত্তন করেছেন। তাই আজকে এই ভয়াবহ রূপ নিয়েছেন। যে রেজুলিউশন এনেছেন তাতে আমি পয়েণ্ট অব অর্ডার সাবমিট করেছি যে এই রিজোলিউশনের ভাষা আমরা গ্রহণ করতে পারছি না। কারণ এই রেজুলিউশন যা তাতে ইট ইজ এ রিফ্লেকশন অন দি কনষ্টিটিউশন। যে কনষ্টিটিউশনের প্রতি বিশ্বাস এবং আনুগত্য স্থাপন করে এই হাউসের কার্য্যভার গ্রহণ করেছি, সেটা পালন করা হচ্ছে না। দু নম্বর কথা একটা পার্টিজান আউটলুক নিয়ে, সি. পি. এম.-এর পরস্পর বিরোধী ভাষা এই রিজোলিউশনে রাখা হয়েছে। আপনি লাস্ট প্যারাতে দেখুন "অতএব এই সভা প্রস্তাব করিতেছে যে ভারতের সংবিধান সকলের জন্য কাজে-এর অধিকারকে মৌলিক অধিকারভুক্ত করা হউক", এই কথা বলে তারপর এখানে বলেছেন অপারেশনের বেলাতে--"সকল সক্ষম নাগরিক স্ত্রী, পুরুষ নির্বিশেষে যাহাতে কাজ পাইতে পারেন তাহার দিকে..." তাহলে ফিজিক্যাল হ্যাণ্ডিক্র্যাপ্ট যারা

তাদের সম্বন্ধে কি ব্যবস্থা হবে? আজকে এই কথা বলার মানে কি? এটা আপনার কাছে সরাসরি আমার জিজ্ঞাস্য। আপনাদের এই যে কনট্রাডিকশন, এটা পার্টির দিকে তাকিয়েই এই কনট্রাডিকশন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এর পরে লাস্ট বাট নট দি লিস্ট আমি দেখছি এঁরা প্রতিশ্রুতি পালন করতে গিয়ে,—যে প্রতিশ্রুতি নির্বাচনের সময় দিয়েছিলেন, বেকার ভাতা দিচ্ছেন, আমরা দেখছি কি বেকার ভাতা? একজন যুবক বি. এ. এম. এ পাশ, তাকে ৫০ টাকা করে মাসে দিচ্ছেন, কিজন্য দেওয়া হবে? ছয় টাকা চার আনা করে পাবে যদি সামাজিক কাজের দায়িত্ব পালন করে। কি সামজিক কাজ? সি. পি. এম.-এর লাল ঝাণ্ডা নিয়ে যদি তাদের মিছিলে যোগ দেয় এবং মাসে যদি আট দিন যোগ দেয়, তাহলে সে ৬ টাকা চার আনা করে পাবে। এটা তাদের অপমান করা কিনা তাই আমি জিজ্ঞাসা করি। আজকে মুখ্যমন্ত্রীর কিছুটা সম্বিত ফিরে এসেছে, তিনি চিন্তা করছেন এই বেকারভাতা প্রাপ্ত যুবকদের দিয়ে য়্যাডাল্ট এডুকেশন প্রোগ্রাম রিঅর্গানাইজ করা যায় কিনা, এই চিন্তা তাঁর মাথায় এসেছে। সেইজন্য আজকে ওঁদের বলি এই অপমান বন্ধ করুন। আজকে প্রথম কথা, material resource and monetary resources গুলিকে কাজে লাগিয়ে সংঘবদ্ধভাবে তার চেষ্টা করুন। আজকে বেকার ভাতার নামে দলবাজি বা মিছিল পরিচালনার স্বপ্ন বাতিল করে দিন, এই প্রোগ্রাম প্রত্যাহার করুন। আজকে বাংলাকে যদি পুনর্গঠণ করতে হয় তাহলে বাংলাকে হিংসা মুক্ত করে, হত্যা মুক্ত করে, রাহাজানি মুক্ত করে শান্তি স্থাপন করতে হবে, আইনের শাসন প্রতিষ্ঠা করতে হবে। last but not the least. কেন্দ্রের জনতা দলের সঙ্গে এদের পীরিত হয়েছে। আমরা তো বুঝি না, প্রতিক্রিয়াশীল আর বিপ্লবীদের কি করে মিলন হয়। তবুও আজকে পীরিত আপনাদের সঙ্গে। যে পীরিত বা প্রেম জন্মেছে বৈধই হোক আর অবৈধই হোক—এর প্রয়োগ করে বাংলার শিল্প ফিরিয়ে আনবার চেষ্টা করুন। বাংলার কুটির শিল্প বাংলার স্মল স্কেল ইনড্রাসষ্ট্রিস গড়ে তোলবার চেষ্টা করুন। আজকে বাংলার যে শিল্প আছে তাকে modernisation and capacity utilization-এর চেষ্টা করুন। সব করতে গেলে চাই বিদ্যুৎ। বিদ্যুতের যে অরাজকতা এসেছে সি. পি. এম.-এর পরিচালনায় আমরা কিন্তু ১৯৭২ থেকে ১৯৭৭ সালে বিদ্যুতের এই ব্যর্থতা বা বিফলতা দেখি নি। প্রথম কথা হচ্ছে ইনফ্রাষ্ট্রাকচারস তৈরী করতে হবে। ইনফ্রাষ্ট্রাকচারসের প্রথম প্রি-কনডিশান হচ্ছে ইলেট্রিসিটি। দলবাজী আজকে যদি

ইলেকট্রিক জেনারেটিং ষ্টেশান থেকে দূর না করেন তাহলে বিদ্যুৎ ১৯৭৬-৭৭ সালের লেভেলে নিয়ে যেতে পারবেন না। আজকে অস্বীকার করতে পারেন ১৯৭৬-৭৭ সালে যে জেনারেশন ছিল, আজকে সেই জেনারেশন নেই। শীতকালে আজকে লোড-শেডিং হচ্ছে। মোমবাতির কারখানা দিয়ে বিদ্যুৎ ঘাটতি মেটাবেন কি করে? আপনাদের এই ব্যর্থতা আছে। সেইজন্য নিন্দা করে আবুল হাসান সাহেবকে বলি, চোরের মার ডাঙ্গর গলা, চোরের মার ডাঙ্গর গলা। বাংলায় এই ভয়াবহ বেকারীদের জন্য দায়ী এই সি. পি. এম.। আমি প্রতিবাদ করি তাদের হিংসাশ্রয়ী, হত্যাশ্রয়ী রাজনীতির। লুণ্ঠন, রাহাজানি, হত্যা বন্ধ করুন। তাহলে বাংলায় বেকারী দূর হবে। কনস্ট্রাকটিভ প্রোগ্রামে আমরা সব সময় আছি—এই কথাই শুধু আপনাদের বলে যাই। থ্যাঙ্ক ইউ, স্যার।

**শ্রী হবিবুর রহমান:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় সদস্য শ্রী আবুল হাসান সাহেব আজকের এই সভায় যে চটকদারী প্রস্তাবটি এনেছেন, সেই প্রস্তাব সম্পর্কে কিছু বলতে গিয়ে প্রথমেই মনে পড়ছে একটা প্রবাদের কথা, ভূতের মুখে রাম নাম কি করে এলো। এইটা ভেবে আশ্চর্য্য লাগছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমরা একমত যে ভারতবর্ষে তথা পশ্চিমবঙ্গে যে বেকারী তা দুর্বিসহ এবং এই বেকারী দূর করা এখনই দরকার, অতি সত্বর দরকার। কিন্তু আজকের সরকার পরিকল্পিত উপায়ে সাকারকে বেকার করছে দিনের পর দিন। এই সরকারের পক্ষ থেকে তাই এই প্রস্তাব আসা আদৌও শোভনীয় নয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য ডাঃ আবেদিন অত্যন্ত মূল্যবান কথা বলে গেলেন। পশ্চিমবঙ্গ কৃষি প্রধান রাজ্য। আজকে তাই এখানে অধিকাংশ ব্যক্তিকেই কৃষিকাজে নিয়োজিত করতে হবে। কিন্তু আজকে কৃষিক্ষেত্রে সন্ত্রাসের রাজত্ব বিরাজ করছে। সেখানে মাঠে গিয়ে মানুষ যদি কাজ করতে না পারে, সেখানে যদি নূতন কর্মসংস্থান তৈরী করতে না পারা যায় তাহলে এই প্রস্তাব কতখানি কার্য্যকরী করতে পারবেন তা জানি না।

[5-15—5-25 P.M.]

তাহলে এই প্রস্তাব নিয়ে আপনারা তা কতখানি কার্যকরী করতে পারবেন তা ভাবা যাচ্ছে না। প্রতিদিন এই বিধানসভায় চীৎকার উঠছে এবং একাধিকবার মাননীয় সদস্যরা প্রস্তাব রাখছে যে কিভাবে এই বামফ্রণ্ট গোষ্ঠী দেশে সন্ত্রাসের সৃষ্টি করছে। লোড শেডিংয়ের জন্য বহু কলকারখানা বন্ধ থাকায় লক্ষ লক্ষ শ্রমিক যেখানে নিযুক্ত রয়েছে লক্ষ লক্ষ মানুষের ঘর সংসার যার উপর নির্ভর করছে তাদের

আজকে কি অবস্থা। আপনারাই সেখানে আন্দোলন সৃষ্টি করে কলকারখানা বন্ধ করে দিচ্ছেন। আজকে যারা কর্মে নিযুক্ত তারাই আজকে অকর্মণ্য হতে চলেছে সেখানে এই প্রস্তাবের কি দাম আছে। দিনের পর দিন উত্তরোত্তর লোডশেডিং বেড়েই চলেছে। এই বিদ্যুৎ সরবরাহ যদি না করতে পারেন তাহলে যে সমস্ত কলকারখানা চালু রয়েছে সেগুলি যদি চালু রাখতে না পারেন কলকারখানা যদি সংকুচিত করে নিয়ে আসেন তারপর কি করে আপনারা মুখে যে কথা বলছেন নূতন কর্মসংস্থান করতে পারবেন সেটা আমরা ভেবে পাচ্ছি না। আজকে সরকারী অফিসে চাকুরী দিয়ে বেকারী দূর করা যাবে না। বেকারী দূর করতে গেলে আমাদের এই কৃষি প্রধান দেশে কৃষির মাধ্যমে নূতন নূতন কর্মসংস্থান তৈরী করতে হবে সেখানে তাদের কর্ম দিতে হবে ছোট ছোট শিল্প তৈরী করে সেই সব শিল্পে কর্ম দিতে হবে। বর্তমানে যে শিল্প চলছে সেই শিল্পই চালু রাখার যাদের যোগ্যতা নাই সেখানে তারা কি করে নতুন শিল্প তৈরী করবেন এবং সেখানে কিভাবে কর্মসংস্থান আসতে পারে তা আমরা বুঝতে পারছি না। একাধারে বেকারত্ব বেড়ে চলেছে আর অন্য দিকে যারা কর্মে নিযুক্ত রয়েছে তাদের আপনারা বেকার করে দিচ্ছেন। আপনাদের এই প্রস্তাব অশোভনীয়। আজকে মাননীয় অতীশবাবু যে সংশোধনী প্রস্তাব এনেছেন সেটা আমি সমর্থন করছি। আপনারা যেখানে বলেছেন কোন বিধান করা হয় নি সেখানে অতীশবাবু তো বলেছেন যে অতীতে পঞ্চবার্ষিকী যা বাস্তবায়িত হয়েছে সেখানে বহু কর্মসংস্থানের ব্যবস্থা ছিল এবং তাতে ভারতবর্ষে তথা পশ্চিমবাংলায় বহু বেকার কাজ পেয়েছে বহু কর্মসংস্থান হয়েছে একথা অস্বীকার করলে চলবে না। আমাদের ভূতপূর্ব সরকার ৪২তম সংবিধান সংশোধন করেছিলেন এবং তাকে আপনারা কালা কানুন বলেছেন। কিন্তু তাতে রাইট অব ওয়ার্ককে অগ্রাধিকার দেওয়া হয়েছিল। তাই আজকে যে আপনারা ৪৫তম সংবিধান সংশোধন নিয়ে এসেছেন সেখানে ঐ ৪২তম সংশোধনের সবগুলি বাতিল করতে পারেন নি। কারণ তাতে অনেক ভাল ভাল কথা ছিল যেগুলি আপনারা বাদ দিতে পারেন নি। যদি আপনাদের ৪৫তম সংবিধান সংশোধন আইনে রাইট টু ওয়ার্ক-কে অগ্রাধিকার দেওয়া হয়ে থাকে তাহলে এই ধরণের প্রস্তাব নেওয়াটা চাটুকারী ছাড়া আর কিছুই নয়। আজকে আবেদিন সাহেব যে সংশোধনী প্রস্তাব এনেছেন তাকে আপনারা সমর্থন করে একটা সর্বসম্মত প্রস্তাব যদি পাশ করতে চান তাহলে ওনার ঐ সংশোধনী প্রস্তাব গ্রহণ করুন। আর একটি কথা ডাঃ আবেদিন সাহেব সংশোধনী প্রস্তাব ছাড়া আপনারা যে প্রস্তাব এনেছেন তাতে আমাদের সন্দেহ এই যে আপনারা আপনাদের দেয় প্রতিশ্রুতিই

রাখতে পারছেন তার উপর আবার এই প্রতিশ্রুতি কি করে রাখবেন তা বুঝতে পারছি না। আর একটি কথা বলবো বেকার ভাতার কথা বলেছেন। এটা আবার কিসের ভাতা? গত বাজেট আলোচনার সময় বলেছি যে এটা বেকার ভাতা না বলে ক্যাডার ভাতা বললেই তো ভাল হয়।

অতএব আমি আর বিস্তারিতভাবে বলছি না, এই সম্পর্কে ডাঃ জয়নাল আবেদিন বিস্তারিতভাবে বলেছেন। সত্যিকার কর্মসংস্থানের ব্যবস্থা করতে গেলে প্রথমে দেশে আইনশৃঙ্খলা ফিরিয়ে নিয়ে আসুন এবং কলকারখানা যাতে সুষ্ঠুভাবে চলতে পারে, ক্ষেত খামারে মানুষ যাতে শান্তিপূর্ণ উপায়ে কাজ করতে পারে সেদিকে লক্ষ্য রাখুন, এতে আর বেকার ভাতা লাগবে না, সবারই কাজের ব্যবস্থা করতে পারবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে সক্ষম নাগরিকদের কথা বলেছেন। তাহলে কি অক্ষম মানুষদের পশ্চিমবাংলায় বাস করার অধিকার নেই? সক্ষমদের জন্য এই প্রস্তাব এনেছেন, কিন্তু অক্ষম মানুষের জন্য কি ব্যবস্থা করতে চাইছেন, সেটা একটু ব্যাখ্যা করে বলবেন। কাজেই ঐ সক্ষম কথাটিকে বাদ দিয়ে সকল মানুষের কর্মসংস্থানের কথাটি সংযোজন করা হোক—এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুনাল বসু রায়:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সদস্য আবুল হাসান সাহেব যে প্রস্তাব এনেছেন, এটা শুধু যে সময়োচিত হয়েছে তাই নয়, এটা অত্যন্ত জরুরী ছিল। আমি মনে করি এই প্রস্তাব যদি আনা না হত তাহলে আমরা আমাদের দায়িত্ব এবং কর্তব্য পালন থেকে স্খলিত হতাম, ব্যর্থ হতাম সে বিষয়ে কোন সন্দেহ নেই। এখানে সংশোধনীর নাম করে মূল বক্তব্যকে যেভাবে জোলো করে দেবার চেষ্টা করা হয়েছে তাতে আমি বিস্ময় অনুভব করছি, কংগ্রেসের কথায় নয়—কারণ তারা যে ৩০ বছর ধরে পাপ করেছেন তার স্বীকৃতি নিশ্চয় চাইবেন না। কিন্তু জনতা পার্টির বন্ধুরা, যারা নিজেরা সমস্ত মানুষকে কাজ দেবার প্রতিশ্রুতি দিয়েছিলেন, তারা কেন এই প্রস্তাবে আপত্তি করছেন আমি বুঝতে পারছি না, এই ভাষণের মধ্যে কোথায় কি খুঁত আছে বের করার চেষ্টা করছেন বুঝতে পারছি না। আমরা আনন্দিত হতাম যদি জনতা পার্টির বন্ধুরা এই প্রস্তাবগুলি সমর্থন করতেন। সম্ভবতঃ আমাদের জনতা পার্টির বন্ধুদের জানা নেই, কংগ্রেসের সদস্যরা জানেন কিনা জানি না যে, ইতিমধ্যে ভারত সরকারের একটি দলিল বেরিয়েছে

ষষ্ঠ খসড়া যোজনা নামে—তাতে অনেক কথা আছে। তার মূল দৃষ্টিভঙ্গীর সঙ্গে আমাদের মিল নেই। কিন্তু তবুও তাতে যে সমস্ত স্বীকৃতি আছে গত ৩০ বছরে ভারতবর্ষের অর্থনৈতিক উন্নয়ন সম্পর্কে—সেই স্বীকৃতিগুলি যদি তারা পাঠ করতেন তাহলে এখানে নত মস্তকে দাঁড়িয়ে ভারতবর্ষের কোটি কোটি কর্মক্ষম যৌবনের কাছে দায়িত্ব, অপরাধ স্বীকার করতেন যে ৩০ বছর ধরে আমাদের প্রাক্তন সুরীরা যে অপরাধ করে গেছেন সেই অপরাধ স্খালনের জন্য আজকে আমরা এই উদ্যোগ গ্রহণ করছি এবং অনুরোধ করছি কেন্দ্রীয় জনতা পার্টির সরকার তারা যেন এই বিষয়ে উদ্যোগ গ্রহণ করেন। কিন্তু তারা তা তো করলেন না। আমাদের অভিজ্ঞতা কি বলছে? আমাদের অভিজ্ঞতায় আমরা দেখেছি গত ৩০ বছরে ভারতবর্ষে সরকারী স্বীকৃত বেকারের সংখ্যা ৫ কোটিরও বেশী। এই ৫ কোটি মানুষ ছাড়া আরো অনেক বেকার আছে। পূর্বেকার এই যোজনা দলিলে একটি নূতন হিসাব করা হয়েছে। এতদিন আমরা বেকার বলতে একটি গোটা মানুষকে বুঝতাম। এখন দেখা যাচ্ছে বেকারের হিসাব হচ্ছে পারসন ইয়ার—৯ মাসের মধ্যে দৈনিক ৮ ঘণ্টা করে যদি কেউ কাজ করে তাহলে যে ঘণ্টা হয় বছরে এটাই হচ্ছে পারসন ইয়ার—এখন এই পারসন ইয়ারে কনর্ভাট করা হয়েছে। সমস্ত বেকার মানুষের বেকারত্ব এর দ্বারা আণ্ডার এসটিমেট করা হয়েছে। ভারতবর্ষে কত কোটি যে বেকার আছে এটা আপনারা অস্বীকার করতে পারেন? ষষ্ঠ অর্থ কমিশনে প্রফেসর ল্যাবড়াওয়ালা যে রিপোর্ট দিয়েছেন, সেই হিসাবের সাথে ওরা কনট্রাডিক্ট করুন এবং তারপর মানুষের কাছে গিয়ে বলুন আমরা এই প্রস্তাবের জন্য বিরোধিতা করেছি। (ভয়েস: শ্রীপ্রবোধ চন্দ্র সিংহ—প্রস্তাবের বিরোধিতা করা হয় নি, রাইট টু ওয়ার্ক বলা হয়েছে।) ষষ্ঠ যোজনায় স্বীকার করা হয়েছে, এটা একটা ডকুমেন্ট, যে এত বেকার বেড়েছে কৃষি, শিল্প সহর এবং গ্রামে গ্রামে শতকরা ৪০ ভাগ লোক দারিদ্র্য সীমার নীচে বসবাস করে। কারণ কি?

[5-25—5-35 P.M.]

এর কারণ হচ্ছে, হাজার ভূমিসংস্কার পরিকল্পনা সত্বেও, হাজার ভূদান যজ্ঞ ইত্যাদি সত্বেও ভূমিতে কনসেনট্রেসান বেড়েছে, অল্প লোকের হাতে জমির পরিমাণ বেড়ে গিয়েছে। আমি তিনটি হিসাব দিচ্ছি যাতে দেখবেন আমাদের দেশের মানুষকে কিভাবে বিভ্রান্ত করা হয়। এখনে সারপ্লাস ল্যাণ্ডের ভিন্ন ভিন্ন হিসাব দেওয়া হয়েছে। একটা হচ্ছে, ১৯৭৭ সালের ৩১শে জুলাই-এর অবস্থা হচ্ছে জমির ক্ষেত্রে—এখানে অনুমিত বাড়তি জমি বলা হচ্ছে ৫·৩২ মিলিয়ান একরস আর কার্যতঃ বন্টিত ১·২৯

মিলিয়ান একরস। এরাই অন্যত্র হিসাব দিচ্ছেন—ন্যাশানাল স্যাম্পেল সার্ভে টুয়েনটি সিক্সথ রাউণ্ডে, তাতে বলা হচ্ছে, নীট বাড়তি জমি ২১·৫১ মিলিয়ান একর এবং আর একটা হিসাবে বলা হচ্ছে বাড়তি জমি হচ্ছে ৮·৩৭ মিলিয়ান একর। তাহলে কোন্‌টা ঠিক? কাজেই এই অবস্থায় আমাদের বুঝতে অসুবিধা হয় না যে জমি চুরিটা আমাদের দেশে কি প্রচণ্ডভাবে হচ্ছে। এটা আমাদের দেশেই সম্ভব। আপনারা ষ্টেট্‌সম্যান পড়বেন ৭ই ডিসেম্বরের, তাতে বিহারের বেগুসরাই-এর বাজিতপুর সম্পর্কে শেষ প্যারাতে যে কথা বলা হয়েছে সেটা হচ্ছে, The Bajitpur incident had nothing to do with the backward-forward controversy. It was an attack by the powerful on weak the land lords on the landless and the rich on the poor, whatever be the reasons. Bihar continues to be feudal in outlook. আমাদের দেশের বেকারের বেশীর ভাগ অংশ - প্রায় শতকরা ৭৪ ভাগ—মাত্র ৭টি রাজ্যে কেন্দ্রীভূত এবং তারমধ্যে পশ্চিমবাংলা অন্যতম। পশ্চিমবাংলা ছাড়া বিহার, কেরালা, তামিলনাড়ু, মহারাষ্ট্র ইত্যাদি রাজ্য রয়েছে। একমাত্র কেরলেই রয়েছে ২৫ পারসেণ্ট বেকার। আর আমাদের পশ্চিমবাংলায় বেকারের হিসাব দেবার তো কোন প্রয়োজন নেই কারণ প্রাত্যহিক পারিবারিক জীবনে ঘরে বাইরে আত্মীয়স্বজনের মধ্যে সবত্রই আমরা সেটা প্রত্যক্ষ করছি। যেখানেই যাই সেখানেই শুনতে পাই কাজ নেই কেন—কাজ পাচ্ছি না কেন ইত্যাদি। আমাদের দেশে শিল্পের প্রচণ্ড বিকাশ হয়েছে বলা হচ্ছে—বলা হচ্ছে গত ২৭ বছরের পরিকল্পনায় শিল্পের নাকি দারুণ অগ্রগতি হয়েছে এবং আমরা নাকি পৃথিবীতে এই ব্যাপারে খুব বড় একটা জায়গা দখল করেছি। কিন্তু তার পরিণতি কি হয়েছে? আমাদের দেশের শিল্প আমাদের দেশের মানুষকে কাজ যোগাতে পারে না, কাজ থেকে তাদের বার করে দিয়েছে। স্যার, ১৯৫২ থেকে ১৯৬২ সালের মধ্যে একমাত্র চটকলেই ৫০ হাজার শ্রমিক ছাঁটাই হয়েছে—২৪ হাজার নারী এবং ২৬ হাজার পুরুষ শ্রমিক। একে কি বলব অগ্রগতি হয়েছে? একে কি বলব কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে? একে কি বলব সবাই-এর কাজ পাওয়ার প্রতিশ্রুতি পালিত হয়েছে? স্যার, আমাদের দেশের কোটি কোটি মানুষ স্বাধীনতার স্বপ্ন দেখেছিল এবং তারা ভেবেছিল অন্ন বস্ত্রের সংস্থান হবে, তারা কাজ পাবে কিছু আয় হবে কিন্তু তাদের সেই স্বপ্ন ভঙ্গ হয়েছে, যে প্রতিশ্রুতি তাদের দেওয়া হয়েছিল ভঙ্গ করা হয়েছে। তাহলে একে কি বলা হবে ভারতবর্ষের প্রত্যেক নাগরিকের মৌলিক অধিকার স্বীকৃত হয়েছে? তাহলে প্রশ্ন এগুলি হয়নি কেন? ভারতবর্ষের জমিদার, জোতদার শ্রেণী তারা এইসব কাজ জেনেশুনেই করেছেন। তারা এইসব কথা সংবিধানের

মধ্যে অন্তর্ভুক্ত করতে ভুলে গিয়েছেন তা নয়, তারা সজ্ঞানেই এগুলি সংবিধানের মধ্যে অন্তর্ভুক্ত করেন নি—ভারতবর্ষের সকল সক্ষম নাগরিকের কাজের অধিকার আছে এই স্বীকৃতি তারা দেন নি। এই স্বীকৃতি তারা দেন নি কারণ তা যদি তারা দিতেন তাহলে কারখানা বন্ধ করে শ্রমিক ছাঁটাই করা যায় না, কৃষককে জমি থেকে উচ্ছেদ করা যায় না, বেলচির ঘটনা ঘটানো যায় না এবং ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে যেভাবে ক্ষেতমজুরদের এবং বর্গাদারদের উচ্ছেদ করা হচ্ছে তা করা যায় না। ওদের যদি এই স্বীকৃতি দেবার ইচ্ছা থাকতো তাহলে গত বছর ভূমিসংস্কার সংশোধন যেটা পাশ করেছিলেন কই তাকে তো ঐ নবম সিডিউলের অন্তর্ভুক্ত করা হ'ল না? তাকে রাষ্ট্রপতির সম্মতি দিতে অনেক দেরী হল, যার ভিতর দিয়ে ভূমিহীন কৃষক, বর্গাদার, ক্ষেতমজুর, এদের কিছুটা স্বার্থ রক্ষা করতে আমরা পারতাম। আজকে আইন শৃঙ্খলার নাম করে ঐ গ্রামের নিপীড়িত মানুষ, তাদের অধিকার রক্ষা করার জন্য, তাদের ফসল ভাগের জন্য, মজুরীর জন্য, যে সমস্ত সরকারী খাসজমি যাঁরা দখল করে বসে আছে, সেই সমস্ত জমিগুলি কৃষকদের মধ্যে বন্টিত হোক সরকারী নিয়ম অনুযায়ী, এর বিরোধিতা যাঁরা করেছেন, তাঁদের বিরোধিতার দৃষ্টিভঙ্গী থেকে আজকে এই প্রস্তাবের বিরোধিতা করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আপনার মাধ্যমে এই কথা জানাতে চাই যে আজকে ভারতবর্ষের মানুষের কাছে, সমস্ত নরনারীর কাছে, সমস্ত কর্মক্ষম মানুষের কাছে যদি আমাদের প্রতিশ্রুতি রক্ষা করতে হয় তাহলে প্রাথমিক সহজ এবং সরল যে কাজ সেটা দিয়ে শুরু করতে হবে। সকল নাগরিককে কাজের অধিকার দেওয়া যেটা আমাদের প্রস্তাবে বলা হয়েছে সেই ব্যবস্থা আমাদের করতে হবে। যাতে সমস্ত মানুষ কাজ পায়, যাতে আমাদের দেশের উৎপাদন-এর অগ্রগতি হয় সেই চেষ্টা করতে হবে। কর্মহীন হলে মানুষ অলস হয়ে পড়ে এবং এতে মৃত্যুর দিকে ঠেলে দেওয়া হয়। তার বিপরীত দিকে এইটুকু আমাদের প্রতিশ্রুতি দিতে হবে যে সমস্ত মানুষকে কাজ দিতে হবে এবং যতদিন কাজ দেওয়া না যায়, আজকে হোক আর কালই হোক, কাজ যদি না দেওয়া যায় তাহলে অন্ততঃ পক্ষে সেই মানুষগুলি যাতে অসৎপথে, সমাজবিরোধী পথে তাদের স্বীকার না হয় তার জন্য ন্যূনপক্ষে যতটুকু সম্ভব বর্তমান সংগতিতে বিবেচনা করে এই বেকারভাতার এই স্বীকৃতি দিতে হবে। তাঁদের প্রতি যে দায়িত্ব আমাদের আছে, সেই দায়িত্ব আমরা ভুলে যাইনি, যতদিন না দিতে পারছি, সরকার পক্ষে যতটুকু করা সম্ভব ততটুকু আমরা করলাম। কিন্তু কাজ তাঁদের আমরা দেব, কাজের ব্যবস্থা করতে হবে এবং সে জন্য আমাদের সমাজের সমস্ত কাঠামোর পরিবর্তন করতে হবে, মৌলিক

অর্থনীতির মধ্যে আনতে হবে। শিল্প যেভাবে কেন্দ্রীভূত হয়েছে তাকে ভাঙ্গতে হবে এবং একটা গণতান্ত্রিক দেশে সমস্ত অর্থনৈতিক বিকাশ যেভাবে হতে পারে, মানুষের উপকার, মানুষের হিতার্থে সেই ভাবে অর্থনৈতিক পরিকল্পনাকে, যোজনাকে পুনর্বিন্যাস করতে হবে। আমি পুনরায় এই প্রস্তাবকে সম্পূর্ণরূপে সমর্থন করছি এবং যাঁরা সংশোধনী এনেছেন সেগুলির প্রত্যেকটির বিরোধিতা করছি। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমধু ব্যানার্জী:** মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, মাননীয় সদস্য শ্রীআবুল হাসান মহাশয় এখানে যে প্রস্তাব এনেছেন, এই প্রস্তাবকে সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। বিগতদিনে যখন ভারতবর্ষে সাম্রাজ্যবাদী শাসন ব্যবস্থা ছিল, সেদিন যখন ভারতবর্ষের জনসাধারণ, ভারতবর্ষের শ্রমিক, কৃষক এবং যুব সমাজ সংগ্রামের পথে নেমেছিলেন, সেদিনও তাঁরা স্বাভাবিক আশা করেছিলেন যে ভারতবর্ষ স্বাধীন হবার পরে এমন ধরণের সমাজ গড়ে উঠবে যে সমাজে যুবকদের, সাধারণ মানুষের কর্ম ব্যবস্থা থাকবে। কিন্তু দুর্ভাগ্যের সঙ্গে লক্ষ্য করা যায় যে স্বাধীনতার পরে যাঁরা ক্ষমতায় এলেন, দীর্ঘ ৩০ বছর তাঁরা ভারতবর্ষের শাসন ক্ষমতায় থাকা সত্বেও তাঁরা জাতীয় মুক্তির সংগ্রামের সময়ে জনসাধারণের সামনে, শ্রমিকের সামনে, কৃষকের সামনে, যুবসমাজের সামনে যে প্রতিজ্ঞা রেখেছিলেন সেই প্রতিজ্ঞা তাঁরা বিস্মিত হলেন। আপনি জানেন যে বিগত দিনে নেতাজী সুভাষ চন্দ্র বসু,—১৯৩৭ সালে হরিপুরাতে যখন জাতীয় পরিকল্পনা কমিশন হয়, পণ্ডিত নেহেরুকে সভাপতি এবং ডঃ মেঘনাদ সাহাকে সম্পাদক করে জাতীয় পরিকল্পনা কমিশন রচনা হয়েছিল। তাছাড়া আমরা দেখলাম যে স্বাধীন ভারতবর্ষে যখন প্লানিং কমিশন হল তারপর দেখা গেল যে একটানা প্লানিং কমিশনের মধ্যে দিয়ে ভারতবর্ষে নূতন করে শোসনের ধারা বজায় রাখা হল। একের পর এক পরিকল্পনা হয়েছে—প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনা, দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা, তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা, চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনা, পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনা।

[ 5-35 – 5-45 P.M. ]

পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনা হয়েছে। আমরা লক্ষ্য করেছি সেই পরিকল্পনার মধ্যে সাধারণ মানুষের জন্য, যুবকদের জন্য—এই যে বেকার সমস্যা দূর করার জন্য কোন সার্থক পদক্ষেপ নেওয়া হয়নি। আমরা লক্ষ্য করলাম তারা গত ৩০ বছর ধরে ক্ষমতায় থেকে একচেটিয়া পুঁজিপতিদের এজেন্ট

হিসাবে ভারতবর্ষে কাজ করে গেছেন। তাই তারা ভারতবর্ষের অর্থনীতি যাতে জনগণের কল্যাণের দিকে লক্ষ্য রেখে হয়, সমাজবাদী অর্থনীতি হিসাবে গড়ে ওঠে সেদিকে লক্ষ্য না দিয়ে তারা পরিকল্পনাগুলো গড়ে তুলেছিলেন এমনভাবে যাতে জনগণের অংশ গ্রহণের কোন অধিকার থাকল না। জনগণের কল্যাণের দিকে লক্ষ্য দেওয়া হল না। পরিকল্পনাগুলি কেবল একচেটিয়া পুঁজিপতিদের স্বার্থ রক্ষার দিকে নজর দিয়ে করা হল। এই পরিকল্পনা করার সময় গ্রামের কৃষকদের মধ্যে যে ভূমি সংস্কার করা প্রয়োজন ছিল, গ্রামীন অর্থনীতিকে পুনরুজ্জীবিত করার যে প্রয়োজন ছিল সেদিকে তারা লক্ষ্য দিলেন না, তারা ভূমি সংস্কারের নামে গ্রামের কৃষি অর্থনীতিকে বিকশিত না করে সামন্ততান্ত্রিক প্রথাকে জিইয়ে রাখার চেষ্টা করলেন যদিও তারা মাঝে মাঝে কিছু কিছু ভূমি সংস্কার আইনের কথা বলেন কিন্তু আমরা দেখলাম—আজকে তারা যখন বলেন কেন এত বেকার সমস্যা হয়েছে - এই বেকার সমস্যার জন্য গত ৩০ বছর ধরে কংগ্রেসীরা যে ক্ষমতায় ছিলেন তারা গ্রামীন অর্থনীতি পুনরুজ্জীবনের ব্যবস্থা করেন নি, গ্রামীন অর্থনীতিককে সংশোধিত করার চেষ্টা করেন নি, জমিদার, জোতদারদের শোষণ, মহাজনদের শোষণকে জিইয়ে রেখেছেন যার ফলে দেখা গেছে ভূমি সংস্কারের নামে, ভূদানযজ্ঞের নামে গ্রামগুলোকে পুনর্গঠন না করে গ্রামীন অর্থনীতিকে তারা বিকশিত করার চেষ্টা করেন নি। গ্রামে সামন্ততান্ত্রিক অর্থনীতি যে জের সেই জেরকে তারা জিইয়ে রাখার চেষ্টা করেছেন। কৃষকরা যখন আন্দোলন করেছে, ক্ষেত মজুররা যখন লড়াই সংগ্রাম করেছে তখন আমরা দেখেছি গত ৩০ বছর ধরে কংগ্রেসীরা অত্যাচার চালিয়ে এসেছেন—দমন নীতি করেছেন। গ্রামকে তারা সংস্কার করার কোন চেষ্টা করেন নি। আমরা শিল্পের ক্ষেত্রে দেখেছি বেকার সমস্যার সমাধানের দিকে লক্ষ্য রেখে যে সমস্ত ভারি শিল্প গড়ে উঠল সেই সমস্ত ভারি শিল্পের সঙ্গে এ্যানিসিলিয়ারি ইণ্ডাষ্ট্রি যেসব গড়ে ওঠা উচিত যাতে কাজের বোঝা না বাড়ে, শিল্পের ন্যাশনালাইজেসন না হয়, কিন্তু আমরা লক্ষ্য করলাম তারা এমন ভাবে শিল্প বিকশিত করতে লাগলেন একচেটিয়া পুঁজিপতিদের স্বার্থের দিকে লক্ষ্য রেখে যাতে সাধারণ মানুষের স্বার্থ রক্ষিত হল না এবং যুবকদের স্বার্থের দিকে লক্ষ্য রাখা হলো না। বিশেষ করে পশ্চিমবাংলায় একচেটিয়া পুঁজিপতিরা প্রচণ্ডভাবে চেষ্টা করলো যাতে শিল্পের ক্ষেত্রে পুনর্গঠন না হয়। আমরা পশ্চিমবাংলায় দেখেছি কিভাবে উপেক্ষিত হয়েছে। কংগ্রেসী আমলে গত ৩০ বছর ধরে, এখানে যখন উপযুক্ত বিদ্যুৎ কেন্দ্র গঠন করার কথা বলা হয়েছে তখন দেখা গেছে ভারতবর্ষের অন্যান্য

রাজ্যে যদিও অনেক বিদ্যুৎ কেন্দ্র বেশী করা হয়েছে, পশ্চিমবাংলায় বিদ্যুৎ কেন্দ্র গড়ে তোলার দিকে বারবার কেন্দ্র উপেক্ষা করেছে। আমরা লক্ষ্য করেছি কংগ্রেসীদের উপেক্ষা, আমরা দেখেছি তারা পরিকল্পিত ভাবে ষড়যন্ত্র করেছে এবং তারা বুঝেছিলেন পশ্চিমবাংলার মানুষ, তারা বামফ্রন্টের সঙ্গে আছে, গণতান্ত্রিক চেতনা সম্পন্ন আছে, তাই তারা পশ্চিমবাংলায় আজকে এই বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর বেকারদের সম্বন্ধে যে সামান্য পদক্ষেপ নেওয়া হলো— এই বেকার ভাতা, তাতেও সময় লাগানো হয়েছে। তবু আজকে এই কথা বলবো, আজকে মাননীয় সদস্য আবুল হাসান মহাশয় যে প্রস্তাব এনেছেন, এই প্রস্তাবের একটা দিক আমরা জানি মৌলিক পরিবর্তন যতক্ষণ পর্য্যন্ত না ভারতবর্ষের হচ্ছে, সমাজতান্ত্রিক সমাজ ব্যবস্থা যতক্ষণ পর্য্যন্ত না গড়ে উঠবে, যতক্ষণ পর্য্যন্ত না শোষণ হীন সমাজ গড়ে উঠবে, যেমন পৃথিবীর অন্যান্য সমাজতান্ত্রিক রাষ্ট্রে তারা সমাজ গড়ে তুলেছে, বেকার সমস্যার সমাধান করেছে, সেই পথে, তবু আজকে আমাদের এই যে প্রস্তাব, এটা খুবই সময়োপোযোগী হয়েছে, এই বলে এই প্রস্তাবকে আমি সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker :** Honourable members according to the time fixed by the Business Advisory Committee the discussion of this particular resolution should be completed by 5.45 p.m. I find that some more time is required to dispose of this resolution. Therefore, under rule 290 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I seek the sense of the House for increasing the time of the House by half an hour. I think the House agrees to it.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, রেজুলিউসনের টাইম বাড়াবার কোন প্রিসিডেন্ট নেই, কোনও কনভেনসন নেই। তবে আপনি করতে পারেন। কিন্তু কনভেনসন নেই, এটাই শুধু আপনাকে মনে করিয়ে দিচ্ছি।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** I am fully aware of the convention. কিন্তু যেহেতু এই রেজুলিউসনের উপর আরো অনেক বক্তা বক্তৃতা করবেন সেই জন্য আমার কাছে কোনও অল্টারনেটিভ নেই। একটাই মাত্র অল্টারনেটিভ হচ্ছে অতীশবাবুর টাইম কেটে নেওয়া। কিন্তু আমি ওঁর টাইম কাটতে চাই না। সেই জন্য টাইম হাফ্ এ্যান আওয়ার বাড়াতে চাইছি। আমি টাইম আধ ঘণ্টা এক্সটেনসন

**করছি, আশা করি আপনারা রাজী আছেন। The time is extended by half an hour.**

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস:** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আবুল হাসান সাহেব যে বে-সরকারী প্রস্তাব উত্থাপন করেছেন তা আমি সমর্থন করছি এবং সঙ্গে সঙ্গে আজকে ভারতবর্ষে শিক্ষিত এবং গ্রামীণ যে ভয়াবহ বেকার সমস্যার সৃষ্টি হয়েছে সেই প্রসঙ্গে কয়েকটি কথা বলতে চাইছি। ১৯৫১ সাল থেকে যে পঞ্চবার্ষিকী যোজনাগুলি গড়ে তোলা হয়েছিল, পূর্বতন কংগ্রেস সরকার করেছিল সেই পরিকল্পনা গুলির মধ্যে মূলতঃ যে ত্রুটি ছিল, যে দুর্বলতা ছিল তার জন্যই স্বাধীনতার ৩০ বছর পরেও বেকার সমস্যা ভয়াবহরূপ ধারণ করেছে। যাঁরা পরিকল্পনা রচয়িতা তাঁরা আশা করেছিলেন যে, তাঁদের পরিকল্পনার দ্বারা ন্যাশনাল ইনকাম বাড়বে এবং পারক্যাপিটা ইনকামও বাড়বে। তাঁরা আশা করেছিলেন ন্যাশনাল ইনকাম বাড়ানোর ফলে কর্মসংস্থানের সুযোগও বৃদ্ধি পাবে এবং পার ক্যাপিটা ইনকাম বাড়ার ফলে রুরাল বা গ্রামীণ যে দারিদ্র্য তা উপকৃত হবে। এই দৃষ্টিভঙ্গী তাঁরা গ্রহণ করেছিলেন। কিন্তু স্যার, আমরা দেখেছি ৩০ বছরে জাতীয় আয় বেড়েছে, মাথাপিছু আয় বেড়েছে, কিন্তু তা সত্ত্বেও ভারতবর্ষের শতকরা ৭০ ভাগ মানুষ দারিদ্র্যসীমার নীচে বাস করছে। ১২ কোটি মানুষ রিডাণ্ডেন্ট, অর্থাৎ উদ্বৃত্ত হয়েছে লক্ষ লক্ষ বেকার সৃষ্টি হয়েছে। এর কারণ যাঁরা পরিকল্পনা রচনা করেছিলেন তাঁরা যে সমাজ ব্যবস্থার যে রাষ্ট্রব্যবস্থার ব্যবস্থা করেছিলেন, যে রাষ্ট্রব্যবস্থা গড়ে তুলতে চেয়েছিলেন, সেটা হচ্ছে একটি ধনতান্ত্রিক রাষ্ট্র ব্যবস্থা। সেই ধনতান্ত্রিক রাষ্ট্র ব্যবস্থার ভিত্তিই তাঁরা রচনা করেছেন, যদিও তাঁরা মুখবন্ধে বললেন কর্মসংস্থানের ব্যবস্থা ব্যাপক করতে হবে ইত্যাদি। কার্যত তা হয়নি। ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের দেশে যে বেকার সমস্যা ভয়াবহ-রূপ ধারণ করবে সে সম্পর্কে আমি এখানে ফাইনানসিয়াল এক্সপ্রেস থেকে একটা উদ্ধৃতি দিতে চাই, The problem of rural unemployment by V. P. Patra. তিনি একটা জায়গায় বলছেন যে, কি ভয়াবহ অবস্থার মধ্যে আমরা চলছি, কিভাবে জনসংখ্যা এবং বেকার সমস্যা বৃদ্ধি পাচ্ছে এই প্রসঙ্গেই বলতে গিয়ে তিনি বলছেন, **Our population in 1974 was 580 milion and in 1986 it will be 705 million, i.e. an increase of 125 million people. Similarly, the total labour force which was 188 million in 1974 will go up to 273 million in 1986, adding 65 million in people to the existing labour force. The means while population grows by 21 per cent, labour force grows by 35 per cent because of the present age structure.**

[5-45—5-55 P.M.]

আমরা অদূর অবিষ্যতে কি ভয়াবহ পরিস্থিতির দিকে যাচ্ছি সেই কথাটা বলার জন্যই এটা উদ্ধৃতি দিলাম। আমাদের প্রধানমন্ত্রী শ্রীমোরারজী দেশাই যদিও বলেছেন যে ১০ বছরের মধ্যে বেকার সমস্যার সমাধান করবেন কিন্তু আমার মনে হয় তা পারবেন না। কারণ যে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে সেই পরিকল্পনায় বেকার সমস্যার সমাধানের ক্ষেত্রে যে প্রেজেন্ট এজ স্ট্রাকচার ৪৫·২৬ ইন টারমস অফ ম্যান ইয়ারস তিনি ধরেছেন, এটা তিনি পূরণ করতে পারবেন না। তিনি ষষ্ঠ যোজনা যেটা শুরু হতে যাচ্ছে সেই ষষ্ঠ যোজনায় এই কথা বলেছেন। কিন্তু আমি একটি কথা বলতে চাইছি যে ইকোনমিক টাইমস-এর এডিটরিয়ালে লিখেছে যে, কিভাবে আন-এমপ্লয়মেন্ট বাড়বে। সুতরাং মোরারজী দেশাই যে কথা বলতে চাইছেন যে বেকার সমস্যা ১০ বছরে সমাধান করবেন—এটা বাস্তবে সম্ভব হবে না। কারণ পরিসংখ্যানে এই কথা স্পষ্ট করে বুঝিয়ে দিয়েছে। ঠিক স্বাভাবিক ভাবেই এই পরিবেশের মধ্যে কেন্দ্রের কাছে আবুল হাসান সাহেব যে প্রস্তাব রেখেছেন তাকে আমি সমর্থন করছি। এই বিপুল বেকার যুবক গ্রামে এবং শহরে যেভাবে বেড়ে যাচ্ছে তারজন্য এই প্রস্তাবটিকে আমাদের সমর্থন করতে হবে। কারণ employment seekers during the 6th plan perio( would cress 59 million mark. এই ব্যাপারে আমাদের ব্যবস্থা নিতে হবে রাইট টু এমপ্লয়মেন্ট এই সুযোগ দিতে হবে। কারণ তা যদি না হয়— আজকে সামাজিক অবস্থা যা থেকে গেছে এই সামাজিক শান্তি বিঘ্নিত হবে সামাজিক ভারসাম্য ভেঙ্গে যাবে। যদিও রাজনৈতিক দৃষ্টি-কোণ থেকে বেকা: ভাতাকে সমর্থন করা যায় না কিন্তু বাস্তব অবস্থার মধ্যে লক্ষ লক্ষ বেকার যুব: তাদের চলার সামান্য পাথেয়টুকু দিয়েছি—সেই দৃষ্টিকোণ থেকে বেকার ভাতাবে সমর্থন করা যায়। আজকে বেকার ভাতার জন্য টাকা বরাদ্দর মধ্য দিয়ে ে বিপদ আছে সেই সম্পর্কে সকলেরই সচেতন হওয়া দরকার। একটা রিপো৷ দেখছিলাম--রিপোর্ট অফ দি কমিটি অন এমপ্লয়মেন্ট তাতে বি. ভগবতী নেতৃত্বে ছিলেন। তাতে বলছে—যদি ৩০ টাকা হারে বেকার ভাতা দিতে হয় তাহলে বছরে ৩৬০ কোটি টাকা লাগে আর ৫০ টাকা হারে যদি বেকার ভাতা দিতে দেওয়া হয় তাহলে ৭০০ থেকে ৮০০ কোটি টাকা লেগে যাবে। সুতরাং এট আমরা খুব স্বাভাবিক ভাবেই বুঝি আর অনুৎপাদন যদি বেশী টাকা বরাদ করা যায় স্বভাবতঃই অর্থনীতির ক্ষেত্রে প্রচণ্ড ধাক্কা খাবে। কিন্তু তা সত্ত্বে হাজার হাজার লক্ষ লক্ষ বেকার যুবকের মুখের দিকে তাকিয়ে এটার সমর্থ

দিতে হবে, দাবি করতে হবে কেন্দ্রের কাছে। সেদিনের কথা আমরা ভুলে যায়নি, সেই ১৯৬৯ সালের পরবর্তী পর্যায়ে যখন আমরা দেখেছিলাম—নকসাল পন্থীর রাজনীতির নামে যারা নিম্ন মধ্যবিত্তের সন্তান তারা পেটিবুর্জোয়াস, ফাংসানালিজম এবং রোমানটিসিজম-এর যে জীবন যন্ত্রণা সেই যন্ত্রণাগুলি থেকে অব্যাহতি পাওয়ার জন্য অতি বিপ্লবীর রাজনীতির দিকে ঝুকে পড়েছিল। আজকে গ্রামে এবং শহরে বেকার বেড়ে যাচ্ছে। আমরা যদি এদের নিরসনের পথ না দেখাতে পারি তাহলে নিসন্দেহে এ কথা বলা যায় যে নিম্ন মধ্যবিত্তের মানসিকতা থেকে জাত যে রাজনীতি সেই রাজনীতি আমাদের সামাজিক সমস্যা, প্রগতিশীল রাজনীতি, গণতান্ত্রিক আন্দোলন এবং শ্রেণীগত লড়াইয়ের যে পথ সেই পথে বাধা সৃষ্টি করবে।

তাই যে কথাটা বলেছিলাম, যে আজকে সংবিধান মানুষের জন্য, সংবিধান ভারতবর্ষের নিপীড়িত, লাঞ্ছিত, শোষিত, দরিদ্র মানুষদের জন্য। এই মানুষদের জন্য যদি সংবিধানের ধারা পরিবর্তন করার দরকার হয় তাহলে সেই পরিবর্তন আমাদের আনতে হবে। মানুষের কল্যাণের জন্য যদি সংবিধান হয় তাহলে সংবিধান পরিবর্তন করতে হবে। রাজ্যসভায় জনতা বন্ধুরা বলেছেন সেখানে কংগ্রেসের লোকেরা সংখ্যা গরিষ্ঠ আছেন তাঁরা সেখানে বাঁধা সৃষ্টি করতে পারেন, তাহলে বেকারভাতা বাধ্যতা-মূলক করতে হবে এবং তা করার জন্য কেন্দ্রের কাছে আমরা দাবী রাখছি, বাঁধা সৃষ্টি করলে গোটা দেশকে কংগ্রেসের বিরুদ্ধে রাজনৈতিক প্রচারে নামতে হবে। ভূতপূর্ব শব্দটি—ভূতের সঙ্গে বাস করে যে অবস্থা হয়েছে তাতেই এই শব্দটি হয়েছে, যিনি এই শব্দটি রচনা করেছিলেন শব্দটির মধ্যেই তাঁর রসবত্তার পরিচয় পাওয়া যাচ্ছে। সেই ভূতপূর্ব কংগ্রেসের অস্তিত্ব আজ বিপন্ন হতে বসেছে। তাই নানা অজুহাতে আবুল হাসান সাহেবের প্রস্তাবিত বেকার যুবকদের জন্য রাইট টু এমপ্লয়মেন্টের যে প্রস্তাব আমি আশা করব সর্বসম্মতভাবে এই প্রস্তাব সভাতে গৃহীত হবে এবং বিরোধী পক্ষের বন্ধুরা উদ্দেশ্যপ্রোণোদিত হয়ে যে প্রস্তাব এ্যামেণ্ড করেছেন তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীদেবপ্রসাদ সরকার:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যে প্রস্তাব এখানে এনেছেন সেই প্রস্তাবের মূলে তিনটি বিষয় আছে। একটি হচ্ছে যে ভারতবর্ষে প্রত্যেককে কাজের অধিকার দিতে হবে এবং এটা সংবিধানের ফাণ্ডামেণ্টাল রাইটস, মৌলিক অধিকারের অন্তর্ভুক্ত করতে হবে এবং দ্বিতীয় রাইট টু ওয়ার্কটিকে এমনি ভাবে যোজনা বা পরিকল্পনার মধ্যে গ্রহণ করতে হবে, যাতে করে সকলের কাজ হতে পারে। তৃতীয়, যতদিন এটা না পারা যায় ততদিন বেকার ভাতা

দিতে হবে। এই তিনটি দাবী কেন্দ্রীয় সরকারের কাছে রাখা হয়েছে। এই প্রস্তাবে আপত্তি করার নিশ্চয়ই কিছু নেই—কিন্তু প্রস্তাবটি যে সীমাবদ্ধতার দিকে সেটা নিশ্চয়ই এখানে আলোচ্য বিষয়। এখানে ভারতবর্ষের ক্রমবর্ধমান বেকার সমস্যা সমাধান সম্পর্কে উদ্বেগ প্রকাশ করা হয়েছে এবং তার সমাধানের উপায় এই প্রস্তাবের মধ্যে দিয়ে বদলাবার চেষ্টা করা হয়েছে। কিন্তু আমার আপনাদের কাছে প্রশ্ন—আপনারা কি মনে করেন সংবিধানের এই ফাণ্ডামেন্টাল রাইটস এই যদি তালিকাভুক্ত হয় তাহলে ভারতবর্ষের বেকার সমস্যার সমাধান হবে? অন্ততঃ যাঁরা মার্কসবাদে বিশ্বাস করেন তাঁদের কাছেই এটা আমার নিবেদন। বেকার সমস্যার মূল কারণটা কি? মার্কসবাদের ইতিহাসের কথা বলেন অথচ প্রস্তাবগুলি সরকার যখন নিতে গেলেন তখন তার সঙ্গে সম্পর্ক থাকবে না তা হয় না। ফলে যে বেকার সমস্যা সেই বেকার সমস্যা সমাধানের মূল কারণটা প্রস্তাবের মধ্যে নিহিত থাকা উচিত ছিল। এটা সকলেই স্বীকার করেন যে পুঁজিবাদী সমাজ ব্যবস্থার জন্যই এই বেকার সমস্যা। কারণ কনকমিট্যান্ট ইভিল এ্যাণ্ড ইনভিটেবল এফেকট অফ ক্যাপিটালিজম এটা অস্বীকার করবার উপায় নেই। আজকে এই জন্যই সকলে সঙ্কটে ভুগছে, সঙ্কটগ্রস্ত হয়ে পড়ছে। কোন পুঁজিবাদী দেশে বেকার সমস্যার সমাধান করা সম্ভব? পুঁজিবাদী ব্যবস্থাকে এ্যাজ ইট ইজ রেখে সম্ভব নয়। এই জিনিষ কাজে আসবে না। বাজারের উপর উৎপাদন নির্ভর করছে, শিল্পপতিদের হাতে বাজার থাকার ফলে আজকে ক্রাইসিস ইন ক্যাপিটালিজম হয়ে যাচ্ছে। সেখানে দেখা যাচ্ছে বাজার ক্রমান্বয়িক সঙ্কুচিত হয়ে পড়ছে। ভারতবর্ষের পুঁজিবাদ ব্যবস্থার ফলে ক্রমান্বয়ে সাধারণ মানুষ সঙ্কুচিত হয়ে পড়ছে। শতকরা ৭০ জন মানুষ দারিদ্র সীমার নীচে বাস করে। ইনটারন্যাশনাল মার্কেটে দেখা যাচ্ছে যে ওভার প্রোডাকশান—অধিক উৎপাদন সঙ্কটে ভুগছে। তাই বিভিন্ন কলকারখানায় লক আউট, লে অফ হচ্ছে। এই তিনটি বেকার সমস্যার কারণ। আমাদের আজকার জনতা, কংগ্রেস, সি. পি. এম. সকলে মিলে এই সংবিধানের মৌলিক পরিবর্তন করে সমাধান করতে হবে এবং মন্ত্রীমহাশয়দের এদিকে নজর দেওয়া উচিত।

[5-55—6-05 P.M.]

মার্কসবাদের নাম করে এই সব জিনিস আমদানী করা হয়েছে। কিন্তু সংবিধানে এই জিনিস সন্নিবেশিত করে মূল সমস্যার সমাধান হবে না। বেকার সমস্যার যদি সমাধান করতে হয় তাহলে পুঁজিবাদের বিরুদ্ধে সংগ্রাম করতে হবে। বামফ্রন্ট

বলে যারা দাবী করেন তাঁদের এই সত্যটা উপলব্ধি করতে হবে। আমরা দেখছি যে প্রস্তাবে সেসব কিছু নেই। মূল সমস্যার কথা দেশের মানুষের কাছে তুলে ধরা হয়নি। বরং একটা হোপস একটা ইলিউসান তাঁরা তৈরী করেছেন এই বলে যে সংবিধান পরিবর্ত্তন করতে হবে। মার্কসবাদ চিন্তাধারা থেকে মূল সমস্যাকে ব্যাক গ্রাউণ্ডে রেখে যদি এই প্রস্তাব আসতো তাহলে হতো। তারপর রাইট টু ওয়ার্ক সম্বন্ধে বলতে চাই আমার প্রশ্ন হচ্ছে ওয়ারকারদের রাইট এ্যাসাট করা সম্বন্ধে তাঁরা কি খুব উদ্বিগ্ন ? তা যদি হতো তাহলে বর্ত্তমান সংবিধানের মধ্যে যে টুকু রিলিফ শ্রমিকদের দেওয়া আছে সেটা কি রাজ্য সরকার দিয়েছেন ? আমরা দেখেছি কংগ্রেস রাজত্বে যেভাবে মালিকরা শ্রমিকদের উপর চাপ দিতো বর্ত্তমান সরকারও সেই জিনিষ করছেন। এর ফলে লক আউট, লে অফ, ছাঁটাই হচ্ছে এবং রাজ্য সরকার সেখানে দর্শক। আজকে ট্রেক্স ট্রাইল ইণ্ডাস্ট্রি, ইঞ্জিনিয়ারিং ইণ্ডাস্ট্রি জয়, উষা প্রভৃতি জায়গায় এই সব জিনিষ হচ্ছে। এর ফলে আমরা দেখছি ট্রাইবুনালের এ্যাওয়ার্ড মালিক ভঙ্গ করেছে— সরকার কোন ব্যবস্থাই মালিকদের বিরুদ্ধে গ্রহণ করছেন না। ফলে ওয়ারকারদের রাইট সরকার এ্যাসাট করছেন না। এক দিকে বলছেন রাইট টু ওয়ার্ক আর একদিকে বলছেন রাইট টু এ্যাসাট। তখন শ্রমিকরা সংগঠিত আন্দোলনের পথে যখন যাচ্ছে তখন গভঃ এর এ্যাটিচুড লেবার মুভমেণ্টের প্রতি অত্যন্ত দুঃখজনক। ন্যায় সঙ্গত শ্রমিক আন্দোলনকে এই সরকারের সময় দমন করা হচ্ছে। সাঁওতালদি বিদ্যুৎ প্রকল্পে ধর্মঘটি শ্রমিকদের উপর কিভাবে পুলিসী নির্যাতন হয়েছে সে কথা সকলের জানা আছে। কোলাঘাট থার্মাল প্লান্ট করার সময় সেখানকার হাজার হাজার মানুষ যারা বাস্তুচ্যুত হয়েছিলো তাদের কাছে বিগত সরকারের প্রতিশ্রুতি ছিলো যে প্রত্যেক ফ্যামেলির একজন করে চাকরী পাবে। কিন্তু পূর্বতন সরকারের মত এই সরকারও এই প্রতিশ্রুতি লঙ্ঘন করেছেন। এর বিরুদ্ধে এই সমস্ত লোকেরা যখন আন্দোলন করেছে তাদের এই ন্যায় সঙ্গত দাবীকে ফ্রাসট্রেড করার জন্য এই সরকার পুলিশ দিয়ে তা দমন করেছে। আমি নিজে এর প্রত্যক্ষদর্শী ছিলাম। সেখানে তারা একটা কনভেসান ডেকে ছিলো—কিন্তু সেই কনভেনসান থেকে পুলিশ ৫ জনকে ধরে নিয়ে যায়। পুলিশ অফিসারকে থানায় বললাম আপনি এদের পার্সোনাল বণ্ডে মুক্তি দিন—কিন্তু তা হলো না। এই সমস্ত জিনিষ হচ্ছে। সুতরাং এক দিকে রাইট টু ওয়ার্ক রেজেলিউসান নেবো—আর অন্য দিকে এ্যাটিচুড হবে অন্য রকম তাহলে কোনটাই সফল হবে না। অর্থাৎ ওয়ারকারদের রাইট যদি এ্যাসাট করতে চান তাহলে শ্রমিক আন্দোলনকে সাহায্য

করার মধ্য দিয়ে আপনারা এটা প্রমান করুন। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

ডঃ অশোক মিত্র: মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, মাননীয় সদস্য আবুল হাসান যে প্রস্তাব এনেছেন রাজ্য সরকারের পক্ষ থেকে আমি তাকে সমর্থন করছি। তিনি দুটো বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেছেন সে বিষয়ে সংবিধানে লেখা আছে। সংবিধানে ডায়রেকটিভ প্রিন্সিপ্যাল ৪১তে পরিস্কার লেখা আছে—

Right to work, to education and to public assistance in certain cases. The State shall, within the limits of its economic capacity and development, make effective provision for securing the right to work, to education and to public assistance in cases of unemployment, old age, sickness and disablement. and in other cases of undeserved want.

সুতরাং দাবীটা নূতন কিছু নয়। আমাদের দেশ স্বাধীন হবার পর যখন সংবিধান রচনা করা হয় তখন এই সম্বন্ধে চিন্তা করা হয়েছিল। কিন্তু সেখানে তফাৎ হয়ে গেছে তা হচ্ছে একটা ডায়রেকটিভ প্রিন্সিপ্যাল ছিলো যাতে রাষ্ট্র শক্তিকে নির্দেশ দেওয়া হয়েছিলো কিন্তু মৌলিক অধিকারকে নির্দেশ করা হয়নি। সুতরাং গত ৩০ বছর ধরে এই নির্দেশ মানা হয় নি। এটা যে প্রস্তাবে আছে সেই জিনিষটাই হচ্ছে মৌলিক অধিকারের ভেতর এটা অন্তরভুক্ত করা হোক। দেশে যারা নিজের প্রতিভার ভিত্তিতে কাজ করতে চাচ্ছে তারা কাজ পাচ্ছে না। মৌলিক অধিকার দেওয়া হোক যে তাদের কাজ দেওয়া হবে—এবং যতদিন তা না হচ্ছে ততদিন রাষ্ট্র কর্তৃক একটা সাহায্যের ব্যবস্থা করা হোক। আমরা এটা সমর্থন করছি এই জন্য যে, রাষ্ট্রের উপর একটা চাপ সৃষ্টি করা দরকার। একটু আগে দেবপ্রসাদ বাবু যেটা বললেন তার সঙ্গে আমি একমত যে কেন কাজ দিতে পারছি না। এক কোটি ২০ লক্ষের মত বেকারকে আমরা কাজ দিতে পাচ্ছি না। প্রস্তাবক এবং আরো অনেকেই এই কথা বলেছেন। এর কারণ হচ্ছে আমাদের সম্পত্তি ব্যবস্থা, উপার্জন ব্যবস্থা এবং উৎপাদন ব্যবস্থা। সামান্য মুষ্টিমেয় কয়েক সংখ্যক লোক সমস্ত সম্পত্তি নিয়ে বসে আছে—এবং উৎপাদন ব্যবস্থাকে কবজা করে বসে আছে। দেশের ৮০/৮৫ ভাগ মানুষের কোন উপার্জন ক্ষমতা নেই—তারা কোন জিনিষ কিনতে পারে না। ভারতবর্ষ এত বড় দেশ তার জিনিসের কোন চাহিদা নেই। তার কারণ অধিকাংশ লোকই গরীব।

[6-05—6-15 P.M.]

কারণ, আমাদের সম্পত্তির ব্যবস্থা নেই, আমাদের উপার্জনের ব্যবস্থা নেই। ব্যবস্থাগুলি পাল্টাতে হবে, আমরা বলতে পারি না, আমরা ভারতবর্ষের এক কোনে বসে আছি, যথেষ্ট রাজনৈতিক ক্ষমতা আমাদের নেই। সুতরাং চাপ সৃষ্টি করতে হবে কেন্দ্রীয় শক্তির উপর। কি করে চাপ সৃষ্টি করব—যদি বলি হ্যাঁ কাজ দিতে হবে, এটা মৌলিক অধিকারভুক্ত, তখন কেন্দ্রীয় সরকারকে ভাবতে হবে কেন কাজ দিতে পারছি না। যদি কাজ দিতে না পারেন তাহলে সাহায্য দিতে হবে এবং সাহায্য দিতে হলে সরকারকে অর্থের সংস্থান করতে হবে। কাজ সৃষ্টি করতে হলে সরকারকে ভাবতে হবে কেন কাজ সৃষ্টি হচ্ছে না, কোথায় গলদ। গলদ কোথায়, না, বণ্টন ব্যবস্থায়। এই বণ্টন ব্যবস্থাকে নিয়ে রাষ্ট্র শক্তি বিচার করতে পারবে গলদ কোথায়। আমি এমন কোন ভ্রান্তি বিলাসী নই যে যদি পশ্চিমবঙ্গ বিধানসভা একটা প্রস্তাব পাশ করে তাহলে পুরো কাঠামোটা পাল্টে যাবে। তা যদি হত তাহলে ভারতবর্ষের ইতিহাস অন্য রকম লেখা হত। কিন্তু এইভাবে যদি একটু একটু করে বলি যে সচেতন হোন, কেন কাজ সৃষ্টি হচ্ছে না, কেন এই রকম হচ্ছে তাহলে তাঁরা ভাববেন গলদটা কোথায়। যাঁদের বেশীরভাগ মালিকানা, জমিদার, জোতদার, পুঁজিপতি, তাঁরা নিজেদের থেকে এগিয়ে এসে নতুন করে কর্ম সংস্থানের ব্যবস্থা করবেন না। কারণ, তাঁরা মুনাফা দেখেন, বিদেশে কিছু রপ্তানি করে যে মুনাফা হয় তাতে তাঁরা সন্তুষ্ট। কিন্তু তাঁরা জানেন যদি উৎপাদন বাড়াতে হয়, কর্ম সংস্থান বাড়াতে হয় তাহলে দেশের সাধারণ মানুষের চাহিদা বাড়াতে হবে, তাহলে তাদের ধন বণ্টনের ব্যবস্থা করতে হবে, তাতে তাঁদের গায়ে আঘাত লাগবে। সেজন্য সেটা তাঁরা করবেন না। তাই আবুল হাসানের প্রস্তাবে এসেছে যোজনার বয়ান পাল্টাতে হবে, রাষ্ট্র কর্তৃক অধিকতর উৎপাদনের ব্যবস্থা করতে হবে, যোজনাকে সম্প্রসারিত করতে হবে, এটা করতে পারলে কিছু বাড়তি কাজ সৃষ্টি করতে পারব। আর একটা কথা বলা প্রয়োজন সেটা হচ্ছে যতদিন বেকার আছে দেশে ততদিন বেকারদের জন্য দায়িত্ব রাষ্ট্র শক্তির নিশ্চয়ই, কিছুটা এই সমাজ ব্যবস্থার, কিছুটা অর্থনৈতিক কাঠামোর, কিন্তু সেই দায়িত্বের একটা দায়ভাগ পুঁজিপতিদের, জমিদার-জোতদারদের। সুতরাং তাদের উপর চাপ সৃষ্টি করতে হবে। আপনার মনে আছে ৭ বছর আগে ভারত সরকার কর্ম সংস্থান অনুসন্ধান কমিটি নিয়োগ করেছিলেন, সেখানে আমি একটা প্রস্তাব রেখেছিলাম এই যে আমরা সকলে বেকারদের অর্থ সাহায্যের কথা বলছি সেই প্রয়োজনীয় অর্থের কিছুটা কেন্দ্রীয়

সরকার দেবেন, কিছুটা রাজ্য সরকার দেবেন, তার পাশাপাশি বড় বড় কোম্পানীর মুনাফার একটা অংশ কেটে নিয়ে বেকারদের সাহায্যের জন্য যে ভাণ্ডার তৈরী হবে সেই ভাণ্ডারে তুলে দিতে হবে। জমিদার-জোতদারদের উপর আলাদা করে একটা বাড়তি কর বসিয়ে সেই সংগৃহীত কর তার সঙ্গে যুক্ত করতে হবে। সেজন্য ওদের চাপ সৃষ্টি করা প্রয়োজন। আমি আর একবার বলছি আমাদের কাঠামো পাল্টাতে হবে, কাঠামো পাল্টাতে না পারলে এই অবস্থা থেকে উদ্ধারের উপায় নেই। যতদিন পর্যন্ত না যোজনা মারফত কাজের সংস্থান বাড়াতে পারি ততদিন পর্যন্ত এই অবস্থা থেকে মুক্তি নেই। একটা কথা বলা হয়েছে যে পশ্চিমবঙ্গে আপনারা কি করেছেন, একথার জবাব দেওয়া প্রয়োজন। পশ্চিমবঙ্গের সমস্যাকে গোটা ভারতবর্ষের সমস্যা থেকে আলাদা করে দেখা যায় না। কারণ, বাজার গোটা ভারতবর্ষের। গোটা ভারতবর্ষের সমস্যার সঙ্গে জড়িয়ে পশ্চিমবঙ্গের সমস্যাকে দেখতে হবে। এটা স্বীকার করে নেওয়া ভাল যতদিন পর্যন্ত গোটা দেশের কাঠামো না পাল্টাচ্ছে পশ্চিমবঙ্গে অন্তত: শিল্পের ক্ষেত্রে বেশী করতে পারব না। কারণ, এখানে কিছুটা বাড়লে ওখানে কিছুটা কমবে, আবার ওখানে কিছুটা বাড়লে এখানে কিছুটা কমবে। পাঞ্জাব, হরিয়ানা থেকে যদি কিছুটা এখানে নিয়ে আসি তাহলে পশ্চিমবঙ্গে কিছুটা বাড়বে, কিন্তু ওখানে কিছুটা কমবে। ১৯৫৬ সালে কেন্দ্রীয় সরকার একটা সিদ্ধান্ত নিয়েছেন যে গোটা ভারতবর্ষে ইস্পাত, লোহা, কয়লা একটা দামে বিক্রি হবে। এখানে যাঁরা রাজ্য চালনা করছিলেন তাঁরা তখন তার প্রতিবাদ করেন নি। সেই যে আমাদের একটা অর্থনৈতিক সুবিধা কেড়ে নেওয়া হল তার পরিবর্তে আমরা কিছু পেলাম না।

কাজেই এই জিনিস আমাদের ভাবতে হবে। এটা ভেবে আমাদের যেটা করা উচিত সেটা হচ্ছে আমরা যদি গ্রামাঞ্চলে শ্রেণী বিন্যাস পাল্টাতে পারি এবং গরীবদের জন্য একটু বাড়তি উপার্জনের ব্যবস্থা করতে পারি বিশেষ করে গ্রামবাংলায় তাহলে খুব ভাল হয় এবং সেই ব্যবস্থা আমাদের করতে হবে। আমরা চেষ্টা করছি গ্রামবাংলার বেকারদের যাতে কাজ দিতে পারি এবং সেইজন্য আমাদের গ্রামে এই যে নূতন করে সমাজ বিন্যাসের কাজ চলছে সেটা আমাদের থাকবে। একথা বলে মাননীয় সদস্য আবুল হাসানের প্রস্তাব সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Abul Hassan :** मोहतरिम डिपटी स्पीकार सर, जवाब देना तो बहुत ज्यादा था, मगर टाइम शार्ट होने की वजह से थोड़ाही बोलूँगा। हमारे विपक्ष के मोहतरिम

मेम्बरोंने जिन्होंने सारे मुल्क में बेकारों की फौज पैदा कर दी है, आज इस हाइस में तरह-तरह के सवाल उठाये हैं। हमारे मोहतरीम मेम्बर जनाब हबिबुल रहमान साहब को शायद मालुम नहीं है कि कांग्रेसी राज्य होने के पहले से यानि मुल्क जब आजाद नही हुआ था उस समय से बंगाल की सबसे बड़ी सम्पत्ति जूट मिल था। चटकलों मे उन दिनों तकरीबन साढ़े तीन लाख लोग काम करते थे। अब घटते-घटते उनकी संख्या एक लाख अस्सी हजार पर ठहरी है। यह बेकारों की फौज किसके घर मे गई ? एक तरफ मुल्क में बेकारी फौज बढ़ती जा रही है और दूसरी तरफ एक चेटिया पूँजीपतियों ने अपनी पूँजी बढ़ाई है। मजदूरों के लिए और काम बढ़ना चाहिए था, मगर उनको छटाई कर दी गई। कांग्रेस सरकार मे जमाने में शर्मायादारों ने अपनी पूँजी बढ़ाने की चेष्टा की और मजदूरों पर वर्कलोड बढता गया। खेत-मजदूर और पढ़े-लिखे लोग कल-कारखानों के मजदूर बेकार होते गए।

एमर्जेन्सी के जमाने में जब इन्दिरा गाँधी प्राइम मिनिस्टार थी, उन्होंने कहा था कि देश में बेकारी दूर करूँगी। मगर उन्हीं के आशीर्वाद से चटकल के अस्सी-हजार मजदूर बेकार हो गए। हिन्दुस्तान मोटर का कारखाना जो एसिया का सबसे बड़ा कारखाना है, जहाँ एम्बसडर गाड़ी तैयार होती है वहाँ कांग्रेस के जमाने मै यहां के लेवर मिनिस्टर श्रीगोपाल दास की मेहरवानी से पाँच हजार मजदूरों की छटाई हुई और उनको बेकार कर दिया गया। कांग्रेस के जमाने मे तो बेकारी बढ़ी ही, मगर जनता गवर्नमेन्ट के जमाने मे और भी ज्यादा बेकारी बढ़ी है।

हमारे मोहतरिम मेम्बर जनाब आबेदिन साहबने कानून का सहारा लिया। मगर हमने यह सवाल इसलिए उठाया है कि संविधान में बेकारों के लिये वुनियादी हक दिया गया है। डाक्टर आबेदिन साहब का "उल्लेख योग्य" शब्द मैं अपने प्रस्ताव मे मान लेता हूं।

**Mr. Deputy Speaker :** वनूली वन वर्ड "उल्लेख योग्य" डा० आबेदिन साहब का आप मान लेते है।

**Dr. Zainal Abedin :** I appreciate the wisdom of the Treasury Bench.

The motion of Shri Atish Chandra Sinha that—**প্রস্তাবের তৃতীয় ও চতুর্থ লাইন বাদ দেওয়া হউক ;** was then put and lost.

[6-15—6-25 P.M.]

**Mr. Deputy Spsaker :** এই resolution-এর উপর discussion ৬টা ১৫ মিনিটে শেষ হওয়ার কথা। কিন্তু এখন amendment এবং resolution vote-এ put করতে

হবে। সেজন্য আরো ১০ মিনিট time extend করতে হবে। So under rule 290 of the rules of proceedure and conduct of business ১০ মিনিট time বাড়াবার প্রস্তাব করছি। I think the House will accept this. So the time is extended by 10 minites. Now I put the amendments of the resolution to vote.

The motion of Shri Haripada Jana (Bhagwanpur) that in para 4, line 4-7, for the words beginning with "এবং এই ব্যবস্থা" and ending with "অনুরোধ করিতেছে", the following be substituted namely :—

"কিন্তু রাজ্যসভায় বিরোধীদলের সংখ্যা গরিষ্ঠতা থাকায় কেন্দ্রে জনতা সরকারের বিভিন্ন প্রগতিমূলক আইন ও সংবিধান সংশোধন বিল গৃহীত হওয়ার পক্ষে বাধা সৃষ্টি হইতেছে। তা-ছাড়া সংবিধান সংশোধন একটি সময় সাপেক্ষ ব্যাপার। এই সভা দুঃখের সঙ্গে লক্ষ্য করিতেছে যে রাজ্য সরকারের বেকার সমস্যা সমাধানে যতটা করণীয় ছিল তাহা পালনে ব্যর্থ হইয়াছেন। অতএব এই সভা সিদ্ধান্ত গ্রহণ করিতেছে যে সংবিধান সংশোধন না হওয়া পর্যন্ত রাজ্য সরকার যেন বেকার সমস্যা সমাধানে সার্বিক প্রচেষ্টা গ্রহণে উদ্যোগী হন।"

Was then put and a division taken with the following results,

**AYES**

Abedin, Dr. Zainal
Bera, Shri Sasabindu
Bharati, Shri Haripada
Das Mahapatra, Shri Balai Lal
Das, Shri Sandip
Dey, Shri Ajoy Kumar
Habibur Rahaman, Shri
Jana, Shri Haripada (Bhagabanpur)
Maitra, Shri Kashi Kanta
Maity, Shri Bankim Behari
Nanda, Shri Kiranmay
Paik, Shri Sunirmal
Roy, Shri Krishnadas
Sinha, Shri Atish Chandra
Sinha, Shri Prabodh Chandra

**NOES**

Abdul Hasnat Khan, Shri
Abul Hasan, Shri
Atahar Rahaman, Shri
Basu Ray, Shri Sunil
Bauri, Shri Gobinda
Bera, Shri Pulak
Biswas, Shri Hazari
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Jnanendranath
Biswas, Shri Kanti Chandra
Bose, Shri Ashoke Kumer
Bouri, Shri Nabani
Chowdhury, Shri Sibendranarayan
Das, Shri Banamali
Daud Khan, Shri
De, Shri Partha
Khan, Shri Sukhendu
Koley, Shri Barindra Nath
Let (Bara), Shri Panchanan
M. Ansar-Uddin, Shri
Mahato, Shri Nakul Chandra
Maity, Shri Hrishikesh
Majee, Shri Surendra Nath
Majhi, Shri Dinabandhu
Majhi, Shri Pannalal
Majhi, Shri Raicharan
Majhi, Shri Sudhangshu Sekhar
Majumdar, Shri Sunil Kumar
Mal, Shri Trilochan
Mandal, Shri Prabhanjan
Mandal, Shri Sudhangshu
Mandal, Shri Suvendu
Mazumder, Shri Dinesh
Mitra, Dr. Ashok
Mohammad Ali, Shri
Mojumdar, Shri Hemen
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Bimalananda
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Mahadeb
Mukherjee, Shri Niranjan
Neogy, Shri Brajo Gopal
Oraon, Shri Mohan Lal
Phodikar, Shri Prabhas Chandra
Pramanik, Shri Abinash
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Banamali
Roy, Shri Hemanta Kumar

Saha, Shri Kripa Sindhu
Saha, Shri Lakshi Narayan
Sanyal, Shri Samarendra Nath
Sarkar, Shri Sailen
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Singh, Shri Khudiram
Singha Roy, Shri Jogendra Nath
Soren, Shri Suchand

**Abstentions**

Bauri, Shri Bijoy
Halder, Shri Renupada
Sarkar, Shri Debaprasad

The Ayes being 15 and the Noes, 59, the motion was lost.

The motion of Dr. Zainal Abedin that—

(i) in para 3, line 1, for the words "সর্বপেক্ষা মর্মান্তিক" the word "উল্লেখযোগ্য" be substituted, was then put and agreed to ;

and (ii) in para 4, line 2, the word "সক্ষম" be omitted, was then put and lost.

The motion of Shri Abul Hassan, as amended, viz.,

পশ্চিমবঙ্গ রাজ্য বিধানসভা ভারতে বেকারীর ক্রমবর্ধমান বৃদ্ধিতে গভীর উদ্বেগ প্রকাশ করিতেছে ;

বহু প্রতিশ্রুতি সত্বেও, সমাজের মৌলিক পরিবর্তনের মাধ্যমে, এই ভয়াবহ বেকারী দূরীকরণের কোন বিধান ভারতের কোন যোজনাতেই করা হয় নাই ;

উল্লেখযোগ্য বিষয় এই যে, ভারতের সংবিধানে অদ্যাবধি সকল নাগরিকের জন্য কাজ-এর অধিকারকে মৌলিক অধিকারসমূহের অন্তর্ভুক্ত করা হয় নাই ;

অতএব এই সভা প্রস্তাব করিতেছে যে ভারতের সংবিধানে সকলের জন্য কাজ-এর অধিকারকে মৌলিক অধিকারভুক্ত করা হউক ; সকল সক্ষম নাগরিক স্ত্রী, পুরুষ নির্বিশেষে যাহাতে কাজ পাইতে পারেন তাহার দিকে এবং সামাজিক ও

অর্থনৈতিক মৌলিক পরিবর্তনের দিকে লক্ষ্য রাখিয়া য়োজনার পুনর্বিন্যাস করা হউক এবং এই ব্যবস্থা সাপেক্ষে যাহাতে দেশের সকল বেকারকে বেকার ভাতা দানের ব্যবস্থা করা সম্ভব হয় তাহার জন্য আর্থিক ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এই বিধানসভা কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করিতেছে।

was then put and agreed to.

**শ্রীঅতীশ চন্দ্র সিংহ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আমার রিজোলিউশন মুভ করার আগে, আমি যেভাবে রিজোলিউশন দিয়েছিলাম আপনি সেটাকে কারেক্ট করে দিয়েছেন, আমি সেটাকে মানতে বাধ্য, পড়তে বাধ্য, কিন্তু আজকেও অ্যাড্‌জোর্ণমেন্ট মোশনে আমি আপত্তি করেছিলাম যে এমন কিছু কথা বা জিনিস ছিল না যেটা অ্যামেণ্ড করার প্রয়োজন ছিল বলে মনে হয়। ভবিষ্যতে যাতে এদিকে লক্ষ্য রাখেন, সেজন্য আপনার মাধ্যমে আমি আপনাকে বিশেষভাবে অনুরোধ করছি। আমি এখন আমার রিজোলিউশন মুভ করছি।

Sir, I beg to move that "Whereas the rules and regulations made under the West Bengal Land Reforms Act, 1956, are being applied arbitrarily and in a partisan way leading to lawlessness in West Bengal ; Therefore this House resolves that the provisions of the said Act and the rules and regulations made there under should be uniformly and impartially applicable to all and that nothing should be done which will give rise to a fear in the minds of millions of agriculturists that they are being or going to be deprived of the legitimate share of the produce of their land."

স্যার, এই রিজোলিউশন মুভ করতে যেয়ে আমি যেকথা বলতে চাই, সেটা হচ্ছে আপনি জানেন কিছুদিন আগে ওয়েস্ট বেঙ্গল ল্যাণ্ড রিফরম্‌স এ্যাক্ট এর একটা এ্যামেণ্ডমেন্ট মাননীয় মন্ত্রী মহাশয় এনেছিলেন এবং বর্তমানে অপারেশন বর্গা, জানিনা তার সত্য নাম অপারেশন বর্গা কি আর কিছু, সেই নামে নানা রকম রেকর্ডের কাজ চলেছে অবৈধভাবে, কোথাও কোথাও বৈধভাবে হয়ত, কিন্তু দুটি সংযোগ করে এর নেট ফলাফল যদি বিচার করেন তাহলে দেখবেন এই দুটি অস্ত্রের দ্বারা পশ্চিমবাংলার উচ্চ মধ্যবিত্ত এবং নিম্ন মধ্যবিত্ত সম্প্রদায় ধুয়ে মুছে চলে যাচ্ছে। দুই এক বিঘা জমির যারা মালিক তাদের যে কত ক্ষতি করা হচ্ছে বর্গাদারদের স্বার্থ রক্ষার জন্য তা অবর্ণনীয়। ওয়েস্ট বেঙ্গল ল্যাণ্ড রিফর্মস এ্যাক্ট ১৯৫৬ এবং তারপরে ক্রমান্বয়ে এই আইন সংশোধন করা হয়েছে বিভিন্ন এ্যামেণ্ডমেন্ট এনে, এই আইনের ধারা যদি

দেখেন তাহলে দেখবেন বর্গাদারদের স্বার্থ রক্ষার জন্য একটার পর একটা ধারা আনা হয়েছে। আমরা এটা চাই না যে বর্গাদারদের স্বার্থ ক্ষুণ্ণ হোক্। কিন্তু সেই সঙ্গে সঙ্গে যে সমাজ ব্যবস্থায় আজকে পশ্চিমবাংলার গ্রামীন মানুষেরা বাস করছে, সেই সমাজব্যবস্থাকে যদি আপনারা ছিন্ন ভিন্ন করে দিতে চান শ্রেণী সংগ্রামের নামে, তাহলে পশ্চিমবাংলার গ্রামে গঞ্জের তো উন্নতি হবে না, বরং আরও খুনোখুনি বাড়বে, আরও এগ্রিকালচারাল প্রডিউস সাফার করবে। তার ফলে সরকারের দুর্নাম বাড়বে, সুনাম কিছু হবে না। আপনাদের উপদেশ দিতে চাই না, আমি দেখলাম সাধারণ মানুষ বিশেষ করে নিম্ন মধ্যবিত্ত মানুষেরা অত্যাচারিত হচ্ছে, নিপীড়িত হচ্ছে। আমি আইনের দুই একটি ধারা উল্লেখ করে উদাহরণ দেব, দেখবেন এর দ্বারা সাধারণ মানুষ কতখানি ক্ষতিগ্রস্ত হতে পারে। তাছাড়া আজকে যে রিজোলিউশন এনেছি, এটা আনার আর একটা প্রধান উদ্দেশ্য হচ্ছে—আমরা বিভিন্ন ক্ষেত্রে সরকারের দলবাজীর অভিযোগ করেছি, বন্যা ত্রাণের ব্যাপারে আমরা কমিশন বসাতে চেয়েছি, বন্যা ত্রাণে দুর্নীতির অভিযোগ আমরা স্পেসিফিক একজাম্পল এনে দিয়েছি, কিন্তু সরকার রাজী হননি এই সমস্ত করতে। আমরা দেখেছি এই বর্গা অপারেশনে বেছে বেছে কিছু লোককে সায়েস্তা করার ব্যবস্থা করা হচ্ছে এবং শুধু তাই নয়, আমি আপনাকে বলছি পূর্ণ দায়িত্ব নিয়ে, এখানে যারা বিশেষ করে কংগ্রেস সমর্থক মানুষ, তাদের উপর অত্যাচার কিছু বেশী করে হচ্ছে এবং সেজন্য আমি বলছি, এই আইন যেটা করছেন বর্গাদারদের স্বার্থ রক্ষার জন্য, আইন আনুন তাতে আমার আপত্তি নাই, কিন্তু সেই আইন যখন গ্রামে গঞ্জে প্রয়োগ করবেন, সেই আইন সকলের উপর সমানভাবে প্রয়োগ করবেন। আপনার সেই আইন-এর অস্ত্র যদি কিছু কিছু লোককে বেছে বেছে আঘাত করে তাহলে পশ্চিমবাংলার মানুষ কিন্তু ছেড়ে দেবে না ভবিষ্যতে, এটুকু আপনার মনে রাখতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা ভাগ্যবান এজন্য যে ১৯৭৭ সালের যে ল্যাণ্ড রিফর্মস এ্যাক্ট হয়েছে, তাতে রাষ্ট্রপতি সম্মতি দিয়েছেন।

[6-25—6-35 P.M.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা অত্যন্ত ভাগ্যবান। তার কারণ এই যে ল্যাণ্ড রিফর্মস এ্যাক্ট-এর যে এ্যামেণ্ডমেন্ট হয়েছে গত ১৯৭৭ সালে সেটাতে যদিও রাষ্ট্রপতি সম্মতি দিয়েছেন, দুর্ভাগ্যবশতঃ তিনি সম্মতি দিতে দেরি করায় এই সরকারের মুখ্যমন্ত্রী এবং এই সরকারের মন্ত্রীগণ অত্যন্ত রুষ্ট হয়েছিলেন। কাগজে বেরিয়েছিল

যে এই ধারাতে যেখানে রাষ্ট্রপতি সম্মতি পেতে এত দেরি হয় সেখানে এই ব্যবস্থার মধ্যে আপনারা কাজ করতে পারবেন না। এই কথা আপনারা বিধানসভার প্রাঙ্গনে বলেছিলেন। কিন্তু আমরা অত্যন্ত আনন্দিত যে তিনি দেরি করেছিলেন এবং আমি আজকে বিধানসভায় দাঁড়িয়ে বলছি যে আপনারা যে আইন এনেছেন এবং অপারেশান বর্গার দ্বারা যেভাবে গ্রামে গঞ্জে সাধারণ মানুষ, মধ্যবিত্ত এবং নিম্ন মধ্যবিত্ত মানুষের উপর অত্যাচার করছেন তাতে আমাদের যতটুকু শক্তি আছে এবং আমাদের পাশে জনতা বন্ধুরা আছেন, তাঁদের কেন্দ্রীয় সরকার আছে, তাঁদের অনুরোধ করবো, সর্বশক্তি নিয়োগ করে ব্যবস্থা করতে যাতে এইটা নাইনথ সিডিউলে না যেতে পারে। নাইনথ সিডিউলে যাওয়া মানে এই আইনের কবর। তার বিরুদ্ধে হাইকোর্ট করতে পারবেন না। আর এই এ্যামেণ্ডমেন্ট এনেছেন যেটাতে রাষ্ট্রপতি সম্মতি দিতে দেরি করায় কিছুদিন মন্ত্রীরা খুব রুষ্ট হয়েছিলেন। আমরা অত্যন্ত ভাগ্যবান যে এটা এখনও নাইনথ সিডিউলে যেয়ে পৌঁছতে পারেনি। সেটা যাতে না পৌঁছতে পারে সেজন্য আমাদের যতটুকু শক্তি এবং আমাদের যতটুকু করণীয় তা করবই এবং করাউচিত বলে মনে করি। আপনারা দেখুন সেকসান ২ (৮) এই ল্যাণ্ড রিফর্ম এ্যাক্ট সেখানকার ক্লজ ২ এটার আলোচনা আগে হয়ে গিয়েছে তবু আমি বলছি কি কাণ্ড করছেন। কিছুদিন গেলে তো বোঝা যায়। সেখানে আপনারা কি করছেন। পারসন্যাল কালটিভেশান কিভাবে করা যায়, অরিজিন্যাল সেকশান ২ (৮)তে এইটা ছিল। নিজে সেটা করতে পারে, নিজের ফামিলি দ্বারা করতে পারে অথবা হায়ারড লেবার বা সারভেণ্ট দ্বারা করতে পারে কালটিভেশন। সেইখানে আপনারা একটা লেজুড় জুড়ে দিলেন, কি না, এই না হলে চলবে না। সেই জমির মালিক, সে এক বিঘে হক, ১০ বিঘে হক, আর ৫০ বিঘে হক তাকে বছরের অধিকাংশ সময়ে সেই খানেই থাকতে হবে এবং সেই সঙ্গে সঙ্গে করলেন কি তার প্রিন্সিপ্যাল সোরসেস অফ ইনকাম অর্থাৎ বছরে যে আয় তার অধিকাংশই জমি থেকে আসতে হবে। আমি আপনার কনটিটুউসান অফ ইণ্ডিয়ার ১৪ ধারা এবং ১৯ ধারার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। এখানে বলছে, The State shall not deny to any person equality before the law or the equal protection of the laws within the territory of India. আর ১৯ ধারায় বলছে, Protection of certain rights regarding freedom of speech, etc.—All citizens shall have the right. সেখানে (ই)তে বলছে to reside and settle in any part of

the territory of India, আর (জি)তে বলছে to practise any profession, or to carry on any occupation, trade or business.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে এই যে প্রভাইসো জুড়ে দিয়েছেন মাননীয় মন্ত্রী মহাশয় এতে তাতে বলছে, বছরের অধিকাংশ সময় তাকে ওই লোকালিটিতে থাকতে হবে। অর্থাৎ ঢু বিঘে জমির মালিকও আজকে যদি প্রাইভেট কালটিভেশান করাতে চান হায়ারড লেবার বা সারভেন্ট দিয়ে তাহলে তাকেও বছরের অধিকাংশ সময়েই সেখানে থাকতে হবে। আর, লোকালিটির ডেফিনেশান তা শুনলে আপনারাও আশ্চর্য্য হয়ে যাবেন। সেই জমির মালিকের যেখানে জমি আছে, লোকালিটির ডেফিনেশানে বলছে সেই জমির নর্থ ওয়েষ্ট কর্ণার থেকে ৮ কিলোমিটার রেডিয়াস টানলে অর্থাৎ ৫ মাইলের মধ্যে হবে। এই ডেফিনেশান অত্যন্ত হাস্যকর ব্যাপার। নর্থ ওয়েষ্ট কর্ণার, সাউথ ওয়েষ্ট কর্ণার নয়, অন্য কোন কর্ণার নয়, নর্থ ওয়েষ্ট কর্ণার থেকে ৮ কিলোমিটার রেডিয়াস টানলে যা হয় তাই হবে। আমি জানি, আমাদের মাননীয় সদস্যরা জানেন, গ্রামে-গঞ্জে মানুষ সকাল ৪টের সময় উঠে মুড়ি-গুড় খেয়ে ১০ মাইল দূরে গিয়ে জমিতে লাঙ্গল দেয়। তার কি অবস্থা দাঁড়াবে। সেখানে তার জমির অবস্থা কি দাঁড়াবে ? সুতরাং এই যে রেসট্রিকসান করছেন যে একটা মানুষ তাকে অধিকাংশ সময় থাকতে হবে তাও within the radius of 8 kilomiters.

তাছাড়া হায়ারড লেবার এবং সারভেন্টসদের দিয়ে জমি চাষ করাতে পারবেন না। বাধ্যতামূলকভাবে যে চেষ্টা করবে সেটা বর্গাদারের হয়ে যাবে। এইটা কোন ধরণের আইন। কনষ্টিটুউসান অফ ইণ্ডিয়ার কোন সংজ্ঞা অনুসারে এই সমস্ত আইন মোতাবেক হচ্ছে, এটা আপনি যদি বুঝিয়ে দিতে পারেন, তাহলে আমি অত্যন্ত বাধিত হবো। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শুধু কি তাই, আমরা দেখেছি যে আপনার ক্লজ ৩এতে যে এ্যামেণ্ডমেন্ট এ্যাক্ট আনা হয়েছে, তাতে বলা হচ্ছে, for the purpose of clause (d) section 17—explanation—personal cultivation shall not include cultivation by servents or labourers on wages payable in cash or kind not being as share of the produce.

সেকসান ১৭ এ আপনি এক্সপ্ল্যানেশান দিচ্ছেন। মানে আমি বলছি প্রত্যেক বর্গাদারকে এটি করতে হয়। সেকসান ১৭ আছে যদি নিজে চাষ করতে পারেন তাহলে বর্গাদারকে প্রভিক্ট করতে পারবে। কিন্তু আপনারা যে আইন করলেন যদি তিনি হায়ার লেবারার দিয়ে কাজ করাতে চান তাহলে বর্গাদারকে কখনও

উঠানো যাবে না। আপনারা ভাল করার চিন্তা করেছিলেন কিন্তু ভাল করতে পারলেন না। আমি একটা উদাহরণ দিচ্ছি ধরুন একজন পিওন যিনি কোন প্রাইভেট ফার্মে কাজ করতেন এবং কলকাতায় থাকতেন হয়তো দু এক বিঘা জমি আছে রিটায়ার হবার পর দেশে চলে গিয়ে চাষাবাদ করে জীবন চালাতে চান। কিন্তু তিনি কোন রকম ভাবে হায়ার লেবারার দিয়ে চাষ করাতেন এখন তিনি আর তিনি সেখানে চাষ করতে পারবেন না। তিনি বর্গাদার তুলতে পারবেন না, আইন করে তিনি আর বর্গাদার তুলতে পারবেন না। ঐ ২৫ ভাগ ফসলের ভাগ নিয়ে তাকে সন্তুষ্ট থাকতে হবে। যদি দু বিঘার বেশী থাকে যদি লেভির আওতায় আসে যদি রেভিনিউ দেবার আওতায় আসেন তাকে তাও দিতে হবে। এটা আমি মনে করি পশ্চিমবাংলার মধ্যবিত্ত ও নিম্ন মধ্যবিত্ত তাদের প্রতি অত্যাচার করা হচ্ছে। আমি বড় জোতদারদের কথা বলছি না। কিন্তু এই আইন আজকে নিম্ন মধ্যবিত্ত মধ্যবিত্তদের মৃত্যুবান হয়ে দাঁড়িয়েছে। আজকে এই বিধানসভায় প্রতি নিয়ত নানা রকম মোসন আসছে, কলিং এ্যাটেনসন আসছে, এ্যাডজর্ণমেণ্ট মোসন আসছে গত কিছু দিন ধরে তার শতকরা ৯০ ভাগ ঐ অপারেসন বর্গা সংক্রান্ত ব্যাপার। এবং তার মূল কারণ হচ্ছে এই আইনে ত্রুটি বিচ্যুতি থাকার জন্য। সুতরাং আপনারা ভাল করতে গিয়ে আজকে খারাপ করে ফেলেছেন মধ্যবিত্ত সম্প্রদায়ের উপর মৃত্যুবান হেনেছেন। বহু মানুষ সংবাদপত্রে এবং আমাদের কাছে চিঠি লিখছে তার বহু নজীর আছে আমার অবশ্য সময় নেই সব বলতে পারবো না দু একটা চিঠি আমি পড়ে শোনাচ্ছি। নাম হচ্ছে মিহির ভট্টাচার্য তিনি লিখছেন' পশ্চিমবঙ্গ সরকারের বর্তমান ভূমি সংস্কার আইন অনুসারে জমির মালিকের অনুপস্থিতিতে এবং অমতেই কেবলমাত্র চাষীর কথামত বর্গাদার রেকর্ড হয়ে যাচ্ছে'। আজকে তাই যদি হয় তাহলে সরকার যে নোটিশ দিয়েছেন যে এইভাবে হবে তা হচ্ছে না এটা থেকে তা বুঝতে পারা যাচ্ছে সরকার যাতে আইন মাফিক যেতে পারে তার চেষ্টা করুন আইন মোতাবেক চলবার চেষ্টা আপনারা করুন। দেখা যাচ্ছে জমির মালিককে ডাকা হচ্ছে না সাজানো বর্গাদার যা এসে বলছে সেই সেইভাবে তার নামে রেকর্ড হয়ে যাচ্ছে। হয়তো সত্যিকারের যে বর্গাদার তার নামেও রেকর্ড হচ্ছে না। সত্যিকারের যে বর্গাদার তার নামে রেকর্ড হোল না এটা আমরা চাই না। কিন্তু সি. পি. এম সমর্থক হলেই তার নামে ফলস করে রেকর্ড হয়ে যাবে এটা আমরা চাই না। আর যারা কংগ্রেসের সমর্থক যাদের দু পাঁচ বিঘা জমি তারা বর্গাদার হলেও তাদের উচ্ছেদ করে দেওয়া হবে তাদের প্রতি অত্যাচার

করা হবে এটা কখনই হতে পারে না। সকলের জন্যই আইন এটা কখনই আমরা হতে দেবো না আপনারা যত হাতই নাড়ুন। আরও উদাহরণ দিচ্ছি খড়গ্রাম থানার সৈয়দ ইদ্রিস আলি তিনি শিক্ষকতা করেন তাকে কোন নোটিশ করা হয় নি তিনি ওখানকার লোক্যাল লোক নিজে চাষ করেন কিন্তু তাঁর নামে কোন বর্গা রেকর্ড হয়নি। মদন সাহা যিনি গ্রাম পঞ্চায়েতের সদস্য গ্রাম শঙ্করপুর তিনি নিজে একজন চাষী কংগ্রেসের কর্মী বলে তাঁর নামে বর্গা রেকর্ড হয়নি।

[6-35—6-45 P.M.]

শ্রীপতিত পাবন মিত্র বৃদ্ধ লোক, বয়স তার ৮০ কোঠায়। স্বাধীনতা সংগ্রামে তার প্রায় প্রান বিসর্জন দেওয়ার মত হয়েছিল। আমরা তাকে তাম্রপত্র দান করেছি। তার জমি তিনি নিজে লাঙ্গল দিয়ে চাষ করেন। বৃদ্ধ বয়সের জন্য তার ছেলে মলয় মিশ্র হায়ার্ড লেবারারসদের দিয়ে চাষ করায়, সে জমির কাছে যেতে পারেনি। তাদের জমি বর্গা রেকর্ড করেছে। তাদের পুকুর থেকে মাছ তুলে নিয়ে গেছে। কাঁদি মহকুমায় এটা ঘটেছে, বীরেনবাবু আছেন কিনা জানি না—সেখানে তাদের জমির রেকর্ডিং করা হচ্ছে না। গ্রামে গিয়ে যে কাজ হচ্ছে দেখা যাচ্ছে কংগ্রেসের লোকদের জন্য এক রকম আইন, আর সি. পি. এম. সমর্থকদের জন্য আর এক রকম আইন—এই ঘটনা ঘটছে। তাই আমি মনে করি এই বিষয়ে সচেতন হওয়া দরকার। তা যদি না করেন তাহলে পশ্চিমবাংলার মানুষ আপনাদের ক্ষমা করবে না। সেই জন্য মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি যে রেজলিউসান এনেছি, আশা করব সকল সদস্যই দলবাজী ছেড়ে দিয়ে আমার এই প্রস্তাবকে সমর্থন করবেন এবং ডাঃ জয়নাল আবেদিন যে এ্যামেণ্ডমেণ্ট মুভ করেছেন সেটাকে এ্যাকসেপ্ট করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপ্রবোধ চন্দ্র সিংহ:** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রীঅতীশ চন্দ্র সিংহ মহাশয় যে প্রস্তাব উত্থাপন করেছেন এই প্রস্তাবের মধ্যে যথেষ্ট যথার্থতা রয়েছে এবং আমি এই প্রস্তাব সমর্থন করছি। (ভয়েস: শ্রীঅনিল মুখার্জি: কংগ্রেস জনতা ভাই ভাই) সত্য কথা বলতে গেলে আপনাদের খুব গায়ে লেগে যায়। আজকে সারা পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে যে সমস্যাটা সব চেয়ে বেশী মানুষকে আতঙ্কিত করে তুলেছে সেটা হচ্ছে এই, ভূমি সমস্যাকে কেন্দ্র করে বামফ্রন্ট সরকার বর্গাদারদের স্বার্থ রক্ষা করার জন্য যা বলছেন—আমরা বর্গাদারদের স্বার্থ রক্ষা করার জন্য এই সভায় বারে বারে বলেছি যে প্রকৃত যারা বর্গাদার তাদের স্বার্থ রক্ষিত হোক

এবং এই কথা কারো অজানা নেই যে কেন্দ্রের জনতা সরকার তারা ভারতবর্ষের সমস্ত রাজ্য সরকারকে বার বার তাগাদা দিচ্ছেন যে ভূমি সংস্কার স্বল্প সময়ের মধ্যে সম্পন্ন করে ফেলতে হবে। কারণ ভারতবর্ষের অর্থনীতিই হচ্ছে কৃষির উপর নির্ভরশীল। অতএব এই ভূমি সমস্যার সুষ্ঠু সমাধান যদি না করা যায় তাহলে ভারতবর্ষের অর্থনৈতিক উন্নতি হবে না। সুতরাং বর্গাদারদের স্বার্থ রক্ষা করার একচেটিয়া মালিকানা বামফ্রন্ট সরকারের শরিক যা গ্রহণ করেছেন এটা যে সম্পূর্ণ ভ্রান্ত চিন্তা-ধারার দ্বারা পরিচালিত হবে সেই বিষয়ে কোন সন্দেহ নেই। এই বিষয়ে আজকে একটা সমস্যা দেখা দিয়েছে। বর্গাদারদের স্বার্থ রক্ষা করাকে কেন্দ্র করে বেআইনী-ভাবে আপনারা গ্রামাঞ্চলে একটা অরাজকতা সৃষ্টি করছেন, সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি করছেন। বোর্ড অব রেভিনিউ থেকে হারভেসটিং ডিসপিউট সম্পর্কে বলা হয়েছে কি? ফসল কাটার সময় শান্তি রক্ষা করার জন্য, শান্তিপূর্ণ পদ্ধতিতে চাষাবাদ সম্পন্ন করার জন্য যে গাইডলাইন জে. এল. আর. ও. অন্যান্য সরকারী কর্মচারীদের কাছে পাঠানো হয়েছে তাতে বলা হচ্ছে—

Bargadars, whether recorded or unrecorded, should be given full legal protection not only in haresting but also in sharing the produce.

তারপরের কথা হচ্ছে, স্ট্রিক্টলি এ্যাকর্ডিং টুল—আমার বক্তব্য হচ্ছে এই স্ট্রিক্টলি এ্যাকর্ডিং টুল, এটা মানা হচ্ছে না। এটা যদি মানা হত তাহলে আমাদের কোন অভিযোগ থাকত না। বর্গাদারদের স্বার্থ রক্ষা করার জন্য নিশ্চয় বিধানসভায় আইন পাশ করা হয়েছে কিন্তু প্রকৃত বর্গাদারদের স্বার্থ রক্ষা করার জন্য এই আইনের ১৬ এ, ১৮ ধারা যদি মেনে নেওয়া হয় তাহলে আমি মনে করি বিরোধী দলের সদস্যদের কোন অভিযোগই থাকবে না। সেখানে কি বলা আছে? একজন বর্গাদারের স্বার্থ রক্ষা করা যদি না হয়, মালিক পক্ষ যদি তাকে বঞ্চিত করার চেষ্টা করে তাহলে রেমিডি পাবে, সেখানে শাস্তির বিধান আছে, সেখানে জুডিসিয়্যাল কোর্টে যেতে পারবে। কিন্তু সেখানে কি ঘটনা ঘটছে? জে. এল. আর. ও. রয়েছে, ব্লক কমিটি তাকে সাহায্য করবে, পঞ্চায়েত কমিটি সাহায্য করবে, মাঠে গিয়ে জমি চাষ করেছে কিনা তদন্ত হবে। কিন্তু গ্রামাঞ্চলের মানুষ কি দেখছে? তদন্ত নেই, শুধুই প্রহসন।

কয়েকশো লোক ঝাণ্ডা, লাঠি ইত্যাদি নিয়ে হৈ চৈ করছে। সেখানে জে. এল. আর. ও. এবং নিম্ন শ্রেণীর কর্মচারীরা বলছেন, আমরা অসহায়, জোর জুলুম করে

আমাদের বাধ্য করা হচ্ছে এই সমস্ত দিতে। তার ফলটা কি হচ্ছে? এই স্ট্রিক্টলি এ্যাকর্ডিং টু ল ১৬ এ এবং ১৮ ধারাতে যে জুডিসিয়াল প্রসিডিওরের কথা বলা হচ্ছে সেই জুডিসিয়াল রেমিডি যদি সেই বর্গাদারকে বা সেই মালিককে দেওয়া হ'ত আমাদের কোন আপত্তি ছিল না—একথা আমরা বার বার বলেছি যে নরম্যাল প্রসিডিওর অব ল'এর মধ্যে যদি যেতে হয় তাহলে ভূমি সংক্রান্ত সমস্যার সমাধান অনেকটা পিছিয়ে যাবে, বিচারের কাজটা দীর্ঘায়িত হবে এবং তার ফলে কাজটার মধ্যে অনেকটা জট বেঁধে যাবে। যার জন্য আমরা বারবার বলেছি, আপনারা স্পেশ্যাল ট্রাইবুনাল বা এ ধরনের কোন জুডিসিয়াল বডি সেট আপ করুন এবং তা করলে ল্যাণ্ড সংক্রান্ত সমস্ত ডিসপিউট দ্রুততালে বিচার করা সম্ভব হবে। কিন্তু আপনারা সেই পদ্ধতিতে না গিয়ে কি করছেন—আপনারা এ্যাকজিকিউটিভ বা প্রশাসনিক ব্যবস্থার মধ্যে দিয়ে সমস্ত ভূমি সংক্রান্ত ব্যাপারের সমাধান বা সিদ্ধান্তগুলি গ্রহণ করছেন। কে জমি চাষ করেছে, কে জমি চাষ করেনি, কে বর্গাদার, কে বর্গাদার নয় ইত্যাদি– ব্লক কমিটি সেটা কিভাবে গঠিত হয়েছে সে সম্পর্কে আমরা বারবার বিগত অধিবেশনের সময় বলেছি। সেখানে আমরা বলেছি, একটা বিশেষ রাজনৈতিক দলের থেকে সংখ্যাগরিষ্ঠ সদস্যকে নেওয়া হয়েছে সেই বল্‌ক কমিটিতে। তাছাড়া আমরা বলেছিলাম, সেই ব্লক কমিটি সম্পূর্ণ রাজনৈতিক উদ্দেশ্যের দ্বারা প্রভাবিত হয়ে ভিন্ন রাজনৈতিক দলের যারা কর্মী বা সমর্থক বা সদস্য তাদের বিরুদ্ধে রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করার জন্য তারা সেখানে সিদ্ধান্ত গ্রহণ করছে। সেখানে কোন ন্যায় নীতির ব্যাপার ঘটছে না। আমাদের কাঁথী মহকুমার মুগবেড়িয়া কেন্দ্রে দক্ষিণ পদ্মা বলে একটি জায়গা আছে। সেখানে গত সেটেলমেন্টে যারা রেকর্ডেড বর্গাদার রয়েছে এবং বারবার জমি চাষ করে ধান ঘরে তুলেছে এবারে দেখতে যান দেখবেন পুলিশ ক্যাম্প বসিয়ে সি. পি. এম. দলের লোকরা সেই রেকর্ডেড বর্গাদারদের সমস্ত ধান কেটে নিচ্ছে। এই ঘটনা কিন্তু আপনারা অস্বীকার করতে পারবেন না। এ ছাড়াও মালদহ জেলার হরিশচন্দ্রপুর থানার রেকর্ডেড বর্গাদারদের জমি থেকে ধান কেটে নেওয়া হয়েছে। আপনারা বলছেন রেকর্ডেড বর্গাদারদের স্বার্থ আপনারা রক্ষা করবেন কিন্তু সেখানে দেখা যাচ্ছে রেকর্ডেড বর্গাদারদের ধানই আপনারা কেটে নিয়ে যাচ্ছেন যেহেতু সেই রেকর্ডেড বর্গাদাররা সি. পি. এম-এর পক্ষ সমর্থন করেননি গত পঞ্চায়েত নির্বাচনের সময় বা সি. পি. এম'এর পক্ষ সমর্থন করেন না সেইজন্য এই ঘটনা ঘটছে। আপনারা ফসল কাটার ব্যাপারে একটা নীতি ঘোষণা করছেন যে, যে জমি চাষ করবে সেই ফসল কাটবে। নিশ্চয় যে জমি চাষ করবে সে ফসল কাটবে কিন্তু কোন অধিকারে

কোন্ জমি কে চাষ করবে? একজন লোক কোনদিন কোনভাবে কারুর জমিতে চাষ করতো না কিন্তু এই ঘোষণাটি যখনই হ'ল গ্রামের যে যেখানে পারছে গায়ের জোরে চাষ করছে। আমি কোনদিন তার বর্গাদার থাকি বা না থাকি, কোনকালে তার জমি চাষ করি বা না করি সেসব দেখবার প্রশ্ন নেই, এবারে চাষ করলেই যখন ফসল কাটতে পারা যাবে এবং বর্গাদার হয়ে যাব তখন এবারে চাষ করি কারণ এনিবডি লফুলি কালটিভেটিং দি ল্যাণ্ড অব আদার সে বর্গাদার হয়ে যাবে—কিন্তু লফুলি কালটিভেসানের কোন ডেফিনেসান আজ পর্যন্ত আপনারা দেন নি। সুতরাং এই যে অবস্থার সৃষ্টি হচ্ছে এই অবস্থার ফলে আজকে গ্রামাঞ্চলে আতঙ্কের সৃষ্টি হচ্ছে একথা তো অস্বীকার করলে চলবে না। বিধানসভায় আপনারা অস্বীকার করতে পারেন, বলতে পারেন আমাদের ৯৯ ভাগ অভিযোগই মিথ্যা এবং তা বলে আপনারা আত্মতৃপ্তি লাভ করতে পারেন কিন্তু গ্রামের সাধারণ মানুষ দেখছে রামা কৈবর্ত্ত যে জমি নিজের পরিশ্রমে কায়ক্লেশে চাষ করেছিল সেখানে একটি বিশেষ রাজনৈতিক দলের ২০০/৩০০ জন লোক জুলুম করে তার ধান কেটে নিয়ে যাচ্ছে। সেই স্মৃতি কিন্তু এই বিধানসভায় বক্তৃতা দিয়ে তাদের মন থেকে আপনারা মুছে দিতে পারবেন না। আজকে স্যার, গ্রমাঞ্চলের মানুষদের মধ্যে এই ভূমিসংস্কারকে কেন্দ্র করে যথেষ্ট সন্দেহ দেখা দিয়েছে। আমি বলব, আপনারা আইনগতভাবে করবার চেষ্টা করুন। স্যার, এখানে ৭ নং ধারায় কি বলছে—৯৯ ( I ) বিতে কি পদ্ধতি লেখা আছে ভূমিসংস্কার আইনে সেটা আমি ওদের পড়ে দেখতে বলছি। সেখানে বলা হচ্ছে, কোন মালিক যদি তার পূর্বতন বর্গাদারকে উচ্ছেদ করে নতুন বর্গাদার বসিয়ে থাকে তাহলে এই বছর ফসলের সময় সেই পূর্বতন বর্গাদার ৫০ ভাগ পাবে এবং নতুন বর্গাদার ৫০ ভাগ পাবে, মালিক কিছু পাবে না এই প্রভিসান আইনে আছে।

[ 6-45—6-55 P. M. ]

কিন্তু মালিক যে পাবেন এবং পূর্বতন বর্গাদার যে পাবে সেটা আইনে বলা আছে। সেটা কিভাবে ডিটারমাইন হবে, না, পূর্বতন বর্গাদারকে পেসক্রাইবড অথরিটির কাছে পিটিশান করতে হবে, সেখানে বিচার হবে এবং সেই ভাবে সিদ্ধান্ত হবে। সেই পদ্ধতিকে বাতিল করে বলে দিলেন যে পঞ্চায়েত সমিতি বলে দেবে যে এ পূর্বতন বর্গাদার এবং তাকে জমি দিতে হবে। আইন করলেন এক আর বণ্টনের পদ্ধতি করলেন আর এক। সুতরাং এ থেকে দেখতে পাচ্ছি যে বিধানসভার মর্যাদা রক্ষা, আইনের

মর্যাদা রক্ষা কি সুন্দর ভাবে হচ্ছে। কাজেই আমি আজকে এই কথা বলতে চাই, যে রেজলিউশান অতীশবাবু এনেছেন, রুলস অব প্রসিডিওরে যে ভাবে আছে সেটা ফলো করুন। দলবাজী করার জন্য রাজনৈতিক দলের কর্মীদের উপর চাপ সৃষ্টি না করে সঠিক ব্যবস্থা নিন তাহলে শান্তি ফিরে আসবে এবং কৃষি ও শিল্পে সুস্থ পরিবেশ সৃষ্টি হবে। এই ভাবে গ্রামের শান্তিকে ব্যাহত করবেন না। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীকৃষ্ণ দাস রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীঅতীশচন্দ্র সিন্‌হা যে প্রস্তাব আজকে উত্থাপন করেছেন, সেই প্রস্তাব আমি সমর্থন করি। সেই প্রস্তাবের যে বিভিন্ন বিভাগ আছে, সেই সম্পর্কে আমি কিছু বক্তব্য এই সভার কাছে নিবেদন করতে চাই। আজ কয়েকদিন যাবত আমি আপনার মাধ্যমে এই সভা এবং সভার নেতার দৃষ্টি আকর্ষণ করে বলেছি যে গ্রামাঞ্চলে কি পরিস্থিতিতে এবং কিভাবে অত্যাচার চলছে। আজকে দেখা যাচ্ছে যে তাঁরা সব সময় জোতদারের হয়ে কথা বলছেন। কিন্তু আমরা যখন ২ বিঘা জমির, এক বিঘা জমির চাষীদের কথা বলি তখন তারা তাঁরা মনে করতে পারেন না যে তাঁদের জন্য কিছু করণীয় আছে, তাঁদের জন্য কিছু চিন্তা করার আছে। আজকে ভূমিহীনের নামে যে অত্যাচার শুরু হয়েছে, যে অবিচার শুরু হয়েছে সেই আতঙ্কের কথা আমি আপনার সামনে তুলে ধরতে চাই। এদের কথা তুলে ধরলেও তার কোন মর্যাদা পাওয়া যায় না। যে সমস্ত বর্গাদার বামফ্রন্টকে সমর্থন করে না, তাঁদের ফসল জমি থেকে জোর পূর্বক কেটে নেওয়া হচ্ছে। আসল কথা হচ্ছে বিভিন্ন জায়গাতে পার্টি পরিচালনায় কৃষকের ফসল মাঠ থেকে তুলে নেওয়া হচ্ছে। আমি দায়িত্বের সঙ্গে এ কথা বলছি, আপনি এই বিষয়ে ইনকোয়ারী কমিশন করুন, প্রত্যেকটি বিষয়ের যথার্থতা এবং আমি সত্যতা প্রমাণ করে দেব। কিন্তু তাতে তাঁরা রাজী হচ্ছেন না। আজকে গণআদালত হচ্ছে, জমির ফসল নিয়ে নেওয়া হচ্ছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় ইনকোয়ারী করে আমার একটা কলিং এ্যাটেনশানের উত্তরে বলেছেন যে এই বিষয়ে তাঁর জানা নেই। আমি তাঁর কাছে বিভিন্ন ভাবে যে সব পয়েন্টস দিয়েছি, বিভিন্ন চাষীর নাম উল্লেখ করেছি, বিভিন্ন দরখাস্ত দিয়েছি এবং নানা উদাহরণ দিয়ে তাঁর দৃষ্টি আকর্ষণ করেছি। তাতে আমি দেখিয়েছি যে ১০/২৫ বিঘা জমির চাষীর উপর অত্যাচার কম হচ্ছে, ১/৪ বিঘা জমির চাষীর উপর অত্যাচার বেশী চলছে। অতএব আজকে আইনের ধারা কি শুধু দল বিচার করে প্রযুক্ত হবে? এটা ভেবে দেখা দরকার। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়,

আজকে আইনের ধারা যে সমান ভাবে চলছে না তার দু'একটি উদাহরণ দিতে চাই। কারণ জোতদার শ্রেণীর লোক, যাঁদের ওরা বুর্জোয়া বলে, ১২৫ বিঘা জমির মালিক, এই রকম ধরণের লোক দলের মধ্যে থেকে তাদের জমি রক্ষা করছে, তাঁর চাষ সমস্ত বাড়ী নিয়ে যেতে সমর্থ হচ্ছে। কিন্তু ৫ বিঘা জমির লোক, সে আমাদের দলের সমর্থক, তাঁর জমি থেকে ধান কেটে নেওয়া হয়েছে। আমি নাম করে বলতে পারি যে, শেখ আনোয়ার খাঁ, খাগড়া-দাঁতন Block —II অঞ্চলে, তাঁর ১২৫ বিঘা জমি আছে। কিন্তু কি কারণে, কোন আইন বলে সেই ব্যক্তির জমির উপর বর্গা হয়নি। যেহেতু তিনি বামফ্রন্ট সমর্থক, সি. পি এম সমর্থক সে জন্য তিনি রেহাই পেয়েছেন। আর শেখ কলিমুদ্দিন, তিনি কংগ্রেস সমর্থক, তাঁর ৫ বিঘা জমি আছে. তাকে বর্গাদার করা হয়েছে এবং জরিমানা হিসাবে তাঁর স্ত্রীর সোনার বালা, আংটি দিতে হয়েছে।

এই রকম আমরা অন্ততঃ ২০০ কেস উত্থাপন করেছি, এর থেকে আপনি চিন্তা করে দেখুন, যে আইন হচ্ছে এই আইন বিধানসভাতে হচ্ছে পুরোপুরি, আমি বলতে চাই বর্গাদারদের নামে বর্গাদারের সঙ্গে বর্গাদারের যুদ্ধ হচ্ছে। আজকে ছোট বর্গাদার-এর সঙ্গে ছোট বর্গাদারের যুদ্ধ হচ্ছে, তাতে যে রক্তক্ষয়ী সংগ্রাম হচ্ছে, তার দিকে তাকাচ্ছেন না কেন? আজকে বিভিন্ন ছোট ছোট চাষী যারা আমাদের দলের সমর্থক বলে প্রকাশ করছে তাদের কথা তারা মানছে না, বামফ্রন্ট-এর শিবিরে গিয়ে তারা আত্ম সমর্পন করছে না, তাদের ধান কেটে নেওয়া হচ্ছে, তাহলে পরে লেজিটিমেট শেয়ার তারা কি করে পাচ্ছে। এই ভাবে চাষীরা ভীত হয়ে পড়ছে এবং আতঙ্কিত হয়ে পড়ছে। চাষীর মনে আজকে নিরাপত্তার অভাব বোধ হচ্ছে। এই নিরাপত্তার অভাব যদি আজকে এই সরকার বন্ধ না করতে পারেন, উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে না পারেন তাহলে আগামী দিনে চাষবাস রসাতলে চলে যাবে। কার ফসল কে নিচ্ছে, কার জমিতে কে ঢুকছে, কোন জমিতে কে লাঙ্গল করছে, এর কোন হদিশ নেই। পুলিশ প্রশাসন যদিও জানি গরীবের পক্ষে নয়, বড়লোকদের। কিন্তু যারা দুঃখী, যারা দরিদ্র, তাদের কথা আজকে চিন্তা করা হচ্ছে না কেন? অতএব এই কথা আজকে আপনাদের ভাবতে অনুরোধ করছি। এগ্রিকালচার যদি আজকে আমাদের পশ্চিমবঙ্গের একটা প্রধান অর্থ নৈতিক পুনর্জীবনের উপায় হয়ে থাকে তাহলে সেই এগ্রিকালচারকে আজকে এই ভাবে নষ্ট করে দেওয়া হচ্ছে কেন, চাষীদের মনে ভিতির সঞ্চার করে দিয়ে এই যে প্রচেষ্টা চলছে, এই প্রচেষ্টা থাকা কোন মতেই উচিত নয় বলে আমি মনে করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, চাষীদের মনে ভয় সঞ্চারিত হয়েছে, চাষীরা চাষ করতে যাবে কি—৩/৪ শত লোক যদি তীর, ধনুক নিয়ে সেখানে উপস্থিত

হয়, একটা চাষী যার হাতে কিছু নেই, হাতে একটা কোদাল মাত্র সম্বল, সেখানে সে কি করে বাধা দেবে? আজকে এটা বোঝা উচিৎ বিভিন্ন জায়গায় বর্গা হচ্ছে, বর্গা অপারেশনের নামে যে অত্যাচার চলছে, সে সম্বন্ধে খোঁজ নেওয়া উচিৎ এই সরকারের। আজকে যারা বড়লোক তাদের গায়ে হাত আপনারা দিতে পারছেন না এবং আমি মনে করি আগামী পাঁচ বছরের মধ্যেও পারবেন না, তাদের এত বুদ্ধির কৌশল, তাদের গায়ে হাত দেওয়া সম্ভব নয়। বরং তারা কি করে আপনাদের পক্ষে আসে সেই চিন্তায় আপনারা ব্যস্ত। আমি এই কথা মুখ্যমন্ত্রীর সঙ্গে যখন দেখা করতে যাই তখন অনেক প্রমাণ দিয়েছি, এই এই লোক, এরা জোতদার কি না এবং আপনাদের আশ্রয় পুষ্ট কি না, যদি তাই হয়ে থাকে তাহলে আজকে গরীবের মরণ। যারা নিম্ন মধ্যবিত্ত, তারাই মার খাচ্ছে বেশী এবং একটা দুঃখের সঙ্গে আপনাদের কাছে বলছি, আজকে যদি সি. পি. এম. এর লোক না হওয়া যায় তাহলে তাদের মজুরী এক টাকা দশ পয়সা, আর যদি সি. পি. এম-এর সমর্থক হও, তাহলে দু টাকা থেকে আড়াই টাকা পর্যন্ত মজুরী সে পেতে পারে। আপনারা এই সব অবিচার লক্ষ্য করুন। আজকে চাষীরা বিভিন্ন ভাবে যে অত্যাচারিত হচ্ছে, আজকে বর্গাদারদের নামে যে বিভিন্ন লোক উপস্থিত হচ্ছে একটা জমির উপর ১০ জন কেস করে বসে আছে, সেইগুলো যাতে রক্ষা পায়, সেই ব্যবস্থা করতে হবে। এটা যদি লক্ষ্য না করা যায় তাহলে আইন করে কি হবে? শেষ পর্যন্ত কয়েক বছরের মধ্যে দেখা যাবে পশ্চিমবঙ্গে একটা দুর্ভিক্ষের অবস্থা সৃষ্টি হচ্ছে, এই কথা বলে, অতীশবাবু যে প্রস্তাব এখানে উত্থাপন করেছেন, তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীহেমন্তকুমার রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে অতীশ সিংহ মহাশয় যে প্রস্তাব এনেছেন, এই প্রস্তাব উনারা কি করে আনলেন আমি বুঝতে পারলাম না। প্রথমতঃ ব্যাপারটা হচ্ছে বর্গাদারদের স্বার্থ রক্ষা করা এবং তাদের রেকর্ড করার ব্যাপারটা আজকে প্রথম আরম্ভ হয়নি। ওরা আরম্ভ করেছিলেন। ওরা বললেন কত লক্ষ নাকি ওরা রেকর্ড করেছেন। আমরা গ্রামে থাকি, দেখেছি, এক সময় আইন যাই থাক, আইনের সুযোগ গরীব বর্গাদাররা নিতে পারতেন না।

[ 6-55—7-05 P. M. ]

তাদের সাহস ছিল না জোতদার জমিদারদের রক্ত চক্ষুকে উপেক্ষা করে ওদের মস্তান বাহিনীর বেড়া ডিঙ্গিয়ে ঐ সেটেলমেন্ট ক্যাম্পে গিয়ে নাম লেখাবে। এই ক্ষমতা তাদের ছিল না। ঐ সময়ে কালনায় কিছু কিছু জায়গায় সেটেলমেন্টের কাজ আরম্ভ

হয়েছিল এবং তার মূল উদ্দেশ্য ছিল যারা ভাগে বা বর্গায় জমি চাষ করে তাদের নাম রেকর্ড করার। কিন্তু আমাদের বাস্তব অভিজ্ঞতা দিয়ে আমরা দেখেছি যে, কংগ্রেস আমলে প্রকৃত বর্গাদারদের নাম রেকর্ড করা হয়নি। আমাদের ওখানে বড়ধামাস্ অঞ্চলে একজন বর্গাদারের নামও রেকর্ড করা হয়নি। অথচ সেখানে কয়েক হাজার বর্গাদার আছে। আমি চ্যালেঞ্জ রেখে একথা বলছি, আমি সেখানে বাস করি। সুতরাং আজকে যারা বড় গলায় বলছে যে, আমরা অনেক করতে চেয়েছিলাম, তাদের আমি একথা বলছি। ওরা ভূমিসংস্কার আইন পাশ করেছিলেন মানুষকে ধোঁকা দেবার জন্য। আইনই পাশ করেছিলেন, কিন্তু সেই আইনকে কার্যকরী করবার জন্য কোনও চেষ্টাই তারা করেনি। ওরাই আজকে সিলিং থাকা সত্বেও তাকে ফাঁকি দিয়ে হাজার হাজার একর জমি রাখার সুযোগ করে দিয়েছে। এখন এখানে অপারেশন বর্গা সম্পর্কে নানান কথা বলছে, গ্রামে নাকি খুনোখুনী বেঁধে গিয়েছে! কিন্তু কি ব্যাপারটা কি? অপারেশন বর্গা করা হচ্ছে গ্রামের ভাগচাষীর মনে সাহস সঞ্চয় করার জন্য, তাদের আইনটা বুঝিয়ে দেবার জন্য যাতে তারা আইনের সুযোগ নিতে এগিয়ে আসে। অপারেশন বর্গায় ভাগচাষীদের নিয়ে গ্রামের বারোয়ারী তলায় মিটিং করা হচ্ছে এবং সেখানে তাদের বুঝিয়ে দেওয়া হচ্ছে যাতে তারা আইনের সুযোগ গ্রহণ করতে পারে এবং এবিষয়ে তাদের উদ্বুদ্ধ করা হচ্ছে। গ্রামের গণ্ডমূর্খ লোকগুলি খবরের কাগজ পড়ে না, তাদের পক্ষে যে আইন তৈরী হয়েছে, সে কথাও তারা তা জানতে পারে না। তাদের সেগুলি জানাবার কোনও ব্যবস্থাও এত দিন করা হয়নি, শুধু কাগজে-কলমে আইনই করা হয়েছে। সেগুলি আজকে তাদের জানাবার আমরা চেষ্টা করছি। আমাদের বিরোধী পক্ষ অনেক কথা বলছেন, বিধানসভা আরম্ভ হওয়ার পর থেকেই সব বিষয়ে দলবাজীর কথা বলছেন। রিলিফে দলবাজী, বন্যায় দলবাজী, যা কিছু ব্যাপার সব কিছুতেই দলবাজী, এমন কি বর্গা রেকর্ডেও নাকি দলবাজী হচ্ছে! তা আমরা করবটা কি? ওরা তো দল করে জোতদার জমিদারদের নিয়ে, তাদের পক্ষে তো আমরা যেতে পারি না। শ্রেণী বিভক্ত সমাজে বিভিন্ন দল থাকে এবং তারা এক একটা শ্রেণীর প্রতিনিধিত্ব করে। আজকে এই প্রস্তাবে পরিস্কার হয়ে গেল যে, এখানে আজকে যাঁরা নির্বাচিত হয়ে এসেছেন তাঁরা কোন দলের প্রতিনিধিত্ব করছেন এবং কাদের স্বার্থের প্রতিনিধিত্ব করছেন। দীর্ঘ দিন ধরে ভূমি সংস্কার নিয়ে কথা-বার্তা চলছে, আগে বহু ব্যাপার হয়েছে, কংগ্রেস অনেক আইন পাশ করেছে। কিন্তু কাজ কিছুই হয়নি। কিন্তু এখানে ওরা যা কিছু অজুহাত বিধবা আর ২/৪ বিঘা জমির মালিকদের নিয়ে দেন। এই একটা খানা তারা বের করেছেন এবং সেই খানা দিয়ে রাঘব-বোয়ালরা বেরিয়ে

যাচ্ছে, এরা তাদের বের করে নিয়ে যেতে চাইছে। ওদের অভিযোগ জমি দখল করা হচ্ছে ; কার ? বিধবার। আর যখনই আজকে রেকর্ডের কথা বলা হচ্ছে ; তখন ওরা বলছেন এতে কার অসুবিধা হবে, না ২ বিঘা জমির মালিকদের। আমি আপনাদের বলতে পারি যে, ২ বিঘা জমির মালিক, যাঁরা নিজেরা চাষ করেন, তাঁদের জমি রেকর্ড করা হচ্ছে না। আমরা অনেক জায়গায় দেখেছি ১০/১২ বিঘা জমির মালিকদের জমি খাস হয়ে গিয়েছে, সেই জমি মালিক আবার দখল করে বর্গা রেকর্ড করাচ্ছে। আমরা আইনের খচখচি নিয়ে চলি না, বাস্তব নিয়ে চলি। আমি এই জিনিষ মুণ্ডেশ্বর থানায় দেখেছি। বিরোধী পক্ষের মাননীয় সদস্য যে ঘটনার উল্লেখ করলেন যেটা সম্বন্ধে আমি জানি। ধান্য খেড়ু থানার শারদা হাজরার জমি খাস হয়ে গিয়েছিল, সেই খাস জমি দখল করে আবার বর্গায় রেকর্ড করিয়েছে। এখন সেই খাস জমি দখল করতে গেলে বলা হচ্ছে যে, রেকর্ডে বর্গার জমি দখল করা হচ্ছে।

মজার ব্যাপার, আপনারা গ্রামে বাস করেন, ভাগচাষীদের সঙ্গে আপনাদের মেলা-মেশা আছে কিনা তা আমি জানিনা তবে যদি থাকতো তাহলে এই অবাস্তব কথাগুলি বলতেন না এবং যারা গ্রামের ক্ষেত-মজুর তাদেরকে ভাগচাষী বলতেন না। কিছুক্ষণ আগে বেকার সম্পর্কে একটি প্রস্তাব উঠলো তাতে দেখলাম আপনারা বললের যে কৃষি-ভিত্তিক একটা ব্যবস্থা করতে হবে যাতে লোক কাজ-টাজ পায়। আপনাদের নীতি কি তা আমি বুঝতে পারছি না। কারণ এখানে বর্গাদার উচ্ছেদের ব্যাপারে এমনভাবে বলছেন যে আমরা করতে চাই কিন্তু সরকার যেটা করছেন সেটা অন্যায় হচ্ছে, দলবাজি হচ্ছে, এইভাবে এইসব কথা বলছেন। আর জনতা পার্টি থেকে আইনের কথা বলা হচ্ছে। কিন্তু ব্যাপারটি আমি বুঝতে পারছি না। আইন কাদের জন্য ? ঐ বটতলায় আইন কেনা-বেচা হয়, যাদের পয়সা আছে তারা কিনে নিতে পারেন। কাজেই হেরে হেরে হারিয়ে দেওয়া যায়। একজন বর্গাদার চাষী নিম্ন কোর্ট থেকে হাইকোর্ট পর্যন্ত জমির মালিকদের সাথে মামলা লড়ে আইন বাঁচিয়ে রাখতে পারছে—এই অদ্ভুত চিন্তা যদি করেন তাহলে করুন। আমাদের দেশের আইন ব্যবস্থা কি তা আপনারা জানেন না ? আমি দেখাতে পারি, বর্গা চাষী ধান তুলেছে,—মালিক দেখলেন বর্গা করলে অসুবিধা আছে—আপনারা তো আইন-শৃঙ্খলার অবনতির কথা বলছেন—ঐ মালিক তখন আমার বাড়ী ঘেরাও করেছে, আমাকে মারতে এসেছে, আমাকে খুন করবার ভয় দেখাচ্ছে এই বলে কেস ডায়েরী করে দিলেন। যেহেতু বর্গাদারদের কেস আইনে টিকছে না সেইজন্য ঘুরিয়ে-ফিরিয়ে বর্গাদারদের অসুবিধায় ফেলার জন্য কেস করে দিলেন। আমি প্রমাণ

দিয়ে দেখাতে পারি বর্গাদারদের নিয়ে যেসব কেস হয়েছে। গত জরুরী অবস্থা ও তারও আগে এই বর্গাদারদের মিসায় গ্রেপ্তার করা হয়েছে, তাঁরা আমাদের লোক ছিল না, তাঁরা কোনদিনও আন্দোলন করেনি তবুও তাঁদের মিসায় গ্রেপ্তার করা হয় এবং তাদের জমি দখল করে নেওয়া হয়েছে। এইসব প্রমাণ আমার কাছে আছে। যদি জানতে চান বলুন আমি দিচ্ছি। ভাগচাষীদের উচ্ছেদ করার জন্য পুলিশের যোগ-সাজসে তাদের ডাকাত বলে ধরিয়ে দেয়, তাদের হয়রানি করে। এই বিধি-ব্যবস্থা আমাদের এখানে চলছে। আর আপনারা এখানে জোর গলায় বলছেন যে ২ বিঘা লোকের জমিকে বর্গা করে দেওয়া হচ্ছে—এই ব্যবস্থা আপনারা করছেন। আর আইন-কানুন নিয়ে অনেকে প্রশ্ন তুলেছেন, আমি সে দিকে যেতে চাইছি না শুধু এই কথা বলতে চাই যে, আজকে যে উৎসাহ বর্গাদারদের ভিতর সৃষ্টি হয়েছে এবং বর্গাদাররা যে এগিয়ে এসেছে রেকর্ড করবার জন্য—এটাই আমরা চেয়েছিলাম। আপনারা ভূমি সংস্কার আইন করেছিলেন কিন্তু তা কোনদিনও কার্যকরী হয়নি। অভিজ্ঞতার ভিত্তিতে আমরা বলছি যে, আইনের কিছু পরিবর্তন করা প্রয়োজন। আমরা চাই, বর্গাদাররা রেকর্ডভুক্ত হোক, তাঁদের অধিকার বজায় থাকুক এবং সেই অধিকার বজায় রাখতে গেলে যে বাধা, রেকর্ড করার মূল যে বাধা এ বাধাগুলিকে সরাবার জন্য আইনের কিছু পরিবর্তন করা এবং আরও কিছু প্রটেকসান দেওয়া।

আমরা যারা সরকারের আছি আমরা এইভাবে অধিকার দিতে চাই। আর এখানে মধ্যবিত্ত সম্পর্কে কিছু কথা বলেছেন। তারা বলেছেন এটা মধ্যবিত্তের ব্যাপার। আমাদের সঙ্গে নাকি ক্ষেত-মজুর, মাঝারি চাষী এরা নেই। আমি তাদের উদ্দেশ্যে বলছি যারা এই কথা বলেছেন— ভোটারের হিসাবটা করে দেখবেন। গ্রামে বাস করে যারা তাদের মধ্যে ২৫ থেকে ৩০ ভাগ হচ্ছে ক্ষেত-মজুর, ভাগচাষী। তাহলে আমরা ভোট পেয়েছি ৫০ থেকে ৫৫ ভাগ। এ সবই কি মধ্যবিত্ত লোক ভোট দিয়েছেন? আমরা যদি এইসব গরীব চাষীদের কোন উপকার না করি তাহলে আগামী নির্বাচনে তার প্রমাণ আপনারা পাবেন আর তখন আপনাদের কাছ থেকে শিক্ষা নেবো।

[ 7-05—7-15 P.M. ]

**শ্রীঅনিল মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অতীশবাবুর এই প্রস্তাব দেখে আমার মনে হয় তিনি ক্রন্দন সুরু করেছেন। ক্রন্দনটা স্বাভাবিক, যখন বড়লোকদের ক্রন্দন সুরু হয় তখন গরীবদের মুখে হাসি ফোটে, ওঁদের আমলে এই

আইন রচিত হয়েছিল, ওনারা কোনদিন কার্য্যকরী করতেন না। আমরা এই আইনকে কার্য্যকরী করছি, তাই আজকে আর্তনাদ উঠেছে। নেতাজী বলতেন, ষ্টেটসম্যান যতক্ষণ তাঁর প্রশংসা করত তিনি দেখতেন কোথায় তিনি ভুল করেছেন। তারপরে ঐ ষ্টেটসম্যান যেদিন তার নিন্দা করত তিনি বুঝতেন যে কাজটা ঠিকই হয়েছে। অতিশ বাবুরা যেদিন চীত্কার করেন, হাউসে গলাবাজী করেন, গালাগাল করেন, সেদিন খবরের কাগজ পড়ে গ্রামের গরীব মানুষ বোঝে বামফ্রণ্ট সরকার ঠিক পথে চলছে। সুতরাং এটাই হচ্ছে আমাদের ব্যারোমিটার। আপনারা আর্ত্তনাদ করবেন আমরা দেখব, গরীব মানুষের দল তারা ঠিকপথে চলেছে, এটাই আমাদের ব্যারোমিটার। আপনারা বলছেন আইন আরবিট্র্যারী হয়েছে, আপনারা বলছেন এরমধ্যে নাকি—are being applied arbitrarily in a partison way leading to lawlessness in West Bengal. আরবিট্র্যারী যদি হয়ে থাকে তাহলে আপনারা কোর্টে যান। ১৯৭২ সাল থেকে ৭৭ সাল পর্য্যন্ত আপনারা কোর্টকে বিশ্বাস করতেন না এবং আপনারা তখন হাইকোর্টকে পঙ্গু করে দিয়েছিলেন ইন্দিরা গান্ধীর সময়ে। আজকে অবশ্য আপনারা হাইকোর্টের দোহাই দেন, এটা অবশ্য আপনাদের চরিত্রগত ব্যাপার, এটা আপনারা ঠিকই করেছেন। আপনারা গরীব মানুষের চোখের জল ফেলাবেন বড়লোকদের জন্য। গরীব মানুষ আপনাদের বক্তব্য নয়। এবং আপনারা জানেন আরবিট্র্যারী যদি হয় তাহলে কোর্ট আছে, হাইকোর্ট আছে, সুপ্রীম কোর্ট আছে, এখন সেগুলো ফাংশান করছে যদি আপনারা এর মধ্যে কোন কিছু আরবিট্র্যারী দেখেন তাহলে আপনারা কোর্টে যান, কোর্টে তো ওগুলো ষ্টাক ডাউন হয়ে যাবে। বহু লোক তো হাইকোর্টে যাচ্ছে, যেসব আরবিট্র্যারী করছে সেগুলো তারা ষ্টাক ডাউন করছে। কারণ হাইকোর্ট তো ফাংশান করছে, এটা তো ইন্দিরা গান্ধীর রাজত্ব নয়। এখন হাইকোর্ট, সুপ্রীম কোর্ট ফাংশান করছে, দেশে আইন শৃঙ্খলা আছে এবং আপনারাও এখন চীতকার করতে পারছেন, আগে কিন্তু এরকম করতে পারতেন না। আগে কোন বিরোধিতা থাকত না, এটাই তখন স্বাভাবিক ছিল। এবং আপনারা নিজেরা দুটো করে সিকিউরিটি নিয়ে চলতেন। রেকর্ড খুলে দেখুন আপনারা প্রত্যেকে দুটো করে সিকিউরিটি নিয়ে চলতেন। আপনাদের সিদ্ধার্থ শংকর রায় মহাশয় তো ব্যাটেলিয়ান নিয়ে চলতেন। আপনাদের প্রাক্তন মন্ত্রী সুব্রত মুখার্জী নিজে বলেছেন, সিদ্ধার্থশংকর রায় মহাশয়ের রাজত্বের চেয়ে তাঁরা নির্বিঘ্নে এবং নিশ্চিন্তে এই রাজত্বে বাস করছেন, আপনাদের নেতারা এই কথা বলছেন, আপনাদের মন্ত্রীরা বলছেন এবং আজকে আপনারাও নির্ভয়ে রাস্তায় ঘুরে বেড়াতে পারেন। আপনাদের

নেতারা তো আপনাদের নেতাদেরই গুলী করে মেরেছেন। ১৯৭২ থেকে ১৯৭৭ সালের মধ্যে কংগ্রেসীরা কংগ্রেসীদের মেরেছে। চণ্ডী মিত্তিরকে কে খুন করল? ইউনিভারসিটির ছেলেদের কে খুন করল? আপনাদের আমলে 'ল এ্যাণ্ড অর্ডারের' এই অবস্থা ছিল। এই রাজত্বে 'ল এ্যাণ্ড অর্ডার' এস্ট্যাব্লিষ্ট হয়েছে।

এবং আপনি জানেন হাইকোর্টে এই নিয়ে বহু মামলা হয় এবং হচ্ছে। বহু জায়গায় যেখানে অপারেশান বর্গার কথা বললেন যেগুলি এক্‌জিকিউটি এক্সান ম্যালাফাইড সেগুলি হাইকোর্ট ষ্টাক ডাউন করেছে। সুতরাং ল একজিকিউটেড হচ্ছে। আর্বিটারিলি নয়। যদি হয় সঙ্গে সঙ্গে হাইকোর্ট ষ্টাক ডাউন হচ্ছে। কোন একজিকিউটিভ অফিসার যদি অন্যায় করে থাকেন তাহলে সেগুলি ষ্টাক ডাউন হবে। রেজিলিউসানে বলেছেন should be uniformly and impartialey applicable to all অপারেশন বর্গা আইনের মধ্যে কোথাও নেই। ল্যাণ্ড রিফর্মস এ্যাক্টের অপারেশান বর্গা নেই। তবে যদি কোন জায়গায় একজিকিউটিভ এ্যাক্সান অন্য কিছু হয় তাহলে তার জন্য কোর্ট আছে। বর্গাদারদের স্বার্থ সম্বন্ধে আপনারা চিৎকার করেছেন। একবার বলেছেন বর্গাদারদের স্বার্থ রক্ষা করার জন্য যে এ্যামেণ্ডমেণ্ট হয়েছে তারা তার অপোজ করতে চান। আপনাদের যুক্তি ল একজিকিউসান নয়। ল্যাণ্ড রিফর্মস এ্যাক্ট ঠিক ভাবে চলুক তা নয়। অর্থাৎ এ্যামেণ্ডমেণ্টের বিরুদ্ধে বলতে গিয়ে কতকগুলি বর্গা অপারেশান সম্পর্কে বলেছেন। আপনি ৯ সিডিউলে আপত্তি করেছেন এবং কুম্ভিরাশ্রু বর্জন করেছেন। অন্য দিকে বর্গা অপারেশান সম্পর্কে বলেছেন। অথাৎ এক মুখে দুটা কথা। এক দিকে আপনারা বর্গাদারদের স্বার্থ রক্ষা করবার জন্য চিন্তিত অন্য দিকে মুখে অন্য কথা বলছেন। এ যেন ইন্দিরা গান্ধীর মত কথা। তিনি মুখে সমাজতন্ত্র চান কিন্তু হিটলারের মত ফ্যাসিবাদী নিয়ে এসে গরীবদের উপর ষ্টীম রোলার চালিয়েছেন। আর একটা বৈচিত্রপূর্ণ ঘটনা এখানে দেখা গেছে। সেটা হলো জনতা কংগ্রেস ভাই ভাই। এ যেন মনে হলো চরন সিং দেবরাজ উর্সের কাছে গেছেন। যাই হোক ৯ সিডিউলে আপত্তি করছেন এবং অতীশবাবু বললেন এর বিরুদ্ধে তাঁরা চেষ্টা করবেন। অর্থাৎ বর্গাদার আইন কার্যকরী হোক এটা তাঁরা চান না। সেইজন্য রেজিলিউসানের মধ্যে নিয়ে এসেছেন should be uniformally and impartially applfcable to all etc. ইম্পারসিয়ালি আপলিকেবল হবে কিনা সেটা কোর্ট দেখবে। লেজিসলেচার আইন তৈরি করবে এবং ইউনিফরমিটি ও তার ইম্পার্সিয়ালিটি সম্বন্ধে কোর্ট আছে। একদিকে ৯ সিডিউলের বিরোধীতা করবেন অপর দিকে বর্গাদারদের স্বার্থ রক্ষা করবার জন্য কাঁদবেন দুটা জিনিষ এক সঙ্গে হতে পারে না।

এটা আপনাদের বিবেচনা করতে হবে। এখানে পার্সোনাল কাল্টিভেসানের কথা বললেন—অর্থাৎ যে অ্যামেণ্ডমেন্ট আগে হয়েছে সেখানে ব্যক্তিগত চাষ সম্পর্কে বলা আছে।

[ 7-15 --7-25 P. M. ]

আপনি পিওনের কথা বলেছেন—বলেছেন যে পিওন কেরানী যারা কলকাতায় চাকরী করে তারা রিটায়ার করে কি করবে? গরীব পিওন ক্লার্ক যারা কলকাতায় চাকরী করে তাদের অনেকেরই পরিবার দেশে থেকে গ্রামে চাষ করে এবং যে পিওন ২০০/২৫০ টাকা মাহিনা পায় সে তা থেকে সামান্য টাকাই দেশে পাঠিয়ে দেয়। পিওনদের প্রতি দরদ দেখালেন কিন্তু তাঁদের সম্বন্ধে কোন সংবাদ রাখেন না। কারণ তিনি তো রাজপ্রাসাদে বাস করেন। মধ্যবিত্তদের তিনি মৃত্যুবান দেখলেন। এই আইন নতুন কিছু নয় শুধু মাত্র ল্যাণ্ড রিফর্মস অ্যাক্টকে কার্যাকরী করা হচ্ছে। একজন কংগ্রেসী আমাকে বলেছিলেন যে আমরা কোনদিনই আইনকে কার্যকরী করিনি যেটা আজকে কার্যকরী করা হচ্ছে। এতেই ওঁদের তাই এত উষ্মা বহু উচ্ছেদ হয়েছে, বহু গরীব বর্গা উচ্ছেদ হয়েছে। এই সব কথা আমি মেনসানে বলেছি। আমি সম্পুর্ণ ভাবে এই প্রস্তাবের বিরোধীতা করছি এবং বলতে চাই দেশে আইন শৃঙ্খলা ভাল ভাবে চলছে—বরং তিনি যে সব কথা বলেছেন তা উল্টো।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস:** মাঃ ডেঃ স্পীকার মহাশয়, কংগ্রেস জনতা বর্গাদারদের পক্ষে বলেছেন এর মধ্যে দুটো উদ্দেশ্য থাকতে পারে। একটা হচ্ছে উদ্দেশ্য প্রনোদিত কারন খুন, জখম এই সব যদি বলা যায় সরকারের বিরুদ্ধে তাহলে বাজারে এইসব মুখরোচক হয় এবং আমাদের সরকারের বিরুদ্ধে কালিমা লেপন করা যায়। গ্রাম বাংলার মানুষের সঙ্গে ওঁদের কোন যোগ নেই। আমরা যারা গ্রামে বাস করি তারা জানি যে আইনগুলি কার্যাকরী করা হচ্ছে তাতে গ্রামের যারা বর্গাদার সাধারন মানুষ তারা উৎসাহ ভরে এই সরকারের দিকে যাচ্ছে।

পঞ্চায়েত নির্বাচনে তা প্রমাণ হয়ে গেছে, আজো হচ্ছে। ওঁরা আজকে বলছেন, যাঁরা জোতদার পুঁজিপতি তাঁরা বলছেন বর্গাদারদের কথা, বর্গাদারদের দুঃখে চোখের জল ফেলছেন, বর্গাদার উচ্ছেদ হয়ে যাচ্ছে, মধ্যবিত্ত বর্গাদার ডুবে যাচ্ছে এইসব কথা বলছেন। আজকে জোতদার-জমিদারের মুখে যদি এইসব কথা শুনতে হয় তাহলে ভাবতে হবে ওরা আজকে সব সাধু হয়ে গেলেন, গ্রাম বাংলার গরীব মানুষকে আর

শোষণ করবেন না। স্যার, একটা কথা শুনেছিলাম—"বিড়াল বলে মাছ খাব না, আঁশ ছোব না, কাশী যাব", ওঁদের অবস্থা ঠিক তাই। যারা চিরকাল মানুষের উপর শোষণ চালিয়ে এসেছেন তারা আজকে মানুষ থেকে বিচ্ছিন্ন হয়ে এইসব কথা বলছেন। অতীশবাবু প্রস্তাব উত্থাপন করেছেন, অতীশবাবু রাজার দুলাল সেইসব কথা বলছি না, কাঁথিতে কত বিঘা জমি আছে সেইসব কথা বলছি না, অথবা একথাও বলছি না যে ক্যানিং-এ যে ১৪ শো বিঘা জমি তাঁদের নায়েব অনঙ্গ মুখার্জী এবং অন্যদের নামে করা আছে, এসব ওঁরা স্বনামে-বেনামে করে রেখেছেন সেসব আমরা জানি। আমাদের অভিজ্ঞতা হচ্ছে এই যে গ্রাম বাংলাতে শতকরা ৯৯টি ক্ষেত্রে এইসব ঘটনা ঘটছে না। কারণ, যে মধ্যবিত্ত নিম্ন মধ্যবিত্ত শ্রেণীর কথা বলছেন আমরা নিজেরা মধ্যবিত্ত নিম্ন মধ্যবিত্ত পরিবার থেকে এসেছি, আজকে গ্রাম বাংলায় বামপন্থী আন্দোলনে নেতৃত্ব দিচ্ছে আমিও নিম্ন মধ্যবিত্ত বুদ্ধিজীবী অংশ। এমন কে কালিদাস আছে যে ডালে বসে বলবে যে গোড়াটা কেটে দিই? এই রকম হচ্ছে না। কারণ, বামপন্থী রাজনীতিটা মধ্যবিত্ত নিম্ন মধ্যবিত্ত অংশের, তারা বিরোধী পক্ষে পড়ে না, আমাদের পক্ষে পড়ে। তবে অসংগতি কোথাও হচ্ছে না এটা নয়, কোথাও কোথাও অসঙ্গতি হচ্ছে। কিন্তু বিগত যুক্তফ্রন্টের সময়ে আন্দোলনের মধ্য দিয়ে যেসব খাস জমি দখল করেছিল ১৯৭১ সালে কংগ্রেস সরকার আসার পর সেইসব জমি থেকে উচ্ছেদ করার জন্য ওরা চক্রান্ত করে এবং যারা পাওয়ার যোগ্য নয় এইসব জমির মালিকদের নামে ওরা পাট্টা করে দেয়। পাট্টা অন্যের নামে থাকলেও গ্রামের গরীব চাষী সঙ্ঘবদ্ধভাবে নিজেদের কব্জির জোরে সেই জমিতে দখল রেখেছিল, কংগ্রেস আমলে সেই পুরান পাট্টা দেখিয়ে, পুলিশ লেলিয়ে দিয়ে অত্যাচার করে তাদের মাটি থেকে উচ্ছেদ করতে পারেনি। কারণ, যে চাষী মাঠে লাঙ্গল চালায়, মাটির প্রতি তার যে টান, ভালবাসা, তাতে অত্যাচার চালিয়ে সেখান থেকে তাকে উৎখাত করা যায় না। সেই কারণে সেই অবৈধ পাট্টা-ধারীদের ভয়ে কাঁপছেন, তাদের হয়ে কথা বলছেন, পাট্টা দেখাচ্ছেন, আইন দেখাচ্ছেন, বিভিন্ন জায়গায় আইনের আশ্রয় নিচ্ছেন। কিন্তু সব জায়গায় আমরা দেখেছি যেখানে অভিযোগ করছে সেখানে সঙ্গে সঙ্গে স্পটে গিয়ে এনকোয়ারী হচ্ছে। সেখানে থাকছে কৃষক নেতৃবৃন্দ, থাকছে যাদের অভিযোগ তারা, থাকছে অন্যান্য গ্রামের মানুষ, সেখানে স্পট এনকোয়ারীর ভিত্তিতে সিদ্ধান্ত হচ্ছে কে মাঠে চাষ করেছিল, কে প্রকৃতপক্ষে বর্গাদার। যেখানে বিতর্কিত এইসব জায়গায় সিদ্ধান্ত এইভাবে হচ্ছে। কিন্তু ওরা এই সমস্ত কথা বলছেন যে আইন গেল, শৃঙ্খলা গেল। কাদের আইন-শৃঙ্খলা গেল? শৃঙ্খলা গিয়েছে তাদের যারা অবৈধভাবে জমি দখল করে আছে। যারা মাঠে মাথার

ঘাম পায়ে ফেলে লাঙ্গল চালায় সেই গরীব মানুষের অধিকার প্রতিষ্ঠিত হয়েছে এবং বামফ্রন্ট সরকার প্রতিশ্রুতি বদ্ধ সেই গরীব মানুষের পক্ষে থাকার জন্য। আজকে আইনের যেকথা বলা হচ্ছে, আইন কার্যকরী কেন হয়নি কংগ্রেস আমলে, কারণ, বড় জমির মালিকদের কাছে ওঁরা বাঁধা।

[ 7-25 7-35 P. M. ]

আমি জোরের সঙ্গে বলতে পারি যদি কেউ চোখ বন্ধ করে কোন গ্রামে যায় এবং মানুষকে জিজ্ঞাসা করে তাহলে কারা বামফ্রন্ট সরকারের সমর্থক সেটা স্পষ্ট হয়ে যাবে। গ্রামে যারা ২/৩ তলা বাড়ীর মালিক তাদের দেখলে বোঝা যাবে তারা কোন্ দলের লোক, কিন্তু যে কোন গরীব এলাকায় যান দেখবেন তারা সকলে বামফ্রন্টের লোক এবং এটাই হচ্ছে গ্রামের ভাব। ১/২ বিঘা জমির ছোট চাষী তাদের উপর আমরা অত্যাচার করব এত লোক আমরা নই। একটা রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করবার জন্য এই প্রস্তাব আনা হয়েছে। আমি প্রথমেই বলেছিলাম এঁদের একমাত্র উদ্দেশ্য হচ্ছে বাজারে এই কথা প্রচার করা যে, খুন জখম ইত্যাদি হচ্ছে এবং সেটা প্রচার করার জন্যই এটা বিধানসভায় উত্থাপন করেছেন। আমি এর বিরোধিতা করছি। আমি যে বিরোধিতা করছি তার কারণ হচ্ছে আমাদের বুকে এই জোর রয়েছে যে, গ্রামের লক্ষ লক্ষ মানুষ, মধ্যবিত্ত মানুষ নিম্ন মধ্যবিত্ত মানুষ আমাদের পেছনে রয়েছে। এই সমস্ত মানুষদের জন্য কথা বলতে আমরা এখানে এসেছি এবং তাদের জন্য কথা বলার অধিকার আমাদের এই বিধানসভায় এবং তার বাইরেও রয়েছে।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় সদস্য এখানে প্রস্তাব রেখেছেন পশ্চিমবাংলায় ভূমি এবং ভূমি সংস্কার আইনের নিরপেক্ষ প্রয়োগ সম্পর্কে। প্রশ্ন উঠেছে এখানে যে চাষীরা রয়েছে তারা যাতে তাদের ন্যায্য যে ভাগ সেটা পায়। স্যার, আজও সকালবেলা এবং কাল রাত্রে বেতার ভাষণে আমাদের ভূমিরাজস্বমন্ত্রী বিনয়বাবুর কণ্ঠস্বর শুনলাম যে, পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের নতুন ভূমি নীতিতে পশ্চিমবাংলার গরীব চাষী এবং ভাগচাষীরা তাদের ফসল নির্বিঘ্নে ঘরে তুলেছে। এটা যদি সত্য হত এবং বাস্তবে রূপায়িত হত তাহলে পশ্চিমবাংলার মানুষ খুসী হত। কিন্তু আজকে আমরা দেখছি কংগ্রেস রাজত্বে পশ্চিমবাংলার জোতদাররা, কংগ্রেসী মাতব্বররা বিভিন্ন এলাকায় যেমনিভাবে পুলিশ প্রশাসনকে সঙ্গে নিয়ে চাষী, গরীব চাষী এবং ভাগচাষীদের উচ্ছেদ করেছিল ঠিক সেটাই আজকে আবার নতুন করে আরম্ভ হয়েছে। আজকে জোতদাররা সি পি এম-এর ছত্রছায়ায় রয়েছে এবং পুলিশকে

নিয়ে ভাগচাষী ছাট চাষীদের ফসল কেটে নিয়ে যাচ্ছে। স্যার, এর অসংখ্য দৃষ্টান্ত রয়েছে। বামফ্রন্ট সরকার বলছেন, ভাগচাষী, গরীব চাষী যাতে নির্বিঘ্নে তাদের ধান তুলে নিতে পারে তার জন্য প্রশাসন তৎপর থাকবে। এঁরা বর্গাদার এবং গরীব চাষীর ডেফিনেসন যেটা দিয়েছেন তার মধ্যে একটা নতুনত্ব রয়েছে। নতুন অলিখিত ডেফিনেসন যেটা তাঁরা দিয়েছেন সেটা হচ্ছে বর্গাদার এবং ভাগচাষী হতে হলে সি পি এম-এর দলভুক্ত হতে হবে—নাহলে সে বর্গাদার বা ভাগচাষী হতে পারবে না। এর প্রমাণ পশ্চিমবাংলার বুকে রয়েছে। আজকে বামপন্থী শরিকদের কি অবস্থা হয়েছে সেটা আপনারা দেখুন।

শরিক দলের যদি এই রকম অবস্থা হয়, সরকার বিরোধী দলের ভাগচাষীদের, গরীব চাষীদের কি অবস্থা হচ্ছে? আজকে অসংখ্য উদাহরণ তুলে ধরা যায়। এঁরা বলছেন ভাগচাষীদের স্বার্থ রক্ষা করবেন। আমি স্পেসিফিক দৃষ্টান্ত দিচ্ছি, জবাব দেবেন। বর্ধমান, দুর্গাপুর অঞ্চলের ফরিদপুর থানার ঝাঝরা গ্রামে এস ইউ সি-র অনুকূল পাল ১০ বছরের ভাগচাষী···(নয়েজ)···

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এদের তো ব্রুট মেজরিটি রয়েছে, তবে এতো ভয় কেন? আপনাদের নেতারা আছেন, মন্ত্রীরা আছেন, দে আর কোয়াইট কম্পিটেন্ট এনাফ টু রিপ্লাই, আমি যেকথা বলছিলাম— নির্দিষ্ট উদাহরণ দিচ্ছি। বর্ধমানের ফরিদপুর থানার ঝাজড়া গ্রামের অনুকূল পাল, এস ইউ সি-এর গরীব চাষী, ১০ বছরের ভাগচাষী, তার জমির ধান কেটে নিয়ে গেছে গত ২৭শে নভেম্বর। কে কেটে নিয়ে গেছে? সেই জমির মালিক ব্লক যুব কংগ্রেসের প্রেসিডেন্ট ছিলেন ১৯৭৭ সালে এখন তিনি সি. পি. এম. ছত্রচ্ছায়ায় এসেছেন, হালে সি. পি. এম. হয়েছেন, তিনি সমাজ বিরোধীদের নিয়ে গুণ্ডাদের নিয়ে এসে সেই জমির ধান কেটে নিয়ে যান। তার বিরুদ্ধে এফ আই আর করা হল থানায়। একজনকেও ধরা হল না।

**Mr. Deputy Speaker**: Honourable members, according to cheduled allosation of time order the discussion on this resolution is to be completed by 7-34 P.M. But I find that some more time is necessary to dispose of the resolution. Therefore, under Rule 290 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I seek the consent of the House for increasing the time for discussion of resolution by 20 minutes. I think, the House agreed to it.

( Voices-Agreed )

So, with the sense of the House time is extended by 20 minutes. But it should not be treated as a precedent.

**শ্রীদেবব্রত সরকার ঃ** স্যার, ২৭/১১/৭৮ তারিখে স্থানীয় থানায় এফ আই আর করা হয়, একজন দুষ্কৃতকারীকেও ধরা হয়নি। উল্টে সি পি এম-এর নির্দেশে আমাদের দলের এস ইউ সি-এর সংগঠক বিশ্বরূপ গোস্বামীকে এবং আরও ৫ জনকে গ্রেপ্তার করা হয়েছে। এই জিনিষ হচ্ছে। আপনারা বলছেন পাট্টাদার ? আর একটা উদাহরণ দিচ্ছি। মেদিনীপুরে নারায়নগড়ে···(নয়েজ)

২৭ ডেসিমেল জমিয় মালিক, ১১ বছর ধরে চাষ করছে, তার জমির ধান ১৭ই নভেম্বরে কেটে নিয়ে সি. পি. এম-এর সমাজ বিরোধীরা, এস. ডি ও এবং ডি. এমকে জানান হয়েছে, এমন কি রাজস্বমন্ত্রী বিনয় চৌধুরী মহাশয়কেও জানান হয়েছে, কিন্তু আজ পর্যান্ত দুষ্কৃতকারীদের সম্বন্ধে কোন ব্যবস্থা করা হয়নি। সেই পাট্টাদার চাষীর নাম নারায়ণ দাস।

**শ্রীপার্থ দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সভায় যে প্রস্তাব মাননীয় সদস্য অতীশ সিংহ মহাশয় রেখেছেন, তার বিরোধিতা করে আমি দুই একটি দরকারী কথা বলব, সব কথা বলার দরকার নাই। প্রথম কথা হচ্ছে—এই যে প্রস্তাব রাখা হয়েছে, তা যদি পড়া হয়, তাহলে বুঝা যাবে যে এই প্রস্তাবে বর্গাদারদের সম্পর্কে কোন উল্লেখ নাই। কাল্টিভেটার বা ইত্যাদি নাম করে প্রকৃতপক্ষে যারা বৃহৎ জমির মালিক বা জমিদার তাদের পক্ষে উকালতি করার জন্যই এই প্রস্তাব আনা হয়েছে।

দু নম্বর কথা হল অতীশবাবু ভারতবর্ষের সংবিধান উল্লেখ করে যে কথা বললেন, তা অপ্রাসঙ্গিক, কারণ যে আইনের সংশোধন আনা হয়েছে, তা বিশেষভাবে আলোচনা হয়েছে, পাশ হয়েছে আমি তার ভিতর যাচ্ছি না।

[ 7-35—7-45 P. M. ]

কিন্তু তাতে কোথাও বলা হয়নি যে, একজন জমির মালিককে সেই এলাকায় থাকতে বাধ্য করা হবে। দ্বিতীয় কথা হচ্ছে, সেই জমির মালিক সেখান থেকে চলে গেলে পর তাকে জমি থেকে বঞ্চিত কথা হচ্ছেনা। কাজেই পুরান কথা বলে কোন লাভ নেই। সারা পৃথিবীর মানুষের মনের মধ্যে যে পরিবর্তন হচ্ছে, কৃষকদের মধ্যে যে জাগরণ হচ্ছে এসব কথা জানার পরও কংগ্রেস দলের লোকেরা কিকরে এসব কথা বলেন ? আজকে পশ্চিমবাংলায় আলাদা সরকার হয়েছে এটা আমি বিশেষ করে

জনতা পার্টি এবং কংগ্রেস দলের লোককে বুঝাতে বলি। আমরা আইনকে গ্রহণ করেছি, সেটা গৃহীত হয়েছে কাজেই তাকে সংশোধন করবার অধিকার আমাদের নেই ? আইনকে ঠিকভাবে প্রয়োগ করা হোক একথা যাঁরা বলছেন তাঁদের বলছি, আপনারা কি চান আইনকে কোল্ড স্টোরেজে রেখে দেব, তাকে কার্যকরী করব না ? আপনারা জানেন পশ্চিমবাংলার ভূমি সংস্কার আইনকে কার্যকরী করা হচ্ছে। অপারেসন বর্গাতে আপনারা ভয় পাচ্ছেন—এতে ভয় পাবার কিছু নেই। আপনারা যে বর্গাদারদের পক্ষে নয় সেটা এই রেজলিউসন দেখে এবং আপনাদের বক্তব্য শুনে বোঝা যাচ্ছে। উনি বললেন, ৮ লক্ষ বর্গাদারকে রেকর্ড করা হয়েছে। উনি জিনিসটা জানেন না। ৪ লক্ষকে করা হয়েছে এবং পশ্চিমবাংলায় ৩৫ লক্ষ বর্গাদার রয়েছে। কথা হচ্ছে এদেরকে চিরদিন আনরেকর্ডেড রাখা হবে কিনা। আমরা আইনকে কার্যকরী করতে চাই। অপারেসন বর্গায় বলা হয়েছে কোথায় কোথায় সমস্যা বেশী রয়েছে সেটা ইনভেষ্টিগেসন করুন, তারপর টিম তৈরী করুন এবং সরকারী অফিসাররা সেখানে যাবেন এবং আইন সঙ্গতভাবে বর্গা রেকর্ড হবে। জনতা দলের একজন সদস্য বললেন, 'শত শত লোক'। তাঁদের আসল আপত্তি হচ্ছে ওই 'শত শত লোক'। অল্প জমির মালিকদের কি হবে সেটা নয়। অল্প জমি যাদের রয়েছে তাদেরও তো ভরণ পোষণের ব্যাপার রয়েছে। দু বিঘা যদি কেউ নিজ হাতে চাষ করেন সেটা সর্বজন চেতনাবোধের কথা, এর মধ্যে দলবাজীর কোন কথা নেই। তবে ২ বিঘা কেউ নিজে চাষ করলে তাতে তার পেট ভরবে না। আমরা মধ্যবিত্তদের স্বার্থ বুঝি। জমিদার যাদের অনেক জমি আছে তারা আমাদের স্বার্থ রক্ষা করতে হবে একথা কখনও বলেনা, তারা সবসময় ছোট এবং মাঝারিদের কথা বলে নিজেদের স্বার্থ রক্ষা করতে চায়। স্যার আইনকে কার্যকরী করার সিদ্ধান্তে এদের আপত্তি হচ্ছে কারণ বর্গাদাররা সংগঠিত হচ্ছে। প্রবোধবাবু বললেন, 'শত শত লোক'। শত শত লোক এটাই তো হচ্ছে নতুন জিনিস। সমস্ত পৃথিবীতে এটা গৃহীত হয়েছে। সমস্ত পৃথিবী দুর্বল এবং নিপীড়িত লোকের কথা চিন্তা করে এবং ইন্টারন্যাসনাল লেবার অর্গানাইজেসন থেকে সুরু করে সকলেই এটা করে। তাঁরা বলেন যারা পিছিয়ে রয়েছে তাদের দেখতে হবে। একটু আগে একজন মাননীয় সদস্য বললেন, ডাইরেক্টিভ প্রিন্সিপল অব দি স্টেট পলিসি—কে প্রিসিডেন্স দিতে হবে অন দি ফাণ্ডামেন্টাল রাইটাস্ এ্যাণ্ড দে আর প্রাউড অব ইট। কিন্তু তাঁরা কি করেছিলেন সেটা আমরা জানি। এখন বলছেন এটাকে নাইন্থ সিডিউলে নেওয়া চলবে না। তারপর, এস ইউ সি-র একজন বললেন, সি পি এম-কে দেখে দেখে করা হচ্ছে। আপনারা মিটিং-এ এসে দেখুন বর্গাদার যারা আসে তাদের বোঝাবার দরকার আছে।

আমাদের ভারতবর্ষে এটা একটা ঘটনা সবাই জানেন যে নিপীড়িত যারা, পিছিয়ে পড়া যারা তাদের উৎসাহিত করতে হবে। আইন তাদের কাছে ব্যাখ্যা করতে হবে। আইন তাদের ডেকে ব্যাখ্যা করে বলা হচ্ছে এইটা আইন। কোথায় বলা হয়েছে অপারেশন বর্গাতে যে যারা জমির মালিক তাদের কোন নোটিশ দেবেন না? আইনে যা আছে তা আমরা পালন করবো না? আইনে যা বলা আছে তা পালন করা হচ্ছে, আইনকে কার্য্যকরী করা হচ্ছে। তার জন্য তারা আতঙ্কিত হচ্ছেন, এই আতঙ্কিত হলে তো চলবে না এবং শুধু আতঙ্কিত হচ্ছেন তাই নয়, ঘটনা হচ্ছে, ক্লাসেস হচ্ছে। পশ্চিমবাংলায় ক্লাসেস আজও হচ্ছে। পশ্চিমবাংলায় জমিতে ধান কাটার সময় বন্দুক আসছে। আমরা শুনছি খবর নিয়ে লাইসেন্সড গান আসছে। ধান কাটার জন্য বন্দুকের কি দরকার হয়? ধানের যে সব জমি আছে, সেই সব জমিতে যারা আছেন, জমির মালিক অথবা কৃষক, তাদের মধ্যে কাদের লাইসেন্সড গান আছে? লাইসেন্স প্রাপ্ত বন্দুক কাদের আছে সহজেই বোঝা যাচ্ছে। কিছু মৃত্যু হয়েছে, আমরা তাদের নাম জানি, কারা তাদের মেরেছে, কোন দলের লোক। তাহলে যেখানে বন্দুক আছে এবং বন্দুক ব্যবহৃত হচ্ছে, মানুষ মরছে, শুধু আজকে নয়, যুগ যুগ ধরে ঘটছে, আজও ঘটছে—এইটা বন্ধ করতে হবে। মানুষ সংগঠিত হতে পারবে না? আপনারা বললেন তাদের বন্দুক নেই, তাদের লাঠি-তরোয়াল নেই, শুধু একটা কাস্তে আছে, তাদের নিশ্চয় সংগঠিত হতে হবে। ভারতবর্ষের কোন আইনে, ভারতের সংবিধানে, কোন রীতি-নীতিতে, সাধারণ কোন বোধশক্তিতে তাদের সংগঠিত করার আইন, কি তাদের সুযোগ, কি তাদের অধিকার--এইগুলো ব্যাখ্যা করা কোনটাই বেআইনী নয়। এর মধ্যে কোন পারটিজ্যানশিপ নেই। পারটিজ্যানশিপ যদি বলেন যে বর্গাদারদের পক্ষ নিয়ে পারটিজানশিপ, গরীব-মধ্যবিত্ত তাদের পক্ষ নেওয়াটা পারটিজ্যানশিপ, যদি বলেন সিডিউলড কাষ্ট, সিডিউলড ট্রাইবসদের পক্ষ নেওয়াটা পারটিজ্যানশিপ তাহলে বলার কিছু নেই। কিন্তু দল দেখা কেন হবে, কি জন্য দল দেখা হবে। একটু আগে অনেক কথা বলা হল, কি করে কর্মসংস্থান করে মানুষকে চাকরি দেওয়া হবে। সমস্ত দুনিয়ায় আজকে ধারণা, সর্বস্তরে গৃহীত হয়ে গিয়েছে জমিতে যারা কৃষিজীবি মানুষ তাদের অধিকার প্রতিষ্ঠা করতে হবে, তবে মানুষের অধিকার প্রতিষ্ঠিত হবে, ক্রয় ক্ষমতা বাড়বে, খাদ্য সমস্যার সমাধান হবে। সে সব করবো না, বসে থাকবো? আপনারা যে সমস্ত ঘটনার কথা বলেছেন আমাদের কাছে দেবেন আমরা দেখবো সত্যই ঘটনা কি না। একজন মাননীয় সদস্য একটি সংবাদপত্রের চিঠির উল্লেখ করলেন। ওঁর উল্লেখ করা উচিত

ছিল যে সেই চিঠির প্রতিবাদে আমাদের প্রচার দপ্তরের তরফ থেকে অধিকর্ত্তার উত্তর বেরিয়ে গিয়েছে। সে উত্তরটা পড়ে দিলে ভাল করতেন। এইভাবে সভাকে বিপথে পরিচালিত করবার জন্য নানা রকম ঘটনার কথা যা সত্য নয় তা বলবেন না। আপনারা যদি বলেন এই কথা যে আপনারা এই আইনের পুরোপুরি বিরোধী তাহলে মানুষ আপনাদের একরকমভাবে বুঝবে। কিন্তু যদি আইনের পক্ষে থাকেন তাহলে আপনাদের দেখিয়ে দিতে হবে যে এই যে অপারেশান বর্গা বিংবা হারভেসটিংয়ের ব্যাপারে যে পলিসি ডিক্লেয়ার করা হয়েছে এবং সেগুলোকে কার্য্যকরী করবার জন্য যে চেষ্টা হয়েছে সেটা কোন্‌টা এই আইনের কোন্ ধারার বিরোধী। কাজেই আমরা মনে করি তা নয়। আমি সভার কাছে বলবো পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারের তরফ থেকে, এই যে প্রস্তাব এনেছেন অতীশবাবু, এই প্রস্তাব আপনারা সম্পূর্ণরূপে বিরোধীতা করুন এবং পশ্চিমবাংলার বর্গাচাষীর অধিকার রক্ষার জন্য যে কর্ম পদ্ধতি নেওয়া হয়েছে তাকে সমর্থন করুন। আপনাদের সবাইকে ধন্যবাদ।

**শ্রীকান্তিচন্দ্র বিশ্বাস:** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, কতকগুলো বিষয়ের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে ভাগচাষীদের স্বার্থরক্ষা করার জন্য আমরা অবিভক্ত বাংলাতে তেভাগা আন্দোলন করেছি, অনেক রক্ত দিয়েছি। আপনি আরও জানেন যে আমরা আমাদের দেশের যে সংবিধানের নির্দেশের মধ্যে দিয়ে এসেছি তাতে আমাদের জমি সংক্রান্ত যে সমস্ত অন্যায়, অবিচার তাকে আমরা দূরীভূত করতে পারবো না। সে সীমাবদ্ধতা আমাদের আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি আরও জানেন যে চীনে সেখানে জনগণতান্ত্রিক বিপ্লব হওয়ার পরে চীন সরকার ঘোষণা করেছিল জমি সংক্রান্ত সমস্ত কাগজপত্র বাতিল বলে। সেখানে কৃষক সমিতি তারা সিদ্ধান্ত করবে কোন্ জমির কে মালিক হবে, কে কোন্ জমিতে চাষবাস করবে।

[7-45—7-52 P.M.]

কে জমি চাষবাস করবে—এই সিদ্ধান্ত তারা করেছিলেন। কিন্তু বর্তমানে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার সেই ক্ষমতার মালিক নন, তারা সে সিদ্ধান্ত ঘোষণা করতে পারে না একথা আপনারা জানেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন মাননীয় অতীশ সিংহ মহাশয় যিনি এই প্রস্তাবের উত্থাপক তাঁদের এক সময় নেতৃ ছিলেন শ্রীমতী ইন্দিরা গান্ধী। তাঁর আমলে যে পরিকল্পনা কমিশন হয়েছিল যে বিশেষজ্ঞ কমিটি হয়েছিল তাঁরা তাঁদের রিপোর্টে উল্লেখ করেছিলেন

যে এগ্রিকালচার‍্যাল ক্লাস তৈরী হয়েছে এই ল্যাণ্ড রিফর্ম বর্গাদারদের ক্ষেত্রে এখনও পর্যন্ত কার্যকরী হয়নি। সাধারণ মানুষদের জন্য এই ল্যাণ্ড রিফর্ম আইন ঠিকমত জারী হয়নি। যেহেতু তাদের কোন রকম পলেটিক্যাল উইলিংনেস ছিল না এবং সেই পলেটিক্যাল উইলিংনেসের অভাবের জন্য ল্যাণ্ড রিফর্ম কার্যকরী হয়নি। আজকে জনতা এবং কংগ্রেসী বন্ধুরা একত্রিত হয়ে এই প্রস্তাব সমর্থন করছেন। বুঝতে আমাদের বিলম্ব হয় না একটু আগে আমাদের তরফের মাননীয় সদস্য যে কথা উল্লেখ করেছেন আমাদের বারিতপুরের ঘটনা এবং এটা ১লা ডিসেম্বর তারিখে টাইমস অব ইণ্ডিয়াতে বেরিয়েছে আমি তার উদ্ধৃতি এখানে দিচ্ছি। সেখানে বলা হয়েছে ৪৩১ বিঘা জমি গনেশের নামে, পার্বতীর নামে, সরস্বতীর নামে, লক্ষ্মীর নামে একজন জোতদার দুর্গাপ্রসাদ সিংহ বেনামী করে রেখেছিল? সেই জমিদার গরীব মানুষদের জমি থেকে উচ্ছেদ করেছে, তাদের প্রতি অত্যাচার করেছে আজকে আমরা দেখতে পাচ্ছি সমস্তিপুরে সেই জমিদারের বাড়ীতে ইলেকসনের সময় জনতার নেতারা বসবাস করেছে, কংগ্রেসের নেতারাও বসবাস করেছে। এখানে এই দুজনের যে মিল সেই মিল এখানেই খুঁজে পাওয়া যায়। এই কথা বলে এই প্রস্তাবের সম্পূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**অতীশচন্দ্র সিংহ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সরকার পক্ষের সদস্যদের বক্তব্য থেকে এটা পরিষ্কার হোল যে আমরা যাই বলি না কেন, যাই অভিযোগ করি না কেন গাদা গাদা কাগজে যাই বেরুক না কেন তারা সেটা মানতে রাজী নন। কিন্তু আমি যে রেজলিউসনটি এখানে রেখেছি জানি না ওঁরা তার মর্মার্থ বুঝেছেন কিনা। সেখানে আমি এ্যাপ্লাইয়েড কথাটা খুব পরিষ্কারভাবেই লিখেছি এবং সেটা যদি বিশ্বাস না করেন স্বীকার না করেন তাহলে আপনাদের সংখ্যাগরিষ্ঠতা আছে, আপনারা বলবেন সূর্য পশ্চিমদিকে উঠে আর সব আপনারা স্তাবকের দল বলবেন হ্যাঁ সূর্য পশ্চিমদিকে উঠে। আমরা কিন্তু তা বলবো না। কাগজে বেরুচ্ছে দৈনন্দিন শত শত মেনসন কেস হাজার হাজার দরখাস্ত, জনতা দলের তরফ থেকে, আমাদের দলের তরফ থেকে, এস. ইউ. সি. দলের তরফ থেকে, ফরওয়ার্ড ব্লক দলের তরফ থেকে এবং মুখ্যমন্ত্রী বিভিন্ন জায়গায় সেটা পাঠাচ্ছেন আপনারা কিন্তু সব মিথ্যা সব ভুয়া সব ঝুটা। আপনাদের ব্রুট মেজরিটি আছে আপনারা যা বলবেন সব সত্য এ যদি আপনাদের বিচার হয় তাহলে আমাদের বলবার কিছু নেই। আমার রেজলিউসন আপনারা পাশ করাবেন না কারণ আপনাদের ব্রুট মেজরিটি আছে। কিন্তু তবুও দুঃখের সঙ্গে আমাকে বলতে হচ্ছে যে

কাগজে যে চিঠিগুলি দিচ্ছে সেগুলি তো আমাদের বানানো নয়, লোকে ক্ষোভে, লোকের দুঃখ কষ্ট হবার পর মানুষ কাগজে চিঠি লিখছে। আমাদের বানানো জিনিস নয়, আমরা তাদের তো বলছি না যে তোমরা চিঠি লেখ। আমরা তো বলেছি আইন যা তা ভাল কিন্তু কিছু কিছু জায়গায় যেমন আপনাদের যে এমেণ্ডমেণ্ট যেটা এখানে এনেছেন সে সম্বন্ধে বলেছি। আইনটি গ্রামে গঞ্জে প্রয়োগ হোক এটা আমরাও চাই আমরা চাই না একথা বলিনি আমরা বলছি আরবিট্রারিলি এটা প্রয়োগ হচ্ছে, কিছু কিছু লোকের ক্ষেত্রে প্রয়োগ হচ্ছে, কিছু কিছু লোকের ক্ষেত্রে প্রয়োগ হচ্ছে না। যদি গ্রামের ছোট বড় মাঝারী জোতদার সবারই ক্ষেত্রে প্রয়োগ হয় সি. পি. এম., সি. পি. আই. জনতা, কংগ্রেস, এস. ইউ. সি. সে যে দলেরই হোক সব দলের ক্ষেত্রে এটা যদি প্রয়োগ হয় তাহলে আমার বলার কিছু নেই। কারণ এই আইনটি তো আমরাই করেছিলাম। আমাদের আপত্তি যে এমেণ্ডমেণ্ট করেছেন আপনারা এবং আমরা যেটা করিনি। এখানে আপনারা পারসোন্যাল কালটিভেসনের উপর যে আঘাত হানতে চাচ্ছেন সেখানে আমরা বার বার বলছি এখনও বলছি আমার রেজলিউসন মুভ করার সময়ও বলেছি মধ্যবিত্ত এবং বড় জোতদারদের কথা বাদ দিলাম মধ্যবিত্তদের নিচে যারা আছে ৫।৭।১০ বিঘার মালিক তাদের ক্ষতি হবে হবে হবে। আপনারা একথা জানেন এবং আমি একদিন একথা বলেও ছিলাম যে বাড়ীর মালিক মানে এটা নয় যে ১২।১৩ তলার মালিক জমির মালিক মানে এই নয় যে ৫০।৬০ বিঘা জমির মালিক দু বিঘা এক বিঘা জমিরও মালিক আছে আজকে তাদের স্বার্থ ক্ষুণ্ণ হবে।

কিন্তু আপনাদের ব্রুট মেজরিটির জোরে যদি না বলতে চান, তাহলে আমার কিছু বলার নেই। আপনারা দেখছি কুম্ভকর্ণের মত ঘুমোচ্ছেন, বিরোধীদলের কংক্রিট সাজেসান গ্রহণ করবেন না। একজন মাননীয় সদস্য বললেন আমরা জানি নিজের পায়ে কুড়ুল মারতে যাব কেন—কিন্তু আমরা দেখেছি ১৯৬৭/৬৯ সালে যুক্ত ফ্রন্ট সরকারের কি হয়েছিল—আপনারা নিজেরাই নিজেদের পায়ে কুড়ুল মেরেছিলেন। শরিকে শরিকে সংঘর্ষ করে আপনারা কুড়ুল মেরেছিলেন, আবার বলছেন কুড়ুল মারছি না। ৩।। বছর পরে আমি বলছি আপনারা ১৩ জন কেন, ৩ জনে পরিণত হবেন। তাই আপনাদের যাতে ৩ জনে পরিণত হবার দুর্ভাগ্য না হয় সেই জন্যই বলছি আমার এই রেজলিউসানটা আপনারা সমর্থন করুন।

The motion of Shri Atish Chandra Sinha that—

Whereas the rules and regulations made under the West Bengal Land Reforms Act, 1956, are being applied arbitrarily and in a partisan way leading to lawlessness in West Bengal ;

Therefore this House resolves that the provisions of the said Act and the rules and regulations made thereunder should be uniformly and impartially applicable to all and that nothing should be done which will give rise to a fear in the minds of millions of agriculturists that they are being or going to be deprived of the legitimate share of the produce of their land.

was then put and lost.

## Adjournment

The House was then adjourned at 7.52 p.m. till 1 p.m. on Wednesday the 13th December, 1978, at the Assembly House Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 13th December, 1978, at 1 P.M.

**Present**

Mr. Speaker (Sri Syed Abui Mansur Habibullah) in the Chair, 17 Ministers, 3 Ministers of State, and 206 Members.

## HELD OVER STARRED QUESTIONS
**(to which oral answers were given)**

### বীরভূম জেলার কানদীঘী গ্রামে হাসপাতাল নির্মাণ

*১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬।) **শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়, শ্রীআতাহার রহমান, শ্রীআবুল হাসনাৎ খান** এবং **শ্রীদীনবন্ধু মাঝি**: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলার দুবরাজপুর থানার কানদীঘী গ্রামে একটি হাসপাতালের নির্মাণকার্য আরম্ভ হইয়াছে ;

(খ) সত্য হইলে, উক্ত হাসপাতালের নির্মাণকার্য কবে আরম্ভ হইয়াছিল ; এবং

(গ) বর্তমানে উক্ত হাসপাতাল নির্মাণের কাজ কোন্ পর্যায়ে রহিয়াছে ?

**শ্রীননী ভট্টাচার্য্য**: (ক), (খ) এবং (গ) অর্থের আনুকূল্য না থাকায় কানদীঘী সাবসেন্টারের গৃহনির্মাণ কাজ অন্যান্য সাবসেন্টারের সাথে সাময়িকভাবে বন্ধ রাখতে হয়েছে। তবে অর্থের আনুকূল্য হলেই ঐ কাজ শুরু করতে বলা হবে।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়**: মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে ঐ হাসপাতাল কবে আরম্ভ হইয়াছিল এবং বর্তমানে হাসপাতালটির কাজ কোন্ পর্যায়ে আছে ?

**শ্রীননী ভট্টাচার্য্য**: ১৯৭৫ সালের ২৬শে নভেম্বর মঞ্জুর করা হয়েছিল।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়**: মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে কোন্ পর্যায়ে আছে ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** কাজ চলতে চলতে সাময়িকভাবে স্থগিত রাখা হয়েছিল।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে আবার কতদিনের মধ্যে নির্মাণ কার্য্য আরম্ভ হইবে ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** আমিতো আগেই বলেছি যে অর্থের আনুকুল্য দেখা দেয়। তবে অন্যান্য কাজ যখন আরম্ভ হবে তখন এটাও আরম্ভ করা হবে।

### তিলপাড়া ব্যারেজের অ্যাফ্লক্স বাঁধের ভাঙ্গনের ফলে ফসলের ক্ষতি

*৬৯। ( অনুমোদিত প্রশ্ন নং *১৫৩। ) **শ্রীশশাঙ্কশেখর মণ্ডল ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ইহা কি সত্য যে, গত সেপ্টেম্বর মাসের বন্যায় ময়ুরাক্ষী প্রকল্পের তিলপাড়া ব্যারেজের অ্যাফ্লক্স বাঁধ ভাঙ্গিয়া ময়ূরাক্ষীর উত্তর তীরস্থ সেচ এলাকায় বহু মৌজায় আমন ফসলের ফলন সম্পূর্ণ নষ্ট বা মারাত্মক ভাবে ক্ষতিগ্রস্ত হইয়াছে ; এবং

(খ) সত্য হইলে, উক্ত ক্ষতিগ্রস্ত মৌজার কৃষকদের সেচ জলকর হইতে রেহাই দিবার কোন ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কি ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায় ঃ** (ক) হ্যাঁ।

(খ) ক্ষতিগ্রস্ত কৃষকদের সেচের জলকর সময় অনুযায়ী রেহাই দেওয়া হইবে।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে কত একর আমন ফসল নষ্ট হয়েছে ?

**শ্রীপ্রভাষচন্দ্র রায় ঃ** নোটিশ চাই।

### তিলপাড়া ব্যারেজের বাঁধের ভাঙ্গন

*৭০। ( অনুমোদিত প্রশ্ন নং *১৮৪। ) **শ্রীঅতীশচন্দ্র সিন্‌হা ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবে কি—

(ক) গত ২৭-শে সেপ্টেম্বর, ১৯৭৮ তারিখে বিকালের দিকে যে ভয়াবহ বন্যায় কান্দী প্লাবিত হয় তাহা জনসাধারণকে জানাইবার জন্য কখন এবং কিভাবে ব্যবস্থা গ্রহণ করা হইয়াছিল ;

(খ) তিলপাড়া ব্যারেজের বাঁধ কখন এবং কবে ভাঙ্গিয়াছে ; এবং

(গ) কখন এবং কবে কি পরিমাণ জল ২৫-শে সেপ্টেম্বর (১৯৭৮) পর হইতে ময়ূরাক্ষী জলাধার এবং তিলপাড়া ব্যারেজ হইতে ছাড়া হইয়াছে ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ** (ক) গত ২৬-৯-৭৮ তারিখে ময়ূরাক্ষী নদীতে বন্যা শুরু হইবার সময় হইতেই তিলপাড়া ব্যারেজের ভিতর দিয়া প্রবাহিত জলের পরিমাণ সময় হইতে সময়ান্তরে রেডিওগ্রামের মারফৎ মুর্শিদাবাদের জেলাশাসক, বহরমপুর সেচ দপ্তরের নির্বাহী বাস্তুকার, কান্দী মহকুমা শাসক, কান্দী সেচ উপবিভাগের ভারপ্রাপ্ত অফিসার ও অন্যান্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানান হইয়াছিল এবং যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বনের অনুরোধ করা হইয়াছিল। বন্যার পরও অনুরূপ ব্যবস্থা গ্রহণ করা হইয়াছিল। প্রসঙ্গত উল্লেখযোগ্য যে, ২৬-৯-৭৮ তারিখে বৈকাল পাঁচ ঘটিকা হইতে ৩০-৯-৭৮ তারিখে বৈকাল ছয় ঘটিকা পর্যন্ত মোট ১১টি রেডিওগ্রাম উপরোক্ত অফিসারদের এবং সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরকে পাঠান হইয়াছিল। ইহার পরও আরও রেডিওগ্রাম করা হয়। ঐ রেডিওগ্রাম গুলির অনুলিপি বীরভূমের সদর মহকুমা জেলা শাসককে ও বীরভূমের সদর মহকুমা শাসককেও পাঠান হয়। এই প্রসঙ্গে আরও উল্লেখ করা যায় যে ২৬-৯-৭৮ তারিখে রাত্রি ১১-৩০ মিঃ নাগাদ প্রথমে বহরমপুর সেচ দপ্তরের নির্বাহী বাস্তুকার ও পরে রাত্রি ১১-৫০ মিঃ নাগাদ মুর্শিদাবাদের জেলা শাসক ও উপরিউক্ত নির্বাহী বাস্তুকারকেও তিলপাড়া ব্যারেজের সাইট অপিস হইতে টেলিফোনে ঐ বন্যার খবর জানান হয়। এই খবর পেয়ে তারা উভয়েই রাত্রি প্রায় একটার সময় কান্দীর বন্যা পরিদর্শনে সরেজমিনে আসেন। এই ঘটনা উপরোক্ত নির্বাহী বাস্তুকার গত ১৭-১০-৭৮ তারিখে আমাকে সিউড়িতে এসে মৌখিকভাবে জানান।

(খ) ময়ূরাক্ষী নদীর জল গত ২৭-৯-৭৮ তারিখে সকাল ৮-০০ মিঃ নাগাদ তিলপাড়া ব্যারাজের লেফট ও রাইট এফ্লাক্স বাঁধ দুইটি ও ব্যারেজের আপ-স্ট্রিমে অবস্থিত দুইটি গাইড বাঁধ টপকাইয়া পড়ে। ইহার ফলে বেলা সাড়ে আট ঘটিকা নাগাদ লেফট এফ্লাক্স বাঁধ, গাইড বাঁধ দুইটির এবং ময়ূরাক্ষী দোয়ারকা মেন ক্যানেলের দক্ষিণ দিকের

বাঁধ তথা সিউড়ি মহম্মদ বাজার রাস্তার কিয়দংশ ভাঙ্গিয়া পড়ে। ইহার ফলে ব্যারাজের উত্তরদিকে একটি নতুন নদীর সৃষ্টি হয়।

(গ) মসানজোড়-এ অবস্থিত ময়ূরাক্ষী জলাধার থেকে ২৫-৯-৭৮ হইতে জল ছাড়ার পরিমাণ নিম্নে দেওয়া হইল।

| তারিখ | সময় | বন্যার জল ছাড়ার পরিমাণ |
|---|---|---|
| ২৫-৯-৭৮ | ... | শূন্য |
| ৬-৯-৭৮ | ০০.০০ ঘটিকা হইতে ১৯.০০ ঘটিকা পর্য্যন্ত | শূন্য |
| ২৬-৯-৭৮ | ১৯.০০ ঘটিকা হইতে ২১.০০ ঘটিকা পর্য্যন্ত | ৬১৯১ কিউসেক (অর্থাৎ প্রতি সেকেণ্ডে ৬১৯২ ঘন ফুট) |
| ঐ | ২১'০০ থেকে ২১-৩০ পর্যন্ত | ১৮.৭৮০ কিউসেক |
| ঐ | ২১-৩০ থেকে ২২-০০ | ৩১'৩০০ কিউসেক |
| ঐ | ২২-০০ থেকে ২২-৩০ | ৪৩,৮২০ |
| ঐ | ২২-৩০ থেকে ২৩-০০ | ৬২,৬০০ |
| ঐ | ২৩-০০ থেকে ২৩-১৫ | ৬৮,৮৬০ |
| ঐ | ২৩-১৫ থেকে ২৩-৩০ | ৭৫,১২০ |
| ২৬-৯-৭৮ | ২৩-৩০ থেকে | |
| ২৭-৯-৭৮ | ০-১৫ পর্যন্ত | ৮১,৩৮০ |
| ২৭-৯-৭৮ | ০-১৫ থেকে ০-৩০ | ৮৭,৬৪০ |
| | ০-৩০ থেকে ০-৪৫ | ৯৩,৯০০ |
| | ০-৪৫ থেকে ৩-০০ | ১,০০,১৬০ |
| | ৩-০০ থেকে ৩-১৫ | ১,১২, ৬৮০ |
| | ৩-১৫ থেকে ৪-০০ | ১,৩১,৪৬০ |
| সর্বোচ্চ মাত্রা | ৪-০০ থেকে ৮-০০ | ১,৪৪, ৭২৯ (কমছে) |
| | ৮-০০ থেকে ১১-৩০ | ১,৩৭,০৫২ |
| | ১১-৩০ থেকে ১১-৪৫ | ১,৩০,৭৯২ |

| তারিখ | সময় | ব্যারেজ হইতে বন্যার জল ছাড়ার পরিমাণ |
|---|---|---|
| | ১১-৪৫ থেকে ১২-০০ | ১,২৪,৫৩২ |
| | ১২-০০ থেকে ১২-৩০ | ১,১২,৩১২ |
| | ১২-৩০ থেকে ১২-৪৫ | ৯৯,৪৯২ |
| | ১২-৪৫ থেকে ১৩-০০ | ৮৬,৯৭২ |
| | ১৩-০০ থেকে ১৩-৪৫ | ৭৪,৪৫১ |
| | ১৩-৪৫ থেকে ১৪-১৫ | ৬১.৯৩২ |
| | ১৪-১৫ থেকে ১৫-০০ | ৪৯,৪১১ |
| | ১৫-০০ থেকে ২১-০০ | ৪৩,১৫১ |
| | ২১-০০ থেকে ২১-১৫ | ৩৭,৫৬০ |
| | ২১-১৫ থেকে ২২-৩০ | ৩১,৩০০ |

তিলপাড়া ব্যারেজ থেকে ২৫-৯-৭৮ তারিখ হইতে জল ছাড়ার পরিমাণ নীচে দেওয়া হল—

| তারিখ | সময় | ব্যারেজ হইতে বন্যার নির্গত জলের পরিমাণ |
|---|---|---|
| ১৫-৯-৭৮ | ... | শূন্য |
| ১৬-৯-৭৮ | ০-০০ হইতে ১৬-০০ ঘটিকার পূর্ব পর্যন্ত | শূন্য |
| | ১৬-০০ ঘটিকায় | ১,০৮০ কিউসেক |
| | ১৬-৩০ | ২,১৬০ ” |
| | ১৬-৪৫ | ৪,৩৭৬ ” |
| | ১৭-০০ | ৮,৬৩২ ” |
| | ১৭-১৫ | ১০,৩৫৪ ” |
| | ১৭-০০ | ১২,০৫৫ ” |
| | ১৮-০০ | ১৫,৪২৩ ” |
| | ১৯-০০ | ২২,৮৫০ ” |
| | ১৯-৩০ | ২২,৭৫৬ ” |
| | ১৯-৪৫ | ২২,৫৭১ ” |
| | ২০-০০ | ২২,৪০০ ” |
| | ২০-১৫ | ২২,২৩৮ ” |
| | ২০-৩০ | ২২,১০৪ ” |

| তারিখ | সময় | ব্যারেজ হইতে বন্যার নির্গত জলের পরিমাণ | |
|---|---|---|---|
| | ২০-৪৫ | ২১,৮৬৪ | কিউসেক্ |
| | ২১-০০ | ১৮,৪৭৪ | ” |
| | ২৩-০০ | ২৫,৪১৭ | ” |
| | ২৩-৩০ | ২৮,৩৯৯ | ” |
| | ২৩-৫০ | ৫৬,৮৫৬ | ” |
| | ২৪-০০ | ৭১,০০৪ | ” |
| ২৭-৯-৭৮ | ০-০০ | | |
| | ১-৩০ | ১,১৬,৬০০ | ” |
| | ৪-৪৫ | ১,৬৯,৯১৮ | ” |
| | ৬-০০ | ২,০৭,৩৬৬ | ” |
| | ৮-০০ | ৪,০০,০০০ (আনুমানিক) | ” |
| | ১১-০০ | ২,৮১,২৯১ | ” |
| | ১৬-০০ | ১,৭৪,১৫২ | ” |
| | ২২-০০ | ৫০,০০০ | ” |
| ২৯-৯-৭৮ | ১১-০০ | ৪৫,০০০ | ” |
| | ১৭-৩০ | ৩৫,০০০ | ” |
| ২৯-৯-৭৮ | ৭-০০ | ১৫,০০০ | ” |
| | ১৭-০০ | ১৭,০০০ | ” |
| ৩০-৯-৭৮ | ৮-০০ | ১৭,০০০ | ” |
| | ১৮-০০ | ১৫,০০০ | ” |

**শ্রীঅতীশচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ময়ূরাক্ষী ড্যাম থেকে ২৫-৯-৭৮ তারিখ থেকে জল ছাড়া হয়েছে। মন্ত্রী মহাশয় জানাবেন কি, ২৫-৯-৭৮ তারিখ থেকে কি তিলপাড়া ব্যারেজ থেকেও জল ছাড়া হয়েছে ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায় ঃ** তিলপাড়া ব্যারেজ থেকে জল ছাড়া হয়েছে ২৬ তারিখের ১৬ ঘটিকা থেকে।

**শ্রীঅতীশচন্দ্র সিন্‌হা :** তার মানে একদিন পর থেকে বলছেন ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায় :** ২৫ তারিখে কোন জল ছাড়া হয় নি তিলপাড়া ব্যারেজ থেকে।

**শ্রীঅতীশচন্দ্র সিন্‌হা :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে মুর্শিদাবাদ জেলার সবসাধারণ বিশ্বাস করে যে ময়ূরাক্ষী ব্যারেজ এবং তিলপাড়া ব্যারেজ থেকে একসঙ্গে জল ছাড়ার জন্যই কাঁথিতে বন্যা হয়েছে, এটা একটা অন্যতম কারণ ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায় :** তা আমি জানি।

[1-10—1-20 P.M.]

**শ্রীঅতীশচন্দ্র সিংহ :** এটা আপনি জানেন, আপনার দলও বিশ্বাস করে, আমি ব্যক্তিগত ভাবে বিশ্বাস করি, সাধারণ লোকেও বিশ্বাস করে, তাহলে আপনি তিলপাড়া ব্যারেজের বাঁধটি বাঁধবার জন্য এত তাড়াহুড় করেছেন কেন ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায় :** আমরা এ বিষয়ে এনকোয়ারী কমিশন বসিয়েছি, তাদের রিপোর্ট পেলে পর সব জানতে পারব।

**শ্রীঅতীশচন্দ্র সিংহ :** মেরামত করবার অর্ডার দিয়ে দিয়েছেন কি ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায় :** ইরিগেশনের জলের প্রয়োজনে জল ছাড়ার জন্য এটা করা হচ্ছে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** এটা নিয়ে যখন এনকোয়ারী কমিশন বসানো হয়েছে তখন ব্যারেজ ইত্যাদি মেরামত করা হয়ে গেলে এনকোয়ারী কমিশনের এনকোয়ারী করার পক্ষে অসুবিধা হবে নাকি ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায় :** না। তাঁরা আমাদের জানিয়েছেন এফ্লাস্ক যেটা ভেঙে গিয়েছিল, যেখান থেকে আলাদা নদী-মত বেরিয়ে গেছে সেটা বাঁধা যাবে, সেই জন্যই আমরা কাজ শুরু করেছি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি :** আমি বলতে চাইছি যখন এনকোয়ারী হচ্ছে তখন পোর্সান অফ ড্যামেজ যদি তদন্ত করবার আগেই মেরামত করা হয় তাহলে তাঁরা বুঝতে পারবেন কি করে ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায় :** তাঁরা তো দেখে গিয়েছেন। দেখে গিয়ে আমাদের এফ্লাস্ক বাঁধ মেরামত করবার কথা বলেছেন। সেই অনুযায়ী আমরা কাজ করছি।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** তিলপাড়া বাঁধ থেকে ঠিক সময়ে জল ছাড়া হয়েছিল কি ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায় ঃ** ব্যারেজের জল ছাড়ার যে নিয়ম কেন্দ্রীয় সরকার করে দিয়েছেন সেই অনুযায়ী জল ছাড়া শুরু করা হয়।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** যদি সময়মত জল ছাড়া হয়ে থাকে তাহলে এফ্লেক্স বাঁধ ভাঙলো কি করে ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায় ঃ** ঐ ভাবে প্রশ্ন করলে জবাব দেওয়া যাবে না।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** সময় থাকতে জেলাশাকদের জানানো সত্বেও কেন এত মানুষ মারা গেল বা কি করে এত ক্ষয়ক্ষতি হলো ?

**অধ্যক্ষ মহোদয় ঃ** কি করে মারা গেল তা জানবার জন্যই এনকোয়ারী কমিশন বসানো হয়েছে।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, আপনি এবারে রবি ক্রপের জন্য কতটা কমাণ্ড এরিয়াতে জল দেবেন ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায় ঃ** কত একর রবি এবং কত একর বোরোতে জল দেব সেটা আমরা ইতিমধ্যেই ঠিক করেছি। তবে আপনি এবিষয়ে আলাদা নোটিশ দেবেন, তাহলেই জবাব দিতে পারব।

### সিঙ্গিমারী নদীর ধারে বাঁধ দেওয়ার পরিকল্পনা

*৭১। (অনুমোদিত প্রশ্ন নং *১০৩।) **শ্রীদীপক সেনগুপ্ত ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলার সিতাই থানার অন্তর্গত আদাবাড়ী এলাকায় সিঙ্গিমারী নদীর ধারে বাঁধ দিবার কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনা কবে নাগাত কার্যকরী হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায় ঃ** (ক) হ্যাঁ।

(খ) পরিকল্পনাটি উত্তরবঙ্গ বন্যা নিয়ন্ত্রণ কমিশনের Board of Technical Consultants কর্তৃক অনুমোদিত হইলে এবং প্রয়োজনীয় অর্থের সংস্থান

করা গেলে আগামী আথিক বৎসরের গোড়ার দিকে ইহার রূপায়ণের কাজ আরম্ভ করা যাইবে বলিয়া আশা করা যায়।

**Deaths of patients at Ranaghat Sub-divisional Hospital**

'95. (Admitted question No. *319.) **Shri GOUR CHANDRA KUNDU** : Will the Msnister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state that—

(a) the number of deaths of patients at Ranaghat Sub-divitional Hospital during the last one year ;

(b) if there has been any allegation that some patients of the said hospital died due to negligence of doctors and mismanagement of the hospital ; and

(c) if the reply to (b) is the affirmative, (i) the action taken by the Government on such allegation, (ii) the result thereof ?

***Shri Nani Bhattacharya :** (a) 551

(b) No.

(c) Does not arise.

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, আপনি ৫৫১ জন ডেথ হয়েছে বললেন—এই যে এতো মারা গেল উইদিন দি পার্টি ক্লাস এতে অ. এস. পি. এবং সি. পি এম. পার্টির কোন লোক আছে কি ?

**মিঃ স্পীকার ঃ** উনি এইসব কি করে জানবেন ?

**STARRED QUESTIONS**

**(to which oral answers were given)**

**জপুর গ্রামে চাষীদের জলসরবরাহের পরিবর্তে বড় জোতের মালিকদের জমিতে জলসরবরাহের অভিযোগ**

*১৭০। (অনুমোদিত প্রশ্ন নং *২৬০।) **শ্রীসরল দেব ঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগণা জেলার বারাসাত মহকুমার ১ নম্বর ব্লকের অন্তর্গত জপুর গ্রামে গভীর নলকূপ হইতে কমাণ্ড এলাকার চাষীদের জল না দিয়া ঐ এলাকার বাহিরে টাকা লইয়া বড় জোতের মালিকদের জমিতে জল দেওয়া হয় এই মর্মে সরকার কোন অভিযোগ পাইয়াছে কি ; এবং

(খ) পাইয়া থাকিলে, এই ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছে ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** (ক) এ ধরণের কোন অভিযোগ সরকার পান নাই। প্রসঙ্গগত উল্লেখযোগ্য যে ২৪ পরগণা জেলার বারাসাত মহকুমার ১নং ব্লকের জপুর গ্রামে কৃষি কারিগরী সংস্থা কর্তৃক কোন গভীর নলকূপ প্রোথিত হয় নাই।

(খ) এ প্রশ্ন ওঠে না।

## হলদিয়া পেট্রো-কেমিক্যাল কারখানা

*১৭১। ( অনুমোদিত প্রশ্ন নং *৫৬। ) **শ্রীকিরণময় নন্দ ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হলদিয়াতে পেট্রো-কেমিক্যাল কারখানার জন্য জমি অধিগ্রহণের কাজ সম্পূর্ণ হইয়াছে কিনা :

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, কতদিনে উক্ত কারখানা চালু হইবে বলিয়া আশা করা যায় ; এবং

(গ) উক্ত কারখানাতে কত লোকের কর্মসংস্থানের সম্ভাবনা আছে ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) ৪,০০০ ( চার হাজার )

**শ্রীকিরণময় নন্দ ঃ** এই জমি অধিগ্রহণ সম্পূর্ণ না হওয়ার কারণটা কি তা মন্ত্রীমহাশয় দয়া করে জানাবেন কি ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** অধিগ্রহণ করার কাজ ঠিক করে রাখা হয়েছে। প্রায় হাজার একরের মতন জমি নেওয়া হবে এবং সেটার জন্য আমাদের শীঘ্র নোটিশ দেওয়া হবে, বোধহয় মাস খানেকের মধ্যে।

**শ্রীকিরণময় নন্দ** : মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, কারখানাটি কবে নাগাদ চালু হতে পারে ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য** : মাননীয় সদস্য মহাশয়ের জানা দরকার সেখানে এখনও জমি অধিগ্রহণের কাজ চলছে এবং যেখানে কোটেসান সবে মাত্র এসেছে সেখানে সরকারের পক্ষে কবে নাগাদ চালু হবে তা বলা অসম্ভব। তবে এইটুকু বলতে পারি, আগামী বছরে অর্থাৎ ১ বছর পরে আমরা আশা করছি যে কারখানাটি গঠনের কাজ বা নির্মাণের কাজ শুরু করতে পারবো এবং নির্মাণের কাজ প্রায় ৪ বছরের মতন লাগবে মনে করছি।

**শ্রীকিরণময় নন্দ** : মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কোন বিধি-নিষেধ আছে কি ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য** : কেন্দ্রীয় সরকারের বিধি-নিষেধের প্রশ্ন ওঠে না। কারণ ১৩ই নভেম্বর লেটার অফ ইনটেন্ট যেটার লাষ্ট ডেট ছিল সেটা ১ বছর এক্সটেন্ট করে দিয়েছেন।

**শ্রীজন্মেজয় ওঝা** : মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে ঐ কারখানার জন্য ৪ হাজার লোককে নেওয়া হবে। আমার প্রশ্ন হচ্ছে, ওখানে যাদের জমি অধিগ্রহণ করা হবে তাদেরকে অগ্রাধিকার দেওয়া হবে কি ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য** : নিশ্চয়ই, এটা তো সরকারের নীতি। প্রত্যেক ফ্যামিলি থেকে এ্যাবেল বডিড ম্যানকে চাকুরীতে নেওয়া হবে। এটাতো গভর্ণমেণ্টের পলিসি।

[-120—1-30 P.M.]

**শ্রীজন্মেজয় ওঝা** : বাদ বাকী যা নেওয়া হবে তাদের কি ওখানে যে হলদিয়া এমপ্লয়মেণ্ট একসচেঞ্জ আছে, ওখানে যারা নাম রেজিষ্টারী করেছে তাদের কি অগ্রাধিকার দেওয়া হবে ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য** : আমি এখন থেকে কি করে বলব বলুন।

**শ্রীরজনীকান্ত দোলুই** : এই পেট্রো কেমিক্যাল কারখানার জন্য কতটা জমির প্রয়োজন হচ্ছে ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** নোটিশ না পেলে বলতে পারব না, তবে ৯০০ থেকে ১০০০ একরের মত।

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে ওখানে জায়গা অধিগ্রহণের ক্ষেত্রে আগে যে অসুবিধাগুলি সৃষ্টি হয়েছিল এবং এখন যেগুলি হবে সেগুলি দূরীকরণের কি কি ব্যবস্থা গ্রহণ করছেন?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** এখন তো এন. আই. টি. নোটিশ পাইনি, নোটিশ ইনভাইটিং টেণ্ডার নোটিশ দিলে কোনগুলো কি হবে দেখা যাবে। আমরা কোটেশন পেয়েছি, আমাদের কনসালট্যান্ট বডি আছে। আমাদের প্রসেস সিলেকটর সিলেকট করবে, প্রিলিমিনারী কিছু কিছু করেছি।

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার ঃ** কনসালট্যান্ট বডির নাম আজ থেকে এক বছর আগে হয়েছে, কাজ কিভাবে শুরু হবে তা কোন তথ্যের ভিত্তি নির্দিষ্ট করে কি বলে দিয়েছেন?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** নোটিশ ইনভাইটিং টেণ্ডার তাদের সমস্ত কোটেশন পাওয়া গেছে। আমরা এখন ৬ মাসের সময় দেব, ৬ মাসের মধ্যে তারা সিলেকট করে দেবে।

**ডঃ বঙ্কিমবিহারী মাইতি ঃ** কনসালট্যান্ট বডি ইতিমধ্যে তৈরী কি হয়ে গেছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** এখন ঠিক করা হয়নি, ৫ খানা দরখাস্ত পেয়েছি। নোটিশ না পেলে বলতে পারছি না, যাদের টেণ্ডার ইনভাইট করা হয়েছিল, লেটার অফ ইনটেন্টে তাদের কোটেশন পেয়েছি, ইণ্ডিয়ার বিভিন্ন জায়গা থেকে।

**ডঃ বঙ্কিমবিহারী মাইতি ঃ** যেরকম ধীর গতিতে কাজ শুরু হচ্ছে তাতে কাজ কি সম্পূর্ণ হবে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** এর চেয়ে দ্রুতগতিতে কাজ হতে পারে না। আপনি কি দেখাতে পারেন এর চেয়ে দ্রুত কাজ কোন দিন হয়েছে কি না?

**শ্রীনির্মলকুমার বোস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে বিভিন্ন জায়গা থেকে টেণ্ডার আহ্বান করা হয়েছে, পেট্রো কেমিক্যাল কাদের কাদের কাছ থেকে টেণ্ডার পাওয়া গেছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য :** এখন বলতে পারছি না, নোটিশ চাই, থ্রু আউট ওয়ার্লড থেকে ১২টি পেয়েছি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই হলদিয়া পেট্রো কেমিক্যালের ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আপনারা যে কো-অপারেশন আশা করেছিলেন সেই কো-অপারেশন ঠিকমত পেয়েছেন কি না ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য :** পেয়েছি বৈকি।

## রামপুরহাট থানায় রাসায়নিক সারের অভাব

*১৭২। ( অনুমোদিত প্রশ্ন নং *২৮৯। ) **শ্রীশশাঙ্কশেখর মণ্ডল :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বীরভূম জেলার রামপুরহাট থানায় রাসায়নিক সারের অভাব দেখা দিয়েছে ; এবং

(খ) অবগত থাকিলে, সরকার ইহার প্রতিকারের জন্য কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন বা করিতেছেন ?

**শ্রীকমলকান্তি গুহ :** (ক) ও (খ) বন্যাজনিত অবস্থার ফলে ও রাস্তাঘাট বন্ধ থাকায় সরবরাহ চালু রাখার অসুবিধাহেতু সারের অভাব দেখা দিয়াছিল। তবে বর্তমানে সরবরাহ বাড়ার সাথে সাথে পরিস্থিতির অনেকাংশে উন্নতি হইয়াছে।

**শ্রীসুনীতি চট্টরাজ :** বর্তমানে রাসায়নিক সার কতটা সাপ্লাই দেওয়া হচ্ছে ?

**শ্রীকমল কান্তি গুহ :** অগাষ্টে ৯০, মে, টি টন, সেপ্টেম্বর ১০০ টন, অক্টোবরে ৭০ টন ও নভেম্বরে ১০০।

**শ্রীসুনীতি চট্টরাজ :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি সেখান থেকে লোকাল দরখাস্ত হয়েছে কি না যে ১৫০ টন দরকার ?

**শ্রীকমল কান্তি গুহ :** খোঁজ নিয়ে বলবো।

## ইনজাংশনের অধীন সরকারে ন্যস্ত জমি

*১৭৩। ( অনুমোদিত প্রশ্ন নং *৩১২। ) **শ্রীঅনিল মুখার্জী :** ভূমি

সদব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় মোট কত একর সরকারের ন্যস্ত জমি বিভিন্ন বিচারালয়ের ইনজাংশনের জন্য বিলি বা বণ্টন করা সম্ভব হয় নাই ; এবং

(খ) তন্মধ্যে, বাঁকুড়া জেলায় উক্ত জমির পরিমাণ কত ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী :** (ক) বিগত ৩০ সেপ্টেম্বর ১৯৭৮ তারিখ পর্যন্ত ১,৮৮,০০০ একর।

(খ) ৭,১১৮ একর জমি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** ১৮৮ হাজার একর বললেন এগুলি যাতে তাড়াতাড়ি পাওয়া যায় তারজন্য কি ব্যবস্থা করছেন ?

**শ্রীবিনয় কৃষ্ণ চৌধুরী :** ইনজাংসান যাতে তাড়াতাড়ি ভেকেট করান যায় তারজন্য আইনগত ব্যবস্থা করা হচ্ছে।

### শস্য-বীমা

*১৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৯১।) **শ্রীদীপক সেনগুপ্ত :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের সাম্প্রতিক বন্যার পরিপ্রেক্ষিতে অবিলম্বে পশ্চিমবাংলায় শস্য-বীমা ব্যবস্থা চালু করার কথা সরকার বিবেচনা করিতেছেন কি না ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, সরকার এই বিষয়ে কতদূর অগ্রসর হইয়াছেন ?

**শ্রীকমল কান্তি গুহ :** (ক পশ্চিমবঙ্গের সাম্প্রতিক বন্যার পূর্ব হইতেই পশ্চিমবাংলায় শস্য বীমা চালু করার প্রস্তাবটি বিবেচনাধীন আছে।

(খ) জেনারেল ইন্সিওরেন্স কর্পোরেশন কর্তৃক প্রণীত শস্য বীমা পরিকল্পনার একটি প্রস্তাব আমরা কেন্দ্রীয় সরকারের নিকট হইতে এবৎসর জুলাই মাসে পাইয়াছিলাম। প্রস্তাবটির উপর আমাদের মতামত ভারতসরকারের নিকট জানাইয়া দেওয়া হইয়াছে। ইতিমধ্যে জেনারেল ইন্সিওরেন্স

কর্পোরেশনের অফিসারদের সঙ্গে এই ব্যাপারে বিস্তারিত আলোচনাও করা হইয়াছে। তাঁহাদের প্রস্তাবমত পরিকল্পনাটির দায়িত্ব ২।৩ বৎসর পরে রাজ্য-কেন্দ্রীয় সরকারকে গ্রহণ করিতে হইবে। কাজেই আমাদের মন্তব্যের পরিপ্রেক্ষিতে চূড়ান্ত সিদ্ধান্ত লইবার জন্য শীঘ্রই কেন্দ্রীয় সরকার সংশ্লিষ্ট রাজ্যের প্রতিনিধিদের সঙ্গে এক আলোচনা সভায় মিলিত হইবেন বলিয়া আশা করা যায়। এই আলোচনার পরেই পশ্চিমবঙ্গে শস্য বীমা ব্যবস্থা চালু করা যাইতে পারে। ইতিমধ্যে এই বীমা ব্যবস্থা চালু করিবার জন্য প্রয়োজনীয় প্রাথমিক ব্যবস্থা অবলম্বন করা হইতেছে।

**শ্রীরজনীকান্ত দোলুই :** কত আগে থেকে শস্য বীমা প্রকল্প গ্রহণ করা হয়েছিলো ?

**শ্রীকমলকান্তি গুহ :** গত জুলাই মাস থেকে—কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যখন প্রস্তাব আসে তখন থেকে এই বিষয় নিয়ে আমরা অগ্রসর হচ্ছি।

**শ্রীরজনীকান্ত দোলুই :** প্রাথমিক পর্য্যায়ে কি কি কাজ আরম্ভ করেছেন ?

**শ্রীকমলকান্তি গুহ :** প্রাথমিক পর্য্যায়ে কাজ হচ্ছে জেনারেল ইন্সিওরেন্স কোম্পানীর সঙ্গে আলোচনা করা যে আমাদের কতটা দায়িত্ব নিতে হবে। প্রিমিয়াম কি ভাবে দেবো। জেনারেল ইন্সিওরেন্স কোম্পানী বলছে ২ বছর পর ওরা আর দায়িত্ব নেবে না—দায়িত্ব কেন্দ্র ও রাজ্য সরকারকে বহন করতে হবে। আমরা বলেছি কেন্দ্রীয় সরকারকে অর্ধেক দায়িত্ব ও আমরা অর্ধেক দায়িত্ব বহন করবো। এটা নিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে চিঠি লিখেছি।

**শ্রীজন্মেজয় ওঝা :** শস্য বীমা কি সমস্ত শস্যর ক্ষেত্রেই প্রযোজ্য হবে ?

**শ্রীকমলকান্তি গুহ :** আমন ধানের ব্যাপারে তাঁরা দায়িত্ব নিতে রাজি আছে কিন্তু পশ্চিমবঙ্গের অবস্থা বিবেচনা করে আমরা আরো ৩টা শস্যের কথা বলেছি—আলু, বোরো ও পাট।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র :** গম ইনক্লুড করার কথা চিন্তা করছেন কিনা ?

**শ্রীকমলকান্তি গুহ :** প্রাকৃতিক দুর্যোগ থেকে তুলনামূলক ভাবে গম রক্ষা পায়। কিন্তু আলুর নানান রকম রোগ হয়, বোরো ও পাট অতিবৃষ্টি হলে নষ্ট হয়ে

যায়। আমরা আর্থিক অবস্থার কথা চিন্তা করছি এবং কেন্দ্র যদি অর্ধেক দায়িত্ব নেয় তাহলে আমরা অর্ধেক দায়িত্ব নেবো।

[1-30—1-40 P.M.]

**শ্রীবঙ্কিমবিহারী মাইতি :** পানকে এর মধ্যে আনবেন কি ?

**শ্রীকমলকান্তি গুহ :** আপনাদের সহযোগিতা কেমন পাই সেটা দেখে পানের কথা চিন্তা করবো।

**শ্রীরজনীকান্ত দোলুই :** পুরো দায়িত্ব নিতে গেলে কত টাকার লাইবিলিটি থাকছে ?

**শ্রীকমলকান্তি গুহ :** এটা নির্ভর করবে কতটা জমি কভার করবো—প্রায় ২১ কোটী টাকার মত লাগবে।

**কাঁথি ন্যাশনাল ফাইলেরিয়া কন্‌ট্রোল প্রোগ্রাম ইউনিট**

*১৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭২।) **শ্রীধীরেন্দ্রনাথ সরকার :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার কাঁথি মহকুমার কাঁথিস্থিত ন্যাশনাল ফাইলেরিয়া কণ্ট্রোল প্রোগ্রাম ইউনিট বর্তমান সরকার উঠাইয়া দিবার জন্য উক্ত ইউনিটের স্টাফদের অন্যত্র বদলি করিতেছেন ; এবং

(খ) সত্য হইলে, উক্ত ইউনিটটি উঠাইয়া দিবার কারণ কি ?

**শ্রীননী ভট্টাচার্য্য :** (ক) ও (খ) ইণ্ডিয়ান কাউন্সিল অব মেডিক্যাল রিসার্চের প্রস্তাবিত একটি রিসার্চ ইউনিটের সংগঠন অনুসারে বর্তমান ফাইলেরিয়া কণ্ট্রোল ইউনিটটিকে পুনর্গঠন করে সেখানে একটি পূর্ণাঙ্গ ফাইলেরিয়া ট্রেনিং-কাম-রিসার্চ সেণ্টার গড়ে তোলার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে। এর জন্য কিছু সংখ্যক স্টাফের বদলির আদেশ হয়েছে।

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার :** ষ্টাফগুলি অন্যত্র বদলি করার ফলে সেখানে ইউনিট অচল হয়েছে কি ?

**শ্রীননী ভট্টাচার্য্য :** ইউনিট পুর্ণগঠনের জন্য এটা করা হচ্ছে। ঐ স্কীম অনুসারে কিছু সারপ্লাস হয়েছিল। সুতরাং তাদের এবজর্ভ করে মেদিনীপুরেই বদলি করা হয়েছে।

**শ্রীধীরেন্দ্র নাথ সরকার :** ন্যাশনাল ফাইলেরীয়া কনেট্রোল ইউনিটে মোট ষ্টাফের সংখ্যা কত ?

**শ্রীননী ভট্টাচার্য্য :** ১১১।

**শ্রীধীরেন্দ্র নাথ সরকার :** এর মধ্যে কতগুলি পদ পূর্ণ আছে ?

**শ্রীননী ভট্টাচার্য্য :** সমস্তটা পূর্ণগঠন করি রিসার্চ কাম ট্রেনিং সেণ্টার হিসাবে। সুতরাং নূতন যে সেট আছে তার সংখ্যা হচ্ছে ২৬—আর ৩ মোট ২৯। বাকি ষ্টাফদের যতদূর সম্ভব মেদিনীপুরেই এবজর্ভ করে নেবো।

**শ্রীসত্যব্রত মাইতি :** ফাইলেরিয়া রিসার্চ সেণ্টারে কোন রিসার্চ অফিসার বা রিসার্চের জন্য কোন চেষ্টা ৫ বছরের মধ্যে হয়েছে কি না ?

**শ্রীননী ভট্টাচার্য্য :** রিসার্চ সেণ্টার ছিলো না, এটা তৈরী করার উদ্যোগ নেওয়া হয়েছে—রিসার্চ কাম ট্রেনিং সেণ্টার।

**শ্রীরজনী কান্ত দোলুই :** কবে এই চেষ্টা ফলপ্রসু হবে ?

**শ্রীননী ভট্টাচার্য্য :** ডিসেম্বর পর্য্যন্ত ষ্টাফ এবজর্ভ হয়ে যাচ্ছে, বদলির আদেশ দেওয়া হয়েছে। সুতরাং এটা হবার সঙ্গে সঙ্গে আমরা পুরো সিদ্ধান্ত নেবো। আমাব মনে হয় বর্ত্তমান আর্থিক বছরে পূর্ণাঙ্গ দেবো।

**শ্রীবীরেন্দ্র কুমার মৈত্র :** উত্তর বঙ্গে ফাইলেরিয়ার সংখ্যা যেখানে বাড়ছে সেখানে এরূপ সেণ্টার করার ইচ্ছা আছে কি না ?

**শ্রীননী ভট্টাচার্য্য :** এটা এই প্রসঙ্গে আসে না।

### ময়নাগুড়ি ব্লক এলাকায় রিভার লিফটিং প্রকল্প

*১৭৬। ( অনুমোদিত প্রশ্ন নং *৩৪২। ) **শ্রীতারক বন্ধু রায় :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্ব্বক জানাবেন কি—

(ক) ময়নাগুড়ি ব্লক এলাকায় কোন রিভার লিফ্‌ট প্রকল্প চালু আছে কি না ;

(খ 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে

(১) কোন কোন নদীতে উক্ত কয়টী প্রকল্প চালু আছে।

(২) উক্ত প্রকল্প দ্বারা সেচপ্রাপ্ত জমির পরিমাণ কত ?

(৩) সংশ্লিষ্ট জমির মালিকানা কত জনের হাতে আছে ; এবং

(৪) প্রকল্পওয়ারী ব্যয়ের পরিমাণ কত ?

**শ্রীকমল কান্তি গুহ :** (ক) হ্যাঁ।

(খ) (১) ধরনা নদীতে ১টী, ওরেদা নদীতে ২টী। মোট ৩টী।

(২) মোট সেচপ্রাপ্ত জমির পরিমাণ ২২১'০৯ একর।

(৩) এ সম্পর্কিত তথ্য এ বিভাগে জানা নেই।

(৪) প্রকল্পওয়ারী ব্যয়ের পরিমাণ নিম্নরূপ—
হারজোতি—টা ২,২২,৪১৬'০০
জালিয়াতোরি—টা ৯২,৬৯৫'০০
দক্ষিণ খাতরাবাড়ি—টা ১,০২,৫৮২'০০
মোট—টা ৪,১৭,৬৯৩'০০

**শ্রীতারক বন্ধু রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন এই রিভার লিফ্‌ট প্রকল্পের কথা যা বললেন এর আওতায় ওদের আমলে বড়লোক জোতদাররাই পড়েছে, ক্ষুদ্র প্রান্তিক চাষী একটাও পড়েনি ?

**শ্রীকমল কান্তি গুহ :** আমি এই তথ্য আপনাকে পরে জানাতে পারব।

**শ্রীতারক বন্ধু রায় :** বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর ময়নাগুড়ি ব্লকে ক্ষুদ্র এবং প্রান্তিক চাষী রিভার লিফ্‌ট থেকে উপকৃত হতে পারে এই ধরণের কোন পরিকল্পনা আছে কি ?

**শ্রীকমল কান্তি গুহ :** আমাদের ওয়াটার বোর্ডের সার্ভে হচ্ছে, সার্ভে অনুসারে যদি সেখানে ডিপ টিউবওয়েল করা যায় তাহলে নিশ্চই আমরা করব এবং রিভার লিফ্‌টের পরিকল্পনা আমরা নিয়েছি, এখনও সেটা জেলার সাইট সিলেকশান কমিটির বিবেচনাধীন আছে, তাঁরা ফাইনাল করে সিলেকশান করে পাঠালে আমরা কাজ শুরু করব।

**হলদিয়ায় পেট্রো-কেমিক্যাল ও অন্যান্য শিল্প স্থাপন**

*১৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫৬।) **শ্রীশিবনাথ দাস :** বানিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হলদিয়ায় পেট্রোকেমিক্যাল শিল্প ও অন্যান্য শিল্প সংস্থাপনের জন্য তিনটি প্রধান উপাদান (১) জল, (২) বিদ্যুৎ (৩) ভূমির সরবরাহের জন্য কি কি কার্য্যকরী ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে বা হইতেছে ; এবং

(খ) হলদিয়ায় সহায়ক শিল্প গড়িয়া তোলার জন্য আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সরকার কি কি সুযোগ সুবিধা দেওয়ার পরিকল্পনা গ্রহণ করিয়াছেন ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ**

(ক) জল······West Bengal Industrial Infrastructure Development Corporetion হলদিয়ায় একটি মধ্যবর্ত্তীকালীন ভূগর্ভস্থ জল সরবরাহ প্রকল্প গ্রহণ করেছেন এবং প্রথম পর্বে ছয়টি বড় ব্যাসের নলকূপ স্থাপনের কাজ প্রায় শেষ হয়ে এসেছে। এই প্রকল্প রূপায়িত হ'লে প্রতিদিন সর্ব মোট ১৮ লক্ষ গ্যালন জল সরবরাহ সম্ভব হবে। ইতি মধ্যেই দৈনিক ৮ লক্ষ গ্যালন জল সরবরাহ করা সম্ভব হচ্ছে। গেঁওখালিতে নদী থেকে দৈনিক ১৫০ লক্ষ গ্যালন জল সরবরাহের একটি প্রকল্প তৈরীর পরিকল্পনা করা হয়েছে। প্রয়োজন মত দৈনিক ৩০০ লক্ষ গ্যালন জল সরবরাহ করার উপযোগী করে ঐ প্রকল্পটি সম্প্রসারন করা যেতে পারে। বিদ্যুৎ—বর্ত্তমানে হলদিয়ায় ডি. ভি. সি থেকে প্রয়োজনীয় বিদ্যুৎ সরবরাহ করা হয়। বর্ত্তমানে বিদ্যুৎ চাহিদা পূরণের জন্য ২০ মেগাওয়াট ক'রে বিদ্যুৎ উৎপাদন ক্ষম ২টি গ্যাস টারবাইন বসানো হবে। পরে কোলাঘাট Thermal Power Station থেক প্রয়োজনীয় বিদ্যুৎ পাওয়া যাবে।

জমি—Port Trust এর জন্য হলদিয়ায় বিজ্ঞাপিত জমির মধ্যে ১০০০ একর পরিমাণ জমি Petro Chemical Complex এর জন্য চিহ্নিত করা হয়েছিল। এখন জমির উপযোগিতা নিরূপণ, জরিপ ও অধিগ্রহণের প্রাথমিক কাজগুলি সম্পন্ন করা হচ্ছে। West Bengal Industrial Infrastructure Development Corpn. হলদিয়ায় ১২০ একর পরিমাণ জমি বিভিন্ন শিল্পের জন্য বিলি করেছেন।

West Bengal small Industries Corpn., Calcutta Port Trust-এর কাছ থেকে কিছু জমি নিচ্ছেন যেখানে ছোট ছোট শিল্প গড়ে তোলার

বন্দোবস্ত করা হবে। এ ছাড়া Haldia Development Authority হলদিয়ার ১০০ একর জমি আগামী কয়েক বছরের মধ্যে অধিগ্রহণের পরিকল্পনা করেছেন যার মধ্যে ২০০ একর পরিমাণ জমি শিল্প গড়ে তোলার জন্য বিলি করা হবে।

(খ) হলদিয়ায় শিল্প গঠনের জন্য West Bengal Incentive Scheme and Central Investment Subsidy Scheme-এর অন্তর্ভুক্ত যাবতীয় আর্থিক ও অন্যান্য সুযোগ সুবিধা পাওয়া যাইবে। তাছাড়া West Bengal Industrial Development Corpn., West Bengal Small Industries Corpn., and Haldia Development Authority অল্প প্রিমিয়াম এবং খাজনার বিনিময়ে জমির বিলি বন্দোবস্ত করবেন এবং অপর সকল প্রকারের সম্ভাব্য সুযোগ সুবিধা প্রদানের ব্যবস্থা করবেন।

**শ্রীবঙ্কিম বিহারী মাইতি**ঃ গেঁওখালি থেকে যে জল নেওয়া হবে তা কবে থেকে আরম্ভ করবেন সেটা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য**ঃ সেখানে জরীপের কাজ হচ্ছে, প্রোজেক্ট তৈরী হয়ে গেলেই কাজ শুরু হবে।

[1-40—1-50 P.M.]

**শ্রীনির্মলকুমার বোস**ঃ হলদিয়াতে কি কি সহায়ক শিল্প গড়ে তোলার সম্ভবনা আছে ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য**ঃ পেটরো কেমিক্যাল কমপ্লেক্স হলে তারপরে সম্ভাব্য সহায়ক শিল্প গড়ে উঠার সম্ভাবনা আছে।

### তমলুকে বেসিক স্ল্যাজের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়

*১৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৮।) **শ্রীবঙ্কিমবিহারী মাইতি**ঃ কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর পূর্ব জেলার জন্য (তমলুকে) প্রেরিত বেসিক স্ল্যাজ-এর জন্য বরাদ্দকৃত টাকা এখনও ব্যয় করা হয় নাই ;

(খ) সত্য হইলে, উক্ত টাকা ঐ কাজে ব্যয় করার জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ; এবং

(গ) ঐ বরাদ্দকৃত টাকার পরিমাণ কত ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** (ক) হ্যাঁ।

(খ) ১৯৭৮-৭৯ সালের খরিফ মরসুমের আগে বেসিক স্লাগ দেওয়ার ব্যবস্থা করা হয়েছিল কিন্তু সরবরাহ সময়মত না করতে পারার জন্য তা স্থগিত রাখা হয়। চলতি রবি মরসুমের আগে বেসিক স্লাগ সরবরাহ করার সমস্ত ব্যবস্থা করা হয়েছিল কিন্তু বন্যার জন্য তা আবার স্থগিত রাখতে হয়েছে।

আগামী খরিফ মরসুমের আগেই যাতে বেসিক স্লাগ সরবরাহ করা যায় তার ব্যবস্থা করা হবে।

(গ) ৩ লক্ষ ৭৫ হাজার টাকা।

**শ্রীবঙ্কিমবিহারী মাইতি ঃ** যে অর্থ আপনি পেয়েছেন—আমি যতদূর জেনেছি ১৩ লক্ষ ৬৫ হাজার এটা ঠিক কিনা জানাবেন কি ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** মাননীয় সদস্য বোধহয় একটু ভুল করেছেন সারা রাজ্যের জন্য ১৩ লক্ষ ৬৫ হাজার আর আমি বলেছি মেদিনীপুরের জন্য ৩ লক্ষ ৭৫ হাজার টাকা।

**শ্রীবঙ্কিমবিহারী মাইতি ঃ** এই বছর কি টাকা বরাদ্দ করেছেন ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** এই টাকা ধরা আছে, এটা খরচ হয়নি। আমরা বন্যার আগে সরবরাহ করতে বলেছিলাম কিন্তু করতে পারেনি। সেই টাকা এখন খরচ করব।

**শ্রীবঙ্কিমবিহারী মাইতি ঃ** এই এগ্রো ইণ্ডাসট্রি সাপ্লাই করার দায়িত্ব নেবেন, তাদের দেবার জন্য চিঠি দিয়েছিলেন কিন্তু সেটা তারা কার্যকরী করেনি—এ সম্পর্কে অনুসন্ধান করে জানাবেন কি ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** আমরা এ্যাগ্রো ইণ্ডাসট্রিকে নির্দেশ দিয়েছিলাম এই বেসিক স্ল্যাগ সরবরাহ করবার জন্য কিন্তু তারা জানালেন ২০০ টাকা টনে তারা সাপ্লাই করতে পারবেন না। এটা কেন্দ্রীয় সরকারের অনুদান যেহেতু আছে আমরা কেন্দ্রীয় সরকারকে লিখলাম তাদের অনুমতির জন্য এবং কেন্দ্রীয় সরকারের দাম বাড়ানোর অনুমতি আসতে দেরী হয়ে গেল, এখন ২৫০ টাকা টন প্রতি ধার্য করা হয়েছে কাজেই এখন সরবরাহ করার কোন অসুবিধা হবে না।

## এনকেফেলাইটিস রোগ

*১৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৩।) শ্রীপ্রবোধ চন্দ্র সিংহঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে এনকেফেলাইটিস রোগে আজ পর্যন্ত কোন্ কোন্ জেলায় মোট কতজনের মৃত্যু হইয়াছে ; এবং

(খ) উক্ত রোগ নিরাময় বা প্রতিকারের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**শ্রীননী ভট্টাচার্য্য** ঃ (ক) পশ্চিমবাংলায় ১৯৭৩, ১৯৭৬-৭৭ এবং ১৯৭৮-এ যে সব জেলার অধিবাসীরা এই রোগে আক্রান্ত ও মৃত্যুমুখে পতিত হয়েছেন ১৮শে নভেম্বর ১৯৭৮ পর্য্যন্ত তার খতিয়ান দেওয়া হলো—

| সাল | জেলা | আক্রান্ত | মৃত |
|---|---|---|---|
| ১৯৭৩ | বর্দ্ধমান | ২২২ | ৮৯ |
| | বাঁকুড়া | ৩২৪ | ১৪৯ |
| | বীরভূম | ২০৭ | ৮৭ |
| | মেদিনীপুর | ৬৭ | ৫১ |
| | মালদা | ৪৭ | ১৮ |
| | পশ্চিম দিনাজপুর | ৩৩ | ১৪ |
| | পুরুলিয়া | ১৭ | ৮ |
| | নদীয়া | ১৫ | ৮ |
| | হাওড়া | ২৭ | ১২ |
| | মুর্শিদাবাদ | ১ | ১ |
| | | ৯৬০ | ৪১৯ |
| ১৯৭৬-৭৭ | বর্দ্ধমান | ৩০৬ | ১২৫ |
| ১৯৭৮ (২৮-১১-৭৮) পর্য্যন্ত | বর্দ্ধমান | ৬৩০ | ২১৩ |
| | বীরভূম | ২২৩ | ১২০ |
| | বাঁকুড়া | ৩৫৭ | ১৯১ |
| | জলপাইগুড়ি | ৫০ | ৩৭ |
| | কুচবিহার | ১৫ | ১২ |
| | | ১২৭৫ | ৫৭৩ |

(ক) বাঁকুড়া জেলার মেজিয়া থানার জেমুয়া মৌজায় ক্ষুদ্র সেচ প্রকল্প রচনা করার কথা সরকার চিন্তা করছেন কিনা ; এবং

(খ) যদি 'ক'-এর উত্তর হ্যাঁ হয়, তা হ'লে উক্ত প্রকল্পের কাজ কতদিনের মধ্যে শুরু হবে বলে আশা করা যায় ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ**

(ক) না।

(খ) এই প্রশ্ন ওঠে না।

**আসানসোল মাইনস বোর্ড অব হেলথ-এর পরিচালন-সংস্থা গঠন**

*১৮১। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৬।) **শ্রীসুনীল বসু রায় ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মাইনস বোর্ড অব হেলথ-এর জন্য কোনো বিধিসম্মত পরিচালন-সংস্থা গঠনের কথা সরকার বিবেচনা করিতেছেন কি ; এবং

(খ) উত্তর হ্যাঁ হইলে, কতদিনে তাহা কার্যকরী হইবে ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ**

(ক) হ্যাঁ।

(খ) বর্তমান পর্ষদের বাতিল করনের কাল পূর্ণ হইবার অব্যবহিত পরেই পর্ষদকে পুনঃ প্রতিষ্ঠিত করা হইবে।

**শ্রীসুনীল বসু রায় ঃ** কতদিন বাদে সময় উত্তীর্ণ হবে ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** ডিসেম্বর মাসের মধ্যেই পুনর্গঠিত হবে।

**শ্রীসুনীল বসু রায় ঃ** এই যে বাতিল করা হয়েছিল সংস্থাকে সেটার কারণ কি ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** নানা ধরণের দুর্নীতির অভিযোগ এসেছিল, ডি. এম. এর সুপারিশে এটা করা হয়েছে।

**শ্রীসুনীল বসু রায় ঃ** ঐ পরিচালনার নেতৃত্বে কারা ছিলেন ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** এখন বলতে পারছি না, তবে মোটামুটি কারা ছিলেন আপনারা জানেন।

**শ্রীরজনীকান্ত দলুই** ঃ এই যে পরিচালন কমিটি করেছেন তাতে কোন কোন দলের রিপ্রেজেন্টটেটিভ আছে।

**শ্রীননী ভট্টাচার্য্য** ঃ পরিচালন কমিটি এখনও করা হয়নি, ২৮শে ডিসেম্বরের পরে সেটা জানা যাবে।

### আবাদযোগ্য জমিকে জলসেচ আওতায় আনয়ন

*১৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৬।) **শ্রীসরল দেব** ঃ কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে আবাদযোগ্য জমির পরিমাণ কত ;

(খ) ইহার মধ্যে কত একর জমিতে জলসেচের ব্যবস্থা করা হইয়াছে ; এবং

(গ) অবশিষ্ট জমি জলসেচের আওতায় আনার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন বা করিতেছেন ?

**শ্রীকমলকান্তি গুহ** ঃ (ক) পশ্চিমবঙ্গে আবাদযোগ্য জমির পরিমাণ আনুমানিক ১ কোটি ৩৭ লক্ষ ৭৫ হাজার ৮ শত একর (নীট) এবং ১ কোটি ৯৪ লক্ষ ১৩ হাজার একর (গ্রস) ;

(খ) ১৯৭৭-৭৮ সাল পর্য্যন্ত আনুমানিক ৫৯ লক্ষ ৩৬ হাজার একর (গ্রস) পরিমাণ জমিতে সেচের ব্যবস্থা করা হইয়াছিল ;

(গ) বৃহৎ ও মাঝারি সেচ ও ক্ষুদ্র সেচ প্রকল্পের মাধ্যমে সেচ সেবিত এলাকা উত্তরোত্তর বৃদ্ধি পাইতেছে। বর্ত্তমান বৎসরে বিভিন্ন ক্ষুদ্র সেচ প্রকল্পের জন্য ১৯ কোটি ৮২ লক্ষ ৬৬ হাজার টাকা ব্যয় বরাদ্দ ধরা আছে।

### বর্গাদারগণের নাম রেকর্ডভুক্তিকরণ

*১৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৫।) **শ্রীপ্রবোধচন্দ্র সিংহ** ঃ ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান সরকার ক্ষমতায় আসার পর ৩১এ অক্টোবর, ১৯৩৮ পর্যন্ত কতজন বর্গাদার হিসাবে তাঁহাদের নাম রেকর্ডভুক্ত করার জন্য আবেদন করিয়াছেন ;

(খ) ঐ আবেদনকারী বর্গাদারের মধ্যে কতজনের নাম রেকর্ডভুক্ত করা হইয়াছে ; এবং

(গ) বর্গাদারগণের নাম রেকর্ডভুক্তি করার কাজ ত্বরান্বিত করার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী** ঃ

(ক) ও (খ)--ভূমি সংস্কার আইন ও বিধি অনুযায়ী ভারপ্রাপ্ত রেভেন্যু অফিসার দরখাস্তের ভিত্তিতেও বর্গাদারের নাম রেকর্ড করতে পারেন, আবার স্বতঃ প্রণোদিত হয়েও তা করতে পারেন। কতজন ব্যক্তি বর্গাদার হিসেবে নাম রেকর্ডভুক্ত করার জন্য আবেদন করেছেন তা অল্প সময়ে জানানো সম্ভব নয়।

বর্তমান সরকার ক্ষমতায় আসার পর থেকে ৩১শে অক্টোবর, ১৯৭৮ পর্যন্ত ১,৮০,৯৩৭ জন বর্গাদারের নাম রেকর্ডভুক্ত করা হয়েছে।

(গ) "অপারেশন বর্গা" নামে বিশেষ কার্য্যসূচী গ্রহণ করা হয়েছে। স্থানীয় অফিসারগণকে বর্গাদার, ভাগচাষী ও কৃষকদের স্থানীয় সংগঠনের সঙ্গে পরামর্শ করে যেখানে বর্গাদার বেশী আছে, উহাকে "Priority Pocket" করে আইন মোতাবেক বর্গারেকর্ডিং-এর কাজ স্বরু করা হয়েছে। তাছাড়া, ভূমি সংস্কার বিধির প্রয়োজনীয় সংশোধন করা হয়েছে।

[1-50—2-00 P. M.]

**শ্রীপ্রবোধ চন্দ্র সিংহ** ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি অপারেশন বর্গা প্রয়োগের ক্ষেত্রে কোন অসুবিধা দেখা দিয়েছে কিনা ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী** ঃ অপারেশন বর্গা প্রয়োগের ক্ষেত্রে নয়, কিন্তু কোন কোন স্পেসিফিক কেস হাইকোর্টে হয়েছে, জেনারেলভাবে কিছু হয়নি। সেজন্য এটা পরিষ্কার থাকা ভাল যে নাম যাই থাকুক একেবারে আইনের সমস্ত কিছু নির্দেশ মেনে যাতে বর্গাদারদের দ্রুততার সঙ্গে রেকর্ড করা যায় তার জন্য আমরা টাইম টার্গেট করে দিয়েছি। আইনের সমস্ত কিছু পালন করে যথাসম্ভব দ্রুততার সঙ্গে বর্গাদারদের রেকর্ড করার জন্যই এটা করা হয়েছে।

**শ্রীপ্রবোধচন্দ্র সিংহ ঃ** মাননীর মন্ত্রীমহাশয় এটা দয়া করে জানাবেন কি যে পশ্চিমবঙ্গের যতজন বর্গাদার আছে তাদের সকলকে রেকর্ডভুক্ত করার জন্য সরকার থেকে কোন সময় ধার্য্য করে দিয়েছেন কি না ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** বর্ত্তমানে এটা ঠিক করে দেওয়া হয়েছে যে ১৯৭৯ সালের ৩০শে জুন-এর ভিতর আমরা চেষ্টা করব যাতে সমস্ত বর্গাদারদের রেকর্ডভুক্ত করতে পারি।

**শ্রীঅজয় কুমার দে ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় এটা বলবেন কি যে তিনি কিছু আগে বলেছিলেন, কাগজে এটা বেরিয়েছে, মাননীয় মন্ত্রীমহাশর বলেছিলেন যে গ্রামে যারা বহুদিনের বর্গাদার, ফসল সে বুঝুক, বা না বুঝুক, সে নথিভুক্ত বর্গাদার হোক্ বা না হোক্, আগের যদি এই রকম বর্গাদার থাকে তাহলে সে অর্ধেক ফসল পাবে আর এ পাবে অর্ধেক। এই সম্বন্ধে মালিকেব কি পজিশন সেটা জানতে চাইছি।

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** এই প্রশ্ন থেকে এটা উঠে না।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন অপারেশন বর্গা এটা কোন্ আইনের কোন্ ধারায় হচ্ছে ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** অপারেশন বর্গা বর্গাদারদের রেকর্ড করার আইন, আমার আগেকার প্রশ্নের জবাব যদি ভাল করে শুনতেন তাহলে বুঝতেন, আইনের যে বিধি আছে, সেই বিধি সম্পূর্ণভাবে মেনে, নির্দিষ্ট সময় সীমার মধ্যে যাতে দ্রুততার সঙ্গে রেকর্ড করা যায় তারই জন্য এটা করা হয়েছে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** আপনি উত্তরটা এড়িয়ে যাচ্ছেন। আমি জানতে চাইছি এস্টেট এ্যাকুইজিশান এ্যাক্টের কোন্ ধারায় বা ল্যাণ্ড রিফর্মস এ্যাক্টের কোন্ ধারায় এইটা রেকর্ডভুক্ত করাচ্ছেন ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** অপারেশান বর্গা একটা নাম দিয়েছেন। আইনে যা আছে তা হচ্ছে বর্গাদারদের নাম রেকর্ডভুক্ত করা।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** কোন্ আইনের কোন্ ধারায় আছে বলুন ? আমি জানতে চাইছি দ্যাট ইজ রেকর্ডিং অফ বর্গাদারস্ এটার ব্যাপারে ছাড়া।

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** এটা Section 15-এ আছে। এছাড়া নরম্যাল সেটেলমেন্ট প্রসেসে যেখানে রেকর্ডস অফ রাইটস করা হয়েছে সেখানেও হয়।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** তাহলে এইটাই আমাকে ধরে নিতে হচ্ছে মন্ত্রীমহাশয় যাঁর কথায় ল্যাণ্ড রেভিনিউ ডিপার্টমেন্ট পশ্চিমবাংলায় চলে তিনি জানেন না কি কি থাকলে ভাগচাষীকে রেকর্ড করা হয়।

( নো রিপ্লাই। )

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি কেউ বর্গাদার দরখাস্ত করলে তবে রেকর্ড করা হচ্ছে, না একনিতেও রেকর্ড করা হচ্ছে ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** প্রথম প্রশ্নের জবাব যদি মন দিয়ে শুনতেন তাহলে আর এই প্রশ্ন করতেন না। দরখাস্ত করলে বর্গাদারদের নাম রেকর্ডভুক্ত করা হয়। না দরখাস্ত করলেও যারা কর্মচারী জে. এল. আর. ও. এবং কে. জি. ও. অন দেয়ার ওন তারা করতে পারে।

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** এই রকম ঘটনা কত হয়েছে বলতে পারেন মন্ত্রীমহাশয় ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** তারজন্য নোটিশ চাই।

**শ্রীসন্দীপ দাস ঃ** বর্গাদারদের রেকর্ড করার ক্ষেত্রে হাইকোর্টের আদেশ লঙ্ঘন করা হয়েছে কি ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** এর থেকে এই প্রশ্ন ওঠে না।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** মন্ত্রী মহাশয় বললেন অপারেশান বর্গা নাম দেওয়া হয়েছে। দয়া করে বলবেন কি কারা দিয়েছেন এবং আপনি কি সারকুলার দিয়েছেন যে রাত্রে বর্গাদারদের বাড়ী বাড়ী যাবে এবং নাম রেকর্ডভুক্ত করাতে ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** যারা গ্রামে বাস করেন তারাই জানেন যে যারা সকাল বেলা থেকে সন্ধ্যে পর্য্যন্ত কাজ করে তাদের সাথে কথা বলতে গেলে রাত্রে যেতে হবে। তাদের লেখাপড়ার জন্য স্কুল খুলতে গেলে নাইট স্কুল করতে হয়। সেইজন্য এই রকম বলা হয়েছে যে প্রয়োজন হলে অন্ততঃ মিটিংয়ের ব্যবস্থা করে ঠিক করতে হবে।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র :** হাইকোর্টের জাসটিস শ্রীসব্যসাচী মুখার্জী বলেছেন প্রত্যেকটি কেস-এ ল্যাণ্ড ওনারকে নোটিশ দিতে হবে। সেই নোটিশের ব্যবস্থা আপনার ইনসট্রাকসানে নেই, নতুন করে ইনসট্রাকসান দেবেন কি ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী :** সেই ব্যবস্থাই আছে, আইনে বিধান আছে প্রত্যেক মালিককে নোটিশ দিতে হবে। সেই ভাবেই আমরা সমস্ত জমির মালিককে নোটিশ দিই এবং তা দিয়েই সব করা হচ্ছে।

## SHORT NOTICE STARRED QUESTIONS

**(to which oral answers were given)**

### বহরমপুর শহরে কংগ্রেস ও ছাত্রপরিষদকে বিলিকৃত খাসজমি

*১৯১। [ অনুমোদিত প্রশ্ন নং *৪৪৯ (এস. এন.)। ] **শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় :** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক গত ২৯শে নভেম্বর, ১৯৭৮ তারিখে প্রদত্ত তারকিত প্রশ্ন নং *৮২ (অনুমোদিত প্রশ্ন নং *১৬১)-এর উত্তর উল্লেখ করিয়া জানাইবেন কি—

(ক) উক্ত বিলিকৃত জমি কংগ্রেস এবং ছাত্রপরিষদ কোনও ব্যবসা প্রতিষ্ঠানকে ভাড়া দিয়াছেন কিনা ; এবং

(খ) যদি '(ক)' প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে কোন্ কোন্ ব্যবসা প্রতিষ্ঠানকে এবং কি শর্তে ভাড়া দেওয়া হইয়াছে ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী :** (ক) হ্যাঁ, দিয়েছেন।

(খ) ছাত্র পরিষদ "সিংহ অটোমোবাইল" নামক এক মোটর সাইকেলের ব্যবসা প্রতিষ্ঠানকে একখানি ঘর দিয়েছেন। কোন্ শর্তে দেওয়া হয়েছে তা জানা যায় নি।

জেলা কংগ্রেস কমিটির জমির খালি অংশে ত্রিপল দিয়ে ছাউনী করে একটি অস্থায়ী আসবাবপত্রের দোকান হয়েছে। এই দোকানকে ওঁরা জমি কী শর্তে দিয়েছেন তাও জানা যায়নি।

[2-00—2-10 P.M.]

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় :** এই যে জেলা পরিষদকে যে জমি বিলি দেওয়া হয়েছিল সেখানে এই জেলা পরিষদ যে সিংহ অটোমোবাইলসকে দিয়েছে তাতে

আপনি কি মনে করেন না যে ওরা যে কন্ট্রাক্ট দিয়েছে তা বে-আইনী ভাবে দিয়েছে ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** এটা তো আইনে হয় না যে জমি দেওয়া হয়েছে সেটা আবার বিলি হয়েছে—অন্য কাউকে দেওয়া হয়েছে এবং সেটা কিভাবে কি হয়েছে সেটা অনুসন্ধান করে যদি আইনানুগ ব্যবস্থা নিতে হয় তো নেবো।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় ঃ** তারা কন্ট্রাক্ট ফেল করেছে কিনা তা বলবেন ?

( উত্তর নাই )

## STARRED QUESTIONS

**(to which answers were laid on the table)**

### জলপাইগুড়ি সদর ব্লক ও ময়নাগুড়ি ব্লকে সেচের জন্য নলকূপ

*১৮৫। ( অনুমোদিত প্রশ্ন নং *৩৪৩। ) **শ্রীতারকবন্ধু রায় ঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি সদর ব্লক ও ময়নাগুড়ি ব্লক এলাকায় সেচের জন্য গভীর ও অগভীর নলকূপের সংখ্যা কত ;

(খ) অগভীর নলকূপগুলো কত সালে বসানো হয়েছিল ;

(গ) ঐ বাবত সরকারের কত টাকা খরচ হয়েছে ;

(ঘ) এর ফলে কত পরিমাণ জমি সেচের সুযোগ পাচ্ছে ; এবং

(ঙ) বর্তমানে অকেজো নলকূপগুলোর সংখ্যা কত ?

**Minister-in-charge of Irrigation and Community Development Deptt. :**

(ক) প্রশ্নোক্ত এলাকায় কোন রাষ্ট্রীয় অগভীর নলকূপ নাই। গভীর নলকূপের সংখ্যা নিম্নরূপ—

| | |
|---|---|
| জলপাইগুড়ি সদর | ১৮টি |
| ময়নাগুড়ি | ৬টি |
| | মোট ২৪টি |

(খ) প্রশ্ন ওঠে না ;

(গ) গভীর নলকূপ বাবদে ব্যয়ের পরিমাণ ১০,৪০,০০০ টাকা ;

(ঘ) গভীর নলকূপ দ্বারা ২,৪০০ একর ;

(ঙ) কোন গভীর নলকূপ অকেজো অবস্থায় আছে বলে সরকারের জানা নেই।

**রাণীগঞ্জ কোলফিল্ড ওয়াটার সাপ্লাই স্কীম**

*১৮৬। [অনুমোদিত প্রশ্ন নং *৪৩২।] **শ্রীসুনীল বসু রায়ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ;

(ক) রাণীগঞ্জ কোলফিল্ড ওয়াটার সাপ্লাই স্কীমের দ্বিতীয় ও তৃতীয় পর্যায়ের কাজ শুরু হইয়াছে কিনা ;

(খ) না হইয়া থাকিলে, কারণ কি ; এবং

(গ) উক্ত স্কীমের দ্বিতীয় এবং তৃতীয় পর্যায়ের কাজ কবে নাগাত শুরু হইবে বলিয়া আশা করা যায় ?

Minister-in-charge of Health Deptt. :

(ক) রাণীগঞ্জ কয়লাখনি অঞ্চল জল সরবরাহ প্রকল্পের ৩য় পর্যায়ের একটি অংশের (জামগ্রাম-পানুরিয়া জল সরবরাহ প্রকল্প) কাজ আরম্ভ হইয়াছে। ২য় পর্যায়ের কাজ এখনও আরম্ভ করা হয় নাই।

(খ) ২য় পর্য্যায়ে প্রকল্পের জন্য নির্দিষ্ট স্থানে হেডওয়ার্কস স্থাপন করিতে কোলমাইন্স অথরিটি আপত্তি জানাইবার জন্য উহা আরম্ভ করা যায় নাই। ৩য় পর্য্যায়ের অবশিষ্ট কাজ শুরু না করার কারণ অর্থাভাব।

(গ) ২য় পর্য্যায়ের এবং ৩য় পর্য্যায়ের অবশিষ্ট অংশের কাজ কবে নাগাদ শুরু হইবে এখনই সঠিক ভাবে বলা সম্ভব নয়।

**শালতোড়া ও মেজিয়া থানায় দামোদর নদীর উপর নদীজলোত্তোলন প্রকল্প**

*১৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪০০।) **শ্রীনবনী বাউড়ীঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় শালতোড়া ও মেজিয়া থানায় দামোদর নদীর উপর নদীজলোত্তোলন প্রকল্পের জন্য বানজোড়া, দেবগ্রাম, মাজিট, কুমড়াকুড়ি, সাহেবডাঙ্গা ইত্যাদি স্থানে কোন পাম্প সেট বসানো হইয়াছে কি ; এবং

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তাহা হইলে উক্ত জায়গাগুলিতে পাইপ লাইন বসানোর কাজ কবে নাগাত গ্রহণ করা হইবে বলিয়া আশা করা যায় ?

**Minister-in-charge of Agriculture and Community Deptt. :**

(ক) হ্যাঁ।

(খ) বর্তমান মাসের ( ডিসেম্বর ১৯৭৮ ) শেষাশেষি পাইপ লাইন বসানোর কাজ আরম্ভ করা যাইবে বলিয়া আশা করা যায়।

### বঁড়শি কারখানা

*১৮৮। ( অনুমোদিত প্রশ্ন নং *৪২০। ) **শ্রীনবনী বাউড়ী :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কোন্ কোন্ স্থানে বঁড়শি তৈরির খারখানা আছে ;

(খ) এই শিল্পে মোট কত শ্রমিক আছে ;

(গ) বঁড়শি ভারতবর্ষের বাইরে রপ্তানি করা হয় কিনা ; এবং

(ঘ) যদি 'গ' প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে এই বঁড়শিতে কি পরিমাণ আয় হয় সে সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকারের কোন তথ্য আছে কিনা ?

**Minister-in-charge of Cottage and Small Scale Industries Deptt. :**

(ক) পশ্চিমবঙ্গে বাঁকুড়া জেলার ঘুটগোড়িয়া অঞ্চলে বড়শী তৈয়ারীর কারখানা আছে। এছাড়াও বিক্ষিপ্ত ভাবে অন্যান্য কয়েকটি স্থানেও কুটির শিল্প হিসাবে বড়শী তৈরী হয় বলে জানা যায়।

(খ) প্রায় তিন হাজার শ্রমিক এই শিল্পে নিযুক্ত আছে।

(গ) হ্যাঁ।

(ঘ) এই সম্পর্কে বিস্তারিত অথ্য সরকারের জানা নেই। যাহা হউক বিস্তারিত তথ্য সংগ্রহ করা হচ্ছে।

### গড়িয়াহাটা এগ্রি-মেকানিক্যাল ডিপার্টমেন্ট

*১৮৯। ( অনুমোদিত প্রশ্ন নং *৩৩১। ) **শ্রীসরল দেব :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গড়িয়াহাটায় এগ্রি-মেকানিক্যাল ডিপার্টমেণ্টে কোন টেণ্ডার না ডাকিয়া অর্ডার দেয়ার ব্যবস্থা চালু আছে ; এবং

(খ) সত্য হইলে, সরকার এ ব্যাপারে কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন ?

**Minister-in-charge of Agriculture and Community Development Deptt. :**

(ক) না, ইহা সত্য নহে ;

(খ) প্রশ্ন উঠে না।

## রাজ্যের প্রতি থানায় তথ্য ও সাংস্কৃতিক বিষয়ক দপ্তর খোলার পরিকল্পনা

*১৯০। (অনুমোদিত প্রশ্ন নং *৪২১।) **শ্রীনবনী বাউড়ী** ঃ তথ্য ও সাংস্কৃতিক বিষয়ক বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, এই রাজ্যের প্রত্যেক জেলার প্রতিটি থানায় এই বিভাগের দপ্তর খোলার কোন পরিকল্পনা বর্তমান সরকারের আছে কি ?

**Minister-in-charge of Information and Cultural Affairs Deptt :** না।

## ADJOURNMENT MOTION

**মিঃ স্পীকার** ঃ আমি মাননীয় সদস্য ডাঃ গোলাম ইয়াজদানি, শ্রীরজনীকান্ত দলুই, শ্রীদেবপ্রসাদ সরকার ও শ্রীহরিপদ ভারতী এঁদের প্রত্যেকের কাছ থেকে একটি করে মুলতুবী প্রস্তাবের নোটিশ পেয়েছি। প্রথম ও দ্বিতীয় নোটিশে যথাক্রমে ইয়াজদানি ও শ্রীদলুই মহরমের দিন গত ১১-১২-৭৮ তারিখে মালদহ জেলার কলিয়াচক থানার আলিনগর গ্রামে দুটি দলের সংঘর্ষের পর জনতাকে ছত্রভঙ্গ করার জন্য পুলিশের টিয়ার গ্যাস ছোঁড়া, লাঠি ও গুলিচালনার ঘটনার উল্লেখ করে এ বিষয়ে আলোচনার জন্য মুলতুবী প্রস্তাব এনেছেন। বিষয়টি আইন-শৃঙ্খলা রক্ষার জন্য সাধারণ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের পর্যায়ে পড়ে। এরূপ বিষয় মুলতুবী প্রস্তাবের উপযোগী নয়। তবুও আমি মুখ্য মন্ত্রীকে এ বিষয়ে একটি ষ্টেটমেন্ট দেবার জন্য অনুরোধ করছি।

**শ্রীজ্যোতি বসু** ঃ স্পীকার মহাশয়, আমি এ বিষয়ে কালই ষ্টেটমেন্ট দেবো।

**মিঃ স্পীকার** ঃ আমি আর বিষয়টি পড়তে দিতে চাই না কারণ বিষয়টি স্পর্শকাতর। এ সম্বন্ধে কোন আলোচনা না হওয়াই ভাল বলে মনে করি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ সম্বন্ধে আপনাকে অনুরোধ জানাচ্ছি যে আপনি যেটা বললেন স্পর্শকাতর এই বিধানসভায় পড়তে দিতে চাইছেন না। কিন্তু স্যার, আজকে পশ্চিবাংলার মানুষ সবই এ সম্বন্ধে জানে আপনি এখানে পড়তে দেন আর না-ই দেন সকলেই আমরা জানি। কিন্তু যখন এটা হাউসে এসেছে একটা পাবলিক ম্যাটার এবং মুখ্যমন্ত্রী তার জবাবও দেবেন তখন আপনি কেন পড়তে দেবেন না। স্যার, আপনি ঐটার নেক্সট পড়তে দিন।

**মিঃ স্পীকার :** তৃতীয় নোটিশে শ্রীহরিপদ ভারতী কলকাতা ও হাওড়ার হোসিয়ারী মিলগুলিতে ধর্মঘটের পরিস্থিতির উপর আলোচনার জন্য আজকের সভা মুলতুবী রাখতে চেয়েছেন। বিষয়টি মুলতুবী প্রস্তাবের উপযোগী আকস্মিক ও জরুরী প্রকৃতির নয়। চতুর্থ নোটিশে শ্রীদেবপ্রসাদ সরকার ইউনিভারসিটি কাউন্সিল ও অ্যাকাডেমিক সাব-কমিটি কর্তৃক নূতন ডিগ্রী কোর্স প্রবর্তনের বিষয় নিয়ে আলোচনার জন্য আজকের সভায় মুলতুবী প্রস্তাব দিয়েছেন। এ বিষয়টিও মুলতুবী প্রস্তাবের উপযোগী জরুরী প্রকৃতির নয়। সুতরাং আমি উপরোক্ত সব কটি নোটিশেই আমার অসম্মতি জ্ঞাপন করছি।

**Shri Deo Prakash Rai :** I rise on a point of privilege Sir. My term will expire in 1981. I am raising this almost everyday.

**Mr. Speaker :** Let me finish this business.

**Shri Deo Prakash Rai :** Which is more important, the point of privilege or other thing ?

**Mr. Speaker :** I will allow you to raise your point after the adjournment motions are over. I am not disallowing you.

I allow Shri Haripada Bharati to read his motion.

**শ্রীহরিপদ ভারতী :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয় আলোচনার জন্য এই সভা আপাততঃ তার কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হল এই—সম্প্রতিকালে কলকাতা ও হাওড়ার অধিকাংশ হোসিয়ারি মিলে দীর্ঘ ৭৩ দিনের লাগাতর ধর্মঘটের ফলে বর্তমানে এক উদ্বেগজনক পরিস্থিতি উদ্ভব হয়েছে। গত ২৮-৭-৭৮ তারিখ থেকে যদিও ধর্মঘট বন্ধ হয়েছে, কিন্তু কার্যতঃ সেই

ধর্মঘটী আবহাওয়া এখনো বিরাজ করছে। চুক্তি বহির্ভূত দাবী দাওয়ার দাপটে অনেকগুলি মিল ইতিমধ্যেই বন্ধ হয়ে গেছে। অনেক মিল মালিক পশ্চিমবঙ্গের বাহিরে গিয়ে অন্য রাজ্যে মিল খুলেছেন। আর কোনমতে চালু মিলগুলিতে উৎপাদন শোচনীয়ভাবে হ্রাসপ্রাপ্ত হয়েছে। মিলে মিলে অনিশ্চয়তার ও শৃঙ্খলাহীনার একটা অস্বস্তিকর পরিবেশ বর্তমান রয়েছে। হোসিয়ারী মিল সমূহে এই দীর্ঘ মেয়াদী ধর্মঘট ও ধর্মঘটোত্তর অনিশ্চিত পরিস্থিতির দরুণ এরাজ্যের বাণিজ্যগত একটি দিকও বিশেষভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে এবং অদূর ভবিষ্যতে প্রাসঙ্গিক বাজার থেকে এ রাজ্যের একেবারে বিতাড়িত হবার আশঙ্কাও দেখা দিয়েছে। এই ধর্মঘটের ফলে বাইরের বাজার তো নষ্ট হয়েইছে, এমন কি এই কলকাতা হাওড়ার বাজারও আজ দক্ষিণ ভারতীয় হোসিয়ারী পণ্যের প্রায় পীঠস্থানে পরিণত হতে চলেছে। হোসিয়ারী মিল সংক্রান্ত এই গুরুত্বপূর্ণ সমস্যা পশ্চিমবাংলার স্বার্থে একটি অবশ্য আলোচ্য বিষয়।

**শ্রীদেবপ্রসাদ সরকার :** মিঃ স্পীকার, স্যার, আমি যে প্রস্তাবটা দিয়েছিলাম সেটাকে কাট ছাট করে যা দাঁড় করানো হয়েছে তাতে যে গুরুত্বটা তুলতে চেয়েছিলাম সেটা এর মধ্যে আসবে না। এইভাবে যদি কাট ছাঁট করা হয় তাহলে প্রস্তাব আনার কোন মানেই হয় না। তাই আমি আপনার কাছে অনুরোধ করছি আপনি এই বিষয়টি একটু দেখবেন। যাই হোক, আমি প্রস্তাবটি পড়ে দিচ্ছি জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তাঁর কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হল—বামফ্রন্ট সরকার মনোনীত ইউনিভার্সিটি কাউন্সিল ও এ্যাকাডেমিক সাব কমিটি যে নতুন ডিগ্রী কোর্স প্রবর্তন করতে চলেছেন তা কার্যকরী হলে এই রাজ্যে জ্ঞান বিজ্ঞান চর্চার যতটুকু ব্যবস্থা আছে তার ক্ষতি করবে। সরকার ভাষা শিক্ষার গুরুত্ব হ্রাস করে ডিগ্রী স্তরে ভাষা শিক্ষাকে কার্যত ঐচ্ছিক করে জ্ঞান বিজ্ঞানের ক্ষেত্রে আঘাত হানতে চলেছেন। এর ওপর আবার ইণ্টার ডিসিপ্লিনারী ষ্টাডিজ চালু করে সবকার যে জিনিষটা করতে চাইছেন তার ফল হবে আরও মারাত্মক। এই গুরুতর পরিস্থিতি সম্পর্কে আলোচনার জন্য সভার কাজ আপাততঃ মুলতুবী রাখার প্রস্তাব করছি।

[2-10—2-30 P.M.]

**Shri Rajani Kanta Doloi :** Mr. Speaker, Sir, this House do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely :

An unfortunate incident at Alinagar in Kaliachak P.S., Malda district took place on the eve of Mohurram on 11th December, 1978. The police fired 36 rounds of bullets, as a result of which about 15 persons are reported to have been killed and several injured. The district authorities had received prior intimation and reports about the possibility of a clash between two parties, but they failed to take adequate precautionary steps. The unfortunate incident and the police firing could have been avoided if the administration would have interfered earlier and in time to resolve the minor disputes between the two parties amicable.

The West Bengal Assembly should discuss the incident and condemn the senseless violence at Kaliachak.

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, আই রাইজ অন এ পয়েন্ট অফ অর্ডার, আজকে রজনী দলুই মহাশয় যে ব্যাপারটা বলেছেন সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার এবং হাউসে যখন উল্লেখের জন্য দেওয়া হয়েছে, আমার মনে হয় এটাকে গ্রহণ করুন এবং আলোচনা করতে দিন। আলোচনা করলে সকল সদস্য বলতে পারবেন, মুখ্যমন্ত্রীরও জবাব দিতে সহজ হবে। যদিও তিনি পুলিশ রিপোর্ট পড়বেন, পুলিশ রিপোর্ট আমাদের কাছে দেবেন তবুও এটা আলোচনা করলে তাঁর পক্ষে সুবিধা হবে।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, চীফ মিনিষ্টার যে ষ্টেটমেন্ট দেবেন তার উপর আমাদের একটা ডিসকাশন করার সুযোগ দিন।

**মিঃ স্পীকার ঃ** Please take your seat. This is not the way of raising a point.

**ডঃ গোলাম ইয়াজদানী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এই মোশান এডিট করা হয়েছে কিন্তু ঠিকমত করা হয়নি, তার ফলে ভুল করে দিয়েছেন। যাই হোক যে রকম ভাবে দেওয়া হয়েছে সেই ভাবে পড়ছি। জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর মুলতুবী রাখছেন। বিষয়টি হল—

মহরমের দিন ১১-১২-৭৮ মালদহ জেলার কালিয়াচক থানার আলিনগর গ্রামে দুই দলের মধ্যে সংঘর্ষ হবার আশঙ্কায় পুলিশ গিয়ে একটা দলকে ছত্রভঙ্গ করার জন্য টিয়ার গ্যাস ছোড়ে ও লাঠি চার্জ করে এবং পরে ৯ রাউণ্ড গুলি চালিয়ে লোকেদেরকে ছত্রভঙ্গ করেন। গুলির ফলে একজন নিহত ও ৬ জন আহত

হয়। এই কথা আজ খবরের কাগজে বেরিয়েছে। পরে জানা গেছে ৩৬ রাউণ্ড গুলি চলে ও ১৫ জন নিহত ও অনেকে আহত হয়েছে।

**শ্রীনবকুমার রায়ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমার ভাগ্নে পঙ্কজকুমার রায় গত ৫ই ডিসেম্বর মঙ্গলবার বাজার করতে গিয়ে মিশিং হয়ে যায়। আমি তখন এই বিধানসভায় ছিলাম, আমার পরিবার থেকে আমার কাছে খবর দেওয়া হয়েছিল, আমি খবরটা ঠিক সময় পাইনি। আমি যখন ১০ তারিখে সেখানে গেলাম, তখনও তাকে পাওয়া যায়নি। পুলিশকে ডায়েরি দেওয়া হয়েছিল, পুলিশ খুব চেষ্টা করেনি। ১০ তারিখে অনেক খোঁজাখুঁজির পরে রায়গঞ্জে শহরের পূর্বদিকে পাঁচ মাইল দূরে বামুন গ্রাম বলে একটি গ্রামের একটি পুকুরে তার লাসটি পাওয়া যায়। লাসটি দেখা গেল—তাকে গলা টিপে মারা হয়েছে।

( কান্নায় ভেঙ্গে পড়েন )

আমি পুলিশের কাছে অনেক অনুনয় বিনয় করেছি এবং আমার পরিবার বর্গের তরফ থেকেও অনেক অনুনয় বিনয় করা হয়েছে পুলিশের কাছে সাহায্যের ব্যাপারে, কিন্তু পুলিশ কোন রকম সাহায্য করেনি। তাকে গলা টিপে মারা হয়েছে।

( কান্না )

সে সেণ্টজেভিয়ার্স কলেজের ছাত্র এবং ইংলিশ অনার্স নিয়ে পাশ করেছে।

**মিঃ স্পীকারঃ** আপনি নাম ধাম লিখে দিন আপনাকে আর বলতে হবে না।

**শ্রীনবকুমার রায়ঃ** এই বিষয়টা নিয়ে আমি কোন পার্টি কালারে যেতে চাই না, ছেলেটি ইংলিশ অনার্স নিয়ে সেণ্টজেভিয়ার্স থেকে পাশ করেছে, কোন পার্টি করতো না। আমার অনুরোধ আপনি পুলিশকে ইনষ্ট্রাক্‌শন দিন যেন এটা ভাল ভাবে অনুসন্ধান করা হয় এবং এনকোয়ারি করে আসল দোষীকে শাস্তি দেওয়া হয়।

**মিঃ স্পীকারঃ** আপনি নাম ধাম, ঘটনা দিয়ে লিখে জানান, আমি চিফ মিনিষ্টারকে দিয়ে দিচ্ছি।

**Shri Deo Prakash Rai**: Mr. Speaker, Sir, as a Member of this House till my term expires I shall be raising this point everyday when the Assembly sits here. I have got two points of privilege—one regarding the Hill Development Council. The other day I left the Houge after finishing my speech and then the Chief Minister came.

আমি বংলা জানি না, আমার মাতৃভাষা হচ্ছে নেপালী। বাজে কথা মানে কি আমি জানি না, চিফ মিনিস্টার আমার সম্বন্ধে বলেছেন যে দেও প্রকাশ রাই বাজে কথা বলে গেছেন। এখনও পর্য্যন্ত আমি জানিনা বাজে কথা মানে কি। নেপালীতে বাজে মানে গ্রাণ্ড ফাদার। চিফ মিনিস্টারও তাহলে বাজে কথা বলেছিলেন। দু নং বক্তব্য হচ্ছে উনি বলেছেন দেও প্রকাশ রাই-এর গোর্খা লীগ নেই।

**মিঃ স্পীকার ঃ** What is your point of privilege.

**Shri Deo Prakash Rai :** Let me develop my point. Without developing my point how can I come to a conclusion ?

[2-20—2-30 P.M.]

The Chief Minister said, "He has left the House". Why had he left the House ? because there were series of discussions with me ; there were series of correspondence with him. So I came to know that nothing substantial will come out in course of discussions with Jyoti Basu. My point of privilege is this. আপনি সেদিন রুলিং দিলেন যে, দেও প্রকাশ রাই-এর all the speech is to be expunged. Sir, can you point it out ? You are a learned lawyer. You are occupying the supreme, august Chair of West Bengal* ( * * * )

**Mr. Speaker :** Don't record.

(At this stage nothing was recorded under orders of Mr Speaker )

**Calling Attention to Matters of Urgent Public Importance**

**মিঃ স্পীকার ঃ** এখন দৃষ্টি আকর্ষণী। আমার কাছে ১৪টি ব্যাপারে দৃষ্টি আকর্ষণী এসেছে। তার মধ্যে—

১। সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ গ্রামগুলিতে পুনর্গঠনের ব্যবস্থা—শ্রীঅজয়কুমার দে।

২। ৩০-১১-৭৮ তারিখ পর্য্যন্ত কতকগুলি ফৌজদারী মামলা প্রত্যাহার—শ্রীঅজয়কুবার দে।

[*Expunged as ordered by the chair.]

৩। বর্গারেকর্ডের সময় জমির মালিকদের ও আসল বর্গাদের নোটিশ না করা—শ্রীসুনীতি চট্টরাজ।

৪। কলিকাতা ও পার্শ্ববর্ত্তী এলাকায় ব্যাপক লোড-শেডিং—শ্রীসুনীতি চট্টরাজ।

৫। শিয়ালদহ উড়ালপুল প্রকল্প বানচালের সম্ভাবনা—শ্রীরজনীকান্ত দলুই।

৬। রাজ্যজুড়ে শিল্প উদ্যোগ—শ্রীরজনীকান্ত দোলই।

৭। গ্রামীণ জল সরবরাহ সমীক্ষা—শ্রীরজনীকান্ত দোলই।

৮। প্রেস শ্রমিক ধর্মঘট—শ্রীরজনীকান্ত দোলই।

৯। আরামবাগ মহকুমা হাসপাতালে এক্স-রে মেশিন বিকল—শ্রীনাম্নুরাম রায়।

10. I A D F AID To State forming—Shri Rajani Kanta Doloi.

11. L T C Plant in West Bengal – Shri Rajanikanta Doloi.

12. Forty held near Howrah Fish Market—Shri Rajanikanta Doloi.

13. Communal disturbances at Kalia Chak in Malda District—Shri Rajanikanta Doloi.

14. Extension or re-employment of the superannuated medical men to cope with the problem of acute shortage of doctors—Dr. Motahar Hossain.

এর মধ্যে একটি সম্বন্ধে মিনিষ্টার স্টেটমেন্ট দেবেন। আমি এখানে একটি জিনিষ সম্বন্ধে দৃষ্টি আকর্ষণ করতে চাই। একজন মাননীয় সদস্য যদি অনেকগুলি দেন তাহলে তো খুবই অসুবিধা হয়ে দাঁড়ায়। আর মাননীয় সদস্য কোন্‌টার উত্তর চান তা আমি বুঝতে পারি না এবং আমার মনে হয় তিনিও বোধহয় বুঝতে পারেন না। সুতরাং আমার অনুরোধ একটু লিমিট করুন। আমি এখন extension of re-employment of the superanmated medical men to cope with the problem of acute shortage of doctors. সম্বন্ধে ডঃ মোতাহার হোসেন যেটা এনেছেন সেইটা আমি নিচ্ছি। এখানে মিনিষ্টার মহাশয় উপস্থিত আছেন, তিনি কবে বিবৃতি দেবেন বলুন।

**শ্রীননী ভট্টাচার্য্য:** বিধানসভার বৈঠক কতদিন চলবে তা আমি জানি না। আমি ১৮ তারিখে ফিরছি। হেলথ মিনিষ্ট্রির পক্ষ থেকে ইষ্টার্ণ রিজিওনে কনফারেন্স ডেকেছেন আসামে। আমি আগামীকাল ভোরবেলায় চলে যাবো। সুতরাং আমি লিখিত বিবৃতি দিয়ে দেবো।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ স্যার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৭-১২-৭৮ তারিখে মাননীয় মন্ত্রী শ্রীশম্ভুচরণ ঘোষ মহাশয় তিনি এসেম্বলী হাউসে প্রশ্নে জবাব দিচ্ছিলেন। তাতে তিনি বিড়লা কলেজ অফ সায়েন্স অফ এডুকেশন···

**মিঃ স্পীকার ঃ** আপনি রিটিন দিন। এইভাবে মুখে বললে হবে না।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জিনিষটা বললে খুব ইজি হয়ে যাবে। বিড়লা কলেজ অফ সায়েন্স অফ এডুকেসান সম্বন্ধে উনি বিবৃতি দেবার সময় বলেছেন যে এটা আমরা টেক-ওভার করবো কিনা, সরকার গ্রহণ করবেন কিনা তা বিবেচনা করছেন কিন্তু উনি স্টেটমেন্টে বলেছেন যে সরকার নিয়ে নিয়েছে, সরকার টেক-ওভার করেছেন।

**শ্রীনির্মলকুমার বোস ঃ** অন এ পয়েন্ট অফ আর্ডর স্যার, প্রিভিলেজ আনবার জন্য আমাদের নিয়ম বেঁধে দেওয়া হয়েছে। সেই নিয়ম হলো যে আগে নোটিশ দিতে হবে হাউসে। হঠাৎ কোন ঘটনা ঘটেছে সেটা সঙ্গে সঙ্গে দাঁড়িয়ে বলা যায় কিন্তু কাল ঘটেছে এই ব্যাপারে লিখিতভাবে নোটিশ না দিলে প্রিভিলেজ আনা যায় না। অতএব মাননীয় সদস্য প্রিভিলেজ আনতে পারেন না।

**মিঃ স্পীকার ঃ** মাননীয় সদস্য শ্রীসত্যরঞ্জন বাপুলী মহাশয় এটা জানতেন এবং জেনেই করেছেন। যাই হোক, আপনি রিটিন দিন।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় সমস্ত কিছু জেনেই তিনি হাউসকে মিস্‌লিড করেছেন।

( গণ্ডগোল )

**Statement under Rule 346**

**শ্রীজ্যোতি বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধান সভার সদস্য শ্রীসামসুদ্দীন আহমদ এবং শ্রীহবিবুর রহমান কর্তৃক উত্থাপিত রমাপতি রায় ও জহর রায় নামে দুইজন আইন জীবিকে হত্যা করার চেষ্টা সম্পর্কে সংবাদপত্রে প্রকাশিত বিষয়ে দৃষ্টি আকর্ষণী বিজ্ঞপ্তির উত্তরে আমি নিম্নলিখিত বিবৃতি দিতে চাই—

উল্লিখিত ঘটনাটি বাসন্তী থানায় ঘটেনি—ঘটেছে কুলতলী থানায়। কুলতলী থানায় ডোঙ্গাজোড়া গ্রামে ৫১৪ নং খতিয়ানে ৩০ বিঘা জমি আছে। এর মধ্যে

কয়েক বছর আগে ১৩ বিঘা জমি সরকারের খাস হয়ে যায়। এবং কিছু চাষীর মধ্যে পাট্টা দেওয়া হয়। সেই থেকে তাঁরা ঐ জমি চাষ করে আসছিলেন। এই জমির পূর্বতন মালিক কলিকাতা নিবাসী শ্রীমতী গোলাপবালা দেবী এই খাস জমি সরকারে বর্তানোর আদেশের বিরুদ্ধে কলিকাতা হাইকোর্টে একটি দরখাস্ত করেছেন বলে জানা গেছে।

শ্রীমতী গোলাপবালার দুই ছেলে, শ্রীরমাপতি রায় এবং জহর রায় ১৮-১১-৭৮ তারিখে ঐ গ্রামে যান। সেখানে স্থানীয় কৃষকদের সঙ্গে তাঁদের বিরোধ হয়। ফলে তাঁরা আহত হন। এই সময়ে কিছু পুলিশ ঐ স্থান দিয়ে যাচ্ছিল—তারা ব্যাপারটিতে হস্তক্ষেপ করে এবং রমাপতিবাবুর লিখিত অভিযোগক্রমে একটি "কেস" করে। কৃষকদের অভিযোগক্রমে রমাপতিবাবু এবং অপর ২৬ জনের বিরুদ্ধে একটি পাল্টা "কেস"ও করা হয়। রমাপতিবাবু দাবী করেন যে তিনি এই জমি খাস করার বিরুদ্ধে হাইকোর্ট থেকে "ইঞ্জাংসান" পেয়েছেন, কিন্তু ৯-১১-৭৮ পর্য্যন্ত এ ব্যাপারে কোন কাগজপত্র দেখাতে পারেন নি।

ব্যাপারটি সম্পূর্ণ দুইদলের মধ্যে জমির মালিকানা নিয়ে বিরোধ। এ পর্য্যন্ত রমাপতিবাবুর নিগ্রহকারী বলে কথিত ৮ জন আদালতে আত্মসমর্পণ করেছে। জমি সংক্রান্ত বিরোধটি রাজস্ব বিভাগের স্থানীয় কর্তৃপক্ষের কাছে পাঠান হয়েছে। "কেস" দুটির তদন্ত চলছে।

**শ্রীজ্যোতি বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ৩০-১১-৭৮ তারিখে বিধানসভার সদস্য শ্রীজন্মেজয় ওঝা কর্তৃক আনীত আইন শৃঙ্খলার অবনতি এবং বিরোধী সদস্যদের নিরাপত্তার অভাব বিষয়ে অননুমোদিত মুলতুবী প্রস্তাবের উত্তরে আমি নিম্নলিখিত বক্তব্য পেশ করতে চাই—

গত ১৪-১১-৭৮ তারিখে পটাশপুর থানার অন্তর্গত চক্রশূল গ্রামের একটি পুকুর থেকে জোর করে মাছ ধরার অভিযোগের ভিত্তিতে একটি "কেস" রুজু করা হয়েছে এবং এ সম্পর্কে সি. পি. আই. এম.-এর সমর্থক বলে কথিত দু'জনকে গ্রেপ্তার করা যায়। পুকুরটি সরকারী খাস বলে একপক্ষ দাবী করে, অন্যদিকে কয়েকজন দাবী করে যে তারা পুকুরটির পাট্টা পেয়েছে।

গত ২৮-১১-৭৮ তারিখে শ্রী ওঝা পটাশপুর থানায় লিখিতভাবে জানান যে, চাক-চারানিয়া অঞ্চলে 'সি. পি. এম.-এর লোকেরা দুইজন লোকের ধান জোর করে কাটবে ও তাঁর ( শ্রী ওঝা ) বাড়ী আক্রমণ করবে—এরকম আশঙ্কা আছে।

এই সংবাদ থানায় ডায়েরী করা হয় এবং ঘটনাস্থলে পুলিশ পাঠান হয়। কিন্তু এরকম কোন ঘটনা ঘটেনি। ঐদিন চক্রশূল চঞ্চলের শ্রী ওঝা একটি সভা করেন। সি. পি. এম. সমর্থকদের একটি মিছিলও বাহির হয়। এই মিছিলকারীরা কোন মারাত্মক অস্ত্রশস্ত্র নিয়ে যাচ্ছিল না বা আইন শৃঙ্খলাও কোনোরূপ ভঙ্গ হয়নি।

চক্‌পদ চক্‌চারানিয়া এবং চক্রশূল অঞ্চলে কোন কোন জমির স্বত্ব বিতর্কিত থাকায় ধান কাটার সময় যাতে কোন গোলমাল না হয়, সেজন্য চক্রশূল প্রাথমিক বিদ্যালয়ে গত ২৬-১১-৭৮ তারিখে একটি পুলিশ ক্যাম্প বসান হয়েছে। এ অঞ্চলে এ পর্য্যন্ত জোর করে ধান কাটার কোন ঘটনা ঘটেনি।

শ্রী ওঝার উপরেও কোনরূপ আক্রমণের ঘটনা ঘটেনি। মাননীয় সদস্যের অভিযোগগুলি ভিত্তিহীন।

**শ্রীজন্মেজয় ওঝা :** অন এ পয়েন্ট অফ পারসোনাল এক্সপ্লানেসান আজকে যে রিপোর্ট দেওয়া হয়েছে সেই রিপোর্ট এর মধ্যে কতকগুলি ভুল তথ্যের ভিত্তিতে দেওয়া হয়েছে। তিনি বলেছেন আমি সেখানে সভা করেছিলাম কিন্তু আমি সেখানে সেদিন কোন সভা করিনি। দ্বিতীয়ত সেখানে কোন মিছিল আমি আনিনি। আমি জানতে চাই কে এটা তদন্ত করেছে। সেখানে সি. পি. এম.-ই সশস্ত্র মিছিল করেছিলো, সেখানে ধান কাটা হয়েছে। এই কেস বিচারাধীন আছে।

( গোলমাল )

**মিঃ স্পীকার :** ৩৪৬ উপরে কোন কাউন্টার ষ্টেটমেন্ট চলে না। পারসোনাল এক্সপ্লানেসান-এর ভিত্তিতে এই সব কথা বলতে পারেন না। আমি আপনাকে বসতে বলছি আপনি বসুন।

**শ্রীগোপাল বসু :** আমার প্রিভিলেজের প্রশ্ন হচ্ছে একজন মাননীয় সদস্য পারসোনাল এক্সপ্লানেসান দিতে দাঁড়িয়েছেন—তাঁকে সাপোর্ট করে আর একজন বললেন পয়েন্ট অব অর্ডার—এই জিনিষ আমি কখনও দেখিনি। পয়েন্ট অফ পারসোনাল এক্সপ্লানেসানে তাঁর সম্পর্কে যেটুকু বক্তব্য সেই সম্পর্কে তিনি বলতে পারেন। কিন্তু মূল ঘটনা সম্পর্কে তাকে কন্ট্রাডিক্ট করে কোন কথা বলতে পারেন না। যাঁরা এইসব জানেন না তাঁদের জানা উচিত এবং যাঁরা চেঁচামেচি করেন তাঁদের এইসব বন্ধ করা উচিত।

**মিঃ স্পীকার :** নল জাতক সম্পর্কে আমি শ্রীননী ভট্টাচার্য্য মহাশয়কে একটি বিবৃতি দিতে অনুরোধ করছি।

(Shri Nani Bhattacharyya rose to speak)

(Shri Janmejay Ojha and Shri Kiranmay Nanda rose to speak)

(Noise and interruptions)

**Mr. Speaker** : I refuse to allow you to speak. Why are you misusing your privilege your right ? You are disobeying the Speaker. I refuse to give you the right to speak. Either you sit down····I want to know whether you are going to sit down or not. Please sit down. There is a limit to everything. Shri Nani Bhattacharyya নলজাতিকা সম্বন্ধে বলুন।

(Shri Janmejay Ojha and Shri Kiranmay Nanda again rose to speak)

I have ordered Shri Bhattacharyya to speak. You please sit down.

[2-40—2-50 P.M,]

**Shri Nani Bhattacharya** : Sir, after publication of a report about the birth of a "Test-tube baby" in the daily news paper Director of Health Services asked for a report from the Doctors concerned in order to reply to the querries on the issue made to Director of Health Services from different concerns including the press. The Doctors submitted a brief report (2 pages). The report lacked details and it was difficult to assess the claim of the workers on the basis of this report. It was accordingly decided to get the said report including the details of the scientific principles and methodology involved examined by the Expert Committee. As the experiment involved multi-disciplinary work the Committee was constituted with Experts on multi-disciplinary subjects viz, Gynaecology and obsterics, physiology and physical science.

The Committe examined the brief report submitted by the Doctors and considered it to be sketchy with inadequate data for any scientific evaluation. The Committee accordingly requested the Doctors to meet the members of the Committee for a detailed discussion. The Doctors met the Committee members and some discussions were held. The Doctors did not like to divulge the exact information at the risk of lossing scientific credit for the

work although it was pointed out to them that it was quite customary to circulate the pre-publication of the report and also pre-prints intended for such publication. One of the workers was all the time relucant to answer scientific questions put to them by the different members of the Committee. Moreover, he hardly gave any scope to his other colleagues to speak on the specific issue. The Committee again pointed out that the report submitted by them to the Director of Health Services was too inadequate and brief for critical evaluation and further there were inaccuracies and errors. Even then, they refused to add any further data to the report and appeared to be extremely desultory during conversation.

The Committee pointed out that the methods used involve several processes and measures in low temperature needing highly specialised instruments and equipments. The Committee was, therefore. interested to know the place where the experiments were performed. The answers of the scientists were extremely evasive and appeard to vaguely hint at all sorts of places including the residence of one of the members where allegedly bulk of the law temperature work was done. They were unwilling to divulge the specific details of the low temperature measurement and manipulation at liquid nitrogen temperature.

The Committee after theroughly discussing and scrutinising the report of the Doctors, submitted their report indicating that though the fact of birth of a live human baby was not disputed, yet most of the steps, in the technique adopted for the successful transfer of invitre fertilized frozen-thawed human embrye resulting in the birth of a normally baby were not substantiated and with the alleged resources experiments referred to, seemed unfeasible. The Committee concluded that even with the sketchy information Supplied by the team the entire claim is incredible.

**শ্রীহরিপদ ভারতী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা নিবেদন করতে চাই আপনার কাছে। একটু আগে আপনি মাননীয় সদস্য শ্রীজন্মেজয় ওঝা সম্বন্ধে যে নির্দেশ দিলেন আপনার সিদ্ধান্ত নিশ্চয়ই শিরোধার্য, আমরা তা মেনে নিয়েছি। কিন্তু আমাদের বক্তব্য হচ্ছে এই একজন মাননীয় সদস্য এই হাউসের ভেতরে একটা

অভিযোগ এনেছিলেন একটা ঘটনার পরিপ্রেক্ষিতে যে তাঁর উপর একটা আক্রমন হয়েছিল। মাননীয় মুখ্যমন্ত্রী সে সম্বন্ধে তদন্ত করলেন, কিন্তু একবারও মাননীয় সদস্যকে জানালেন না। তাঁর কিছু বক্তব্য থাকতে পারে, সেটা বলা দরকার, তাঁর সেই বক্তব্যের আলোতে তদন্তের ফল অন্য রকম হতে পারত। কিন্তু সেসব কিছু হল না, ঘটনাচক্রে প্রমাণিত হয়েছে যে তাঁর সমস্ত অভিযোগ মিথ্যা। তারপর আপনি যে রুঢ় ভাষা ব্যবহার করলেন সেটা দুঃখজনক।

**মিঃ স্পীকারঃ** ৩৪৬ ধারা থেকে কোন স্টেটমেণ্ট দেওয়া সম্ভব নয়। তা যদি দিতে হয় তাহলে আইন পরিবর্তন করতে হবে। মাননীয় সদস্যকে পার্সোন্যাল এক্সপ্ল্যানেসানে বলতে দেওয়া হয়েছিল, পার্সোন্যাল এক্সপ্ল্যানেসানে ওঁর বক্তব্য নির্বিবাদে রেখেছেন, আমি ততক্ষণ পর্যন্ত বাধা দিইনি। এখন আমি শ্রীজ্যোতি বসু মহাশয়কে এম. এল. এ-র উপর হামলা সম্পর্কে বিবৃতি দিতে অনুরোধ করছি।

**শ্রীসন্দীপ দাসঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রুল ৩৪৬ এর উপর যদি কোন স্টেটমেণ্ট করে সেই স্টেটমেণ্টের উপর ২২৪ তে কোন প্রিভিলেজ মোশান আনতে পারেন কি না সে সম্বন্ধে আপনার কাছে আমি রুলিং চাচ্ছি।

**মিঃ স্পীকারঃ** রুল যা আছে সেইমত দেবেন। এখন আমি শ্রীজ্যোতি বসু মহাশয়কে এম. এল. এ-র উপর হামলা সম্পর্কে একটা বিবৃতি দিতে অনুরোধ করছি।

**শ্রীজ্যোতি বসুঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীরজনী কান্ত দোলুই কর্তৃক আনীত লঙ্কাগড়ে একটি ওষুধের দোকান বলপূর্বক দখলের অভিযোগ সম্পর্কে দৃষ্টি আকর্ষণী বিজ্ঞপ্তির উত্তরে আমি নিম্নলিখিত বক্তব্য পেশ করিতে চাই।

গত ৩/১২/৭৮ তারিখে রজনী বাবুর খুড়তুত বোন ভারতী দোলুই এবং তার স্বামী শ্রীবিষ্ণুপদ দোলুই দাসপুর থানার লঙ্কাগড় বাজারে একটি ফাঁকা পোড়া ঘর দখল করেন। ঘরটির মালিক রজনী বাবু বলে দাবী করা হয়েছে। অন্যদিকে স্থানীয় কিছু লোক জমিটি সরকারের খাস জমি বলে মিছিল করে রজনী বাবুর বিরুদ্ধে ধ্বনি দিতে থাকে। কোন রকম ওষুধের দোকান লুট বা রজনী বাবুর বাড়ী আক্রান্ত হ'বার অভিযোগ সত্য নয়।

দোলুই মহাশয়ের এই ভগ্নীপতি শ্রীবিষ্ণুপদ দোলুই লঙ্কাগড় বাজারে চায়ের দোকান ক'রে স্ত্রী-পুত্র সহ থাকতেন। গত বন্যায় ঐ চায়ের দোকান নষ্ট হয়ে

যাওয়ায় তিনি অন্য একটি ঘর ভাড়া করেছিলেন। ৩/১২/৭৮ তারিখে তিনি ঐ খোলা ও পোড়ো ঘরটিতে উঠে যান। এই ঘরটিতে রজনীবাবুর বাড়ী থেকে প্রায় ১৫০ গজ দূরে। এই ঘরটিতে প্রায় দেড় বছর আগে একটা ওষুধের দোকান ছিল। ঘরটির ছাদ ছিল না। শুধু চারটি মাটির দেওয়াল ছিল। বিষ্ণুপদ বাবু ত্রিপল দিয়ে ছাদ ক'রে নেন। স্থানীয় লোকেরা জানায় যে, ঘরটি যে জমির উপরে অবস্থিত সেটা সরকারের খাস হওয়া জমি যদি তা না হয়, তাহলে ঘরটি ছেড়ে দেওয়ার জন্য বিষ্ণুপদবাবুকে বলা হয়েছে।

রজনী বাবুর কাছ থেকে সংবাদ পেয়ে কেশপুর থানা থেবে পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয় এবং যাতে শান্তি ভঙ্গ না হয় তার বন্দোবস্ত করে। লঙ্কাগড়ে একটি পুলিশ পিকেট স্থাপন করা হয়। দাসপুর থানায় ৩/১২/৭৮ তারিখে একটি কেস করা হয়েছে।

বিষয়টি তদন্তাধীন আছে।

[2-50—3 P.M.]

**শ্রীরজনীকান্ত দোলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বলেছেন এর উপর কোন বক্তব্য রাখা যাবে না। কিন্তু পার্সোন্যাল এক্সপ্ল্যানেসানে আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলতে চাই যে আমি নিজে তাঁর সঙ্গে দেখা করেছি, ভাল করে তদন্ত করে অবিলম্বে যাতে ব্যবস্থা নেওয়া হয় তার বাবস্থা তিনি যেন করেন।

**শ্রীজ্যোতি বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রজনী বাবুকে আমি আগেই আশ্বাস দিয়েছি। উনি আমাকে বলার পর আমি ধরে নিয়েছিলাম যে ওঁর ঘর। কিন্তু ইতিমধ্যে আমার কাছে খবর এসেছিল যে এটা ঠিক নয়, এটা সরকারী খাস জমি। রজনী বাবুর ঘর ভেবে আমি আগেই খবর পাঠিয়ে ছিলাম, রজনী বাবুর যদি ঘর হয় তাহলে বিষ্ণু বাবু হোক, যেই-ই হোক তাকে ঘর ছেড়ে দিতে হবে। যাই হোক, বিষয়টি তদন্তাধীন, ২/৪ দিনের মধ্যেই এটা হয়ে যাবে।

**মিঃ স্পীকার ঃ** এখন আমি পুরুলিয়া আশ্রমের উপর হামলা সম্পর্কে একটা বিবৃতি দেবার জন্য শ্রীজ্যোতি বসু মহাশয়কে অনুরোধ করছি।

**Shri Jyoti Basu :** Mr. Speaker, Sir, with reference to the unfortunate attack on Shrimati Labanya Prova Ghosh, President of Lok Sevak Sangha and some others at Silpashram on the night of October 25/26, 1978, as raised

by Shri Kashi Kanta Maitra, MLA. during mention hour on 27th November, 1978, I would like to make the following statement :—

The Ashram is located on the outskirt of the town and is reported to be in a dilapidated condition. On 26.10.78 at 0310 hours, Shri Arun Ghosh of Silpashram informed the local PS over phone that a dacoity had taken place in the Ashram. On receipt of the information, the local police rushed to the spot. On reaching the place of occurrence, they found that Shri Arun Ghosh, his mother Shrimati Labanya Prova Ghosh, his sister Shrimati Urmila Majumdar and another lady, Shrimati Snehalata Ghosh had received injuries at the hands of dacoits. They were immediately taken to the hospital, and a case under sections 395/397 I P C was started on the same day.

It was ascertained on enquiry from Shri Arun Ghosh that at the midnight of 25. 10. 78 some miscreants polted small stones through the window of the room of Shrimati Labanya Prova Ghosh. The sister of Shri Ghosh (Shrimati Urmila Majumdar) reported this to him. Shri Ghosh was in a room situated in one corner of the Ashram. At about 0245 hours, Shri Ghosh woke up being hit with a stone thrown from outside the room. When he came out of the room, he saw some persons who had forcibly entered the Ashram by the outer door and had focussed torchlight on him. They assaulted him and the three ladies including Shrimati Labanya Prova Ghosh who were sleeping in different rooms. The miscreants decamped after taking away one leather suitcase containing some clothes, one transistor, one lady's wrist watch belonging to Shrimati Ghosh and four gold bangles from the person of Shrimati Labanya Prova Ghosh and Shrimati Urmila Majumdar.

Raids were organised by the Police to apprehend the criminals in and around Purulia town. On 26. 10. 78 evening the stolen suitcase was recovered from a paddy field near village Simulia under Purulia P.S. The clothings from inside the suitcase were found removed but other things, i.e. some papers, photographs and two torn lady's bags were found inside the suitcase. In all 5 persons have been arrested. All attempts are being made to trace

out all the criminals suspected to be responsible for this crime. S. P., Purulia, is personally supervising the raids. The investigation of the case has already been taken over by the CID.

On receiving the news of the attack, I had written a letter to Shrimati Ghosh expressing our deep concern and assuring her of all possible efforts to bring the culprits to book.

**শ্রীসুনীতি চট্টরাজ:** মাননীয় স্পীকার মহাশয়, আপনার অনুমতি নিয়ে একটা বিষয়ে অপনার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে প্রেস স্ট্রাইক হওয়ার কথা, এটা অনেকেই নীতিগতভাবে সমর্থন করেছেন, কিন্তু দেখা যাচ্ছে সকাল বেলায় চৌরঙ্গীর উপর ক্যালকাটা অবজারভার বলে একটা ইভিনিং ডেলি এই পেপারের উপর কতকগুলি সমাজ বিরোধী যাদের সঙ্গে ছিল কিছু লাল রুমাল বাঁধা লোক, তারা এ্যাটাক করে, প্রেস ভেঙ্গে তছনছ করে দেয়। নিউজ পেপারের উপর এই যে আক্রমণ এই সম্বন্ধে আমি হাউসের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীহাবিব মুস্তাফা:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত পরশু ১১ই ডিসেম্বর তারিখ মালদহের কালিয়াচক থানায় যে ঘটনা ঘটেছে তাতে আমার মনে হয় এই ঘটনার পেছনে একটা উদ্দেশ্যমূলক ষড়যন্ত্র ছিল। যেখানে ঘটনাটা ঘটেছে তার ৩ কিলো-মিটার দূর থেকে বিরাট জনতা সেই ঘটনাস্থলে এসে হাজির হয়েছিল এবং ঘটনাকে নিয়ন্ত্রন করবার জন্য গুলি ছুড়তে হয়েছিল। এই গুলির ফলে ঘটনাস্থলে ২৭ বছরের একজন যুবক মারা গেছে এবং গতকাল হাসপাতালে আর একজন লোক মারা গেছে। আমি এই ঘটনা শোনার পর সেখানে গিয়েছিলাম এবং সমস্ত দেখে যা বুঝলাম তাতে মনে হয় আনুপূর্বিক এর একটা তদন্ত হওয়া দরকার। সেখানে একটা ষড়যন্ত্র চলেছে এবং গতকাল সেখানে হরতাল পালন করা হয়েছে।

**শ্রীহাজারি বিশ্বাস:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। চিকমাগালুর নির্বাচনের পর দেখছি কংগ্রেসী মস্তানরা আবার চাঙ্গা হয়ে উঠেছে। আমি একটা ঘটনার কথা বলছি। গত ৯ তারিখে মুর্শিদাবাদের বহরমপুর থানার অধীন ছয়ঘড়ি অঞ্চলে কংগ্রেসী অঞ্চল প্রধান শ্রীরমাপ্রসাদ অধিকারীর নেতৃত্বে মদন-সাহা জমির মালিক এবং সেই মদন সাহার একজন ভাগীদার রহেদ আলি শেখ যার নাম রেকর্ডভুক্ত হয়েছে এবং তিনি ধান আবাদ করেছিলেন তাকে জমি থেকে উচ্ছেদ করবার জন্য গুণ্ডা নিয়ে আক্রম

করে এবং জখম করে তারপর সেই ভাগীদার থানায় আসবার পথে তাকে পুনরায় আক্রমন করা হয় এবং একটা ঘরের মধ্যে আটক করে প্রহার করা হয়। সেই এলাকার লোক অত্যন্ত সন্ত্রস্ত এবং তারা সুখে বসবাস করতে পারছে না। আমি এই বিষয়ে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে সুব্যবস্থা নেওয়া হয়।

**শ্রীঅজয় কুমার দে**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মুখ্যমন্ত্রীর কাছে কয়েকটি দলবাজীর নির্দিষ্ট অভিযোগ এবং চরম দুর্নীনির প্রমাণ পেশ করছি। আমি ঘটনাগুলো সংক্ষেপেই বলছি। নিমাই মণ্ডল নামে একজন সি পি এম সদস্য আমাকে নিজে লিখে দিয়েছেন যে, অশোক মাইতি এবং সুকুমার সেন, সি পি এম সদস্য, তাঁর সহি জাল করে ৩০ কে. জি. আলু বীজ নিয়েছে এবং তিনি এর প্রতিবিধান চাচ্ছেন। আর একজন বলেছেন যে তিনি ঘর বাঁধবার জন্য ১৩০ টাকা পেয়েছিলেন কিন্তু অশোক মাইতি, সি পি এম সদস্য এবং গ্রামপঞ্চায়েতের সদস্য তাঁর কাছ থেবে উৎকোচ হিসেবে ২০ টাকা নিয়েছেন। তিনি লিখিতভাবে এগুলি আমাকে দিয়েছেন। আমি মুখ্যমন্ত্রীকে আপানার মাধ্যমে এগুলি দিচ্ছি। আমরা দেখছি বেনামদার মুখ্যমন্ত্রী তাঁর দলের লোকদের নিয়ে ছুটেছেন আর বলছেন, সামলাও সামলাও, দুর্নীতি হচ্ছে, দুর্নীতি হচ্ছে। স্যার, তদন্ত করে কোন কিছু জানান হচ্ছে না। আপনি জানেন তদন্তের নিয়ম হচ্ছে যিনি কমপ্লেন করবেন হি মাস্ট বি ইনফর্মড। কিন্তু আমরা দেখছি তদন্ত করার পর কোন কিছু ইনফর্ম করা হচ্ছে না। আর একটা ঘটনা বলি—১৯.১০.৭৮ তারিখে এক বস্তা গম সি পি এম-এর লোক চুরি করেছিল এবং সেই গম এখনও দোকানে পড়ে আছে। এই খবর আকবর আলি আমাকে লিখিতভাবে জানিয়েছিল এবং দেখেছি এরজন্য কোন ব্যবস্থা নেওয়া হয়নি। স্যার, যারা পকেটমার তারা বলে পকেটমার হইতে সাবধান, এখানেও দেখতে পাচ্ছি যাঁরা দুর্নীতি দমন করতে চান তাঁদের মধ্যেই বেশী করে দুর্নীতি রয়েছে। স্যার, আপনার মাধ্যমে আমি দুর্নীতি এবং দলবাজী অভিযোগের দুটি বান্স পেশ করেছি এবং মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করছি কোন রাজ্যে আমরা বাস করছি? একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3—3-10 P.M.]

**শ্রী নিরঞ্জন মুখার্জী**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের কথা বিনীত ভাবে এই হাউসের সামনে রাখতে চাই। বিষয়টি হল –বিশেষ করে শিক্ষামন্ত্রী মহাশয় এখানে আছেন, আমি তাঁর দৃষ্টিতে এই বিষয়টি আনতে চাই।

বেহালা অঞ্চলে ব্রজমোহন তেওয়ারী ইনষ্টিটিউশন নামে অত্যন্ত নামী এবং বড় মাধ্যমিক বিদ্যালয় আছে। সেই স্কুলের সম্বন্ধে দীর্ঘদিন ধরে নানারকম দুর্নীতির বিষয়ে তদন্তের জন্য আবেদন করা হচ্ছে এবং প্রায় দেড় বছর ধরে বিভিন্ন ভাবে আবেদন করা হচ্ছে যে সেখানে যে হেডমাষ্টার আছেন এবং পুরাণো কমিটি আছে, তাঁরা দেড় লক্ষাধিক টাকা তছরূপ করেছেন, এজন্য সরকারথেকে একজন য়্যাডমিনিষ্ট্রেটার নিয়োগ করে যখন তদন্ত হচ্ছে, স্পেশাল অডিট হচ্ছে, সেই সময় স্কুলের কাজের সঙ্গে কংগ্রেস, জনতা এবং সি পি আই-এর যারা যুক্ত ছিলেন তাদের মধ্যে প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে, ফলে সি পি আই এম-কে হেয় করার জন্য তাঁরা হঠাৎ ওখানে একটা কোশ্চেন পেপার রচনা করেন, যেটা মাননীয় সদস্য বিষ্ণু কান্ত শাস্ত্রী মহাশয় এখানে উল্লেখ করেছিলেন। আমার সময় অল্প তাই আমি সেই বিষয় উল্লেখ করতে চাই না, সেই কোশ্চেন পেপার আছে—আমাদের দেশ ভারতবর্ষ, এখানে অনেক মুনাফাশিকারী আছে ইত্যাদি ইত্যাদি। এই ব্যাপারে আপত্তি জানানোতে আমাদের পার্টি মার্কস্‌বাদী কমিউনিষ্ট পার্টির নামে নানা রকম অপপ্রচার করা হচ্ছে। আমি জানাতে চাই যে এই যে হেড মাষ্টার তছরূপের দায়ে দায়ী' সে বিষয়ে গত ১৮/৮/৭৮ তারিখে বেহালা থানায় ডায়েরী করা হয়েছে, ডায়েরী নম্বর হচ্ছে ৭০, যখন তদন্ত চলছে, তার বিরুদ্ধে মামলা করা হয়েছে, সেজন্য পুলিশ সেই ব্যাপারে হস্তক্ষেপ করেনি। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে ওখানে সেই স্কুলে যে নানা রকম অবৈধ এবং দুর্নীতি চলেছে এবং নানা রকম অসামাজিক কার্যকলাপ চলেছে, তিনি শক্ত হাতে ধরেছেন, আরও একটু দৃঢভাবে ধরুন এবং যে সমস্ত শিক্ষক এই তছরূপ করেছে, তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রীশচীন সেন** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় এখানে উত্থাপন করছি। আজকের সংবাদপত্রে পরিবেশিত হয়েছে, আমার মনে হয় সকলেরই দৃষ্টি গোচর হয়েছে যে গতকাল দত্ত কমিশনের সামনে এখানে কি বিশৃঙ্খলা এবং গণ্ডোগোল হয়েছিল এবং শেষ পর্য্যন্ত বিশৃঙ্খলা এমন পর্যায়ে পৌঁছেছিল যে কমিশনের কাজ হঠাৎ বন্ধ করে দিতে হয়েছিল। ইন্দিরা গোষ্ঠী ছাত্র পরিষদ এখানে তুলকালাম কাণ্ড ঘটিয়েছে গতকাল, তাদের দাবী হচ্ছে ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে কোন অপপ্রচার চলবে না। যে ইন্দিরা গান্ধী ভারতবর্ষের ১৭০০ লোককে হত্যা করেছে, হাজার হাজার মানুষকে জেলে পুরেছে, তার বিরুদ্ধে অপপ্রচার করা চলবে না বলে যদি এইভাবে গণ্ডগোল করে, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব যে তিনি একটা বিবৃতি দিন দত্ত কমিশন কালকে কেন বন্ধ হয়েছিল, কারা

গণ্ডগোল করেছিল এবং তাদের উদ্দেশ্য কি ? আমি আশা করব মাননীয় মুখ্যমন্ত্রী এ বিষয়ে হাউসকে অবহিত করবেন।

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার ঃ** স্যার, অন এ্যাপয়েন্ট অফ প্রিভিলেজ। মাননীয় সদস্য নিজামউদ্দিন সাহেবকে আপনি যখন ইনট্যারাপসান না করার জন্য বলছিলেন তখন তিনি রাগতস্বরে ধমক দিয়েছেন চেয়ারের প্রতি লক্ষ্য করে। আমার বক্তব্য এটা চেয়ারকে অবমাননা করা হয়েছে। তারজন্য তাঁকে এই সভার মধ্যে দুঃখ প্রকাশ করতে হবে।

**মিঃ স্পীকার ঃ** এইবার সভার সময় যে নষ্ট করলেন তার জন্য আপনি কি দুঃখ প্রকাশ করছেন সেটা আমাকে বলুন।

**শ্রীকিরনময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মুখ্য মন্ত্রীর একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। গত ৯-১২-৭৮ তারিখে আমার কেন্দ্র মুগবেড়িয়ায় একটা গুরুত্বপূর্ণ ঘটনা ঘটে। পশ্চিমবাংলা সরকার সমস্ত ব্লকে ল্যাণ্ড এ্যাডভাইসরি কমিটি করে দিয়েছেন, সেই ল্যাণ্ড এ্যাডভাইসরি কমিটি যে সমস্ত জমি সম্পর্কে ডিসপিউট দেখা দেবে তারাই ব্যবস্থা করে দেবেন। ঠিক এই রকম একটা ডিসপিউটের ব্যাপারে ল্যাণ্ড এ্যাডভাইসরি কমিটি সিদ্ধান্ত করে দেন যে কে ধান কাটবে। এটা হচ্ছে মুগবেড়িয়া কেন্দ্রের ভগবানপুর দু নম্বর ব্লকে। ল্যাণ্ড এ্যাডভাইসরি কমিটি যার উপর ধান কাটার সিদ্ধান্ত দেন তার নাম হচ্ছে শ্রীসোমেশ গায়েন ( সে সিদ্ধান্ত হয় সর্বসম্মতিক্রমে, সেখানে কোন দ্বিমত ছিল না। সেই সোমেশ গায়েনের দাদা যিনি সোমেশ গায়েনের হয়ে ধান কাটার ভারপ্রাপ্ত তিনি যখন ধান কাটতে যান তখন সি. পি. এম পতাকা নিয়ে একশো লোক যে ধান কাটা হয়েছিল সেটা বয়ে নিয়ে আসে। সোমেশ গায়েনের দাদা স্বদেশ গায়েন যখন বাধা দিতে যান তখন এই একশো লোক তাকে রাস্তায় বেঁধে এনে হাটায় এবং ব্লক অফিসে বেঁধে রাখে এবং ব্লক অফিসের কর্মচারীরা তাকে বাঁধন মুক্ত করেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে এটা জানাচ্ছি এবং তার সাথে সাথে দুটো টেলিগ্রাম এসেছে আমি তার একটু উল্লেখ করতে চাই।

"Owner of land while harvesting paddy from land under personal cultivation were obstructed by armed supporters of CPIM Party on 10/12/78 at Maisal village Itaberia Anchal P.S. Bhagwanpur, Dist. Midnapur. Pray Immediate action Khadyot Kumar Manna and others for land owners.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কারণে বলছি যে হাউস দু এক দিনের মধ্যে শেষ হয়ে যাবে। আজকে কিভাবে বিভিন্ন জায়গায় মাঠে শ্রমিকদের নামতে দেওয়া হচ্ছে না সেটা দেখুন। ল্যাণ্ড এ্যাডভাইসরি কমিটি সিদ্ধান্ত করা সত্বেও সি. পি. এম. তা ভায়োলেট করছে।

**Dr. Ambarish Mukhopadhyay :** Sir, I want to mention an important matter involving a scandal of Rs. 61,000/.-. It is a matter in connection R. C. Academy, P. S. Puncha, Dist. Purulia. I know that the Development Hostel is not there and in a special Audit Report it was stated that it was not understood what it meant by Development Hostel. The appropriotion and estimate of this hostel building was Rs. 70,100/- but the completion certificate granted by the Construction Board was Rs. 61,800/-. I would again say, Sir that the building is not there. So the matter was taken up by the Deportment concerned and the appropriate authority was asked to lodge complaint under Section 409 I. P. C. but no case was instituted in this connection. Birds of the same feather flock together and so they did not proceed with it. So I would request the Government to take up the matter with the appropriate authority and to take adequate action against Shri Harihar Mukherjee, ex-Headmaster and the Secretary of the Institution.

**শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ৪ঠা ডিসেম্বর আরামবাগ মহকুমা হাসপাতালে এস, ডি, এম, ওর কাছে ডেপুটেশানের নাম করে কিছু ব্যক্তি যারা জনতা পার্টির কর্মী বলে অত্যন্ত পরিচিত, যাদের নাম আমি বলতে পারি, তারা যেয়ে এস, ডি, এম, ওকে হুমকি দেন যে সাত দিনের মধ্যে হাসপাতাল ছাড়তে হবে। তাঁকে প্রাণনাশেরও হুমকি দেওয়া হয়। নারসিং ষ্টাফ যারা ছিলেন ডিউটিতে তারা এস, ডি, এম, ওকে রক্ষা করতে এসে আক্রান্ত হন। সেই ষ্টাফদের নাম হচ্ছে স্বপ্না দত্ত, ভবানী দাস। একজন টীচার শ্রীচৌধুরী তিনি এসে দেখেন এস, ডি, এম, ও আক্রান্ত তিনি বাঁচাবার চেষ্টা করেন।

তাকে বাইরে টেনে এনে ধরে সামনে ফেলে অজ্ঞান করে দেয়। তারপর তাকে হাসপাতালে ভর্তি করা হয়। গত ৫।১২।৭৮ তারিখে এফ. আই. আর করা হয় এবং পুলিশকে সমস্ত কিছু জানানো সত্বেও কোন প্রতিকার এখনও হয় নি। শুধু একটা ঘটনা নয়, এই জনতা পার্টির কর্মিদের এক অংশ আরামবাগ মহকুমার বিভিন্ন জায়গায়

আইন নিজের হাতে নিয়ে সেখানকার আইন শৃঙ্খলার অবস্থা চরমে নিয়ে গিয়েছে। তারা সরকারী কোন নির্দেশ মানছে না। এই ব্যাপারে আমি সরকারে দৃষ্টি আকর্ষণ করছি।

[3-10—3-45 P.M. (Including Adjourment)]

**শ্রীসমরেন্দ্রনাথ স্যান্যাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মুখ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার গাঁধিনা ও করিমপুর থানা যেটা সীমান্তবর্তী এলাকার থানা সেখানে যে কয়েক হাজার বিঘা জমি পড়ে রয়েছে সেখানে এক ভীষণ অবস্থার সৃষ্টি হয়েছে। সেখানে বাংলাদেশের লোক ৫০০ বিঘা জমি এখনই দখল করে নিয়েছে। এবং তারা নানারকম অত্যাচার সুরু করেছে। তারা সব বর্ডার পিলার ভেঙ্গে দিয়েছে। এ সম্বন্ধে আমরা কেন্দ্রীয় মন্ত্রীকে জানিয়েছি আই জি বি এস. এফকেও জানান হয়েছে। সেখানে যে বি. এস. এফ ক্যাম্প ছিল সেটা তুলে নেবার পর আরও অত্যাচার শুরু হয়েছে। স্যার, আমরা সেখানকার সংখ্যালঘু সম্প্রদায় আমরা ওখানে খুবই বিপন্ন-বোধ করছি আমরা স্যার কোথায় যাব। তাই এই ব্যাপার নিয়ে যাতে মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় মন্ত্রকের সঙ্গে আলোচনা করে ব্যবস্থা গ্রহণ করেন তার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রীকালীপদ বর্মন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি উচ্চ শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। শিলিগুড়ি গভর্ণমেন্ট স্পনসর্ড কলেজে অর্গানিক কেমিষ্ট্রি ডিপার্টমেন্টে শিক্ষক নিয়োগ ব্যাপারে দুর্নীতি ও পক্ষপাত-মূলক ব্যবস্থা চালানো হয়েছে। এখানে সিলেকসন কমিটির এক্সপোর্ট ইন অর্গানিক কেমিষ্ট্রির লোক তিনি অর্গানিক কেমিষ্ট্রিতে নমিনেসন সিলেকসন রেকমেণ্ড করে এসেছেন। আর সেখানে ডক্টরেট উপাধীধারী এবং কোয়ালিফায়েড লোককে না নিয়ে অত্যন্ত গোপন ভাবে, বেআইনী ভাবে সেখানে নিজেদের নিজস্ব লোককে নিয়োগ করেছেন। এবং দু মাস আগে প্রিন্সিপ্যালকে সাসপেণ্ড করেছে। এইভাবে একের পর এক বে-আইনীভাবে রিক্রুটমেন্ট চলছে। সেই জন্য আমি মনে করি এইসব বিষয়ে একটা তদন্ত হওয়া দরকার এবং তার জন্য আমি উচ্চ শিক্ষা মন্ত্রীকে বিশেষ ভাবে অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমলিন ঘোষ ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি শিল্প মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত পরশু তারিখে যুগান্তরে একটি

সংবাদ প্রকাশিত হয়েছে। সেখানে দেখা যাচ্ছে ডানকুনিতে যে লো কারবনাইজেসন থারম্যাল প্ল্যাণ্ট হবার কথা ছিল সেই পরিকল্পনাকে ব্যার্থ করবার জন্য কেন্দ্রীয় সরকার চক্রান্ত করছে। আমি এই হাউসকে জানাচ্ছি এবং এই দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী কানাইবাবুর কাছে আবেদন করছি তিনি যেন এই ব্যাপারে অতি শীঘ্র ব্যবস্থা অবলম্বন করেন। কারণ এই শিল্পের পশ্চিমবাংলায় অত্যন্ত দরকার আছে। এই পরিকল্পনা ব্যর্থ করার পিছনে যে চক্রান্ত করা হচ্ছে সেই ব্যাপারে ব্যবস্থা অবলম্বন করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**Sri Rabi Shankar Pandey :** माननीय अध्यक्ष महोदय, मैं आपके माध्यम मे माननीय पौरव मंत्री का ध्यान आकर्षित करना चाहता हूं। माननीय पौरव मंत्री महोदय कलकत्ते से कूड़ा-जंजाल-मल-मूल साफ कराने के वजाय जो लोग अपनी जीविका फूट पाथों पर सामान वेचकर चलाते थे, उनको उच्छेंद कर रहे है। इन गरीवों के पास दुकानें नही है—साधनहीन है अतएव विना सरकारी सहायता के अपना जीविकोपार्जन कर रहे है। सरकार से वे लोग वेकारी मत्ता की माँग भी नही कर रहे है साथ ही नौकरी का डिमाण्ड भी नही कर रहे है। किसी तरह से रोजी-रोजगार चलाकर कमा खा रहे है।

इसलिए मेरा निवेदन है कि उनके उच्छेद करने का जो षणयंत्र चल रहा है, उसे बन्द कर दीजिए। उनको खाने-कमाने का सुअवमर प्रदान कीजिए।

रास्ते का कूड़ा-कर्कट-मल-भुल परिस्कार कर कलकत्ते का स्वच्छ बनाईये यह यहाँ के नागरिकों की हार्दिक इच्छा है। किन्तु सफाई के अभियान के नाम पर फूट-पाथों पर खाने-कमाते वालों का उच्छेद मत कीजिए।

(At this stage the House was adjourned till 3-45 P.M.)

(After Adjourment)

[3-45—3-55 P.M.]

**The Bengal Smoke-Nuisances (Amendment) Bill, 1978**

**Shri Nani Bhattacharya :** Sir, I beg to introduce the Bengal Smoke-nuisances (Amendment) Bill, 1978.

(Secretary then read the title of the Bill)

**Shri Nani Bhattacharya** : Sir, I beg to move that the Bengal Smoke-nuisances (Amendment) Bill, 1978, be taken into consideration.

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, মাননীয় সদস্যগণ সকলেই জানেন যে স্মোক নুইসেন্স এ্যাক্ট পুরোনো সেই ১৯০৫ সালের তৈরী এবং স্বভাবতঃই সেই স্মোক নুইসেন্স এ্যাক্ট ওল্ড ডেটেড হয়ে গেছে। এর আগে ১৯০৫ সাল থেকে আরম্ভ করে পশ্চিমবাংলায় শিল্পের অগ্রগতি ঘটেছে, যানবাহনের অগ্রগতি ঘটেছে যার ফলে ঐ পুরোনো ১৯০৫ সালের যে আইন সেই আইন সকল দিক থেকে ব্যবহার করা অকেজো হয়ে গেছে। সে জন্য সময়োপযোগী করে যাতে এই আইনটাকে আমরা করতে পারি তার জন্য এই সংশোধনী বিল আনা হয়েছে। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার নিশ্চয়ই জানা আছে যে ১৯০৫ সালের এই আইনে কলকাতা এবং হাওড়ার কিয়দংশ এবং হাওড়ার সন্নিহিত এলাকা এই আইনের মধ্যে পড়ে। এই সংশোধনী যেটা করা হয়েছে তাতে গোটা পশ্চিমবাংলাকে স্মোক নুইসেন্স আইন-এর আওতায় আনা হচ্ছে। দ্বিতীয়তঃ যেটা করা হচ্ছে সেটা হচ্ছে যে স্মোক নুইসেন্সের জন্য এয়ার পোলিউশান হচ্ছে। সুতরাং আইনের ব্যাখ্যা এমনভাবে করা হয়েছে, ফার্নেস প্রভৃতির ব্যাখ্যা এমনভাবে করা হয়েছে যাতে করে বায়ু মণ্ডল দূষিত হতে পারে যে সমস্ত বিষয়ের দ্বারা সেই সবগুলি এই আইনের আওতায় যাতে পড়তে পারে সেইভাবে আনা হয়েছে। তৃতীয়তঃ ব্যাপার যেটা আছে সেটা হচ্ছে ১৯০৫ সালের আইন যাঁরা মানতেন না তাঁদের বিরুদ্ধে শাস্তির যে বিধান ছিল সেটা হচ্ছে নামমাত্র। সুতরাং সেই শাস্তির বিধানকে আরো একটু কঠোর করা হয়েছে। এ ছাড়া যে সমস্ত সংশোধনী আনা হয়েছে সে গুলি কিছুটা মামুলি ধরণের। প্রথমতঃ যে তিনটি বিষয়ে এই সংশোধনী আনা হয়েছে সেটা আমি বলেছি। এই দিক থেকে আমি আশা করবো মাননীয় সদস্যগণ এই সংশোধনী বিলটা বিচার বিবেচনা করবেন। এই কথা বলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বিলটি যাতে সকলে কনসিডার করেন, বিচার বিবেচনা কবেন তার জন্য অনুরোধ করছি।

**Shri Sandip Das** : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1979,

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী ননী ভট্টাচার্য্য মহাশয় এই বিধানসভার সামনে যে বিল এনেছেন সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিল এবং এইরকম একটা গুরুত্বপূর্ণ বিষয়ের উপর বিল, এটা যেন তড়িঘড়ি করে পাশ না হয়। সেই জন্যই আমি সার্কুলেশন মোশন উত্থাপন করতে চাইছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পার্লামেন্টে

সম্প্রতি এয়ার পলিউশনের উপর একটা বিল এসেছে এবং এই ব্যাপারে একটা সিলেক্ট কমিটি গঠিত হয়েছে এবং তার জন্য এক্সপার্ট কমিটি গঠিত হয়েছে। সেই এক্সপার্ট কমিটি বিভিন্ন রাজ্যে এয়ার পলিউশন সম্পর্কে নানা রকম স্টাডি করছেন। তাঁরা পশ্চিমবাংলায় এসেছেন কিছুদিন আগে। পশ্চিমবাংলায় তাঁরা বিভিন্ন বিশেষজ্ঞদের সঙ্গে এই ব্যাপারে পরামর্শ করে গেছেন। তার উপর একটা ডিটেল্ স্টাডি তারা করে গেছেন। সি. এম. ডি. এ. কর্তৃপক্ষ নেভির সহায়তায় কলকাতার এয়ার পলিউশন সম্পর্কে স্টাডি করার জন্য ব্যবস্থা করেছেন। এবং সি. এম. ডি. এ'র উদ্যোগে যে স্টাডি হয়েছে তার বিস্তৃত বিবরণ, সেই রিপোর্ট এখন প্রকাশনার অপেক্ষায় রয়েছে। সেই পরিপ্রেক্ষিতে যখন পার্লামেণ্টে একটা কমপ্রিহেনসিভ বিল এসেছে এয়ার পলিউশনের জন্য, কোন পার্টিকলস থেকে কিভাবে হচ্ছে। সি. এম. ডি. এ. ও একটা স্টাডি করেছে এয়ার পলিউশন সম্পর্কে, তার সমস্ত রিপোর্ট বেরোলে—তারপর যদি একটা কমপ্রিহেনসিভ বিল আনেন—সেনট্রাল এ্যাক্ট যেটা হবে, তাতে যদি দেখা যায় কিছু কিছু গ্যাপ্স রয়েছে যা পশ্চিমবঙ্গের এয়ার পলিউশন, বিশেষতঃ স্মোক নুইসেন্সকে কভার করছে না, তখন যদি একটা আলাদা আইন করেন তাহলে ভাল হয়। তা না হলে এই আইনের প্রয়োজনীয়তা থাকে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় ১৯০৫ সালে লর্ড কার্জন এই আইন করেছিলেন এবং লর্ড কার্জন যখন এই আইন করেছিলেন স্মোক নুইসেন্সেস এ্যাক্ট ১৯০৫, তার মধ্যে দেখবেন, তিনি কি মিন করেছিলেন এবং সেই সম্পর্কে বিভিন্ন লেখক উল্লেখ করেছেন। আপনি অনুমান করতে পারেন ১৯০৫ সালে কলকাতা এবং হাওড়া স্টেশনের উল্লেখ ছিল। তখন এত স্মোক নুইসেন্সের প্রবলেম ছিল না, এত অটোমোবাইলস ছিল না, ইণ্ডাসট্রিয়্যালাইজেশন প্রাকটিক্যালি কলকাতার আশেপাশে তেমন ভাবে হয়নি। কয়েকটি আশেপাশের বিল্ডিং হয়েছিল মাত্র—এইগুলো স্মোক নুইসেন্স এ্যাক্টের আওতায় ছিল। মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে সম্পূর্ণ ভাবে আউট অব ডেট হয়ে গেছে, কাজেই সময়োপোযোগী বিল আনার জন্য এই এ্যামেণ্ডমেণ্ট এনেছেন। মন্ত্রী মহাশয় যে ইচ্ছা প্রকাশ করেছেন, তিনি নিজে এটা চাইছেন, উপলব্ধি করছেন যে আউট অব ডেট বিল নয়, একটা সময়োপোযোগী বিল আসছে, সেই সময়োপোযোগী আইন আনতে হলে সব দিক থেকে বিবেচনা করে এই বিল করা উচিত ছিল বলে মনে করি। এর মধ্যে আপনি দেখবেন অনেকগুলো কনট্রাকশন রয়েছে। যেমন ধরুন মন্ত্রী মহাশয়ের কথার মধ্যে দিয়ে ধরা পড়েছে, তিনি বলেছেন যে স্মোক কথাটাকে এমনভাবে কভার করা হয়েছে যাতে সম্পূর্ণ রকম এয়ার পলিউশন

তার মধ্যে কভার করে। এবং ক্লজ ফাইভের ৬ নং ধারায় যেভাবে স্মোকের বর্ণনা দেওয়া হয়েছে, তার সঙ্গে কিন্তু কনট্রাডিকশন থেকে যাচ্ছে। যেমন পাঁচ নং ক্লজে যে প্রেভাইসো আছে, সেই প্রোভাইসো বাদ যাচ্ছে।

Provided that no furnace of fireplace used for working the engine of any automobile, aircraft, watercraft, launch, steamer or ship.

সব বাদ চলে যাচ্ছে।

[3-55—4-05 P.M.]

এখন প্রশ্ন হচ্ছে অটোমোবাইলকে কি সম্পূর্ণভাবে বাদ দেওয়া যায়? আজকে সিটি প্ল্যানিং-এর সমস্ত জায়গায় দেখতে পাবেন অটোমোবাইল থেকে কি ধরণের পলুউসন হচ্ছে। অটোমোবাইল থেকে পলিউসন হচ্ছে দু-ভাবে। একটা হয় ব্যাড ফুয়েলের জন্য, আর একটা হয় ব্যাড মেনটেনেনসের জন্য। ব্যাড ফুয়েলের ব্যাপারটা নিশ্চয়ই আমরা এখনই কিছু করতে পারব না। কিন্তু মেনটেনেন্স যদি প্রপারলি হয়—কলকাতায় যে ধরণের বাস চলে অন্যান্য শহরে, বিশেষ করে বোম্বাই দিল্লীতে সেই ধরণের খারাপ বাস চলে না। তাছাড়াও শহরের নানা ধরণের ধেঁায়া রয়েছে। সাধারণত কলকাতায় ব্যাড মেনটেনেন্স এর জন্যই অটোমোবাইল থেকে পলিউসন হয়। অন্য কোনও বড় শহরে এই কারণে এত হয় বলে আমাদের জানা নেই। তথাপি মাননীয় মন্ত্রী অটোমোবাইলকে সম্পূর্ণভাবে এই বিলের আওতার বাইরে রেখে যাচ্ছেন। কারণ আমরা জানি অনেক রকম কমপ্লিকেসন আছে। যেখানে ট্রানসপোর্টের এত প্রব্লেম, যেখানে লোকে আরো বাস, আরো লরি চাইছে, সেখানে অটোমোবাইলকে বাদ না দিয়ে উপায় কি? সুতরাং আজকে এই সমস্যার সমাধানের জন্য আমাদের অন্য উপায় ভাবতে হবে। এর সঙ্গে কলকাতার ট্রানসপোর্ট প্রব্লেমও জড়িত। আমাদের সেই জন্য আজকে ইলেকট্রিফিকেসনের দিকে জোর দিতে হবে। কিন্তু সেখানে অবস্থা আরো খারাপ। বিদ্যুৎমন্ত্রীর ভাড়ে মা ভবানীর অবস্থা। বিদ্যুৎ চালিত যান যদি আমরা বেশী দিতে পারি তাহলে পলিউসনের মাত্রাটা কিছুটা কমবে। আজকে যদি টিউব-রেলওয়ে কমপ্লিট হয়ে যায় তাহলে নিশ্চয়ই অটোমোবাইল থেকে যে পরিমাণ পলিউসন হচ্ছে সেই পরিমাণটার কিছুটা কম হবে। তারপর ডোমেস্টিক কনজামসনকে বার বার বাদ দেওয়া হচ্ছে। কারণ আমাদের এখানে যেপরিমাণ ফুয়েল প্রব্লেম দেখা দিয়েছে, লোকে কোনও রকম ফুয়েল পাচ্ছে না, সেখানে কি করে ডোমেস্টিক ফুয়েলকে আইনের মধ্যে আনা যায়? সুতরাং সেটাও আমাদের ভেবে দেখতে হবে, চিন্তা

করতে হবে। আমি এর মধ্যে কোনও রাজনৈতিক প্রশ্ন তুলতে চাই না, প্রব্লেমটাকে সামগ্রিক-ভাবে বিচার করার জন্য আমি অনুরোধ করছি। আমি প্রথমেই যেটা বললাম, যেটাতে কনট্রাডিকসনের প্রশ্ন রয়েছে, যেখানে ক্লজ ৫-এর ৬নং ধারায় স্মোক্ মানে করা হয়েছে, smoke means any carbonaceous or inorganic suspended matters obtained or omitted by distillation of coal, wood, oil or any other matter whatsoever. ১/২/৫-এর মধ্যে এটা দেখানো হচ্ছে। মাননীয় মন্ত্রী আশা করি আমার সঙ্গে এগ্রি করবেন যে, স্মোকের এই যে কনভারসন দিচ্ছেন তাতে ফারনেসের সঙ্গে যুক্ত যে প্রভিসো তার সঙ্গে কনট্রাডিকটোরি হয়ে যাচ্ছে। অর্থাৎ স্মোক, এই কনভারসন থেকে অটোমোবাইল বাদ যাচ্ছে না, any carbonaceous or inorganic suspended particulate matters, fumes, obnoxious gases, soot, grit or dust omitted from the operation of any process whatsoever.

তাহলে অটোমোবাইলকে তিনি বাদ দিতে পারেন না। কাজেই ফারনেসের ব্যাখ্যা প্রসঙ্গে তিনি অটোমোবাইলকে বাদ দিচ্ছেন, আবার স্মোকের ব্যাখ্যা প্রসঙ্গে অটোমোবাইলকে ইনক্লুড করছেন বা করতে হচ্ছে। সুতরাং আপনি এখানে স্ট্রিক্ট হোন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার মনে হয় স্মোক-এর যে কনভারসন তার যেগুলি বৈজ্ঞানিক পরিভাষা আছে, মাননীয় মন্ত্রী মহাশয় যেগুলি বাদ দিয়ে গিয়েছেন সেটা আমি এখানে উল্লেখ করছি, Indian Science Code 4167, 1966-Gossary of terms relating to air pollution—page 14—Smoke—Small gas borne particulates resulting from incomplete combustion, consisting predominantly of carbon and other combustible materials and present in sufficient quantity to be observable independenlly of the presence of other solids.

এখানে স্মোক শব্দটি সম্বন্ধে বলা হচ্ছে। কাজেই এটা স্মোকের ব্যাখ্যা। এই ব্যাখ্যা আই· এস. কোডের মধ্যে রয়েছে। এই ব্যাখ্যার সঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয়ের স্মোকের যে ব্যাখ্যা দিয়েছেন তা মিলছে না। কাজেই আই· এস. কোড যেটার গোসারী অফ সাইনটিফিক্ টার্মস-এর মধ্যে যে ব্যাখ্যা রয়েছে তার সঙ্গে এই স্মোকের ব্যাখ্যার তফাত থেকে যাচ্ছে।

তারপর পলিউসন শুধু মাত্র-এখানে কার্বন কনটেনিং কমপাউণ্ডস-এর কথা এই বিলের আওতার মধ্যে আসছে। কিন্তু আরোও যেগুলি আসছে অকসাইড অফ সালফার, অকসাইড অফ নাইট্রোজেন যা থেকে যে পলিউসন হচ্ছে সেগুলি এই বিলের মধ্যে আসছে না এবং নানা রকম কমপাউণ্ড হচ্ছে এই রকম নানা কেস আছে।

এই পরিপ্রেক্ষিতে আমি এটা সার্কুলেসানে দেবার জন্য বক্তব্য রাখছি। মন্ত্রী মহাশয়ের প্রচেষ্টা অত্যন্ত সাধু কিন্তু তার নিজের কথাই বলছি—লর্ড কার্জন যে মনোভাব নিয়ে ১৯০৫ সালে স্মোক নুইসেন্স এ্যাক্ট করেছিলেন তা ১৯৭৮ সালের শেষ পর্য্যায়ে এসে স্মোক নুইসেন্স এর কনসেপ্টটা পাল্টে গেছে। আজকে স্মোক নুইনেন্স এ্যাজ সাচ প্রবলেম নয়, প্রবলেমটা ভাবতে হবে টোটাল এয়ার পলিউসানের পার্কসপেকটিভে। সেই দৃষ্টি দিয়ে যদি দেখেন তাহলে আপনাকে স্মোক নুইসেন্স এ্যাকটের যে পারপাস মানে এয়ার পলিউসান তার যদি এফেকটিভ মেজার নেওয়া হয় তাহলে শুধু স্মোক নুইসেন্স এ্যাক্ট না এনে এয়ার পলিউসানের টোটাল পার্কসপেকটিভটা আপনাকে ভাবতে হবে। আপনার স্মোক নুইসেন্স ডাইরেকটোরেট আছে এবং এটা আপনার দপ্তরের আওতার মধ্যে। সেই স্মোক নুইসেন্স ডাইরেকটোরেট তারা এই ব্যপারে তাদের কি রিলেসান আছে—এজ সাচ বিল আপনি পাশ করে নিলেন—আপনারা সংখ্যাগরিষ্ঠতায় বেশী আছেন—নিশ্চয়ই পাশ হয়ে যাবে এবং এটা কমিশন হলো, তাঁর ইন্সপেক্টারস হলো—অন্য জায়গায় যে রকম দুর্নীতির বাসা বাঁধে সেই রকম দুর্নীতির বাসা বাঁধবে—তাই আমি যে কথা বলছিলাম, এয়ার পলিউসান সামগ্রীকভাবে কমানো সম্ভব নয়। এয়ার পলিউসান আর পাঁচটির সমস্যার সঙ্গে জড়িত। ডোমেষ্টিক দিক থেকে হাউস কনসামসন কিভাবে পলিউসান করছে, ছোট ছোট কারখানাগুলি কতটা পলিউসান করছে, কিভাবে অলটারনেটিভ ফর্ম-এর ব্যবস্থা করা যায় কিনা সেটার সম্বন্ধে চিন্তা না করে শুধুমাত্র এটা করলে কাজ হবে না। ক্লজ ৫, স্মোক কনভারসন-আর্টিকেল ৬ সাব-সেকসান (৩) যেটার ব্যখ্যা এবং ফারনেসের যে ব্যাখ্যা তাতে কনট্রাডিকসন রয়েছে। তাই দুটো ব্যাখ্যা একই বিলে এ্যটাচ করতে পারেন না। এই পরিপ্রেক্ষিতে আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে, তিনি এটা ক'দিনের জন্য স্থগিত রাখুন। আগামী সেসানে পার্লামেন্টে এই ব্যাপারে একটি কমপ্রিহেনসিভ বিল আনা হচ্ছে, তারপর তা দেখে প্রয়োজনমত উপযোগী করে পশ্চিমবাংলায় একটি বিল আনুন আমি সেই বিলকে সমর্থন জানাবো।

**শ্রীননী ভট্টাচার্য ঃ** আমি এটাকে সার্কুলেসানে দেবার জন্য সমর্থন করতে পারছি না। উনি প্রথমে বিলটা গুরুত্বপূর্ণ বলবেন কিন্তু তারপর ঘটনাচক্রে উনি পেছিয়ে দেবার কথা বলছেন। এই পেছিয়ে দেবার যে যুক্তি দেখালেন তা হচ্ছে যে, কেন্দ্রীয় সরকার এই রকম একটা আইন করতে যাচ্ছেন, সুতরাং তড়িঘড়িভাবে এখানে আইন করা কেন? কেন্দ্রীয় সরকার যখন আইন প্রণয়ন করে ফেলবেন

তখন যদি কিছু বাদ পড়ে গিয়ে থাকে সেই রকম একটি আইন করা যায় তাহলে ভাল হবে—এই যুক্তি উনি দেখালেন।

আমার শেষ জবাব, তাতে আমি বলি, আমি জানি যে কেন্দ্রীয় সরকার ঐ রকম একটা আইন প্রণয়নের কথা ভাবছেন যে শুধু স্মোক নুইসেন্সে নয়, এয়ার পলুশনে নয়, ওয়াটার পলুসনে নয় একটা এক্সিকিউটিং বোর্ড তৈরী করার কথা উঠেছে, তাতে এই সমস্তগুলি আছে এবং সেই আইন তৈরী হোক কোন আপত্তি নেই কিন্তু শুধু শুধু এই আইন প্রণয়নের ব্যাপারটা পিছিয়ে দিতে হবে কেন? তার মানে সেখানে যারা পরিমণ্ডলকে দূষিত করছে তাদেরকে ৬ মাস ১ বছরের আরও সুযোগ দেওয়া হচ্ছে যাতে আরও পরিমণ্ডল দূষিত হয়। সেইজন্য আমি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ঠিক যুক্তির সারমর্ম অনুধাবন করতে পারলাম না এবং ঐ সারকুলেশন তৈরী হোক সিলেক্ট কমিটি তৈরী হোক এই সমস্ত প্রস্তাবগুলিকে গ্রহণ করতে পারলাম না।

[ 4-05—4-15 P. M. ]

The motion of Shri Sandip Das that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

**শ্রীসামসুদ্দিন আহম্মদ:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে স্বাস্থ্যমন্ত্রী একটি ভাল জিনিষ এনেছেন। শচীনবাবু শুনুন। ১৯০৫ সালে বহু আগে ছিল তার পরিপ্রেক্ষিতে এতদিন পরে তিনি আনলেন ঠিকই কিন্তু এমনভাবে আনলেন যেটা সন্দীপবাবু বলেছেন—আমরা কলকাতার ব্যাপারটা ঠিক বুঝি না, বুঝি যে কলকাতায় ঢুকতে গেলে একেবারে দম ফেটে যায় এবং এখন গ্রামেও ঠিক ঐ একই দম ফাটার ব্যাপার হতে চলেছে। কাজেই এর পরে এই ব্যবস্থা না আনলে আর কলকাতায় ঢুকতে পারা যাবে না। কিন্তু এটা কি করে কার্য্যকরী করা যাবে বা এর একজি-কিউসনের ব্যাপারটা কিভাবে হবে? ঐখানেই মুশকিল, আইন তো করে দিলেন, পাশও হয়ে গেলে ১৯০৫ সালেও পাশ হয়েছিল কিন্তু ধোঁয়ার ব্যাপারটা তাতে কতখানি কার্যাকরী হয়েছিল? সদিচ্ছা করেছেন, ভাল, কিন্তু ১৯০৫ সালে আইন হয়েছিল এবং তার কিছু কিছু ত্রুটি বিচ্যুতি ছিল বুঝলাম কিন্তু যেটুকু ছিল তা সংশোধন হবে কি? সন্দেহ এখানেই রয়েছে। তাঁর এই সৎ উদ্দেশ্যটাকে কিভাবে ফলপ্রসূ করবেন? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখন বিলটিকে সমর্থন না করেও পারা যায় না, কিন্তু তার সঙ্গে সঙ্গে এইকথা না বলে পারা যায়না যে আশঙ্কা একটা রয়ে গেছে। এই ব্যাপারে বিভিন্ন ক্ষেত্রে যখন শাস্তির ব্যবস্থা হবে তখন যেন দলবাজি না হয়, কেউ নুইসেন্স

চালাতে থাকল তাকে কিছু বলা হল না আবার যে দোষী নয় তাকে ধরে আনলেন এই রকম ব্যবস্থা যেন না হয়। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে। মন্ত্রী মহাশয় আজকেই বলেছেন যে এনকেফেলাইটিস রোগ দেখা দিয়েছে—মশা তাড়ান দরকার, আমি বলছি বেশী ধোঁয়া ঢোকান উচিত নইলে মশা তাড়ান যাবে না। একই মন্ত্রী দুরকম কথা বলছেন।

**মিঃ ডেপুটী স্পীকার ঃ** দিস ইজ নট এ পয়েন্ট অফ অর্ডার।

**Shri Atish Chandra Sinha** : Mr. Deputy Speaker, Sir, Usually I speak in Bengali but to-day I make an exception., if you will kindly permit me I will speak in English. I will tell you the reason in a minute. Sir, apart from the Bengal Smoke-nuisances ( Amendment ) Bill on which I will make my submission I will say about other nuisances in West Bengal. The other day I brought an adjournment motion regarding Mr. Partha De's statement in the paper that English would not be allowed to be studied upto Class V. Not only that, Sir, he has also gone to the extent of saying that English in the higher secondary classes will be gradually removed. Now, Sir, you can well imagine about the plight of these poor Bengali boys. My son, Shri Biren Roy's son and probably, Shri Jyoti Basu's son would not have difficulty in being educated in English, your sons and daughters would not have dificulty to get education in English because the English medium schools are not now being abolished. English is being abolished in the schools which are in villages and other poor localities. Therefore, Sir, as a mark of protest I am speaking in English so that at least Education Minister should think twice........

**Mr. Deputy Speaker** : Are you speaking on this Bill ?

**Shri Atish Chandra Sinha** : Sir, I shall speak on this Bill in a minute. As a mark of protest I am speaking in English. It is very unfortunate that I am speaking in English because I thought that I would never speak in English in this august Assembly ? but since a decision has come out which has been published in the paper and since I brought an adjournment mot ion which was not allowed, on protest I speak in English,

Sir, this Bengal smoke-nuisances (Amendment) Bill, 1978 is not a comprehensive one. I understand that there are some defects in the Bill and definitely there were some defects. The Bill was enacted in 1905. Since then much water flowed down the Ganges and definitely the Bill requires some amendments. But I find in this Bill that the Hon'ble Minister has not made serious effort to really make West Bengal smoke free, at least nuisance free from which the inhabitants of West Bengal suffer and this will not be removed through this Bill, Previously, the area consisted of Calcutta and its neighbourhood under the 1905 Act. He has extended the area to the whole of West Bengal. I do not think the real purpose will be served because he has not provided adequate measures in this Bill so that the whole of West Bengal becomes smoke free.

Sir, you will be surprised to know that in Calcutta alone about 10 tons of dust—I am quoting figures about Calcutta—about 10 tons of dust per square mile falls each day. This is an enormous figure. Apart from smoke there is dust and this is in Calcutta alone. If you take figures for the whole of West Bengal God knows how much it will be. Therefore if you really want to improve the health of Calcutta—not only the health of Calcutta but also the health of West Bengal—You will have to make not only West Bengal smoke free but you have to make West Bengal dust free as well. I know dust in the village would be much less because most of the dust falls in Calcutta. Previously, Sir, Corporation streets used to be watered but there is no arrangement now. The House will agree with me when I say that dust is increasing disproportionately since watering in the streets has stopped. Now in this Bill I find that the main purpose is to make West Bengal smoke free but what are the main sources from where smoke is coming ?

At least in Calcutta I can assure you from my personal knowledge and many of you will agree with me when I say that it is not the industries alone which are responsible for making Calcutta smoky. It is individual chuli, individual oven in everybody's house that makes Calcutta smoky. Now there is no provision in this Bill in this regard. I know in a day you can pass a law.

[ 4-15 - 4-25 P. M. ]

But in order to make it smoke free you have to arrange for supply of gas to Calcutta. Where does it come from ? It comes from Durgapore Projects Limited. Sir, the Low Temperature Carbonisation Plant was to have been installed at Dankuni. God alone knows what is happening there. It was supposed to be commissioned in 1980-81. The Minister-in-charge, when he replies, might enlighten me on the subject as to when it is going to be installed, if at all. The Durgapore Projects Limited— I know it as I was the Chairman there for a long time—used to supply more than 100 lakh cubic feet of gas each day to Calcutta. But today not even 30 lakh cubic feet is supplied. In my house, I do not get gas and I have to go to the market to buy coal. Previously there was smokeless coking gas supplied from Durgapore but now it is smoky. My wife objects, my children object, and my neighbours object. If you think this condition is going to be perpetuated for all the time then do you think that you will ever be able to make Calcutta smoke free, not to speak of the whole of West Bengal ? I am sure you cannot. Therefore, Sir, you have to give due consideration to the fact as to how you can make Calcutta smoke free. Take for instance the household Chula. You have excluded this category from the purview of this Bill vide page 2 of the Bill. People in private houses would not come under the purview of the Smoke Nuisance Act. Therefore, Sir, supply of gas be comes essential. Again, Sir, you have taken out automobilies out of the purview of this Smoke Nuisance Bill. Anybody, if he has the misfortune to follow a C. S. T. C. bus or to go behind a C. S. T. C. bus, can see a lot of smoke coming out of it—whether he goes by a car, or by a rickshaw or even by walking it does not matter. The pedestrians suffer. The gas-smoke coming out of the buses causes injury to health and as a result people get suffocated. If you keep this automobile nuisance out of the purview of this Bill nothing tangible can be achieved. I think in Calcutta—Private buses are much better ; they are better kept and they do not emit so much gas as the C. S. T. C. buses do - are the main culprit and you have also bring into orbit of this

Act the greatest culprit which is a government organisation, viz., the Calcutta State Transport Corporation.

(Shri Birendra Narayan Roy—Yes)

Sir, I am happy that Shri Biren Roy has agreed with me ateast on one point.

Then, Sir, you know that smokeless briquetting industry has become a real small scale industry with many people in West Bengal, Whether it is gradually increasing or decreasing I do not know. But atleast I know this as I was the Chairman of the Durgapur Projects that we tried to encourage this small scale industry as far as we could. Sir, if this industry graws from strength to strength, I am sure, a lot of this smoke nuisance problem can be solved. So I will request the Hon'ble Minister to give all this encouragement, all his support to this small scale industry so that they can make more of these smokeless briquettes. I am sure this will not only solve the problem for which this Bill has been brought here to-day but also will solve or at least partially solve one of the most burning problems of West Bengal to-day, viz, the unemployment problem.

Before I conclude, I would requst the Hon'ble Minister to really think how to solve the problem of smoke of West Bengal and of Calcutta. This Bill is pr bably directly aimed ageinst some small scale industries may be medium scale, may be big scale industries which are supposed to erect the chimney at least 100 ft. long. They are probably making 50 ft. long. But taking some punitive measures against these 50 ft. 'walas' and compelling then to make it 100 ft. long will not' solve the problem for which this bill has been brought. Therefore, he will have to think in a comprehensive manner, and I with my little knowledge, have tried to give you certain suggestions. You may take it or you may leave it This bill is really worth supporting. But I am, at the same time, sure that the Minister will also give due consideration to my suggestions. With these words I conclude my speech. Thank you.

**শ্রীযামিনী ভূষণ সাহা ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, স্বাস্থ্যমন্ত্রী মহাশয় স্মোক নুইসেন্স বিল যেটা এনেছেন আমি তাকে সমর্থন করছি এবং এ সম্বন্ধে দু-একটা কথা বলছি। একথা ঠিক এই বিলের পরিধি বাড়িয়ে দেওয়া হচ্ছে। ১৯০৫ সালের আইনে হাওড়া এবং কোলকাতাকে বাদ দিয়ে সমস্ত পশ্চিমবাংলায় এটা ছিল না। এবারে তাকে যুক্ত করা হচ্ছে, শাস্তির বিধান বাড়ানো হচ্ছে এবং যে যে জিনিষ ধুম উদ্গীরণ করে তাদের সম্বন্ধে ব্যবস্থা অবলম্বন করা হবে এটা বলা হয়েছে। একজন সদস্য বলেছেন ধোঁয়া বাতাসকে দুষিত করছে। আজকে আমাদের দেশে ইণ্ডাষ্ট্রি বাড়ছে, শিল্পের বিকাশ হচ্ছে এবং এটা ক্রমশঃ বাড়ছে বলেই এমন অবস্থা দাঁড়িয়েছে। এই সমস্ত শিল্প থেকে ধোঁয়া বেরুচ্ছে এবং সেগুলি বাতাসের সঙ্গে মিশছে, কোল ডাস্ট উড়ছে এবং নীচে পড়ছে এবং বৃষ্টির সঙ্গে মিশে জলকে দুষিত করছে এবং তার ফলে মাছও দুষিত হচ্ছে। তারপর, কারখানা থেকে এ্যাসিড কেমিক্যাল, যেগুলো এখানে নেই, এই সমস্ত জিনিষ পশ্চিমবাংলার জনস্বাস্থ্য ক্ষতিগ্রস্ত করছে। এই বিলে যদিও এগুলি নেই এবং পরবর্তীকালে কিভাবে আসবে তাও আমি জানি না। আমি আপনাদের কাছে উন্নত দেশ জাপানের একটা ঘটনা বলি। সম্প্রতি দেখা গেল জাপান ভারতবর্ষে স্টিল প্ল্যান্ট খোলার জন্য টাকা দিতে রাজী আছে। তারা বলেছে আমরা টাকা দিয়ে স্টিল প্ল্যান্ট খুলব এবং প্রাথমিক পর্যায়ে যে সমস্ত ইস্পাত উৎপন্ন হবে সেটা আমরা অধিক মুনাফা দিয়ে এখান থেকে নিয়ে যাব। তাদের উদ্দেশ্য হচ্ছে, জাপানে প্রাথমিক পর্যায়ে ইস্পাত উৎপন্ন করতে যে ধোঁয়া বের হয় সেটা বাতাসকে দুষিত করে কাজেই তার হাত থেকে রেহাই পাবার জন্য তারা অপর দেশে এটা করতে চাচ্ছে। বিদেশে শিল্পগুলোকে এমনভাবে নির্দেশ দেওয়া হয় যাতে ধোঁয়া বাইরে যেতে না পারে এবং সেই ধরনের মেসিন বসানোর ব্যবস্থা করা হয়। এই ধরনের ব্যবস্থা যদি আমাদের এখানে না করা হয় তাহলে বাতাস যেভাবে দুষিত হচ্ছে সেটা বন্ধ করতে পারব না। একটা কারখানা তৈরী করতে হলে যদি ১০০ কোটি টাকা খরচ হয় তাহলে সেখানে একটা ডাস্ট ক্যাচার বসাতে গেলে তারজন্য আরও ২০ কোটি টাকা খরচ করতে হবে। আমাদের এখানে শিল্পপতিরা যে সমস্ত কারখানা করছেন তাতে পরবর্তীকালে বাধ্যতামূলকভাবে যদি এই সমস্ত ব্যবস্থা না করা হয় তাহলে যেভাবে এখানে শিল্প গড়ে উঠেছে তাতে জনস্বাস্থ্যের দিক থেকে একটা বিপদ হবে।

যেভাবে শিল্প গড়ে উঠেছে সেদিক থেকে—জনস্বাস্থ্যের দিক থেকে বিপদ হয়ে দাঁড়াবে। এই সমস্ত ধোয়ার থেকে আমাদের স্বার্থকে ক্ষতিগ্রস্থ করছে এবং পরবর্ত্তী

জেনারেশানেরও স্বাস্থ্য আরও বেশী ক্ষতিগ্রস্থ হবে। এর জন্যই এখন হৃদ রোগ, পেটের রোগ এবং নানারকম রোগে মানুষ ভুগছে। আমি বলতে চাই নতুন নতুন শিল্প এর লাইসেন্স দেবার ব্যাপারে যেন দেখা হয় যাতে শহর থেকে দূরে—এমনভাবে প্ল্যান করা হয় যেমন উন্নত দেশে যেভাবে করা হয় আমাদের সেইভাবে লাইসেন্স দেওয়া উচিত, যাতে করে শহরের বাতাস দুষিত না হয়। আমি মনে করি জেলের পরিমাণ বাড়িয়ে কিম্বা ফাইনের পরিমাণ বাড়িয়ে অথবা ইন্সপেক্টারদের আরও বেশী ক্ষমতা দিয়ে সুরাহা করা যাবে বলে মনে হয় না। তবুও আমি বলতে পারি যে পরিদর্শকদের ক্ষমতা বাড়িয়ে এবং সংখ্যা বাড়িয়ে নিশ্চয়ই কিছুটা চেক হবে। আমরা দেখেছি এক একটা ইণ্ডাষ্ট্রি করতে ৫০/৬০ কোটী টাকা লাগে সেখানে স্মোক ক্যাচার করতে গেলে আরও ২০ কেটি টাকা লাগবে, সেখানে আইনকে লজ্ঘন করে ২০ হাজার ১৫ হাজার টাকা ফাইন দিতে তারা মোটেই কসুর করবেন না। সেদিক থেকে এই বিষয়গুলি একটু চিন্তা করা দরকার। আমাদের দেখা উচিত যে পাশ্চাত্য দেশে এবং উন্নত দেশে কিভাবে তারা এয়ার পলুশানের বিরুদ্ধে সংগ্রাম চালাচ্ছে সেই ভাবে আমাদের দেশেও করার চেষ্টা করতে হবে। যাই হউক এই বিলকে পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-25—4-35 P. M.]

**শ্রীদেবরঞ্জন সেন** ঃ মাননীয় ডেপুটী স্পীকার স্যার, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় যে দি বেঙ্গল স্মোক ন্যুসেন্স (এ্যামেণ্ডমেণ্ট) বিল, ১৯৭৮ এখানে উপস্থিত করেছে তাকে আমি সমর্থন করছি। পশ্চিমবাংলায় শিল্প-বানিজ্যের প্রসার হওয়ার পর আমরা দেখতে পাচ্ছি এই শিল্প-বানিজ্য-এর ধূম বিরোধ ব্যাপারটা যথাযথভাবে প্রথমে থেকে নিরোধ না করবার জন্যই আজকে এই পরিস্থিতির উদ্ভব হয়েছে। আমরা জানি দুর্গাপুরে শিল্প অঞ্চল এলাকায় এবং কলকাতার বিভিন্ন শিল্প অঞ্চল এলাকায় এবং হাওড়ায় শিল্প অঞ্চল এলাকায় প্রচুর ইণ্ডাষ্ট্রি একসঙ্গে আছে। সেখানে যদি অবিলম্বে এই আইনের আওতায় এনে একটা কঠোর ব্যবস্থা নেওয়া হয় এবং এই ধূম নিষ্করণ ব্যাপারটা যদি সংযত করতে পারা যায় সেই উদ্দেশ্য নিয়েই মন্ত্রী মহাশয় এই বিলটি এনেছেন। আমরা জানি বিগত ৩০ বছর ধরে যে সমস্ত শিল্প-বাণিজ্যের প্রসার হয়েছে, কংগ্রেস আমলে মাননীয় সদস্য অতীশ সিংহ মহাশয় বলে গেলেন তিনিও এই দপ্তরে যুক্ত ছিলেন কিন্তু অতি দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে তিনি কিছুই করতে পারেন নি। আমরা জানি দুর্গাপুর প্রজেক্টে যে কোকোভেন আছে, সেই

কোকোভেন থেকে যে গ্যাস উদ্গিরণ হয় তাতে সেই এলাকা একেবারে ছাপিয়ে যায় কিন্তু এতদিন সেই সব ব্যবস্থা গ্রহণ করা হয়নি। মাননীয় মন্ত্রী মহাশয় এই ধূম নিষ্কিরণ ব্যাপারে যে বিধান প্রণয়ন করেছেন সেই সম্বন্ধে মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বক্তব্য পেশ করেছেন। এর মধ্যে অনেক ব্যবস্থার কথা বলা হয়েছে, কিন্তু সরকারের অধীনে যে সমস্ত শিল্প-বাণিজ্য আছে সেখানে যে স্মোক নুইসেন্স তারা তৈরী করছেন সে যে সম্বন্ধে কি ব্যবস্থা নেওয়া যেতো পারে সেই ব্যাপারে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকষণ করছি। যেখানে ব্যক্তিগত মালিকানা সেখানে তাদের উপর দায়-দায়িত্ব অর্পণ করে তাদের আইনের আওতায় আনবার চেষ্টা করছেন। কিন্তু সরকারী প্রচেষ্টায় সরকারী অনুদানে যে সমস্ত শিল্প আছে সেখানে কিভাবে এই আইনের আওতায় আনবেন সে সম্বন্ধে তিনি এই আইনের মধ্যে কোথাও আলোচনা করেননি। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের আমি দৃষ্টি আকষণ করে আমি বলতে চাই যে পশ্চিমবাংলা সরকারের প্রচুর আণ্ডারটেকিং আছে যেখান থেকে প্রচুর ধূম নিষ্কিরণ হয়। এবং এয়ারকে পলিউট করছে এবং সেই পলিউসনের দ্বারা সাধারণ মানুষকে ভুগতে হচ্ছে। আজকে যখন বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হয়েছে সেখানে আমরা আশা করবো মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয় এই ব্যাপারে দৃষ্টি দেবেন। সরকারী তত্ত্বাবধানে বা সরকার পরিচালিত যে সংস্থা আছে সেখান থেকে যাতে অবিলম্বে স্মোক পলিউসান বন্ধ হয় তার জন্য চেষ্টা করবেন। আজকে মাননীয় সদস্য অতীশ সিংহ মহাশয় বলে গেলেন যে ডি. পি. এল. যখন তিনি দায়িত্বে ছিলেন তখন এই স্মোক নুইসেন্সকে নিরোধ করবার জন্য তিনি কোন চেষ্টা করেননি। এটা তাঁর ভাষণ থেকেই বোঝা গেল। আমি জানিনা এটা তাদের ইচ্ছাকৃত কিনা। বামফ্রন্ট সরকার যে এই বিল এনেছেন সেটা হয়তো মাননীয় সদস্য সহ্য করতে পারছেন না।

আজকে যে বিল স্বাস্থ্যমন্ত্রী মহাশয় এনেছেন সেই বিলের ধারার মধ্যে অনেক কথা বলা হয়েছে, জরিমানার কথা বলা হয়েছে, ইমপ্রিজনমেন্টের কথা বলা হয়েছে। আমরা যদি আইনকে যথোপযুক্তভাবে প্রয়োগ করতে পারি এবং প্রতিনিয়ত সিসটেমেটিক ওয়েতে যদি পিরিওডিক্যাল ইন্সপেকসন হয় তার রিপোর্ট যদি উপরওয়ালাদের গোচরে আনতে পারি তাহলে এই আইন প্রণয়নের স্বার্থকতা আছে—নাহলে এই আইন প্রণয়ন করে আমরা স্মোক নুইসেন্স দূর করতে পারব না। আজকে কোলকাতায় অমরা দেখছি স্টেট বাস-এর ডিজেলের ধোঁয়ায় সকলেরই প্রাণ ওষ্ঠাগত হয়ে যাচ্ছে। এটা অবশ্য মফঃস্বলেও রয়েছে, তবে যেখানে জনসংখ্যা কম। কিন্তু শহরে যেভাবে জনসংখ্যা এবং যানবাহন বাড়ছে তাতে এই

স্মোক নুইসেন্স বন্ধ করবার জন্য সুদক্ষ বৈজ্ঞানিকদের উপর নির্ভর করতে হবে এবং এই স্মোক নুইসেন্স যেখান থেকে এবং যেভাবে অরিজিনেট করে তার সেই উদ্ভাবনী পন্থা যদি বাতিল করা যায় তাহলে আমার মনে হয় অতি অল্প আয়াসে এই স্মোক নুইসেন্স দূর করতে পারব। অবশ্য এই সমস্ত স্মোক নুইসেন্স দূর করবার জন্য আর্থিক সঙ্গতি দরকার। যে সমস্ত মালিক এবং কর্তৃপক্ষ রয়েছে তারা যদি এই বক্তব্য রাখেন যে, এই আইনের মধ্য দিয়ে এই জিনিষ দূর করা সম্ভব নয় তাহলে সেক্ষেত্রে সরকারের তরফ থেকে কিভাবে তাদের সঙ্গে সহযোগিতা করবে সেটা চিন্তা করুন। এই আইনকে যথাযথভাবে প্রয়োগ করে এবং সকলের সঙ্গে সহযোগিতা করে, মালিকপক্ষকে সঙ্গে নিয়ে পশ্চিমবাংলায় যাতে এই আইনকে ভালভাবে আমরা প্রয়োগ করতে পারি এবং ওই স্মোক নুইসেন্স দূর করতে পারি সেই চেষ্টা করুন। একথা বলে এই বিল সমর্থন করে আমি বক্তব্য শেষ করছি।

[ 4-35—4-45 P. M. ]

**শ্রীতারকবন্ধু রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বামফ্রন্ট সরকারের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী কর্তৃক আনিত বিলকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে আমি কয়েকটি কথা এখানে বলতে চাই। ১৯০৫ সালে সাম্রাজ্যবাদী আমলে গঠিত হয়েছিল এই আইন, এতদিন এই রাজ্যে যাঁরা ছিলেন, দেশে যাঁরা ক্ষমতায় ছিলেন, তাঁদের চোখে এটা পড়েনি। আজকে বামফ্রন্ট সরকার গঠিত হওয়ার ফলে এই সংশোধনী নতুন করে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এনেছেন এবং ১৯০৫ সালের আইন কলকাতা এবং হাওড়ার একটা নির্দিষ্ট অঞ্চলের মধ্যে সীমাবদ্ধ ছিল ধূমের উৎপাত নিরোধের ব্যাপারে। এই ধূম থেকে এয়ার পলিউশন হয়, এটা আপনি জানেন মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এবং তার ফলে স্বাস্থ্যের অবনতি ঘটে। এই বিল এখানে যা উপস্থাপিত করা হয়েছে তাতে শুধু কলকাতা এবং হাওড়াই নয়, সমস্ত পশ্চিমবঙ্গকে এই বিলের আওতায় আনা হয়েছে, এর ফলে সারা পশ্চিমবঙ্গই স্বাস্থ্যবান হবে এবং এয়ার পলিউশনের মধ্য দিয়ে স্বাস্থ্যের যে অবনতি হয়েছিল, তা আর হবে না। এজন্য এই বিলকে আমি অভিনন্দন জানাই। এই বিলকে অভিনন্দন জানাই আরও এজন্য যে ১৯০৫ সালের আইন যা স্মোক নুইসেন্স বিল বলে ছিল, তাতে এয়ার পলিউশনের কথা ছিলনা। আজকের বিলে সেকথা বলা হয়েছে। ধোঁয়ার ফলে এয়ার পলিউশান হয়—এটা বিশেষজ্ঞদের মত, তাতে দেখা যায় শ্বাস রোধ হয়, টি বি, ক্যানসার ইত্যাদি রোগ বিস্তার লাভ করে। আজকে এই সব অসুখ থেকে পশ্চিমবঙ্গবাসী

পরিত্রাণ পাবে, এই বিলে সেকথা রয়েছে। আর একটা কথা বলে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমার বক্তব্য শেষ করব। সরকারী পরিচালনায় অটোমবিলে ডিজেল ব্যবহৃত হয়, এর দ্বারাও এয়ার পলিউশন হতে পারে। আমি মনে করি সেদিকে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী নজর দেবেন। এ বিলে সেটা স্পষ্ট বলা নাই। আর একটা কথা হল—ধূমের সংজ্ঞা নিয়ে বিশেষ আতঙ্কিত হওয়ার কারণ নাই, বিলে সেটা রয়েছে। ধূমের সংজ্ঞা হিসাবে রয়েছে—কোন চুল্লীতে জ্বালানী দ্রব্য দহনের দ্বারা উৎপাদিত যে বস্তু বা বস্তুসমূহের অঙ্গারবিশিষ্ট বা অজৈব নিলম্বিত পদার্থ থাকে সেই বস্তু বা বস্তুসমূহ এই সব সংজ্ঞা এখানে রয়েছে। তাই আমি বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্যদের মধ্যে কেউ বলেছেন যে এই রকম ধরণের বিল না এনে পূর্ণাঙ্গ আইন করাটা ভাল। আমি অস্বীকার করছি না সেকথা, কিন্তু পূর্ণাঙ্গ আইন করা সাপেক্ষে নিশ্চয়ই এই ধরণের আইন করে ধোঁয়ার উৎপাত খানিকটা নিরোধ করার চেষ্টা করা যায়। এই আইনের দ্বারা এটা যে কিছু কিছু করছিনা তা নয়। এই সংশোধনী যাঁরা পড়েছেন, তাঁরাই জানেন আগে খুব অল্প কলকারখানা এই আইনের অন্তর্ভুক্ত ছিল। এখন এর আওতায় সেখানে কম পক্ষে ৩০ হাজার কলকারখানা পড়বে। সুতরাং এ একটা দিক। দু নম্বর যেকথা মাননীয় শ্রীঅতীশ সিংহ মশাই বলেছেন যে শহর পশ্চিমবাংলাকে স্মোক ফ্রি, ডাষ্ট ফ্রি করতে হবে, আমি সে সম্বন্ধে বলছি যে, ধূলোয় যে পারটিকেল আছে এখানে সিক্সটি পারসেন্ট অফ·········হয় স্মোক থেকে সেটা মাননীয় সিংহ মশাই জানেন। সুতরাং যদি স্মোককে খানিকটা কন্ট্রোল করতে পারি, তাহলে ডাষ্টকেও খানিকটা কন্ট্রোল করতে পারবো। মাননীয় সিংহ মশাই জানেন কলকাতা স্মোক কন্ট্রোলের কথা। ডোমেষ্টিক স্মোক কন্ট্রোলের ব্যবস্থাও হচ্ছে। কলকাতা এবং আশেপাশে ৯শো টন ব্রিকেড নেওয়া হচ্ছে। কাজেই সেদিকে নিশ্চয় আমরা অগ্রসর হতে পারছি। কেউ কেউ বলেছেন বেসরকারী শিল্প সম্বন্ধে বুঝলাম, কিন্তু সরকারী শিল্প সম্বন্ধে এই বিলে কোন উচ্চবাচ্য করা হয়নি পাবলিক সেক্টার-এর সঙ্গে যুক্ত আছে। এটা ঠিক অটোমোবাইল এর সঙ্গে যুক্ত নেই। কিন্তু অটোমোবাইল, গ্যাস, স্মোক কন্ট্রোল করার যে সমস্ত বিষয় এই সংশোধিত আইনে বলা হয়েছে তাতে অনেকগুলো কথাই বলা হয়েছে। ইতিমধ্যে আমি বলি সি, এস, টি, সির উপর ৭২০টা নোটিশ দেওয়া হয়েছে যে ধূমো যেটা বেরোয় সেটা কি করে কমানো যায় এবং কেন সে সম্পর্কে ব্যবস্থা নিচ্ছেন না, সে সমস্ত ডিভাইস নিচ্ছেন না। এইটা আত্মসমালোচনার মতো

বলছি। এইভাবে এগোচ্ছি। কিন্তু যারা বলছেন, এমনভাবে এগোন যাতে ভালভাবে করতে পারেন, নয়তো হাঁটুগেড়ে বসে থাকুন সেইটাতেই আমরা রাজী হচ্ছি না। মাননীয় সদস্যদের বলছি, ১৯৭২ সাল থেকে আইনের কথাবার্তা চলেছে। তা নিয়ে অনেক পরামর্শ হয়, সিলেক্ট কমিটি হয়, ১৯৭৬ সালও শেষ হয়ে গেলো, তবুও তখনও হল না।

( এই সময় লাল বাতি জ্বলিতে দেখা যায়। )

আমার আর সময় নেই। আমি জবাবী বক্তব্যের উপসংহারে বলতে চাইছি এই বিলের সমর্থন আমি নিশ্চয় সকলের কাছ থেকে পাবো।

The motion of Shri Nani Bhattacharya that the Bengal Smoke-nuisances ( Amendment ) Bill, 1978, be taken into consideration was then put and agreed to.

Clauses 1 to 13 and preamble.

The question that clauses 1 to 13 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Nani Bhattacharya** : Sir, I beg to move that the Bengal Smoke-nuisances ( Amendment ) Bill, 1978, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**The West Bengal Legislative Assembly Proceedings ( Protection of Publication ) Bill, 1978.**

**শ্রীভবাণী মুখোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি পশ্চিমবঙ্গ বিধান সভা কার্য বিবরণী ( প্রকাশন রক্ষণ ) বিধেয়ক, ১৯৭৮ সভায় উপস্থিত করছি।

( Secretary then read the Title of the Bill. )

[ 4-45 – 4-55 P. M.

**Shri Bhabani Mukherjee** : Sir, I beg to move that the West Bengal Legislative Assembly Proceedings ( Protection of Publication ) Bill, 1978, be taken into consideration.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার সামনে পশ্চিমবঙ্গ বিধানসভা কার্যবিবরণী ( প্রকাশন রক্ষণ ) বিধেয়ক, ১৯৭৮ নামে এই বিলটি সভার বিবেচনার জন্য এই সভায় প্রস্তাব রাখছি। এই যে বিলটি আজকে এখানে উপস্থাপন করা হচ্ছে এর একটা দীর্ঘ ইতিহাস আছে। এই বিলের বিষয় বস্তু হচ্ছে এই বিধানসভায় আমরা যেসব জিনিস আলোচনা করি সাধারণভাবে বিধানসভার সদস্য হিসাবে আমাদের ইচ্ছামত আমাদের বিবেচনামত আমরা সমস্ত কিছুর বক্তব্য রাখি, বিনা বাধায় সেই বক্তব্য রাখার অধিকারও দেওয়া আছে। এখন প্রশ্ন হচ্ছে এই বিধানসভায় যা আলোচনা হোল সেই আলোচনার অবিকল প্রসিডিংস যদি বাইরের সংবাদপত্র প্রকাশ করে তাহলে সংবাদপত্রের সে সম্বন্ধে পুরোপুরি সেটা প্রকাশ করার অধিকার আছে কিনা। এই প্রশ্নটাই হচ্ছে এই আইনের বিষয় বস্তু। আমরা জানি গণতন্ত্রের প্রসারের সঙ্গে সঙ্গে সমাজ ব্যবস্থার প্রসারের সাথে সাথে অধিকার সম্প্রসারিত হচ্ছে এবং সঙ্গে সঙ্গে একথাও এসেছে যে বিধানসভার গণ্ডির মধ্যে যে বক্তব্য আমরা রাখি সংবাদপত্র বা বাইরে পুরোপুরি প্রকাশ করা যাবে কিনা। আমরা জানি হাউস অব কমনসে আমাদের সংবিধান আমাদের কাঠামো নিয়ে ১৮৪০ সালে আলোচনা হয়েছে এবং ১৯৬০ সালে অধিকারের কিছু বিস্তৃতি লাভ করেছে। এর আগে ১৯৬০ সালে যে বিলটি এসেছিল তাতে যে রেকমেণ্ডেসন ছিল এবং যা গৃহীত হোল আমরা জানি সে সময় ছিল বৃটিশ শাসন। এবং কিছুটা উদার মনোভাব থাকলেও তখন যে সমস্ত বিবেচক লোক ছিলেন তাঁরা আলোচনা করলেন যে এই বিধানসভায় যে সব জিনিস আলোচনা হবে সে সম্বন্ধে কোন রকম কিছু গৃহীত হয়নি। অবশ্য আমরা জানি সাম্রাজ্যবাদ কাঠামোর মধ্যে অধিকার সম্প্রসারণের কথা তেমন বিশেষ জোর পায়নি। কিন্তু ভারতীয় সংবিধানে গণতন্ত্রের অধিকার সংগঠন গড়ার অধিকার প্রেসের অধিকার এ সব কিছুই দেওয়া আছে। কিন্তু সেটা এমন ভাষায় লিপিবদ্ধ আছে যাতে বাইরে পুরোপুরি সেই বক্তব্য প্রকাশ করার অধিকার আছে কিনা সেই প্রশ্ন এসে যায় Publication by or under authority of the House or under the authority of the House. এখন এই বিষয় থেকে অনেক মামলা এসে গেছে। আমরা জানি ডাঃ সুরেশচন্দ্র ব্যানার্জি এই বিধানসভায় যে বক্তব্য রেখেছিলেন সেটা কাগজে পুরোপুরি বেরিয়েছিল বলে তিনি মান হানির দায় এনেছিলেন আদালতে। ভারতীয় সংবিধানে এই জিনিস আছে। ১৯৫৭ সালে ফিরোজ গান্ধী যিনি ইন্দিরা গান্ধীর স্বামী, তিনি পার্লামেন্টে এই প্রস্তাব এনেছিলেন। এবং তার বক্তব্য সংবাদপত্রে প্রকাশিত হয়েছে যদিও সেটা বেসরকারী প্রস্তাব ছিল এবং সিলেক্সন কমিটিতে সেটা গিয়েছিল পার্লামেন্টে

সেটা পাশ হয় এবং বাইরের প্রেসকে সে অধিকার দিয়েছিলেন।

কিন্তু বিধানসভাগুলির তাদের নিজস্ব নিজস্ব সার্বভৌম অধিকার আছে। সেই অধিকার বলে তারা নিজেদের রাজ্যে আইন সভাতে এটা করতে গেলে সম্প্রসারণ করা উচিত—এই দৃষ্টিভঙ্গী তৎকালীন পার্লামেন্টে ১৯৫৬ সালে গৃহীত হয়েছিল। তারপর এত বছর কংগ্রেসী রাজত্ব চলেছে, কিন্তু তখন এই আইন আসে নি। ১৯৬০ সালে তৎকালীন বিধানসভার কম্যুনিষ্ট সদস্য মাননীয় বঙ্কিম মুখার্জী এই আইনটা করার জন্য এখানে প্রস্তাব রেখেছিলেন, এটা আপনারা জানেন। কিন্তু তৎকালীন মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় এই আইনের বিরোধিতা করেন এবং তখন এই প্রশ্ন উঠেছিল যে বিধানসভায় আমরা যা কিছু আলোচনা করব— ডাঃ রায় কথা প্রসঙ্গে বলেছিলেন যদি কেউ সভায় সম্পূর্ণ মিথ্যা কথা বলে দেন সদস্য মেম্বার হিসাবে তিনি তা বলতে পারেন, কিন্তু সংবাদপত্র সেটা যদি ছাপায় অসত্য জেনেও তাহলে তার জন্য তাকে জবাবদিহি করতে হতে পারে, অতএব এই আইনটা হওয়া উচিত নয়। আমরা বলছি বিধানসভার সভ্যরা যা বলবেন বিধানসভার দর্শকদের সেই ব্যাপারে শোনার অধিকার আছে। আমরা মনে করি বিধানসভা জনসাধারণের কাছে, ইলেক্টরেট-এর কাছে দায়ী। অতএব তারা যা বলবেন সেটা যাতে সম্পূর্ণভাবে প্রকাশিত হয়, সেটা জানার অধিকার তাদের থাকা উচিত। কেন না বেশীর ভাগ ইলেক্টটেই বিধানসভার বাহিরে রয়েছেন। অতএব এই অধিকার প্রেসের ক্ষেত্রে সম্প্রসারিত করা উচিত, এটাই হচ্ছে বর্তমান সরকারের মত। কারণ ধীরে ধীরে চেতনা আসছে যে গণতান্ত্রিক অধিকারকে সম্প্রসারিত করা উচিত। আমরা দেখেছি বিভিন্ন প্রেস কমিশন এবং বিভিন্ন সংবাদপত্র তারা সম্মেলন করে প্রস্তাব নিয়েছে এই অধিকার প্রেসকে দেওয়া হোক। ১৯৬৭ সালে অল ইণ্ডিয়া নিউজ পেপারস এডিটর'র কনফারেন্সে যখন প্রস্তাব নেওয়া হয় তখন তাদের সেই প্রস্তাব নিয়ে সারা দেশ ব্যাপী আলোচনা হয় এবং রাজ্য বিধানসভাগুলিতে এই আইন আবার চালু করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব আসে। কিন্তু তৎকালীন কেন্দ্রে কংগ্রেস সরকার ছিলেন, তারা এই প্রস্তাব গ্রহণ করেন নি। তারা এই আইন পাশ করতে রাজী হন নি। তার চেয়েও সাংঘাতিক ব্যাপার আপনারা জানেন জরুরী অবস্থার সময় ভারতবর্ষের জনগণের গণতান্ত্রিক অধিকার সম্পূর্ণরূপে বিলোপ করবার জন্য চরম আঘাত এসেছিল। তখন এই আইন বাতিল করা হয়েছিল। আমরা জানি পার্লামেন্টের সদস্যদের বক্তৃতা পর্যান্ত কাগজগুলি ছাপাতে পারত না, সেই সময় সংবাদপত্রের কণ্ঠ সম্পূর্ণভাবে রোধ করার চেষ্টা হয়েছিল। ১৯৭৭ সালে কেন্দ্রে জনতা সরকার আসার পরে তারা আবার এই আইনটির পুনরুজ্জীবন করেন এবং তাদের তরফ থেকে বিভিন্ন রাজ্যে

যাতে এই আইনটি গৃহীত হয় সেই প্রস্তাব আসে। আমাদের এখানে মাননীয় সদস্য শ্রীভোলানাথ সেন একটি বেসরকারী প্রস্তাব এই মর্মে এনেছিলেন। তখন জানানো হয়েছিল যে না, আমরা সরকারী ভাবে এই প্রস্তাব বিধানসভায় নিয়ে আসছি এবং পার্লামেন্টে প্রেস সেনসারের ব্যাপারটি যে ভাষায় গৃহীত হয়েছে, এখানেও সেই অবিকল একই ভাষা আছে, ভাষার কোন তফাৎ নেই। তাই এই বিলটি গ্রহণ করার অনুরোধ করছি।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী যে বিলটি এনেছেন আমি তাকে সর্বান্তঃ করণে সমর্থন করছি। আমার বক্তব্য হচ্ছে এই—বিলে লেখা আছে ইট এক্সটেণ্ডস টু দি হোল অব ওয়েষ্ট বেঙ্গল—আমাদের এখানে হয়ত হোল অব ইণ্ডিয়া করার ক্ষমতা নেই, কিন্তু আমার মনে হয় ভারত সরকারের কাছ থেকে একটা সম্মতি নিয়ে হোল অব ইণ্ডিয়া করলে বোধ হয় ভাল হত। তার কারণ আমাদের এখানে যেসব সংবাদ প্রতিষ্ঠান আছে, তারা যখন এই খবরটা বাহিরে পাঠাবে, উত্তরপ্রদেশ, বম্বে কিম্বা অন্য কোথাও পাঠায় তারা কিন্তু ছাপাতে পারবে না। কারণ বম্বের কোন মালিকের বিরুদ্ধে আমরা হয়ত এখানে কোন কথা বললাম, তাদের হয়ত এখানে কোন বিজনেস আছে, সেই খবরটা বম্বের কাগজে ছাপা হলে ওরা আমাদের বিরুদ্ধে স্যুট করে দিল, কাগজওয়ালার বিরুদ্ধে স্যুট করে দিল—তাহলে আমাদের রক্ষা কবচ থাকল কোথায়?

[ 4-55—5-05 P. M. ]

কাজেই এটা হোল অব ওয়েষ্ট বেঙ্গল অধিকার দিচ্ছেন, কেন হোল অব ইণ্ডিয়া নয়—এটা আমার বক্তব্য। এই আইনটা সম্পর্কে মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন, এটা আমরাও দেখেছি যে এটা সম্পূর্ণ নকল করা হয়েছে, পার্লামেন্টের পাশ করা আইনের অবিকল নকল। স্বর্গত, ফিরোজ গান্ধী মহাশয় যখন এটা করেছিলেন, পার্লামেন্টের ডিস্কাশনে এটা বলেছিলেন, মাননীয় মন্ত্রী মহাশয় একথাও বলেছেন যে বহু দিন ধরে ইউনাইটেড কিংডম, ইউ. এস. এ, ক্যানাডা, অষ্ট্রেলিয়া—সব জায়গাতে এই বিলটা আছে, আমাদের দেশে এত পরে এসেছে। এই পশ্চিমবাংলায় আমরা এত রাজনৈতিক ভাবে কনসাস, এখানে বক্তৃতা ছাপলে কোন কাগজের বিরুদ্ধে মামলা সাধারণতঃ হয় না। সুরেন ব্যানার্জীর আমলে কিছু কিছু হয়েছে কিন্তু সেটা বহুদিন আগে। স্বাধীনতার পর থেকে শুনিনি যে এখানকার প্রোসিডিংস ছাপার জন্য কোন মামলা হয়েছে। সেটার জন্য কেউ কোন প্রয়োজন বোধ করেনি। আপনারা করেছেন তার

জন্য আপনাদের ধন্যবাদ এবং এই সরকারের আমলে এই বিলটা হওয়া খুব দরকার ছিল। এখন প্রশ্ন হচ্ছে, এই বিলটা এনে আমরা সংবাদপত্রের স্বাধীনতা দিলাম কিন্তু মাঝে মাঝে আমরা দেখি যে মাননীয় মন্ত্রী মহাশয়দের মনোপুত কোন খবর না বের হলে কাগজগুলিকে এমন ভাবে ধমকে দেওয়া হয় যে সেই কাগজওয়ালারা খবর ছাপতে পারেন না। ১৯৬৩ সালে, ১৯৬৫ সালে আমি এই হাউসের সদস্য ছিলাম। ট্রেজারি বেঞ্চে আমরা বসতাম, আর ওঁরা বিরোধী আসনে বসতেন। তখন দেখতাম যে মন্ত্রীদের খবর ছাপতেন ৪ লাইন, আর বিরোধী দলের নেতা বা অন্যদের খবর ছাপা হতো অনেক বেশী। আজকে দেখছি যে খবরের কাগজগুলির সুর পাল্টাতে হচ্ছে যে কোন কারণেই হোক। আমাদের বিরোধী দলের বক্তৃতার কথা থাকে না। আইন পাশ করে যদি সংবাদপত্রের স্বাধীনতা দিলাম বলে আপনারা সহানুভূতি পাবার চেষ্টা করে থাকেন—এটা একটা উদ্দেশ্য বলে আমি মনে করি। কিন্তু ভারতবর্ষ যখন স্বাধীন ছিল না তখনও এখানকার যে সমস্ত কাগজগুলি—আনন্দবাজার, ষ্টেটসম্যান ইত্যাদি যে কাগজগুলি প্রতিষ্ঠিত হয়েছিল তাঁরা দেশের স্বাধীনতা আন্দোলনে সাহায্য করেছিলেন। আজকে কাগজগুলির কি অবস্থা হয়েছে? ব্যক্তিগত মালিকানায় কিছু কিছু লোকে সুবিধা পাবে। সব সময় দেখা যাচ্ছে যে সরকারের দিকে তাকিয়ে থাকতে হচ্ছে। একটা কথা দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, জরুরী অবস্থার সময়ে ষ্টেটসম্যান কাগজের ভূমিকা দেখে সত্যি গর্ব অনুভব করতাম, কিন্তু আজকে তাঁদের অবস্থা কি দেখছি? আজকে তারা সরকারের কথা বেশী করে ছাপেন, আমাদের কথা লেখেন না। আমরা এই বিধানসভায় যে সব কাজ করি সেগুলি আমরাও জানাতে চাই। অনেকে বলেন যে আমরা পাবলিসিটি পাবার জন্য কথা বলি, পাবলিসিটি পাবার জন্য ব্যস্ত কিন্তু তা নয়। আমার বক্তব্য হচ্ছে, আমরা কি আচরণ করি জনসাধারণের সেটা জানা উচিত। বীরেন রার কথায় কথায় আমাদের যে ভাবে ইন্টারফেয়ার করেন সেটা কাগজে বের হলে লোকে জানবে যে কি জিনিষ তাঁরা পাঠিয়েছেন। কাজেই এগুলি খবরের কাগজে বের হওয়া দরকার। আমরা এখানে আসি, আমরা স্পীকারকে মানছি কিনা, আমরা নীতিগত ভাবে চলছি কি না, এগুলি যদি হুবহু বের হয় তাহলে আমাদের যাঁরা পাঠিয়েছেন তাঁরা বিচার করতে পারেন এবং তাঁরাও বুঝতে পারেন যে আমরা কিছু করছি কি না। আমি অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করেছি—এটা ভাল কথাও বটে, আমরা হাউসে বিল পাশ করি কিন্তু সেই বিলের উদ্দেশ্য কি, কেন সেই বিল ছাপা হচ্ছে কেন বিলি করা হচ্ছে ইত্যাদি বিষয়ে আমাদের বক্তব্য বলতে পারি এবং তাঁরাও সেটা বুঝতে পারে। আজকে আমার বক্তব্য হচ্ছে, আমি বাইরের সংবাদ পত্রের কথা

বলছি না, আমি শুধু বসুমতী পত্রিকার কথা বলতে চাই। বসুমতী পত্রিকা যখন ব্যক্তিগত মালিকানায় ছিল। সেখানকার কিছু কর্মচারী সাংবাদিক তারা তাকে উদ্ধার করে একটা কমিটি করার চেষ্টা করেছিল। সিদ্ধার্থ শঙ্কর রায় যখন মুখ্যমন্ত্রী তিনি তখন অত্যন্ত সুচতুরভাবে সাহায্য দেবার নাম করে তাঁদের কাছে এলেন, সাহায্য দিলেন তারপর দেখা গেল সেই কাগজটা আস্তে আস্তে কুক্ষিগত হয়ে গেছে। যাঁরা এটাকে গড়েছিলেন সেই বিবেকানন্দ মুখোপাধ্যায় তাঁকে চলে যেতে হল, নরেন মুখার্জী তাঁকে চলে যেতে হল আরো কিছু কিছু লোককে তাড়িয়ে দেওয়া হল তারপর তাঁরা নিজেদের লোককে বসালেন। আমরা তখন বলেছিলাম বসুমতী কাগজকে কুক্ষিগত করে কংগ্রেস অন্যায় কাজ করেছে। কিন্তু এই সরকার আসার পর আমরা দেখলাম এই কাগজ বর্তমানে সি. পি. এমের মুখপাত্র হয়ে গেছে, এই সরকারের মুখপাত্র হয়ে গেছে। আইন পাশ করছেন এখানে যে আমরা স্বাধীনতা দিলাম কিন্তু মুখ্যমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীরা যদি ভয় দেখান যে বিজ্ঞাপন দোব না এবং কাগজগুলো যদি এই ভয়ে সরকারের কথা ছাপেন তাহলে পাশ করার কোন মূল্য নেই। কথাটা হচ্ছে যে এতদিন ছাপা হয়নি কেন? পশ্চিমবঙ্গের জনমত অত্যন্ত জাগ্রত, এখানে এই বিল না থাকলেও খবরের কাগজের স্বাধীনতা ছিল। বৃটিশ যুগে এই যুগের কাগজ আনন্দবাজার পত্রিকা এবং অমৃত বাজার পত্রিকা এবং অন্যান্য যে সমস্ত কাগজ ছিল তারা দেখিয়ে দিয়েছে যে কিভাবে জনসেবা করতে হয়। আমি আবেদন জানাব সরকারের কাছে শুধু এই আইন পাশ করলেই হবে না তাদের স্বাধীনতা দিতে হবে যাতে তারা সত্যকথা ছাপতে পারে। একটা কথা এখানে লেখা ছিল, যার উপর আমি একটা এ্যামেণ্ডমেণ্ট দিয়েছিলাম, স্পীকার এ্যাডমিট করেছেন কি না জানি না, এখানে লেখা আছে ট্রু রিপোর্ট। এর মানে কি আমি জানি না, আমরা বলেছিলাম সাবষ্ট্যানসিয়ালি ফেয়ার এ্যাকিউরেট রিপোর্ট—আমি এটাই বলতে চেয়েছিলাম। আমার বক্তব্য হচ্ছে ১৮৬০ সালে যে মামলা হয়েছিল ওয়াটসান ভারসেস ওয়াল্টার সেখানে এ্যাকিউরেট কথাটা আছে! এখানে পার্লামেণ্টে যখন এ বিষয়ে আলোচনা হচ্ছিল তখন এ কথাটার উপর এ্যামেণ্ডমেণ্ট এনেছিলেন। আমি মন্ত্রীমহাশয়কে বলব যে কোন্ কথাটা ভাল হবে—সাবস্ট্যানসিয়ালি ট্রু কথাটা ভাল হবে, না, সাবস্ট্যানসিয়ালি ফেয়ার এ্যাণ্ড এ্যাকিউরেট এই কথাটা ভাল হবে এই বিষয়ে বিবেচনা করে দেখবেন। আর একটা কথা বলতে চাই ডিফামেশন অ্যাক্ট অফ ইংল্যাণ্ড—আমরা ইংল্যাণ্ডের কথা বলি সেখান থেকে আমরা সমস্ত জিনিষগুলো নিয়ে

এসেছি সেই অ্যাক্টের সেকসান সেভেনে এই কথা বলা রয়েছে a fair and accurate report of any proceedings in Public and Legislative. আমি মনে করি তিনি এটা করতে পারেন। আর একটা কথা হচ্ছে পাবলিক বেনিফিট কথাটার প্রকৃত অর্থ এখানে হবে কিনা এটা বিবেচনা করবেন। আমরা চাই সংবাদপত্রের স্বাধীনতা সম্পূর্ণ থাকুক এবং অনেকে আমরা আরও ভয় পাচ্ছি আমি আপনাদের বলছি ওয়েষ্ট বেঙ্গল আছে পরবর্তীকালে ভারত সরকারের পার্মিশন নিয়ে এটাকে হোল অফ ইণ্ডিয়া করুন, কারণ এখানে বড় বড় লোক আছে যারা সি. পি. এমের হাত ধরা হয়ে গেছে। তারা আপনাদের পার্টিকে সাহায্য করছে, তাদের বিরুদ্ধে আমরা যদি কিছু বলি, এখানে কিছু না করতে পারলেও বিহারের কাগজে যদি বেরোয় তাহলে বিহার কেস করে দেবে। কাজেই আমি আপনাদের বলব এটা ভারত সরকারের কাছ থেকে পার্মিশন নিয়ে যাতে হোল অফ ইণ্ডিয়ার জার্নালিষ্টরা ছাপতে পারে সেই রকম একটা আইন তৈরী করুন। এই বলে এটাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[ 5-05—5-15 P.M. ]

**শ্রীকৃষ্ণদাস রায়** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী মহোদয় যে, "দি ওয়েষ্ট বেঙ্গল লেজিস্‌লেটিভ এ্যাসেম্বলি প্রসিডিংস ( প্রটেকসন অফ্ পাবলিকেসন ) বিল, ১৯৭৮", এনেছেন সেটা সমর্থনযোগ্য। এই প্রসঙ্গে দু-একটি কথা বলতে চাই। ১৯৫৬ সালে সঞ্জয় গান্ধীর পিতা ফিরোজ গান্ধী পার্লামেণ্টে এই বিল উত্থাপন করেছিলেন এবং সেটা তৎকালে অনুমোদিত হয়েছিল। আজকে দীর্ঘ দিন পর সেই বিল এখানে উত্থাপিত হয়েছে, এটা খুবই আনন্দের কথা এবং সুখের কথা। এর মধ্যে বেশী বিবোধিতা করার কিছু নেই। একটি মাত্র শব্দ আছে, যেটির উপর গুরুত্ব আরোপ করতে হবে এবং গুরুত্ব আরোপ করা দরকার। এই বিলের যেখানে বলা হচ্ছে উদ্দেশ্য ও হেতুর মধ্যে যে, "জনহিতের প্রতি দৃষ্টি রাখিয়া এবং কোনরূপ বিদ্বেষ পোষণ না করিয়া"—ইত্যাদি, সেখানে আমি স্যার, আপনার মাধ্যমে একটু বলতে চাই যে, এই বিদ্বেষ পোষণ না করিয়া কথাটির মধ্যে একটু গুরুত্ব দেওয়া দরকার। এটা সারকমফারেন্সলি এটা এত বেশী আপেক্ষিক যে এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং এমনই গুরুত্বপূর্ণ যে এই শব্দটার মাধ্যমে ফ্রিডম অফ প্রেসকে কার্ব করে দেওয়া যেতে পারে বিভিন্নভাবে। তাই আজকে আমরা দেখতে পাচ্ছি যে, আমাদের এখানে যেটুকু ফ্রিডম অফ্ প্রেস আছে বা ছিল সেটুকুকেও বামফ্রন্ট সরকার নিজেদের এক্তিয়ারভুক্ত করবার জন্য নানা রকম

সেনসরসিপ চালু করার চেষ্টা করছে। সুতরাং এই বিষয়ে এখানে ভীষণ ভয়ের ব্যাপার আছে। ফ্রিডম অফ্ প্রেস দেওয়া হচ্ছে যা দীর্ঘদিন আগে পার্লামেন্টের মাধ্যমে দেওয়া হয়েছিল। তাকে আজকে বর্তমান সময়ের উপযোগী করে বিদ্বেষ পোষণের কথা তুলে দিয়ে এই বিলটি পাশ করান, এই অনুরোধ মন্ত্রী মহাশয়ের কাছে রেখে, এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার:** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী মহাশয় আজকে এই সভার সামনে "দি ওয়েষ্টবেঙ্গল লেজিসলেটিভ এ্যাসেম্বলি প্রসিডিংস (প্রটেকসন অফ পাবলিকেশন) বিল, ১৯৭৮" উত্থাপন করেছেন। নিঃসন্দেহে এই বিলটি সমর্থনযোগ্য। এই বিলের উদ্দেশ্য ও হেতু-তে যা আছে তাকেও আমরা রাজনৈতিক দিক থেকেও সমর্থন করে আসছি এবং করছি। কিন্তু স্যার, একটা বড়ই দুঃখজনক ঘটনা হচ্ছে, যে সময় এই বিলটি সভায় উত্থাপন করা হলো ঠিক সেই সময় এই বিলের উদ্দেশ্যের বিরূপ কাজ আমরা লক্ষ্য করছি। উদাহরণস্বরূপ আমি বলতে চাই যে, যে সময় আমরা বলছি সংবাদপত্রের স্বাধীনতা থাকবে, স্বাধীনতাকে আরো সুরক্ষিত করা হবে, বা হচ্ছে, ঠিক সেই সময় আজকে সকালেই "ক্যালকাটা অবজারভারের" যে অফিস আছে, সেই অফিস ঘর সমাজবিরোধীরা এবং সরকারী দলের ক্যাডাররা তছনছ করবার চেষ্টা করেছে। যে সময় আজকে এই বিল ক্ষমতাবান হতে চলেছে, ঠিক সেই সময় এই যে একটা জঘন্য ঘটনা ঘটেছে, এটাই আমি আপনাদের স্মরণ করিয়ে দিচ্ছি যে, যেখানে বাহ্যত একটা মুখরোচক বিল আনা হলো, কিন্তু কার্যত তাকে বিরোধিতা করার চেষ্টা করা হবে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সেদিন আপনি উপস্থিত ছিলেন, আমি এই বিধানসভায় লক্ষ্য করেছি, যখন কলিমুদ্দিন সামস ডেপুটি স্পীকার নয়, তখন তাঁর বিরুদ্ধে একজন সদস্য কিছু বলেছিলেন এবং তাঁর কথা বসুমতী কাগজে ছাপা হয়েছিল। তখন ফরোয়ার্ড ব্লকের তরফ থেকে সেই সংবাদপত্রকে প্রিভিলেজ কমিটিতে পাঠাবার দাবী করা হয়েছিল। এটা আমরা দেখতে পাচ্ছি যে, একদিকে যেমন এরা সংবাদপত্রের স্বাধীনতার কথা বলছেন তেমনি অপরদিকে প্রচ্ছন্ন হুমকি দিয়ে চলেছেন এবং আরোও খবর আছে ফরওয়ার্ড ব্লকের বিভিন্ন সদস্যরা এবং তাদের পার্টি অফিস নাকি বসুমতীর রিপোর্টারদের এবং ঐ কাগজের সম্পাদককে হুমকি দেখানো হয়েছিল এটা বড় দুঃখের কথা, লজ্জার কথা। তাই আমি

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সভাকে জানাতে চাই এবং পরীষদীয় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর কাছে অনুরোধ করতে চাই যে, এই বিল যেন সাধু উদ্দেশ্যে কার্যকরী করা হয় এবং সরকারের প্রচেষ্টা যেন সাফল্যমণ্ডিত হয়। পরিশেষে এই বিলটিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীহাসিম অবদুল হালিম:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে কোন গণতান্ত্রিক দেশে প্রেসকে যদি উপযুক্ত ক্ষমতা না দেওয়া হয় তাহলে সেই দেশে গণতন্ত্র থাকে না। এইজন্য এই বিলকে আমি সমর্থন করছি এবং আমি আশা করবো যে হাউসের বিভিন্ন দলের সদস্যরা এই বিলকে সমর্থন করবেন এবং করছেন বলেই আমার মনে হচ্ছে। আমাদের বিগত দিনের অভিজ্ঞতার কথা মনে আছে, জরুরী অবস্থার সময়কালের কথা মনে পড়ে তখন মানুষের ব্যক্তিগত অধিকার ছিল না, প্রেসের অধিকার ছিল না, প্রেসকে সেনসর করা হয়েছিল খবর ছাপবার জন্য। আগে অনুমতি নিতে হতো কোন খবর ছাপবার জন্য। কেউ যদি তা না করতো তাহলে তার বিরুদ্ধে বিভিন্ন রকম অত্যাচার, মামলা, বিনা-বিচারে মিসা, কালা-কানুন চালু করে আটক করে রাখা—এইসব জিনিষ হয়েছে। আজকে কংগ্রেস সদস্যরা বিশেষ করে ইন্দিরা কংগ্রেসের সদস্যরা নানা রকম কথা বলছেন কিন্তু তাঁরা একবারও জরুরী অবস্থার সময়কার কথা বললেন না। তখনকার সময়ে কি হয়েছে দেশে? আজকে তারা গণতন্ত্রর কথা বলছেন, মানুষের অধিকারের কথা বলছেন, প্রেসের কথা বলছেন—শুনতে খুবই ভাল লাগে এই হাউসের মধ্যে —কিন্তু নিজেরা খাতাপত্র খুলে দেখুন—কি লেখা আছে তাতে, কি অভিজ্ঞতা মানুষের আছে। আমাদের সরকার ক্ষমতায় আসবার পর প্রেসকে অনেক ক্ষমতা দেওয়া হয়েছে। নিশ্চয়ই ভাল খবর ছাপা যেমন তাঁদের অধিকার আছে ঠিক তেমনি আমাদেরও অধিকার আছে ভুল সংবাদ ছাপলে তা প্রতিবাদ করার। যদি মিথ্যা খবর ছাপে, উদ্দেশ্যমূলক কোন খবর ছাপে আমরা কি তার প্রতিবাদ করবো না? এটায় কি আমাদের গণতান্ত্রিক অধিকার নেই? যেমন আমরা অধিকার দিয়েছি তেমনি অধিকার আমরা নিতেও জানি। অতএব আমি আশা করবো, গণতান্ত্রিক সমাজ-ব্যবস্থার মধ্যে, সামাজিক আওতায় সমস্ত নিয়ম-কানুন পালন করে সুস্থভাবে প্রেস যাতে খবর ছাপে—যদি আমাদের দোষত্রুটি হয় নিশ্চয়ই ছাপবে তাতে আমাদের বলার কিছু নেই—আমি নিশ্চয়ই আশা রাখবো সুষ্ঠু সমাজ-ব্যবস্থার জন্য প্রেস যেন সঠিক ছাপে—ভুলত্রুটি তাঁরা করবে না, রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে কাজ করবে না—এটা আমি আশা করবো। বাদবাকি

মানুষ বিচার করবে, যেমন জনসাধারণ কংগ্রেসের বিচার করেছে ঠিক তেমনি আমাদেরও বিচার করবে যদি আমরা ঠিক পথে না যাই। সুতরাং এই দু-একটি কথা বলে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-15—5-25 P.M.]

**শ্রীনির্মলকুমার বোস:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পরিষদীয় মন্ত্রী, পশ্চিমবঙ্গ বিধানসভা কার্য্য বিবরণী প্রকাশন, রক্ষণ বিধেয়ক ১৯৭৮ উত্থাপিত করলেন, এবং সেটি সকলে সর্বান্তকরণে সমর্থন করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সংবাদপত্রের স্বাধীনতা ভিন্ন গণতান্ত্রকে চিন্তা করতে পারা যায় না, যে দেশে সংবাদপত্রের স্বাধীনতা নেই, সংবাদপত্র নিরপেক্ষ নয়, সে দেশে গণতন্ত্রের কোন চিহ্ন থাকতে পারে না। কিছুদিন পূর্বে ভারতবর্ষে জরুরী অবস্থা প্রয়োগ করা হয়েছিল তার বিরুদ্ধে দেশের মানুষের তীব্র বিক্ষোভের প্রধান কারণ—সংবাদপত্রের কণ্ঠরোধ করা হয়েছিল বলে। আজকে এই বিধেয়কে বিধানসভার কার্য্যবিবরণী রিপোর্ট করার ক্ষেত্রে সংবাদপত্রকে পূর্ণ স্বাধীনতা দেবার ব্যবস্থা করা হয়েছে। আমরা জনগণের নির্বাচিত প্রতিনিধি। বিধানসভা—জনগণের সভা, সুতরাং এই সভায় কি হচ্ছে সেটা রিপোর্ট করার অধিকার সংবাদপত্রের আছে। সংবাদপত্র মারফৎ জনসাধারণ জানতে পারেন যে তাঁদের প্রতিনিধিরা এখানে কি করছেন, সুতরাং মৌলিক অধিকারের ঠিকমত রিপোর্ট করা প্রয়োজন। যদি তাঁরা ঠিকমত রিপোর্ট করেন তাহলে যাতে মানহানির দায়ে না পড়েন সাধারণ আদালতে নোটিশ করা না যায় সেই কারণে এই বিধেয়কে কতকগুলি সুবিধা দেওয়া হয়েছে। সেই সমস্ত অব্যাহতি—ইমিউনিটি সাধারণভাবে ব্যবহারের ব্যবস্থা সংবাদপত্রের পক্ষে থাকবে, বিধানসভার সদস্যরা যেমন পেয়ে থাকেন সংবাদপত্রও সেই অধিকার পাবে। ভারতীয় পার্লামেন্টের কার্য্য বিবরণী রিপোর্ট করবার ক্ষেত্রে সংবাদপত্রের অধিকার ১৯৫৬ সালে দেওয়া হয়েছে। ফিরোজ গান্ধী এই বিল এনেছিলেন সেইজন্যই এটা ফিরোজ গান্ধী আইন নামে পরিচিত। ঐ পক্ষের সদস্যরা বক্তৃতার সময় ফিরোজ গান্ধীকে সঞ্জয়ের পিতা বলেছেন—ইন্দিরা গান্ধীর স্বামী ফিরোজ গান্ধী বলেন নি, তাঁর ১৯৫৬ সালের কাজটা তাঁর স্ত্রী ইন্দিরা গান্ধী ১৯৭৫ সালে কেটে দিলেন। একই আইনের দুটি ধারা হোল, একটি ফিরোজ গান্ধীর এবং আরেকটি ইন্দিরা গান্ধীর। তাঁরা আজকে এটিকে স্বীকার করেছেন—ইন্দিরা গান্ধীর জরুরী অবস্থার কথা স্বীকার করেছেন, ১৯৫৬ সালে পার্লামেন্টে কার্য্যবিবরণী

রিপোর্টের ক্ষেত্রে সংবাদপত্রের অব্যাহতির জন্য যে আইন পাশ করা হোল তারপর থেকে এই দাবী উঠেছিল প্রতিটি রাজ্য আইনসভা, বিধানসভা বিধান-পরিষদে এই রকম আইন পাশ করার। সংবাদপত্রও এই দাবী করেছেন। ফেডারেশন অফ ওয়ার্কিং জার্নালিষ্টস, অল ইণ্ডিয়া নিউজ পেপার এডিটর কনফারেন্স, প্রেস কনফারেন্সের সময় এই দাবী করেছিলেন। অনেকে এই কথা বলেছেন যে আমাদের দেশের সংবিধানের ব্যবস্থা রয়েছে আমাদের মৌলিক অধিকারের মধ্যে ১৯(১) (ক) ধারা আছে যেখানে বক্তব্য, মত প্রকাশের স্বাধীনতা আছে, সেই স্বাধীনতা অনুযায়ী সংবাদপত্র রিপোর্ট পেশ করতে পারেন। পার্লামেন্টের ব্যাপারে ১০৫(২) ধারায় রয়েছে—পার্লামেন্টের সেই সমস্ত বিবরণী আণ্ডার অথরিটি অফ দি হাউস, প্রকাশিত হতে পারবে। ১৯৪(২) ধারায় বিধানসভার কার্য্য বিবরণী অব্যাহতি ইমিউনিটি থাকবে এবং আমাদের পশ্চিমবঙ্গ বিধানসভার রুলস অফ প্রসিডিওর ৩৫৬/৫ সাধারণ ধারায় বিধানসভার নিয়মিত বিবরণী ছাপা চলবে।

এই সব কারণ, এই রকম কথা, মত রয়েছে আলোচনাতে দরকার আইন করবার প্রয়োজন নেই, কিন্তু এইসব ধারা আমাদের সংবিধানের ১৯৪(২), ১৯১ (ক) ধারা বিধানসভার কার্য্য বিবরণী প্রকাশ করবার অধিকার আছে। এই অধিকারগুলিই যথেষ্ট নয়, এই অধিকার থাকা সত্ত্বেও সংবাদপত্রের যদি কিছু ভুল হয়, ভুল বিবরণী ছাপেন মান হানির দায়ে পড়েন প্রমাণ হলে এই কারণে ১৫৫(২) ধারায় অধিকার থাকা সত্ত্বেও ১৯৫৬ সালের ফিরোজ গান্ধীর প্রস্তাবিত আইনটিতে সেটা পূর্ণ করা হয়েছিল। জরুরী অবস্থা তুলে নেওয়া হল এই আইনটি ছিল বলেই। সংবাদপত্র স্বাধীনভাবে রিপোর্ট করতে পারেন, সাধারণ আদালতে মান হানির দায়ে পড়তে হল না—ইন্দিরা গান্ধী বুঝেছিলেন বলেই ১৯৭৫ সালে আইনটিকে কেটে দিলেন। এই আইনটি যদি না থাকত তাহলে ব্যাপার অন্যরকম হোতো। ১৯৫১ সালে যে মামলা হয়েছিল এই বিধানসভায় তৎকালীন একজন সদস্য সেই মামলা সম্বন্ধে ভাষণ দিয়েছিলেন সেই ভাষণের মধ্যে তিনি আরেকটি মামলার কথা বলেন, উল্লিখিত মামলা পাটনা সার্চলাইট, সাম্প্রতিককালের এন. এস. শর্মা—এন. এস. শর্মা ভারসেস শ্রীকৃষণ সিনহা তাদের বিরুদ্ধে এই ধরণের অভিযোগ এসেছিল সেই মামলায় মিঃ চীফ জাসটিস, বিচারপতি হ্যারিস পরিষ্কার করে বলে দিয়েছিলেন যে যদি এই ধরণের কাগজে কিছু রিপোর্ট বেরোয় মান হানির দায়ে পড়তে পারে। সেটা আমাদের ইমিউনিটির দ্বারা প্রোটেকটেড নয়।

এন. এস. শর্মা বনাম শ্রীকৃষ্ণ সিনহা কেসের যা প্রমাণিত হয়েছে। নানা

রকম আইন Indian Penal Code, Official Scouts Act, reasonable restrictions, substantially true report ইত্যাদি সব আইনের ক্ষেত্রে অসুবিধা দেখা দেয়। সংবাদপত্র আদালতে গিয়ে অসুবিধায় পড়ে যান। ১৯(১) (ক) ধারায় যে মত প্রকাশ এবং সংবাদপত্রের স্বাধীনতার উপর যে অধিকার আছে সেটা একটা মৌলিক অধিকার। সেই কারণে আজকে প্রয়োজন বিধানসভার কার্য্যাবলী যাতে তাঁরা ঠিক মতন ছাপতে পারেন সেই অধিকার তাঁদের দেওয়া। ১৯৫৬ সালের আইন হবার পর এত বছর কংগ্রেস রাজত্ব চলে গেছে যাঁদের এরূপ একটা আইন করা প্রয়োজন ছিলো কিন্তু পশ্চিমবঙ্গে সেই আইন তাঁরা করেননি। তাই আজকে এই বিলের দ্বারা আমাদের সরকার একটা ভাল কাজ করছেন বলে আমরা একে সমর্থন করছি। সংবাদপত্রকে অবাধ স্বাধীনতা দেওয়া হচ্ছে না। এই বিলের মধ্যে পরিষ্কার বলা আছে ম্যালিশ থাকবে না। রিপোর্টিং যেটা হবে সেটা পাবলিক গুড-এর ব্যাপার। সুতরাং সেটা ঠিক ভাবেই করতে হবে, এর অন্য কিছু হলে আদালতে যাওয়া যাবে। আমার বক্তব্য শেষ করতে গিয়ে এই কথাই বলবো সদস্যদের অধিকার, সম্মান, সংবাদপত্রের অধিকার তখন এটাই বলবো যে, স্বাধীনতা মানে লাইসেন্স নয়। সংবাদপত্রের পূর্ণ স্বাধীনতা আমরা চাই এবং আশা করবো সংবাদপত্র সংযত ভাবে সেই কাজ করবেন—এবং বিধানসভার কার্য্যাবলীর ট্রু রিপোর্টিং হবে। সদস্যদের ইমিউনিটির যে সুযোগ আছে সেই সুযোগ নিয়ে যা ইচ্ছা তা বলা উচিত নয়। আমরা আমাদের দেশের ব্রিটিশ পার্লামেন্টারী ব্যবস্থা প্রবর্তন করেছি। এই ব্যবস্থা দাবী করে—বিধানসভা লোক সভার রিপোর্টিং যেন ঠিক মতন হয়। ১৯৭১ সালে কমন সভায় সংবাদপত্রের এই অধিকারকে তারা আরো বিস্তৃত করেছে। ১৮৪০ সাল থেকে ব্রিটিশ পার্লামেন্ট এই ব্যবস্থা করছে। কিন্তু আমি বলছি ১৮৮১ সালেও ভারতবর্ষে এই চেষ্টা করা হয়েছিলো। তখন কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি এইচ. এস. মেন স্যার ফেডিক পোলোককে এই বিষয়ে একটা আইনের খসড়া তৈরী করতে বলেছিলেন—Bill for civil wrong for India তাতে লেখা ছিল It is not d farmation to publish or cause to be published in good faith a correct and impartial report of judicial or Legislative Proceeding. ১৯৮২ সালে মেন—পোলোক যে বিলের খসড়া করেছিলেন ১৯৭৮ সালে আমরা তারচেয়ে পেছনে যেতে পারি না। তাই গণতন্ত্রকে রক্ষা করবার জন্য বিধানসভার মর্য্যাদাকে রক্ষা করবার জন্য এই বিলের দ্বারা সংবাদপত্রকে যে অধিকার দেওয়া হয়েছে তাকে পূর্ণ সমর্থন করে আমি শেষ করছি।

[ 5-25—5-35 P.M. ]

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পরিষদীয় মন্ত্রী যে বিল উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন করছি। ভারতবর্ষের সংবিধানে যে সব মৌলিক অধিকার লিপিবদ্ধ করা হয়েছে তার মধ্যে অন্যতম হচ্ছে বাক্ স্বাধীনতা, মুদ্রা যন্ত্রের স্বাধীনতা। ভারবতবর্ষ স্বাধীন হবার পর সংসদীয় গণতান্ত্রিক যে বিধি ব্যবস্থা আমাদের দেশে আছে সেই ব্যবহাই শুধু নয়—ভারতবর্ষের মানুষের গণতান্ত্রিক চেতনার উন্মেষ ও বিকাশের ক্ষেত্রে সংবাদপত্র একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ভারতবর্ষ পশ্চাদপদ দেশ। এই দেশের মানুষের রাজনৈতিক ভাবনা চিন্তাকে পরিণত করবার পেছনে সংবাদপত্র এবং অন্যান্য প্রচার মাধ্যমগুলির গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। এই বিলের মধ্য দিয়ে সংবাদপত্র তার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে এই বিল অভিনন্দন যোগ্য। এই প্রসঙ্গে আমি বলতে চাই জনতা সদস্য শ্রীবীরেন মৈত্র বললেন—বসুমতী এখন বামফ্রন্টের মুখপত্র হয়ে গেছে—যাকে প্রাভদা বলা যায়—এতে সরকারী খবর ছাড়া আর কিছু থাকে না। বসুমতী বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করে বলে এটা ক্রমশ জনপ্রিয় হয়ে উঠেছে এবং গ্রামবাংলার সংবাদ এতে বেশী থাকে যা অন্য পত্র-পত্রিকায় থাকে না বলে গ্রামবাংলার মানুষ বসুমতীর পাঠক। তাঁকে বলতে চাই—তাঁর পুরান দল কংগ্রেস দলের মুখপত্র 'জনসেবক' পত্রিকা যেটা ছিলো তাকে বাধ্যতামূলক ভাবে প্রাইমারী স্কুলগুলিতে পাঠান হতো। কিন্তু অতুল্য ঘোষের বিরুদ্ধে প্রতিবাদ করার ক্ষমতা তাঁর তখন ছিলো না। সেইজন্য বামফ্রন্ট সরকারের সময় প্রতিটা সংবাদপত্র তাঁদের নিজস্ব মতামত ও চিন্তাধারা প্রকাশ করবে এতে আপত্তি করার কোন কারণ নেই। পরাধীন ভারতবর্ষে সংবাদপত্র এবং সাংবাদিকদের যে ভূমিকা ছিলো সেই ভূমিকা বর্তমান রাষ্ট্র কাঠামোয় সম্ভব নয়—কারণ বর্তমানে সংবাদপত্রগুলি বৃহৎ পুঁজির দ্বারা অধিকৃত হয়ে আছে। সেইজন্যই সাংবাদিকরা তাঁদের বিবেকমত চলতে পারে না। কিন্তু তা সত্ত্বেও আশা করবো প্রতিটা মতামত স্বতঃস্ফূর্ত ভাবে ব্যক্ত করা হবে। বিধান সভার বিবরণের জন্য দেশের মানুষ অপেক্ষা করে থাকে যে, তাদের নির্বাচিত সদস্যরা কি বলছেন বা কি কি নূতন নূতন আইন তাদের জন্য করা হচ্ছে। এ ক্ষেত্রে আমরা সদস্যরা মতামত প্রকাশের ক্ষেত্রে যদি সংযত না হই তাহলে সাংবাদিকদের কোন দোষ তাতে থাকতে পারে না। বিধান সভার হোষ্টেল নিয়ে অনেক খবর আগে দেখেছি যে, অনেক কংগ্রেস সদস্য টাকা বাকি ফেলে রেখেছেন এবং এমন কি সেই সময় যিনি ক্যাটারার ছিলেন তাঁরও অভিযোগ ছিলো যে, পুরানো সদস্যরা অনেক

টাকা-কড়ি বাকি ফেলে চলে গেছেন। ওরা বলছেন পরে শোধ করেছেন এখানে তথ্যের কোন প্রয়োজন নেই—হঠাৎ একজন বললেন বাম সরকারের সদস্যরা ৬৫ হাজার টাকা বাকি রেখেছেন। সাংবাদিকরা যদি এই খবর ছাপেন তাহলে তাঁদের কোন দোষ থাকতে পারে না। এই ধরণের কথা বলে সাধারণ মানুষকে বিভ্রান্ত করা যায় কিন্তু আমরা আশা করবো সদস্যরা তাঁদের ভাবনা চিন্তা—কথা বলার মধ্য দিয়ে বিধান সভার সম্মানকে জনসাধারণের কাছে তুলে ধরবেন।

কিন্তু আমরা যে অবস্থা দেখছি সেই অবস্থা দেখে বোঝা যাচ্ছে বিরোধী পক্ষের বহু সদস্য বিধান সভার মর্যাদা অনেক ক্ষেত্রে ক্ষুণ্ণ করেছেন। কারণ, যে জাতীয় কথাবর্তা বলেন, অনেক সময় যেভাবে পাঠশালায় মত হুল্লোড় করেন সেটা অনেক সময় বিধান সভার বাইরে চলে যায়। তাই বাইরে গিয়ে অনেক সময় দেখি এই সমস্ত বিরোধী পক্ষের সদস্যরা যে সমস্ত আচার-আচরণ করেন তা ছাত্র এবং শিশুদের মধ্যে প্রভাবিত হয়। কারণ, বিরোধী পক্ষের সদস্যরা এখানে যে আচরণ করেন তার কিছু কিছু কথাবার্তা সংবাদপত্র, আকাশবাণী মারফৎ তাদের কাছে পৌছায়। আজকে বিধানসভাকে একটা হাস্যকর জায়গা, একটা অমর্যাদাকর জায়গাতে পরিণত করার ভূমিকা গ্রহণ করেছেন। কংগ্রেস আমলে অনেক অপশাসন করেছেন, অত্যাচার করেছেন, সেইসব কথার পুনরুক্তি করে লাভ নেই, আপনারা সমাজকে বিপথগামী করেছেন, সাংস্কৃতিক পরিমণ্ডলকে নষ্ট করে সমাজকে বিপথগামী করবার চেষ্টা করেছেন, অপ-সংস্কৃতির জোয়ার এনে তাঁরা সমস্ত দেশকে বিপথে চালিত করার চেষ্টা করেছেন। কাজেই আজকে যখন নতুন বাংলা মেরুদণ্ড খাড়া করে দাঁড়াতে যাচ্ছে, আপন চরিত্র বৈশিষ্টে তারা যখন দেশের মধ্যে একটা সুস্থ পরিমণ্ডল গণতান্ত্রিক ভাবধারা প্রকাশের চেষ্টা করছে তখন বিরোধী পক্ষ এখানে যে আচার আচরণ রাখছেন তাতে তাঁরা বিধান সভার মর্যাদাকে ক্ষুণ্ণ করছেন। সেজন্য বলছি সাংবাদিকদের দোষ নেই, তাঁরা এখানে গুটি কয়েক ভুল তথ্য হিসাব দিয়ে দিলেন, সেই হিসাব কোথা থেকে পেলেন তার কোন ঠিক ঠিকানা নেই, কিন্তু দিয়ে দিলেন। এতে অনেক সময় সাংবাদিকরা বিভ্রান্ত হতে বাধ্য হন তাঁদের কথাবার্তার ভিত্তিতে। কাজেই মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল উত্থাপন করেছেন তার মধ্য দিয়ে সাংবাদিকদের স্বাধীনতা, সংবাদপত্র তার আপন ভূমিকা পালন করার ক্ষেত্রে যে বিরাট সুযোগ চলে এসেছে তাতে সংবাদপত্র নিশ্চিতভাবে তাদের ভূমিকা পালন করবে। আমরা দেখেছি পশ্চিমবঙ্গে প্রকাশিত

বিভিন্ন সংবাদপত্র তারা আর যাই হোক অন্ততঃ স্বৈর শাসনের বিরোধিতা করেছেন জরুরী অবস্থার আগে, ১৯৭২ সালের পরে জরুরী অবস্থাকালে পশ্চিমবঙ্গের প্রতিটি সংবাদপত্র, প্রতিটি প্রচার মাধ্যম ইন্দিরা গান্ধীর প্রেত ছায়ার বিরুদ্ধে তাঁদের ভূমিকা পালন করেছেন। এই বিলের মধ্য দিয়ে তাঁদের সেই অধিকার আরো প্রসারিত হবে, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সেখ ইমাজুদ্দিন ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার। মাননীয় সদস্য জয়ন্ত বিশ্বাস বললেন যে বিরোধী পক্ষের সদস্যরা এমন এমন কথা বলেন যাতে এই সভার অমর্যাদা হয়। কিন্তু আমরা এখানে লক্ষ্য করে দেখেছি সরকার পক্ষের মন্ত্রী, মাননীয় সদস্যরা যখন বক্তব্য রাখেন তখন সরকার পক্ষের অনেক এম. এল. এ.-কে হট্টগোল করতে, অসত্য কথা বলতে দেখেছি। তাহলে বিরোধী পক্ষের যে দোষ দিচ্ছেন, এই রকম আপত্তিকর কথা তুলছেন, সরকার পক্ষ যখন গণ্ডগোল করেন, অসত্য কথা বলেন তাতে কি হাউসের মর্যাদাহানি হয় না ?

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** দ্যাট ইজ নট এ পয়েন্ট অব অর্ডার। মিঃ বাপুলি, আপনার কি পয়েন্ট অব পার্সোন্যাল এক্সপ্ল্যানেসান আছে বলুন।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য বক্তৃতা রাখার সময় বলেছেন আমি যেটা বলেছি যে ৬৫ হাজার টাকা বাকি রেখেছে এটা যেন অসত্য। আমি বিধানসভায় যখন বক্তব্য রেখেছিলাম তখন পূর্ণ দায়িত্ব নিয়ে বলেছি, ৬৫ হাজার কম বলেছি, ওটা এখন যোগ করলে আরো বেড়ে যাবে, ৭২ হাজার হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ফর হওর ইনফর্মেশান বলছি এম. এল. এ. এবং তাঁদের গেস্ট মিলিয়ে একমাত্র ছয় তলাতে এক একটা ঘরের বাকি রয়েছে ৩ থেকে ৪ হাজার টাকা। আমি সেখান থেকে তথ্য নিয়ে বলছি। আপনি ছেলে মানুষ, আপনি জানেন না, সবে নতুন এসেছেন, আপনার চেয়ে ৭ বছর এম. এল. এ. হোস্টেলে আছি। আপনার চেয়ে আমার অভিজ্ঞতা অনেক বেশী। ছয় তলাতে আপনারা কি করছেন আপনাদের সব কথা বলে দেব।

[5-35—5-45 P.M.]

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জানি সংবাদপত্র যদি ওঁদের কথা ছাপে যে ৬৫ হাজার টাকা বাকী আছে তাহলে ওঁদের লজ্জা হবে। কিন্তু

সত্যকথা নিশ্চয়ই ছাপা হবে। আপনারা এম. এল. এ. হোস্টেলে টাকা বাকী রেখেছেন, দেননি সেটা বলেছি এবং ১০০ বার বলছি।

**শ্রীসুনীতি চট্টরাজ:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, জয়ন্তবাবু এখানে নতুন এসেছেন তাই তাঁর কথা আমি ধরছি না। কিন্তু তিনি অত্যন্ত জঘন্যভাবে এখানে কথাগুলো বলেছেন। তিনি বলেছেন বিরোধীপক্ষের সদস্যরা অন্যায় এবং খারাপ আচরণ করেন। আমি মনে করি তাঁর এই কথাগুলো উইথড্র করা উচিত। একজন নূতন সদস্য এখানে যা তা কথা বলে যাবেন এবং আপনি সেটা এক্সপাঞ্জ করার অর্ডার দেবেন না এটা আশ্চর্য কথা।

**মিঃ ডেপুটি স্পীকার:** দ্যাট ইজ নট এ পয়েন্ট অব অর্ডার।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র:** স্যার, আমার একটা পার্সন্যাল এক্সপ্ল্যানেসন আছে। মাননীয় সদস্য জয়ন্তবাবু বললেন, এখন আর অতুল্য ঘোষ নেই এবং জনসেবক কাগজ নাকি তখন জোর করে দেওয়া হোত এবং আমরা নাকি সেগুলি দিতাম। তখন অবশ্য উনি হাফপ্যান্ট পড়তেন। যা হোক, আমার কথা হচ্ছে ওই কাগজ আমরা দিতাম না। জনসেবক কাগজ তখন প্রাইমারী এডুকেসন সম্বন্ধে লিখত বলে প্রাথমিক শিক্ষকরা তখন এই কাগজ পড়তে ভালবাসত।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি অনেক দিন থেকে বিধানসভায় আছি কিন্তু আমি কোনদিন শুনিনি যে ট্রেজারী বেঞ্চ থেকে কোন মন্ত্রী বলেছেন, টেনে ছিড়ে ফেলে দেব এবং আর একজন মন্ত্রী বললেন, বার করে দাও, খুন করব। ট্রেজারী বেঞ্চ থেকে মন্ত্রীরা এসব কি বলছে?

**মিঃ ডেপুটি স্পীকার:** মিঃ বাপুলি, আই অ্যাম এ্যাট এ লস্ টু আণ্ডারস্ট্যাণ্ড অ্যাজ টু হাউ ইট ক্যান বি স্টেটেড টু বি ইওর পার্সন্যাল এক্সপ্ল্যানেসন।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি:** নো, স্যার, আই রোজ অন এ পয়েন্ট অব অর্ডার। মাননীয় সদস্য বিরোধীদলকে কটাক্ষ করে যে বক্তব্য রেখেছেন তাতে আমার বক্তব্য হচ্ছে তাঁরা নিজেরা বিচার করছেন না তাঁরা কি ব্যবহার করছেন। বিরোধী দলের সঙ্গে বিধানসভায় যে ধরণের আচরণ করা হচ্ছে তাতে যে কোন সংবাদপত্র একে নিন্দা করবে, একে ধীক্কার দেবে।

**মিঃ ডেপুটি স্পীকার :** দিস্ ইজ নো পয়েন্ট অব অর্ডার।

**শ্রীনির্মলকুমার বসু :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমার বৈধতার প্রশ্ন হচ্ছে যদি কোন সদস্য তাঁর বক্তৃতায় কারুর প্রতি ব্যক্তিগতভাবে কটাক্ষ করেন তাহলে তাঁর দাঁড়িয়ে প্রতিবাদ করার অধিকার আছে। মাননীয় সদস্য জয়ন্তবাবু এখানে কারুর নাম করে কিছু বলেন নি। আমার কথা হচ্ছে···( নয়েজ )··· যাঁর নাম করেন, এক্ষেত্রে বীরেনবাবুর নাম করা হয়েছে, তিনি ব্যক্তিগত কৈফিয়ৎ দেবেন। কিন্তু সাধারণভাবে বিরোধী দলের কোন সদস্য এভাবে দাঁড়িয়ে ব্যক্তিগত কৈফিয়ৎ দিতে পারেন না। দ্বিতীয় কথা হচ্ছে—মাননীয় সদস্য সত্য বাপুলি মহাশয় একবার বললেন, দু'বার বললেন, তিনবার বললেন, আমি জিজ্ঞাসা করি, তিনি কতবার বলে যাবেন? এটা সম্পূর্ণ বিধি বিরোধী কাজ হচ্ছে। এ জিনিষ কিছুতেই চলতে দেওয়া যায় না।

( নয়েজ )

**Mr. Deputy Speaker :** I am on my legs. Please take your seat. According to the schedule the allocation of time for the discussion on this Bill should be completed by 5-44 P. M. But I find that some more time will be required for disposing this Bill. Therefore, under rule 290 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I seek the sense of the House to increase the time by half an hour. I think, the House will agree to it.

(Pause)

Agreed. So, the time is extended by half an hour.

(Shri Satya Ranjan Bapuli rose to speak )

No more point of order. I have already given my ruling.

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় :** স্যার, মাননীয় সদস্য শ্রীসত্যরঞ্জন বাপুলী মহাশয় বলেছেন সরকার পক্ষের সদস্যদের এম. এল. এ. হোস্টেলে ৫০।৬০ হাজার টাকা নয় কম হলেও ৭০।৭২ হাজার টাকা বাকী পড়ে আছে। আমি দায়িত্ব নিয়ে বলছি যে এটা অসত্য কথা। আমি বলছি যে বিরোধী পক্ষের দুজন সদস্যের—একজনের বাকী ৬ হাজার, আর একজনের বাকী চার হাজার টাকার উপর। একথা সত্য নয় যে

সরকার পক্ষের ৬০।৭০ হাজার টাকা বাকী আছে, সরকার পক্ষের সদস্যদের যদি ১০ হাজার টাকার বেশী বাকী থাকে আমি তাহলে পদত্যাগ করব, আর তা যদি না হয় তো উনি কি পদত্যাদ করবেন ?

...( নয়েজ )...

**শ্রীসুনীতি চট্টরাজ:** স্যার, আমরা পয়েন্ট অব অর্ডার গ্রুপ করি, আপনি এলাউ করেন, তারপরে আমরা বলি। আমি অত্যন্ত বাথা পেলাম আজকে যেভাবে নির্মলবাবু আপনার অথরিটিকে চ্যালেঞ্জ করে বললেন, আমি মনে করছি এটা স্যার, য়্যাম্পার্শন অন দি চেয়ার, আপনি স্যার, এটাকে লাইট্‌লি নিতে পারেন কিন্তু আমাদের সকলেরই লাগছে।

**Mr. Deputy Speaker :** Please take your seat. No more discussion on this subject.

**শ্রীসন্দীপ দাস:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে একটা বিষয়ে রুলিং চাইছি। একজন বক্তা বক্তৃতা দিলে পর একজন তার কনট্রাডিক্ট করবেন, তারপর আর একজন উঠে তার আবার কনট্রাডিক্ট করবেন, এই যদি প্রসিডিওর হয়, তাহলে তো মন্ত্রীরা তো প্রতিনিয়ত অসত্য ভাষণ দিচ্ছেন, তখন আমরা কি তার চ্যালেঞ্জ করতে পারব ?

( নয়েজ )

[5-45—5-55 P.M.]

**শ্রীদেবপ্রসাদ সরকার:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, অনেক দেরীতে হলেও ক্ষমতায় আসার ১৬ মাস পরে বামফ্রন্ট সরকার যে এই বিল উত্থাপন করেছেন তার জন্য আমি পরিষদীয় মন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি। এই বিলের মধ্য দিয়ে এ্যাসেম্বলী প্রসিডিংস যাতে পেপার ছাপান যেতে পারে সেই জিনিসই আনা হয়েছে। এই বিল পাশ করার মধ্যে দিয়ে বামফ্রন্ট সরকার যদি সত্যসত্যই প্রেসের স্বাধীনতা, সংবাদপত্রের স্বাধীনতা ফিরিয়ে দিতে চান এবং সেটা যদি তাঁদের আন্তরিক ইচ্ছা হয়ে থাকে তাহলে সেক্ষেত্রে নিশ্চয়ই তাঁদের সাধুবাদ জানান যাবে।

বিল একটা পাশ হচ্ছে ঠিকই, কিন্তু সংবাদপত্রের স্বাধীনতা, তাদের ডেমোক্রেটিক রাইটস্ প্রভৃতি ফিরিয়ে দেবার ব্যাপারে বামফ্রন্ট সরকারের গত ১৬ মাসের কার্যকলাপ আমার কাছে যথেষ্ট সন্দহের স্মৃষ্টি করেছে যে, বাস্তবে এই সরকার সংবাদপত্রের স্বাধীনতা সত্যিই ফিরিয়ে দিতে চান কিনা? এর জন্য অবশ্য আমাদের বেশী দূর যেতে হবে না। সম্প্রতি পশ্চিমবাংলায় এই যে ভয়াবহ বন্যা হয়ে গেল সেই বন্যার সময় সংবাদপত্রের উপর হস্তক্ষেপ করার চেষ্টা বামফ্রন্ট সরকারের তরফ থেকে হয়নি কি? ইট ইজ এ্যান ওপেন সিক্রেট যে, বামফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী টাইমস্ উইদাউট নাম্বার বিভিন্ন সাংবাদিকের যাঁরা এত রেসট্রিকসন থাকা সত্বেও খানিকটা সাহসিকতার সঙ্গে বন্যার খবর সংগ্রহ করেছিলেন তাঁদের মুখ্যমন্ত্রী প্রকাশ্যে ধমক দিয়েছেন। হিন্দুস্থান স্ট্যাণ্ডার্ডে বেরিয়েছিল ১৪-৮-৭৮ তারিখে যে, বামফ্রন্ট সরকার বন্যার সংবাদ পরিবেশনের ক্ষেত্রে রেসট্রিকসন ইমপোজ করলেন। চিফ সেক্রেটারী অমিয় সেন জেলা প্রশাসকদের কাছে ডিকলেয়ার করলেন, বন্যার সংবাদ জেলা ভিত্তিতে আপনারা সাংবাদিকদের দেবেন না, চিফ সেক্রেটারী রাইটার্স বিল্ডিংস্ থেকে যে খবর দেবেন সেটাই সংবাদ হিসেবে পরিবেশন করা হবে। এটা কি সাংবাদিকতার উপর রেসট্রিকসন ইমপোজ করা হচ্ছে না? মাননীয় সদস্য বীরেনবাবু যথার্থই বলেছেন যে, কাগজকে আপনারা কোন্ পর্যায়ে নিয়ে এসেছেন? অমরা জানি এই ক্যাপিটালিস্ট কানট্রিতে সংবাদপত্র মূলতঃ কনট্রোল্ড হয় ক্যাপিটালিস্ট-দের দ্বারা এবং তার ফলে একটা বিশিষ্ট ভঙ্গীতে সংবাদ পরিবেশন করা হয়। এখানে মালিকদের তরফ থেকে নানা রকম রেসট্রিকসন ইমপোজ করা হয়। কিন্তু তা সত্বেও সংবাদিকদের যেটুকু স্বাধীনতা আছে সেটাও হরণ করা হয়েছে এবং এটা পূর্বেও হয়েছে। আমরা জানি দৈনিক বসুমতীর জনৈক সাংবাদিক এস. ইউ. সি.-র সংবাদ প্রথম পৃষ্ঠায় বার করেছিলেন বলে রাইটার্স বিল্ডিংস-এ বসে তথ্যমন্ত্রী নিজে তাঁকে ধমক দিয়েছিলেন। এগুলি কি রেসট্রিকসন ইমপোজ করা নয়? আমরা দেখছি দৈনিক বসুমতী আজকে গণশক্তিতে পরিণত হয়েছে। যুগান্তর কাগজকে অনেকে বলেন সকালের গণশক্তি। যা হোক, আমার বক্তব্য হচ্ছে শুধু একটা বিল পাশ করে সংবাদপত্রের স্বাধীনতা আমরা নিয়ে আসছি, তাদের ডেমোক্রেটিক রাইটস্ ফিরিয়ে দিচ্ছি একথা বলে কোন কাজ হয় না, এটা প্রমাণ করতে হয়। নিউজ পেপারের প্রতি আপনাদের এ্যাটিচুড কি সেটা আপনারা দেখুন? সাংবাদিকদের যাতে মুখ্যমন্ত্রীর কাছে ধমক খেতে না হয় সেটা আপনারা দেখুন সেই নজির

যদি আপনারা সংস্থাপন করতে পারেন তবেই সংবাদপত্রের হাতে স্বাধীনতা ফিরিয়ে দেওয়া হবে।

**শ্রীভবানী মুখোপাধ্যায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সভায় যে আলোচনা হয়েছে সেই ভিত্তিতে নূতন করে কোন জবাবী ভাষণ করার মতো বিষয়বস্তু খুঁজে পাচ্ছি না। তবে মাননীয় সদস্য শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র যে কথাটা বলেছেন আমাদের এই বিলের পরিধির স্তর ভারতবর্ষে সম্প্রসারণ করা সম্পর্কে এটা সংবিধানের আওতায় করা যায় কিনা সেটা সন্দেহ। আমার মনে হয় এটা অবাস্তব প্রস্তাব। আমাদের পশ্চিমবাংলার যে এলাকা পশ্চিমবঙ্গ সরকারের অধীন সে এলাকার মধ্যে করতে পারি এবং সেজন্য এই প্রস্তাব গ্রহণ করা যায় এবং সংবিধানগতভাবে করা যায় বলে মনে করি। কিন্তু উনি যেটা বলছেন সেটা করা যায় না, সেইজন্য তাঁর প্রস্তাব গ্রহণ করতে পারছি না। অন্যান্য যে সমালোচনা হয়েছে তাঁর কোন জবাব দেওয়ার আছে বলে দেখতে পারছি না। কারণ আমাদের সরকার সংবাদপত্রের স্বাধীনতা সংকোচন করার ব্যবস্থা করেছেন বলে কোন ঘটনা এখানে প্রমাণিত হয়নি। আমি মনে করি সংবাদপত্রের পূর্ণ স্বাধীনতা এই সরকার দিয়ে আসছে বর্তমান কাঠামোয়। তার মধ্যে অবান্তর আরও কতকগুলো কথা এসেছে। কর্মচারীদের ধর্মঘটের ফলে কি অবস্থা হয়েছে জানি না, কিন্তু ল এ্যাণ্ড অর্ডারের প্রবলেম হলে সে সম্পর্কে সরকার ব্যবস্থা নেবেন। কিন্তু এইসব কথা কোথা থেকে আসে এই বিলে আমি বুঝতে পারছি না। যে এ্যামেণ্ডমেণ্ট এসেছে সেটার দরকার আছে বলে মনে করি না। কারণ এ্যামেণ্ডমেণ্টের যে বক্তব্য মোটামুটিভাবে সাবসট্যানসিয়ালি ট্রু, সেই কথাটা বিলের মধ্যেই আছে। সেইজন্য এই এ্যামেণ্ডমেণ্ট গ্রহণ করার প্রয়োজন আছে বলে আমি মনে করছি না।

The motion of Shri Bhabani Mukherjee that the West Bengal Legislative Assemble Proceedings (Protection of Publication) Bill, 1978, be taken into consideration, was then put and ageed to.

**Clauses 1 and 2**

The question that clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 3**

**Shri Birendra Kumar Maitra** : Sir, I beg to move that in clause 3 (1), line 4, for the words "substantially true" the words "substantially fair and accurate" be substituted.

The motion was then put and lost.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 4 and Preamble**

The qusetion that clause 4 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Bhabani Mukherjee** : Sir, I beg to move that the West Bengal Legislative Assembly Proceedings ( Protection of Publication ) Bill, 1978, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**শ্রীসুনীতি চট্টরাজ** : Sir, on a point of privilege স্যার, গত ১ সেপ্টেম্বর ১৯৭৮ তারিখে আনন্দবাজার পত্রিকা দেখলে আপনি দেখবেন যে সেখানে একটা সংবাদ বেরিয়েছে 'সরকার বিড়লা কলেজ অধিগ্রহণ করিলেন। স্যার, কাগজে যেটা বেরিয়েছে সেটা সত্য। কিন্তু সরকারের যে ডকুমেন্ট আছে সেই সরকারী ডকুমেন্টটা আমি পড়ছি—In purasunce of Government of West Bengal, Education Deptt. Order No. S-8/89 dt. 30th August, 1978, we the undersingned persons do hereby handover and take-over the control and management of the Birla College of Science and Education. স্যার, সরকার অলরেডি কলেজটিকে টেকওভার করেছেন অথচ আমাদের মাননীয় মন্ত্রীমহাশয় নিজে এখানে যে বিবৃতি দিলেন তাতে তিনি বলছেন, এমতাবস্থায় সরকার কলেজটিকে সরাসরি অধিগ্রহণ করার ব্যবস্থার আয়োজন করেছেন। স্যার, অলরেডি টেক ওভার করা হয়েছে তার পরে তিনি আমাদের এই তথ্য এই হাউসের মাধ্যমে জানাচ্ছেন। স্যার, উনি হাউসকে মিসলিড করেছেন।

**Mr. Deputy Speaker :** You may seek clarification. There is no point of privilege. The Minister has made the statement on the basis of the information made available to him by the department concerned.

**The West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1978**

**Shri Benoy Krishna Chowdhury :** Sir, I beg to introduce the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1978.

(Secretary then read the title of the Bill)

**Shri Benoy Krishna Chowdhury :** Sir, I beg to move that the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1978, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে এই প্রস্তাব উত্থাপন করছি যে ১৯৭৮ সালের পশ্চিমবঙ্গ ভূমি ( অধিগ্রহণ ও গ্রহণ ) ( সংশোধন ) বিধেয়কটি বিবেচনার জন্য গৃহীত হোক। স্যার, ১৯৪৮ সালের পশ্চিমবঙ্গ ভূমি ( অধিগ্রহণ ও গ্রহণ ) আইনের বিধানবলে আইনের ৩ (১) ধারায় বর্ণিত উদ্দেশ্য সকল যথা জনজীবনের প্রয়োজনীয় দ্রব্যসমূহের সরবরাহ অক্ষুন্ন রাখা শিল্প নগরী স্থাপনের মাধ্যমে জনগণের কর্ম সংস্থান বৃদ্ধি করা, যানবাহন সেচ নিষ্কাশন প্রভৃতির সুযোগ সুবিধা বৃদ্ধি করা গ্রাম ও সহরাঞ্চল বাসস্থান নির্মাণ করা, বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প রূপায়ণ করা এইসব উদ্দেশ্য সাধনের জন্য এই আইনবলে সরকার প্রথমে জমি অধিগ্রহণ এবং পরে তা স্থায়ীভাবে গ্রহণ করে থাকেন অতি সত্বর প্রয়োজনীয় জমি গ্রহণের ক্ষেত্রে এই আইনটি খুবই কার্যকর। এর মাধ্যমে পরিকল্পনার অন্তর্গত বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পগুলির দ্রুত রূপায়ণ সম্ভব হচ্ছে। বর্তমান বিধেয়কে এই আইনটির দুটি সংশোধনের প্রস্তাব করা হয়েছে। আলোচ্য আইনটির কার্যকাল প্রথমে ১৯৫১ সালের ৩১শে মার্চ পর্যন্ত বাড়ান হয়। যেসব উন্নয়ন মূলক প্রকল্পের কাজ ইতিপূর্বে হাতে নেওয়া হয়েছে তাদের যথাযথ রূপায়ণ এবং সাম্প্রতিক ভয়াবহ বন্যার তাণ্ডব রোধ কল্পে বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প সকল রূপায়ণের জন্য জমি অধিগ্রহণ ও গ্রহণের প্রয়োজন বেশ কয়েক বছর থাকবে বলে আশা করা যায়। এজন্য আইনটির কার্যকাল বাড়ানোর প্রয়োজন অত্যাবশ্যক বলে মনে হয়। প্রথম সংশোধনে বর্তমানে আইনটির কার্যকাল পাঁচ বছর পর্যন্ত বাড়ানোর

প্রস্তাব করা হয়েছে। দ্বিতীয় সংশোধনী প্রস্তাব হল এই আইনে দেয় ক্ষতিপূরণের অর্থ কিছু বাড়ানো প্রয়োজন। এই আইনের ৭(১) ধারা অনুসারে গৃহীত জমির জন্য ১৮৯৪ সালের ভূমি গ্রহণ আইনের ২৩(১) ধারা মতে প্রচলিত বাজার দর অনুযায়ী ক্ষতিপূরণ প্রদানের ব্যবস্থা বিধিবদ্ধ আছে। কিন্তু ঐ ভূমি গ্রহণ আইনের ২৩(২) ধারা মতে বাধ্যতামূলক জমি গ্রহণের জন্য যে ১৫ শতাংশ হারে অতিরিক্ত ক্ষতিপূরণ বা সোলামিয়াম দেওয়ার বিধান ছিল, ১৯৪৮ সালের এই ভূমি ( অধিগ্রহণ ও গ্রহণ ) আইনে ঐ অতিরিক্ত ক্ষতিপূরণ দান ব্যবস্থা গৃহীত হয়নি। ফলে এই আইনে গৃহীত জমির জন্য কেবলমাত্র প্রচলিত বাজার দর অনুযায়ী ক্ষতিপূরণ দেওয়া হচ্ছে। ভারত সরকার নিযুক্ত ল্যাণ্ড এ্যাকুইজিসন রিভিউ কমিটি ও ল্যাণ্ড কমিশন-এর সুপারিশ হতে দেখা যায় যে বাধ্যতামূলক জমি গ্রহণের ফলে জমির মালিক যে অসুবিধার সম্মুখীন হন কেবলমাত্র বাজারদর অনুসারে ক্ষতিপূরণ দানে তা দূর হয় না। ঐ কমিটি জমির ক্ষতিপূরণ ছাড়া ২৫ থেকে ৪০ শতাংশ পর্যন্ত অতিরিক্ত ক্ষতিপূরণ বা সোলাসিয়াম দানের সুপারিশ করেছেন। এই সুপারিশের যুক্তিযুক্ততা ও জমির মালিকগণের অসুবিধা ও ক্ষোভের বিষয় বিবেচনা করে সরকার জমির বাজার দর অনুযায়ী ক্ষতিপূরণের উপর ১৫ শতাংশ হারে অরিরিক্ত অর্থ বা সোলাসিয়াম দানের সিদ্ধান্ত গ্রহণ করেছেন। উপরে উল্লিখিত উদ্দেশ্যগুলি সাধনের জন্য আলোচ্য বিধেয়কটিতে ১৯৪৮ সালের পশ্চিমবঙ্গ ভূমি (অধিগ্রহণ ও গ্রহণ ) আইনের ১(৪) ও ৭(২) ধারা দুইটি সংশোধন করে আইনের কার্যকাল আরো পাঁচ বছর বাড়ানোর এবং গৃহীত জমির জন্য বাজার দরে দেয় ক্ষতিপূরণের উপর ১৫ শতাংশ হারে অতিরিক্ত অর্থ দেওয়ার বিধান প্রবর্তন করার প্রস্তাব করা হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আশা করব মাননীয় সকল সদস্যই আমার এই প্রস্তাবে সম্মতি দেবেন এবং আমার উত্থাপিত ১৯৭৮ সালের পশ্চিমবঙ্গ ভূমি ( অধিগ্রহণ ও গ্রহণ ) ( সংশোধন ) বিধেয়কটি বিধানসভা কর্তৃক অনুমোদনের জন্য গৃহীত হবে।

**শ্রীজন্মেজয় ওঝা :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী মহাশয় এই আইনের মেয়াদটিকে আরো ৫ বছরের জন্য বাড়াতে চাইছেন। এই আইনটা বিশেষ দরকার। আর কারণ, নানাবিধ উন্নয়ণ মূলক কাজের জন্য এ্যাকুইজিসন এবং রিকুইজিসন দরকার। তাই যাদের জমি অধিগ্রহণ করা হচ্ছে তাদের ১৫% বেশী দেবার ব্যবস্থা করেছেন এবং এটা নিশ্চয় করার দরকার ছিল। কংগ্রেস আমলে এটাকে উপেক্ষা করা হয়েছিল, এখন তিনি যে ব্যবস্থা গ্রহণ করলেন তার জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু একটি কথা বলতে দ্বিধা নেই যে, এই আইনটি একটি নির্যাতন মূলক আইন এবং মন্ত্রীমহাশয় সেই নির্যাতন মূলক আইনেরই

সম্প্রসারণ ঘটালেন। এই আইনটি পশ্চিমবাংলায় প্রচলিত আছে। সারা ভারতবর্ষের অন্যান্য রাজ্যের এ্যাক্টের সঙ্গে আমাদের এখানকার আইনের একটু তফাৎ আছে—সেটা হল এই, অন্যান্য রাজ্যে জমি অধিগ্রহণের সঙ্গে সঙ্গে কমপেনসেসান দেবার ব্যবস্থা থাকে, কিন্তু দুর্ভাগ্যবশতঃ আমাদের পশ্চিমবাংলায় যে আইনটি প্রচলিত আছে সেখানে কবে যে কমপেনসেসান দেওয়া হবে এবং না দেওয়া হলে কি ব্যবস্থা নিতে পারবে সে সম্পর্কে কোন ব্যবস্থা নেই। তার ফলে দেখা যায়—মন্ত্রী মহাশয় নিজেও অবগত আছেন এবং সমস্ত সদস্যরাও অবগত আছেন যে বছরের পর বছর কেটে যায়—এমন কি ১০-১৫-২০ বছর কেটে গেছে সেই অধিগ্রহণ করা জমির কোন মূল্য ক্ষতিপূরণ বাবদ জমির মালিক পায়নি।

[ 6-05—6-15 P.M. ]

এখনও পর্যন্ত অধিগ্রহণ সেই সমস্ত জমির মূল্য জমির মালিকরা পাননি এবং যে সমস্ত জমি অধিগ্রহণ করা হয়েছে তা যে কেবল ধনী লোকেদের জমি তা নয়, অত্যন্ত দরিদ্র লোকেদের জমি নেওয়া হয়েছে। দেখা গেছে এমন সব লোকের জমি নেওয়া হয়েছে তারা একেবারে নিঃস্ব হয়ে গেছে এবং ক্ষতিপূরণ না পাবার ফলে আজ পর্যন্ত তারা পুর্নবাসিত হতে পারেনি। এই রকম অনেক ক্ষেত্র দেখান যেতে পারে। আজকে নির্যাতন মূলক আইনের সম্প্রসারণ না ঘটিয়ে ভারতবর্ষের অন্যান্য রাজ্যের সঙ্গে সঙ্গতি রেখে যদি নতুন একটা আইন আনবার চেষ্টা করতে পারতেন তাহলে অধিকতর ধন্যবাদ পেতে পারতেন। আমি প্রথমে যে কথা বলেছি যে জমি অধিগ্রহণ করা দরকার—হাসপাতাল তৈরী করতে হবে, বাজার তৈরী করতে হবে, রাস্তা তৈরী করতে হবে, সেচের জন্য খাল করতে হবে, বাঁধ তৈরী করতে হবে, এই সবের জন্য জমি অধিগ্রহণ করতে হবে। আপনারা সকলে নিশ্চয়ই জানেন যে সমস্ত জমি অধিগ্রহণ করা হয়, যে ডিপার্টমেন্ট অধিগ্রহণ করেন, সেই স্কীম অনুসারে যদি টাকাটা দিয়ে দেওয়া হয় তাহলে তাদের দুর্ভোগ হয় না। কিন্তু তাঁর দপ্তরের অকর্মন্যতার ফলে, অপদার্থতার ফলে জমির মালিকরা বছরের পর বছর, যুগের পর যুগ ধরে ঘুরছেন, টাকা তাঁরা পাচ্ছেন না। সেই টাকা উদ্ধার করতে গিয়ে তাঁদের বাদবাকী জমিও বিক্রয় করতে হচ্ছে এবং তাঁরা সর্বস্বান্ত হয়ে যাচ্ছে। তবুও তাঁরা টাকা পাচ্ছেন না এমনই ভূমিরাজস্ব দপ্তরের অকর্মন্যতা। আমি একটা উদাহরণ দিতে পারি, গত বছর মেদিনীপুর জেলায় অনেকগুলি উন্নয়ন

মূলক কাজ করা সম্ভব হয়নি কারণ জমি অধিগ্রহণ করা সম্ভব হয়নি এই দপ্তরের অকর্মন্যতার জন্য। এখনও এমন আছে যে রোড ডিপার্টমেন্ট-এর এক্সজিকিউটিভ ইঞ্জিনিয়ার কোন্ কোন্ জমি অধিগ্রহণ করা হবে সেই সমস্ত প্লট নম্বর যখন চাইলেন এল. আর. ডিপার্টমেন্টের কাছে, তারা বলেছিলেন যে আমরা এই এই প্লট নম্বরগুলি চাইছি, এই প্লট নম্বরগুলি আমাদের দিন, আমরা সেই অনুসারে জমির জন্য টাকা দিয়ে দিচ্ছি। ভূমিরাজস্ব দপ্তর সেটা দিতে ইতস্তত: করলেন। তাঁরা ভাবলেন এটা আবার কি—অর্থাৎ টাকা নিয়ে ছিনিমিনি খেলবেন। অনেক জায়গায় টাকা লোপাট হয়ে যাচ্ছে। ভূমিরাজস্ব দপ্তরের কর্মচারীদের সহযোগিতায় টাকা বেমালুম হজম করে নিচ্ছে বিভিন্ন ট্রেজারী থেকে। কিন্তু জমির মালিকরা আজ পর্যন্ত সেই টাকা পাননি। তাঁদের অধিকার রক্ষার জন্য, তাঁরা যাতে নিশ্চিতভাবে টাকা পান তার জন্য কোন ব্যবস্থা এই বিলে নেই। সে জন্য আমি যে ধন্যবাদ দিতে পারতাম সেটা দিতে পারছি না। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীহবিবুর রহমান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয় যে বিল উপস্থাপন করেছেন সেই সম্পর্কে আলোচনা করতে গিয়ে প্রথমে তাঁকে সাধুবাদ জানাচ্ছি এই কারণে যে কংগ্রেসেরই একটা আইনের সময় সীমা তিনি বর্ধিত করেছেন। তিনি এটা ৫ বছরের জন্য বাড়াতে চেয়েছেন। এই সম্পর্কে তাঁর কাছে একটা কথা বলতে চাই, এই উন্নতশীল দেশে জনহীতকর কাজ এবং উন্নয়নমূলক কাজ হতে থাকবে এবং এর জন্য জমিও অধিগ্রহণ প্রয়োজন হবে। সেখানে আপনি এক বছর কি পাঁচ বছরের জন্য সময়টা বাড়াচ্ছেন কেন? এটাকে স্থায়ীভাবে আনতে পারেন কি সেটা দেখুন। আপনি কি এটা বলতে পারেন যে ৫ বছর-এর মধ্যে জনহীতকর কাজ সমস্ত কিছু কমপ্লিট করে দেবেন, আর কোন জনহীতকর কাজ করার প্রয়োজন হবে না? কাজেই জনহীতকর কাজের প্রয়োজন হবে এবং সেই উপলক্ষ্যে জমিও অধিগ্রহণ করার প্রয়োজন হবে। সে জন্য একটা স্থায়ী আইন আনার প্রস্তাব আপনার কাছ থেকে পাবো বলে আশা করেছিলাম।

আমি বিস্তৃতভাবে বলতে চাই না, কারণ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি আমাকে সময় কম দিয়েছেন। মন্ত্রী মহাশয় এখানে আর একটা ভাল প্রস্তাব এনেছেন যে, বাধ্যতামূলক জমি অধিগ্রহণের জন্য জমির মূল্য ১৫ শতাংশ অতিরিক্ত ক্ষতিপূরণ হিসাবে দিতে চেয়েছেন। কিন্তু এখানে জমির মূল্য নির্ধারণের

পদ্ধতিটা সম্বন্ধে তিনি কিছু বলেননি। যদিও তিনি কমিশনের কথা বলেছেন। একটা মৌজাতে জমির প্রকৃতি অনুসারে মূল্যের অনেক হেরফের হয়। একটা মৌজাত যখন একটা রেট রাখা হয়েছে, আজকে হয়তো সেটার মূল্য এক রকম রেখেছেন, কিন্তু বর্তমান অবস্থায়, প্রতিটি জিনিসের মূল্য যেভাবে বেড়ে চলেছে, তার জন্য জমির মূল্যও বেড়ে চলেছে। পাঁচ বছর পরে যখন সেই দরে ক্ষতিপূরণ দিতে চাইবেন, তখন তারা তাতে বাধা দেবে, যদিও ১৫ শতাংশ আপনারা অতিরিক্ত দিচ্ছেন। আপনারা সেই সময় অনেক বাধা পাবেন এবং জনহিতকর কাজে আপনারা এগোতে পারবেন না। সেই জন্য আপনারা নিশ্চয়ই জানেন যে বিগত সরকার ৪২তম সংবিধান সংশোধন বিল এনেছিলেন এবং যেটাকে আপনারা কালা কানুন বলে আবার ৪৩ তম সংবিধান সংশোধন করে নিলেন। সেখানে একটা প্রভিশন রাখা হয়েছিল যে জনহিতকর কাজের জন্য যদি কোন জমি অধিগ্রহণ করা হয় তাহলে তার বিরুদ্ধে সেই জমির মালিক ২২৬ করতে পারবে না। তার ফলে সরকারের কাজটা ত্বরান্বিত হতে পারতো। ৪২তম সংশোধন বিল বাতিল করে আপনারা সেই প্রভিশন বন্ধ করে দিয়েছেন। আপনারা ১৫ শতাংশ বেশী দিলেও যারা পুঁজিপতি তারা তাদের স্বার্থে অধিক লাভের জন্য তারা ২২৬-এর শরণাপন্ন হবেন। এবং আপনাদের জনহিতকর কাজে বাধা আসবে। আপনাদের উন্নয়নমূলক কাজকে বানচাল করে দেবে। তার জন্য একটা পুরোপুরি ব্যবস্থা আপনারা রাখবেন এই আশা করেছিলাম এই বিলে। কিন্তু বর্তমানে এই বিলকে বাস্তবে রূপায়িত করতে পারবেন কি না সেই বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে।

**শ্রীসুনীতি চট্টরাজ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় পশ্চিমবঙ্গ ভূমি অধিগ্রহণ অর্জন সংশোধন বিধেয়ক ১৯৭৮ যে বিল এনেছেন, সেটা আমি সমর্থন করছি। ১৯৪৮ সালের পশ্চিমবঙ্গে ২ নং আইনের এ্যামেণ্ডমেণ্ট আনতে গিয়ে ৩১শে মার্চ ১৯৭৯ সালের জায়গায় ৩১শে মার্চ ১৯৮৪, এই পাঁচ বছরের মেয়াদ মন্ত্রী মহাশয় চেয়েছেন। আমরা জানি পশ্চিমবাংলায় অনেক অসেচ এলাকা রয়েছে, সেই জমিগুলো ইরিগেশনের আওতায় আনা দরকার, ভয়াবহ বেকার সমস্যার সমাধানের জন্য চেষ্টা করতে হবে, তার জন্য এটা দরকার। এখনও অনেক জমি অধিগ্রহণের প্রয়োজন আছে। অধিগ্রহণ করার প্রয়োজন যেমন আছে, তেমনি আর একটা বিষয়ে লক্ষ্য রাখতে হবে, বাজার দরের সঙ্গে জমির মূল্যের যে কমপেনশেসন, তার যে হার, পুরানো আমলে সেই সময় যে কম্পেন্সেসনের মূল্যে দেওয়া হয়েছিল আজকে ১৯৭৮ সালে সেই কম্পেন্সেশনের কি এক হার

থাকবে ? এই চিন্তা যেন বর্জন করা হয়। অবশ্য ১৫ শতাংশ বৃদ্ধির কথা বলেছেন। আপনি হয়তো বলবেন যে ১৫ শতাংশ বৃদ্ধি করা হয়েছে, এটা কিন্তু যথেষ্ট নয়। আজকে ১২৬-এর সংখ্যা কেন এত বাড়ছে, এটার সাইকলজিক্যাল কারণ কি, সেটা বোঝবার চেষ্টা আপনি করেছেন কি ?

[ 6-15—6-25 P.M. ]

মূল্য ঠিকভাবে দেওয়া হয় না। আর একটা জিনিষ হচ্ছে কম্পেন্সেসন ঠিকমত মানুষ পাচ্ছে না। নোটিশ হচ্ছে, অধিগ্রহণ হচ্ছে, তারপর কিন্তু একটা টাইম লিমিটের মধ্যে, উপযুক্ত সময়ের মধ্যে টাকা পাচ্ছে না। মানুষ কম্পেন্সেসন অফিসে যায়, গিয়ে ঘুষ দেয়, ১নং ঘুষ, ২নং ঘুষ, ৩নং ঘুষ দিতে দিতে রাইটার্স বিল্ডিংস পর্য্যন্ত আসতে হয়। ফলে তাদের কম্পেন্সেসনের টাকা আর ঘরে ঢোকে না, সমস্ত টাকাই ঘুষে চলে যায়। আমি তাই মাননীয় ভূমিরাজস্বমন্ত্রী মহাশয়কে এদিকে একটু লক্ষ্য রাখার জন্য অনুরোধ করছি। জমি অধিগ্রহণ করার ক্ষেত্রে আপনার বিশেষ কিছু অসুবিধা হবে না। কারণ পশ্চিমবাংলার মানুষ চায় পশ্চিম বাংলার উন্নতি হোক, নানান পরিকল্পনা হোক, এবং তাতে যাঁর যা এক্সট্রা ল্যাণ্ড আছে তা দিতে কোনও আপত্তি নেই। কিছু বললেই সরকার পক্ষের বন্ধুরা বলবেন, কংগ্রেস ৩০ বছরে কিছু করেনি। কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় স্বীকার করেছেন যে, কংগ্রেস ৩০ বছরে অনেক কিছু করেছে এবং সেই কাজেরই অংশগুলি তিনি করছেন। ওঁরা মাঝে মাঝে বলেন সর্বহারার ওঁরা নেতা, ওদের মার্কসবাদী চিন্তাধারা, বৈপ্লবিক চিন্তাধারা, কিন্তু দুঃখের বিষয় আজ পর্যন্ত ওঁদের আইনগুলির মধ্যে সেই চিন্তাধারার কোন পরিচয় আমরা দেখতে পাচ্ছি না। কোনও বিপ্লব এই বিলের মধ্যে দিয়ে হবে বলে আমি মনে করি না। ৩০ বছর ধরে কংগ্রেস যে সমস্ত বিল ইত্যাদি রচনা করে গেছে সেগুলিকে আপনারা ফলো করতে বাধ্য, ৩০ বছর ধরে কংগ্রেস যে সমস্ত আইন করে গেছে সেগুলিকে গ্রহণ করতে আপনারা বাধ্য। তবু আপনাদের কাছে আমার অনুরোধ যে, আপনারা মাঝে মাঝে আপনাদের ইণ্ডিপেণ্ডেন্ট চিন্তাধারা ব্যক্ত করুন।

**শ্রীশুভেন্দু মণ্ডল ঃ** স্পীকার স্যার, মাননীয় ভূমিরাজস্বমন্ত্রী দি ওয়েষ্ট বেঙ্গল ল্যাণ্ড ( রিকুইজিসন এণ্ড এ্যাকুইজিসন ) ( এমেণ্ডমেন্ট ) বিল, ১৯৭৮ ; এনেছেন এই বিলটিকে আমি সমর্থন করছি। এই বিলের মধ্যে বলা হচ্ছে যে, আবার ৫ বছরের জন্য

এটাকে বাড়ানো হচ্ছে, আর ঐ কমপেনসেসন মূল্য হিসাবে দেওয়া হবে এবং তার সঙ্গে ১৫ শতাংশ আরো বেশী দেওয়া হবে। আমি এই দুটি বিষয়কেই পূর্ণ সমর্থন করছি। আমি দেখছি যে, আমাদের বিরোধী পক্ষ থেকেও এই বিলের মূল বিষয় দুটিকে সমর্থন করা হয়েছে। পশ্চিমবাংলায় বামফ্রন্টের তরফ থেকে যে বিভিন্ন উন্নয়ণমূলক কাজ হচ্ছে এবং হবে তা এই বিলের মধ্যে দিয়েই কার্য্যে রূপায়িত করার ব্যবস্থা করা হচ্ছে। এটা ঠিক যে কমপেনসেসন যথা সময়ে মানুষ পায় না। কিন্তু বামফ্রন্ট সরকার দেড় বছর মাত্র ক্ষমতায় এসেছে, ইতিপূর্বে দীর্ঘ ৩০ বছর ধরে কংগ্রেসী শাসন ব্যবস্থায় যে কাজ করা হয়েছে তাতে যাতে সাধারণ মানুষ কমপেনসেসন না পায় তার জন্য নানা রকম দুর্নীতিমূলক ব্যবস্থা ছিল। ঘুষের ব্যবস্থা তারা চালু রেখেছিলেন। দেড় বছরের মধ্যে সেই সমস্যার সমাধান করা যায় না। তবে সেই সমস্যার সমাধান নিশ্চয়ই বামফ্রন্ট সরকার করবেন। যাতে সাধারণ মানুষ কমপেনসেসনের টাকা পায় এবং যে ১৫ শতাংশ বেশী দেওয়ার আজকে ব্যবস্থা করা হচ্ছে তাও যাতে ঠিকমত পায় তা নিশ্চয়ই দেখা হবে এবং সেই টাকা যাতে তাড়াতাড়ি মানুষ পেতে পারে তার জন্যও ব্যবস্থা গ্রহণ করা হবে। তাই আজকে কংগ্রেসী বন্ধুদের বলব এবং অন্য যারা রয়েছেন তাঁদের সকলকেই বলব যে, মানুষকে যেভাবে ঘুষ এবং দুর্নীতির মধ্যে আবদ্ধ করা হয়েছিল তার থেকে উদ্ধার করার কাজ বামফ্রন্ট সরকার করছে। এই বিলের মাধ্যমে জনসাধারণের সুবিধা হবে। এক দিকে উন্নয়ণমূলক কাজগুলি যেভাবে আজকে গ্রামসভা, গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদের হাতে ক্ষমতা দিয়ে করা হচ্ছে সেইভাবে এই ক্ষেত্রেও তাদের মাধ্যমেই অনেক কাজ গ্রামাঞ্চলে হবে। এই কয়টি কথা বলে এই বিলকে স্বাগত জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবিনয় কৃষ্ণ চৌধুরী**ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের বক্তব্যের উত্তরে কয়েকটি কথা তাঁদের কাছে রাখছি। প্রথমেই একজন মাননীয় সদস্য বললেন, অ্যাক্ট ২, যেটা ১৯৪৮ সালের আছে, সেটা শুধু পশ্চিমবাংলায় আছে, আর অন্য কেথাও নেই। তাঁকে আমি বলছি যে, আমার ইনফরমেশন ঠিক তা নয়। এখানে দুটি অ্যাক্ট আছে। অ্যাক্ট ১, ১৮৯৪ আর অ্যাক্ট ২, ১৯৪৮ এবং এটা হয়েছিল এইজন্য অ্যাক্ট ১টা দিতে গেলে অনেক দেরী হয় এবং দ্রুত যেগুলি না হলে পর এক্ষুনি ক্ষতি হবে সেইজন্য নেওয়ার ব্যবস্থা হয়েছে। আমি ঐ দপ্তরের দায়িত্ব নেওয়ার পরে আমি সমস্ত বিষয়টা অনুসন্ধান

করে যেটা চালু করেছি সেটা হচ্ছে যে, খুব স্পেশাল রিজন না হলে পর অ্যাক্ট ২টা করা হয় না। আমি আসার আগে দেখেছিলাম যে অ্যাক্ট ১ ছাড়াই অ্যাক্ট ২-এর দিকে চলে যায় এবং দুর্ভাগ্য অতীতের জের হিসাবে এটা চলেছে। আমি আসবার পর এটা চালু করেছি যে খুব বেশী প্রয়োজন না হলে পরে সেটার স্যাংসান সমস্ত দিক বিবেচনা করে—এটা আমি নিজে করি—এবং আমি সই না করলে হয় না। সেইজন্য এটা অনেক কমে গেছে। ২ নম্বর অনেকে তুলছেন যে জমির বাজার দর সম্পর্কে। আমি বলছি, এটা ১৯১১ সালের বাজার দর নয়। যেখান থেকে জমি নেওয়া হচ্ছে সেখানকার রেজিষ্ট্রি অফিস থেকে তার আগের বছরে কিভাবে জমি রেজিষ্ট্রি হয়েছে অর্থাৎ ১৯৭৮ সালে যে দর পাওয়া যাচ্ছে কিম্বা ১৯৭৭ সালে জমির যে বাজার দর রেজিষ্ট্রি অফিস থেকে পাওয়া যাচ্ছে সেই বাজার দর হিসাব করে দেওয়া হবে এবং তার উপর ১৫ পারসেন্ট দেওয়া হবে। সুতরাং পুরোনো মূল্যের বাজার দর নয়। যদি কেউ মনে করেন যে তাঁর উপযুক্ত মূল্য হয়নি তাহলে তিনি জজের কাছে সেকসান ৮০ এতে এ্যপিল করতে পারেন। এটা সত্যি অতীতে হয়েছিল যে, জমির দাম পেতে অনেক দেরী হতো সেইজন্য যাতে দ্রুত দেওয়া যায় তার জন্য কতকগুলি ব্যবস্থা গ্রহণ করেছি। অনেকে বলেছেন এটা স্থায়ী করতে কিন্তু আমার বক্তব্য হচ্ছে তা নয়—এই বিলে দেখবেন—১৯৪৮ সালে যুদ্ধের পর ব্যাপকভাবে প্ল্যানিং করার জন্য দেরী হয়েছে এবং অনেকগুলো কাজ দেরী হলে ক্ষতি হতে পারে তার জন্য এখন অল্প অল্প করে এনেছি, চেষ্টা থাকবে শেষ পর্যন্ত অ্যাক্ট ১-কে এমনভাবে করার যখন দ্বিতীয় অ্যাক্টের প্রয়োজন হবে না এবং সেটা বিবেচনা করে দেখতে হবে। এ্যাডমিনিস্ট্রেটিভ অ্যারেজমেন্ট সম্বন্ধে অনেকেই বলেছেন যে এইসব করলে খুব ভাল হয়, এটার সম্বন্ধে নিশ্চয়ই আমি চেষ্টা করবো। এইটুকু বলে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Benoy Krishna Chowdhury that the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1978, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 3 and Preamble**

The question that clauses 1 to 3 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Benoy Krishna Chowdhury :** Sir, I beg to move that the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1978, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

**The West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1978**

[6-25 —6-35 P.M.]

**Shri Benoy Krishna Chowdhury :** Sir I beg to introduce the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1978.

(Secretary then read the title of the Bill)

**Shri Benoy Krishna Chowdhury :** Sir, I beg to move that the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1978, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৩৯ সালের ভারত রক্ষা আইন বলে যে সমস্ত জমি ও বাড়ী জনস্বার্থে অধিগ্রহণ করা হয়েছিল, উক্ত আইনের মেয়াদ শেষ হবার পর ঐ সকল জমি ও বাড়ীর অধিগ্রহণ বজায় রাখার প্রয়োজন দেখা দেয়। এজন্য ১৯৫১ সালের পশ্চিমবঙ্গ অধিগৃহীত ভূমি ( ক্ষমতার স্থায়িত্ব ) আইন প্রনয়ণ করা হয়। আইনের কার্য্যকাল পর্য্যায়ক্রমে সংশোধনের মাধ্যমে বাড়ান হতে থাকে। ১৯৭৬ সালের সংশোধনী আইনের কার্য্যকাল ১৯৭৯ সালের ৩১শে মার্চ পর্য্যন্ত বাড়ান হয় এবং অধিগ্রহণজনিত ক্ষতিপূরণ বহু পূর্বে ধার্য ও সেই হেতু অত্যন্ত কম বিধেয়ক ভারত সরকারের অনুরোধক্রমে বর্তমান বাজার দর অনুযায়ী পরিবর্তনের জন্য আইনের সংশোধন করা হয়। সংশ্লিষ্ট সকল বিভাগকে এই মর্মে জানান হয় যে অধিগৃহীত জমি ও বাড়ীর জন্য যাতে অতিরিক্ত হারে ক্ষতিপূরণ না দিতে হয় এজন্য হয় তা উক্ত সময় সীমাব মধ্যে অধিগ্রহণ মুক্ত করা হোক, নতুবা স্থায়ী প্রয়োজনের ক্ষেত্রে ভূমি গ্রহণ আইনের মাধ্যমে গ্রহণ করা হোক। কিন্তু দেখা যাচ্ছে রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের প্রয়োজনে

১২৬টি ক্ষেত্রে যে জমি ও বাড়ী অধিগ্রহণের আওতায় রয়েছে, নানা কারণে, বিশেষ করে সাম্প্রতিক বন্যার জন্য এখনও অধিগ্রহণ মুক্ত করা অথবা স্থায়ীভাবে গ্রহণ করার কাজ সম্পন্ন হয়নি। কাজেই ঐ জমি ও বাড়ীগুলির অধিগ্রহণ আর কিছুদিন বজায় রাখার একান্ত প্রয়োজন রয়েছে। এতদুদ্দেশ্যেই বর্তমান বিধেয়কটিতে আইনটির কার্য্যকাল আরো এক বছরের জন্য বাড়ানোর প্রস্তাব করা হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা করি, বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে মাননীয় সকল সদস্যই বিনা দ্বিধায় আমার এই প্রস্তাবে সম্মতি দেবেন এবং আমার উত্থাপিত ১৯৭৮ সালের পশ্চিমবঙ্গ অধিগৃহীত ভূমি (ক্ষমতার স্থায়িত্ব) (সংশোধন) বিধেয়কটি বিধানসভা কর্তৃক অনুমোদনের জন্য গৃহীত হবে।

**শ্রীশশবিন্দু বেরা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রথমে বলি, বিলটির বিরোধিতা করা যুক্তিযুক্ত নয়। কিন্তু বিলটি সম্বন্ধে কিছু বিরূপ মন্তব্যও না করে পারছি না। মন্ত্রী মহাশয় এইমাত্র বললেন বহুকাল রিকুইজিসাণ্ড ল্যাণ্ড সেগুলি পড়ে রয়েছে, সেগুলি এ্যাকুইজিসন করবার জন্য ব্যবস্থা করবেন কিন্তু সেটা কতখানি কার্যকরী হবে কত তাড়াতাড়ি কার্যকরী হবে এই বিষয়ে কিছু বলতে পারলেন না। বর্তমান বিলটি একটা ব্যাড piece of Legislation এ ভিন্ন আর কিছু বেশী বলতে পারছি না। ১৯৫১ সালের মূল যে আইন সেই আইনটি কিভাবে এসেছিল, মন্ত্রী মহাশয় এখানে বলেছেন। এই বিলের কয়েকবার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হয়েছিল। ১৯৩৯ সালে বিদেশী ইংরেজ সরকার নিজেদের প্রয়োজনে যুদ্ধকালীন পরিস্থিতিতে একটা জবরদস্ত আইন তৈরী করেছিলেন। তার জন্য পশ্চিমবঙ্গে যে সমস্ত জমি, বাড়ী অধিগৃহীত হয়েছিল সেই সমস্ত জমি বা বাড়ী একসঙ্গে মুক্ত করা যায় না। সেইজন্য ১৯৫১ সালে আইনটি পেশ করা হয়েছিল সুস্পষ্টভাবে এই কথা পরিষ্কার বলা হয়েছে—It shall cease to effect on the expiration of period of 3 years. নিঃসন্দেহে এই আইনটি এইজন্য করা হয়েছিল। ১৯৫৪ সালের প্রথম এ্যামেনডিং অ্যাকট আসে এবং আজ ১৯৭৮ সালে এই ২৪ বছরের মধ্যে আজকে দশম সংশোধনী বিল আসছে। মেয়াদ বৃদ্ধি প্রথমে ৩ বছর, তারপর ৩ থেকে ৬, ৬ থেকে ৯, ৯ থেকে ১২ বছর, এইভাবে মেয়াদ বাড়িয়ে এই আইনে তাকে ২৯ বছরের মেয়াদে আনবার চেষ্টা করা হয়েছে।

এটা একটা ভাল লেজিসলেসানের দৃষ্টান্ত নয় বলে আমি মনে করি। যুদ্ধকালীন

পরিস্থিতিতে একটা বিদেশী সরকার যে জবরদস্ত আইন পাশ করেছিলেন সেটা দুর্ভাগ্যজনক এবং সেই আইনের লিগেসী আজও চালিয়ে যাওয়া হচ্ছে ২৯ বছর ধরে। যার মেয়াদ শেষ হবার পরেও ১০টি সংশোধনের দ্বারা তার সময় বাড়িয়ে নেওয়া হচ্ছে। স্বল্প মেয়াদী যে আইন তা অস্বাভাবিক ভাবে সময় সীমা বাড়িয়ে নিয়ে যাওয়ার ফলে আইনকে কার্য্যকরী করার ক্ষেত্রে বিশেষ অসুবিধার সৃষ্টি হচ্ছে। এই রাজ্যে রিকুইজিসান ও এ্যাকুইজিসান সংক্রান্ত আরো আইন আছে। সবকে জড়িত করে একটা কমপ্রিহেনসিভ আইন করলে ভালো হতো। তা না করার জন্য জনসাধারণের দুর্ভোগ বেড়েছে। রিকুইজিসান ল্যাণ্ডগুলি অ্যাকোয়ার করা হচ্ছে না। ১৯৬৯ সালে তৎকালীন ভূমি রাজস্ব মন্ত্রী হরেকৃষ্ণ কোঙার এইরূপ একটা আইনের মেয়াদ বাড়ানোর সময় দুঃখ প্রকাশ করে বলেছিলেন, ২০-২৫ বছর পর এরূপ একটা স্বল্প মেয়াদী আইনের মেয়াদ বাড়ানোর কোন যুক্তি নেই। ২০-২৫ বছর আগে যে জমি রিকুইজিসান করা হয়েছে সেই জমি কেন অ্যাকোয়ার করা হচ্ছে না এর উত্তর দেওয়া সম্ভব নয়। তিনি তখন বলেছিলেন ১৯৫১ সালের আইনে যে বিধান আছে রিলিজ করে নেবার সেটা এখনও পর্যন্ত কেন করা হচ্ছে না তা অসঙ্গত বলে মনে হচ্ছে ১৯৩৯ সালে মূল আইন। ডিফেন্স অফ ইণ্ডিয়া অ্যাক্টের রিকুইজিসান করা হলো, অ্যাকুইজিসান করা হলো না। যিনি মালিক তিনি অপেক্ষা করছেন যে এই আইনের মেয়াদ একদিন শেষ হবে অথবা এই আইন চালু থাকার সময় এই আইনের বিধান অনুযায়ী তিনি সম্পত্তি ফেরত পাবেন। কিন্তু দীর্ঘ সময় চলে গেল দেখা গেল যে মালিক সম্পত্তি ফেরত পাচ্ছেন না। অথবা সেটাকে অ্যাকোয়ারও করা হচ্ছে না। অ্যাকোয়ার করলে ভ্যালুয়েসান বাবদ যে কমপেনসেসান তিনি পেতেন তাও তিনি পাচ্ছেন না। অনেক গরীব মানুষ আছেন যার নিজের প্রয়োজনে প্রপার্টি ফিরে পাবার প্রয়োজন আছে—অথবা প্রপার্টি হস্তান্তর করেও টাকা তার প্রয়োজনে লাগাতে পারে তা তিনি করতে পাচ্ছেন না। কিন্তু এই আইনের বলে মেয়াদ বাড়ান হচ্ছে। বর্তমান আইনে রিকুইজিসান ল্যাণ্ডকে অ্যাকোয়ার করে ক্ষতিপূরণের ব্যবস্থা যেটা আছে তাকে কিভাবে কার্যাকরী করা যায় সেটা চিন্তা করবার বিষয়। সেই বিধান সেকসান ৬ সাব সেকসান ২ ক্লজ ১এ আছে। ১৯৬৯ সালে যুক্তফ্রন্টের আমলে পুরাণ আইনের যে বিধান ছিলো তার পরিবর্তে যে বিধানটি রাখা হয়েছে সেটা হচ্ছে—

Clause 6(2)(1) (a) and (b) In respect of acquisition under this Act of any requisitioned land the Amount of compensation payable shall be

the price which the requisitioned land would have fetched in the open market if it had remained in the same condition as it was at the time of requisition and had been sold at the time of acquisition. এর অবস্থা হচ্ছে কি? কোন জমি ৩৯ সালের আইনের বলে '৪০ সালে রিক্যুইজিসান করে রাখা হয়েছে কিন্তু আজ পর্যন্ত অ্যাকুইজিসান করা হয় নি। ১১২টি ক্ষেত্রে এরূপ আছে। '৪০ সালের কোন জমি রিক্যুইজিসান করা হয়েছে '৮০ সালে যদি সেটাকে অ্যাকুইজিসান করা হয় তাহলে তার ভ্যালুয়েসান কিভাবে নির্ধারিত হবে? '৪০ সালের যে জমি যে অবস্থায় ছিলো তাতে ৬(২)(১) অনুযায়ী যে বিধান আছে as it was at the time of requisitioning and had been sold at the time of acquisition. তার কি হবে? অর্থাৎ রিক্যুইজিসানের সময় যে অবস্থা ছিলো ১৯৮০ সালে অ্যাকুইজিসান করবার সময় সেই অবস্থা কি আছে সেই বিচার করে তার মূল্য নির্ধারণ করা হবে—মার্কেট রেট অনুযায়ী। সেই জমির মালিক যিনি তিনি নিশ্চয়ই মারা গেছেন, আর ৪০ বছর আগের সেই সরকারী কর্মচারীর সার্ভিসও নেই। সুতরাং ৮০ সালে ন্যায়সঙ্গত মূল্য কি হবে সেটা বিচার কে করবে এবং কিভাবে সেটা করা হবে? ইংরাজ আমলে নিজেদের প্রয়োজনে জবরদস্তি আইন তৈরি করে জমিকে রিক্যুইজিসান করে কোন সুবিচার করা হয়নি। সেগুলিকে তাড়াতাড়ি ফেরত দেবার বা অ্যাকোয়ার করে তাদের মূল্য দেবার যে প্রয়োজন ছিলো সেটা না দেবার ফলে বহু মানুষ দুর্দশার মধ্যে পড়েছে। তাই বলেছিলাম অবাঞ্ছিত আইন যেটা স্বল্প মেয়াদী হবার কথা ছিলো সেটাকে আরো সময় বাড়াবার প্রয়োজন নেই। ১৪ বছরে ১০টা সংশোধন করে তার পরমায়ু ২৯ বছর করলেন। কিন্তু এটা একটা সুস্থ লেজিসলেসান নয়। আপনি মাত্র ১ বছর মেয়াদ বাড়াচ্ছেন। আশা করবো এই এক বছরের মধ্যে রিক্যুইজিসান ল্যাণ্ডগুলোকে যাতে অ্যাকুইজিসান করা যায় তার ব্যবস্থা করবেন এবং মনে রাখবেন অ্যাকুইজিসান ও রিক্যুইজিসনের ক্ষেত্রে অফিসার মহল যারা এগুলি হ্যাণ্ডেল করবেন তারা অনেক ক্ষেত্রে দুর্নীতিপরায়ন হয়ে থাকেন। এর ফলে গরীব মানুষ যারা জমি বা বাড়ি অ্যাকুইজিসান বা রিক্যুইজিসান করা হয়, তার উপর ন্যায় বিচার করা হয় না। সুতরাং আমি বলছি রিক্যুইজিসান অ্যাকুইজিসান জড়িয়ে একটা কমপ্রিহেনসিভ আইন আনুন। এই বলে আমি শেষ করছি।

**শ্রী শেখ ইমাজুদ্দিন :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিল সম্পর্কে আলোচনা করবার আগে একটা বিষয় আমি দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে এই সরকার আসার পর থেকেই দেখা যাচ্ছে কোর্টের যে রায় হচ্ছে তা সরকারের বিরুদ্ধে যাচ্ছে। কথা হচ্ছে হাউসে যাঁরা আছেন তাঁরা সকলেই হয়ত ইংরাজী জানেন না, আবার এমনও দু'একজন আছেন তাঁরা বাংলা জানেন না। সরকার মুখে বলছেন ইংরাজীর প্রয়োজন নেই, অথচ আমাদের যে বিলের কপি দেওয়া হচ্ছে সেটা ইংরাজীতে। এটা এক সপ্তাহ আগে দিলে আমাদের পড়ে আলোচনা করতে সুবিধা হয়, কিন্তু তা তাঁরা করেন না। আজকে বাংলা কপি দিচ্ছেন, অথচ ১৪শে নভেম্বর তারিখে সই আছে দেখছি ইংরাজী কপিতে। যাই হোক, ১৯৫১ সালে এই বিল প্রথম আসে, সেই বিলের যে সংশোধন তাতে আগামী ১৯৭৯ সালে সেই বিলের কার্যকাল শেষ হওয়ার কথা, সেজন্য তিনি আরো এক বছরের জন্য মেয়াদ বাড়িয়ে নিচ্ছেন। তিনি অভিজ্ঞ লোক, কৃষিভূমি সম্পর্কে তাঁর ভাল অভিজ্ঞতা আছে, আমরা আশা করব ১ বছর মেয়াদ বাড়িয়ে নেওয়ার অর্থ হচ্ছে ১৯৮০ সালের পরে তিনি একটা কম্প্রিহেনসিভ বিল আনবেন এবং যেসব সমস্যা আছে সেইসব সমস্যার সমাধানের ব্যবস্থা করবেন। রিকুইজিসান ল্যাণ্ড, রিকুইজিসান বিল্ডিং সম্বন্ধে অনেকে খোঁজ খবর রাখেন, এই সম্বন্ধে অনেক সমস্যা রয়েছে। আমি মুর্শিদাবাদের সামান্য একজন নিম্ন মধ্যবিত্তের একটা সমস্যার কথা বলছি। তিনি বাস করার জন্য একটা বাড়ী তৈরী করেছিলেন। সি. এ. ডি. পি. অফিসারের জন্য ১ বছরের জন্য বাড়ীটা রিকুইজিসান করে নিলেন। সেই ভদ্রলোক মনে করলেন ১ বছর বাদেই বাড়ীটা ফেরত পাবেন। কিন্তু দেখা গেল বছরের পর বছর বাড়ীটা রিকুইজিসান অবস্থায় আছে। সেই ভদ্রলোক আমার কাছে এসেছিলেন, সেখানে এমন জিনিষ রাখা হয়েছে যাতে বাড়ীটার ক্ষতি হয়েছে, এমন কি ছাদ দিয়ে জল পড়ছে, মেরামত হচ্ছে না। এই সম্পর্কে নিশ্চয়ই তিনি ভাবছেন। ১ বছরের মেয়াদ তিনি বাড়াতে চান বাড়ান, কিন্তু তারপরে অর্জন করা হবে, না, কি মুক্ত করা হবে—মুক্ত হবে বলে আমি বিশ্বাস করতে পারছি না, তবে তিনি যদি কাজে দেখিয়ে দিতে পারেন তাহলে নিশ্চয়ই আমরা তাঁর প্রশংসা করব, এক বছর তিনি যে মেয়াদ বাড়াতে চেয়েছেন তাতে আমাদের আপত্তি নেই, সমর্থন করছি, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীধীরেন্দ্র নাথ সরকার** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রীবিনয় কৃষ্ণ চৌধুরী মহাশয় আজকে সভার সামনে যে পশ্চিমবঙ্গ অধিগৃহীত ভূমি ( ক্ষমতার স্থায়িত্ব সংশোধন ) বিধেয়ক, ১৯৭৮, নিয়ে এসেছেন এই বিলটা সমর্থনযোগ্য। কারণ, এই বিলের উদ্দেশ্য ভাল। এই বিল আনার কারণ হিসাবে উনি বলেছেন যে সম্পত্তিসমূহকে ঐরূপ অধিগ্রহণ হইতে মুক্ত করা অথবা ঐগুলিকে স্থায়ীভাবে অর্জন করা, কোনটিই সম্ভব হয় নাই। যে সম্পত্তিটা অধিগৃহীত হয়েছে সেই সম্পত্তিটির সেই সময়ের মেয়াদ ১৯৭৮ সালে শেষ হয়ে যাচ্ছে।

[6-45—6-55 P.M.]

এবং তারজন্য আরও ১ বছরের প্রয়োজন কেননা অধিগৃহীত সম্পত্তিগুলি এখনও পূর্ণভাবে গ্রহণ করা সম্ভব হয়নি। কিন্তু কেন সম্ভব হয়নি এসম্পর্কে তিনি কিছু বলেননি। আমরা জানি এর কারণ কোথায়। এর কারণ আর কিছু নয়, বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসেছে প্রায় দু-বছর হতে চলল, কিন্তু তাঁরা যে কায়দায় এই ভূমি ব্যবস্থা পরিচালিত করতে চাচ্ছেন ঠিক সেই কায়দাগুলি তাঁদের অফিসিয়াল মেসিন্যারি অনুধাবন করতে পারছে না। এছাড়া, সরকারী অফিসারদের মধ্যে নানা রকম দুর্নীতি, তাঁদের গাফিলতি এবং ইচ্ছামূলকভাবে লোককে হয়রাণী করা ইত্যাদি নানা রকম কারণ এর পেছনে রয়েছে। মন্ত্রী মহাশয় কৌশলে সেই কারণগুলির কথা এখানে বলেননি। আমি বলছি যতদিন পর্য্যন্ত না আপনারা এই আমলাতন্ত্রের ষড়যন্ত্র দূর করবার জন্য একটা বিল আনতে পারছেন ততদিন পর্য্যন্ত এই ১ বছর/১ বছর করে শুধু বাড়িয়েই নেওয়া হবে এবং হয়ত দেখা যাবে ১ বছর পর আবার এসে বলবেন পূর্ণভাবে গ্রহণ করা যায়নি কাজেই আবার ১ বছর বাড়ান হোক এবং দেখা যাবে এটা আবার বাড়ান হল এবং এইভাবে এটা বেড়েই চলবে। কাজেই আপনি মুখরোচক একটা বিল এনে যদি চুপ করে থাকেন তাতে কোন কাজ হবে না। কার্যকরী ব্যবস্থা নেবার জন্য আন্তরিকতার সঙ্গে একটা ব্যবস্থা করা দরকার এবং সেই চেষ্টা করলে তবেই এটা করা সম্ভব হবে। তিনি হয়ত বলবেন কংগ্রেসীদের যে সমস্ত দুর্নীতি ছিল তারজন্যই এতদিন পর্যন্ত এই অধিগৃহীত জমিগুলি এ্যাকুইজিসন করা সম্ভব হয়নি। আমি জানি তিনি একথা বলবেন, কারণ তিনি প্রথমেই বলেছেন গত ৩০ বছর এখানে অনেক জঙ্গলের রাজত্ব ছিল। এই কথা বলা একটা বড় জিনিস নয়, আপনারা কাজের মাধ্যমে দেখিয়ে দিন যে, আপনারা এসে এই কাজ পূর্ণ করেছেন। কাজেই আমার মনে সন্দেহ হচ্ছে মন্ত্রীমহাশয় যে

বিল এনেছেন সেটা ১ বছরের মধ্যে সফলতা লাভ করতে পারবে কি না? আমি এই বিল সমর্থন করেও বলছি, এই ব্যাপারে আপনারা একটা কার্যকরী ব্যবস্থা অবলম্বন করুন এবং অফিসার মহলকে যাতে সায়েস্তা করা যায় তারজন্য দৃঢ় পদক্ষেপ গ্রহণ করুন।

**শ্রীজয়কেশ মুখার্জী** : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি এই বিলকে সমর্থন করছি। আমার মনে হয় এতে বেশী কিছু নেই। একজন মাননীয় সদস্য বলেছেন ৩০ বছরের কংগ্রেসের জঞ্জাল। এই জঞ্জাল পরিষ্কার করতে নিশ্চয়ই সময় লাগবে। মন্ত্রীমহাশয় এই ব্যাপারে মাত্র ১ বছর সময় চেয়েছেন, এটা বেশী কিছু নয়। গত ৩০ বছর ধরে যে জিনিস চালিয়ে গেছে সেটা ১ বছরের মধ্যেই স্বার্থক হবে এটা সম্ভব নয়। এ সম্বন্ধে মাননীয় সদস্য সুনীতিবাবু বলেছেন। এখানে এতদিন ধরে যে অবস্থা চলছিল, যেটা তাঁরা করেছেন তার উপর যতটা কারিগরি করা সম্ভব সেটাই করা হচ্ছে। এবং ভবিষ্যতে যে অবস্থার সৃষ্টি হবে তখন তারা বিপ্লবকে দেখতে পারেন এখন দেখার কোন অবস্থা নেই। সেই কথা বলে এই বিলকে পরিপূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅনিল মুখার্জী** : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই বিল সম্বন্ধে আমাদের বিরোধী দলের বিশেষ করে জনতাপার্টির মাননায় সদস্য শশবিন্দু বেরা মহাশয় কিছু বক্তব্য রেখেছেন। তিনি প্রথমেই বিলটাকে সমর্থন করে বিল সম্বন্ধে যে কথা বলেছেন তাতে বিরূপ মন্তব্য না করে পারছি না। ইতিহাস তিনি দেখিয়েছেন ডিফেন্স অব ইণ্ডিয়া এ্যাক্ট এটা তার থেকে জন্ম এবং অরিজিন এ্যাণ্ড ডেভালাপমেণ্ট। কিন্তু মাননীয় সদস্য শশবিন্দু বেরা মহাশয় ৬৯ সালে তিনি আমাদের সঙ্গে ছিলেন, সেই সময়ের কথাও কিছু উল্লেখ করেছেন। এটা তিনি জানেন যে এই সরকার বিপ্লব করে আসেনি, বিপ্লবী সরকার এটা নয়। বিপ্লব থেকে এর জন্ম নয়। বৃটিশ প্রসূত যা আছে, যে বৃটিশ সাম্রাজ্যবাদী জারজ সন্তান জন্ম দিয়েছে, যার লালন পালন করেছে কংগ্রেস সরকার তাকে এক্ষুণি গলা টিপে হত্যা করে মারব—এই প্রতিশ্রুতি দিয়ে আমরা এখানে আসিনি আমরা ৩৬ দফা কর্মসূচীর প্রতিশ্রুতি দিয়ে এখানে এসেছি। সুতরাং সরকার রাতারাতি ম্যাজিক দেখাবে তা নয়, কোন কাঠামোর মধ্যে যে জারজ সন্তানকে ওরা লালন পালন করেছে সেই সরকার যাদের বড় করেছে তাকে এক্ষুণি আমরা গলা টিপে হত্যা করতে পারি না। এই কাঠামোতে অন্তত তা সম্ভব নয়।

সুতরাং সাম্রাজ্যবাদী ব্রিটিশ সরকার ১৯৩৯ সালে দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় তার প্রসূত যে সরকার বা আইন এবং এমন কি সংবিধান বর্ত্তমানে যেটা রচিত হয়েছে সেও তো ব্রিটিশ এর সময় ১৮৬১ সালের কাউনসিল এ্যাক্ট, ১৮৯২ সালের কাউনসিল এ্যাক্ট ১৯০৯ সালের এ্যাক্ট, ১৯৩০ সালের, ৩৫ সালে এবং সেই ৩৫ সালের কাঠামোর উপরে বর্ত্তমানে এই সংবিধান রচিত হয়েছে। সেটা যদি বাদ দিতে হয় তাহলে এ্যাসেমব্লিও বাদ দিতে হয়। তাহলে পার্লামেণ্ট স্পীকার রুলস অব প্রসিডিউর ইত্যাদি বাদ দিতে হয়। স্যার, আমরা কথায় কথায় মেজ পার্লামেন্টারী প্রাকটিশ খুলে দাড়াই, হাই কোর্ট, সুপ্রীম কোর্ট, করছি—আমাদের শরীরের রক্তে রক্তে বৃটিশের সমস্ত কিছু ঢুকে আছে এবং এগুলি ৩০ বছর ধরে কংগ্রেসীরা সেটীকে বাড়িয়ে দিয়েছে তার লিগেসী হিসাবে এই সরকার এসেছে। যাই হউক মাননীয় সদস্য তিনি অনেক পড়াশুনা করে তার বক্তব্য রেখেছেন কিন্তু বেরোধী দলের কংগ্রেসী সদস্যরা তারা কোন আইনের ধারে কাছে গেলেন না। যিনি এই মাত্র বললেন তিনি কতকগুলি দুর্নীতির কথা বলেগেলেন।

[6-55---7-05 P.M.]

তিনি কংগ্রেসকে সমর্থন করে বলেছেন, বলেছেন অফিশিয়েলস্‌দের দুর্নীতি, তাদের গাফিলতি, আমলাতন্ত্রের প্রভাব ইত্যাদি এবং প্রতিক্রিয়া, সম্পত্তি বাড়ান এই সব কথা বলে বলেছেন এটা একটা মুখরোচক বিল। বিল আবার মুখরোচক কি করে হয় জানি না। উনি যে সব কথাবার্তা বললেন সেই সব অন্তরের সঙ্গে বলেননি। ( এখানে লাল আলো জ্বালানো হয় ) স্যার, আমাকে দু মিনিট সময় দিন। তাঁর এই সব কথাবার্তা শুনে মনে হচ্ছে উনি যে সব কথা বললেন আইনের সঙ্গে তার কোন সঙ্গতি নাই। আইনটা কি? আইনটা হচ্ছে গত মহাযুদ্ধের সময় যখন অনেক ঘরবাড়ী দরকার হয়েছিল—দুটি বিশ্বযুদ্ধ আরম্ভ হওয়ার সঙ্গে সঙ্গে কাজকর্ম পরিচালনার জন্য যুদ্ধ পরিচালনার জন্য রিকুইজিশন করার ব্যবস্থা করেছিলেন। পরবর্তিকালে কংগ্রেসও নতুন কম্প্রিহেনসিভ বিল করতে না পেরে সেই একইভাবে অফিস আদালতের জন্য বাড়ী দরকার হওয়ায়, এই সব করেছিলেন। বাঁকুড়ার একজন মাননীয় সদস্য বললেন, মুর্শিদাবাদের একজন বললেন যে বহু বাড়ী রিকুইজিশন করেছেন। মাননীয় সদস্য শশবিন্দু বেরা যে কথা বললেন কম্পেসেসন দেওয়া হবে কিন্তু সেটা আগেকার রেটে কেন। কিন্তু তিনি এটা দেখলেন না বাড়ীর কনষ্ট্রাকশন কস্ট কত, সেই সময় ভ্যালুয়েশন কি ছিল, ১৯৩৯

সালে বাড়ী তৈরী করতে যে কস্ট লেগেছিল নিশ্চয়ই বিল্ডিং আজকে তৈরী করতে কস্ট এক রকম হবে না। সুতরাং কম্পেনসেসন সেইভাবে এক্সপার্টস ওপিনিয়ন নিয়ে স্থির করতে হবে। এই আইনের যে প্রয়োজনীয়তা আছে সে বিষয়ে সন্দেহ নাই, তবে কোনগুলি রিকুইজিশন করার দরকার আছে, কোনগুলি এ্যাকুইয়ার করতে হবে সেটা বিবেচনা করে করতে হবে, পরিস্থিতি বিবেচনা করে করতে হবে। সুতরাং ২৮ বছরে যদি কোন ক্ষতি না হয়ে থাকতো, এক বছর এক্সটেনশন করলে কোন ক্ষতি হবে না। আমি আইনটিকে পূর্ণ সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করছি।

**শ্রীগণেশচন্দ্র মণ্ডল** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজস্বমন্ত্রী মহাশয় যে বিল এনেছেন, তার সমর্থনে কয়েকটি কথা বলতে চাই। এর আগে এই ধরণের বিল অনেক এসেছে, তাতে আমরা সম্মতিও দিয়েছি। ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয় কিছু কিছু আইনের সময় সীমা বাড়াতে চাইছেন, এটা যুগোপযোগী বলে মনে করি। কিন্তু একটা জিনিষ আমাদের ভাবা দরকার। দীর্ঘদিন ধরে অনেক বাড়ী অধিগ্রহণ করার পরেও প্রকৃত মূল্য নিরূপণ করতে পারেননি, আবার সেই বাড়ীর প্রয়োজন আছে কিনা, এই সমস্ত ভাবতে অনেক সময় লেগে যায়। এতে গরীব সাধারণ মধ্যবিত্ত মানুষের স্বার্থ অনেক সময় বিঘ্নিত হয়। তাই মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ যে এই রকম দীর্ঘ সময় আইনের প্যাঁচ না বাড়িয়ে যারা বাড়ীর প্রকৃত মালিক তাদের সম্পর্কে তাড়াতাড়ি একটা ব্যবস্থা গ্রহণ করেন এবং এই সম্পর্কে যদি তাড়াতাড়ি একটা নিষ্পত্তির ব্যবস্থা হয় তাহলে ভাল হবে বলে মনে করি। আমি এই আইনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শশবিন্দু বেরা মহাশয় যা বলেছেন আমি তা খুব মন দিয়ে শুনেছি এবং এই বিল সম্পর্কে সময় সীমা বাড়ানোতে আমি খুব খুশী নই। নিরুপায় হয়েই বাড়াতে হচ্ছে ২৮/২৯ বছর ধরে যেটা বেড়েছে সেটা আমাদের জন্য নয়। এখন যেটা বাড়াতে হচ্ছে সেটা বাধ্য হয়েই করতে হচ্ছে। এবং কেন করছি আমি ১২৬টির খোঁজ নিয়েছি। তার অধিকাংশই ফুড কর্পোরেশনের গোডাউন। অনেক সরকারী অফিস আছে। এখনই এই আইন বাতিল করে দিলে সঙ্গে সঙ্গে সেখানে একটা ডেড লক সৃষ্টি হয়ে যাবে। যেজন্য দেখবেন একটা বিধান করা হয়েছে। এখানে দেখবেন বলা হচ্ছে এক বছরের ভিতরে হয় এটা অধিগ্রহণ করতে হবে সম্পূর্ণভাবে অর্থাৎ এ্যাকুউজেসান করে নিতে হবে, তা না হলে ছেড়ে দিতে হবে। এইবার বন্যার কারণে করা যায় নি। এইটা

করতে হবে, না করলে হবে না। সেইজন্য ঠিক করেছি ১৯৭৮ সালের ১লা এপ্রিল থেকে পুরাণো রেণ্টে হবে না। আজকে যে রেণ্ট সেইটা দিতে হবে এবং তারপরও যদি ব্যবস্থা করতে না পারি তাহলে কিনে ফেলতে হবে। আর বেশিদিন এইভাবে চলে না। এইরকম দীর্ঘদিন আনডিসাইডেড থাকতে পারে না। সেইজন্য এইবারের মতো রিকুইজেসান করে ফাইন্যালি ঠিক করতে হবে। এটা যদি না করা যায় তাহলে যখন নেবেন তখনকার বাজার দর হিসাবে দিতে হবে। ( শ্রীশশবিন্দু বেরা : সেকসান সিক্স ( টু ) ( ওয়ান ) এ আছে দেখবেন রিকুউজেসানের টাইমে যে বাজার দর সেই হারে টাকা দিতে হবে। ) না, যখন নেওয়া হবে তখনকার মারকেট প্রাইস দেওয়া হবে। এখন যেটা ভাবতে হবে সেটা হচ্ছে ১২৬ টার ক্ষেত্রে নিতান্ত নিরুপায় হয়ে বাধ্য হয়ে রাখতে হচ্ছে এই এক বছর। এই এক বছরের মধ্যে এদের ঠিক করে নিতে হবে দিস ওয়ে অর হ্যাট ওয়ে। আর হবে না। সেইজন্য বলছি আমাদের ক্ষেত্রে এই বছর দেখুন। তারপর আমাদের না হয় বলবেন কি করছি, না করছি। সেইজন্য আমার মনে হয় সমস্ত দিক বিবেচনা করে আপনাদের সকলেরই এটা সমর্থন করা উচিত।

The motion of Shri Benoy Krishna Chowdhury that the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1978, be taken into consideration, was then put and agreed to.

**Clause 1, 2 and preamble**

The question that clauses 1, 2 and preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Benoy Krishna Chowdhury :** Sir, I beg to move that the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1978, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**The West Bengal Bhudan Yagna (Amendment) Bill, 1978.**

**Shri Benoy Krishna Chowdhury :** Sir, I beg to introduce the West Bengal Bhudan Yagna (Amendment) Bill, 1978.

(Secretary then read the title of the Bill)

**Shri Benoy Krishna Chowdhury :** Sir, I beg to move that the West Bengal Bhudan Yagna (Amendment) Bill, 1978, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে এই প্রস্তাব উত্থাপন করছি যে ১৯৭৮ সালের পশ্চিমবঙ্গ ভূদান যজ্ঞ ( সংশোধন ) বিধেয়কটি বিবেচনার জন্য গৃহীত হোক। স্যার, ১৯৬২ সালের ভূদান যজ্ঞ আইনের ৩(২) ধারা অনুসারে ভূদান যজ্ঞ বোর্ড গঠনের বিধান আছে। উক্ত ধারা অনুযায়ী বোর্ডের অধিকাংশ সদস্য আচার্য বিনোবা ভাবে কর্তৃক মনোনীত হবেন। আচার্য বিনোবা ভাবে জানিয়েছেন যে তাঁর স্থলে তাঁর প্রতিষ্ঠিত অখিল ভারত সর্বসেবা সংঘকে ভূদান যজ্ঞ বোর্ডের অধিকাংশ সদস্য মনোনয়নের ক্ষমতা দেওয়া হোক। কিন্তু আইনে আচার্য বিনোবাভাবে কর্তৃক অনুরূপ ক্ষমতার্পণের কোন বিধান না থাকায় অখিল ভারত সর্বসেবা সংঘের অনুমোদন আইনানুগ বলে গ্রহণ করা যায় না। আচার্য বিনোবাজীর উপরোক্ত ইচ্ছার সম্মানার্থে এবং ভবিষ্যতে অন্য কোন কারণে যদি ভূদান যজ্ঞ বোর্ডের সদস্য মনোনয়ন করতে সক্ষম না হন তখন বোর্ডের কার্য পরিচালনার ক্ষেত্রে যে অসুবিধাকর পরিস্থিতির উদ্ভব হবে, সে কথা বিবেচনা করে আইনের ৩(২) ধারাটির সংশোধন একান্ত প্রয়োজন যাতে ভূদান যজ্ঞ বোর্ডের অধিকাংশ সদস্য আচার্য বিনোবাজীর স্থলে 'অখিল ভারত সর্বসেবা সংঘ' কর্তৃক মনোনীত হতে পারেন এবং তা আইনানুগ হয়। আলোচ্য বিধেয়কটিরতে অনুরূপ প্রস্তাবই করা হয়েছে। প্রসঙ্গক্রমে উল্লেখ করি বর্তমান পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইনের পরিপ্রেক্ষিতে এই আইনের আর প্রয়োজন আছে কি না তা পরে খতিয়ে দেখা হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা করবো, মাননীয় সকল সদস্যই আমার এই প্রস্তাবে সম্মতি দেবেন এবং আমরা উত্থাপিত ১৯৭৮ সালের ভূদান যজ্ঞ ( সংশোধন ) বিধেয়কটি বিধানসভা কর্তৃক অনুমোদনের জন্য গৃহীত হবে।

**শ্রীবঙ্কিম বিহারী মাইতি :** শ্রদ্ধেয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী যে বিলটি উত্থাপন করেছেন পশ্চিমবঙ্গ ভূদান যজ্ঞ ( সংশোধন ) বিল আমি সেটা সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে আমি কয়েকটি বক্তব্য এই ভূদান যজ্ঞ সম্পর্কে রাখছি। গান্ধীজীর শিষ্য আচার্য বিনোবাজী এক বৈপ্লবিক চিন্তাধারা নিয়ে এই ভূদান যজ্ঞ অবতারণা করেন। যখন সারা ভারতবর্ষে এই জমির ব্যাপার নিয়ে হিংসার তাণ্ডব চলছিল তখন বিনোবাজী এই ভূদান আন্দোলন সুরু করেন।

এবং শেষে সেই আন্দোলন গ্রামদান যজ্ঞে পর্যবসিত হয়। অনেক গ্রাম দান করা হয় যেটা আজকে সরকারী নথীপত্রে আছে। চাষীরা তাদের ন্যায্য অধিকার পাবে এবং সেই অধিকার বলে দরিদ্র চাষীদের দারিদ্র দূর হবে এই ছিল বিনোবাজীর আকাঙ্ক্ষা। রাজ্য প্রজাদের মধ্যে যে দূরত্ব সেই দূরত্ব দূর হোক ভূদান যজ্ঞের মাধ্যমে এই ছিল এই আন্দোলনের মূল কথা এবং এটা সম্পূর্ণ অহিংস আন্দোলন এবং এই অহিংসার মাধ্যমে চাষীদের অধিকার রক্ষিত হবে। তাই সারা ভারতবর্ষে জন জাগরণ এসেছিল। সেদিন বিনোবাজী বলেছিলেন সমস্ত ন্যাশন্যাল প্ল্যানিং বাদ দিয়ে ভিলেজ প্ল্যানিং করুন, গ্রামের উন্নতির যে পরিকল্পনা সেই পরিকল্পনাকে অগ্রাধিকার দাও। গ্রামেই রাজ্যের সম্পদ নিহিত আছে। তাই তিনি আগে গ্রামকে গড়তে চেয়েছিলেন। সেদিন সারা ভারতবর্ষের মানুষ এই আন্দোলনের সামিল হয়েছিল। আজকে এই সবই তাঁরই অবদান বলা যেতে পারে। ১৯৬০ সালে তার জন্য আইন আনতে হয়েছে। আজকে আবার নূতন করে মন্ত্রী মহাশয় সংশোধন এনেছেন। কেন না বিনোবাজী বর্তমানে খুবই অসুস্থ সব জায়গায় যেতে পারছেন না এখন তিনি অপারক হয়ে পড়েছেন।

সেই সঙ্গে মন্ত্রী মহাশয়কে বলব আজকে এই যে বৈপ্লবিক বর্গাদার প্রথা যেটা চাষীদের মধ্যে চলছে সেটা যদি এই ভূদান যজ্ঞ অহিংসার মাধ্যমে চলে তাহলে কারো মতে কোন বিরোধ থাকবে না। আজকে একটা রক্তময়ী সংগ্রাম চলছে। কোন চাষী আজকে কোন চাষীকেই বিশ্বাস করতে পারছে না। অহিংসার মাধ্যমে হলে এটা বোধ হয় দূরীভূত হবে। আজকে বিনয়বাবুকে ধন্যবাদ জানাব যে তিনি নিশ্চয় ভূদান যজ্ঞ বিশ্বাস করেন এবং সমর্থন করেন, সেই জন্য তিনি আজকে এই নূতন আকারে এই বিলটি এনেছেন। একটি কথা হল বিনোবাজীকে মনঃপুত করার জন্য তাঁর মনোনীত সদস্যগণকে নেবেন বলেছেন। কিন্তু আমার মনে হয় সেখানে সীমাবদ্ধ কয়েকজন থাকবেন। এছাড়াও ভূদান যজ্ঞে বিশ্বাসী আপনাদের মত অনেকে আছেন, তারাও যদি এই সর্বসেবা সংঘের অন্তর্ভুক্ত হন তাহলে আমার মনে হয় এই ভূদান যজ্ঞের রূপদান আরো ভাল ভাবে হবে এবং এই ভূদান যজ্ঞের মধ্যে গ্রামীন যেসব উন্নয়ন মূলক পরিকল্পনার কথা আছে সেগুলিও নিশ্চয় সাফল্যমণ্ডিত হবে। বিনোবাজী

যখন পশ্চিমবঙ্গে এসেছিলেন তখন তাঁর মাধ্যমে বিভিন্ন গ্রাম দান করা হয়েছিল। সেই গ্রাম দান করার উদ্দেশ্য এই নয় যে তার সম্পত্তি হয়ে যাবে—তিনি সেদিন বলেছিলেন এই গ্রাম প্রতিটি পরিবারের হবে এবং প্রতিটি পরিবারই সুখী পরিবার হবে, প্রতিটি পরিবারের অর্থনৈতিক উন্নতি হবে। যে জমি হবে সেটা প্রতিটি পরিবারের সমান ভাগ থাকবে, কারো বেশী, কারো কম থাকবে না, কারো মর্যাদা কম কারো মর্যাদা বেশী হবে না। এটা সত্যিকারে যদি করা হয় তাহলে আমরা মনে করি নিশ্চয় সেই গ্রামের উন্নতি হবে। এই সরকারের মাধ্যমে বিনয়বাবু যে বিল এনেছেন সত্যিকারে এদিকে যদি মন দেন তাহলে সেদিন বিনোবাজী স্বরাজ প্রকল্পের জন্য যে ভূদান যজ্ঞের পরিকল্পনা করেছিলেন সেই পরিকল্পনা রূপায়ণের জন্য যে গ্রামগুলি দান করা হয়েছে সেগুলির মাধ্যমে আপনারা কাজ আরম্ভ করুন এবং এটা করলে গ্রামদানের মাধ্যমে তিনি যে বৈপ্লবিক পরিকল্পনা গ্রহণ করেছিলেন সেটা সাফল্যমণ্ডিত হবে। আপনি দেরীতে হলেও যে বিল এনেছেন তাকে আবার স্বাগত জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ্।

**শ্রী সেখ ইমাজুদ্দিন** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী পশ্চিমবঙ্গ ভূদান যজ্ঞ সংশোধনী বিধেয়ক ১৯৭৮ যে বিলটি এনেছেন সেই বিলকে আমরা খুব আনন্দের সঙ্গে সমর্থন করছি। আনন্দের সঙ্গে সমর্থন করছি এই জন্য যে তিনি মার্ক্সীয় দর্শনে বিশ্বাসী এবং ভূমি সমস্যার সমাধান কার্ল মার্ক্সীয় পদ্ধতিতে করতে চাইছেন, কিন্তু ভারতবর্ষের মাটিতে অনেক অসুবিধা আছে, সেটা নিশ্চয় তিনি লক্ষ্য করেছেন এবং তাঁর মনে একটা সংশয় জেগেছে যে মার্কসীয় থিয়োরীতে ভূমি সমস্যার সমাধান করা যাবে না। গান্ধীজী অহিংসা নীতিতে বিশ্বাসী ছিলেন। তাঁর উপযুক্ত শিষ্য বিনোবাজী ভূমি সমস্যার সমাধান করে গেছেন, তাঁর প্রতি ওঁর একটা আস্থা আছে এবং এই সম্পর্কে একটা কিছু যে করা দরকার সেই জন্য তিনি এই বিলটি এনেছেন। এই সংশোধনীকে আমরা তাই খুব আনন্দের সঙ্গে, আন্তরিকতার সঙ্গে সমর্থন করছি এবং রক্ত ক্ষয়ী বিপ্লবের মধ্য দিয়ে নয়, অহিংস পথে এই সমস্যার সমাধান সম্ভব। গ্রাম গঞ্জে বর্তমানে জমি দখল নিয়ে যে জিনিস চলছে তাতে করে দেশের খারাপই হবে, মঙ্গল হবে না। আপনারা ১৯৬৭-৬৯ সালে ক্ষমতায় এসে কি করেছিলেন আমরা দেখেছি। এই পথে এই সমস্যার সমাধান সম্ভব নয়। তাই আসতে আসতে অহিংস পথে একটু একটু ডোজ দেওয়াই ভাল।

কাজেই প্রথম তিনি এই যে ডোজ দিলেন সেই জন্য আমরা খুব আনন্দের সঙ্গে বিলটিকে সমর্থন করছি।

[7-15—7-27 P.M.]

**শ্রীসুনীতি চট্টোরাজ** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রী মহাশয় পশ্চিমবাংলা ভূদান যজ্ঞ সংশোধন বিধেয়ক ১৯৭৮ এনেছেন, এটা আমি সমর্থন করছি। তিনি একজন অহিংস নেতার প্রতি সম্মান প্রদর্শনের জন্য এই বিল এনেছেন, আমরা সেজন্য সম্মান দিচ্ছি। কিন্তু একটা কথা হচ্ছে, একটু আগে দেখলাম যে ভূমিগ্রহণ এবং তারপরে দেখলাম ভূ-দান। আমি বামফ্রন্ট সরকারের নীতি সম্পর্কে উল্লেখ করতে চাই। এই বামফ্রন্ট সরকার গান্ধীজীর গলায় মালা দিচ্ছেন, অহিংসার নীতিকে ফলো করতে বলছেন। আবার যেখানে গান্ধীজীর শিরোচ্ছেদন হচ্ছে সেখানে ইনডাইরেক্টলি ইন্ধন যোগাচ্ছেন। তাঁরা বলছেন, ভূ-দান যজ্ঞের জন্য বিল এনেছেন, বিনোবাজীর আদর্শে বিশ্বাসী হতে বলছেন, আবার অপারেশান বর্গা নামে মালিকদের অপারেশান করছেন। এই যে দু মুখো নীতি, এই দু মুখো নীতির জন্য মন্ত্রী মহাশয়কে বলি আপনি আগে নিজের মনটা পরিষ্কার করুন। আগে নীতি ঠিক করুন যে কোন পথে যাবেন যে গান্ধীজীর পথে চলবেন, না, মার্কস, লেনিনের পথে চলবেন। এই বিলে আমার আপত্তি করার কিছু নেই। কিন্তু আপনাদের বলি এই ভূ-দান যজ্ঞ একটা বিরাট যজ্ঞ। এর মাধ্যমে পশ্চিমবাংলার যে টোটাল ভূমির প্রব্লেম তার সমাধানের চেষ্টা করুন। আমার মনে হয় অহিংসার পথে পশ্চিমবাংলার এই সমস্যার সমাধান হবে। বিনোবাজী অহিংসা নীতিতে বিশ্বাসী, সেই নীতিকে শ্রদ্ধা জানাবার জন্য এই বিল আনছেন, আবার মাঠে মাঠে হিংসার নীতি ছড়িয়ে দিচ্ছেন। এই যে দু মুখো নীতি, এটা আপনারা বর্জন করুন। আমার বিশ্বাস তাতে পশ্চিমবাংলা বাঁচবে। আপনাদের হাত থেকে না বাঁচুক, আগামীদিনে বাঁচবে। কাজেই পশ্চিমবাংলাকে বাঁচাবার চেষ্টা করুন। যদিও এই কথাগুলি আমি বিলের বাইরে বললাম। আপনি ভূমি গ্রহণ করছেন, আবার বর্গাদারদের দিয়ে জাল রেকর্ড করিয়ে জমির মালিকদের গলাচ্ছেদন করবেন, এগুলি বন্ধ করুন। আপনারা চিন্তা করুন যাতে পশ্চিমবাংলায় টোটাল ভূমি সমস্যার সমাধান করা যায়।

**শ্রীসরল দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কিছুক্ষণ আগে বিরোধী দলের সদস্য সুনীতিবাবু এবং জনতা দলের মাননীয় সদস্য বললেন যে বিনয়বাবু মার্কসবাদ পরিত্যাগ করে অহিংসার পথে, বিনোবাজীর আদর্শে এগোতে চাইছেন। এখন হচ্ছে, বিনোবাজীর বৈপ্লবীক যে নীতি সেই নীতির অনেক লিগেসী আমাদের বহণ করতে হচ্ছে। দীর্ঘ ৩০ বছর ধরে যে সমস্ত জারজসন্তানকে ও*ঁ*রা রেখে গেছেন সেগুলিকে আমাদের বহণ করতে হচ্ছে। বিনোবাজীর বৈপ্লবীক আদর্শের কোন ব্যাপার ছিল না। ব্যাপারটা সেই বামুনের কানা গুরু দানের মত। অর্থাৎ জমির আন্দোলন থেকে জনগণকে দূরে সরিয়ে নিয়ে যাবার জন্য তাঁরা বিনোবাভাবেকে পাঠিয়েছিলেন অহিংসার নামাবলি গাঁগে দিয়ে জোতদারের স্বার্থ রক্ষা করার জন্য। এখানে বিনয়বাবু যে বিল এনেছেন, এর মানে এই না যে বিনোবাজীর উপর পরিপূর্ণ আস্তা রেখে তিনি এই বিল এনেছেন। যে কথাটা আমি বলছিলাম যে আমাদের সেই লিগেসী বহণ করতে হচ্ছে। যেহেতু আমরা বিপ্লবের মধ্যে দিয়ে এখানে আসিনি, আমরা পার্লামেণ্টারী ডেমোক্রাসির মধ্যে দিয়ে এখানে এসেছি, স্বভাবতঃই ও*ঁ*দের সেই লিগেসী বহন করতে গিয়ে আজকে যে সংশোধনী বিল উনি এখানে এনেছেন, সেই বিলকে আমি সমর্থন করছি। সঙ্গে সঙ্গে বলতে হচ্ছে, বিনোবাভাবের যে আদর্শের কথা বনতা বন্ধ বললেন, 'বৈপ্লবীক আদর্শ—এখানে বিপ্লবের কোন ব্যাপার ছিল না। বিনোবাভাবে—বামুনের সেই কানা গরু দানের মত আমরা দেখেছি যে পোড়ে জমি, যে জমির মালিক নেই সেই জমি দান করা হয়েছে, যে জমি এ্যাকুইজিশাস হয়ে গেছে সেই জমিও দান করা হয়েছে, শশ্মানও দান করা হয়েছে। সেই সমস্ত জমি তিনি কাকে দিয়েছেন সেটা আজও আমরা জানি না। সেজন্য উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় ভূ-দান যজ্ঞে বিশ্বাস করেই এই বিল এনেছেন, এটা ঠিক কথা নয়। যেহেভু আমরা পার্লামেণ্টারী সিসটেমের মধ্যে দিয়ে এখানে এসেছি, সেই লিগেসী আমরা বহণ করছি, তারই সূত্র ধরে এই সংশোধনী বিল আনা হয়েছে। কিন্তু আচার্য বিনোবাভাবে, তাঁর উপরোক্ত ক্ষমতা প্রত্যাভিভাজন করতে পারেন সেই রকম কোন ব্যবস্থা এই আইনে নেই। তজন্য উক্ত সংঘ কর্তৃক ঐ পরিষদের কোন সদস্যের মনোনয়ন বর্তমান আইনে গ্রহণযোগ্য নয়। এমতাবস্থায় আচার্য ভাবের উপরোক্ত ইচ্ছা অনুসারে ইহা স্থীর হয় যে ভূ-দান যজ্ঞের সাহায্যে সদস্যরা যাতে অখিল ভারত সর্ব সেবা সঙ্ঘের দ্বারা মনোনীত হতে পারেন সেই মর্মে এই আইনের ৩(২) ধারা সংশোধনের জন্য এখানে পেশ করেছেন। আমি তাঁকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুনীতি কুমার চট্টরাজ ঃ** অন এ পয়েণ্ট অফ অর্ডার, স্যার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, ব্যাপারটা অত্যন্ত সিরিয়াস, মাননীয় সদস্য সরল দেব মহাশয় এই ভূদান যজ্ঞ বিলের উপর আলোচনা করতে গিয়ে বিনোবাজীর উপর যে কটাক্ষ করলেন তীব্র ভাষায় আমি তার প্রতিবাদ করছি। আমি তাঁকে বলছি বিনোবাজী একজন আদর্শবাদী নেতা। সরলবাবুর মুখে তাঁর সমালোচনা শোভাপায় না।

**শ্রীবিনয় চৌধুরী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যখন এই বিধেয়কটি উত্থাপন করি তখন আমি বলেছি যে বিনোবাভাবেজী একটা আমাকে চিঠি দিয়েছিলেন, কারণ এই যে ভূদান কমিটি এটা দীর্ঘদিন ধরেই ছিল, এখন এই বিলের আলোচ্য বিষয় হচ্ছে সেই কমিটির সদস্যগুলিকে সম্পূর্ণভাবে বিনোবাজী—তিনি তাঁদের নাম দিতেন। তিনি তাঁদের নাম দেবেন এটাই বিধান ছিল এবং সেইভাবেই রচিত হয়েছিল। তিনি অসুখের কারণে লিখেছিলেন এটা পরিবর্তন করে যাতে সর্বসেবা সঙ্ঘ তারা এই নামটা দিতে পারে এই ব্যবস্থা করা হোক, সেটা এই আইনটা যতক্ষণ না সংশোধন হচ্ছে ততক্ষণ হতে পারছে না। এই কারণেই আইনটা আনা হয়েছে। যদি ক্ষমতাটা সর্বসেবা সঙ্ঘকে দেওয়া না হয়—তাঁর হাতে কোন ক্ষমতা নেই যাতে তিনি ডেলিগেট করে দিতে পারেন। সেইজন্য এটাই শুধু আলোচ্য বিষয়। কিন্তু অনেক অপ্রাসংগিক কথা উঠেছে, আমার ভূদান যজ্ঞে দীক্ষা হল কি হলনা বা আমার হাত দিয়ে এই বিল আসাতে সবকিছু অপবিত্র হয়ে গেল কি না এইসব প্রশ্ন আদৌ এখানে আসে না। কতকগুলো কারণের ফলে এবং অদৃষ্টের পরিহাসের মত এটা এসেছে। সেজন্য আলোচ্য বিষয়টা যা সেটাতেই সীমাবদ্ধ থাকা ভাল। কারণ আচার্যজীকে নিয়ে কোনরকম হাসাৎমক কিছু হোক এটা আমি চাই না। বিষয়টা হচ্ছে, আমরা তৈরী করছি না, জমি যা দেওয়া হয়েছে, কানাগরু কি চোখওয়ালা গরু সেই বিচারের এখানে দরকার নেই। তাঁর যে ব্যবস্থা, যেমন ধরুন খাদি বোর্ড আছে—একটা পয়েণ্ট লক্ষ্য করুন, অনেকে যখন দীক্ষা গ্রহণের কথা ভাবছিলেন—আমি খুব বিবেচক লোক, আমি ছোট্ট করে একটি কথা বলেছি যে প্রসঙ্গক্রমে উল্লেখ করি বর্তমানের পশ্চিমবঙ্গ ভূমিসংস্কার আইনের পরিপ্রেক্ষিতে, এই আইনের আর কোন প্রয়োজন আছে কি না পরে তা খতিয়ে দেখা হবে। সেইজন্য এখন যেটা রয়েছে একমাত্র বিষয় যে ভাবেজী তিনি সদস্যদের মনোনয়ন করতেন। তাঁর জায়গায় সর্বসেবা সংঘ—তাঁরই চিঠিতে তিনি দাবী করেছিলেন—অনুরোধ জানিয়েছিলেন সেইজন্য এটা আনা হয়েছে।

The motion of Shri Benoy Krishna Choudhury that the West Bengal **Bhudan Yagna** (Amendment) Bill, 1978, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 3 and Preamble**

The question that Clauses 1 to 3 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Benoy Krishna Choudhury** : Sir, I big to move that the West Bengal **Bhudan Yagna** (Amenement) Bill, 1978, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 7.27 p.m. till 1 p.m. on Thursday, the 14th December, 1978, at the "Assembly House", Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, th 14th December, 1978, at 1 P. M.

**Present**

Mr. Speaker (Shri Syed Abdul Mansurs Habibullah) in the Chair 13 Ministers, 4 Ministers of State and 182 Members.

## HELD OVER STARRED QUESTIONS

**( to which oral answers were given )**

### বেসরকারী প্রতিষ্ঠানের মাধ্যমে সরকারী রিলিফ দ্রব্য বণ্টন

*১৫৭। ( অনুমোদিত প্রশ্ন নং *৩১০। ) **শ্রীমনোরঞ্জন হাজরা ও শ্রীজয়কেশ মুখার্জী ঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কোন বে-সরকারী প্রতিষ্ঠানকে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের রিলিফ দিবার জন্য কোন দ্রব্যসম্ভার ও অর্থ দিয়াছেন কি না ; এবং

(খ) যদি "ক" প্রশ্নর উত্তর হ্যাঁ হয় তবে—

(১) উক্ত প্রতিষ্ঠানগুলির নাম কি, ও

(২) তাঁদের প্রত্যেককে প্রদত্ত দ্রব্যসম্ভার ও অর্থের পরিমাণ কত ?

[1-00—1-10 P.M.]

**শ্রীবীরেন্দ্র কুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখন পর্যন্ত এই কোশ্চেনের উত্তর লাইব্রেরীতে পাইনি। এতক্ষণ ধরে বসে ছিলাম। এই কোশ্চেনের উত্তর যদি না পাই তাহলে সাপ্লিমেণ্টারি করবো কি করে ?

**মিঃ স্পীকার ঃ** এটা তো হেল্ড ওভার হওয়ার কথা ছিল, যাই হোক, উত্তর যখন এসে গেছে উনি উত্তর দিয়ে দিচ্ছেন।

**Shri Radhika Ranjan Banerjee, Minister :** (ক) হ্যাঁ।

(খ) কোন বে-সরকারী সংস্থাকে সরকারের পথ থেকে অর্থ দেওয়া হয়নি। তবে বিভিন্ন বে-সরকারী সংস্থাকে বিতরণের জন্য ত্রাণ সামগ্রী দেওয়া হয়েছে তার একটি বিবরণী পেশ করা হলো।

**Statement refund to in reply to Clause (Vihar) of Held Over Starred Question No. 157.**

List of Non-Official Organisations Who Received Relief Materials From Government Relief Stores During The Period From 27.9.78 to 11.11.78.

| | NAME OF THE ORGANISATION | ARTICLES DELIVERED | | | |
|---|---|---|---|---|---|
| 1. | Registrar, Jadavpur University | Rice | 4091 kg. | Gur | 80 kg. |
| 2. | Chairman, Kamarhati Municipality | Rice | 1350 ,, | Dal | 500 kg. |
| 3. | Chairman, Panihati Municipality | Rice | 1350 ,, | | |
| 4. | Kashi Viswanath Seva Samity | Rice | 1950 ,, | Dal | 300 kg. |
| 5. | R. K. Mission, Gol Park | Rice | 1900 ,, | Dal | 1000 kg. |
| 6. | Chairman, Kamarhati Municipality | Rice | 1425 ,, | Dal | 500 kg. |
| 7. | Chairman, Panihati Municipality | Rice | 1425 ,, | Dal | 500 kg. |
| 8. | R. K. Mission, Belurmath | Rice | 9028 ,, | | |
| 9. | Kashi Viswanath Seva Samity | Rice | 3690 ,, | Dal | 1200 kg. |
| 10. | Chairman, Andrew Yule & Co. | Rice | 4956 ,, | Dal | 1500 kg. |

| | NAME OF THE ORGANISATION | ARTICLES DELIVERED | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| 11. | R. K. Mission, Belurmath | | | | | Dal | 3000 kg. |
| 12. | Shri Chaitaiyana Math, Mayapur | Rice | 3900 kg. | | | Dal | 1000 kg. |
| 13. | Muslim Institute | Atta | 1800 ,, | | | Gur | 10 Tins |
| 14. | Kashi Viswanath Seva Samity | Atta | 900 kg. | R.S. Oil | 18 Tins | Gur | 5 Tins |
| 15. | Chairman, Kotrung Municipality | Rice | 1805 kg. | R.S.Oil | 2 Tins | Dal | 500 kg. |
| 16. | Secretary, Sadharan Brahma Samaj | Atta | 540 kg. | | | | |
| 17. | R. K. Ashram, Suri | Dal | 11.4 MT | | | | |
| 18. | Kashi Viswanath Seva Samity | Rice | 500 kg. | Atta | 1800 kg. | Dal | 600 kg. |
| 19. | Gobinda Bhawan Karyalaya | Dal | 1000 kg. | | | | |
| 20. | Muslim Institute | Atta | 3600 kg. | | | | |
| 21. | Secretary, R. K. Mission, Bolpur | Atta | 990 kg. | | | R.S. Oil | 18 Tins |
| 22. | Kashi Viswanath Seva Samity | Rice | 1321.5 kg. | | | | |
| 23. | Sadharan Brahma Samaj | Dal | 100 kg. | | | M/Powder | 250 kg. |
| 24. | Muslim Institute | Gur | 232.7 kg. | | | | |

| | NAME OF THE ORGANISATION | ARTICLES DELIVERED |
|---|---|---|
| 25. | Shri Chaityana Math, Mayapur | Rice 4034 kg. Dal 960 kg. |
| 26. | As above | M/Powder 125 kg. |
| 27. | Kashi Viswanath Seva Samity | Rice 7981 kg. Dal 1020 kg. |
| 28. | R. K. Mission, Gol Park | Bread 5350 pcs. |
| 29. | Swamiji Sangha | M/Powder 400 kg. |
| 30. | Prantik Gramin Silpa | Dhuty 200 pcs. Garments 200 pcs. Sari 200 pcs. |
| 31. | Women's Co-ordination Council | M/Powder 1000 kg. |
| 32. | Assen. for Social Health in India | Food Pacckets 150 Packets. |
| 33. | North Dum Dum Municipality | M/Powder 75 kg. |
| 34. | R. K. Mission Gol Park | Chira 1400 kg. Gur 200 kg. |
| 35. | W. B. Mahila Samity | M/Powder 2000 kg. 4 M.T, |

STATEMENT SHOWING FOOD STAFF SUPPLIED AND UTILISED BY NON-OFFICIAL ORGANISATION DURING RECENT FLOOD OF MIDNAPORE DISTRICT

| Sl. No. | Name of Non-Official Organisation | Quantity of food Staff Supplied Rice | Dal | Atta | Milk Powder | Quantity of food staff Utilised Rice | Dal | Atta | Milk Powder |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3a | 3b | 3c | 3d | 4a | 4b | 4c | 4d |
| 1. | Ramkrishna Mission Sevashram, Tamluk | 894.00 | 326.15 | — | — | 894.00 | 326.15 | — | — |
| 2. | Gujrati Relief Society | 96.00 | 36.00 | — | — | 96.00 | 36.00 | — | — |
| 3. | Bharat Sevashram Sangha | 3153.05 | 159.25 | — | — | 3153.05 | 159.25 | — | — |
| 4. | Vidyasagar Sanskrit Parishad, Naikuri | 41.60 | 12.40 | — | — | 41.60 | 12.40 | — | — |
| 5. | Lions Club, Tamluk | 14.40 | 3.60 | — | — | 14.40 | 3.60 | — | — |
| 6. | Lions Club, Haldia | 67.20 | 16.80 | — | — | 67.20 | 16.80 | — | — |
| 7. | All Star, Tamluk | 13.31 | 3.32 | — | — | 13.31 | 3.32 | — | — |
| 8. | Bangatran Samity, Mahisadal | 5.76 | 1.44 | — | — | 5.76 | 1.44 | — | — |
| 9. | Narayan Ch. Maity, Secy., Dist. Council for Child Welfare, Midnapore | — | — | 160.60 | — | — | — | 160.60 | — |

| 1 | 2 | 3a | 3b | 3c | 3d | 4a | 4b | 4c | 4d |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 10. | Chairman, Tamluk Municipality | — | — | 15.90 | — | — | — | 15.90 | — |
| 11. | Paresh Ch. Adhikary Secy., Sebak Sangha, Kakgechia | — | — | 15.90 | — | — | — | 15.90 | — |
| 12. | Ranjit Kr. Dey, Secy., Radhamoni Relif Committee | — | — | 18.60 | — | — | — | 18.60 | — |
| 13. | Gour Jana, Secy., Cultural Corner, Kelomal | — | — | 9.00 | — | — | — | 9.00 | — |
| 14. | Bijan Mitra, Radhaballavpur Sporting Club | — | — | 24.30 | — | — | — | 24.30 | — |
| 15. | Amdad Ali, Secy., Kishalaya Sangha, Kakgechia | — | — | 7.20 | — | — | — | 7.20 | — |
| 16. | Lutherian World Service | 3.18.800 | 0.63.760 | — | — | 3.18.800 | 0.63.760 | — | — |
| 17. | Marewari Relief Society | 406.00 | 100.08 | — | — | 406.00 | 100.08 | — | — |
| 18. | Rammohan Mission | 19.15.000 | — | — | — | 19.15.000 | — | — | — |
| 19. | Ramkrishna Sevayatan | 20.00.000 | 7.50.000 | — | — | 20.00.000 | 7.50.000 | — | — |

| 1 | 2 | 3a | 3b | 3c | 3d | 4a | 4b | 4c | 4d |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 20. | Red Cross Society | 22.50.000 | 8.43.750 | — | 9Qtl. | 22.50.000 | 8.43.000 | — | 9 Qtl. |
| 21. | State Co-ordination Committee | 87.00.000 | 20.95.000 | — | — | 87.00.000 | 20.95.000 | — | — |
| 22. | Ananda Marge | 84.00.000 | 31.50.000 | — | — | 84.00.000 | 31.50.000 | — | — |
| 23. | W.B. Social Welfare Advisary Board | 28.00.000 | 10.50.000 | — | — | 28.00.000 | 10.50.000 | — | — |
| 24. | Shyam Sangha | 296.00.000 | 131.25.000 | — | — | 298.00.000 | 131.25.000 | — | — |
| 25. | Paschimbanga Ganatrannik Mahila Samity | 120.00.000 | 45.00.000 | — | — | 120.00.000 | 45.00.000 | — | — |
| 26. | Christan Social Service | 90.00.000 | 33.75.000 | — | — | 90.00.000 | 33.75.000 | — | — |
| 27. | Bharat Sevak Samaj | 658.00.000 | 178.50.000 | — | — | 658.00.000 | 178.50.000 | — | — |
| 28. | Jukta Committee | 59.00.000 | 17.25.000 | — | — | 59.00.000 | 17.25.000 | — | — |
| 29. | Rastiya Samaj Sevak Sangha | 50.00.000 | 13.12.000 | — | — | 50.00,000 | 13.12.000 | — | — |
| 30. | Govt. Employees Federation | 10.50.000 | 3.93.750 | — | — | 10.50.000 | 3.93.750 | — | — |

STATEMENT SHOWING THE NAMES OF THE NON-OFFICIAL ORGANISATIONS AND THE QUANTUM RECEIVED FROM THE GOVERNMENT BY THEM.

NON-OFFICIAL ORGANISATIONS.

QUANTUM OF RELIEF

| District—Burdwan | S. F. Bulgur wheat. | Rice quintl. | Pulse. quintl. | Milk Powder. | Money. |
|---|---|---|---|---|---|
| Lions Club of Burdwan | 1000 bags | 450 | 170 | Nil | Nil |
| Red Cross Society, Burdwan Dist. Branch. | 940 ,, | 1651.59 | 360.85 | 300 bags | Nil |
| Satya Sain Baba Seva Samity, Burdwan. | 110 ,, | — | — | — | Nil |
| Marwari Relief Society. | — | 70 | 14.00 | — | Nil |
| Gujrati Relief Society. | — | 50 | 10.00 | — | Nil |

| Hooghly | Rice | Dal. | M. Oil | Spies | Cash. |
|---|---|---|---|---|---|
| Ramkrishna Vivekananda. | 28 qtls. | 10.50 qtls. | — | — | Nil |
| Indian Red Cross Scey. Hooghly District Branch. | 7 ,, | 2.625 ,, | 2 Tins | 10 Kg. | Nil |
| Ramkrishna Missoon, Kamarpukur. | 107 ,, | 27 ,, | 4 ,, | — | Nil |

| | Rice | Dal | M. Oil | Spies | Cash. |
|---|---|---|---|---|---|
| Ramkrishna Mission, Belur. | 116 ,, | 43.50 ,, | 1 Bare | 188.5 Kg. | Nil |
| Marwari Relief Socy., Calcutta | 42 ,, | 15.75 ,, | — | — | Nil |
| | 300 qtls. or 30 MT. | 99.375 qtls. | 1 Bare & 6 Tins. | 198.5 Kg. | Nil |

**District—24-Parganas**

No Relief materials were given to any non-Official Organisation.

**Bankura**

No Relief materials were given to any non-Official Organisation.

| **Birbhum** | Rice. | Bulgar wheat. | Dal. | Chira | Goor | Milk Powder |
|---|---|---|---|---|---|---|
| 1. Bharat Sevashram Sangha. | 10 qtls. | 33.91 qtls. | 79 bags. | 5 Tins. | 15 kg. | — |
| 2. Ramkrishna Ashram. | 10 qtls. | 1.1 qtls. | 115.75 qtls | — | — | — |
| 3. Indian Red Cross, Suri Branch. | — | — | — | — | — | 201 bags |
| 4. Shavadhipati, Birbhum Jela Parisad. | | — | — | 76 bags. | — | — |

(15 qtls. coal of local purchase and one Truck load coal received from Directorate Relief were given to Shri Ramkrishna Ashram and Bharat Sevashram Sangha for running gruel kitchen.)

**District—Murshidabad.**

| Name of the Non-Official Organisations | Rice M.T. | Wheat M.T. | Atta M.T. | Pulse M.T. | Milk Powder bag. |
|---|---|---|---|---|---|
| 1. Ramkrishna Mission Ashram | 31.5 | | | | |
| 2. Ram Mohan Samity | 1.25 | | | | |
| 3. Bharat Sevasram Sangha | 32.5 | | | | |
| **2. District—Malda** | | | | | |
| 1. Bharat Sevasram Sanga | | | | | |
| 2. Ramkrishna Mission | Total 45.47 | | | .76 | |
| 3. All India Vikshu Sangha | | | | | |
| (Cement—5 Bags, Soft coke—6 Trucks) | | | | | |
| **3. District—Nadia** | | | | | |
| 1. Social Welfare Advisory Board— (Baby Food—Five thousand tins | | | | | |
| 2. Shri Chaitanyana Math—Mayapur | 3.9 | | 1. (one) | | |
| Do | 4.032 | | .96 | | |
| Do | | | . | | 125 |

শ্রীঅবিনাশ প্রামাণিক : ঐ সব প্রতিষ্ঠানকে যে সমস্ত জিনিষপত্র দেওয়া হয়েছে এবং যে অর্থ দেওয়া হয়েছে তার পরিমাণ কত ?

শ্রীরাধিকা রঞ্জন ব্যানার্জী : আমি আগেই বলেছি যে আমরা সরাসরি কোন অর্থ তাদের হাতে দিইনি। তবে আমাদের চীফ মিনিষ্টারস রিলিফ ফাণ্ড আছে, সেখান থেকে অর্থ দেওয়া হয়েছে।

শ্রীসত্যরঞ্জন বাপুলি : একটা জায়গায় বলেছেন ষ্টেট কো-অর্ডিনেশন কমিটিকে দিয়েছেন, কত দিয়েছেন ?

শ্রীরাধিকা রঞ্জন ব্যানার্জী : এটা মেদিনীপুরের ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট দিয়েছেন।

শ্রীসত্যরঞ্জন বাপুলি : কত দিয়েছেন ?

শ্রীরাধিকা রঞ্জন ব্যানার্জী : এটা বলতে পারছি না।

শ্রীসত্যরঞ্জন বাপুলী : যে লিষ্ট হাউসে দিয়েছেন, বলতে পারছেন না ?

শ্রীরাধিকা রঞ্জন ব্যানার্জী : এটা বলতে পারছি না।

শ্রীসত্যরঞ্জন বাপুলী : কো-অর্ডিনেশন কমিটি, মেদিনীপুর-এটা কি সেবা প্রতিষ্ঠান ?

শ্রীরাধিকা রঞ্জন ব্যানার্জী : গভর্ণমেণ্ট এমপ্লয়িজ ফেডারেশন, মেদিনীপুর তাদের দেওয়া হয়েছে।

শ্রীসত্যরঞ্জন বাপুলী : গভর্ণমেণ্ট এমপ্লয়িজ ফেডারেশন, ১২ জুলাই কমিটি অন্যান্য কমিটি যেগুলি আছে তাদের দিয়েছেন কি ?

শ্রীরাধিকা রঞ্জন ব্যানার্জী : না—দেওয়া হয়নি।

শ্রীসত্যরঞ্জন বাপুলী : কো-অর্ডিনেশন কমিটিকে দেবার জন্য কে আপনার কাছে সুপারিশ করেছিল ?

শ্রীরাধিকা রঞ্জন ব্যানার্জী : কো-অর্ডিনেশন কমিটি, ফেডারেশন দু'জনকেই জেলা ম্যাজিষ্ট্রেট দিয়েছেন।

শ্রীসত্যরঞ্জন বাপুলি : ফেডারেশনকে কত দিয়েছেন ফিগারটা দিলে আমরা বুঝতে পারি যে ষ্টেপ মাদারলি এ্যাটিচিউড হয়েছে কি না ?

**শ্রীরাধিকা রঞ্জন ব্যানার্জী ঃ** ষ্টেপ মাদারলি এ্যাটিচিউড হয়নি, এটা বলতে পারি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** আর একটা প্রশ্ন, আপনি কি বলতে পারেন যে মেদিনীপুর জেলার বিভিন্ন সেবা প্রতিষ্ঠানের মাধ্যমে কত দেওয়া হয়েছে?

[1-10—1-20 P.M.]

**শ্রীরাধিকা রঞ্জন ব্যানার্জী ঃ** নোটিশ চাই।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** দ্রব্য সম্ভার এবং অর্থের পরিমাণ কত এটা জানতে চাওয়া হয়েছিলো—এরজন্য নোটীশের কি দরকার? আপনার রিলিফ ডিপার্টমেন্টের কাজ কি এই হাউসের মতনই কি চলছে?

( কোন উত্তর নাই )

**শ্রীবীরেন্দ্র কুমার মৈত্র ঃ** ভারত সেবাসঙ্ঘকে কি দেওয়া হয়েছে?

**শ্রীরাধিকা রঞ্জন ব্যানার্জী ঃ** হ্যাঁ।

**বন্যাপ্লাবিত বাঁকুড়ার বিভিন্ন ব্লকে প্রদত্ত ত্রাণ সামগ্রীর পরিমাণ**

*১৫৮। ( অনুমোদিত প্রশ্ন নং *৩৫৪। ) **শ্রীসুভাষ গোস্বামী ঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাম্প্রতিক বন্যায় বাঁকুড়া ১নং ব্লক ও ছাতনা ব্লকের কোন কোন এলাকা বন্যাপ্লাবিত হইয়াছে;

(খ) বিশেষ খয়রাতি সাহায্য বা ফ্লাড রিলিফ হিসাবে উক্ত দুইটি ব্লকের কোনটিতে গড়ে মাথাপিছু কি পরিমাণ দ্রব্যাদি সরকার হইতে সাহায্য দেওয়া হইয়াছে; এবং

(গ) উক্ত দুই ব্লকে বা জেলার অন্যান্য ব্লকে বণ্টনের উদ্দেশ্যে বে-সরকারী কোন কোন সংস্থাকে কি পরিমাণ ত্রাণ সামগ্রী দেওয়া হয়েছিল?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী :**

(ক) বাঁকুড়া ১নং ব্লক—

বাঁকুড়া মিউনিসিপ্যালিটির অন্তর্গত ঝাড়গ্রাম, কুমার পাড়া ও আশ্রম পাড়া এবং জগদল্লা এক গ্রামে অন্তর্গত পাতাকোলা বন্যায় প্লাবিত হইয়াছে।

ছাতনা ব্লক—

কোন এলাকা বন্যায় প্লাবিত হয় নাই তবে অতিরিক্ত বৃষ্টিতে বহু মাটির বাড়ী পড়িয়া যাওয়ায় বহু লোক ক্ষতিগ্রস্থ হইয়াছে।

(খ) গড়ে মাথাপিছু সাপ্তাহিক খয়রাতি সাহায্যের ইউনিট প্রাপ্ত বয়স্কের জন্য দুই কেজি ও শিশুদের জন্য ১ কেজি ঐ দুটি ব্লকে নিম্নোক্ত পরিমাণ ত্রাণ দ্রব্যাদি বিতরণ করা হইয়াছে।

| দ্রব্যের নাম | বাঁকুড়া ১নং ব্লক | ছাতনা ব্লক |
|---|---|---|
| চাউল | ২০০ কুইণ্টাল | ১৫ মেঃ টন |
| আটা | — | ৩.১৫ „ |
| গম | ৩৪০ কুইণ্টাল | ১০ „ |
| চিঁড়া | ১৩ কুঃ ৩১ কেজি | ১.০৪ „ |
| গুড় | ২ কুঃ ২ কেজি | ০.২১ „ |
| গুড়া দুধ | — | ০.৫৯৪ „ |
| ধুতি | ২৬৫০ খানা | ১০৪০ খানা |
| শাড়ি | ৭৬৩ খানা | ৭১৫ খানা |
| কম্বল | ৬০০ খানা | ৪৩০ খানা |
| চাদর | — | ৪৮১ খানা |
| শিশুবস্ত্র | ৭০০ খানা | ১৯২৪ খানা |

(গ) কোন বেসরকারী সংস্থাকে বিতরনের জন্য কোন ত্রাণ সামগ্রি দেওয়া হয় নাই।

**অমূল্যনী চট্টরাজ :** এই কথা কি সত্য যে ভারত সেবাশ্রম সংঘ রিলিফের সাহায্য পেয়ে আপনাদের কাছ থেকে কোন উত্তর পায়নি ?

শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী : এরূপ ঘটনা জানা নেই।

শ্রীসুনিতী চট্টরাজ : আপনার কাছে এই বিষয়ে কোন স্পেসিফিক কমপ্লেন এসেছে কিনা ?

মিঃ স্পীকার : আমি মাননীয় সদস্য সর্বশ্রী অতীশ চন্দ্র সিংহ, ধীরেন্দ্র নাথ সরকার, বীরেন্দ্রকুমার মৈত্র, রজনীকান্ত দলুই ও হরিপদ ভারতী এঁদের প্রত্যেকের কাছ থেকে একটি করে মুলতুবী প্রস্তাবের নোটিস পেয়েছি।

শ্রীঅতীশচন্দ্র সিংহ তাঁর নোটিসে পশ্চিমবঙ্গের পুর্ণগঠনে বামফ্রন্ট সরকারের ব্যর্থতার উপর আলোচনার জন্য আজকের সভা মুলতুবী রাখতে চেয়েছেন। নোটিসে উল্লিখিত অভিযোগগুলি ব্যাপক ধরণের। এই নোটিসে মুলতুবী প্রস্তাবের উপযোগী কোন সাম্প্রতিক জরুরী ঘটনার উল্লেখ নেই।

শ্রীধীরেন্দ্রনাথ সরকার বর্গাদারদের বর্গাস্বত্ব নথিভুক্ত করায় বাধা সৃষ্টির বিষয়ে আলোচনার জন্য মুলতুবী প্রস্তাব এনেছেন। এই নোটিসেও কোন সুনির্দ্দিষ্ট জরুরী প্রকৃতির ঘটনার উল্লেখ নেই।

শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র তাঁর নোটিসে পাল্লা উদ্বাস্তু ক্যাম্পের বহু পরিবারের উচ্ছেদের বিষয়ে আলোচনার জন্য মুলতুবী প্রস্তাব দিয়েছেন। বিষয়টি মুলতুবী প্রস্তাবের উপযোগী জরুরী প্রকৃতির নয়।

শ্রীরজনীকান্ত দলুই রাজ্যে কৃষি ও শিল্প শ্রমিকদের অসন্তোষের বিষয়ে আলোচনার জন্য মুলতুবী প্রস্তাব এনেছেন। এ বিষয়টি কোন সুনির্দ্দিষ্ট জরুরী প্রকৃতির ঘটনার উপর প্রতিষ্ঠিত নয় এবং মুলতুবী প্রস্তাবের পক্ষে অনুপযোগী।

অপর একটি নোটিসে শ্রীহরিপদ ভারতী রাজ্যের বিভিন্ন স্কুল কলেজ সরকারী অধিগ্রহণের পরবর্ত্তী পরিস্থিতি বিষয়ে আলোচনার জন্য আজকের সভা মুলতুবী রাখতে চেয়েছেন। নোটিসে উল্লিখিত বিষয় মুলতুবী প্রস্তাবের উপযোগী আকস্মিক ও জরুরী প্রকৃতির নয়।

আমি উপরোক্ত সব কটি মুলতুবী প্রস্তাবের নোটিসেই আমার অসম্মতি জ্ঞাপন করছি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** স্যার, পয়েন্ট অফ অর্ডারে আমি একটা কথা বলতে চাই যে শ্রীঅতীশ সিংহের প্রস্তাবে আপনি সম্মতি দিলেন না। কিন্তু আমার কাছে কয়েকটিদরখাস্ত আছে যা থেকে দেখাবো যে হাই কোর্টের রায়কে অমান্য করে সি. পি. এম ধান কাটছে। ক্যানিং পাথর প্রতিমা ইত্যাদি কয়েকটি জায়গা থেকে মুখ্যমন্ত্রীর কাছে দেবার জন্য দরখাস্ত এসেছে—হাইকোর্টের রায় পুলিশ ফেলে দিচ্ছে। এর ফলে আইন শৃঙ্খলা কিছু নেই। হাইকোর্টেরও মর্যাদা নেই। অতীশ বাবু যে প্রস্তাব দিয়েছিলেন তা যদি আলোচনা করা হতো তাহলে আমরা কিছু বলতে পারতাম। কিন্তু তাদের এই দরখাস্ত আমি আপনার কাছে দিয়ে দিচ্ছি এবং এটা যদি আলোচনা করার সুযোগ দেন তাহলে ভাল হয়। হাই কোর্টের রায় মানা হচ্ছে না আইনের কোন মূল্য নেই।

**মিঃ স্পীকার :** আপনাদের অধিকারকে বন্ধ করা যায় না কিন্তু দু-এক মিনিট পর আপনাদের বসতে বললে আপনারা বসবেন না। এইভাবে যদি বলেন তাহলে হাউসের নিয়ম-বিসনেজ এ্যডভাইসারী কমিটির নিয়ম পাল্টাতে হবে। সুতরাং আপনি বসুন। এই রকম করলে আমাকে অহেতুক কতকগুলি উক্তি করতে হয়।

**শ্রীসুনীতি চট্টোরাজ :** এটা একটা সিরিয়াস পয়েন্ট—ধান কাটার প্রব্লেম। বাইরে অনেক চাষী লাইন করে দাঁড়িয়ে আছে—মাঠের ধান তারা ঘরে তুলতে পাচ্ছে না—আপনি যদি এ্যলাউ করেন তাহলে তারা হাউসে আসতে পারে। আপনার কাছে অনুরোধ আপনি আমাদের এ্যলাউ করুন।

**শ্রীবীরেন্দ্র কুমার মৈত্র :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হ'ল—

বর্ধমান জেলার মেমারী থানার পাল্লা উদ্বাস্তু ক্যাম্পের প্রতিষ্ঠা হবার ২৫ বছর পরে সেখানকার বহু উদ্বাস্তু পরিবারকে রাজনৈতিক দলের চক্রান্তে পুনরায় উদ্বাস্তু করা হচ্ছে। গত ১১ই ডিসেম্বর বর্ধমানের শাসন কর্তৃপক্ষ সশস্ত্র পুলিশ দিয়ে উদ্বাস্তুদের পরিশ্রমে নির্মিত মাথা গোঁজবার আশ্রয়টুকু ভেঙ্গে চুরমার করে নিরাশ্রয় করে দিয়েছে আজ যাদের দ্বিতীয়বার উদ্বাস্তু করা হচ্ছে সরকারই তাঁদের ঐ স্থানে পুনর্বাসনের ব্যবস্থা করেছিলেন। এই উদ্বাস্তুদের জন্য অন্যত্র জমি ও গৃহ নির্মানের

কোন ব্যবস্থা না করেই তাদের গৃহ ধ্বংস করেছেন। সরকারের এই আচরণ অত্যন্ত গুরুতর সমস্যা সৃষ্টি করেছে। তা আজই আলোচনা করা অত্যন্ত প্রয়োজন।

[1-20—1-30 P.M.]

**শ্রীধীরেন্দ্র নাথ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মুলতুবী প্রস্তাব সম্পূর্ণ অন্য রকম হয়ে গেছে। আমি যা লিখেছিলাম তার সঙ্গে এর কোন মিল নেই, মূল বক্তব্য বলা হচ্ছে না। তবুও আমি পড়ে দিচ্ছি—

জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হল—

পশ্চিমবঙ্গে "বামফ্রন্ট সরকার ঘোষিত" অপারেশন বর্গার কাজ শুরু হয়েছে। জেলায় জেলায় দরিদ্র শ্রেণীর বর্গাদার, তাদের বর্গাস্বত্ব নথিভুক্ত করার সুযোগ পেয়েছে। কিন্তু দরিদ্র বর্গাদারগণের বর্গাস্বত্ব নথিভুক্ত করার পথে সি. পি. এম. পার্টি একের পর এক বাধার সৃষ্টি করে চলেছে। তারা এককাধীন বর্গাদারদের বর্গাস্বত্ব নথিভুক্ত করার জন্য বিভিন্ন সর্ত আরোপ করে নানা ধরণের হুমকি দিচ্ছে। বিভাগীয় অফিসারগণকেও পার্টির নির্দেশ পালনের জন্য বলা হচ্ছে।

এমতাবস্থায় এই সভার কাজ মুলতুবী রেখে উক্ত বিষয় আলোচনা করা হোক।

**শ্রীসুনীতি চট্টোরাজ ঃ** স্যার, অত্যন্ত বিণয়ের সঙ্গে বলছি যে ধীরেন সরকারের স্টেটমেণ্টে সকালে একটা লাইন তৈরী করেছি, কিন্তু যেভাবে এডিট করেছেন তাতে সেই এডিটরকে একটু কড়া কম হতে বলবেন, যে লাইনে বলতে চেয়েছি আর একটা লাইনে চলে যাচ্ছে। আমরা মনের কথা বলতে পারছি না। ঘটনা যে সত্য সেটা হাউসের চেহারা দেখে বোঝা যাচ্ছে।

**মিঃ স্পীকার ঃ** আপনারা যে বিষয় উল্লেখ করতে চেয়েছেন সেটা পরিষ্কার বোঝা গেছে। এখন শ্রীজ্যোতি বসু মহাশয়কে কালিয়াচক থানাধীন আলীনগর গ্রামে পুলিশের গুলি চালনা সম্পর্কে একটি বিবৃতি দিতে অনুরোধ করছি।

Statement made by the Chief Minister u/r 346 regardin incident at Alinagar Village, District—Malda.

**Shri Jyoti Basu :** Mr. Speaker, Sir, I beg leave to make a statement on an unfortunate incident which has occured at village Alinagar, P.S. Kalia-

chak, Dist. Malda, on 11.12.78. The route to be followed in connection with taking out the Muharram procssion in and around the village Alinagar, PS Kaliachak, has been a matter of dispute. The presence of places of worship including trees with religious association on the District Board Road has accentuated the dispute. Aware of the undercurrent of tension in this area and to prevent any untoward incident taking place on the Muharram day a meeting of the local peace committee was held at Kaliachak PS under the the auspices of the District Authorities where senior Magistrates and Police Officers were present as also prominent citizens of the locality belonging to different communities- It is significant that certain sections represented by the Prodhan and Upa-Prodhan of Alinagar Gram Panchayat abstained from the meeting reportdly under instructions of the leaders of the Congress (I) in the district. They even refused to receive the letters of invitation to attend the meeting. At the meeting, it was decided that the processionists would make a detour to avoid the objects of religions veneration on the path. The licence for the procession to the organisers of the Muharram was given indicating the route agreed upon in the peace meeting. Since there was an undercurrent of tension, adequate police arrangements were also made to cover the processions as also to guard the place of dispute. The C.I. of Police with a platoon of force was located in the area. In the Kaliachak PS which is about four kilometres away from the place of dispute, an Executive Magistrate was also stationed with senior Police officials. On the 11th morning, the DIG, Jalpaiguri Range, the District Magistrate, Malda, and the S.P., Malda, visited the Kaliachak PS area to supervise the arrangements made to ensure peace and communal harmony. At about 1615 hours on 11.12.78 the Muharram processions of villages Nabinagar, Nurnagar and Alinagar including about 700 persons with lathis and other weapons approached the dispuated place. On their way, they cut branches of the trees which were not obstructing them. They insisted on deviating from the route which was agreed upon and which was mentioned in the licence. The Police officers present tried to persuade the processionists not to provoke a situation by taking the processions away from the route which was agreed upon to avoid any tension. The crowd

became belligerent on being instigated by certain elements who were determined to create trouble. They were joined by others from Kaliachak. Many Persons belonging to other communities had also assembled nearby and were watching developments with apprehension of trouble. On getting information of the developing situation pertending trouble the Executive Magistrates and the superior Police officers stationed in Kaliachak PS rushed to the spot and tried to pacify the crowd. By this time, however, the crowd had swelled between six to seven thousands. They started attacking the Police party as well as some of the members of the neighbouring village. The Magistrate as well as some Policemen were injured. The Police party was virtually besieged and it was seen that hundreds of excited men armed with lathis, swords, etc., were moving towards the place. The crowd was then declered unlawful. Two Constables were dragged away by the mob and could be rescued with great difficulty. At about 1700 hrs. to bring the situation under control. the Executive Magistrate ordered tearges firing which was followed up with lathi-charge. They, however, did not have the desired effect and the mob became more furious. Some members of crowd chased some of the on lookers. In the face of this violent crowd, which continued to attack the Police party as well as some of the local inhabitants of the area, the Executive Magistrate having no other alternative gave orders to open fire. Nine rounds were fired. as a result of which one Nazrul Sheik of Garulchawk died on the spot. One Sajuruddin Sheik also succumbed later to the injuries received. Six members of the procession were treated for injuries. It subsenquently came to be known that on the way some of the processionists attacked the village Fathepur and ransacked some houses and misbehaved with a women. On receipt of the information, the District Magistrate Malda, the DIG, Jalpaiguri Range and other officers proceeded to the spot immediately and took appropriated measures to contain the disturbance and to restore and maintain communal harmony in the area. Orders u/s 144 Cr. P.C. were promulgated in the Kaliachak PS from 12.12.78. One case has been started over the incident and six persons were arrested so far. The situation is under close watch. There has been no further incident in the area.

It is a matter of deep regret that two lives were lost owing to the provocations created by some undesirable elements. The Zilla Parishad Chairman and some MLAs of the Left Front later visited the spot and met relatives of the person who died on the spot. They also helped the administration in maintaining communal harmony.

Investigations made so far indicate that a planned attempt had been made for disrupting the harmonious relation otherwise subsisting between the different communities of the locality. It is also clear that the troubles were politically instigated by designing persons known to be belonging to Congress (I). Further enquiries are continuing. While deploring this unfortunate incident, I would also like to emphasise that the Government is determined to prevent at any cost any disturbance of communal peace. I would also like to warn the forces of disruption instigated by discredited political elements as in this case that Government will not tolerate any evil attempt at upsetting communal harmony anywhere in the State.

**শ্রীপার্থ দে ঃ**

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

আপনার অনুমতি নিয়ে আমি নিম্নলিখিত বিবৃতি সভার অবগতির জন্য পেশ করছি।

পাঁচকড়ি রাধারাণী আদর্শ বিদ্যালয়
৩১ বি, ক্রিষ্টোফার রোড, কলিকাতা।

তদন্তক্রমে মাধ্যমিক শিক্ষা অধিকর্তা মধ্যশিক্ষা পর্ষদকে জানান যে এ বিদ্যালয়ের পরিচালক সমিতির কয়েক সদস্য অনুপযুক্ত হয়ে পড়েছেন এবং কার্য্যতঃ বিদ্যালয়ের কোন পরিচালন ব্যবস্থা নাই। ২৩।৪।৭৭ তারিখে পর্ষদ একটি সাময়িক কমিটি নিয়োগ করেন এবং পরবর্তী ছয় মাসের মধ্যে কমিটি নিয়োগ করার সুযোগ দেন। ছয় মাসের মধ্যে নির্বাচন অনুষ্ঠান না করার জন্য ২৩।৮।৭৭ তারিখে বোর্ড অপর একটি আদেশ বলে একজন প্রশাসক নিয়োগ করেন।

৬।১১।৭৪ তারিখে প্রশাসক এক আদেশ বলে স্কুলের প্রধান শিক্ষক শ্রীবিনয়কুমার চক্রবর্ত্তিকে সাসপেণ্ড করেন। কি কারণে তাঁকে সাসপেণ্ড করা হয়েছে এবং তাকে কি

অভিযোগ পত্র দেওয়া হয়েছে তা জানানোর জন্য কোলকাতার জেলা স্কুল পরিদর্শক প্রশাসকের নিকট জানতে চেয়েছেন।

১০।১১।৭৮ তারিখ থেকে বিদ্যালয়ের কিছু ছাত্র স্থানীয় কিছু ব্যক্তি স্কুলের কাজ অচল করে দেন। শিক্ষকরা অবশ্য বিদ্যালয়ে হাজিরা দেন। পরবর্তি পর্য্যায়ে কার্য্যতঃ বিদ্যালয় অচল হয়ে থাকে। কিছু বহিরাগত যোগাদানেচ্ছুদের বাধা দেওয়ার ফলে অপ্রীতিকর পরিস্থিতির উদ্ভব হয়। পরীক্ষার দিন পিছিয়ে যায়।

৯।১২।৭৮ তারিখ থেকে বিদ্যালয় স্বাভাবিক ভাবে বসছে। টেষ্ট পরীক্ষা ও বাৎসরিক পরীক্ষা ১৮।১২।৭৮ তারিখ থেকে শুরু হবে। বিদ্যালয়ে ছাত্রদের উপস্থিতি বর্তমানে স্বাভাবিক।

**শ্রীকান্তি বিশ্বাস:**

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

আপনি শুনে আনন্দিত হবেন যে গত ৪।১২।৭৮ তারিখ থেকে বিধানসভা ও বিধান পরিষদের সদস্যগণকেও ছাড়পত্রের দরখাস্তে সত্যাখ্যান প্রশংসাপত্র (Verification Certificate) দেবার অধিকার দেওয়া হয়েছে। মাননীয় সদস্যগণের অবগতির জন্য আমি বিষয়টি সম্পর্কে একটি বিবৃতি রাখছি।

ছাড়পত্র ( সংশোধন ) নিয়মাবলী ১৯৭৭—( Passport (Amendment) Rules, 1977 ( যা ৯।৮।৭৭ তারিখে বিধিবদ্ধ করা হয় ) অনুযায়ী প্রথম শ্রেণীর সবৃত্তিক প্রশাসক (Stipendiary Magistrate) বা সরকারের উপ-সচিব বা তদুর্দ্ধ পর্যায়ের আধিকারিগণের ন্যায় সংসদ সদস্যগণও ছাড়পত্র মঞ্জুরীর আবেদনপত্র সম্পর্কে সত্যাখ্যান প্রশংসাপত্র (Verification Certificate) দান করার অধিকার লাভ করেন। কিন্তু স্বাভাবিকভাবেই এইসব ব্যক্তিবর্গের কাছ থেকে এরূপ প্রশংসাপত্র সংগ্রহ করা—বিশেষতঃ বহুসংখ্যক ভারত—বাংলাদেশ ছাড়পত্র মঞ্জুরীর আবেদনকারীগণের পক্ষে সহজসাধ্য নয়। সে তুলনায় বিধানসভা সদস্যগণের কাছ থেকে এরূপ প্রশংসাপত্র সংগ্রহ করা অনেক সহজতর। ছাড়পত্র পাওয়া সাধারণ মানুষের পক্ষেও সহজসাধ্য করা এবং প্রচলিত বিধানে যে সকল অসুবিধার সম্মুখীন তাদের হতে হয় তা হ্রাস করার জন্য বিধানসভার সদস্যগণও যাতে এরূপ প্রশংসাপত্র দান করার অধিকারী হন সেজন্য পশ্চিমবঙ্গ সরকারের স্বরাষ্ট্র ( ছাড়পত্র ) বিভাগের ১।১১।৭৭ তারিখের পত্র দ্বারা ভারত সরকারের বিদেশ মন্ত্রককে অনুরোধ জানানো হয়। ঐ পত্রের কোন

উত্তর না পাওয়াতে বিষয়টি সম্পর্কে বিবেচনা করার জন্য ভারত সরকারের বিদেশ মন্ত্রী মহাশয়কে ১৭।২।৭৮ তারিখের আধা সরকারী পত্রে আমি অনুরোধ জানাই। ভারত সরকারের বিদেশ মন্ত্রী ১।৩।৭৮ তারিখের আধা সরকারী পত্রে জানান যে বিষয়টি তাঁর বিবেচনাধীন রয়েছে। দীর্ঘদিন ধরে এই সম্পর্কে কোন ব্যবস্থা গৃহীত না হতে দেখে গত যে মাসে পররাষ্ট্রমন্ত্রীর সাথে সাক্ষাৎ করে এ বিষয়ে আলোচনার জন্য আমি দিল্লী যাই।

অবশেষে ভারত সরকারের বিদেশ মন্ত্রকের অধীন আর. পি. ও, (Regional Passport Officer) কলিকাতা ২।১২।৭৮ তারিখের পত্রের দ্বারা জানিয়েছেন যে, বিধানসভা ও বিধান পরিষদের সদস্যগণও ৪।১২।৭৮ তারিখ থেকে উক্ত প্রশংসাপত্র দান করার অধিকার লাভ করেছেন। ছাড়পত্র নিয়মাবলীর প্রয়োজনীয় সংশোধন ভারতের ঘোষণাপত্রে (Gazette of India) ৪।১২।৭৮ তারিখে প্রকাশ করা হবে।

**শ্রীনবকুমার রায়ঃ** অন এ পয়েণ্ট অব অর্ডার, স্যার,...

**মিঃ স্পীকারঃ** এই বিবৃতির উপর কোন পয়েণ্ট অব অর্ডার হয় না। আপনি কি কি ও'র বিবৃতি চ্যালেঞ্জ করতে চাচ্ছেন ?

This is not a point of order. It does not ardea. I would request you to please take your seat, This is a statment made by the Minister.

আপনার বক্তব্য থাকতে পারে কিন্তু পয়েণ্ট অব অর্ডার বললেই তো আর পয়েণ্ট অব অর্ডার হয় না।

[1-30—1-40 P.M.]

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাসঃ** স্পীকার মহোদয়, আমি একটা স্বাধিকারের প্রশ্ন উত্থাপন করছি। গতকাল ১৩-১২-৭৮ তারিখে বিধানসভায় কংগ্রেস সদস্য সত্য বাপুলী মহাশয় এম. এল. এ. হোষ্টেলের ভাড়া সংক্রান্ত ব্যাপারে বিকৃত তথ্য পরিবেশন করেছেন। আমি মনে করি সত্য বাপুলী মহাশয়ের তথ্যে বিধানসভার সদস্য যাঁরা হোষ্টেলে থাকেন তাঁদের অধিকার ভঙ্গ এবং অবমাননা করা হয়েছে। স্যার, আমি এই তথ্যের বিরুদ্ধে স্বাধিকারের প্রশ্ন উত্থাপন করতে চাই। মাননীয় স্পীকার মহোদয়, আমি সংক্ষেপে দু-একটি কথা বলতে চাই। এম. এল. এ. হোষ্টেলের ভাড়া সম্পর্কে উনি প্রথমে অভিযোগ করেছিলেন ৬৪ হাজার (হট্টগোল) উনি প্রথমে একদিন বলেছিলেন এম. এল. এ. হোষ্টেলে বাকী আছে ৬৪ হাজার

টাকা, তারপরে গতকাল বলেছেন ৭২ হাজার টাকা বাকী আছে। উনি দু'দিনে দু'রকম বক্তব্য রাখলেন আমাদের বক্তব্যের প্রতিবাদে। পুরাণো কংগ্রেসী এম. এল. এরা যাঁরা আজকে অধিকাংশই সদস্য নেই তাঁদের সিট রেষ্ট বাকী ২৪,৫৫৯ টাকা এবং তাঁদের গেষ্ট চার্জ বাকী ৬০,১২৫ টাকা—তাঁদের ৩০ বৎসরের পুরাণো সদস্যরা বাকী রেখেছেন এবং যাঁরা আজকে বিধানসভার সদস্য নেই তাঁরা বাকী রেখেছেন। আমি আজকে দাবী করছি সেই টাকা আদায় করতে হবে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী**: পয়েন্ট অব অর্ডার, স্যার, কাল আমি বক্তব্য রেখেছি এবং বলেছি ৬৪ হাজার টাকা বর্তমানে বেড়ে ৭২ হাজার টাকা হয়েছে। বোধহয় উনি বুঝতে পারেননি। এটা বলার অধিকার আমার আছে কারণ আমি তথ্যের ভিত্তিতে বলেছি, এটা হাউসকে কোন মিসলিড করার ব্যাপার নয়। ( হট্টগোল ) আমি পার্সোনাল এক্সপ্ল্যানেশন দিচ্ছি।

**মিঃ স্পীকার**: না না, পার্সোন্যাল এক্সপ্ল্যানেশন দিতে হবে না, আপনার পয়েন্ট অব অর্ডার কি বলুন।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী**: আমি যেটা বলেছি সেটা তথ্যের কথা কিন্তু উনি অন্য কথা বলেছেন; উনি বক্তব্য রাখবার সময়ে বলেছেন যে আমাদের কংগ্রেসের আমলের সব বাকী আছে সেটা আদায় করতে হবে। আমার কথা হচ্ছে এইগুলি আগে আদায় হোক এবং তারপরে আগের যে হাজার হাজার টাকা বাকী আছে সেটা পরে হবে। এটাই আমার পয়েন্ট অব অর্ডার যে উনি যে কথাগুলি বলেছে তা এই হাউসের প্রসিডিংস থেকে—দিস সুড বি এক্সপানচ্‌ড।

**শ্রীনির্মলকুমার বসু**: মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য, বিধানসভার সদস্য, সামগ্রিকভাবে বিধানসভার অধিকার ভঙ্গ ও বিধানসভার অবমাননার বিষয় একটা প্রস্তাব আনবার জন্য আপনার অনুমতি নিয়েছি। আমি এই প্রস্তাবটি পড়ে এই বিষয় সংক্ষেপে একটু নিবেদন করবো।

[1-40—1-50 P.M.]

**আমার প্রস্তাব হল—পশ্চিমবঙ্গ বিধানসভার কার্য্য পরিচালনা বিধির ২২৪ বিধি অনুসারে আমি বিধানসভার মাননীয় সদস্য শ্রীসত্যরঞ্জন বাপুলীর বিরুদ্ধে বিধানসভার সদস্য এবং সামগ্রিকভাবে বিধানসভার অধিকার ভঙ্গের অভিযোগ উত্থাপন করছি, এবং এই প্রস্তাব করছি যে, বিষয়টি বিধানসভার অধিকার রক্ষা কমিটির নিকট বিবেচনার জন্য প্রেরণ করা হোক।**

গতকাল, ১৩ই ডিসেম্বর, ১৯৭৮ বিধানসভায় শ্রীসত্যরঞ্জন বাপুলি বলেন "আমি বিধানসভায় যখন বক্তব্য রেখেছিলাম তখন পূর্ণ দায়িত্ব নিয়ে বলেছি, ৬৫ হাজার কম বলেছি, ওটা এখন যোগ করলে আরও বেড়ে যাবে, ৭১ হাজার হবে।" শ্রীবাপুলি বলেছেন—এম. এল. এ. হোস্টেলে থাকার দরুণ বিধানসভার সদস্যদের কাছে ৭১ হাজার টাকা বাকী আছে। কিন্তু প্রকৃত তথ্য ভিন্নরূপ। এইরূপ বকেয়া টাকার পরিমাণ প্রায় ২৭ হাজার টাকার মত। শ্রী বাপুলি ইচ্ছাকৃতভাবে এই অসত্য তথ্য পরিবেশন করেছেন। বিধানসভায় এই তথ্য পরিবেশন করায় আজ সংবাদপত্রসমূহে বিস্তৃতভাবে এই সংবাদ পরিবেশিত হয়েছে, এবং তার ফলে সদস্যদের সম্মান হানি হয়েছে এবং লোকচক্ষে বিধানসভা হেয় হয়েছে। সুতরাং বিধানসভা সদস্যদের তথা বিধানসভার অধিকার ভঙ্গ হয়েছে এবং বিধানসভার অবমাননা (কনটেমপ্ট) হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য হল—এই যে, এখানে যে তথ্য পরিবেশন করা হয়েছে, সেই তথ্য একজন সদস্য যদি পরিবেশন করেন, সেটা তাঁর দায়িত্ব। যদি না জেনে দায়িত্বহীনভাবে সেই তথ্য পরিবেশন করেন, সেটা অন্যায়, কেননা সংবাদপত্রে প্রকাশিত হলে—এবং সংবাদপত্র প্রকাশ করবেই, গতকালই আমরা বক্তৃতায় বলেছি যা হবে এটা তাদের দায়িত্ব, সেটা প্রকাশ করায় লোকচক্ষে বিধানসভার সদস্যদের এবং বিধানসভার অবমাননা হয়।

দ্বিতীয়তঃ তিনি যদি জেনেশুনে সজ্ঞানে এই তথ্য পরিবেশন করেন, তিনি এম্ফেসিস্ দিয়ে, জোর দিয়ে বলেছেন "আমি দায়িত্ব নিয়ে বলছি" আপনি স্যার অফিশিয়েল তথ্য দেখুন, আমরা দেখেছি। তথ্যটি হল এই—এম. এল. এ সীট রেন্ট গেস্টদের কাছে বাকী আছে ১৮৬৭৪ টাকা আর এম. এল. এ সীট রেন্ট বাবদ বাকী আছে ৮৬২৯.৫০ টাকা—এই দুটো মিলিয়ে দাঁড়াচ্ছে—১৭,৩০৩.৫০ টাকা। অথচ উনি বলছেন দায়িত্ব নিয়ে ৭২ হাজার টাকা। আমি আপনার কাছে মেজ পার্লামেন্টারি প্র্যাক্‌টিস থেকে পড়ে শোনাচ্ছি। ১৪২ পাতায় পড়ছি কি করে কনটেমপ্ট হয়, এখানে আছে—**The House may treat making of deliberately misleading statement as a contempt.** সুতরাং আমি বলছি ডেলিবারেট্‌লি মিস্‌লিডিং স্টেটমেন্ট মাননীয় সদস্য শ্রী বাপুলি করেছেন, তার ফলে এই সংবাদ সংবাদপত্রে বেরোবার পর লক্ষ লক্ষ কোটি কোটি মানুষ পড়েছে, এতে সদস্যদের অধিকার ভঙ্গ হয়েছে, বিধানসভা লোকচক্ষে হেয় হয়েছে, বিধানসভার অবমাননা হয়েছে, সেজন্য আমি এই প্রস্তাব আনছি।

**মিঃ স্পীকার :** ওঁদের পয়েন্ট ওঁরা ফর্মুলেট করেছেন আমি দেখব ওঁরা কি বলেছেন এবং শ্রী বাপুলি কি বলেছেন সেটাও দেখব, এই দুটো প্রস্তাব দেখে আমি আমার রায় দেব।

**ডঃ জয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি এই হাউসের অভিজ্ঞ সদস্য, বিভিন্ন ক্যাপাসিটিতে···

**মিঃ স্পীকার :** আপনাকে একটু বলি, আমি বার বার যখন শ্রী বাপুলি বলছিলেন এই এম. এল. এ. হোস্টেল নিয়ে, এটা যেহেতু স্পীকারের জুরিসডিক্‌শনের ব্যাপার, সেজন্য শ্রী বাপুলিকে বলেছি—এটা আপনারা কিছুতেই আনবেন না, আপনাদের অন্য সুযোগ দেওয়া হবে। তা সত্ত্বেও যখন আপনারা চান, আমি বাধা দিতে পারি না, সুতরাং এটা হচ্ছে, আপনিও বলবেন এই ব্যাপারে।

**ডঃ জয়নাল আবেদিন :** আমার বক্তব্য হচ্ছে মাননীয় সদস্য বাপুলি মশায় একটা তথ্য এখানে রেখেছেন। তথ্যে অঙ্কের হেরফের হয়েছে।

( নয়েজ )

If howling goes on like this it will be retorted. অঙ্কের তফাৎ। কিন্তু এই তথ্য তাঁরা এড়িয়ে যেতে পারেন না—বাকি আছে, দাবী আছে। আপনি যেটা বলেছেন, আমরা তার সঙ্গে একমত। আপনি বলেছেন, এম. এল. এ. হস্টেল আপনার এক্তিয়ারে, এই প্রসঙ্গে কোন কথা বলা উচিত নয়। এটা শিরোধার্য্য। কিন্তু আজকে মাননীয় সদস্য যেকথা বলেছেন It cannot come under the purviece of any privilege. It is merely in accuracy of figure but not of facts. এবং উই রিপিট, উই কনফারম। যা বলেছি তাতে কোন প্রিভিলেজ ব্রেক করি নি।

**শ্রীদেবপ্রসাদ সরকার :** মাননীয় স্পীকার মহাশয়, আমার একটা সাবমিশান আছে। গত ১রা ডিসেম্বর আমি ১৮৫-তে একটা মোশানের নোটিশ দিয়েছিলাম ইনডাষ্ট্রিয়াল রিলেশানস বিল সম্বন্ধে। সেন্ট্রাল গভর্ণমেন্ট এই বিল আনতে চেয়েছিলেন যাতে শ্রমিকশ্রেণীর ট্রেড ইউনিয়ান রাইটস খর্ব হবে। এজন্য সারা ভারতবর্ষে প্রতিবাদ উঠেছে এবং বামফ্রন্ট সরকারের প্রতিনিধিরা দিল্লীতে গিয়েছিলেন এর বিরুদ্ধে প্রতিবাদ জানাতে এই রকম শুনেছি। এইটা সম্পর্কে প্রায় ১২ দিন হয়ে গেলো আমি নোটিশ দিয়েছিলাম, তার ফেট কি হলো সেটা যদি কনভে করেন তাহলে খুসী হবো।

**শ্রীদীনেশ মজুমদার ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই মাননীয় সদস্য শ্রীদেবপ্রসাদ সরকার যা বলেছেন সে সম্পর্কে। আমাদের বিজনেস এ্যাডভাইসরি কমিটি ১৮৫ মোশানে কবে কি আলোচনা হবে না হবে সেটা ঠিক করে দিয়েছেন এবং সেটা বিগত দিনে হাউস পাশ করে দিয়েছেন। আমি জানি না হাউস আরও চলবে কিনা। আমার নিজের ধারণা চলবে না। যদি গভর্ণমেন্ট ঠিক করে আরও হাউস চালাবেন তাহলে সেটা পরবর্ত্তী অধ্যায়ে ঠিক করবেন। আমি যতটুকু জানি এই সেসান বোধহয় আর সম্ভব হবে না। বিজনেস এ্যাডভাইসরি কমিটির সিদ্ধান্ত হয়ে হাউসে গৃহীত হয়েছে। সুতরাং পরবর্ত্তী অধিবেশনে এটা দেখা যেতে পারে।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** আমি বিজনেস এ্যাডভাইসরি কমিটির কথা বলছি না। আমি রুল ১৯০-তে নো-ডে-ইয়েট-নেমড-মোশান হিসাবে সারকুলেট করার কথা বলছি। সেদিক থেকে তো কোন অসুবিধা ছিল না। অন্ততঃ সারকুলেটে যাতে যেতে পারে সেদিকে দৃষ্টি দেবেন এইটুকু অনুরোধ করছি।

**মিঃ স্পীকার ঃ** উনি যে অনুরোধ করেছেন সে সম্পর্কে বলি যে চীফ হুইপের সঙ্গে আলোচনা করে আমি যেভাবে বলেছি সেইভাবে এ্যামেণ্ড করে দিলে এটা সারকুলেট করা যেতে পারে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মিঃ স্পীকার স্যার, মুখ্যমন্ত্রী মহাশয় হাউসে আছেন, আমি আপনার পারমিশান নিয়েছি একটা বিষয়ে বলবার জন্য। সম্প্রতি গাঁয়ে গিয়ে দেখলাম কেমিকেল ফারটিলাইজার পাওয়া যাচ্ছে না। রবি ক্রপের জন্য কেমিকেল ফারটিলাইজার জরুরী। কিন্তু তার স্কারসিটি। আগে জানতাম ৮০ টাকা দাম সুফলার, এখন দেখছি ১৩০ টাকা দাম হয়েছে সুফলার। এগ্রিকালচার মিনিষ্টার এখন নেই। একে তো বন্যায় প্রচুর ক্ষয় ক্ষতি হয়ে গিয়েছে। এখন আবার কেমিকেল ফারটিলাইজারের ব্যাপারে র‍্যাকেট চলছে। আমাদের কৃষিমন্ত্রীর দৃষ্টি দেওয়া উচিত। যদি এই সরকার বলেন ফারটিলাইজার করপোরেশান দৃষ্টি দেবেন, আমাদের দায়িত্ব নেই, তাহলে বলবো, আমার মনে হয় দায়িত্ব নেই এই কথা বলে ষ্টেট গভর্ণমেন্ট দায়ীত্ব এড়িয়ে যেতে পারেন না। কেমিকেল ফারটিলাইজারের ক্ষেত্রে ওয়ারস্ট র‍্যাকেট হয়েছে, ব্ল্যাক মার্কেটিং চলছে, স্কারসিটি আরটিফিসিয়ালি ক্রিয়েটেড করা হচ্ছে। চাষী আলু, গম, বোরো ইত্যাদি লাগাবে, কিন্তু ফারটিলাইজার পাচ্ছে না। আপনি যদি গভর্ণমেন্টকে বলেন তাহলে ভাল হয়। আমরা অন্ততঃ

আতঙ্কিত হচ্ছি। বেশি দামে বিক্রির জন্য কিছু মানুষ সার ধরে রেখেছে। এটা না পেলে খুবই অসুবিধা হবে। কারণ রবিচাষের মরশুম আরম্ভ হয়ে গিয়েছে।

**শ্রীদীপক সেনগুপ্ত ঃ** আমি যে প্রিভিলেজ তুলেছিলাম তার কি হলো ?

**মিঃ স্পীকার ঃ** আমি কালকে রুলিং দেবো এই সম্পর্কে।

## Laying of Report

The Annual Accounts and Administration Report of Durgapur State Transport Corporation for the year 1973-74.

**Shri Sibendra Narayan Chowdhury :** Sir, I beg to lay the Annual Accounts and Administration Report of the Durgapur State Transport Corporation for the year 1973-74.

## LEGISLATION

**মিঃ স্পীকার ঃ** আমি একটু আপনাদের অনুমতি নিচ্ছি। শ্রীপ্রশান্ত সুর মহাশয়ের বিল দুটি পরে ধরা হবে। কারণ একটা জরুরী ব্যাপারে আটকে পড়েছেন এবং আমাকে অনুরোধ করেছেন ওনার বিলগুলি পরে ধরবার জন্য। আমাকে ট্রান্সপোর্ট মিনিষ্টার জানিয়ে দিয়েছেন তাঁর বিলগুলি তিনি আগে নিয়ে আসতে পারেন যদি আপনারা অনুমতি দেন। আমি আপনাদের সামনে এই বক্তব্য রাখলাম আশা করি আপনাদের এতে কারও কোন আপত্তি হবে না।

### The Motor Vehicle (West Bengal Second Amedment) Bill, 1978.

**Shri Mohammed Amin :** Sir, I beg to introduce the Motor Vehicles (West Bengal Second Amendment) Bill, 1978.

(Secretary then read the title of the Bill)

[1-50—2-00 P.M.]

**Shri Mohammed Amim :** Sir, I beg to move that the Motor Vehicles (West Bengal Second Amendment) Bill, 1978, be taken into consideratian.

Sir, the existing provisions of the Motor Vehicles Act, 1939 regarding the grant of stage carriage perment, permanent or temporary, involve procedural formalities which impede quick disposal of an application for stage carriage permits. It has been felt to be essential to do away with these impediments and to simplify the procedure for grant of stage carriage permits in order to enable the transport authorities to undertake quick augmentation of existing transport passenger services adequately and effectively. It has also been felt to be necessary to provide that the permit of an offending permit holder may be suspended on satisfaction of the transport authority about commission of the offence without assigning any reasons for doing so. The existing provision of sub-section 3 of section 47 of the Motor Vehicles Act, 1939 makes it incumbent on the transport authority to set a limit as to the number of stage carriage generally or of any specified type for which the stage carriage permits may be granted in any specified area or any specified route within the region, prior to consideration of an application for a stage carriage permit under sub-section (1) of section 47 to the Act. This determination of the limit of the number of stage carriage is essentially an administrative action, and in arriving at this decision a Regional Transport Authority may have regard to the matters enumerated in clause (a) to (f) of sub-section (1) of section 47, but is not obliged to take into consideration any representation whatsoever. Once this limit has been fixed, there appears hardly any scope for submitting any representation against the grant of permits within that limit.

Regarding any local authority or police authority within whose jurisdiction any part of the proposed route or area lies, it is expected that the view of those authorities would be elicited by the R. T. A. before fixation of the limit. Accordingly, it is proposed that sub-section (1) of Section 47 of the Motor Vehicles Act by suitably amended so as to do away with the obligations cast upon the R. T. A. to take into consideration in representations whatsoever that might be made before the authority before grant of stage carriage permit. The R. T. A. will however, continue to have record to the matters enumerated

in clause (a) to (f) of sub-section (1) of Section 47 of the Act. The existing statute also permits the submission of application for stage carriage permit, whether temporary or permanent, even though there has been no advertisement seeking such application.

This creates unnecessary administrative problems for the R. T. A. In order to avert these sort of problems, it is proposed to amend the motor Vehicles Act so as to lay down that application for stage carriage permit, whether temporary or permanent, shall only be made by such date as may be appointed by the R. T. A. for receipt of such application. It has also appeared to be necessary to amend clause (xxi) of sub-section (3) of Section 48 of the Act in order that variations for distance beyond 24 K. M. in respect of stage carriage permit become inadmissible in any circumstances whatsoever.

Sir, the Bill accordingly seeks to amend Sections 47, 48, 57, 60 and 62 of the Motor Vehicles Act, 1939 in order that the felt needs of the people regarding introduction of stage carriages may be expenditiously attended to by the transport authorities. Attempts of the transport authorities to augment passenger transport services are often thwarted because of procedural formalities. Unless the procedure is simplified, remedial measures for improvement of passenger transport services cannot be quickly undertaken.

The present Bill seeks to simplify the said procedure in respect of grant of stage carriage permits and variations of stage carriage permits as well as to permit transport authorities to take preventive actions in respect of violations of the conditions of the permit by the holder of permit.

Sir, with these words, I commend my motion for consideration by the House.

**শ্রীজন্মেজয় ওঝা :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয় এখন যে বিলটি আমাদের কাছে বিবেচনার জন্য উপস্থিত করলেন সেটা বলতে গিয়ে তিনি বলেছেন যে কতকগুলি প্রকৃত কঠিন পরিস্থিতির সম্মুখীন হয়েছেন।

তাছাড়া এমন কতকগুলি প্রক্রিয়া, নিয়মকানুন আছে যার ফলে যাত্রীবাহী যান পরিবহনের ক্ষেত্রে ব্যাহত হচ্ছে। তিনি আরো বলেছেন এই রকম কতকগুলি অসুবিধা আছে। সেই অসুবিধাগুলি দূর করার জন্য এই বিলটি উত্থাপন করেছেন। কিন্তু আমাদের প্রশ্ন হল আসল অসুবিধাটা কোথায়—এই আসল অসুবিধার মূলে যদি তিনি যেতে না পারেন তাহলে সেই অসুবিধা থেকেই যাবে। আমরা বারবার দেখে আসছি এই অথারিটি গঠিত হয় সম্পূর্ণরূপে রাজনৈতিক দৃষ্টিভঙ্গী নিয়ে। যে দল যখন শাসন করেন সেই দলের অনুগত লোক, সেই দলের অন্তর্ভুক্ত লোক যারা তদের নিয়েই এই আর. টি. এ. গঠিত হয়। সুতরাং এই ব্যাপারে যা হবার তাই হয়েছে। এর ফল কি হবে? আসল অসুবিধাটা থেকেই যাবে। আসলে আমাদের রাজনৈতিক অসুবিধা আছে এবং রাজনৈতিক দৃষ্টিকোণ থেকেই এই সমস্ত পারমিট বিতরণ করা হয়।

[2·00—2-10 P.M.]

আজকে পশ্চিমবাংলার শহর এবং গ্রাম প্রতিটি জায়গাতেই পরিবহণ ব্যবস্থা এতই অসুবিধাজনক যে এর জন্য প্রতিনিয়ত লক্ষ লক্ষ লোককে অসুবিধা ভোগ করতে হচ্ছে। যেখানে বাস দরকার সেখানে যথেষ্ট সংখ্যক বাস দেওয়া হচ্ছে না এবং যেভাবে তাদের পারমিট পেতে হয় তাতে অনেক ঘোরপ্যাচের ভেতর দিয়ে গিয়ে অনেক অসুবিধা ভোগ করে এবং অনেক টাকা খরচ করে তাদের পারমিট পেতে হয়। সেই পারমিট পাবার পর সে যখন টাকাটা তুলতে যায় তখন সেখানে নানান রকমের অসুবিধার সৃষ্টি হয়। ঠিক সময়মত বাস চলে না, যেখানে বেশী দরকার সেখানে কম আছে ইত্যাদি ইত্যাদি নানান ব্যাপার হয়। তাছাড়া পারমিট দেওয়ার ব্যাপারেও অনর্থক দেরি করা হয়। এই সমস্তের পরিণামে যাত্রীদের অসুবিধার সৃষ্টি হয়। তারপর আমরা আরো দেখেছি—আগেও দেখেছি আরো বেশী করে হচ্ছে—এই সমস্ত বাসের পারমিট পেতে হলে আগে রাজনৈতিক দাদাদের ধরে কে পাবে তা আগে ঠিক করে নিতে হয়। আবার এই দাদা ধরতে গিয়েও নানান প্রসেসের মধ্যে দিয়ে যেতে হয় এবং সেখানে অনেক ব্যাপার থাকে। কাজেই আমি বলব, যে সরষে দিয়ে ভূত তাড়াবেন সেই সরষের মধ্যেই যদি ভূত থাকে তাহলে কখনও তা দিয়ে ভূত তাড়ানো সম্ভব হবে না। সেইজন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রস্তাব, একটি অটোনমাস বড়ি করা হোক এবং দেখা হোক সেটা যেন কোন রাজনৈতিক দৃষ্টিভঙ্গী নিয়ে না গঠিত হয়। এটা গণতান্ত্রিক রাষ্ট্র, গণতান্ত্রিক রাষ্ট্রে একদল

আজকে ক্ষমতা দখল করেছেন, মন্ত্রীসভা গঠন করেছেন আগামী নির্বাচনের পর হয়ত আর একদল আসবেন এবং মন্ত্রীসভা করবেন, কাজেই এক এক দল মন্ত্রীসভায় আসবে আর আর. টি. এ. বদল হবে এবং তার সঙ্গে সঙ্গে পারমিট হোল্ডারদের ভাগ্য পরিবর্তিত হতে থাকবে এটা ন্যায়সঙ্গত নয়। সেইজন্য আমি বলব, এমন একটি অটোনমাস বডি থাকা দরকার যাকে রাজনীতি স্পর্শ করবে না। সেখানে একেবারে মেরিটের ভিত্তিতে যে ভালভাবে বাস চালাতে পারবে, যাত্রীদের সুযোগ-সুবিধা দিতে পারবে তাদের দেওয়া দরকার। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, যাত্রী সাধারণের যদি উপকার করতে চান তাহলে আগেকার সমস্ত নিয়ম পাল্টে দিন এবং নতুন দৃষ্টিভঙ্গী নিয়ে কাজ করুন। সেখানে যারা বিশেষজ্ঞ তাদের নিন এবং বিশেষ সরকারী ক্ষমতার অধিকারী তাদের নিয়ে একটি করে আর. টি. এ. গঠিত হোক এবং তারাই পারমিট বিতরণ করুন। স্যার, এই আর. টি. এ.-এর ভেতরে অনেক গলদ আছে সেটা আমরা সকলেই জানি এবং মন্ত্রী মহাশয়ও জানেন। সেখানে ফিটনেস সার্টিফিকেট কিভাবে দেওয়া হয়, কেমন করে পারমিট দেওয়া হয় সেটা সকলেই জানেন।

( ভয়েস ঃ—আর. টি. এ. তুলে দিলে কেমন হয় ? )

এই রকম আর. টি. এ. থাকার চেয়ে না থাকাই ভাল। সেইজন্যই আমি বলছিলাম যে এখানে যদি সোর্সটা বন্ধ করে দিতে পারতেন তাহলে ভাল হত আর তা যদি না করেন তাহলে বলব, সেই পুরানো মদই নতুন বোতলে ভর্তি করে সকলের কাছে পরিবেশন করা হচ্ছে। সেখানে আমরা জানি আনফিট বাসগুলিকে ফিট বলে চালিয়ে দেওয়া হয়, যাকে পারমিট দেওয়া উচিত নয় তাকে পারমিট হয়, কেউ হয়ত দাদার ভাই আছে তাকে দেওয়া হয় কিন্তু যে কাজ চালাতে পারবে তাকে দেওয়া হয় না। সেইজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, আসল অসুবিধাগুলি কোথায় সেটা তিনি দেখুন এবং দরকার হলে আর. টি. এ. তুলে দিন এবং নতুন করে একটি অটোনমাস বডি তৈরি করুন। তারপর মন্ত্রী মহাশয় বলেছেন, "পারমিটধারী কোন ব্যক্তি তাহার পারমিটের বিষয়ে কোন অপরাধ করিয়াছেন এই মর্মে সন্তুষ্ট হইলে কোনরূপ কারণ প্রদর্শন না করিয়াই ঐ অপরাধকারী ব্যক্তির পারমিট সাময়িকভাবে নাকচ করিয়া দিতে পারিবেন।" আমার মন্ত্রী মহাশয়ের কাছে জিজ্ঞাস্য, এটা কিরকম হ'ল ? অপরাধী যে সে জানলো না তার কি অপরাধ, সেখানে কেবলমাত্র যারা কর্তৃপক্ষ তারাই শুধু জানলেন সে এই অপরাধ

করেছে, তাকে শাস্তি দাও। এটা কি করে হয়? এটাকে ন্যায় সংগত বলে মনে করি না। এটা অন্ততঃ যাকে বলে ডেমোক্রেটিক নর্মস তার বিরোধী। সে জন্য অনুরোধ করবো যে এটা তুলে দিন। বরং যাদের বিরুদ্ধে অভিযোগ আসবে তাদের বক্তব্য শোনবার সুযোগ দেওয়া উচিত। তাঁরা কি বলতে চান, সত্যিই অপরাধী কিনা, তাঁদের কি বক্তব্য আছে সেটা শুনুন এবং শোনার পরে তাদের পারমিট স্থগিত বা নাকচ যা হোক করুন। আর তা না হয়ে যদি শুধু অভিযোগর ভিত্তিতে তাঁদের শাস্তি দেওয়া হবে, তাঁদের বক্তব্য রাখবার সুযোগ থাকবে না, তাঁদের কিছু বলবার সুযোগ দেওয়া হবে না, এটা গণতান্ত্রিক রীতিনীতির বিরোধী। আজকে যদি উচ্চ আদালতে কেস হয় তখন এই আইন টিকবে না। সে জন্য অনুরোধ করবো তাঁদের অন্ততঃ কিছু বলবার সুযোগ দেবার ব্যবস্থা থাকে সেই রকমভাবে তিনি পরিবর্তন করার ব্যবস্থা করেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী হবিবুর রহমান:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল সম্পর্কে বলার পূর্বে আপনার কাছে আমার আবেদন যে এই বিধানসভার প্রাক্কালে একটা সিদ্ধান্ত নেওয়া হয়েছিল এবং ঘোষণা করা হয়েছিল যে বাংলায় সমস্ত কাজকর্ম চলবে। সুখের কথা যে আপনি যে ভাবে বিধানসভার কাজকর্ম পরিচালনা করেছেন। কয়েকদিন আগে মাননীয় শিক্ষামন্ত্রী ইংরাজী হটানের কথা বলেছেন। কাজেই একদিকে ইংরাজী হঠাও অভিযান চলবে, আর একদিকে মন্ত্রীরা ইংরাজীতে বক্তৃতা করবেন—এটা হতে পারে না। মন্ত্রী মহাশয় ইংরাজীতে বক্তৃতা করলেন। আমরা ইংরাজী মন থেকে তুলে দিয়েছি। উনি ইংরাজীতে কি বললেন আমরা ঠিক বুঝতে পারিনি। আজকে যদি বিলগুলিকে কার্যকর করতে হয় তাহলে বাংলায় বক্তৃতা করুন। আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি উনি বাংলায় বক্তৃতা করুন এবং ওনার বক্তৃতা শোনার পরে আমি আমার বক্তব্য রাখবো।

**মিঃ স্পীকার:** উনি যা পারেন বাংলায় বলে দিচ্ছেন।

**শ্রী মহম্মদ আমীন:** মাননীয় স্পীকার স্যার, মাননীয় সদস্যদের কাছে আমি যে বক্তৃতা ইংরাজীতে করেছি তার সারমর্ম আমি বাংলায় বলে দিচ্ছি। আমাদের এই সরকার হবার পর এই হাউসে গতবার বলেছিলাম যে ১৯৩৯ সালে যে মোটর ভেহিকেল্‌স্ আইন হয়েছিল সেটা আজকের দিনে অচল। কংগ্রেস সরকার যতদিন ছিলেন তারা সেই আইন নিয়ে কাজ করেছেন। আমরা মনে করি এর মধ্যে

কতকগুলি পরিবর্তন করা দরকার এবং সেটা স্বভাবতঃই বর্তমান সংবিধানের আওতার মধ্যে থেকে আমাদের করতে হবে। কেন না, পরিবহন সমস্যা যে জটিল সেটা আপনারা সকলেই জানেন এবং সকলেই স্বীকার করেন। একটা রুটে যাত্রীদের দুর্ভোগ হচ্ছে, সরকার পারমিট দিতে চায় তা কিন্তু তাড়াতাড়ি দিতে পারবে না। তার কতকগুলি নিয়ম আছে। সেই নিয়মগুলি মেনটেন করতে গেলে বছর খানেক সময় লেগে যায়, এটা কমাবার উপায় নেই। এই হচ্ছে একটা দিক। আর একটা দিক হচ্ছে, ট্রাফিক রুলস ভায়োলেশান একটা গুরুতর আকার ধারণ করেছে। কলকাতায় মাঝে মাঝেই দুর্ঘটনা ঘটছে, প্রাণহানীও ঘটছে। তখন আমরা দুঃখ প্রকাশ করি কিন্তু তার রেমেডি খুঁজে বার করার কোন চেষ্টা আজ পর্যন্ত হয়নি। আমরা সেজন্য এই আইনে আর একটু সংশোধনী এনেছি, যারা বে-আইনী কাজ করবেন তাদের পারমিট সাসপেণ্ড করে দিতে হবে।

[2-10—2-20 P.M.]

আগের যে ব্যবস্থা ছিল তাতে সময় অনেক বেশী লাগতো এবং প্রকৃতপক্ষে যারা অন্যায়কারী, তারা ওটাকে পরোয়া করতেন না। এ্যাডমিনিস্ট্রেশনেও কতকগুলো অসুবিধা দেখা দিয়েছিল, সেই জন্য আমরা এবারে ব্যবস্থা করেছি মোটর ভিকল্‌স এ্যাক্টের পাঁচটি ধারা সংশোধিত করতে এবং তা হতে যাচ্ছে। মাননীয় সদস্যরা যদি দেখেন তাহলে তাঁরা বুঝতে পারবেন এবং আলোচনার মাধ্যমে তাঁরা যে সমস্ত সাজেসন দেবেন, সেইগুলো নিশ্চয়ই বিবেচনার মধ্যে নেওয়া হবে।

**শ্রী হবিবুর রহমান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী মহাশয় যে সংশোধনী বিল এনেছেন সেই সম্পর্কে আমি দু-চারটি কথা বলবো। উনি আইনের সংশোধন করতে চাইছেন যে পারমিট পেতে দেরী হয়, সেই জন্য পারমিট যাতে তাড়াতাড়ি পেতে পারে তার জন্য একটা ব্যবস্থা এখানে আনছেন। এই যে তাড়াতাড়ি পারমিটের ব্যবস্থা করছেন এই ব্যবস্থার ফলে আপনাদের কমরেডদের পারমিট তাড়াতাড়ি দিতে সুবিধা হবে, বাস চলুক আর নাই চলুক আপনাদের কমরেডরা তাড়াতাড়ি পারমিট পাবে এবং যাত্রীদের কোন সুবিধা এই সংশোধনের ফলে হবে না, কতকগুলো কমরেড-এর সংস্থান করে দেওয়া হবে, তার জন্যই এই আইনটা এনেছেন। এটা খুব ভাল কথা। এখানে আমরা কোন বাধা দিচ্ছি না। তবে একটা জিনিস তাঁকে স্মরণ করতে বলছি, এই পারমিট দিয়ে কি যাত্রী সাধারণের কোন সুবিধা এনে দিতে পারবেন ? জন্মেজয় বাবু যে কথা বলেছেন,

মূল অসুবিধা কোথায়, সেটা আপনাদের দেখতে হবে। আজকে এই অবস্থায় পারমিট বের করুন আর নাই করুন, যাত্রী সাধারণের কিন্তু কোন অসুবিধা দূর করতে পারবেন না। তার কারণ যে চেকিং-এর ব্যবস্থা রয়েছে—গাড়ি হয়তো গ্যারেজে পড়ে রয়েছে, কিন্তু সেই গাড়ির ফিটনেস সার্টিফিকেট দিয়ে দেওয়া হলো। গাড়ি রাস্তায় কিভাবে চলছে, আদৌ চলছে কি না সেটা কেউ দেখার নেই। এই রকম একটা অনিশ্চয়তা থাকছে। যাদের পারমিট দেবার ব্যবস্থা করছেন, সেইগুলো সঠিক ভাবে চলবে কি না, সেই ব্যবস্থা কি করেছেন? সেদিকে দৃষ্টি দিতে বলছি।

আমি বলছিলাম যে, কমরেডদের প্রভাবিত করবার জন্য পারমিটের সংখ্যা আপনি যতই বাড়ান না কেন, যতই দ্রুত পারমিট দেবার ব্যবস্থা করুন না কেন যাত্রীদের কোনও সুবিধাই আপনি দিতে পারবেন না। আজকে কি অবস্থা চলছে? গাড়ী গ্যারেজেই রয়েছে অথচ সেই গাড়ীকে ফিট সার্টিফিকেট দেওয়া হচ্ছে। মালিক গাড়ী গ্যারেজে রেখে অথরিটির কাছ থেকে ফিট সার্টিফিকেট নিয়ে আসছে। অথরিটির সঙ্গে মালিকের বন্দোবস্ত আছে। সেই গাড়ী যাত্রীদের নিয়ে যাচ্ছে এবং মাঝ পথে ব্রেক ডাউন হচ্ছে, যাত্রীদের দুর্ভোগ ভোগ করতে হচ্ছে এবং কখনো কখনো দুর্ঘটনাও ঘটে যাচ্ছে। সুতরাং আপনি রুট পারমিট বাড়িয়ে যাত্রীদের দুর্ভোগ কমাতে পারবেন না। একটা রুটে ১০ খানা গাড়ী বেরুচ্ছে এবং তার মধ্যে ৫ খানা আবার বসে যাচ্ছে। অনেক জায়গায় হঠাৎ বাস বন্ধ হয়ে যাচ্ছে। সুতরাং এমার্জেন্সি মিট করার জন্য আপনি রিজার্ভ গাড়ী রাখার ব্যবস্থা রাখুন। তা না হলে শুধু রুট পারমিট বাড়িয়ে আপনি যাত্রীদের অসুবিধা দূর করতে পারবেন না।

আর একটা গুরুত্বপূর্ণ কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করব। আপনি আপনার এই সংশোধনী প্রস্তাবের শেষের দিকে বলেছেন যে, "কোন পরিবহন প্রাধিকার, পারমিটধারী কোন ব্যক্তি তাঁহার পারমিটের বিষয়ে কোন অপরাধ করিয়াছেন এই মর্মে সন্তুষ্ট হইলে, কোনরূপ কারণ প্রদর্শন না করিয়াই, ঐ অপরাধকারী ব্যক্তির পারমিট সাময়িকভাবে নাকচ করিয়া দিতে পারিবেন।" আপনার এই বক্তব্যের আমি বিরোধিতা করছি। আপনারা এখানে স্বৈরতন্ত্র ইত্যাদি নিয়ে প্রায়ই চিৎকার করেন। কিন্তু আপনারা নিজেরাই আজকে এখানে একটা আইন করতে যাচ্ছেন যাতে সেই জিনিষ রয়েছে। অপরাধীকে আত্মপক্ষ সমর্থন করবার কোন সুযোগ না দিয়েই শাস্তি দেবার স্বৈরাচারী আইন আনছেন। যে কোনও অপরাধী যত বড় অপরাধই করুন না কেন তাঁকে আত্মপক্ষ সমর্থন

করবার সুযোগ দিতে হবে। কিন্তু এখানে আপনি সেই সুযোগ দিচ্ছেন না। আপনি আত্মপক্ষ সমর্থন করবার সুযোগ দিন এবং তারপর যদি সে দোষী সাব্যস্ত হয় তাহলে নিশ্চয়ই তার পারমিট নাকচ করে দিতে পারেন এবং সে ক্ষেত্রে সাময়িকভাবে কেন, আপনি চিরদিনের জন্য নাকচ করে দিতে পারেন। কিন্তু তা আপনি করছেন না। কারণ সেই মালিকের সাময়িক পারমিট নাকচ করে দিলে পর সেই মালিক আলীমুদ্দিন স্ট্রীটে গিয়ে আপনাদের পার্টিতে মোটা চাঁদা দেবে এবং তখন তার কেস আবার ইউথড্র হয়ে যাবে। সেই সুবিধা রাখার জন্যই আজকে এইভাবে একটা স্বৈরতন্ত্রি আইন আনছেন। এই আইনের বলে আপনারা সমস্ত যান-বাহনের মালিকদের আপনাদের পার্টি ফাণ্ডে চাঁদা দিতে বাধ্য করাচ্ছেন। তাই আমি বলছি এই জিনিষ না করে, অপরাধীকে আত্মপক্ষ সমর্থন করবার সুযোগ দিন। আর যদি তা না দেন তাহলে আমি এই বিলকে সমর্থন করতে পারছি না।

**শ্রীসুনীতি চট্টরাজ**ঃ মাননীয় স্পীকার স্যার, আজকে মন্ত্রী মহাশয় যে মোটর যান ( পশ্চিমবঙ্গ দ্বিতীয় সংশোধন ) বিধেয়ক, ১৯৭৮, বিলটি এনেছেন সে সম্পর্কে আমার আগের বক্তা যখন বক্তৃতা রাখছিলেন তখন কিছু কিছু মাননীয় বিধানসভার সদস্যরা কোন কোন জায়গায় উত্তেজিত হয়ে উঠছিলেন এবং চিৎকার করছিলেন। আমি লক্ষ্য করছিলাম যখন স্পেসিফিক ব্যাপার নিয়ে কথা বলছিলেন বা লেন-দেনের কথা বলবার চেষ্টা করছিলেন তখন ওঁরা উত্তেজিত হয়ে চিৎকার করছিলেন। স্যার, আমার কাছে অনেকগুলি দরখাস্ত আজকে এসেছে এবং কয়েক দিন ধরে আসছে, স্পেসিফিক কমপ্লেন্ট এ্যাবাউট ডিফারেন্ট অথরিটিস—আপনারা ধৈর্য ধরে শুনুন, কমপ্লেনগুলি আমার কাছে আছে, আপনাদের কাছে বলে দেব, যদি বিচার না পাই তাহলে দিন ঘুরলে আগামী দিনে জনসাধারণের হাতে দিয়ে দেব। আমার কাছে কমপ্লেন আছে বিভিন্ন আর. টি. এ. অথরিটিতে সমস্ত সি. পি. এম. ম্যানরা রয়েছে, কোনও কোনও জায়গায় সন্তুষ্ট করার জন্য ছিটে-ফোঁটা ফরোয়ার্ড ব্লক এবং ছিটে-ফোঁটা আর. এস. পি. ভাইদের বসিয়ে দেওয়া হয়েছে।

[2-20—2-30 P.M.]

এই আর. টি. এ অথরিটিকে স্পেসিফিক ডিমাণ্ড করা হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় বিলে বলেছেন যে পরিবহনের সুবিধার জন্য তাড়াতাড়ি করা হচ্ছে কিন্তু আমি বলবো এটা তাড়াতাড়ির জন্য নয়। আমার কাছে স্পেসিফিক কমপ্লেন

আছে যে বাস রুট দেবার জন্য পার্টি ফাণ্ডে এতো ডোনেসান দিলে তবে তোমাকে পারমিট দেওয়া হবে—এইসব কথা বলা হচ্ছে। আমার কাছে স্পেসিফিক কমপ্লেন আছে—ওদের যদি সৎসাহস থাকে বলুন, আমি প্রমাণ দিয়ে দেবো। এতে যদি এনকোয়ারি কমিশন বসাতে চান বসান কিন্তু তবুও আমি বলবো যে আপনার বিলে সেই কথাই আছে। মাননীয় মন্ত্রীমহাশয় ইনডায়রেক্ট থ্রেটনিং দিচ্ছেন বাস ওনারদের এবং সেটা এই আইনে এ্যামেণ্ডমেন্ট করেছেন। সেকসান ৬০টা পড়ে দেখুন—কি আছে ওখানে? Provided further that where a Transport authority suspends a permit it shall not be necessary to give to the holder its reasons for the action taken. কি জঘন্য এই প্রভিসন, আপনারা এটা চিন্তা করে দেখুন—আপনাদের মধ্যে কিছু কিছু অনেষ্ট আছেন—প্রতিবাদ করুন—এই যে প্রভিসন এতে একটা লাইসেন্স, একটা মোটর ওনারের লাইসেন্স ক্যানসেল করে দেওয়া হবে এবং সেই ক্যানসেলেসনের জন্য কোন রিজন থাকবে না—মাননীয় মন্ত্রী মহাশয় এটা স্পেসিফিক্যালি আইনে বলেছেন। আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে বলছি—আপনি যদি স্বৈরাচারী হবার চেষ্টা করেন তো হন—আমার বলার কিছু নেই কিন্তু চেষ্টা করুন। এখানে যদি আনতেন আফটার প্রপার এনকোয়ারি—এই কথাটা যদি প্রভিসনে ঢুকিয়ে দিতেন তাহলে ভাল হতো। যদি ট্রান্সপোর্ট অথরিটি মনে করেন ঐ লাইসেন্স ক্যানসেল করা উচিৎ তাহলে ক্যানসেল করবেন—উইদাউট মেনসনিং এনি রিজন—কোন এনকোয়ারি না করে লাইসেন্স ক্যানসেল করবেন এটা হতে পারে না। আপনি ইনডালজেন্স দিচ্ছেন থ্রু ইওরস্, থ্রু ইওর বিল টু কালেক্ট মানি। আর একটি ইনডালজেন্স দিচ্ছেন এ্যামেণ্ডমেন্ট অফ সেকসান ৪৮ এটা লক্ষ্য করে দেখুন—এখানে একটা ক্লজ এনেছেন এ্যাটাচ টু দি পারমিট ফারদার কনডিশন—এটা ভেগ—বাস ওনার যারা নূতন—সকলের চাঁদা দেবার ক্ষমতা নেই—যারা খেতে পারছে না—ব্যাঙ্ক থেকে কষ্ট করে লোন নিয়ে বাস করতে চায়—শুধু বাস মালিক মানেই বিড়লা ঘরের ছেলে বা আপনাদের মতন বাড়ি আছে, এয়ার কনডিসন্স গাড়ী আছে কিম্বা টাটার ঘরের ছেলে তা নয়—তাদেরকে ইনডায়রেক্টলি মেনসান করছেন যে, যে কোন কনডিসন এ্যাটাচ করে দেবো এবং সেই কনডিসনগুলি কি? আমরা কিছু রাখবো—মানে সি. পি. এমের পার্টি ফাণ্ডে ১০ হাজার টাকা ডোনেট করো—এই হুমকি দেওয়া হচ্ছে। সুতরাং এই জিনিষ উইথড্র করুন। Indulgence through your Law, through your Bill to collect money for the party fund. আমি স্পেসিফিক বলছি পার্টি ফাণ্ড ভরাবার জন্য এই বিল সুতরাং এতে পরিবহনের সুবিধা হবে না। আপনারা পরিবহনের সুবিধা কতটা করেছেন তার কথা আমাকে আর

বলতে হবে না। পশ্চিমবাংলার মানুষ রাস্তায় রাস্তায় বলে বেড়াচ্ছে যে এই বামফ্রন্ট সরকারের আমলে কি সুবিধা আমরা পাচ্ছি? সুতরাং পরিবহনের সুবিধার জন্য এই বিল আনা হয়নি। উনি এ্যামেণ্ডমেন্টে বলেছেন যে পরিবহনে সুবিধার জন্য এই বিল এনেছেন।

আমি ওনাকে বলি, যদি সৎসাহস থাকে—কমিশন ফেস করতে বলব না, আসল ডকুমেন্ট আমার কাছে আছে, যেদিন বিল আসবে সেদিন এই ডকুমেন্টগুলো প্লেস করবো, সম্পূর্ণ দায়িত্ব নিয়েই বলছি, যদি সৎসাহস থাকে মাননীয় স্পীকার স্যার, মন্ত্রীমহাশয় এই এ্যামেণ্ডমেন্ট উইথড্র করে নিন। ইনডাইরেক্ট ইনডালজেন্স যাদের দিচ্ছেন তারাই আসবে, নতুন যারা বাস করতে আসবে আপনার ডাইরেক্ট থ্রেটনিং টু দি পুওর বাস ওনার্স তারা সাহস করবে না। এডুকেটেড আনএমপ্লয়েড ইয়ুথ—যারা আপনাদের সি. পি. এম. ফাণ্ডে টাকা দেবে না বা দিতে পারবে না আপনারা তাদের বলবেন without mentioning any reason. বাস নিতে কোন নতুন ছেলে আসবে? যারা মায়ের, স্ত্রীর, গহনা বন্ধক দিয়ে নিজের যৎসামান্য পুঁজি নিয়ে বাস নিতে আসবে তারা আসতে পারবে না, এই বিলে এ্যামেণ্ডমেন্ট পাশ হবার পর আমি দায়িত্ব নিয়ে বলছি কোন আনএমপ্লয়েড ইউথ এগিয়ে আসবে না। ইনডাইরেক্টলি আপনারা to collect money for the party fund পার্টিকে আপনারা মদত দিতে পারেন। আপনাদের উদ্দেশ্যটা বলে দিন কি উদ্দেশ্যে বিলটি এনেছেন? আমি বলছি I will request the Minister to withdraw the Bill. যে প্রভিসন আছে সেটা দেখুন পাবলিক ওপিনিয়ন নিন, এই দুইটি এ্যামেণ্ডমেন্ট যেখানে সেকসান ১৬ এবং সেকসান ৪৮ এই দুইটি উইথড্র করুন, otherwise the Bill is correct. এইজন্যই এই বিলটিকে সমর্থন করতে পারছি না।

**শ্রীমহাদেব মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় যে সংশোধনী বিলটি এখানে রেখেছেন তাকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। আমরা জানি যে ইণ্ডিয়ান মোটর ভিহিকলস অ্যাক্ট যেটা কেন্দ্রীয় আইন সেটা বৃটিশ গভর্ণমেন্ট ১৯৩৯ সালে তৈরী করে, এবং স্বভাবতই সেই আইনের বলে ভারত সরকার মালিক এবং ধনিক শ্রেণীর তাতে উপকার হয় এখানে সেই চিন্তা নিয়েই সেই আইন তৈরী করা হয়েছিল। তার পরবর্তীকালে আমরা দেখেছি ৩০ বছর ধরে সেই আইনটিকে সাধারণ মানুষ এবং গরীব মানুষের উপকারে লাগাবার জন্য কিছু কিছু পরিবর্তন করা হয়েছিল। তার মধ্যে যথেষ্ট ফাঁক রাখা হয়েছিল যাতে অনেক মালিক বড় বড় ধনী হাইকোর্টে বা অন্যান্য আদালতে

মামলা করে রেহাই পেয়ে যেতে পারে। আজ আমাদের এই আইনের মধ্যে আমরা দেখতে পাচ্ছি যে আমাদের মন্ত্রী মহোদয় যে চিন্তাধারা প্রকাশ করেছেন তাতে পরিষ্কার বোঝা যাচ্ছে সাধারণ মানুষ, গরীব মানুষ কিছুটা উপকার পায়। আমাদের সীমিত ক্ষমতার মধ্যে দিয়েও তিনি তার চেষ্টা করছেন। আমরা সকলেই জানি এবং আমাদের দৈনন্দিন অভিজ্ঞতার মধ্যে দিয়ে দেখতে পাচ্ছি যে কলকাতা শহরে, গ্রামাঞ্চলে বাসের অভাবের জন্য অনেক সময়ে ছাতে চেপে, বাদুর ঝোলা হয়ে মানুষকে যেতে হয়। এর ফলে বাইরের লোক যাঁরা আসেন তাঁরা এই বাসে যাতায়াত করবার সুযোগ পান না। আজকে সেজন্য আমাদের ভাবতে হবে জনসাধারণকে, গরীব মানুষকে কতটুকু সুযোগ সুবিধা দিতে পারি সেইভাবে আইনকে পরিবর্তন করতে হবে। সেই চিন্তা নিয়েই আমাদের পরিবহন মন্ত্রী মহোদয় যে সংশোধনী নীতি এনেছেন তার মধ্যে দেখছি তাড়াতাড়ি টেম্পোরারী পারমিট, পার্মানেন্ট পারমিট এসবের ব্যাপারে যাতে আরও বেশী সংখ্যায় দিতে পারা যায় এবং সাধারণ ও গরীব মানুষকে সুযোগ দিতে পারা যায় তার চেষ্টা বিলের মধ্যে রয়েছে। সেইভাবে ধারাগুলিকে অ্যামেণ্ড করা হচ্ছে। বিশেষ করে আমি দেখছি পারমিটের ব্যাপার নিয়ে অনেকগুলি বে-আইনী কাজ হয়ে থাকে, পারমিট হোল্ডাররা পারমিট নিয়ে চোরাকারবারী করে থাকে।

[2-30—2-40 P.M.]

চোরা কারবারির দল আইন ভঙ্গ করে বিভিন্ন সময়ে চোরা কারবারে লিপ্ত আছেন। সেইজন্য মালিকদের উপর যদি এরূপ সত্ব আরোপ করা হয় যে আইন ভঙ্গ করলে তাদের শাস্তি দেওয়া হবে তাহলে তাঁদের বুকে লাগার কি আছে? সেইজন্য মন্ত্রী মহাশয় কোন কারণ না দেখানোর যে সংশোধনী এনেছেন সাসপেণ্ড করা হবে সেটা আমরা সমর্থন করছি। আমরা জানি প্রায়ই এরূপ ঘটনা ঘটে। ঐ আইনের মধ্যে প্রতিবন্ধকতার যে সমস্ত সেকসান ছিল সেগুলি সম্বন্ধে বলতে চাই। সেকসান ৪৭ আছে and shall also take into consideration and ending will 'route or area lies' সেখানে ছিলো বাস ওনারদের যদি কোন পারমিট দিতে হয় বা যদি কোন অথরিটি গ্রান্ট করতে চায় তাহলে বাস ওনারদের অধিকার ছিলো আপত্তি জানাবার। এতে অনেক অসুবিধা দেখা যাচ্ছিল সেইজন্য এই সেকসান অ্যামেণ্ড করা হলো যাতে বাস ওনাররা কোন রকম বাধা দিতে না পারে। পারমিট গ্রান্টের ব্যাপারে কনডিসান ইমপোজ করার ব্যাপারে বলেছেন, কিন্তু সেখানে কোন কিছু পরিবর্ত্তন করা হচ্ছে না। শুধু ২৪ কি. মি. রাস্তার ব্যাপার নিয়ে

পরিবর্ত্তন করা হচ্ছে। সেখানে বলা ছিলো "Subject to the limitation that, in no case the distance by the original route shall be altered by more than 24 kilometre." এটা আমরা দিতে চাই। কাজেই এখানে কোন অসুবিধার কিছু নেই। পারমিটের উপর যে কনডিসান ছিলো তা থাকছে। সেকসান ৬৭ এর কথা বলছি। কনট্রাক্ট ক্যারেজের বেলায় ৬ মাসের যে সময় দেওয়া ছিল সেটা থাকছে। এখানে ষ্টেট ক্যারেজ সম্বন্ধে বলা হয়েছে যে এদের পারমিটের কথাটা তুলে দেওয়া হয়েছে। কিন্তু এটা যেন সমস্ত ক্যারেজ-এর উপর প্রযোজ্য হয়। সেকসান ৬০ এটা খুব ইমপরটেন্ট জিনিষ। It shall be necessary to give to the holder its reasons for the action taken ; এটা নিয়ে বিরোধী পক্ষ খুব হৈ চৈ করলেন। কিন্তু আমরা মনে করি মালিকের কোন অধিকার নেই জানবার। সুতরাং মন্ত্রী মহাশয় সঠিকভাবে করছেন। after the words "laid down in", the words and figures "Section 47 and" shall be inserted. এর পর যেটা দেওয়া হয়েছে সেটা রিজিওনাল ট্রান্সপোর্ট অথরিটি ঠিক করবে। কাজেই আমরা দেখতে পাচ্ছি যে ওঁদের আমলে দাদা ধরে পারমিট পাওয়া যেত এবং ঐ দাদারা টাকা পয়সা পাচ্ছেন না বলে ওদের গায়ের জ্বালা ধরেছে। সুনীতিবাবু পার্টি ফাণ্ডের কথা বললেন। ওদের আমলেই পার্টি ফাণ্ডে টাকা দিলে পারমিট দেওয়া হতো। কিন্তু সি. পি. এম. টাকা পয়সা নিয়ে কারবার করে না। হবিবুর রহমান সাহেব বললেন আক্কেল হয়ে যাবে। আমার মনে হচ্ছে তাঁরই আক্কেল দাঁত বেরিয়েছে তা না হলে তিনি এই কথা বলতেন না। যাই হোক বিরোধী পক্ষের মনের জ্বালা যে ধরেছে তা বুঝতে পাচ্ছি। সর্বশেষে বিভিন্ন ধারার অ্যামেণ্ডমেন্ট করে চোরাকারবারিদের সায়েস্তা করার জন্য পারমিট হোল্ডারদের দুর্নীতি দূর করার জন্য মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তাকে সমর্থন করে শেষ করছি।

**শ্রীসন্তোষ দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল সমর্থন করতে গিয়ে দু চারটে কথা বলতে চাই। কংগ্রেস সদস্যদের কথা শুনে মনে হচ্ছে যে চোরের মায়ের বড় গলা। একটি ফ্যামেলিতে কত চক্র সৃষ্টি হয় এবং অনেক বেশী করে পারমিট দিতে হয় সেটা কংগ্রেস আমলেই হয়েছে। আমরা বলছি রেজিষ্টার সোসাইটি, ড্রাইভার, কনডাকটার এবং ক্লিনারদের পারমিট দিতে চাই। আমি এ ক্ষেত্রে হাওড়া জেলার পারমিট দিতে গিয়ে বেআইনীভাবে তাদের ব্যাঙ্ক থেকে সিকিউরিটি চাওয় হচ্ছে এবং তা না দিলে বলা হচ্ছে পাবে না। এটা আমি চিন্তা করতে বলছি। বাসের মালিক তাঁরা মনে করেন তাঁদের আলাদা একটা রাজত্ব আছে। আর. টি. এ.-কে

কোন রাস্তা কভার করতে বললে সেটা শোনেন না। যেমন হাওড়া জেলায় বাউড়িয়া আমতা রুটের পারমিট তারা আটকে দিয়ে রানিহাটি বাউড়িয়া রুট করলেন কেননা তারা বলেছিলেন যে ঐ রুটে তাদের পয়সা হচ্ছে না।

অথচ যাত্রী সাধারণের যে দুর্ভোগ রয়েই গেছে। যাত্রী সাধারণের দুর্ভোগের কথা চিন্তা করে আর, টি, ও,. মন্ত্রী মহাশয় ব্যবস্থা করলেন ঠিকই, কিন্তু সেই ব্যবস্থা আদপে যাতে কার্যকরী হয় সেই বিষয়ে লক্ষ্য রাখতে হবে। এই প্রসঙ্গে আমি সাজেসান দিচ্ছি সাটেল বাস চালান হোক। যেমন, শিবপুর বাস এ্যাসোসিয়েসান হাওড়ার ২/৩ অংশ কভার করে চালাচ্ছে, তাদের বাস খুব দূরের রাস্তা কভার করে। কাছাকাছি যেসব রাস্তা রয়েছে রানিহাটি থেকে আমতা, একব্বরপুর থেকে সাঁকরাইল স্টেশন, মৌড়ী স্টেশন থেকে উলুবেড়িয়া, এই ধরণের সাটেল বাসের পার্টি যদি দেওয়া হয় তাহলে সত্যিকারে ভাল কাজ করা হবে। বাসের যে অবস্থা, সব সময় দেখা যায় বাস রাস্তায় ব্রেক ডাউন হয়ে আছে, না হয় সার্ভিসিংএ গেছে ইত্যাদি কথা বলে বাস রাস্তায় বেরোয় না। সেজন্য যাত্রী সাধারণের যে দুর্ভোগ সেই দুর্ভোগ থেকে যায়। এইদিকে বিশেষভাবে লক্ষ্য রাখা দরকার। আর একটা কথা উঠেছে সেটা হল বাসের পার্মিট অগ্রাহ্য করা হবে, বাতিল করা হবে কোন কারণ না দর্শিয়ে। এটা করা উচিত। এটা করা উচিত এই কারণে তারা যে ধরণের অত্যাচার যাত্রী সাধারণের উপর চালাচ্ছে তার প্রতিবিধান করার জন্য এই ব্যবস্থা করা উচিত। ন্যাচারাল জাষ্টিস বলে কথা রয়েছে, তারা ২২৬ করে হাইকোর্টে মামলা ঝুলিয়ে দেবে, তাতে যাত্রী সাধারণের অবস্থা সঙ্গীন থেকে যাবে। সেই কারণে আমি মনে করি মোটর ভেহিকলস এ্যাক্ট এমনভাবে সংশোধন করুন যাতে মালিকরা হাইকোর্টের দ্বারস্থ না হতে পারে। এইভাবে যদি সংশোধন করেন তাহলে সত্যিকারে মঙ্গলজনক হবে বলে আমি বিশ্বাস করি। যাইহোক, আমি সম্পূর্ণরূপে এই সংশোধনকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[ 2-40—2-50 P.M. ]

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস**ঃ মাননীয় স্পীকার মহাশয়, মন্ত্রীমহাশয় যে বিল উত্থাপন করেছেন তা আমি সমর্থন করছি। প্রথমে যে প্রশ্ন তুলছি সেটা হচ্ছে কলকাতা এবং শহরতলীতে বাড়তি বাসের প্রয়োজন আছে কিনা। ঘুষ হচ্ছে, দুর্নীতি হচ্ছে এইসব যে কথা এই প্রসঙ্গে পরে আসছি, প্রথম কথা হচ্ছে কলকাতা শহরতলী এবং শুধু কলকাতা শহরতলী নয়, গ্রাম বাংলার পরিবহন সমস্যা তীব্র আকার ধারণ করেছে। তবে আমার ধারণা বেসরকারী বাস বাড়াতে গিয়ে সাধারণ বাসের সংখ্যা বাড়ানোর দিকে দৃষ্টি রেখে

পরিবহন মন্ত্রীমহাশয় আইন প্রণয়ন করতে যাচ্ছেন। কিন্তু ঘটনা হচ্ছে স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশান কেন বাড়তি বাস দিতে পারছেন না এটা বিচার করা দরকার। কারণ, কলকাতায় স্টেট বাস যদি বেশী করে চলে তাহলে যাত্রী সাধারণের সুবিধা অনেক বেশী হবে। এটা আমার আমার ধারণা, এটা যেন ভবিষ্যতে না হয়, এইসব পার্মিট দিতে গিয়ে দেখা গেল যে স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশান গুটিয়ে যাচ্ছে এবং প্রাইভেট বাস কলকাতা দখল করে বসছে। এটা যেন না হয় পরিবহন চাহিদাকে পূরণ করতে হবে প্রাইভেট বাসকে দিয়ে। দ্বিতীয় কথা হচ্ছে আজকে লাইসেন্স পার্মিট দেওয়ার ব্যাপারে অভিযোগ খুব সঙ্গত কারণে উঠে। কারণ, কংগ্রেসী আমলে তাঁরা এইসব কাজ করে গেছেন, তাই তাঁদের বক্তব্য রাখার সময় স্বভাবতঃই পুরান স্মৃতি মনে পড়ে, এজন্য তাঁরা এইসব কথা রাখেন। কথা হচ্ছে বামফ্রন্ট সরকার যাঁরা, আমরা সব সময় বলে থাকি মেহনতী সাধারণ মানুষের পক্ষে আমরা কাজ করছি বেসরকারী বাসের পার্মিট দেওয়ার ক্ষেত্রে একটা সুষ্ঠ নীতি থাকা দরকার, বাসের পার্মিট দেওয়ার সময় ড্রাইভার, কর্মচারী যারা বহুদিন ধরে কাজ করে আসছে তাদের অগ্রাধিকার দেওয়া উচিত। এজন্য ব্যাঙ্কের যে সাহায্য সেই সাহায্যে ড্রাইভার কর্মচারীদের মালিকানা যাতে দেওয়া যায় সেই দিকে দৃষ্টি দিতে হবে। সঙ্গে সঙ্গে আর একটা কথা হচ্ছে ক্রমবর্ধমান বেকার সমস্যা যা পশ্চিমবঙ্গের যুব মানসকে বিভ্রান্ত করছে এবং আমরা কর্ম সংস্থানের ক্ষেত্রে খুব বেশী অগ্রসর হতে পারছি না, সেই ক্ষেত্রে পার্মিট দেওয়ার ক্ষেত্রে শিক্ষিত বেকার ছেলেদের অগ্রাধিকার দিতে হবে। এই অগ্রাধিকার দেওয়ার মধ্য দিয়ে যাতে কর্ম সংস্থান হতে পারে, তারা স্বনির্ভর হতে পারে, জীবনে প্রতিষ্ঠিত হতে পারে সেই দিকে দৃষ্টি দিতে হবে অর্থাৎ পার্মিট দেওয়ার ক্ষেত্রে গতানুগতিক যে বিধিগুলি অবলম্বন করা হয়ে থাকে, টাকা-পয়সা দিলে পার্মিট পেয়ে থাকে সেই ক্ষেত্রে আমাদের দৃষ্টিভঙ্গীর পরিবর্তন ঘটাতে হবে।

আর একটা কথা হচ্ছে বাস বাড়াতে গেলে যে সমস্যা দেখা দেবে এই বিলের দ্বারা সমস্যা দূর করা যাবে। আমরা দেখেছি একটা রুটে বাস বাড়ান দরকার, সেখানে আর. টি. এ. ব্যয় বাড়ানোর জন্য চেষ্টা করলে বে-সরকারী মালিকপক্ষ ইনজাংশান করে দেবেন। আমার মনে হয় এই বিলের দ্বারা সেটা বন্ধ হবে। আমি মনে করি যদি এই আইনের দ্বারাও কভার না করে তাহলেও মাননীয় মন্ত্রী মহাশয়কে এই বিষয়ে দৃষ্টি দিতে হবে। এই অচল অবস্থার প্রতিবিধান করতে হবে। কলকাতা এবং শহরতলী পরিবহন ব্যবস্থা মেটাবার জন্য সরকারী বাস বাড়ানোর দিকে লক্ষ্য দিতে হবে। বে-সরকারী মালিকানা কলকাতা বাসের সংখ্যা যেন না বাড়ে। স্টেট বাস যাতে আরোও

বেশি করে চালানো যায় তার ব্যবস্থা করতে হবে। এই কয়েকটি কথা বলে আমি এই বিলের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমহম্মদ আমীন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে বিলের উপর যে আলোচনা হলো তাতে জবাব দেওয়ার মতো কিছু নেই। কংগ্রেস বেঞ্চ থেকে কয়েকজন সদস্য এমন কতকগুলি কথা বললেন যেটা ঠিক নয়। যেমন একজন বললেন যে এখন তাড়াতাড়ি পারমিট দিতে চাচ্ছেন যাতে সি. পি. এম. এর চাঁদা বেশি করে আসে। এই প্রশ্নের জবাব ওঁনারা কি দেবেন যে এতদিন ওঁনারা পারমিট দিতেন তখন সি. পি. এম. এর চাঁদা কোথা থেকে আসতো? এইরকম অসত্য কথা বলে লাভ নেই। এখন আর. টি. এ.-এর ফাংশানিং-এর পক্ষে যদি কোন কথা বলতেন তাহলে সেটা সবসময়ে আলোচনা করতে পারতাম। কোন অভিযোগ থাকলে সেটা দেখতে পারতাম। কিন্তু এখানে একজন মাননীয় কংগ্রেস সদস্য বললেন যে এতদিন পর্যন্ত এই সরকার পরিবহন ব্যবস্থার কোন উন্নতি করতে পারলেন না। আমি তাদের জিজ্ঞাসা করছি যতদিন কংগ্রেস সরকার ছিলেন পরিবহন ব্যবস্থার কি কোন সমস্যা ছিল না? যখন আমরা সরকারে আসলাম হঠাৎ তখনি সমস্যা এত জটিল হয়ে গেল? এইরকম কোন ব্যাপার নয়, সমস্যা ছিল, আজকেও আছে এবং ভবিষ্যতেও থাকবে। আমরা পুঁজিবাদী সমাজ ব্যবস্থায় বাস করে যদি সমাজতন্ত্রের স্বপ্ন দেখি তাহলে সেটা বাস্তব হবে না। যে সমাজ ব্যবস্থা আপনারা গড়ে তুলেছেন সেটাই আমরা ভোগ করছি। আমার কথা হচ্ছে সরকার যেটা করতে চাচ্ছেন সেটা এই সমাজ ব্যবস্থার মধ্যে বাস করে যতটা সম্ভব তা করার চেষ্টা করছেন। আজকে লোককে এই কথা বুঝিয়ে দিতে চাচ্ছি যে এই সমাজ ব্যবস্থা থাকলে পরিবহন সমস্যার সমাধান হবে না। মানুষ যেদিন সেকথা বুঝবে, তার ব্যবস্থার দিকে এগোবে তখনই সমস্যার সমাধান হতে পারে। মোটর ভেকেলস্ এ্যাক্টে এমন কতকগুলি নিয়ম আছে সেটা পালন করতে গেলে দীর্ঘ সময় লাগে, পারমিট ইস্যু করতে এবং যেটা জনগণের স্বার্থের বিরোধী বে-সরকারী মালিক মামলা দায়ের করে দেন, বছরের পর বছর সেই মামলা কোর্টে পড়ে থাকে, লোকের কষ্ট হয় সরকার কিছু করতে পারে না। আপনারা কি চান সেই অবস্থা থাকুক? না এর পরিবর্তন করতে চান? এখানে একজন বললেন যে আমরা পারমিট ক্যানসেল করে দিতে চাচ্ছি। কিন্তু এই এ্যামেণ্ডমেন্টে ক্যানসেল করার কথা উল্লেখ নেই, সেখানে উল্লেখ আছে যে যারা এই আইন ভঙ্গ করে তাদের পারমিট সাসপেণ্ড করে দিতে হবে। সাসপেন্সান এবং ক্যানসেলেসান কি একই কথা? সাসপেণ্ড করতে হলে সো-কজ করতে হবে, এনকোয়ারী করতে হবে। আমি তাকে বলি ফার্ষ্ট ইউ নো, দেন ইউ স্পীক ; ইউ হ্যাভ

মেড এ রং ষ্টেটমেন্ট, ইউ সুড বী কারেক্টেড···

সাসপেণ্ড করার পর তাকে সোকজ করা হবে এবং তারপর এনকোয়ারি করা হবে।

**মিঃ স্পীকার ঃ** এই সংশোধনীর উপর আলোচনার জন্য আরও সময়ের প্রয়োজন, কাজেই রুল ২৯০ অনুযায়ী এই বিধেয়কের উপর আলোচনার সময় আরও ১৫ মিনিট বাড়াবার জন্য আমি সভার সম্মতি চাইছি। আশাকরি আপনাদের সম্মতি আছে। মন্ত্রীমহাশয় বলুন।

[2-50—3-00 P.M.]

**শ্রীমহম্মদ আমিন :** আজকে যে রেটে—এ ট্রাফিক রুল ভায়লেন্সের কেস বাড়ছে, দুর্ঘটনা ঘটছে তাতে করে কিছু ব্যবস্থা না করতে পারলে এটাকে কমান যাবে না। তবে এর উদ্দেশ্য এই নয় যে, আমাদের যারা বাস অপারেটর তাদের একটা বীতির মধ্যে আমরা রাখতে চাই। কিন্তু যারা অফেণ্ডার, যারা মনে করে বর্তমান আইনের দ্বারা তাদের কেউ কিছু করতে পারবে না তাদের জন্য একটা ব্যবস্থা করতে চাই। আইনের ব্যবহার কিভাবে হবে তার উপর সবটা নির্ভর করে। তবে একথা ঠিক যে, এই জিনিসের সমাধান কেবল আইনের মাধ্যমে করা যায় না। তবে মাননীয় সদস্যদের আমি এই বলে নিশ্চিন্ত করতে চাই যে, যদি আমরা দেখি যে উদ্দেশ্যে আমরা এটা করতে চাই সেটা হচ্ছে না, অসুবিধা হচ্ছে তাহলে আপনারা আছেন, আমরাও আছি—আমরা সকলে মিলে আলোচনা করব এবং পরিবর্তন সবসময়ই হতে পারে বর্তমান পরিস্থিতিতে মোটর ভেহিকেল এ্যাক্ট থরো স্টাডি করে এই সংশোধনী আনা হয়েছে এবং আশাকরি এতে অবস্থার উন্নতি করা যাবে এবং বাস অপারেটররা আতঙ্কগ্রস্ত হবেন না। যারা আইন মেনে চলে তারা এতে খুযী হবে এবং যারা বেআইনী কার্যকলাপ করে তারা সংযত হবে। একথা বলে আমি অনুরোধ করছি আপনারা এটা গ্রহণ করুন।

The motion of Shri Mohammed Amin that the Motor Vehicles (West Bengal Second Amendment) Bill, 1978, be taken into consideration was then put and agreed to.

**Clauses 1 to 7 and Preamble**

The question that clauses 1 to 7 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Mohammed Amin : Sir, I beg to move that the Motor Vehicles (West Bengal Second Amendment) Bill, 1978, as settled in the Assembly be passed.

**ডাঃ জয়নাল আবেদিন** : মিঃ স্পীকার, স্যার, বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসীন হবার পর আমরা দেখছি ওঁরা একটা কৌশল অবলম্বন কারছেন। আজকে আমরা দেখতে পাচ্ছি কৌশল পার্টি একটা ছিল সেটা ক্ষীয়মান হয়ে হারিয়ে যাচ্ছে এখানে সেই স্থান এঁরা নিতে যাচ্ছেন। (এ ভয়েস : কোথায় দেখলেন ?) তোমাদের তো ন্যাবা হয়েছে, তোমরা তো রাতকানা, তোমরা দেখবে কি করে ? স্যার, আপনি জানেন, আমি সেদিন দেখলাম মাননীয় মুখ্যমন্ত্রী পর্যান্ত ফ্যামিলি প্ল্যানিং-এর সপক্ষে প্রচারে নেমেছেন, এই সেসনে দেখলাম বিলের উপর কোন ফ্যামিলি প্ল্যানিং নেই, ওয়ান আফটার এ্যানাদার, একটার পর একটা লেজিসলেশন ইজ কামিং এবং এই লেজিসলেশনগুলি এমন কৌশলে আনা হচ্ছে যে তাড়াতাড়ি এইগুলির বিরোধিতা করা একটু ডিফিকাল্ট যে কোন বিরোধী দলের পক্ষে বা সদস্যর পক্ষে। ওঁরা জনসাধারণের কাছে একটা কথা তুলে ধরতে চাচ্ছেন যে আমরা তোমাদের সুবিধার জন্য এটা করতে চাচ্ছি। কিন্তু সঙ্গে সঙ্গে রুল্জ ও ক্লজ রাখছেন যার ফলে এনি লেজিসলেশন, এনি এ্যাপিল টু দি কোর্ট, এদের সেই ধারাটা ইনজাংশন হয়ে যাচ্ছে। আপনি যে বিধানটা রাখলেন, উইদাউট এনি রাইম এ্যাণ্ড রিজিন্স উইদাউট এনকোয়ারি ইভিন এ্যাণ্ড এক্সপ্লিসিট রিজিন্স আপনি বাস রুট ক্যানসেল করে দেবেন তখন সাপোজ এই বাস রুট যদি ধরে নিই আপনার কথাই —আলিমুদ্দিন ষ্ট্রিটের কথা বাদ দিন, এক্সট্রা কনষ্টিটিউশনাল পাওয়ারের কথা বাদ দিন, যদি ধরে নিই একটা জেনুইন কেস আপনি পার্টি ধরে ক্যানসেল করে দিলেন, একটা পারমিট, সে হাইকোর্টে গেল The authority gets immediately an injunction. There are points on the Government on the R. T. A., they must satisfy the court. আজকে সেই জন্য বলছি এক্সপ্রেস প্রভিশন, ন্যাচারাল জাষ্টিসের প্রভিশন আপনারা রাখছেন না কেন ? এটা হিট করে কিনা কমনসেন্স এ্যাণ্ড ন্যাচারাল জাষ্টিসকে ? আজকে হচ্ছে না ভাল কথা। আজকে অন্য দিকে (শ্রীশম্ভুনাথ মাণ্ডি : আবার অন্য দিকে কেন ?) তুমি তো পশুর ডাক্তার, তুমি তো বুঝবে না মানুষের কথা। (এ ভয়েস : আপনি কার ডাক্তার ?) আমি তোমার ডাক্তার, আজকে সেইজন্য চাচ্ছি অন্য দিকে, ইট ইজ আওয়ার ডিউটি, আপনি দেখবেন এই যাতায়াত, পরিবহণ ব্যবস্থায় আপনি একদিকে পিসমিল লেজিসলেশন এনে পরিবহণ ব্যবস্থার যে অসুবিধা আছে সেটা দূর করতে পারবেন না। আমরা আপনার কাছে এক্সপ্রেসলি

মেড এ রং ষ্টেটমেন্ট, ইউ সুড বী কারেক্টেড···

সাসপেণ্ড করার পর তাকে সোকজ করা হবে এবং তারপর এনকোয়ারি করা হবে।

**মিঃ স্পীকার ঃ** এই সংশোধনীর উপর আলোচনার জন্য আরও সময়ের প্রয়োজন, কাজেই রুল ২৯০ অনুযায়ী এই বিধেয়কের উপর আলোচনার সময় আরও ১৫ মিনিট বাড়াবার জন্য আমি সভার সম্মতি চাইছি। আশাকরি আপনাদের সম্মতি আছে। মন্ত্রীমহাশয় বলুন।

[2-50—3-00 P.M.]

**শ্রীমহম্মদ আমিন :** আজকে যে রেটে—এ ট্রাফিক রুল ভায়লেন্সের কেস বাড়ছে, দুর্ঘটনা ঘটছে তাতে করে কিছু ব্যবস্থা না করতে পারলে এটাকে কমান যাবে না। তবে এর উদ্দেশ্য এই নয় যে, আমাদের যারা বাস অপারেটর তাদের একটা নীতির মধ্যে আমরা রাখতে চাই। কিন্তু যারা অফেণ্ডার, যারা মনে করে বর্তমান আইনের দ্বারা তাদের কেউ কিছু করতে পারবে না তাদের জন্য একটা ব্যবস্থা করতে চাই। আইনের ব্যবহার কিভাবে হবে তার উপর সবটা নির্ভর করে। তবে একথা ঠিক যে, এই জিনিসের সমাধান কেবল আইনের মাধ্যমে করা যায় না। তবে মাননীয় সদস্যদের আমি এই বলে নিশ্চিন্ত করতে চাই যে, যদি আমরা দেখি যে উদ্দেশ্যে আমরা এটা করতে চাই সেটা হচ্ছে না, অসুবিধা হচ্ছে তাহলে আপনারা আছেন, আমরাও আছি— আমরা সকলে মিলে আলোচনা করব এবং পরিবর্তন সবসময়ই হতে পারে বর্তমান পরিস্থিতিতে মোটর ভেহিকেল এ্যাক্ট থরো স্টাডি করে এই সংশোধনী আনা হয়েছে এবং আশাকরি এতে অবস্থার উন্নতি করা যাবে এবং বাস অপারেটররা আতঙ্কগ্রস্ত হবেন না। যারা আইন মেনে চলে তারা এতে খুযী হবে এবং যারা বেআইনী কার্যকলাপ করে তারা সংযত হবে। একথা বলে আমি অনুরোধ করছি আপনারা এটা গ্রহণ করুন।

The motion of Shri Mohammed Amin that the Motor Vehicles (West Bengal Second Amendment) Bill, 1978, be taken into consideration was then put and agreed to.

### Clauses 1 to 7 and Preamble

The question that clauses 1 to 7 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

The motion of Shri Mohammed Amin that the Motor Vehicles (West Bengal Second Amendment) Bill, 1978, as settled in the Assembly, be passed, was then put and agreed to

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** অন এ পয়েন্ট অব ইনফর্মেশন স্যার, স্টেটসম্যান কাগজে বেরিয়েছে আজকে একটা ফটো চার্লি চ্যাপলিনের, তাতে দেখছি যতীন চক্রবর্তী মহাশয় দেড় লক্ষ টাকা খরচ করে স্ট্যাচু করবেন, উনি পাশে বসে আছেন, ফটো দেখে মনে হচ্ছে চার্লি চ্যাপলিনের মত শ্রীযতীন চক্রবর্তীর হাতে একটা ছড়ি এবং মাথায় টুপি পরিয়ে দিলে, আমাদের দেশের লোকের একটা ফটো হয়ে যায়।

**মিঃ স্পীকার ঃ** অজয়বাবু আপনার কি প্রিভিলেজ আছে, বলুন।

**শ্রীঅজয়কুমার দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল এখানে আমাদের মাননীয় সি. পি. এম. সদস্য শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় আরামবাগ হাসপাতালে জনতা পার্টির গুণ্ডারা হামলা করেছে, এই তথ্য পরিবেশন করেছেন। এটা অসত্য। আসল ঘটনা কাগজে দেখতে পারেন। ঘটনা হচ্ছে সেখানে হাসপাতালে নানা রকম দুর্নীতি হচ্ছে বলে যুব সংঘের কয়েকটি ছেলে এস ডি ও-র কাছে জানান, কিন্তু তার কোন প্রতিকারতো হয়ইনি, উল্টে তাদের মার দাঙ্গা করে বার করে দেওয়া হয়েছে। উনি যে জনতা পার্টির গুণ্ডাদের সম্বন্ধে এখানে হাউসে বলেছেন এটা অসত্য তথ্য তিনি এখানে পরিবেশন করেছেন।

**শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** স্যার, মাননীয় সদস্য অজয়বাবু আমার নাম করেছেন, সুতরাং আমার অধিকার আছে আপনার কাছে নিবেদন করার। উনি যে কথা বলেছেন তার প্রতিবাদে আমি কিছু বলতে চাই। উনি যে প্রিভিলেজের প্রশ্ন তুলেছেন তাতে আমার নাম জড়িয়েছেন। কাল আমি যা বলেছি মেনশনে, তাতে আপনার অনুমতি নিয়ে বলেছি, আমি কারও নাম করিনি। আমি শুধু ঘটনার কথা বলেছি। উনি স্যার, আমার নাম জড়িয়ে এখানে আজ এক্ষুনি বললেন। একজন সদস্য যদি আর একজন সদস্য-এর নাম জড়িয়ে কিছু বলেন তাহলে সে বিষয়ে আমার কিছু বলবার অধিকার আছে, আপনি স্যার, এটা বিবেচনা করে দেখুন, আমাকে বলার অনুমতি দিন।

**মিঃ স্পীকার ঃ** না আমি এলাউ করছি না।

**শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** যদি স্যার, আপনি এলাউ না করেন তাহলে তাঁর বক্তব্য এক্সপাঞ্জ করা হোক। আমি জানাতে চাইছি যে গতকাল আমি আরামবাগ হাসপাতাল সম্বন্ধে মেনশন করেছিলাম।

**শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** উনি আমার নাম করে বললেন, ওটা এক্সপাঞ্জ করে দেওয়া হোক ।

**মিঃ স্পীকার ঃ** উনি প্রিভিলেজ তুলেছেন, প্রিভিলেজের জবাব দেওয়া হবে ।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মিঃ স্পীকার স্যার, আমি ২২৬-এ নোটিশ দিয়েছি । এটা কি আজকে পড়বো, না, কালকে পড়বো ?

**মিঃ স্পীকার ঃ** কাল পড়বেন ।

**The Calcutta Tramways Company (Acquisition of Uudertaking) (Amendment) Bill, 1978.**

Shri Mohammed Amin : (Mr. Speaker, Sir, I beg to introduce the Calcutta Tramways Company (Acquisition of Undertaking) (Amendment) Bill, 1978.

(Secretary then read the title of the Bill)

Shri mohammed Amin : Mr. Speaker, Sir, I beg to move that the Calcutta Tramways Company (Acquistion of Undertaking) (Amendment) Bill, 1978, be taken into consideration.

**শ্রীমহম্মদ আমিন ঃ** মিঃ স্পীকার স্যার, ১৯৭৬ সালে কলকাতা ট্রামওয়েস কোম্পানীকে এ্যাকুয়ার করে নেওয়া হয়েছিল । তারপর থেকে এটা একটা গভর্ণমেন্ট ডিপার্টমেন্ট হিসাবে কাজ করছে । এই কাজ করতে গিয়ে দেখা গেলো এ্যাডমিনিস ট্রেটিভ ফ্যাংশানে কিছু ডিফিক্যালটিস হচ্ছে । কারণ সরকারের ডিপার্টমেন্ট হিসাবে থাকলে যে কোন সিদ্ধান্ত করতে গেলে অনেক নিয়মের মাধ্যমে, অফিসিয়াল রিজিডিটির মাধ্যমে যেতে হয় । তাতে সময় মতো সিদ্ধান্ত নিতে না পারলে কাজের ক্ষতি হয় । এই উদ্দেশ্যে এই বিল আনা হয়েছে যে এর পর থেকে এটা গভর্ণমেন্টের কোম্পানী হিসাবে কাজ করবে । তাতে এ্যাডমিনিষ্ট্রেটিভ ফ্যাংশানের কতগুলো স্বাধীনতা থাকবে এবং তারা ব্যাঙ্ক থেকে টাকা ধার করতে পারবেন এবং কলকাতা ট্রাম ওয়েস যাতে ভালভাবে চলতে পারে তার ব্যবস্থা করবেন । মাননীয় সদস্যরা জানেন, বর্তমান পরিস্থিতিতে কলকাতা শহরের ট্রান্সপোর্টে ট্রামকে বাদ দিয়ে কল্পনা করা যায় না । সেইজন্যবর্তমান সরকার চেষ্টা করছেন এই ট্রাম ওয়েস সার্ভিসকে ভালভাবে ব্যবস্থা করে একে চালানোর ।

**শ্রীহরিপদ ভারতী :** মিঃ স্পীকার স্যার, আপনার নির্দিষ্ট কর্মসূচী আরম্ভ করার পূর্বে আমি আপনার অনুমতি নিয়ে কয়েকটি ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমি বক্তৃতা করবো না আমি চারটি টেলিগ্রাম পেয়েছি সেগুলি আমি পড়ে দিচ্ছি।

'Receiver Appointed but forcefully paddy taken by CPM workers with Lathi Vali Daggers in Mugberia Anchal of Bhagwanpur P.S, Rakhal Sarangi Receiver'.

'Owner of land while harvestiag paddy from land under personal cultivation were obstructed by armed supporters of CPIM party on 10. 12. 78 at Maisali Village Itaberia Anchal P.S. Bhagwanpur Dist. Midnapur. Pray immediate action. Khadyot Kumar Manna and others for land owners.'

'This morning we Sanjay Kuila and Chitta Pramanik were harvesting in the plot of Niranjan Kuila Ajit Kuila , Gram Panchayat vill Jiakhali P.S. Bhagwanpur Dist. Midnapur and two others appeared and compelled to stop work. He threatened that we would not work under anybody without his permission – Sanjay Kuila pnd Chitta Pramanik, Vill—Jiakhali P.S. Bhagwanpur Dist. Midnapore,'

'This morning I was harvesting in my plot with my labour Ajit Kuila Gram Panchayat Vill Jiakhali P.S. Bhagwanpur Dist. Midnapur and two others appeared and compelled my labours to stop their work. He threatened that they would not work under anybody without his permission—Niranjan Kuila, Vill Jiakhali P.O. Moisali P.S. Bhagwanpur Dist. Midnapur.'

আমি টেলিগ্রাম কয়টি পড়লাম আমি কোন বক্তৃতা করছি না—এই টেলিগ্রামগুলি আপনাকে দিচ্ছি এবং এই প্রসঙ্গে আমি নিবেদন করাবা যে এই টেলিগ্রামগুলি তো আর জাল হতে পারে না।

( গোলমাল )

ওঁরা যদি মনে করে থাকেন জাল তাহলে আমি আপনার কাছে আবেদন করবো যে এই সংবাদ জাল বা মিথ্যা কিনা তা দেখবার জন্য আপনি সমস্ত দলের সদস্য নিয়ে

একটি কমিটি করে দিন যাতে তারা আগামী সেসনে এই সম্বন্ধে রিপোর্ট বা তথ্য রাখতে পারেন।

**শ্রীকিরণময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এই যে টেলিগ্রামগুলি এর আগে মাননীয় সদস্য আপনার কাছে রাখলেন এগুলি সবই আমার কন্সটিটিয়েন্সির ঘটনা। স্যার, এ ছাড়াও আমি বহু দরখাস্ত পেয়েছি এবং এমন এমন এক একটা ঘটনার খবর আসছে না শুনলে আশ্চর্য হয়ে যেতে হয়। স্যার, আমি জানতে চাচ্ছি গ্রামাঞ্চলে সি. পি. এম-এর লোক ছাড়া অন্য কোন লোক মাঠে কাজ করতে পারবে কিনা। স্যার, আমরা এই হাউসের সদস্য হয়ে এসেছি তাই স্বভাবত অত্যাচারিত লোকরা আমাদের কাছে দরখাস্ত পাঠাচ্ছে টেলিগ্রাম পাঠাচ্ছে তাহলে স্যার আমরা কি করবো? আমরা কি নিরব দর্শক হয়ে এখানে বসে থাকবো।

[ 3-50--4-00 P. M. ]

**শ্রীকিরণময় নন্দ ঃ** স্যার, আমার কাছে আজ একটি টেলিগ্রাম এসেছে। সেখানেও সেই একই ব্যাপার, আইন শৃঙ্খলার প্রশ্ন। আপনি স্যার, মুখ্যমন্ত্রীকে অন্ততঃ এটুকু বলুন যে এইগুলি সম্বন্ধে তিনি কি ব্যবস্থা নেবেন—এই রক্ষা হাজার হাজার দরখাস্ত আমাদের কাছে এসে পৌঁছাচ্ছে, এইগুলির কি ব্যবস্থা নেবেন সেটা আপনি মুখ্যমন্ত্রীকে একটু বলুন। এটা যদি না হয় তাহলে আমরা কি শুধু এই বিধানসভায় কেবল দর্শক হয়ে উপস্থিত থাকব?

**মিঃ স্পীকার ঃ** আপনি বক্তৃতা করছেন—বক্তৃতা করবেন না।

**শ্রীকীরণময় নন্দ ঃ** স্যার আপনার কাছে আমাদের অনুরোধ এইগুলি সম্বন্ধে আপনি মুখ্যমন্ত্রীকে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে বলুন। আমাদের কাছে এইরকম হাজার হাজার টেলিগ্রাম করছে লোকে, তাদের কাছে আমরা কি বলব? এই ভাবেই কি চলবে? কাকদ্বীপে যে ধান চাষ করেছিল তাকে হঠিয়ে দিয়ে অন্য লোকে তার ধান নিয়ে চলে গেল, সেখানে পুলিশ প্রোটেক্সান পেল না। থানায় গিয়ে বললেও পুলিশ প্রোটেক্সান পাচ্ছে না। স্যার, আপনি শুধু মুখ্যমন্ত্রীকে এটুকু বলুন যে এই ভাবে চলবে কি চলবে না—এই বিষয়ে আমাদের কাছে মুখ্যমন্ত্রীকে বলতে বলুন তিনি কি ব্যবস্থা নিচ্ছেন।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** স্যার, আমি এইমাত্র একটি সিরিয়াস মাস পিটিসন পেলাম। সেখানে লেখা আছে সি. পি. এম. গুণ্ডারা ধান কেটে নিয়ে যাচ্ছে। আজকে স্যার,

মধ্যবিত্ত চাষীরা ক্ষতিগ্রস্থ হচ্ছে। তারা মাঠ থেকে ধান তুলে নিয়ে যেতে পারছে না। দেয়ার ইজ নো ল এণ্ড অর্ডার। আইন শৃঙ্খলা বলে কিছুই নেই, নো ল এণ্ড অর্ডার স্যার, পিটিসনটা আমি আপনার কাছে দিয়ে দিচ্ছি। আমরা কোন প্রোটেক্সান পাচ্ছি না। স্যার, আপনি প্রোটেক্সান না দিলে চাষীরা বাঁচবে না।

**মিঃ স্পীকার ঃ** প্রাইভেট মেম্বার'স ডেতে এই সব কথা আপনারা বলেছেন এবং প্রতিদিনই আপনারা এই সব কথা বলছেন। এই সব কথা বলা হয়নি, রেকর্ড খুঁজে কোথাও পাবেন না—প্রতিদিনই মেনসান আওয়ারে এইরকম কথা বলা হয়েছে। আপনারা যদি মনে করেন আইনের মধ্যে যে সুযোগ আছে সেই সুযোগ স্পীকার দেননি তাহলে আপনারা আমার বিরুদ্ধে অনাস্থা আনতে পারেন।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** স্যার, আপনি আমাদের সুযোগ দিয়েছেন, এর জন্য আমরা আপনার কাছে কৃতজ্ঞ।

**শ্রীজন্মেঞ্জয় ওঝা ঃ** স্যার, আমার একটা কথা আছে। আমরা প্রতিদিনই শত শত দরখাস্ত পাচ্ছি। আমি আপনাকে অনুরোধ করছি আপনি দয়া করে কালকে এই সম্পর্কে আলোচনা করবার জন্য দু ঘন্টা সময় দিন, কেন না কালকেই তো আমাদের হাউস বন্ধ হয়ে যাচ্ছে, আমরা আর বক্তব্য রাখার সুযোগ পাচ্ছি না। এই রকম শত শত দরখাস্ত পাচ্ছি অথচ আমাদের বক্তব্য কিছুই রাখতে পাচ্ছি না। তাই আমরা মনে করছি আমাদের দায়িত্ব ঠিকমত ভাবে পালন করতে পারছি না, আপনি এই ব্যাপারে একটা ব্যবস্থা নিন।

**মিঃ স্পীকার ঃ** বিজনেস এ্যাডভাইসারি কমিটিতে আপনারাই টাইম এ্যালট করেছেন। আপনারা যাতে সুযোগ পান সেই জন্য আমি অ্যাডজোর্নমেন্ট মোসান এ্যালাও করেছি, মেনসান আওয়ারেও এইসব কথাগুলি আপনারা বলে গেছেন। আপনারা বলতে পারছেন না, রাখতে পারছেন না, এটা একটা জিনিস, আর বলাসত্ত্বেও গভর্ণমেন্ট শুনছেন না এটা আর একটা আলাদা জিনিস। এখন গভর্ণমেন্ট যদি না শোনেন তাহলে আমি কি করতে পারি বলুন।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** স্যার, আপনার বিরুদ্ধে আমাদের কোন কথা নেই। আমাদের বক্তব্য হল, দেয়ার ইজ নো ল এণ্ড অর্ডার ইন দি ষ্টেট।

**শ্রীহরিপদ জানা (ভগবানপুর) ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার কাছে শুধু এইটুকু নিবেদন করতে চাই—আজকে পশ্চিমবাংলার গ্রামে-গঞ্জে এই হারভেষ্টিংকে

কেন্দ্র করে একটা বিরাট অসন্তোষ দেখা যাচ্ছে এবং শ্রমিকদের মজুরি বৃদ্ধি অজুহাতে একটা বিরাট অশান্তি দেখা দিয়েছে। এই ব্যাপারে আমাদের মাননীয় হরিপদ ভারতী মহাশয় যে প্রোপোজাল দিয়েছেন আমিও তাঁর সঙ্গে একমত হয়ে বলতে চাই আপনার নেতৃত্বে একটি কমিটি গঠিত হোক এবং সেই কমিটির এম. এল. এ. সদস্যরা বিভিন্ন জায়গায় ঘুরে ঘুরে দেখুন এবং তাদের রিটার্ণ করার পরে যে বক্তব্য তারা রাখবেন তারই ভিত্তিতে এখানে একটা আলোচনা করার ব্যবস্থা করা হোক। স্যার, ব্যাপারটা অত্যন্ত গুরুতর—এক গ্রামের লোক অন্য গ্রামে শ্রমিক হিসাবে কাজ করতে যেতে পারছে না। সি. পি. এম. প্রভাবিত কৃষক ফ্রন্টে ৩ টাকা দিয়ে দরখাস্ত করতে হবে এবং তারা যাকে ঠিক করবেন সেই লোকই কাজ করতে যাবে, তানাহলে কেউ যেতে পারবে না। স্যার, আপনি যদি আমাদের বলতে না দেন এবং এই ব্যাপারে কোন কিছু ব্যবস্থা গ্রহণ না করেন তাহলে আমাদের বলে দিন আমরা এম. এল. এ. পদ থেকে পদত্যাগ করি। আমরা এখানে মানুষের উপকার করার জন্য এসেছি। তাদের উপকারই যদি করতে না পারি তাহলে এখানে আমাদের থেকে লাভ কি? আপনি আমাদের বলে দিন, আমরা রিজাইন করে চলে যাই।

**শ্রীঅজয়কুমার দে**ঃ স্যার, আপনি হাউসটা একদিন এক্সটেণ্ড করার ব্যবস্থা করে দিন। এটা হলেই তো আমরা ল এণ্ড অর্ডারের ব্যাপারটা নিয়ে আলোচনা করতে পারি।

**শ্রীকিরণময় নন্দ**ঃ স্যার, আপনি নিজেই স্বীকার করেছেন আমরা রোজ এতগুলি করে মেনসান আপনার কাছে দিয়েছি। আপনি শুধু আমাদের বলে দিন এইভাবে চলবে কিনা—

**মিঃ স্পীকার**ঃ আপনি কেন বক্তৃতা করছেন? আপনারা আমাকে একটু হেল্প করুন।

**শ্রীকিরণময় নন্দ**ঃ স্যার, আপনি এই ব্যাপারে আমাদের একটু আশ্বস্ত করুন।

**মিঃ স্পীকার**ঃ আমি কি করে আশ্বস্ত করব? আপনারা গভর্ণমেণ্টকে বলুন।

You have already drawn the attention of the House. I have allowed you ten minutes time, I cannot allow this to continue any further,

**শ্রীসত্যরঞ্জন বাপুলি**ঃ মাননীয় স্পীকার মহাশয়, আপনি আমাদের সময় দিয়েছেন বলে আপনার কাছে আমরা কৃতজ্ঞ। উই লাইক টু কো-অপারেট উইথ ইউ

অলওয়েজ। আমরা শুনছি কালকে হাউস বন্ধ হয়ে যাবে, কিন্তু আমি বলছি আপন হাউস একেবারে বন্ধ করে দিয়ে বাড়ী চলে যান। বিজয়বাবু যেমন করেছিলেন আপনিও সেই রকম হাউস বন্ধ করে দিয়ে বাড়ী চলে যান। আমারা এখানে বলায় কিছুই যখন হচ্ছে না তখন এছাড়া আর কি বলব।

**মিঃ স্পীকার ঃ** বাড়ী চলে যাবাব অধিকার সকলেরই আছে।

**শ্রীহরিপদ ভারতী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ব্যাপারে আলোচনার জন্য আপনি কি অনুগ্রহ করে আর একদিন অধিবেশন বাড়াতে পারেন না? যদি পারেন তাহলে ভাল হোত।

**মিঃ স্পীকার ঃ** এটা আমি করতে পারি না, সরকারের সঙ্গে আলোচনা করতে হবে। এই ব্যাপারে আপনারা প্রস্তাব দিয়েছেন আমি তা বলব।

**শ্রীহরিপদ ভারতী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলিকাতা ট্রামপথ কোম্পানী ( উদ্যোগ অর্জন ) ( সংশোধন ) বিধেয়ক, ১৯৭৮, পরিবহন মন্ত্রীমহাশয় যেটা উত্থাপন করেছেন আমি তার বিরোধিতা করছি না। (জনৈক সদস্য সেকি, বিরোধিতা করবেন না?) আমি বহুবার এই সভায় বলেছি যে বিরোধিতার জন্য আমি বিরোধিতা করিনা এবং ওই নীতিতে আমি বিশ্বাসও করিনা। আমার বন্ধুরা চাচ্ছেন আমি বিরোধিতা করি, কিন্তু তাঁদের খুসী করার জন্য আমি বিরোধিতা করছি না। আমি আমার বিবেকের উপর নির্ভর করে বক্তব্য রাখি, কোন বন্ধুর হাসির জন্য বক্তব্য রাখি না। মন্ত্রীমহাশয় বর্তমান অবস্থার পরিবর্তন করে ট্রামকে সরাসরি সরকারের অন্তর্ভুক্ত করতে চাচ্ছেন তার প্রশাসনিক অবস্থার উন্নতি করবার জন্য এবং তার আথিক অসঙ্গতি দূর করার জন্য। সরকারের পক্ষ থেকে আর্থিক সঙ্গতি প্রদানের ক্ষেত্রে যে সমস্ত অসুবিধা পূর্বে ছিল সেই অসুবিধাগুলি দূর করার জন্য মুখ্যতঃ তিনি সরাসরি ট্রামকে সরকারের নিয়ন্ত্রণে আনছেন এবং সরকারী কোম্পানীরূপে ট্রাম কোম্পানীর পরিচয় দিতে চাচ্ছেন। এতে আমার কোন আপত্তি নেই। কিন্তু আমি আশা করেছিলাম পরিবহনমন্ত্রী এই বিল আনবার আগে পরিবহনের দিকে দৃষ্টি রেখে তাঁর বক্তব্য রাখবেন। কিন্তু তিনি কোথাও স্পষ্টভাবে এই বিলের মধ্যে একথা বলতে পারেননি বা আমাদের এই আশ্বাস দিতে পারেননি যে বর্তমান ট্রাম ব্যবস্থার উন্নতি তিনি কিভাবে করবেন এবং সেই উন্নতি সম্ভব বলে তিনি মনে করেন কিনা। ট্রাম কোম্পানী রইল বা সরকারী কোম্পানী হল সেটা সরকারের কাছে খুব গুরুত্বপূর্ণ প্রশ্ন হলেও জনসাধারণ যারা ট্রাম এবং বাস-এ চলাচল করেন তাঁদের কাছে সেই প্রশ্নটা কিন্তু ভিন্ন। আমি আপনার মাধ্যমে সেই প্রশ্নই মন্ত্রীমহাশয়ের

কাছে রাখতে চাই যে, তিনি কিভাবে ট্রাম ব্যবস্থার উন্নতি করতে চান, তাঁর কি কি পরিকল্পনা আছে এবং আজকে ট্রাম ব্যবস্থা কিভাবে চলছে সে সম্বন্ধে তিনি যথেষ্ট অবহিত আছেন কিনা?

[ 4-00 – 4-10 P. M. ]

এই প্রশ্ন আমি তাঁর কাছে রাখছি। প্রথমে আমি বলছি, তিনি ঘোষণা করেছিলেন আগে যে ট্রাম এক্সটেনশান হবে। কিন্তু কোথাও এক্সটেনশানের ব্যবস্থা আমরা দেখছি না। এক্সটেনশানের সম্বন্ধে তাঁর কোন বক্তব্য এখানে থাকলেও কলকাতার নাগরিক, যাঁরা অফিসের সময়ে মানুষের মত নয়, অমানুষের মত যাতায়াত করতে বাধ্য হয়, প্রতিদিন নানা রকম বিপদকে অগ্রাহ্য করে তাঁরা অন্ততঃ পরিবহণমন্ত্রীর কথায় আশ্বস্ত বোধ করতে পারতেন কিন্তু সেই ব্যবস্থাও কোথাও নেই। আমরা ষ্ট্র্যাণ্ড রোডে যে ভাবে ট্রাম চালু করেছি, কিন্তু আগে নিমতলা থেকে যে ট্রাম ছিল সেই লাইন চালু হয়নি। ঐ লাইনের ওপাশে যে সব মানুষ থাকে তাদের যাতায়াতের প্রয়োজন নেই, তাঁদের অফিস আদালতের কোন আবশ্যকতা নেই, তার জন্য ট্রাম সার্ভিসের প্রয়োজনীয়তা নেই। মাননীয় মন্ত্রী মহাশয় এটা একটু ভেবে দেখবেন। আর একটা কথা আমি বলতে চাই, ট্রাম কতগুলি তিনি বাজারে ছেড়েছেন আমি জানি না, পয়সা দিয়ে কিভাবে তার উন্নতি করবেন তাও আমি জানি না, সরকারী কোম্পানী করলে কোন যাদুদণ্ডে রাতারাতি এর উন্নতি করতে পারবেন তাও জানি না। একটা কথা বুঝি কারণ আমি যাত্রীরূপে অপেক্ষা করি ট্রামের জন্য, বাসের জন্য কিন্তু ট্রাও আসে না, বাসও আসে না। ওঁরা হয়ত সংখ্যার দিক থেকে বলবেন যে অনেক বাস ছেড়েছেন, অনেক ট্রাম ছেড়েছেন কিন্তু আমরা যাঁরা আরোহী রূপে ঘন্টার পর ঘন্টা অপেক্ষা করি তাঁরা ট্রামও পাই না বাসও পাই না এবং মনে মনে পরিবহণমন্ত্রীকে ধন্যবাদ প্রদান করি যে তিনি খাসা ব্যবস্থা চালু করেছেন—কোথাও উন্নতি নেই। এখন আবার নতুন একটা উপদ্রব দেখছি। এই উপদ্রব কারা সৃষ্টি করেছেন, কবে সৃষ্টি হয়েছে তার মধ্যে আমি যাব না। আজকাল দেখছি যে যখন ঘন্টার পর ঘন্টা দাঁড়িয়ে আছি একটা ট্রামে উঠবার জন্য তখন হঠাৎ দেখি একটা লেডিজ ট্রাম ১৫/১৬ জন লেডিকে সঙ্গে নিয়ে আসছে আর যাচ্ছে। একটার পর একটা ট্রাম আসছে সবই শুনি লেডিজ ট্রাম। আমি মহিলাদের বিরুদ্ধে নিশ্চয়ই কোন কথা বলছি না, তাঁদের ট্রামের প্রয়োজন নেই তাও বলছি না, কোন মন্ত্রী মহাশয় খুসী হবেন এই রকম মন্তব্যও করি না। আমি

যাত্রীদের সুবিধার জন্য কথা ভাবি এবং সঙ্গে সঙ্গে একথাই বলি যে বেশী যাঁদের যাতায়াত করতে হয় তাঁদের কথা ভুলে গিয়ে খালি লেডিজ কয়েকজনের আরামের জন্য যদি লেডিজ ট্রামের মিছিল বসিয়ে দেন তাহলে সেটা নিশ্চয়ই ধন্যবাদের বস্তু নয়, এটাই আপনাকে বলতে চাই। সঙ্গে সঙ্গে একথাই বলতে চাই, আজকে আপনি ট্রাম ব্যবস্থার কথা চিন্তা করছেন এবং বলেছেন যে সরকারী কোম্পানী করলে সরকারের কোন আর্থিক দায়িত্ব তেমন কিছু বর্তাচ্ছে না। আপনি আগে বলেছেন যে চলতি আর্থিক বছরে ৩০।৯।৭৮ পর্যন্ত মাসিক গড়ে ৩৪ লক্ষ ৮৭ হাজার টাকা হিসাবে আগাম মঞ্জুর করেছেন এবং ভবিষ্যতে এই রকম টাকা বা এর থেকে বেশী মঞ্জুর করতে হবে না এই রকম আশার বাণী কোন্ ভগবান আপনাকে শুনিয়েছেন জানি না। মাননীয় পরিবহণমন্ত্রী মহাশয়, আমি আপনাকে জিজ্ঞাসা করছি, আমরা জানি বাসেও লস, ট্রামেও লস, খালি লস আর লস। এছাড়া আপনার কাছে কোন গেন বা প্রফিটের কথা আমরা কোনদিন শুনতে পাবো না, এই রকম একটা আশঙ্কায় আমরা মনে মনে পোষণ করি। এত যখন লস তখন কোম্পানীকে গভর্ণমেণ্ট করলে কি এমন লাভ হবে দেশের, রাজ্যের এবং সরকারের সেটা আমরা বসে বসে ভাবি। আপনাকে একটা কথা স্মরণ করিয়ে দিতে চাইবো যে অন্য কোন রকমের ঝুঁকি না নিয়ে আপনারা আজকে ভূতলের রেলের কথা ভাবছেন, নানা ভাবে অন্য কথা ভাবছেন, টিউব রেল বলুন, আর ভূতল রেলই বলুন এর সঙ্গে ট্রাম কোম্পানীর নির্দিষ্ট পথ বেয়ে ধিকি ধিকি গুটি কতক ট্রাম যাওয়া খাপ খায় কিনা এবং কলকাতা মহানগরীর সমস্যা তাতে মিটতে সাহায্য করবে কিনা, সেটা আপনি ভেবে দেখবেন। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি সারা ভারত ঘোরেন এবং নিশ্চয়ই মহানগরীগুলো দেখেন সেজন্য এটা একটু ভেবে দেখবেন। অতীতে যারা ছিল তারা ট্রাম তুলে দিচ্ছে। আপনারা এখন নতুম করে ট্রাম কোম্পানীকে গভর্ণমেণ্ট কোম্পানী করে বেশী দায়িত্ব নিতে চেয়েছেন। কিন্তু আপনি নিশ্চয়ই জানেন যে কলকাতার মত জনাকীর্ণ শহর, এই হ্যারিসন রোড দিয়ে, ষ্ট্যাণ্ড রোড দিয়ে, চিৎপুর রোড দিয়ে যখন এই ট্রামগুলি যায় তাতে যাত্রী বহন করুক বা না করুক, যাত্রী সমস্যা মিটুক বা না মিটুক কিছু জ্যাম হয়, চলাচল বিঘ্নিত হয়, এটা আপনি নিশ্চয়ই লক্ষ্য করে দেখেছেন। কাজেই কলকাতা মহানগরীর পরিকল্পনার সঙ্গে আধুনিক পরিকল্পনার সঙ্গে, প্রশান্তবাবুর পরিকল্পনার সঙ্গে আপনার এই ট্রাম কোম্পানীর নতুন উদ্যোগ নিয়ে বেশী পয়সা খরচ করে ট্রাম সার্ভিসের উন্নতি করার পরিকল্পনা এটা খাপ খাচ্ছে কিনা, আপনি বিচার করে দেখবেন। আমি প্রথমে বলেছি যে

আমি বিলের বিরোধিতা করছি না। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসামসুদ্দিন আহমেদ** : মাননীয় স্পীকার মহাশয়, এতদিন শুনে এলাম যে ট্রাম কোম্পানীর জন্য সরকারকে ব্যয় বহন করতে হয়, লাভের কথা কোনওদিন শুনিনি। এই বিলের মাধ্যমে বোতল পরিবর্ত্তনের কি প্রয়োজন ছিল আমি জানিনা, সরকারী মার্কা করার কি প্রয়োজন ছিল আমি বুঝতে পারছিনা। মাননীয় মন্ত্রী মহাশয় অবশ্য প্রশাসনিক অসুবিধার কথা বলেছেন। কিন্তু এটা আমি বুঝতে পারছি না মন্ত্রী মহাশয় যদি একটা পরিকল্পনার কথা এখানে সংক্ষেপে বলতেন যে ট্রামটাকে সরকারী কোম্পানীর অধিনে এনে এই এই করা হবে এবং এইভাবে উন্নয়ন করা হবে এবং এইভাবে করলে লাভবান হওয়া যাবে, এই রকম কোন কথা মন্ত্রী মহাশয় বললেন না। সব কিছুই ভেগ রেখে দিলেন। তিনি কেবল বললেন যে প্রশাসনিক সুবিধার জন্য এবং ব্যয় সংকোচের জন্য এটা করা হচ্ছে। আমি জানিনা কিভাবে ব্যয় সংকোচ হবে, তিনি কি গ্যারেন্টি দিয়ে বলতে পারেন যে এর দ্বারা ব্যয় সংকোচ হবে এবং যদি একটা পরিকল্পনা আমাদের সামনে রাখতেন তাহলে আমরা এর যথার্থতা বুঝতাম। সব কিছুই ভেগ থেকে গেল। আমরা যারা ট্রামে ঝুলে ঝুলে চলি, তাদের বোঝানো উচিত ছিল যে আর আপনাদের ঝুলে চলতে হবে না, সরকার থেকে আমরা এই এই ব্যবস্থা নিচ্ছি, এই উন্নতি আমরা করছি, তাহলে হয়তো নিশ্চয়ই এটা সম্বন্ধে মানুষের ধারণা একটু পাল্টাতো। কিন্তু আমার মনে হয় এবার থেকে টাকা শুধু ড্রেনেজ হয়ে যাবে, লোকসানের ভাগটা অত্যন্ত বেড়ে যাবে। এই অভিজ্ঞতা আমাদের আছে, যে প্রতিষ্ঠানই সরকারী সংস্থা বিসাবে নিয়ে নেওয়া হচ্ছে সেইগুলো আসতে আসতে ঝরঝরে হয়ে যাচ্ছে। প্রসঙ্গক্রমে আমি স্টেট ট্রান্সপোর্টের কথা বলি, এই বক্তব্য অবশ্য আমি আগেও বলেছি যদিও এখানে অপ্রাসঙ্গিক তবুও আমি বলছি, স্টেট ট্রান্সপোর্টে চলতে গেলে আর একরকম ভাড়া লাগে, এবং প্রাইভেটে চলতে গেলে আর একরকম ভাড়া লাগে এবং প্রাইভেটে চলতে গেলে আর একরকম ভাড়া লাগে। দূরপাল্লার ব্যাপারে বলি, যেটা আমি গত বাজেটে বলেছি, নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের কোন উন্নয়নের ব্যবস্থা হলো না, যে তিমিরে সেই তিমিরেই আছে, টায়ার ফাটা থেকে আরম্ভ করে সব কিছুই অব্যবস্থা সেখানে চলছে, যার ফলে যাতায়াতের প্রচণ্ড অসুবিধা হচ্ছে দূরপাল্লার ক্ষেত্রে। এটা কলকাতার ব্যাপার, সেই ট্রামের ব্যাপারে দেখা যাচ্ছে বর্ত্তমানে এমন অবস্থা দাঁড়িয়েছে ট্রাম দ্রুত চলে না, দ্রুত চলার উপায় নেই পাতাল রেলের দৌলতে। পাতাল রেলের দৌলতে ট্রামের রাস্তা ঘুরতে ঘুরতে কোন দিকে যাবে

সেটাই বুঝতে পারা যায় না।

[4-10—4-20 P.M.]

কিন্তু এই সময় মন্ত্রী মহাশয় বলছেন এর উন্নতি হবে যদি সরকারী কোম্পানী করা হয়। যদি সরকারী কোম্পানীর লেবেল লাগিয়ে দিলেই উন্নতি হয়ে যেত তাহলে সব জায়গায় ঐ লেবেল লাগিয়ে দিতে আমরা রাজী ছিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রকৃতপক্ষে যদি সদিচ্ছা থাকত তাহলে তিনি আগেভাগে তাঁর ইচ্ছার কথা প্রকাশ করতেন এবং নাগরিকরা জানতে পারত। যেহেতু এটা সরকারী কোম্পানী হতে চলেছে সেহেতু জনসাধারণের পয়সা এর সঙ্গে জড়িত হয়ে পড়ছে এবং সেখানে আমাদের সরকারী পয়সা ড্রেনেজ হবার আশঙ্কা রয়েছে। ফলে মানুষ এটা ভাল চোখে নিতে পারবে না; জেনেশুনে বিষ খাওয়ার মত ব্যাপার হবে। কারণ এখানে মন্ত্রী মহাশয় তাঁর কোন পরিকল্পনার কথা আমাদের কাছে বলেননি এবং লাভ হবে, কি লোকসান হবে, সে কথাও বলেননি। কোনও গ্যারাণ্টি তিনি আমাদের কাছে দেননি। এখানে টাকা পয়সা খরচ করে একে আরো সুন্দর করে তুলে যদি কেবল লোকসানই করা হয় তাহলে এদিয়ে মানুষের কি উপকার হবে? এখানে মন্ত্রী মহাশয় বলতে পারলেন না যে, এই সরকারী কোম্পানী করার ফলে সাধারণ মানুষ কি নতুন সুযোগ সুবিধা পাবে, চলাচলের কি সুবিধা হবে এবং সেইসব সুযোগ সুবিধা দেওয়ার জন্য কোন পরিকল্পনার কথাও তিনি প্রকাশ করতে পারলেন না। অথচ তিনি এই বিলের উদ্দেশ্য ও হেতুর শেষ দিকে বলছেন যে, "বর্তমান আয়ব্যয়ের ভিত্তিতে ট্রাম পরিবহণ ব্যবস্থা পরিচালনার দরুন সরকারী অর্থভাণ্ডারকে কোন অতিরিক্ত ব্যয়ভার বহণ করিতে হইবে বলিয়া অনুমিত হইতেছে না। ঐ উদ্যোগটি সরকারী কোম্পানীতে রূপান্তরিত হইবার পর যাহাতে ইহার কার্যচালনার উন্নততর ফলাফল লাভ করা যায়, তারজন্য বিশেষ প্রচেষ্টাও চালানো হইবে।" কি প্রচেষ্টা চালানো হবে, তা আমরা দেখতে পাচ্ছি না। তিনি এখানে কোনও পরিকল্পনা রাখেননি। তিনি বার বার আমাদের কাছে বলেন, এতগুলি নতুন বাস, এতগুলি নতুন ট্রাম আসছে। কিন্তু তিনি একবারও আমাদের কাছে কতগুলি নষ্ট হয়ে গিয়েছে বা অচল হয়ে গিয়েছে, সেই হিসাব দেন না। কত ট্রাম আছে, কত ট্রাম নতুন আনা হচ্ছে, কতগুলি নষ্ট হয়ে গিয়েছে, কতগুলি রাস্তায় বেরুচ্ছে, সেই হিসাব তিনি কখনই দেন না। কিন্তু কতগুলি নতুন আনা হয়েছে, এই হিসাবটা তিনি দেন। কিন্তু আশ্চর্যের বিষয় হচ্ছে নতুনের মুখ আমরা দেখতে পাই না এবং সংখ্যা কোন

সময়েই বাড়তে দেখি না, কেবলই কমে যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত তড়িঘড়ি এত বড় একটা বিল উনি নিয়ে এলেন, কিন্তু সেই বিল আনার সময় তিনি আমাদের একবারও বলতে পারলেন না যে, এর দ্বারা আমরা এই এই জিনিষ করব, এই এই উন্নতি করব। এদিকে আজকে সব রাস্তা বন্ধ হতে চলেছে, উনি ট্রাম নিয়ে কোথা দিয়ে চালাবেন তা আমরা জানি না। এটা শুধু বুঝতে পারছি কোনও পরিকল্পনা আগে থাকতে না থাকার ফলে সরকারী টাকা নিয়ে ছিনিমিনি খেলা হবে। কারণ আমাদের এবিষয়ে অভিজ্ঞতা আছে। এই যে টাকা পয়সা এখানে লোকসান হবে সেই টাকা পয়সা কিন্তু জনসাধারণের পকেট থেকেই আদায় করা হবে। জনসাধারণকে সেই টাকা পয়সা দিতে হবে। এটা খুবই দুঃখের কথা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই আমি এই বিলটাকে সমর্থনও করতে পারছি না, আবার বিরোধিতাও করতে পারছি না। আমি তাই মাননীয় মন্ত্রী মহাশয়কে এবিষয়ে নতুন করে চিন্তা-ভাবনা করতে বলছি এবং ভবিষ্যতে এবিষয়ে একটু চিন্তা ভাবনা করে পরিকল্পনা অনুযায়ী কাজ করতে বলছি। সংখ্যার জোরে আজকে এটা পাশ করে নিয়ে যাবেন জানি, সুতরাং বিরোধিতা করেই বা লাভ কি হবে? তাই আমি বলতে চাই পরবর্তীকালে নতুন করে আগে থাকতে ভাবনা চিন্তা করে এই এই জিনিষগুলি করবেন এবং কিভাবে করবেন, না করবেন সেগুলি আগে থাকতে আমাদের একটু জানিয়ে দেবেন। এই বিলটি তড়িঘড়ি করে হাউস শেষ হবার সময়ে নিয়ে এলেন এবং এর পিছনে কি কি পরিকল্পা ইত্যাদি আছে সেগুলি পর্যন্ত জানালেন না। যদি আপনি আমাদের গ্যারান্টি দিতে পারতেন যে এটা সরকারী কোম্পানী করলে লোকসান হবে না, লাভ হবে তাহলে আমি এটাকে সম্পূর্ণ সমর্থন করতাম। যাই হোক সেই গ্যারান্টির আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-20—4-30 P.M.]

**শ্রীসুনীতি চট্টরাজ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী কলিকাতা ট্রামপথ কোম্পানি ( উদ্যোগ অর্জন ) ( সংশোধন ) বিধেয়ক '৭৮ যেটা এনেছেন এটার সম্বন্ধে মাননীয় সদস্য শ্রীহরিপদ ভারতী মহাশয় বিস্তারিত বলেছেন এবং মাননীয় সদস্য শ্রীসামসুদ্দিন আহমেদ সাহেবও বিস্তারিত বলেছেন। সুতরাং এ সম্বন্ধে আমি বেশী কিছু বলব না, শুধু একটি কথা বলছি—যেটা অচল সেটাকে সচল করার চেষ্টার জন্য বেশী বক্তব্য রাখা উচিত নয় বলে আমি মনে করি। কারণ ডিপার্টমেন্ট অচল যেটা নেওয়ার চেষ্টা হচ্ছে সেটাও অচল এবং যে বিলটা এসেছে সেটাও অচল। এই

অচলকে সচল করার চেষ্টা আমার বক্তৃতায় হবে না। তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি যে আপনি চিন্তা করুন ইউ হ্যাভ গট দি বিল—আপনি নিজেই স্বীকার করেছেন যে ট্রাম কোম্পানীর ৩৪ লক্ষ টাকা থেকে ৩৫ লক্ষ টাকা ঘাটতি। সুতরাং স্বীকার করেও জনসাধারণের পয়সা—গৌরী সেনের পয়সা নয়—জনসাধারনের পয়সা নিয়ে অপ-ব্যয় করার জন্য এই বিল আনলেন। আপনি যদি আনতেন যে অধিগ্রহণ করার পর এই এই ক্লজ আনলাম যে ক্লজে ট্রাম কোম্পানীর এই এই উন্নতি করবো—সেটা আপনি চিন্তা করলেন না—আপনার মুখে বড় বড় কথা বলেন যে বৃটিশ সাম্রাজ্যবাদ ধ্বংস করতে হবে কিন্তু এ্যাসেম্বলীতে পুঁজিপতিদের লাইন ফলো করা ছাড়া, বৃটিশ সাম্রাজ্যবাদ ফলো করা ছাড়া আর কোন গতি নেই—এর বাইরে গেলে গেলেই সেনট্রাল থেকে একদম খাঁচ, তাই আপনাদের অসুবিধা আছে। আমি যে কথা বলছিলাম—আজকে যে লসের কথা বলেছেন সেই লস আরোও বাড়াবেন কি কমাবেন সেই রকম ক্লজ আনলেন না। সুতরাং এই ট্রাম কোম্পানী অধিগ্রহণ করার পর লস কমাবার চেষ্টা করবো—এই কথাটা কমপ্লিট ভেগ্। আপনি একটা এ্যামেণ্ডমেণ্ট বিল এনেছেন—আমি মন্ত্রী মহাশয়কে বলছি যে চিন্তা করুন—আমার সাজেসান আপনি নেবেন না তা আমি জানি—আপনি একটা অপোসিট প্রিন্সিপ্যাল এ্যাণ্ড থিওরি ফলো করেন তা জানি—তবুও আমি বলছি চিন্তা করুন—ট্রাম কোম্পানীকে উঠিয়ে দেবার চেষ্টা করুন। আপনি হয়তো বলবেন বহু এমপ্লয়ি বেকার হয়ে যাবে—তবুও আমি বলছি আপনি এখন থেকে চিন্তা করুন—পাতাল রেল হচ্ছে সেখানে সমস্ত এমপ্লয়িদের ঢুকিয়ে দিন তাহলে সমস্ত প্রবলেমের সমাধান হয়ে যাবে। কলকাতার বুকে ট্রাম আজ আর চলে না—এতে জনসাধারণের পয়সা নষ্ট হচ্ছে এবং আপনি আন-নেসেসারি চেষ্টা করছেন। আর যদি মনে করেন ৫ বছর থাকবো—এটা তো জনসাধারণের পয়সা—ফাটিয়ে ফুটিয়ে দিয়ে বেরিয়ে চলে যাবো—ইট ইজ নট কারেক্ট, দিজ ইজ নট দি ওয়ে। আমি রিপিটেড সাজেসান দিচ্ছি—চিন্তা করুন, একটা কমপ্রিহেনসিভ বিল আনুন। এটা টেক-ওভার করার পর আপনি কি কি করতে চান বলুন, নাকি যে ট্রাডিশন চলছে সেই ট্রাডিসন বজায় রাখবেন—তার একটা জেসচার দেখবার জন্য একটা কমপ্রিহেনসিভ বিল আনার চেষ্টা করুন। কারণ উই আর থিংকিং ফর দি পিউপিল সুতরাং এটা উইথড্র করুন এবং উইথড্র করে একটা কমপ্রিহেনসিভ বিল আনুন দিজ ইজ মাই সাজেসান।

**শ্রীনিরঞ্জন মুখার্জী**: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বিলকে সমর্থন

করছি। সমর্থন করতে গিয়ে দু-একটি কথা বলছি। একটু আগে বিরোধীদলের বিভিন্ন সদস্য অনেক কথা বলছেন, সুনীতি বাবু কি বললেন আমি বুঝতে পারলাম না, কারণ উনি না জেনে একটু উল্টোপাল্টা বলেছেন। আমি এখনও বুঝতে পারছি না যে এই বিল এতদিন ধরে আনা হয়নি কেন ? এই বিলটা খুবই গুরুত্বপূর্ণ বিল, যার মধ্যে দিয়ে প্রশাসন এবং একটা কোম্পানীর ব্যবস্থাকে পরিবর্তন করানোর সামান্য প্রচেষ্টাটুকুও কংগ্রেসী বন্ধুরা কেন করেন নি ? ও'রা কি শুধু লালফিতার বাঁধনে ও'দের যে ভূমিকা সেইটুকুই পালন করেছেন ? আজকে মন্ত্রী মহোদয় উপলব্ধি করেছেন, সেজন্য আমাদের প্রত্যেকের এই বিলকে সমর্থন করা দরকার। আগামী দিনে ট্রাম বা বাস সৃষ্টি করে পরিবহন ব্যবস্থার পরিবর্তন করবার মত দৃঢ় সঙ্কল্প নিয়ে মানুষের দুর্গতি বাড়াতে আর আমরা রাজী নই, বিলের কয়েকটি জিনিষ তাড়াতাড়ি করা সম্ভব হবে, প্রশাসনের কিছু উন্নতি হবে, শুধু তাই নয় সমস্ত ব্যবস্থা ঠিক করে পুরাণো ট্রাম কোম্পানী সেটিকে কাজে লাগাবার জন্য আমাদের সমস্ত রকম ব্যবস্থা এই বিলের মধ্যে দিয়ে গ্রহণ করতে হবে। এটাকে এক বা দেড় বছরের মধ্যে করা যাবে এ কথা বলতে পারা যাচ্ছে না। কলকাতার বিরাট জনসংখ্যার যাতায়াতের পরিবহন ব্যবস্থার মধ্যে সবকিছুর তুলনায় ট্রামের ভূমিকা অতি নগন্য। তবে আগের তুলনায় ট্রামের কিছু উন্নতি হয়েছে, আগের মত যেখানে খুশী রাস্তায় চলতে চলতে ট্রাম দাঁড়িয়েগেল. ডিরেলমেন্ট হয়ে গেল, এসব তো ছিল নিত্যকার ঘটনা। কিন্তু আমি বলব মানুষের প্রয়োজন লোকের চাহিদার তুলনায় খুব উন্নতি হয়নি প্রশাসনের উন্নতির মধ্যে দিয়ে এই কাজটিকে সিরিয়াসলি দেখতে হবে এবং আমি আর একটা কথা বলি—হরিপদ বাবু এ সম্বন্ধে বলেছেন আমিও পরিপূর্ণ সমর্থন করি, আমরা দেখছি কাজের মধ্যে দিয়ে বিভিন্ন ব্যাপারে সি. এম. ডি. এ. কিম্বা পি. ডবলিউ. ডি. এ'দের কাজের মধ্যে কোন কো-অর্ডিনেশন নেই। তাঁদের পাইপ লাইনের কাজের জন্য কখন বা টেলিফোন লাইনের জন্য রাস্তায় ট্রামের চলা ফেরার অসুবিধা আমাদের অঞ্চলে আমরা দেখছি কিছু কো-অর্ডিনেশন টীম ইত্যাদি করা হয়েছে। আগামী দিনে সামগ্রিকভাবে কলকাতা শহরে ট্রাম শুধু ট্রাম নয় অন্যান্য সংস্থাগুলি রয়েছে বিশেষ করে সি· এম. ডি· এ., পি· ডবলিউ· ডি. এবং মিউনিসিপ্যালিটি এদের সাথে কো-অর্ডিনেশন হওয়া উচিত।

মাননীয় সদস্য হরিপদবাবু যেটা বলেছেন সে বিষয়ে আমি তাঁকে সমর্থন করছি এবং বলছি যে, এই বিলের মধ্য দিয়ে যে টুকুন সুযোগ মন্ত্রী মহাশয় দিয়েছেন সেটা

যেন প্রশাসনের মধ্য দিয়ে কাজে লাগান হয় এই আশা নিয়ে আমি বিলকে সমর্থন করে শেষ করছি।

**শ্রীদেব রঞ্জন সেন** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বিল এসেছে তাকে সমর্থন করতে গিয়ে আমি এই কথা বলতে চাই যে, বিরোধী পক্ষের সদস্যরা বললেন যে আরো কিছু বলবার প্রয়োজন ছিলো এবং কি কি কাজ তিনি করতে চান তা এই বিলের মধ্যে নেই আমি দুঃখের সঙ্গে বলছি যে তাঁরা যদি একটু দেখতেন তাহলে তারা তাদের ভুল সংশোধন করতেন। গভঃ এর পরিকল্পনা অনুসারে ট্রাম গ্রহণ করা হয়েছিলো এবং এটা জয়নাল সাহেবের সময় করা হয়েছিলো। কিন্তু তাঁরা এই ধরণের কোন বিল আনেননি। এর ফলে যে সমস্যা সৃষ্টি হয়েছিলো সেটা সমাধানের জন্য আজ এই বিল মন্ত্রী মহাশয় এনেছেন। যে ৪টা কারনে এই বিল এসেছে তা হেতুর মধ্যে তিনি বলে দিয়েছেন (১) কোম্পানীর কার্য্য চালনা সহজসাধ্য করিবার জন্য (২) বিভাগীয় পরিচালনায় অন্তর্নিহিত অসুবিধাসমূহ দূর করিবার জন্য (৩) ইহার উন্নয়নের জন্য আর্থিক প্রতিষ্ঠান হইতে অর্থ যোগান সহজলোভ্য করিবার জন্য এটা আনা হচ্ছে। এখানে এটির জন্য সরকারকে বছরে ৩৮ লক্ষ টাকা করে অনুদান দিতে হচ্ছে। এটা একটা কর্তৃপক্ষের মাধ্যমে পরিচালনা করা হচ্ছে। সেখানে যদি মন্ত্রী মহাশয় এই বিলের মাধ্যমে চেষ্টা করেন এটাকে গভঃ আণ্ডার টেকিং-এ পরিণত করে চালনা করা তাহলে এর পরিচালন ব্যবস্থা একটি স্বয়ং শাসিত কর্তৃপক্ষের মাধ্যমে দিলে এর পরিচালন ব্যবস্থা সুষ্ঠু হতে পারে। আমার মনে হয় তিনি সেই উদ্দেশ্যে আমাদের কাছে এই বিল এনেছেন। কলকাতা শহরের ট্রাম পরিবহন ব্যবস্থার পক্ষে যথেষ্ট নয়—ষ্টেট ট্রান্সপোর্টও সেই রকম। কলকাতা শহরে লোকসংখ্যা যে ভাবে বাড়ছে, মফস্বল শহর থেকে কার্য্যউপলক্ষে যে ভাবে লোক কলকাতায় আসছে তার যে সংখ্যা সেটা মোটর যানের সংখ্যার চেয়ে বেড়ে যাচ্ছে। এই অবস্থার কথা চিন্তা করে যদি কেউ মনে করেন ট্রাম চলাচল ব্যবস্থা তুলে দিলে কলকাতার যান ব্যবস্থা আরো ভাল হবে তাহলে আমি মনে করি তিনি ঠিক কথা বলছেন না। শুধু চিৎপুর ষ্টাণ্ডরোড, কলেজ ষ্ট্রীট বা হ্যারিসান রোড ট্রামের জন্য জ্যাম্প হচ্ছে না। কলকাতা শহরে হাজার হাজার গাড়ী, ট্রাক, বাস, প্রাইভেট কার ইত্যাদি ট্রান্সপোর্টের সংখ্যা এত বেড়ে যাচ্ছে যার ফলে ব্রাবন রোড, রেড রোড, চৌরঙ্গীও জ্যাম হয়ে যাচ্ছে। কলকাতা শহরকে সুন্দর ভাবে গড়বার দায়িত্ব ৩০ বছর ধরে যাদের হাতে ছিলো তারা এতদিন কিছু করেননি। কিন্তু আমরা বিদেশের অন্যান্য জায়গায় দেখেছি ৩০ বছর আগে থেকেই তারা এই সব চিন্তা করেন। নিউ ইয়র্ক, লণ্ডন, প্যারিস, ইত্যাদি।

[4-30—4-40 P.M.]

শহরে কি হতে পারে সেটা তারা আগে থাকতেই চিন্তা করে সেই ভাবে কাজ করেন। কলকাতায় একদিনে জ্যাম্প হয়নি। এটা গ্রহণ করবার পর তখন কার কর্তৃপক্ষ এ সব বিষয় কিছু চেষ্টা করেননি এবং ট্রাম কোম্পানীর আয় ব্যয়ের মধ্যে সমতা এনে কি ভাবে কি করা যায় তার কোন ব্যবস্থা করেননি। সেইজন্যই আজকে এই বিল এসেছে। আমরা সাধারণ মানুষের মঙ্গলের জন্য সমস্ত বিলগুলি আনছি। সেই ভাবেই এই কোম্পানীকে ত্রুটীমুক্ত করবার জন্য এই বিল। সরকারের অধীনে মালিকানা নিয়েছে এই কোম্পানীকে পরিকল্পনা মাফিক কি ভাবে চালানো যায় যাতে আগামী দিনে কলকাতা শহরে যাত্রী পরিবহণ ব্যবস্থা আরো সুদৃঢ় হতে পারে সেই উদ্দেশ্যে এই বিল এসেছে বলে আমি এই বিলকে পূর্ণ সমর্থন করছি।

**মিঃ স্পীকার ঃ** এই বিলের সময় ৪-৩৬ মিঃ অবধি ছিল। কিন্তু এর মধ্যে এটা শেষ হবে না। অতএব বিধানসভার নিয়মাবলী ২৯০ অনুসারে এই বিলের উপর আলোচনার সময় আরো আধ ঘণ্টা বাড়াবার জন্য আপনাদের সম্মতি চাইছি। আশাকরি আপনাদের সম্মতি আছে।

**শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই এই বিলকে সমর্থন করছি। কংগ্রেসী বন্ধুরা যে কথা বলছেন সে সম্বন্ধে প্রথমে একটা কথা বলতে চাই তাঁরা এই বিলকে যদি সমর্থন করতেন তাহলে সেটা বাস্তবসম্মত হত। কারণ, যখন বৃটিশ সাম্রাজ্যবাদীদের ট্রাম কোম্পানী ছিল একটা শোষণের জায়গা এবং তারা শোষণ করে সেখানে সমস্ত কিছু শেষ করে দিয়ে রেখেছিল ঠিক সেই অবস্থার মধ্যে যুক্তফ্রন্ট সরকার সেই ট্রাম কোম্পানী অধিগ্রহণ করেছিলেন। যে সময়ে ট্রাম কোম্পানীর অবস্থা সম্পর্কে সবাই জানেন। সেই অবস্থা সম্পর্কে কংগ্রেসীদের জানা সত্ত্বেও তখন সেটাকে অধিগ্রহণ করার কথা তাঁরা আদৌ চিন্তা করতে পারেননি এই হচ্ছে আমার প্রথম কথা। এবার এই বিলকে সমর্থন করে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে কয়েকটি কথা বলতে চাই। ট্রাম আজকে কলকাতায় যেভাবে চলছে তাতে এই ট্রাম বৃদ্ধি করার দিকে নজর রাখতে হবে। কারণ, কলকাতায় যান-বাহনের যা অবস্থা, মানুষকে প্রতি নিয়ত যেভাবে ঝুলে যেতে হয় তাতে বামফ্রন্ট সরকারকে সেই দিকে আরো বেশী নজর দিতে হবে, অন্যান্য জায়গার সাথে ট্রাম লাইনের যোগাযোগ ব্যবস্থাকে আরো বৃদ্ধি করতে হবে। আজকে সল্ট লেক নগরী গড়ে উঠছে, সেখানে যাতে ট্রাম যোগাযোগের ব্যবস্থা হয়. দক্ষিনেশ্বরের দিকে

যাতে ট্রাম যোগাযোগের ব্যবস্থা হয়, বেহালার দিকে ট্রাম লাইনকে আরো বৃদ্ধি করে যোগাযোগ ব্যবস্থা সম্প্রসারিত করার দিকে নজর রাখতে হবে। সেই সাথে যে সমস্ত ৮ চাকা ট্রাম আছে সেই ৮ চাকা ট্রামে সাধারণভাবে ঝাঁকি লাগে, আজকে সেই ট্রামকে সরিয়ে দিয়ে ধীরে ধীরে ১২ চাকা ট্রাম করার দিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে। এই কথা বলে এই বিলকে পূর্ণভাবে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মহম্মদ আমিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোন মাননীয় সদস্য এই বিলের বিরোধিতা করেননি—যাঁরা ট্রেজারী বেঞ্চের তাঁরা সমর্থন করেছেন, অপোজিসান বেঞ্চের যে ৩ জন মাননীয় সদস্য বলেছেন তাঁরা তাঁদের বক্তব্য রেখেছেন কিন্তু তাঁরাও কেউ বিরোধিতা করেননি। সেটা খুব ভাল কথা। একজন মাননীয় সদস্য অপোজিসান বেঞ্চের বললেন যে মন্ত্রী কেন একথা বললেন না যে এরপরে ট্রামে কোন লোকসান হবে না। আমি একথা কি করে বলতে পারি। কেন না এরপরেও ট্রামে লোকসান হবে। আমরা পরিচালনা, ট্রামের সার্ভিস যাতে উন্নত হয় তার চেষ্টা করছি এবং লোকসান যাতে কম হয় সেদিকে আমরা দৃষ্টি রাখব। কিন্তু লোকসান হবে না একথা আমি বলতে পারি না, একথা বলাও ঠিক হবে না। মাননীয় সদস্য হরিপদ ভারতী একটা সমালোচনা করলেন যে যখন ট্রামের এত অভাব তখন তিনি চারিদিকে লেডিজ স্পেশাল দেখতে পান। আমার কাছে হিসাব আছে কলকাতায় বর্তমানে দৈনিক ৩০৪ থেকে ৩১০ খানা ট্রাম গাড়ী বেরোয়, এর মধ্যে ৯/১০ খানা লেডিজ স্পেশাল, তাও একটা নির্দিষ্ট সময়ের জন্য, একবার সকালবেলায় নিয়ে আসে, সন্ধ্যাবেলায় নিয়ে যায়। আমরা লেডিজ স্পেশাল রেখেছি এইজন্য কলকাতায় মেয়েরা যেভাবে ট্রামে বাসে ঝোলে এটা দেখলে খুব কষ্ট হয়। কিন্তু তার কোন উপায় নেই, সকলের জন্য না করতে পারলেও অন্ততঃ কিছু মহিলা যাতে স্বসম্মানে যাতায়াত করতে পারেন তার জন্য এই ব্যবস্থা রাখা হয়েছে। তবে এটা যদি কোন সময় দেখা যায় যে একটা গাড়ীতে ১০/১২ জন মহিলা আছেন, গাড়ীটা খালি, তাহলে সেটা আমরা নিশ্চয় দেখব কি করা যায়, কিন্তু এই কথা বলে ওটাকে বন্ধ করে দেওয়ার কথা ভাবতে পারি না, সেটা ঠিক হবে না। আমি এটুকু আপনাদের বলতে পারি যে দেড় বছর আগে আমরা যখন সরকার পেলাম তখন দৈনিক ২৭০ খানা ট্রাম গাড়ী বেরোত, এখন বেরুচ্ছে ৩০৪ থেকে ৩১০ খানা গাড়ী। তাহলে প্রায় ৩০/৩৫ খানা গাড়ী বেশী বেরুচ্ছে। এটাকে উন্নতি বলবেন কিনা জানি না। একজন মাননীয় সদস্য বললেন কত গাড়ী বেরুচ্ছে

সেটা বললেন কিন্তু কত গাড়ী খারাপ হয়ে আছে সেটা বললেন না আমি যখন আজকে বলছি ৩১০ খানা গাড়ী বেরুচ্ছে তখন সেটা হচ্ছে যেটা খারাপ হওয়ার পর বেরুচ্ছে সেটা এই হিসাবের মধ্যে আছে।

[4-40—4-50 P.M.]

যেমন ধরুন, এই যে বন্যা হয়ে গেল সেই বন্যার পর ৫০টি ট্রাম গাড়ী বন্ধ করে দিয়েছি। জলে ডুবে গিয়েছিল বলে এই সমস্ত ট্রামের ট্রাকসান মোটর পুড়ে গিয়েছিল। কাজেই এই ৫০টি গাড়ী যদি বসে না যেত তাহলে আমরা ৩৫০টি গাড়ী বের করতে পারতাম। কাজেই এই যে বন্যা হয়ে গেল সেটাকি বামফ্রন্ট সরকারের দোষ? এই বন্যার ফলে ৫০টি গাড়ী নষ্ট হবার পর কংগ্রেস সরকারের মানদণ্ডে বিচার করলে ২২০টি গাড়ী বার হোত। কিন্তু এই অবস্থায় আমরা বার করেছি ৩১০টি গাড়ী। অবশ্য এই ব্যাপারে সুপারভাইসরি স্টাফ, এ্যাডমিনিস্ট্রেসন সকলেরই ভূমিকা আছে, কনট্রিবিউসন আছে। আমি একথা নিশ্চয় করে বলতে পারি তাঁদের উপর ভরসা করেই ট্রাম গাড়ীর উন্নতি হতে পারে—অন্যভাবে এটা করা যায় না। নূতন গাড়ী বেড়েছে একথা আমি কোনদিন বলিনি। নূতন ট্রাম গাড়ী তৈরী করবার ব্যবস্থা আমাদের দেশে এখনও নেই। এখন যেগুলি চলছে সবই পুরান। এই ব্যাপারে কংগ্রেস সরকার কোন ব্যবস্থা করেনি। আমরা নূতন গাড়ী কিভাবে তৈরী করা যায় সেটা ভাবছি। বিরোধীদলের সদস্যরা ট্রাম ব্যবস্থা রিপ্লেস্ করে অন্য ব্যবস্থা করতে বলেছেন। আমি তাঁদের সঙ্গে একমত নই। আজকের যা পরিস্থিতি তাতে ট্রাম গাড়ীকে রিপ্লেস্ করতে পারে এরকম কোন বিকল্প ব্যবস্থা আমি দেখতে পাচ্ছি না—এমন কি টিউব রেলওয়েও নয়। কারণ টিউব রেলওয়ের কাজ যেভাবে চলছে তাতে সেটা যদি সময়মত শেষ হয়েও যায় তাহলে এই টিউব রেলওয়ে ১৫ লক্ষ যাত্রী বহন করতে পারবে। এখন ট্রাম ১০ লক্ষ যাত্রী বহণ করে। এখন কোলকাতা শহরে ৬০/৬৫ লক্ষ লোক বাস করে এবং তারা ট্রামে, বাস্-এ এবং মিনিবাসে যাতায়াত করে। ১৯৮২/৮৩ সালে যখন এই টিউব রেলওয়ে কমপ্লিট হবে তখন যাত্রী সংখ্যা প্রায় ৯০ লক্ষের মত হবে। কাজেই এই যে ৩০ লক্ষ বেড়ে যাবে তার মধ্যে ১৫ লক্ষ টিউব রেলওয়ে ক্যারি করবে, কিন্তু বাকী যে ১৫ লক্ষ রইল তাদের ক্ষেত্রে কি হবে সেটা আমি এখনই বলতে পারছি না। আমি মনে করি কোলকাতায় পরিবহণের জন্য যদি এফেকটিভ কিছু করতে হয় তাহলে এখানে সার্কুলার রেলওয়ে চালু করতে হবে এবং সেকথা আমাদের ঘুরেফিরে বলতেই হবে।

আমি শেষবার যখন দিল্লীতে গিয়েছিলাম তখন দেখেছি কেন্দ্রীয় রেলওয়ে মন্ত্রী এখন কিছুটা উপলব্ধি করেছেন এবং আমাকে বলেছেন আমরা এটা ভেবে দেখছি, কারণ এটা নাহলে কোলকাতার পরিবহণের কোন উন্নতি করা যাবে না। টিউব রেলওয়ে হচ্ছে টালিগঞ্জ থেকে দম দম। কাজেই ট্রামের যে বিভিন্ন রুট আছে সেটা কিভাবে টিউব রেলওয়ে রিপ্লেস করবে? সুতরাং টিউব রেলওয়ের সঙ্গে আমাদের ট্রামকে রাখতেই হবে, উপরন্তু সার্কুলার রেলওয়ের জন্য আমাদের প্রচেষ্টা চালিয়ে যেতে হবে। আমি আশাকরি সকল সদস্যই এই ব্যাপারে আমার সঙ্গে একমত হবেন। বর্তমানে আমরা যে ব্যবস্থা করতে চাই তাতে সুবিধা হবে এখন যে সময় নষ্ট হয় সেটা বাঁচবে। বোর্ড থাকবে এবং তারা নিজেরাই টাকা পয়সার ব্যবস্থা করতে পারবে এবং আমরা যতদূর সম্ভব এর মধ্যে শ্রমিক কর্মচারীদের রেখেছি। তারপর, লস কমাবার কথা এখন ভেবে দেখছি না। কংগ্রেস সরকার যখন ছিলেন তখন তাঁরা শ্রমিকদের বোনাস্ কেড়ে নিয়েছিলেন. কিন্তু আমরা সেটা তাদের ফিরিয়ে দিয়েছি। এখানে আমাদের ৪০ লক্ষ টাকা খরচ বেড়েছে। কাজেই লস কিকরে কমবে? শ্রমিক, কর্মচারীদের দাবী কেড়ে নিয়ে টাকা বাঁচাবার উদ্দেশ্য আমাদের নেই।

আমি যেটা বলতে চাই যে শ্রমিক কর্মচারীদের সুযোগ-সুবিধা দিয়ে, যাত্রী সাধারণের সুযোগ-সুবিধা দিয়ে এ্যাডমিনিসট্রেটিভ এফিসিনেন্সি বাড়িয়ে আমরা লস কমাবার জন্য চেষ্টা করব। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Mohammed Amin that the Calcutta Tramways Company (Acquisition of Undertaking) (Amendment) Bill, 1978, be taken into consideration was then put and agreed to.

**Clauses 1 to 11 and Preamble**

The question that clauses 1 to 11 and the Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Mohammed Amin :** Sir, I beg to move that the Calcutta Tramways Company (Acquisition of Undertaking) (Amendment) Bill, 1978, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**শ্রীসত্যরঞ্জন বাপুলি :** মিঃ স্পীকার স্যার, ফর ইয়োর ইনফরমেসান আজকে এখনই খবর পেলাম সি. এ. বি. তিন হাজার মেম্বারসীপ ফর্ম দিচ্ছেন, তারমধ্যে এক

হাজার ফর্ম আমাদের সরকার নিয়ে এসেছেন মেম্বারসীপের জন্য। আমি জানতে চাই যে এই মেম্বারসীপ ফর্ম আমাদের প্রত্যেক সদস্যদের কি দেওয়া হবে? আমি শুনলাম যে সি. পি. এম-এর এম. এল-রা কিছু কিছু ফর্ম পেয়েছেন। এই যে এক হাজার ফর্ম নিয়ে এলেন সেটা কি প্রত্যেক মেম্বারকে দেওয়ার জন্য না কাদের দেওয়ার জন্য? 'এ' ডিভিশান, 'বি' ডিভিশান ক্লাবরা কিছুই পেল না।

The West Bengal Fire Services (Maintenance of Discipline) Repealing Bill, 1978.

[4-50—5-00 P.M.]

**Shri Prasanta Kumar Sur :** Sir, I beg to introduce the West Bengal Fire Services (Maintenance of Discipline) Repealing Bill, 1978.

(Secretary then read the title of the Bill)

**Shri Suniti Chattoraj :** I oppose the introduction of this Bill under rule 73(1).

**Mr. Speaker :** এখানে Rule 66 applies. It is stated therein "তাহলে In that cose it shall not be necessary to move for leave to introduce the Bill, and, if the Bill is afterwards introduced, it shall not be necessary to publish it again."

**ডাঃ জয়নাল আবেদিন :** স্যার, আপনি আমাদের প্রোক্টেটশন দেবেন তো?

**Mr. Speaker :** It is stated that "it shall not be necessary". So what can I do? The language is very strong here.

Now, the Hon'ble Minister may move his motion for consideration of the Bill.

**Shri Prasanta Kumar Sur :** I Sir, beg to move that the West Bengal Fire Services (Maintenance of Discipline) Repealing Bill, 1978, be taken into consideration.

**শ্রীপ্রশান্ত কুমার শূর :** বিগত ১৭।১০।৭৪ তারিখে পশ্চিমবঙ্গ অগ্নি নির্বাপণ কৃত্যক (শৃঙ্খলা রক্ষা) অধ্যাদেশ, ১৯৭৪ (১৯৭৪ সালের পশ্চিমবঙ্গীয় ১৩ অধ্যাদেশ) জারি করা হয়েছিল। অধ্যাদেশটি ১৯৭৪ সালের ৪ঠা নভেম্বর থেকে কলবত

হয়। প্রায় সঙ্গে সঙ্গেই অগ্নি নির্বাপণ কৃত্যকের কর্মিদের প্রতিনিধিত্বকারী কয়েকটি ইউনিয়নের পক্ষ থেকে ঐ অধ্যাদেশটির বিরুদ্ধে হাইকোর্টে চ্যালেঞ্জ জানান হয়। উল্লিখিত অধ্যাদেশের বিধানগুলি অব্যাহতভাবে বজায় রাখার জন্য পশ্চিমবঙ্গ অগ্নি নির্বাপণ কৃত্যক ( শৃঙ্খলা-রক্ষা ) আইন, ১৯৭৪ ( ১৯৭৪ সালের পশ্চিমবঙ্গীয় ৪৩ আইন ) বিধিবদ্ধ করা হয়। আইনটি গৃহীত হবার পর মুহূর্তেই অগ্নি নির্বাপণ কৃত্যকের কর্মিবৃন্দের কয়েকটি ইউনিয়নের পক্ষ থেকে এ' আইনটির বিরুদ্ধেও হাইকোর্টে চ্যালেঞ্জ জানান হয়। আইনটির বিধানাবলী বলবত করণের বিরুদ্ধে হাইকোর্ট একটা অন্তবর্তীকালীন ইনজাংশন জারি করলেন এবং বিষয়টি এখনো বিচারাধীন রয়েছে।

পরবর্তীকালে সুস্থ ট্রেড ইউনিয়ন আন্দোলনের স্বার্থে উল্লিখিত আইনটি নিরসনের জন্য অগ্নি নির্বাপণ কৃত্যকের কর্মিবৃন্দের বিভিন্ন এ্যাসোসিয়েশন এবং ইউনিয়নের কাছ থেকে সরকার বেশ কিছু আবেদন পত্র পেয়েছেন। সরকারী কর্মচারী এবং শ্রমজীবি অন্যান্য মানুষের ন্যায়সঙ্গত ট্রেড ইউনিয়ন কর্মধারায় হস্তক্ষেপ করা হবে না বলে রাজ্য সরকার ইতিমধ্যেই তাঁদের নীতি ঘোষণা করেছেন। তার সেই নীতি অনুসারেই সরকার পূর্বোক্ত আইনটি নিরসনের প্রয়োজনীয়তা অনুভব করছেন। পশ্চিমবঙ্গ অগ্নি নির্বাপণ কৃত্যক ( শৃঙ্খলা-রক্ষা ) আইন, ১৯৭৪, অবিলম্বে নিরসন করাই বর্তমান বিধেয়কের ( বিলের ) উদ্দেশ্য। আমি আশা করি বিধেয়কটি (বিলটি) এই সভার পূর্ণ সমর্থন পাবে।

**শ্রীদীপক সেনগুপ্ত ঃ** অন এ পয়েন্ট অব প্রিভিলেজ স্যার, একটু আগে সভা বাপুলী মশায় বলেছেন যে সি এ বি মেম্বারশিপ মন্ত্রী মশায়রা পাচ্ছেন। মন্ত্রীরা মন্ত্রী হিসাবে যদি মেম্বারশিপ পেয়ে থাকেন, তাহলে এটা হাউসের পক্ষে কিন্তু অত্যন্ত ক্ষতিকর। মন্ত্রীরা তো এই হাউস থেকেই মন্ত্রী আমাদের সকলের আগে অধিকার নিতে যাচ্ছেন, মন্ত্রীরা তাহলে একটা প্রিভিলেজড্ ক্লাস হয়ে যাচ্ছেন, এ জিনিস হতে পারে না।

( বিরোধী পক্ষ থেকে টেবিল চাপড়িয়ে উৎসাহ দান )

মন্ত্রীরা এম এল এ হওয়ার পর মন্ত্রী এবং সেই হিসাবে তাঁরা টিকিট পেতে পারেন যে কথা সত্য বাপুলী বলছেন এবং এদিকে বলা হচ্ছে মন্ত্রী হিসাবে মেম্বারশিপ আসছে না, তাহলে এই ব্যাপারে তদন্ত হোক, সি এ বি ব্যাপারে নিয়ে, মেম্বারশিপ

নিয়ে প্রিভিলেজড ক্লাস একটা তৈরী হয়েছে, সি এ বি-এর টিকিট সেলস্ ট্যাক্স ইত্যাদি বহু ব্যাপার আছে··

( নয়েজ )

**মিঃ স্পীকার** : আপনি বসুন। You are sitting or not.

এই বিলের সঙ্গে আপনার প্রিভিলেজের কোন সম্পর্ক নাই। নো, নো I will not allow you to say anything. You must take your seat.

**শ্রীদীপক সেনগুপ্ত** : আপনি স্যার, আমাকে পারমিশন দিন।

**মিঃ স্পীকার** : আপনি যখন আলোচনা আরম্ভ করেছেন তার আগেই মন্ত্রী বিল আরম্ভ করেছেন, কাজেই তার আগে এই রকম হতে পারে না আপনার প্রিভিলেজ যখন আঘাত করল তখন সঙ্গে সঙ্গে প্রিভিলেজ তুলতে হবে, তখন আপনি তা করেননি আর আপনার প্রিভিলেজ কি আঘাত করেছে, আমি জানি না। সি এ বি is not a matter of the Legislative Assembly or House.

**শ্রীকমলকান্তি গুহ** : আমি মন্ত্রী হিসাবে টিকেট পাইনি।

**শ্রীদীপক সেনগুপ্ত** : আমার প্রিভিলেজ পয়েন্টটা একটু এক্সপ্লেন করতে দিন।

**মিঃ স্পীকার** : আপনার এখন প্রিভিলেজ উঠাবার অধিকার নাই, যদি তা করতে হয় আপনাকে রিটেন মোশান দিতে হবে or you should have raised it after Mr. Bapuli had said.

( নয়েজ )

**শ্রীসত্যরঞ্জন বাপুলী** : স্যার, উনি বলছেন মন্ত্রী হিসাবে নাকি পাননি।

**শ্রীসুনীতি চট্টরাজ** : এক হাজার মেম্বারশিপ গেল কোথায় ?

**মিঃ স্পীকার** : আমি গভর্ণমেণ্ট পক্ষকে জিজ্ঞাসা করতে চাই তাঁরা আমাকে বিজিনেস চালাতে দিতে চান কিনা ? আমাকে রেসপনসিবিলিটি দিয়ে, তাঁদের মেম্বার দিয়ে প্রিভিলেজড মোশান ইত্যাদি মোশান উঠাতে থাকবেন হোয়াট ইজ দিস ? When a Government Bill is being moved Government members are raising points of previlege which are generally raised by the opposition.

**শ্রীকমলকান্তি গুহ** : আমি বিনীতভাবে প্রতিবাদ করছি। আপনি যেভাবে কথা বলছেন এতে আমি দুঃখিত, এতে আমার আত্ম-সম্মানে লাগছে।

[5-00—5-10 P.M.]

**শ্রীকমলকান্তি গুহ ঃ** আমি বিনীতভাবে আপনার কথার প্রতিবাদ করছি। আপনি এইভাবে কথা বললে আমার সেটা আত্মসম্মানে লাগে এবং আপনি যেভাবে কথাটা বলছেন এটাতে আমি অত্যন্ত দুঃখিত।

**মিঃ স্পীকার ঃ** তা বলতে পারেন। গভর্ণমেণ্ট পক্ষ কি এইভাবে বিল চালাবেন এবং তাদের মেম্বারদের দিয়ে প্রিভিলেজ তুলবেন ?

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** আপনি যেভাবে বললেন তাতে আমরা খুব মর্মাহত। আমরা বলতে পারি, ওঁরাই বলতে পারেন। আমাদের একটা এ্যাসপারসান করছেন কেন স্যার ? সরকার পক্ষের সদস্য এক রকম বিরোধি পক্ষের সদস্য আর এক রকম হবে। Privilege will be enjoyed by the all members of the House. ওঁরাও প্রিভিলেজ এনজয় করবেন, আমরাও করবো। আমরা বললে আপনি কিছু মনে করতেন না, ওরা বলেছে বলে মনে করছে—এটা তো স্যার ভাল কথা নয়। আমরা স্যার, আপনার কাছে ন্যাচারাল জাসটিস আশা করবো। আমরা যেটা মনে প্রাণে বুঝেছি এটা অন্যায়, তার প্রতিবাদ করেছি। আপনি যদি বলেন আমরা বললে শোভা পাবে তাহলে আমরা কি নিকৃষ্ট শ্রেণীর ? It is not an aspersion against the opposition ? এটা আমাদের ডিগনিটিতে হিট করছে না স্যার ? আমি আপনাকে বিনয়ের সঙ্গে বলবো স্যার, হাউসে অপোজিশান যদি না থাকে, হাউসে অপোজিশান যদি কথা না বলে তাহলে সংসদীয় গণতন্ত্র কোথায় থাকে। সংসদীয় গণতন্ত্রে বিশ্বাস করেন না এমন অনেকে হয়তো এখানে আছেন। কিন্তু আপনি জানেন সংসদীয় গণতন্ত্রে আমাদের ভূমিকা আছে, আমাদের বক্তব্য আছে। আজকে একটা কথা হাউসে তুললাম, হাউসে বক্তব্য রাখলাম—এর একটা মূল্য রয়েছে। এই সম্বন্ধে একটা আলোচনা হওয়া দরকার। এক হাজার মেম্বারশিপ চলে আসবে সরকারের হাতে, এই হাউস চলছে···

**মিঃ স্পীকার ঃ** বিল চলছে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, বিলের কথা বুঝলাম। বিল চলছে, বিল পাশও হবে। কিন্তু লোকের স্বাধীনতা, লোকের সংসদীয় গণতন্ত্র থাকবে কি থাকবে না ? আজকে সরকার বলুন মেম্বারশিপ যদি এনে থাকেন তো হাউসে জবাবদিহি করতে হবে।

**মিঃ স্পীকার :** আমি জানতে চাইছি যে সরকার পক্ষ তাদের বিল চালাবেন কিনা—এই অধিকার আমার আছে।

**শ্রীদীনেশ মজুমদার :** সরকার পক্ষ দায়িত্ব নিয়ে বলছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বিলের আলোচনা শুরু করুন এবং আপনার মারফত বিরোধী সদস্যদের অনুরোধ করছি বিলটির আলোচনা শেষে যদি কিছু থাকে তাঁরা বলবেন।

**শ্রীপ্রশান্ত শূর :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার এই বক্তব্য সভায় পেশ করলাম। আমি আশা করি, আমার এই বক্তব্য মাননীয় সদস্যরা গ্রহণ করবেন।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌরমন্ত্রী কুখ্যাত বিলটি বাতিলের জন্য যে The West Bengal Fire Services (Maintenance of Dicipline) Repealing Bill, 1978. এখানে উপস্থিত করেছেন পাশ করার জন্য আমি তাঁকে পূর্ণ সমর্থন জানাচ্ছি,। তবে এই বিলটি আনতে এতো দেরি হওয়ার জন্য আমি দুংখিত। বামফ্রন্ট সরকারের পক্ষে এই বিলটি আরও অনেক আগে আনা উচিত ছিল। ভারতবর্ষের স্বাধীন নাগরিকদের একটা অংশের ব্যক্তি স্বাধীনতা ও গণতান্ত্রিক অধিকার হননের জন্য কালা-কানুনের চেষ্টা করা হয়েছিল। সেইজন্য আমি মনে করি সরকার পক্ষের এই এক দেড় বছর দেরি না করে আরও আগে দৃষ্টি আকর্ষণ করা উচিত ছিল এবং আজকে যেটা এনেছেন সেটা আরও অনেক আগে আনা উচিত ছিল। আমি মনে করি এমারজেন্সীর যুগে একটা অপজাত সন্তান সৃষ্টি হয়েছিল এবং সেটা প্রসব করেছিলেন তৎকালীন পৌরমন্ত্রী শ্রীসুব্রত মুখার্জী মহাশয় এবং ভরাডুবির মধ্যে প্রসব করেছিলেন। কিন্তু এই শিশুর মুখে কোনদিন হাসি ফোটেনি। এটা প্রথমে অর্ডিন্যান্স হয়েছিল এবং সেই অর্ডিন্যান্স আসার সঙ্গে সঙ্গে হাইকোর্টে চ্যালেঞ্জ হয়েছিল। কিন্তু সেই সরকার কাউকে কোন গ্রাহ্য করতেন না, কাউকে কোন ভ্রুক্ষেপ করতেন না। সঙ্গে সঙ্গে অর্ডিন্যান্সের জায়গায় বিল আকারে ১৯৭৪ সালের ১৮ই নভেম্বর উপস্থিত করেন। সেটাকেও ফায়ার সারভিসেস ইউনিয়ানের পক্ষ থেকে চ্যালেঞ্জ করা হয়, সেটা মাননীয় সদস্যরা জানেন। মাননীয় পৌরমন্ত্রী জানালেন যে সেটা আবার চ্যালেঞ্জ করা হয়েছে এবং সেটার ব্যাপারে নিষেধাজ্ঞা জারী করা হয়েছে।

কিন্তু একটা কথা হচ্ছে এই যে আমরা দেখতে পাচ্ছি যে তখন যখন এই বিল আনা হয়েছিল আশ্চর্যজনকভাবে তখনকার প্রসিডিংস যদি দেখা যায় দেখা যাবে

তখনকার পুরমন্ত্রী ঐ সমস্ত সার্ভিস ম্যানদের স্বাধীনতা হরণ করবার তিনি যে বক্তৃতা রেখেছিলেন তাতে তিনি বলছেন 'Discipline and productivity of the Fire Brigade men were of late observed to have deteriorated due to some pernicious and beneful influence of certain trade union leaders having little or no regard on maintenance for Fire Brigade which constitutes an essential service for the people of the State'.

কিছু কিছু ট্রেড ইউনিয়ন নেতাদের ক্ষতিকারক প্রভাবের ফলে ফায়ার সার্ভিসের কর্মীদের মধ্যে শৃঙ্খলা ও কর্মক্ষমতার নষ্ট হয়ে যেতে বসেছিল। তিনি আরও বলেছিলেন যে কর্মীদের মধ্যে ১০/১২টি ইউনিয়ন গড়ে উঠেছিল এবং তারা নিজেদের মধ্যে ঝগড়া-ঝাটি গোলমাল এবং হিংসার মনোভাব সৃষ্টি হয়েছিল সেইজন্য তিনি এই বিল এনেছিলেন। তাই ডিসিপ্লিন ফিরিয়ে আনার জন্য তিনি এই ব্যবস্থা করেছিলেন। কিন্তু মন্ত্রী মহাশয় ঐ সমস্ত কর্মীদের এক পতাকা তলে একটি ট্রেড ইউনিয়নের পতাকার নীচে আনার চেষ্টা করেছিলেন কি? না এ ক্ষেত্রে সমস্ত ট্রেড ইউনিয়ন লিডারদের এক কংগ্রেসী পতাকা তলে কংগ্রেসী সংগঠনের মধ্যে সকলকে আনতে না পারার জন্য এই অমোঘ অস্ত্র প্রয়োগ করেছিলেন এই কালা কানুন প্রয়োগ সমস্ত শ্রমিকদের মৌলিক অধিকার হরণ করবার চেষ্টা করেছিলেন। এই বিলের ৩(১) ধারায় বলা হয়েছে—(ক) কোন ট্রেড ইউনিয়ন শ্রমিক সংগঠন বা কোন রাজনৈতিক সংগঠন বা সংস্থার সদস্য হতে পারবেন না। (খ) ফায়ার ব্রিগেডের সহিত যুক্ত অনুমোদিত কোন সংস্থা ছাড়া অন্য কোন সামাজিক সাংস্কৃতিক বা ধর্মীয় সংস্থার সদস্য হতে হলে প্রকৃত কোনটি সামাজিক, সাংস্কৃতিক বা ধর্মীয় সংস্থা তাও সরকারের মতামত নেওয়া আবশ্যক হবে। (গ) সংবাদপত্রে কোন বক্তব্য প্রকাশ করতে হলে বা কোন চিঠি পত্র ছাপতে হলেও সরকারের অনুমোদন আবশ্যক হইবে। এই সব ধারাগুলি সম্পূর্ণ সংবিধান বিরোধী। সংবিধানের ১৯(১) (ক) ও (গ) ধারায় স্বাধীন নাগরিকগণের মৌলিক অধিকার সম্পর্কে নির্দিষ্ট করে দেওয়া হয়েছে যে all citizens shall have the right (a) to freedom of speech and expression, (b) to form association or union. এই আইনের দ্বারা এক শ্রেণী ভারতীয় নাগরিকের তার বক্তব্য রাখার বা মনোভাব প্রকাশ করার এবং তার সংঘ বা সংগঠন ও ইউনিয়ন গঠন করার স্বাধীনতা এবং অধিকার কেড়ে নেওয়া হয়েছিল। ১৯৭৪ সালে যখন এই আইন এই বিধানসভায় আনা হয়েছিল তখন বর্তমান জনতা পার্টির পরিষদীয় দলের নেতা মাননীয় শ্রীকাশীকান্ত মৈত্র তখন বিধানসভার সদস্য ছিলেন এবং তিনি

পয়েণ্ট অব অর্ডার তুলে তীব্রভাবে এর বিরোধিতা করেছিলেন তিনি বার বার প্রত্যাহার করার দাবী জানিয়েছিলেন তিনি এটাকে সংবিধান বিরোধী বলে অভিহিত করেছিলেন। তিনি একে total blanket ban. অর্থাৎ নাগরিকের মৌলিক অধিকারের উপর সম্পূর্ণ নিষেধাজ্ঞা জারী হচ্ছে বলে দাবী করেন। অন্যান্য সদস্যরা তাঁকে সমর্থন জানিয়েছিলেন। কিন্তু দুঃখের বিষয় কিছু কিছু কংগ্রেসের সদস্য সংবিধানের কথা তুলে বলেছিলেন রেসপনসবল রেসট্রিকসনস এবং এই সব বিভ্রান্ত সৃষ্টি করার চেষ্টা করেছিলেন এবং মেজরিটি ভোটের জোরে এই বিল পাশ করে নেওয়া হয়েছিল। কিন্তু সঙ্গে সঙ্গে হাইকোর্ট-এ চ্যালেঞ্জ করা হয়েছিল এখনও মামলা বিচারাধীন রয়েছে। আজকে মাননীয় মন্ত্রী মহাশয় সমস্ত পরিস্থিতি বিবেচনা করে সেখানে যে সব সার্ভিস ম্যান রয়েছে তাদের ইউনিয়ন গঠনের অধিকার বা তাঁদের বক্তব্য প্রকাশ করবার অধিকার দেবার ব্যাপারে রিপিল করবার জন্য কেন যে তিনি এটা আনলেন তা বুঝতে পারছি না। যেখানে সরকারী কর্মচারী তাদের সংগঠন গড়ে তুলতে পারেন এমন কি প্রশাসনিক ক্ষেত্রেও কর্তৃত্ব করতে পারেন এমন কি পুলিশ কর্মীরা যেখানে তাদের সংগঠন গড়ে তুলতে পারবেন সেখানে এই ফায়ার সার্ভিস কর্মিদের সম্পর্কে কেন এই দ্বিধা তা ঠিক বুঝে উঠতে পারছি না।

[5-10—5-20 P.M.]

আমি মনে করি অনেক দেরী হয়েছে। আমি তাই তাঁর কাছে দাবী করব অবিলম্বে তিনি একটি কমপ্রিহেনসিভ বিল আনুন। ফায়ার সার্ভিসম্যানরা যে তাদের জীবন বিপন্ন করে সাধারণ মানুষের সেবা করছেন তারা যাতে সাংবিধানিক অধিকার পায় এবং আইনের মাধ্যমে যাতে তারা সুখ সুবিধা পেতে পারে তার ব্যবস্থা করার জন্য অবিলম্বে একটি কমপ্রিহেনসিভ বিল আনার জন্য আমি দাবী করছি। আমি আশা করছি মাননীয় মন্ত্রী মহাশয় একটি বিল শীঘ্রই আনবেন এবং ফায়ার সার্ভিসম্যানরা তাদের দাবী নিয়ে আজকে আপনার কাছে একটা রিপ্রেজেনটেসন দিয়েছেন রিপিল করার জন্য এবং এর সঙ্গে তাদের সুযোগ সুবিধার প্রশ্ন জড়িত আছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি অবিলম্বে তিনি একটি কমপ্রিহেনসিভ বিল আনুন। আজকে তিনি রিপিল করার যে বিলটি এনেছেন সেটাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসেখ ইমাজুদ্দিন :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী প্রশান্ত শূর মহাশয় দি ওয়েষ্ট বেঙ্গল ফায়ার সার্ভিসেস ( মেন্টিনেন্স অব ডিসিপ্লিন ) রিপিলিং

বিল, ১৯৭৮ যেটা এনেছেন আমি তাকে সমর্থন করতে পারছি না। ১৯৭৪ সালের ১৭ই অক্টোবর তারিখে এই বিলটির প্রথম অর্ডিন্যান্স হয় এবং তারপর সেটা আইনে পরিণত হয়। যাই হোক, অর্ডিন্যান্সের পরে সেটা এ্যাক্টে পরিণত হয়। ১৯৭৪ সালে যখন এই অর্ডিন্যান্সটি জারী হয়েছিল তখন ফায়ার সার্ভিসের কর্মিগণ এই অর্ডিন্যান্সের বিরুদ্ধে হাইকোর্টে ইনজাংসান দিয়েছিলেন। এই আইনটি বাতিল করার জন্য তারা হাইকোর্টে আবেদন করেছিলেন এবং হাইকোর্ট এই সম্পর্কে এখন পর্যন্ত কোন রায় দেন নি। তারা একটি এ্যাডিনটারিম ইনজাংসান পেয়েছেন। এই বিষয়টি আমাদের ভাল চিন্তা করে দেখতে হবে। ফায়ার সার্ভিসকে আমাদের এসেনসিয়্যাল সার্ভিস বলে গণ্য করা হয়। কাজেই ইফ দে আর গিভেন রাইট টু ফর্ম এ্যাসোসিয়েসন, তাহলে কি হবে? অত্যাবশ্যক কাজকর্মে যারা নিযুক্ত আছেন, আগুন লাগলে যাদের নেভানোর দায়িত্ব তাদের যদি আজকে ইউনিয়ন করতে দেওয়া হয় তাহলে কি হবে? ইউনিয়ন করার অধিকার আছে। কিন্তু ইউনিয়নের তরফ থেকে যদি বলে দেওয়া হয় যে ১৫ দিন ধরে আমাদের ধর্মঘট চলবে, কর্ম বিরতি চলবে, এই সময়ে আগুন লাগলে কি হবে? এর ফলে সরকারী মালপত্র, বেসরকারী মালপত্র সব নষ্ট হয়ে যাবে, মানুষের জীবন হানি ঘটবে, ধন-সম্পত্তি সব নষ্ট হয়ে যাবে। ইউনিয়ন না করলে তো তারা যেতে পারবে না। এইসব জিনিস কি চলতে দেওয়া ঠিক হবে? তাই এইসব কথা ভেবে চিন্তে বিগত সরকার আইন করেছিলেন যারা অত্যাবশ্যক কাজকর্মে নিযুক্ত আছেন তাদের যে কোন সময়ে প্রয়োজন হতে পারে। তাদের ডিসিপ্লিন মেনে চলতে হবে। দে উইল হ্যাভ টু মেনটেন ডিসিপ্লিন এবং তাদের ডিসিপ্লিনড ওয়েতে যদি না চালানো যায় তাহলে অনেক ধন সম্পত্তি নষ্ট হয়ে যাবে, অনেক জীবনহানি ঘটবে। সেই জন্যই তখন এই আইন করা হয়েছিল এবং সেই আইন এখন পর্যন্ত হাইকোর্টে বিচারাধীন আছে। মহামান্য হাইকোর্ট অবৈধ বলে ঘোষণা করলে এমনিতেই তো বাতিল হয়ে যাচ্ছে, তাই এত তাড়াহুড়ো করে বিল আনার কোন দরকার ছিল না। এর মধ্যে একটা অন্য ব্যাপার আছে এই ফায়ার সার্ভিসে কিছু বামফ্রন্ট সরকারের লোকজন আছে, সি. পি. এম.-এর লোকজন আছে, তাদের ইউনিয়ন আছে। তাদের নাম আপনারা অনেকেই জানেন। সেই ইউনিয়নের তরফ থেকে জানিয়ে দেওয়া হচ্ছে আপনারা তো এখন সরকারে এসেছেন, আমাদের ব্যাপারটা নিয়ে এবার একটা কিছু করুন। হাই কোর্ট থেকে এখন পর্যন্ত রায় হল না, অথচ তাড়াহুড়ো করে বিলটি আনা হল। কতকগুলি কর্মীর আবেদন শুনে এই বিলটি বাতিল করে দিলে হাজার হাজার লক্ষ লক্ষ

লোকের যে কি অসুবিধা হবে সেই সম্পর্কে একটু চিন্তা ভাবনা করা দরকার আজকে কলকারখানায় ষ্ট্রাইক হচ্ছে এই অফিসের কর্মিদেরও যদি সেই সুযো দেওয়া হয় তাহলে কি যে ক্ষতি হবে সেটা কল্পনা করা যায় না। এই এসেনসিয়াা সার্ভিসের লোকদের যদি এই সুযোগ সুবিধা দেওয়া হয় তাহলে দেশের ভয়ঙ্কর ক্ষ হবে—এই সব আজকে ভেবে দেখার দরকার আছে বলে আমি মনে করি।

আমরা যদি আগেকার বিলটা একটু পর্যালোচনা করি তাহলে দেখব সেখানে পরিস্কার লেখা আছে সরকার যদি অনুমতি দেয় তাহলে তারা নিশ্চয়ই আবেদন-নিবেদন করতে পারবেন এবং সেই সমস্ত সুযোগ সুবিধা পাবে। বামফ্রন্ট সরকার যখন প্রথম ক্ষমতাসীন হ'ন তখন তাঁরা গর্ব করে জোরের সঙ্গে বলেছিলেন যে, আমরা এমন পরিবেশ সৃষ্টি করব যেখানে শ্রমিকরা আর ষ্ট্রাইক করবে না, তাদের ধর্মঘট করার দরকার হবে না, কোনও বিশৃঙ্খল আচরণ করার প্রয়োজন হবে না আমরা তাঁদের আবেদন নিবেদনে সাড়া দেব, তারা ধর্মঘটের দিকে বা কোনও রকম আন্দোলনের দিকে যাবার আগেই আমরা মিটমাট করে দেব। আমার তাঁদের কাছে প্রশ্ন, তাহলে এই আইন করছেন কেন? আপনারা বলবেন যে, আইন থাকবে, কিন্তু তাদের সেদিকে যেতে হবে না। কিন্তু আমি আপনাদের হাই কোর্টের রায়ের জন্য অপেক্ষা করতে অনুরোধ করছি। আর যদি তা না করেন তাহলে আমি এই আইনের বিরোধিতা করছি। যদি হাই কোর্ট শ্রমিকদের পক্ষে রায় দেয়, তাহলে তো তখন আপনা আপনিই এই আইন বাতিল হয়ে যাবে। আর যদি বলে যে এই আইনের প্রয়োজন আছে, তাহলে আমাদের মতামত হচ্ছে নিশ্চয়ই এই আইন থাকবে। সুতরাং এই রায়ের জন্য ধৈর্য ধরে আপনাদের অপেক্ষা করতে অনুরোধ করছি। এই বলে আপনার এই সংশোধনী প্রস্তাবের সম্পূর্ণ বিরোধিতা করছি।

**অধ্যক্ষ মহোদয়ঃ** এই বিধেয়কের উপর বিতর্ক এবং সিদ্ধান্ত গ্রহণের জন্য যে নির্দিষ্ট সময় আছে তাতে আমি মনে করছি এটা শেষ করা যাবে না। এটার জন্য আরো বেশী সময় প্রয়োজন। তাই আমি বিধানসভার কার্যপ্রণালী ও পরিচালন-বিধির নিয়মাবলির ২৯০ নং ধারা অনুযায়ী এই বিল বা বিধেয়কের উপর আলোচনার সময় আরো আধ ঘণ্টা বাড়ানোর জন্য সভার সম্মতি চাইছি। আশা করি সদস্যরা সম্মত আছেন।

( সময় আরো অধ ঘণ্টা বাড়ানো হ'ল। )

**ডঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় প্রশান্ত শূর মহাশয় যে সংশোধনী এনেছেন তার সঙ্গে আমি এক মত নই। আজকে পশ্চিমবাংলায় যে অবস্থা চলছে, যেখানে হিংসা, আর্সন, লুঠ, ব্যাপক অগ্নি কাণ্ড সংঘঠিত হচ্ছে সেখানে ফায়ার সার্ভিসই হচ্ছে এক মাত্র ভরসা। এখন আমাদের আতঙ্কিত হবার কারণ ঘটছে, আমরা জানি আমাদের এই বামফ্রন্ট সরকারের কিছু শরিক, কিছু দায়িত্বপূর্ণ মানুষ আজকে প্রকাশ্যে এবং অপ্রকাশ্যে হিংসার উস্কানি দিয়ে চলছে। এই যেখানে অবস্থা সেখানে ফায়ার সার্ভিসের মত একটা এসেনসিয়াল সার্ভিস-এ অবস্থা করতে যাওয়া হচ্ছে। আমরা জানি Trade union is no doubt a powerful instrument and weapons in the hand of the workers এটা আমরা মানি। কিন্তু আজকে কি আপনি প্রস্তুত আছেন—আপনারা কেন্দ্রে যাবেন বলে খোয়াব দেখছেন, হাওড়ার মিটিংএ সেই আশা, সেই প্রত্যাশা ঘোষণা করেছেন—আপনারা প্রস্তুত আছেন ডিফেন্স সার্ভিসে, বা মিলিটারি, প্যারা মিলিটারি, বি. এফ. এফ—ইত্যাদিকে ট্রেড ইউনিয়ন অধিকার দিতে ? ইন সার্টেন আদার এসেনসিয়াল সার্ভিস যেগুলি আছে, পুলিশে আপনারা কিছু কিছু সংগঠন করার জন্য গোপনে মদত দিচ্ছিলেন, এ-খবর আমরা জানি—কিন্তু কিছু কিছু সার্ভিস যদি ফ্রি না থাকে, ফ্রি ফ্রম দিস ট্রেড ইউনিয়ন পারভারসন—ট্রেড ইউনিয়নে যে পারভারসন আছে যেটাকে সময় সময় কাজে লাগান উদ্দেশ্যপ্রণোদিতভাবে, এখানে বোধ করি সেই জাতীয় অধিকার থাকা বাঞ্ছনীয় নয়।

[5-20—5-30 P.M.]

আমার দ্বিতীয় আপত্তি এই কারণে যেটা আগের বক্তবা ও বললেন, সেটা বিচারাধীন রয়েছে। আপনারা অপেক্ষা করতে পারতেন—আমি ধরে নিলাম যে আপনারা অবাধ ট্রেড ইউনিয়ন অধিকার দেবেন। গণতান্ত্রিক আন্দোলন সেটা সিলেকটিভ সি. পি. এম যদি কোন আন্দোলন পরিচালনা করে তাহলে সেটা গণতান্ত্রিক। আর সি. পি. এম ছাড়া অন্য দল যদি কোন আন্দোলন পরিচালনা করে তাহলে সেটাতে চালাও গুলি। এটার পরীক্ষা হল না, বিচার হল না, জাজমেণ্ট হল না, পেণ্ডিং বিফোর দি হাই কোর্ট, এর আগে এটাকে তুলে দিতে চাইছেন। তার মানে বিচারের প্রয়োজন হবে না। আমার থার্ড পয়েন্ট হচ্ছে, এই সরকারের একটা প্রবনতা দেখছি আগের সব কিছুকে আণ্ডু করার। এদের কোন অভিজ্ঞতা নেই। একবার ১৯৬৭ সালে এসে এরা বাংলাকে ৫ম বার্ষিক পরিকল্পনায় পিছিয়ে দিয়েছেন। আবার ১৯৬৯ সালে এসে ৮/১০ বছর বাংলাকে পিছিয়ে দিলেন—ইন

দি ম্যান অব ইণ্ডিয়া বাংলার শিক্ষা দিক্ষা আজকে পিছিয়ে যাচ্ছে এবং মিনিমাম যে ডিসিপ্লিন, আজকে সব চেয়ে বড় যে অসুবিধা ইনডিসিপ্লিন এভরি হয়ার এ্যাণ্ড দিস ইজ দি লেফট ফ্রন্ট এবং এঁদের ফোর ফাদার যুক্তফ্রন্ট। They are the fore father and authors of in disipline in West Bengal. They are the father of inequity in West Bengal. আজকে সে জন্য আপনাকে বলছি, আপনারা পরীক্ষা করলেন না, জানলেন না যে কি ফল হয়, আপনারা খালি খোয়াব দেখছেন। ফায়ার সার্ভিসের মত একটা এসেন্সিয়াল সার্ভিস, যেখানে ধ্বংস, অগ্নি সংযোগ ইত্যাদি জিনিষগুলি জড়িত আছে। আমি সেজন্য পৌরমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে আপনি সুযোগ দিন। হাইকোর্টের জাজমেন্ট পর্যন্ত অপেক্ষা করুন, লেট ইট বি ট্রায়েড। এই জিনিষ প্রত্যাহার করুন।

লেট আস ওয়েট ফর দি ভার্ডিক্ট অব দি অনারেবল হাইকোর্ট, সেই জন্য আপনাকে অনুরোধ করবো এই বিলটা প্রত্যাহার করুন। আপনাদের ব্রুট মেজরিটি আছে আপনারা এটাকে পাশ করিয়ে নিতে পারেন, কিন্তু এই বিল আমাদের পক্ষে সমর্থন করা সম্ভব নয়।

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আজকে যে বিলটা এসেছে তাকে সমর্থন জানিয়ে দু একটি কথা বলতে চাই। আমি প্রথমে মাননীয় মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাই, এই ধরণের একটা বিল তিনি আজকে এই বিধানসভায় নিয়ে এসেছেন বলে। এই কথা ঠিক যে আজকে যে বিল তিনি নিয়ে এসেছেন, এই বিলটা আরও আগে আসা উচিৎ ছিল। তবুও আমি বলবো যে বামফ্রন্ট সরকার আজকে সাধারণ মানুষের কথা চিন্তা করে, তারা যে ভাবে ৩৬ দফা কর্মসূচীর কথা বলেছিলেন তার সঙ্গে সঙ্গতি রেখে আজকে সাধারণ শ্রমিক কর্মচারীদের সম্পর্কে চিন্তা করছেন বলে আজকে এই ধরণের বিল তাঁরা আনতে পেরেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সময় কম থাকার জন্য আমরা সমস্ত কথা এখানে প্রকাশ করতে পারি না, কিন্তু ১৯৭৪ সনে যে বিলটা আনা হয়েছিল, সেই বিলটা আমি পড়ে দেখতে পেলাম যে গণতন্ত্রকে হত্যা করবার জন্য ইন্দিরা গান্ধীর সরকার যে ভাবে ১৯৭৪ সনে সারা ভারতবর্ষে স্বৈরতন্ত্রের আবহাওয়া সৃষ্টি করেছিলেন, এই বিলটা তার একটা নজীর। কারণ এই বিলের মধ্যে আমি দেখতে পাচ্ছি, প্রথমে কেড়ে নেওয়া হলো ট্রেড ইউনিয়ন রাইট এবং তারপর দেখতে পাচ্ছি বাক স্বাধীনতা কেড়ে নেওয়া হলো সাধারণ মানুষের। একটা গণতান্ত্রিক রাষ্ট্রে তাদের যে কথা বলবার অধিকার এবং তাদের যে ট্রেড ইউনিয়ন

করবার রাইট, সেটা কেড়ে নেওয়া হলো। ফায়ার সার্ভিস-এর কর্মচারীরা এর বিরুদ্ধে হাইকোর্টে এ্যাপিল করবার পর—আজকে হাইকোর্টে এই মামলা রয়েছে, কিন্তু তার আগে এই বামফ্রন্ট সরকার আজকে একটা আইন এনে ১৯৭৪ সনের সেই যে আইন, সেই আইনটা তাঁরা আজকে উইথড্র করতে চাইছেন। মাননীয় কংগ্রেসী সদস্য ডাঃ জয়নাল আবেদিন সাহেব যে কথা বলেছেন আমি তা শুনেছি, তিনি বলছেন, এটা একটা এসেনশিয়াল সার্ভিস, এখানে ট্রেড ইউনিয়ন থাকা উচিত নয়। কিন্তু আমরা যে দৃষ্টিভঙ্গী নিয়ে চলি, আমরা সাধারণ মানুষের কথা ভাবি, শ্রমিকদের কথা ভাবি, সেই জন্য আমরা মনে করি যে যে সার্ভিসেই তারা থাকুন না কেন, তাদের কথা বলবার অধিকার নিশ্চয়ই তাদের থাকবে। তাদের অসুবিধার কথা তারা নিশ্চয়ই বলবে। কারণ আমাদের দেশে আমরা দেখেছি, এই ফায়ার সার্ভিসে যারা কাজ করেন, এদের কাজ অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং সমাজে এরা অত্যন্ত দায়িত্বপূর্ণ কাজ করেন। অনেক সময় দেখা গেছে তারা তাদের জীবন বিপন্ন করেও মানুষকে আগুনের ধ্বংস স্তুপ থেকে বার করে আনেন এবং নিজের জীবনকে বিপন্ন করে, তুচ্ছ করেও তাদের এই কাজ করতে হয়। অথচ এই সমস্ত কর্মচারীদের কথা যদি সরকার না ভাবেন, তাদের অধিকার যদি কেড়ে নেওয়া হয় ট্রেড ইউনিয়ন করবার অধিকার না দেওয়া হয়—এমন কি এই বিলটার মধ্যে কয়েকটি জায়গায় দেখলাম, তারা কোথাও কোন সাংস্কৃতিক অনুষ্ঠানে পর্যান্ত যোগ দিতে পারবে না, সাংস্কৃতিক সংগঠনের সঙ্গে যুক্ত তারা পারবেন না, এমন কি ব্যক্তিগতভাবে তারা কোন সাহিত্য—কিছু লিখতে পর্য্যন্ত পারবেন না। এই ধরণের একটা আইন ১৯৭৪ সালে আনা হয়েছিল। আমি এর বিরোধিতা করছি। এই ১৯৭৪ সালের আইনের বিরুদ্ধে প্রত্যেকটি মানুষের সোচ্চার হওয়া দরকার। কারণ আমরা গণতান্ত্রিক অধিকার রক্ষার জন্য সংগ্রাম করছি এবং ইন্দিরা গান্ধীর স্বৈরতন্ত্রের বিরুদ্ধে সারা ভারতবর্ষে যখন আন্দোলন হচ্ছে, সেখানে আজকে আমাদের এই সরকার একটা বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করেছেন। আমাদের মন্ত্রীমহাশয় এই আইনটা আজকে প্রত্যাহার করে নিচ্ছেন এবং নতুন আইন এনেছেন, সেই অর্ডিন্যান্স এখানে তিনি উইথড্র করে নিচ্ছেন। সেই জন্য আমি এই বিলকে সর্বান্তঃকরণে সমর্থন জানাই এবং মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাই আজকে এই বলিষ্ঠ পদক্ষেপ নেওয়ার জন্য। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[ 5-30—5-40 P. M. ]

**শ্রীশেখ ইমাজুদ্দিন:** অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, শ্রীমতী গোপ্পী মূল বিল

সম্বন্ধে যেকথা বললেন যে, ফায়ার সার্ভিসের লোকেরা নাকি সোসিয়াল, রিক্রিয়েসনাল বা রিলিজিয়াস কোন ফাংসনে যোগদান করতে পারবে না, এটা নাকি অরিজিনাল বিলে ছিল। আমি তাই বলছি মাননীয়া সদস্যের এই বক্তব্য সম্পূর্ণ অসত্য।

**মিঃ স্পীকার ঃ** এটা কোন পয়েন্ট অফ অর্ডারই নয়।

**শ্রীদীপক সেনগুপ্ত ঃ** স্যার, উনি যেটা বলেছেন এবং মূল বিলের এখানে যেটা আছে, সেটা হচ্ছে, If he be a member of or be/associated in any way with, any other society, institution, association or organisation that is not recognised as part of the fire brigade of which he is a member or is not of a purely social recreational or religious nature....এই কথাগুলি এখানে আছে, ঐ ফায়ার ব্রিগেড সম্বন্ধে।

**মিঃ স্পীকার :** এতো আপনারা বিতর্কের প্রশ্ন নিয়ে আসছেন। এটা নিয়ে কোনও পয়েন্ট অফ অর্ডার হয় না, কিছুই হয় না।

**শ্রীপ্রশান্ত শূর :** অধ্যক্ষ মহাশয়, আমার জবাব দেবার বেশী কিছু নেই। কারণ যে সময়ে এই বিল আনা হয়েছিল সে সময়ে জয়নাল আবেদিন সাহেব যে কংগ্রেসে ছিলেন শেখ ইমাজুদ্দিন সাহেব আজকে ইন্দিরা গান্ধীর কংগ্রেসে হলেও সেই কংগ্রেসেই ছিলেন। অন্য যাঁরা জনতা দলে বসে আছেন তাঁরাও একই দলে ছিলেন। তবে আমার বলাইলাল দাস মহাপাত্রের কথা ভাল লাগল। তবে তিনি একটা কথা বলেছেন যে, সেই সময় মাননীয় সদস্য কাশীকান্ত মৈত্র এর বিরোধিতা করেছিলেন। কিন্তু আমার কাছে যতদূর ইনফরমেসন আছে তাতে দেখছি তখন তাঁর মন্ত্রীত্ব চলে গিয়েছিল।

( শ্রীবলাইলাল দাস মহাপাত্র ঃ যাই হোক, তিনি বিরোধিতা করেছিলেন। )

হ্যা, আমি বলছি এটা ফাক্ট It is not a distortions ; it is a statement of fact.

'৭০ সালের মার্চ মাসে যুক্ত ফ্রন্ট সরকারের পতনের পর '৭২/৭৩/৭৪ এবং ২৫শে জুন '৭৫ সালের পর সারা ভারতবর্ষে যে ঘটনা ঘটে গিয়েছে সেই ঘটনার কথা আজকে নতুন করে এই সভায় আমার পেশ করার প্রয়োজন আছে কিনা, তা আমি জানি না। ইন্দিরা গান্ধী নিজে একনায়কতন্ত্র প্রতিষ্ঠা করেছিলেন, স্বৈরতন্ত্র প্রতিষ্ঠা করেছিলেন। শুধু তাই নয় তাঁর নিজের ওয়ার্কিং কমিটির সদস্য চন্দ্রশেখরকেও তিনি গ্রেপ্তার করেছিলেন। সুতরাং সেই দল কি করে আশা করতে পারে সাধারণ শ্রমিক, সাধারণ

মানুষ, তাদের ট্রেড ইউনিয়ন অধিকার থাকবে। আমি আগের বিলের একটা ধারা শুধু এখানে পড়ে দিই, এতে কি লেখা আছে ; না, লেখা আছে, No member of the fire brigrade shall without the express sanction of the State Government or of the authority prescribed in this behalf be a member of, or be associated in any way with, any trade union, labour union, political association, or with any class of trade unions, labour unions or political associations....

আমি বুঝতে পারি না যারা স্বৈরতন্ত্রের কথা বলেন এবং কায়েম করেন, একনায়কতন্ত্র সমর্থন করেন তাদের ভাষায় আর কি বলতে পারেন, আর কি আইন পাশ করাতে পারেন। সুতরাং আপনারা যা করতে পারেন তাই করেছেন। কিন্তু আমি মনে করি আজকে সাধারণ মানুষের গণতান্ত্রিক মানুষের, শ্রমিক, কৃষক, মধ্যবিত্ত যে যেখানেই থাকুন না কেন এমন কি পুলিশ বাহিনী তাদেরও অধিকার আছে, ট্রেড ইউনিয়ন রাইট আছে, কথা বলার অধিকার আছে। আজকে আপনারা বামফ্রন্ট সরকারের যতই সমালোচনা করুন না কেন আমরা তাদের ইউনিয়নের অধিকার দেবো এবং দিয়েছি। যে অধিকার আপনারা অন্যায়ভাবে, অযৌক্তিকভাবে এবং স্বৈরতান্ত্রিক কায়দায় কেড়ে নিয়েছিলেন সেই স্বৈরতান্ত্রিক পন্থা সরিয়ে দিয়ে আমরা তাঁদেরকে অধিকার ফিরিয়ে দিয়েছি। এই হচ্ছে আমার বক্তব্য।

The motion of Shri Prasanta Kumar Sur that the West Bengal Fire Services (Maintenance of Discipline) Repealing Bill, 1978, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 and 2 and Preamble**

The question that Clauses 1 and 2 and preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Prasanta Kumar Sur :** Sir, I beg to move that the West Bengal Fire Services (Maintenance of Discipline) Repealing Bill, 1978, as settled in Assembly, be passed.

The motion was then put and agreed to.

**শ্রীসুনীতি চট্টরাজ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দারুন বাজারে গুজব—আপনি কাস্টোডিয়ান অফ দি হাউস সুতরাং আপনারও সম্মান এর সঙ্গে জড়িত—কোন কোন

জায়গা থেকে শুনছি,– এই সি. এ. বি মেম্বার-শিপ নিয়ে মাননীয় সদস্য শ্রীসত্য বাপুলী বললেন যে ১ হাজার চলে এসেছে। আমি একটু পরে বেরিয়ে গিয়েছিলাম বাহিরে সেখানে কিছু পাবলিক গুঞ্জন করছে যে, ১ হাজার বেরিয়েছে এবং তার কিছু কিছু কালো-বাজারি হচ্ছে—এই অপবাদ আমি শুনতে পেলাম। এখানে স্পোর্টস মিনিষ্টার আছেন এবং চীপ মিনিষ্টার একটা স্টেটমেন্ট দিন যে কিভাবে সি. এ. বি মেম্বার-শিফ ডিষ্ট্রিবিউসন হবে। কেননা যদি ১ হাজার নিয়ে কালো-বাজারি প্রশ্ন আসে তাহলে আমি আশঙ্কা করছি—এই যে ৭৩ হাজার টিকিট ডিষ্ট্রিবিউসন হবে তা কি ভাবে কালো-বাজারী হবে সেটা চিন্তার বিষয়।

**মিঃ স্পিকারঃ** এখানে তো মিনিষ্টার আছেন, আপনি তো আপনার ষ্টেটমেন্ট দিয়েছেন, এবার বসুন।

**শ্রীদীনেশ মজুমদারঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খানিকক্ষণ আগে এই বিষয় নিয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর সাথে আলোচনা করেছি। আপনার ইনফরমেসানের জন্য বলছি, আপনি জানেন এবং মাননীয় সদস্যরাও সকলেই জানেন যে সি. এ. বি একটা অটোনমাস বডি। সরকারের সাথে সম্পর্ক নেই। তারা তাদের সিদ্ধান্ত গ্রহণ করেন। সরকারের পক্ষ থেকে পরিস্কার আমি বলছি সে সরকার সি. এ. বি থেকে কোন মেম্বারশিপ ফর্ম নেয়নি। সুতরাং যেকথা ওনারা বলছেন সেটা সঠিক নয়, অসত্য কথা। আমরাও এইসব জিনিষ বন্ধ করতে চাই। সুনীতিবাবু যেসব কথা বললেন এইসব জিনিষের সঙ্গে আমাদের সরকার জড়িত নয়। যদি সরকারের করনীয় কিছু থাকে তা সরকার নিশ্চয়ই করবেন। আগের সরকারের আমলে এই অভ্যাস ছিল, সেই অভ্যাস পরিবর্ত্তন হচ্ছে বলে ওনাদের মনোবেদনা হতে পারে কিন্তু আমি বলবো এই জিনিষ আমাদের সময়ে হচ্ছে না এবং হবেও না।

[ 5-40—5-50 P.M. ]

**শ্রীদীপক সেনগুপ্তঃ** অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ স্যার, এর আগে আপনি বলেছিলেন যে বিলটা পাশ হবার পরে এই ব্যাপারে কিছু বলতে দেবেন। কিন্তু সুনীতি চট্টরাজ মহাশয় বলেছিলেন বলে আমি বলতে পারিনি। আমি যা বলতে চেয়েছি যে এই বিষয়টার একটু ক্লারিফিকেশন দরকার। প্রশ্ন হচ্ছে ইতিপূর্বে দেখা যাচ্ছে সি. এ. বি.'এর মেম্বারশিপ নিয়ে নানারকম কালোবাজারী হয়েছে, আজকে সেই অভিযোগ আমাদের কাছে ঘুরে আসুক পার্ট অফ দি হাউস, মেম্বার হিসাবে আমরা

কোন অবস্থাতেই তা চাইনা। সি. এ. বি'র অটোনমাস বস্তি আছে, তাকে আমাদের অনেক সময় পুলিশ দিয়ে সাহায্য করতে হয়, তার সঙ্গে ল এ্যাণ্ড অর্ডারের কোয়েশ্চেন আছে। সেইজন্য আমি একটা কথা বলি আগামী দিনে আমরা খুব ডিস্টার্বড থাকব কাজেই মন্ত্রীদের দেওয়া হয়েছে প্রিভিলেজড ক্লাস টিকিট পাচ্ছে এটার হাউসে একটা ডিক্লারেশন হওয়া দরকার, তাহলে We shall be safe in our Hostel and in our Public life. মেম্বারদের দিতে পারছে না এই কথাটা এই হাউসে পরিস্কার হয়ে যাওয়া দরকার। But there should be declaration, কালোবাজারী যদি হয় সেখানে সেলস ট্যাকসের প্রশ্ন আছে, সেলস ট্যাক্স অফিসার, সেলস ট্যাক্স কমিশনার তাদের প্রিভিলেজ রক্ষার জন্য কি করছেন জানি না তবে আমাদের একটা রাইট রয়েছে হাউসের মেম্বার হিসাবে আমরা ওয়েষ্ট বেঙ্গল ল এ্যাণ্ড অর্ডার ভাঙ্গতে পারি না। এই ব্যাপারে একটা কোয়েশ্চেন থেকে যাচ্ছে যে প্রপারলি ডিষ্ট্রিবিউটেড হচ্ছে কি না। অটোনমাস বডির দায়িত্বটা তো অস্বীকার করতে পারি না। সত্য বাবু অভিযোগ করেছেন মন্ত্রীরা পাচ্ছেন, রুলিং পার্টির এম. এল. এ. হিসাবে আমরা পাচ্ছি এটাও মনে করতে পারেন, কাজেই আমাদের জীবন অতিষ্ঠ হয়ে যাচ্ছে। কাজেই আপনার তরফ থেকে এ্যাকচুয়ালি এম. এল. এ'রা পাচ্ছেন কিনা তার একটা ডিক্লারেশন, ষ্টেটমেন্ট যদি সি. এ. বি- মেম্বারশিপ এবং ক্রিকেট টিকিট সম্বন্ধে দেওয়া হয় তাহলে উই স্যাল সেফার। এটা হওয়া দরকার।

**শ্রীদীনেশ মজুমদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যেটা একটু আগে বললেন সেই সম্বন্ধে ইনফরমেশান দিচ্ছি। সি. এ. বি. এ'র অটোনমাস বডি সরকারের তয়ফ থেকে এবং মন্ত্রী হিসাবে কেউ পায়নি যেটা দৃঢ়ভাবে আমি জানিয়ে দিচ্ছি। সি. এ. বি.-এর চেয়ারম্যান তিনি কৈফিয়ত দেবেন, যদি কোন সদস্যর কাছে কিছু তথ্য থাকে তিনি সেই তথ্য মুখ্যমন্ত্রী মহাশয়কে দিন—

(গোলমাল)

তিনি উপযুক্ত ব্যবস্থা নেবেন এই কথা সরকারের তরফ থেকে ঘোষণা করছি।

**শ্রীঅতীশ চন্দ্র সিনহা ঃ** অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, দীনেশ বাবু যা বললেন, সরকার এই রকম টিকিট বিলির—মেম্বার হবার কোন ব্যবস্থা করেছেন কিনা আমি তা সবিনয়ে জিজ্ঞাসা করছি। হোয়েদার...... যদি হয়ে থাকেন তিনি টিকিট নিয়ে এসেছেন কিনা, মেম্বার করে দেবার ব্যবস্থা করছেন কিনা এটাই আমাদের জ্ঞাতব্য বিষয়।

**শ্রীআবদুল হাসিম হালিম :** স্যার, অতীশ বাবু এখানে বললেন যে এ্যাডভোকেট জেনারেল এক হাজার থানা মেম্বারশিপ ফরম্ নাকি নিয়ে এসেছেন। এটা তিনি এনেছেন কিনা জানিনা তবে এ্যাডভোকেট জেনারেল—এ্যাজ এ্যাডভোকেট জেনারেল তিনি এটা আনেননি, এ্যাজ চেয়ারম্যান অফ সি. এ. বি. তাঁর একটা রোল আছে। যে বিষয়ে আমাদের কিছু বলার নেই। সেখানকার নির্বাচনে তিনি নির্বাচিত হয়েছেন। সুতরাং এ্যাজ চেয়ারম্যান তিনি কি করছেন না করছেন সেটা আমাদের জানবার অধিকার নেই। এটা নিয়ে মানুষের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি করার কোন মানে হয় না—কারন সি. এ. বি. একটা ইনডিপেনডেন্ট বডি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** হালিম সাহেব বললেন যে প্রেসিডেন্ট অব দি সি. এ. বি তিনি কি করেন না করেন তা সরকারের জানার অধিকার নেই। কিন্তু এক হাজার টিকিট নিয়ে যদি তিনি ব্ল্যাক মার্কেটিং করেন তাহলে সরকারের একটা মরাল ডিউটি আছে তদন্ত করার।

**শ্রীঅতীশ চন্দ্র সিংহ :** পয়েন্ট অফ অর্ডার স্যার, এ্যাডভোকেট জেনারেল ইজ এ পার্ট অব দি গভঃ কিন্তু তিনি স্বীক.র করলেন অন্যায়ভাবে তিনি এনেছেন তিনি জানেন না।

**শ্রীহাসিম আবদুল হালিম :** He is a member of the CAB not because of Advocate general.

**শ্রীঅতীশচন্দ্র সিংহ :** আমরা এটা প্রিজিয়ুম করছি তিনি যখন এনেছেন তখন এ্যাডভোকেট জেনারেল হিসাবে নিয়েছেন। কারণ এ্যাডভোকেট জেনারেল ইজ এ ভেরি হাই পোষ্ট। সুতরাং সেই হিসাবে যদি তিনি টিকিট এনে থাকেন বা মেম্বার শিপ কারার চেষ্টা করেন তাহলে আমার মত হচ্ছে তিনি খুব অন্যায় করেছেন।

**মিঃ স্পীকার :** What is your point of orders.

**শ্রীঅতীশচন্দ্র সিংহ :** Sir, he is a part of the House.

**মিঃ স্পীকার :** This has nothing to do with him, That is no point of order, I disallow the point of order.

**শ্রীঅজয়কুমার দে :** আমি প্রস্তাব রাখছি সর্বদলীয় কমিটি করে এর তদন্তের ব্যবস্থা করা হোক।

**শ্রীহাসিম আবদুল হালিম :** এ্যাডভোকেট জেনারেল একজন উচ্চপদস্থ ব্যক্তি সি. এ. বি'র চেয়ারম্যান হিসাবে তিনি কি করছেন তার জন্য গভঃ কে কেন কৈফিয়ত দিতে হবে ? এ্যাডভোকেট জেনারেল একটা কনষ্টিটিউসানাল পোষ্ট সংবিধান অনুসারে প্রত্যেক ষ্টেট গভঃ কে একজন উপযুক্ত ব্যক্তিকে এ্যাডভোকেট জেনারেল হিসাবে নিয়োগ করতে হয়। বাই ভারচু অফ এ্যাডভোকেট জেনারেল কোন লোকই সি. এ. বি'র চেয়ারম্যান হন না। সি. এ. বি একটা নন অফিসিয়াল বডি……গভঃ এর সঙ্গে এর কোন সম্পর্ক নেই। তার সদস্যরাই তাদের মধ্য থেকে একজন চেয়ারম্যান নিবাচিত করেন। এ্যজ চেয়ারম্যান তিনি কি করলেন না করলেন How is the Government involved in it ? তার নামে বদনাম করবার জন্য এই হাউসকে তাঁরা ব্যবহার করেছেন।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি** স্যার, সি. এ. বি সম্পার্কে যদি কোন অভিযোগ থাকে Is it not the duty of the Government to make enquiry about this, and to look into it. It is the moral duty of the Government.

**শ্রীকমলকান্তি গুহ :** স্নেহাংশু বাবু যিনি সি. এ. বি'র চেয়ারম্যান তিনি একজন ভাল খেলোয়াড় ছিলেন এবং ক্রীড়া জগতে তিনি একজন স্রষ্টা। সেইজন্যই তিনি একজন সি. এ. বির চেয়ারম্যান হয়েছেন। আমরা আগে দেখেছি অতুল্যবাবু যিনি কোন দিন বাতাবি লেবুতে লাথি মারেননি তিনি আই. এফ. এর প্রেসিডেন্ট হয়েছিলেন। কাজেই ওঁদের কথার কোন মূল্য নেই।

**The West Bengal Central Valuation Board Bill, 1978.**

**Shri Prasanta Kumar Sur :** Sir, I beg to introduce the West Bengal Central Valuation Board Bill, 1978.

( Secretary then read the title of the Bill )

**Shri Prasanta Kumar Sur :** Sir, I beg to move that the West Bengal Central Valuation Board Bill, be taken into consideration.

[ 5-50—6-00 P. M. ]

**শ্রীপ্রশান্ত শূর :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাড়ী এবং জমির উপর প্রদত্ত করই হচ্ছে কলকাতা সহ পশ্চিমবঙ্গের সব পৌর সভার আয়ের প্রধান উৎস। এই উৎস থেকে

পৌরসভাগুলির আয় আশানুরূপ না হওয়ায় প্রধান কারণ হলো বর্তমানে বাড়ী ও জমির মূল্যায়ণের প্রচলিত রীতি। ১৯৩২ সালে বঙ্গীয় পৌর আইন অনুযায়ী পৌর সভাগুলির সম্পত্তির মূল্য নির্দ্ধারণের জন্য সরকার কর্ত্তৃক প্রস্তুত অ্যাসেসারের তালিকা হইতে একজনকে অ্যাসেসার নিযুক্ত করেন। পৌরসভাগুলি সংবাদপত্রের মাধ্যমে এই কাজের জন্য তালিকাভুক্ত অ্যাসেসারদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করেন। এই সব দরখাস্তে তাহারা তাহাদের কাজের জন্য কত পারিশ্রমিক চান তাহা জানাতে হয়। কাজটি হাতে পাওয়ার জন্য তারা যথাসম্ভব কম পারিশ্রমিকের উল্লেখ কবেন। এমন কি কোন কোন ক্ষেত্রে দেখা গেছে যে তাহারা হোল্ডিং পিছু মাত্র দেড় টাকা চান। সাধারণতঃ তাহাদের পৌর এলাকার সম্পত্তির মূল্য নির্দ্ধারণের জন্য ৪ থেকে ৬ মাস সময় দেওয়া হয়ে থাকে। নিযুক্ত অ্যাসেসারদের প্রত্যেক হোল্ডিং পরিদর্শন করে নূতন মূল্যায়ণ তালিকা প্রস্তুত করার কথা। এইজন্য তাহাকে কয়েকজন কর্মচারী নিযুক্ত করিতে হয়। কর্মচারীদের মাহিনা এবং নিজের ন্যায্য পারিশ্রমিকের তুলনায় চুক্তিবদ্ধ পারিশ্রমিক প্রায়ই খুব কম হয়। তবুও তাহারা এ কাজের জন্য চুক্তিবদ্ধ হন। ফলে মূল্যায়ন তালিকা ঠিক মত রচিত হয় না। কলিকাতা ও হাওড়া পৌরসভা তাহাদের নিজস্ব কর্মচারী মারফত এই কাজ করে থাকেন। কিন্তু এই সব কর্মচারীরা নানারূপ চাপে পড়ে তাহাদের কাজ সুষ্ঠুরূপে করিতে পারেন না। এর ফলে দেখা যায় যে অধিকাংশ পৌরসভাগুলির ক্ষেত্রে সম্পত্তির মূল্য অনেক কম ধরা হয়েছে এবং এই ধরণের সম্পত্তির উপর ধার্য্য করের মধ্যে সামঞ্জস্য নেই। সম্পত্তির মূল্য কম হওয়ার জন্য ইহার উপর কর হইতে যে টাকা আদায় হয় তাহার পরিমাণও কম হয়।

বঙ্গীয় পৌর আইনানুসারে করদাতারা তাদের উপর ধার্য্য কর বেশী মনে করলে কর কমানোর জন্য আবেদন করতে পারেন। এই সব আবেদন পৌরসভার চেয়ারম্যান ও কয়েকজন কমিশনারকে নিয়ে গঠিত হয় একটি রিভিউ কমিটি বিচার করেন। জনসাধারণের দ্বারা নির্বাচিত পৌর প্রতিনিধিরা বেশীর ভাগ ক্ষেত্রেই তাদের করের হার কমিয়ে দেন। ট্যাক্সেসান এনকোয়ারী কমিশন এবং লোকাল ফিনান্স এনকোয়ারী কমিটি পৌরসভাগুলির দ্বারা কর নির্দ্ধারণের প্রচলিত ব্যবস্থায় সন্তুষ্ট না হয়ে এই ব্যবস্থা পরিবর্তনের সুপারিশ করেন। জাকেরিয়া কমিটি ও সারা রাজ্য কেন্দ্রীয় একটি সংস্থা দ্বারা পৌর এলাকাভুক্ত সম্পত্তি যথার্থ মূল্যায়নের প্রয়োজনীয়তা উপলব্ধি করেন। সব দিক বিবেচনা করে পশ্চিমবঙ্গ সরকার এরূপ একটি সংস্থা গঠনের প্রয়োজনীয়তা উপলব্ধি করে একটি আইন বিধিবদ্ধ করায় তৎপর হন।

এই বিলের মুখ্য ধারাগুলি সম্বন্ধে বিধানসভার জ্ঞাতার্থে আমি কিছু জানাচ্ছি।

(১) এই আইন কলিকাতা, চন্দননগর এবং রাজ্যের সকল পৌরসভা ও অন্যান্য ঘোষিত পৌরঅঞ্চলে বলবত হবে। অবশ্য আইনটি সর্বত্র এক সঙ্গে বলবত হবে না। প্রয়োজন মত বিভিন্ন পৌর এলাকায় বিভিন্ন সময়ে বলবত করা হবে।

(২) তিনজন সদস্য নিয়ে এই সংস্থা সরকার কর্তৃক গঠিত হবে। সংস্থার চেয়ারম্যান হবেন পৌর প্রশাসন সম্বন্ধে অভিজ্ঞ একজন রাজ্য সরকারের সচিব পর্য্যায়ের অফিসার। অপর দু'জন সদস্যের একজন হবেন বিচার বিভাগীয় অভিজ্ঞতা সম্পন্ন অফিসার—কারণ তাকে সংস্থা কর্তৃক নির্দ্ধারিত বাড়ীর কর সম্বন্ধে জনসাধারণের কাছ থেকে পাওয়া পুর্নবিবেচনা করার আবেদন পত্রগুলি শুনানীর দ্বারা নিস্পত্তি করতে হবে। অপর সদস্য হবেন একজন বাস্তুকার ( সিভিল ইঞ্জিনিয়ার ) যিনি বাড়ীর মূল্যায়ন করতে সক্ষম হবেন। সভ্যরা ৬ বছরের জন্য নিযুক্ত হবেন।

(৩) এই সংস্থা কলিকাতা বা বঙ্গীয় আই অনুসারে কলিকাতা শহরের বা অন্যান্য পৌর অঞ্চলের সম্পত্তির মূল্যায়ণ প্রতি ৬ বছর অন্তর করবেন। প্রথমে জনসাধারণের কাছ থেকে নিজ নিজ সম্পত্তির রিটার্ন চাওয়া হবে।

রিটার্ন না দেওয়া বা ভুল রিটার্ন দেওয়া দণ্ডনীয় অপরাধ বলে গণ্য হবে। এই রিটার্নের ভিত্তিতে এবং প্রাথমিক তদন্তের পর প্রাথমিক মূল্যায়ন তালিকা ( ড্রাফ্‌ট ভ্যালুয়েশন লিস্ট ) প্রকাশ করা হবে। মূল্যায়ণের প্রাথমিক তালিকা প্রকাশের পর জনসাধারণ তাঁদের উপর ধার্য্য কর সম্পর্কে পুনর্বিবেচনার জন্য আবেদন করতে পারবেন। শুনানীর পর চূড়ান্ত তালিকা প্রকাশিত হবে। বর্তমানে বঙ্গীয় পৌর আইনানুযায়ী পৌরসভার চেয়ারম্যান, দুই থেকে চারজন কমিশনার সহ গঠিত রিভিউ কমিটি জনসাধারণের আবেদনপত্র শুনানির দ্বারা নিস্পত্তি করে থাকেন এবং ট্রাইবিউন্যাল দ্বারা শুনানীর ব্যবস্থাও আছে। কিন্তু ট্রাইবিউন্যাল কদাচিত গঠিত হয় এবং সরকার কর্তৃক নিযুক্ত একজিকিউটিভ অফিসার দ্বারাই ইহা গঠিত হয়। রিভিউ কমিটি বা ট্রাইবিউ-ন্যালের সিদ্ধান্তই চূড়ান্ত, বঙ্গীয় পৌর আইনে কোর্টে আপীল করার কোন বিধান নেই। কলিকাতা কর্পোরেশানের ক্ষেত্রে করদাতাগণের ধার্য করের বিরুদ্ধে প্রতিবাদপত্রগুলি পৌরসভার কমিশনার, ডেপুটি কমিশনার বা এই কাজের জন্য বিশেষভাবে নিযুক্ত অফিসারগণ শুনানীর দ্বারা নিস্পত্তি করেন। তাঁদের সিদ্ধান্তে সন্তুষ্ট না হলে করদাতাগণ প্রথমে স্মল কজ কোর্টে এবং পরে হাইকোর্টে আপিল করতে পারেন। এর ফলে চূড়ান্তভাবে কর ধার্য হতে বহু ক্ষেত্রে অনেক দেরী হয়ে থাকে।

আজ আমি বিধেয়ক বিধানসভায় পেশ করছি তার বলে করদাতাগণ ধার্য করের

বিরুদ্ধে লিখিত আবেদন পেশ করতে পারবেন। সংস্থার অফিসারগণ এইসব আপত্তি শুনানির দ্বারা নিষ্পত্তি করবেন। তাতেও সন্তুষ্ট না হলে করদাতাগণ পুনর্বিবেচনার জন্য এইসই দরখাস্ত সংস্থার বিচার বিভাগীয় অভিজ্ঞতা সম্পন্ন সভ্য এবং সংশ্লিষ্ট পৌরসভার একজন প্রতিনিধি যুগ্মভাবে শুনানির দ্বারা নিষ্পত্তি করবেন। এই দুই জনের মধ্যে মতের অমিল হলে বিষয়টি সম্বন্ধে সংস্থার চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন। সুতরাং করদাতাগণকে তাঁদের বক্তব্য রাখবার অনেক সুযোগ আইনে দেওয়া হয়েছে।

এই সংস্থায় তাদের কাজ চালাবার জন্য প্রয়োজনীয় কর্মচারী নিয়োগ করতে পারবেন। কলিকাতা কর্পোরেশান ও অন্যান্য পৌরসভাগুলি তাদের এলাকার নির্ধারিত বার্ষিক মূল্যায়ণের অনুপাতে সংস্থার খরচ যোগাবেন।

এই আইন যখন কোন পৌর এলাকায় চালু করা হবে তখন ঐ পৌরসভার কিছু কর্মচারী মূল্যায়ণ সংক্রান্ত কাজে নিযুক্ত ছিলেন তারা পৌরসভার প্রয়োজনের অতিরিক্ত হয়ে যেতে পারেন, তাই এই মূল্যায়ণ সংস্থাকে এইরূপ উদ্‌বৃত্ত কর্মচারীদের তাদের অধীনে নিযুক্ত করার ক্ষমতা দেওয়া হয়েছে।

যে সব পৌর এলাকাগুলিতে কেন্দ্রীয় মূলায়ণ সংস্থা আপাতত কাজ শুরু করতে পারবে না, সরকার সেইসব পৌর এলাকা বা এলাকা সমূহের জন্য একটি বা একাধিক মূল্যায়ণ প্রাধিকার গঠন করতে পারবেন। ৩ জন সদস্য নিয়ে এই প্রাধিকার সরকার কর্তৃক গঠিত হবে প্রাধিকারের চেয়ারম্যান হবেন রাজ্য সরকারের উপ-সচিব পর্যায়ের একজন অফিসার, অপর দু'জন সদস্যের একজন হবেন বিচার বিভাগীয় অভিজ্ঞতা সম্পন্ন অফিসার এবং অপরজন একজন বাস্তুকার। সদস্যরা ৬ বৎসর নিযুক্ত হবেন।

এই প্রাধিকার বঙ্গীয় পৌর আইন অনুসারে পৌর অঞ্চলের সম্পত্তির মূল্যায়ণ প্রতি ৬ বৎসর অন্তর করবেন। সরকার প্রয়োজন বোধে মূল্যায়ণ প্রাধিকার এর বিলোপ সাধন করতে পারবেন।

এখন আমি পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় মূল্যায়ণ সংস্থা বিধেয়ক, ১৯৭৮ বিধানসভায় পেশ করছি এবং আমি আশা করি এই বিলটি আইন সভার পূর্ণ সমর্থন লাভ করবে।

[ 6-00—6-10 P. M. ]

**মিঃ স্পীকার:** ডাঃ আবেদিন এবং বিনয় ব্যানার্জীর এর উপর সার্কুলেসন মোসন আছে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** Sir, it is a comprehensive peice of legislation. Do you expect us to participate in the discussion at this stage ? Why the Government is in a hurry ? It may be postponed or deferred.

এখন ৬টা বেজেছে এবং ৩ ঘন্টা যদি সময় লাগে তাহলে আজকে আমাদের রাত্রি ৯ টা হবে। এ কখনও হতে পারে না। It is a comprehensive legislation. I would request the Hon'ble Minister to consider our difficulties and grievances. He may also agree and move a motion for sending the Bill to a Select Committee.

**মিঃ স্পীকার ঃ** ১/২ ঘন্টার মধ্যে যাতে শেষ হয় সেইভাবে আলোচনা করুন। আপনারা যদি সার্কুলেসন মোসন—এ বলেন আবার সাধারণ আলোচনায়ও বলেন তাহলে কি করে হবে ? সময়ের ব্যাপারে আপনারা আমাকে সাহায্য করুন। You can make a general approach on the Circulation motion. I am on the point of time.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আমাদের এ্যাপিল হচ্ছে হাউস রাত্র ৯ টা পর্যন্ত চলতে পারে না। এটা ডেফার করুন—লেট দি গভর্ণমেন্ট চিপ হুইপ কনসিডার ইট। ইট ইজ ইম্পসবেল। আমরা সার্কুলেসন মোসনের উপর সেলিয়ান্ট পয়েন্টস্ বলতে পারব কিন্তু অন কনসিডারেসন মোসন আই উইল মেক মাই অবজার্বেসনস্ এ্যাক্রেস।

**শ্রীদীনেশ মজুমদার ঃ** ডেফার করা যায় না, আজকেই আমাদের শেষ করতে হবে। আপনারা একটু কম কম করে বলুন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** It it a Budgetory Compulsions ? Why is the Government in a hurry.

**শ্রীদীনেশ মজুমদার ঃ** আজকে একটু দেরী হবে সেটা জেনেই আমরা এ্যাডভাইসরি কমিটিতে বসে সকলে মিলে আলোচনা করেছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** ইট ইজ ইম্পাসেবল্।

**মিঃ স্পীকার ঃ** কালকে আপনারা যদি কোশ্চেন এবং মেনসন বাদ দেন তাহলে হতে পারে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আপনি হাউস আর একদিন বাড়িয়ে দিন না।

**শ্রীদীনেশ মজুমদার:** এটা একা কেউ বাড়াতে পারে না। আমি মনে করি না হাউস বাড়াবার কোন সুযোগ আছে।

**মিঃ স্পীকার:** মিঃ আবেদিন, আপনি সার্কুলেসন মোসনের উপর বলুন।

**Dr. Zainal Abedin:** Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by 31st December, 1979. আমি আমার এই সংশোধনী চেয়েছি এতবড় একটা গুরুত্বপূর্ণ বিল পসিবলি এ্যাফেকটিং দি লাইফস্ অব ওয়ান থার্ড পপুলেসান অব দি স্টেট এবং ব্রডার সেনসে উনি বলেছেন ল্যাণ্ড অলসো সেখানে এ্যাফেকটিং টোটাল পপুলেসান অব দি স্টেট সেখানে এই বিলটি তাড়াহুড়ো করার কোন অবকাস নেই বলে আমি মনে করি। এই হচ্ছে এক নম্বর কথা। আপনি জানেন না গরিবদের দায়িত্ব অস্বীকার করবার জন্য তৎকালে ব্রিটিশ সরকার যখন স্বাধীনতার আন্দোলন কংগ্রেসের নেতৃত্বে, বাপুজীর নেতৃত্বে স্বাধীনতার আন্দোলন তুবার তখন ব্রিটিশ সরকার চেষ্টা করেছিলেন পিসমিল কনসেসান দিয়ে নাগরিকদের কিছু সুবিধা দেওয়ার জন্য কিন্তু ব্রিটিশ সরকারের উপর দায়িত্ব তার গভর্ণমেণ্ট এক্সচেকার কিংবা ব্রিটিশ এক্সচেকার থেকে ব্রিটিশ রুলারদের যেন কোন দায়দায়িত্ব ছিল না। সেই হিসাবে মিউনিসিপাল আইন রচিত হয়েছিল। এই আইনের প্রধান উদ্দেশ্য ছিল গভর্ণমেণ্ট-এর গায়ে যেন আঁচড় না লাগে, এদের দায়-দায়িত্ব যেন এদের উপরেই পড়ে, মাছের তেলে মাছ ভাজার মতো অবস্থা। পরবর্তি কালে সেইজন্য আমরা দেখলাম যে লোকাল সেল্ফ গভর্ণমেণ্ট বা এই জাতীয় যত ব্যবস্থা হয়েছে এইগুলি সাকসেসফুল হতে পারে নি। কাদের আঘাতে, সংঘাতে, সমাজের পরিবর্তনে এর প্রত্যেকটি স্তর ধ্বসে গেছে। আজকে মাননীয় মন্ত্রীমহাশয় এখানে একাধিক কমিটি এবং কমিশনের রিপোর্ট রেফার করলেন। কিন্তু এই জাতীয় র‍্যাসেনালাইজেসন যদি বৈজ্ঞানিক ভিত্তিতে হয় আমার আপত্তি নেই। একটা বৈজ্ঞানিক সঠিক তথ্য নির্ভর ভিত্তিতে একটা এ্যাসেসমেণ্ট হোক, একটা ট্যাক্সেসান হোক সেখানে আমাদের আপত্তি কিছু নেই। কিন্তু আপনারা যে মেজার আনছেন ট্যাক্সেসানে জনগণের জীবনের উপর করের বোঝা চাপাচ্ছেন। এইরকম চিন্তা ধারার ফলেই ট্যাক্সের বোঝা মানুষের উপর অত্যন্ত বৃদ্ধি পাচ্ছে এটাই আমাদের আপত্তির কথা। আজকে করের বোঝা জন-জীবনে আছে বিভিন্ন লেজিসলেসান-এর মাধ্যমে সেটা আরোও বাড়ছে এবং আপনারা ডাইরেক্ট ট্যাক্সেসান অত্যন্ত বেশি বৃদ্ধি করতে চাচ্ছেন। র‍্যাসেনালাইজেসান একটা কথা আর বৈজ্ঞানিক ভিত্তিতে ট্যাক্সেসান আর একটি কথা। আপনারা এইভাবে যদি ট্যাক্স বাড়াতে থাকেন তাহলেই আমাদের আপত্তি। ইট হিট্স দি পিপুলস অ্যাণ্ড

অলসো দি ইকোনোমি অব দি পিপল। এখানে ১২টি মিউনিসিপ্যালিটি আছে, কলকাতা কর্পোরেশান আছে, হাওড়ায়ও নাকি কর্পোরেশান হচ্ছে—এতগুলি মিউনিসিপ্যালিটি আছে আপনাদের কয়জনের চিন্তায় এই বিলটা দাঁড় করালেন? এই বিষয়ে আমরা আপনার সঙ্গে একমত নই। আপনি জনগণের প্রশ্নের যদি ইললিটারাসির কথা বলেন যে এদেশের শিক্ষার মান কম বলেন কিন্তু শহরে যারা বাস করে তাদেরও ডাইরেক্টলি এ্যাফেক্ট করবে। এদের মত নিতে পারেন, প্রত্যেকটি মিউনিসিপ্যালিটিতে পাঠাতে পারেন। সেইজন্য আমরা চেয়েছিলাম যে প্রত্যেক মিউনিসিপ্যলিটিতে পাঠান, তাদের ওপিনিয়ন নিন। আপনারা যেগুলি সুপারসিড করেছেন সেগুলি বাদে। যদিও আই এ্যাম নট ডাইরেক্টলি অপোসিং ইট কিন্তু আপনারা যেভাবে এটা এনেছেন সেটার বিরোধিতা করছি।

[6-10—6-20 P.M.]

আর একটা কারণ, এর প্রথমটাতে বলতেই হয় যদি বিসমিল্লায় গলদ হয় তাহলে তো সর্বনাশ, সব তাতেই গণ্ডগোল, যোগ্য আর কিছু হবে না। আপনি এখানে বললেন যে ওয়েষ্ট বেঙ্গল সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড বিল, সেন্ট্রাল কথাটা—অবশ্য সেন্টারে আপনাদের জনতা আছে, নয়া পীরিত গঠিত হয়েছে, কিন্তু সেন্ট্রাল কথাটা Central Law means any Law other than States Law. But does not includes any amendment of the Constitution made under article 368. বোধ করি কনষ্টিটিউশনের ৩৬৬, আর্টিকেল ৩৬৬ (শ্রীপতিতপাবন পাঠক:— কি বলছেন?) আরে থামো, তুমি কি বুঝবে? তুমি তো পতিত, ওকে বেনারাসে পাঠিয়ে দাও ও গঙ্গায় স্নান করে আসুক। (শ্রীকৃপাসিন্ধু সাহা: আর আপনাকে লঙ্কায় পাঠান হবে) তা পাঠিয়ো কিন্তু তোমাদের সেখানে ঢুকতে দেবে না। স্যার, সংবিধানের ৩৬৬ ধারায়—আমি আইনজ্ঞ নই তবু মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এতে বলা আছে একটি কথা, Does it carry another meaning? তা আপনি গোড়ায় যে কথাটা বলেছেন এর সঙ্গে আমি মোটেই একমত নই। আপনার কি ক্ষতি হতো, ডাজ ইট ক্যারি অ্যানাদার মিনিং? আপনি সেন্ট্রালটা বলতে চেয়েছেন এই জন্যই যে এর পরবর্তীকালে অন্তরে আছে যে আপনি কিছু অথরিটি করতে চান, ভ্যালুয়েশন অথরিটি করতে চান। ক'টা করবেন, কখন করবেন সেটার ল্যাটিচিউড ম্যাক্সিমাম রেখে দিচ্ছেন আপনারা। আপনাদের দোষ হয়েছে, সি. পি. এম. গভর্ণমেন্টের দোষ একটা যে অলওয়েস প্লেস উইথ ডবল স্ট্যানডার্ড, এরা দু'মুখো।

**শ্রীবীরেন্দ্র নারায়ণ রায়ঃ** কি রকম ?

**ডাঃ জয়নাল আবেদিনঃ** যেমন তুমি হাঁড়িয়া খাও এক সময়, আর এক সময় ফরেন লিকার দাবী কর।

**শ্রীবীরেন্দ্র নারায়ণ রায়ঃ** অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, স্যার, মাননীয় সদস্য এত পুরাণো এবং আগে মন্ত্রী ছিলেন, তিনি বললেন আমি নাকি হাঁড়িয়া খাই কখনো ফরেন লিকার খাই। এটা, স্যার, অত্যন্ত অন্যায় কথা, বাজে কথা এবং এটা প্রসিডিংস থেকে এক্সপাঞ্জ করা উচিত। বোধহয় উনি হাঁড়িয়া খান সেইজন্য আমার উপর অ্যাসপারসন করছেন।

**ডাঃ জয়নাল আবেদিনঃ** স্যার, ও আমার বহু পুরাণো বন্ধু, ওর সঙ্গে মাঝে মাঝে খানিকটা রসিকতা করি। আমার ধারণা যে ও রসিকতাই করছে। ও যে আপনার দৃষ্টি আকর্ষণ করবে এতে আমি লজ্জা পাচ্ছি কারণ বন্ধুটা আমার কাপুরুষ জানা ছিল কিন্তু এত বড় কাপুরুষ তা আমার জানা ছিল না। যাক, আমি যে কথা বলতে চাই যে আপনাদের ডবল স্ট্যাণ্ডার্ড একটা আছে। আপনি এখানে বলেছেন সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড ছাড়াও আবার অথরিটি কতকগুলি তৈরি করবেন কটা করবেন তাও জানা নেই। এই বিলটার সারাংশ It is more dependent upon the rules to be framed later and prescribed later by the State Government. এতে যেগুলি দেওয়া আছে দিস ইস নট এক্সপ্লিসিট এবং এটা খুব ক্লিয়ার নেই, এটা মূলতঃ Depending for its execution and implementation. আমি সেইজন্য বলছি এটা একটা ডবল স্ট্যাণ্ডার্ড বলে মনে হচ্ছে। মন্ত্রী মহাশয় নিজে বলেছেন সব সময়, একই সময়ে এই আইনটি সর্বত্র প্রয়োগ করতে পারবেন না, সেই অ্যাপারেটাস, সেই মেশিনারি ওঁদের নেই। আণ্ডার দি সেম কণ্ডিশন বাস করবো ট্যাক্সেশন মেজার্স একদিকে একটা স্ট্যাণ্ডার্ড হবে, ট্যাক্সেশন ইমপোজিশন আর এক জায়গায় আর একটা স্ট্যাণ্ডার্ড হবে ডু ইউ সাপোর্ট দিস, মিঃ মিনিষ্টার পসিবিলি নট।

আর একটা কথা—এঁদের একটা—ইডিওসিনক্রেসি এবং এলার্জি দেখলাম, তখন আপনার মনে আছে যে লোকসভার এবং বিধানসভার টার্ম যখন আমরা ৬ বছর করতে চাইলাম, তখন কি মার মার রৈ রৈ উঠেছিল, চন্দ্র সূর্য্য যেন ডুবে গেল, দেশ রসাতলে গেল, মাননীয় মন্ত্রী এই হৈ হৈ-এর সামিল ছিলেন

পসিব্রি তিনি নেপথ্যে নায়কও ছিলেন, আবার এখন দেখলাম একটা এ্যামেণ্ডমেণ্ট কে একজন মুভ করবেন নট এক্সিডিং সিক্স ইয়ার্স, এঁদের ছয়ের প্রেমে এত ভয় যে আমরা যখন বলি ৬ বছর তখন এঁদের গাত্রদাহ হয়, সেজন্য চাইছি যে এর কি লজিক সেটা আমাদের একটু বুঝিয়ে দেবেন। আপনি দাবী করছেন বিধানসভায় পাল্টাবেন, আমি ধরে নিলুম আপনাদের মনোনীত লোকদের সেখানে পাঠাচ্ছেন, আপনারাতো আর স্বভাব পাল্টাতে পারবেন না, আপনারা এটাকে দলবাজির হাতিয়ার হিসাবে ব্যবহার করবেন। এই হল আমার এক নম্বর কথা। আমার দু নম্বর কথা হচ্ছে—এই বোর্ড এবং অথরিটি, এই দুইটিতে আপনাদের মনোমত মানুষ যারা আপনাদের সেবা করতে পারবে তাদের নেবেন। যদি ধরেই নিই যে আপনারা ৫ বছর পর পর এখানে যাওয়া আসা করবেন, অবশ্য কোনবারে আপনারা টেকেননি, একবার ৯ মাস আর একবার ছিল আপনাদের ১৩ মাস আয়ুষ্কাল, আমরা চাইছি আপনারা থাকুন এখানে ছ বছর, আপনারা স্বেচ্ছা নির্বাসন নিচ্ছেন, এক বছর কম করবেন, তাহলে এখানে এই যে ৬ বছর এই ডিউরেশন কিসের যুক্তিতে করছেন? ৬ বছর স্যক্রোসংক্ট বলছেন, এর কি কোন যাদু আছে? নাকি আপনাদের বিদেশী বন্ধুরা কোন ইঙ্গিত দিয়েছেন, এটা জানার আমার কৌতুহল হচ্ছে। আমরা যখন ৬ বছরের কথা বলেছিলাম তখন এই বিষয়ে গেল বলে সোরগোল তুলেছিলেন।

...( নয়েজ )...

আর একটা কথা—যে কথা আমি গোড়ায় শুরু করেছিলাম, মানুষের জীবন আজকে ট্যাক্সেশনের জ্বালায় অতিষ্ঠ, উল্টো দিকে সিভিক এ্যামেনিটিজ কণ্ট্র্যাক্টেড হয়ে যাচ্ছে। ( নয়েজ ) ..

করেস্পণ্ডিং এ্যামেনিটিজ, ট্যাক্সেশন মেজার ফেয়ারলি এসেস্ করতে বলেছেন, আপত্তি করতে বলছেন, আপত্তি করবে, হিয়ারিং হবে, পাবলিকেশন হবে, কিন্তু লেংথ অব প্রসেস্, নাম্বার অব হোল্ডিংস্-এর কথা চিন্তা করুন। আজ থেকে ২০ বছর আগে মোর দ্যান সেভেন্টি থাউজেণ্ড হোল্ডিং ছিল, সেখানে আজকে কত হয়ে গেছে? আবার আপনারা আরও কত মদৎ দিচ্ছেন, একাধারে সি. এম. ডি.-এর মাথার উপর, টপে দায়িত্বে আছেন, এর ফয়সলার এ্যাপারেটাস্টা কি আপনার? ফিনান্সিয়াল মেমোরেণ্ডামে যেকথা বলেছেন—যে গ্রাণ্ট দেবেন তা থেকে কেটে কেটে নেবেন, এই গ্রাণ্ট এটা হচ্ছে ফর ইমপ্রুভমেণ্ট অব সিভিক

এ্যামেনিটিজ, নট এ্যাজ পেনাল্‌টি, এই ফিনান্সিয়াল মেমোরেণ্ডামে যে কথা বলেছেন সেটা আমার খুব ভাল মনে হয় না। আপনারা যদি এর খরচপত্র না দিতে পারেন তাহলে মিউনিসিপ্যালিটির যে গ্রাণ্ট তা থেকে তা কেটে নেবেন, গ্রাণ্ট টু মীট বাজেটারি ডেফিশিয়েন্সী অব দি বোর্ড অর অব দি অথরিটি, আপনি যে কথা বলেছেন, আমি যদি বুঝে থাকি সে কথাই মনে হচ্ছে। তাহলে প্রপোরশনেট্‌লি সিভিক এ্যামেনিটিজ এখনি খুব পুয়োর, আপনি অবশ্য চেষ্টা করছেন, বাড়ীতে কালতো একটা জবরদস্ত কাজ করেছেন, ৫ মিনিটের মধ্যে দখল হয়ে গেছে, যাকগে আপনি উদ্যোগ করুন, এতে বলার কিছু নেই, আমরা ভয় পাচ্ছি এটা মাঝপথে না থেমে যায়, যেখানে সিভিক এ্যামেনিটিজ নেই সেখানে মিউনিসিপ্যালিটি কিংবা কর্পোরেশন-এর বাজেট থেকে এই ভদ্রলোক টাকা পয়সা নেবার ব্যবস্থা করবেন।

[6-20 to 6-30 P.M.]

সেটা খুব ভাল মনে হচ্ছে না। আর একটা কথা বোধ হয় বলার এখন সময় এসেছে। **West Bengal is a part and percel of India.** আর আমাদের এই মহানগরী একটা আছে, যদিও এখানে সিভিক কনডিশান ডেটোরিয়েট করেছে। আপনি রেফারেন্স দিন আমাদের যে বোম্বাই আর মাদ্রাজ এইসব যে মেট্রোপলিটান সিটিস আছে এইগুলোকে কি টাইপ অফ অথরিটি এবং উইথ হোয়াট অ্যাপারেটাস অ্যাণ্ড মেসিনারী তারা কিভাবে অ্যাসেসমেণ্ট করে এবং হিয়ারিং দেয়, কি মেথড আছে এবং ট্যাক্সেসানের ক্ষেত্রে **what is the scale and standard of Taxation in other areas.** সেটাও বোধ হয় দেখার সময় এসেছে। লাষ্ট বাট নট দি লিষ্ট, আপনার কাছে আমি অনুরোধ করছি, যদি আপনার এই মনোভাব থাকে যে একটা বৈজ্ঞানিক এবং সায়েনটিফিক পদ্ধতির উপর ভিত্তি করে কর নির্ধারণ করা হোক, তাহলে বলবো, এগ্রিক্যালচারাল ফার্ম হোল্ডিং ট্যাক্স এর উপর আর একটা বিল আসছে, মিউনিসিপ্যালিটির উপর আর একটা বিল আসছে, তাহলে কোথায় আপত্তি। আপনারা এটা প্রেসটিজ ইস্যু করে তুলবেন না, **Either you refer it to a Select Committee if it is possible for you.** তাড়াহুড়ো করে লাভ নেই, আপনাদের এমনিতেই তো দেরি হয়ে গিয়েছে, এটা তিন মাসের জায়গায় আমরা চেয়েছিলাম এক বছরের জন্য তা যদি না হয় তাহলে আপনারই নেতৃত্বে আপনারই মনোমত, আপনারই পছন্দমত মানুষকে নিয়ে, সেখানে যদি শ্রীবীরেন

রায়কেও নেন তাহলেও আমরা আপত্তি করবো না, আপনি যদি সিলেক্ট কমিটি করে দেন, তাহলে ডিফারেন্ট ভিউজ রিপ্রেসেনটেড হয়। আমি অনুরোধ করবো, এতো বড় ডাইহারড ইনডকট্রিনেটর করবার চেষ্টা করবেন না। আপনারা যে অন্যমত শুনবেন না, এটা তো ঠিক নয়। মানা না মানা আপনাদের দায়িত্ব। **You have got the brute majority and mandates of the people.** সেখানে অন্য কি ভিউ আছে, কি মত আছে, এটা শুনবার যদি ধৈর্য্য না থাকে আমি দুঃখের সঙ্গে বলবো এটা রাজনৈতিক অসহিষ্ণুতা হবে। কারণ ইকনমিক কমপালসান এখুনি নেই। আজকে এইজন্য আপনার কাছে অনুরোধ করবো আপনি যদি পারেন এটা কনসিডার করুন, এটা আমার ফারসট্ ক্লেম, এলিসিট পাবলিক ওপিনিয়ানের ক্ষেত্রে এটা যদি না পারেন সময়টা কমিয়ে দিন। আর তা যদি না পারেন তো সেকেণ্ড সাজেসান, সিলেক্ট কমিটিতে পাঠান। বিভিন্ন রাজনৈতিক দল আছে, ভিন্ন মত আপনি পেতে পারেন। আমি তো মিউনিসিপ্যালিটির মানুষ নই, ওই বীরেনবাবুকে একথা বলতে আমার লজ্জা নেই যে আমি গ্রামের মানুষ। আমি মিউনিসিপ্যালিটির কি স্ট্যাণ্ডার্ড তা জানি না, অন্যান্য জায়গায় যেসব রেফারেন্স দিলাম সেখানে স্ট্যাণ্ডার্ড কি তা জানতে চাই, কিংবা অন্যান্য দেশের কথাও জানতে পারলে ভাল হয়। আমি যা বললাম তা হলে, আরবান ডেভেলপমেণ্ট এবং আরবান ট্যাক্সেসানের কি স্ট্যাণ্ডার্ড তা জানতে চাইবো। এটা ডাইরেক্ট ট্যাক্সেসান মেজারস হতে পারে। আপনারা তো বৃটিশের সঙ্গে মাঝে হাত মিলিয়েছিলেন দ্বিতীয় মহাযুদ্ধের সময়, এক সময়ে তো বৃটিশের সঙ্গে আপনাদের প্রেম ছিল। এখন অবশ্য কথায় কথায় বৃটিশের নিন্দা করেন। তারা যে পদ্ধতি নিয়েছিল তাদের দায়ীত্ব এড়িয়ে যাওয়ার জন্য আপনারা কি সেইটাকে প্রশ্রয় দেবেন, সেইটা আপনাদের কাছে জিজ্ঞাস্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বক্তব্য আমার মোশানে রাখলাম। ক্লজে আসলে আমি ওটা মুভ করবো।

**শ্রীবিনয় ব্যানার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এটা আরম্ভ করবার আগে একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এই বিলটা আমরা পেয়েছি মাত্র গতকাল। এই রকম একটা বিরাট বিল এবং দায়িত্বপূর্ণ বিল আমরা একবার ভাল করে পড়ে দেখবার সুযোগ পাইনি। যাই হোক আমি আমার মোশান মুভ করছি। **Sir, I beg to move that the Bill be circulated for the purpose eliciting opinion thereon by the 28th February, 1979.** এই সম্বন্ধে আমি দু একটা কথা বলছি। মাননীয় পৌরমন্ত্রী তাঁর ষ্টেটমেণ্ট অফ অবজেক্টস

অফ বিজিনসে বলেছেন যে কলকাতার যেসব জায়গা এবং বাড়ীর যে ভ্যালুয়েশান হয় এটা কর্পোরেশনের যে এমপ্লয়ি তারা করেন এবং তাঁর মোট কথা হচ্ছে এই যে তাদের যারা সুপারভিসান করেন বা উর্ধতন কর্তৃপক্ষ তারা হচ্ছেন সব কর্পোরেশানের এমপ্লয়ি। সেইজন্য পাবলিক প্রেসারে তারা পড়তে পারেন এবং ঠিকমতো ভ্যালুয়েশান হয় না। এই হচ্ছে মোদ্দা কথা যা তাঁর ষ্টেটমেন্ট অব অবজেক্ট এণ্ড রিজনসের মধ্যে আমরা পেয়েছি। খুবই আনন্দের কথা আমাদের মন্ত্রী মহাশয় ইতিপূর্বে কাউন্সিলার ছিলেন, এবং তারপর তিনি মেওর হয়েছিলেন এবং এখন তিনি পৌরমন্ত্রী হয়েছেন। কলকাতার কর্পোরেশন সম্বন্ধে সমস্ত বিষয় তিনি জানেন এবং এও জানেন যে ট্যাক্সেসন এনকোয়ারী কমিটি ইনভেষ্টিগেশন কমিশন কলিকাতা কর্পোরেশনে হয়েছিল ওঁরা এই রকম একটা বোর্ডের কথা ওঁরা বাতিল প্রতিপন্ন করে দিয়েছেন সে কথা পৌরমন্ত্রী নিজে জানেন। তিনি বলেছেন there is gross under valuation of properties. এই কথা যে বলেছেন এই যে ষ্ট্যাটিসটিক্স এটা তিনি কোথা থেকে পেলেন? আমি যতদূর জানি পৃথিবীতে যত কলকাতা কর্পোরেশনের মত মেট্রোপলিটন বিগ সিটিজ আছে সেখানে এই রকম ব্যবস্থা নাই কোথাও খুঁজে পাবেন না। তা সত্বেও আমাদের পৌরমন্ত্রী বলছেন there is gross under valuation. কোথা থেকে তিনি পেলেন? এ সম্বন্ধে বিভিন্ন দেশে নানা রকম সমীক্ষা হয়, যেমন ইংল্যাণ্ডে ইউনাইটেড কিংডম সেখানে Royal Institute of Public Administration আছে যারা লোক্যাল সেলফ গভর্ণমেন্টের ফাইন্যান্স সম্বন্ধে জনসাধারণকে তথ্য দেন। যারা সরকার পরিচালনা করেন, মিউনিসিপ্যালিটি পরিচালনা করেন বিরাট সিটি গভর্ণমেন্ট পরিচালনা করেন তারা জনসাধারণকে এইসব দেন। কিন্তু আমাদের দেশে এই রকম কোন ইনষ্টিটিউসন নেই। যা আছে লোক্যাল সেলফ গভর্ণমেন্টে যে ফাইন্যান্স ইনষ্টিটিউট্ আছে সেখান থেকে কিছু কিছু তথ্য সম্প্রতি জনসাধারণকে দেওয়া হচ্ছে। কিন্তু কোথাও পৃথিবীর কোন ইনষ্টিটিউট জানা নাই যে কলকাতা কর্পোরেশনের অবস্থা গ্রস আণ্ডার ভ্যালু রয়েছে এ কথা তারা বলেছে। অথচ আমাদের মন্ত্রী মহাশয় বলছেন যেটা খুব একটা গবেষণা তা তিনি কোথা থেকে পেলেন? মন্ত্রী মহাশয় কলকাতা কর্পোরেশনের সব কিছুই জানেন এবং এটাও জানেন পদ্মা দেবী ভারসেস ক্যালকাটা কর্পোরেশনের মামলার কথা এবং সুপ্রীম কোর্ট যে জাজমেন্ট দিয়েছিলেন তাও জানেন, মিউনিসিপ্যাল কাউন্সিল ভারসেস রেট পেয়ারস অ্যাসোসিয়েসনের কেস এবং সুপ্রীম কোর্ট-এর রায় এগুলি যদি তিনি বিচার

করেন তাহলে দেখবেন কলকাতা কর্পোরেশন ওভার ভ্যালুয়েসান নয়, আণ্ডার ভ্যালুয়েসন। একথা জনসাধারণ না জানতে পারে কলকাতা কর্পোরেসনের মেয়র ছিলেন আপনার জানা উচিত।

[6-30—6-40 P.M.]

যে জনসাধারণের কাছে আমরা বলছি আণ্ডার ভ্যালুয়েসান এবং এর জন্য ২।৪।১০টি কেস হতে পারে। তার অবজেকসান আছে, অ্যাপিল আছে, সব কিছু আছে, তা সত্বেও আপনি এই রকম একটা আইন করলেন। ( ভয়েস: বীরেন্দ্র নারায়ণ রায়:—আপনি বাড়ীওয়ালা, তাই এত গায়ে লাগছে, কতগুলি বাড়ী আছে ? ) আমি বাড়ীওয়ালা নই, আপনি জমিদার লোক, আপনার অনেক বাড়ী আছে, আমার বাড়ী নেই। আমি জানি ১৯৭৪ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত একজন পশ্চিমবঙ্গের আই. এ. এস. অফিসার তিনি এই লোকাল সেলফ্ গভর্ণমেন্ট-এর ফাইন্যান্স সম্বন্ধে কিছু কিছু আর্টিকেল লিখেছেন, কিছু কিছু বই বেরিয়েছে এবং কিছু কিছু অথার এই রকম একটি বোর্ড সম্বন্ধে দু একটি জায়গায় সাজেসানস রেখেছেন। তার নাম আমি বলে দিচ্ছি। সচ্চিদানন্দ ঘোষ, স্কটিশচার্চ কলেজ, হেড অব দি ডিপার্টমেন্ট, এই সম্বন্ধে তার বই বেরিয়েছে। আমাদের একজন আই. এ. এস. অফিসার তার খুব গুরুত্বপূর্ণ সময় নষ্ট করে কিছু কিছু আর্টিকেল লিখেছেন। আমি সেই বইটি পড়েছি। তার মাথায় ঢুকে গেল যদি এই রকম একটা বোর্ড তৈরী করা যায় তাহলে তার যে চেয়ারম্যান হবেন তিনিই হচ্ছেন একমাত্র যোগ্য ব্যক্তি। সিদ্ধার্থবাবুকে তিনি ঘায়েল করেছিলেন, সুব্রতবাবুকেও রাজী করিয়েছিলেন, কিন্তু শেষ পর্যন্ত যে কিভাবে ফসকে গেল আমি জানি না। বর্তমানে সেই আই. এ. এস. অফিসার প্লেস নিতে আজকে পৌর মন্ত্রীর ঘাড়ে এসে চেপে বসেছেন। একটা অদ্ভুত অবাস্তব জিনিষ আমাদের সামনে নিয়ে এসেছেন। আমি এই প্রসঙ্গে সেকসান ৫ অব দি অ্যাক্ট সম্বন্ধে দু একটি কথা বলছি। এখানে বলা হচ্ছে, The Board shall consist of a Chairman and two other members to be appointed by the State Government. The Chairman shall be a person who is or has been an officer of the State Government not below the rank of a Secretary. One shall be a person who is or has been a member of the judicial service for not less than seven years and has experience in municipal affairs. অমোদের কলকাতার কমিশনার—মিউনিসিপ্যাল কমিশনার যিনি, তিনি হচ্ছেন একজন সিনিয়রমোষ্ট আই. এ. এস. অফিসার, নট লেস দ্যান সেভেন

অফ রিজিনসে বলেছেন যে কলকাতার যেসব জায়গা এবং বাড়ীর যে ভ্যালুয়েশান হয় এটা কর্পোরেশনের যে এমপ্লয়ি তারা করেন এবং তাঁর মোট কথা হচ্ছে এই যে তাদের যারা সুপারভিসান করেন বা উর্ধতন কর্তৃপক্ষ তারা হচ্ছেন সব কর্পোরেশানের এমপ্লয়ি। সেইজন্য পাবলিক প্রেসারে তারা পড়তে পারেন এবং ঠিকমতো ভ্যালুয়েশান হয় না। এই হচ্ছে মোদ্দা কথা যা তাঁর ষ্টেটমেন্ট অব অবজেক্ট এণ্ড রিজনসের মধ্যে আমরা পেয়েছি। খুবই আনন্দের কথা আমাদের মন্ত্রী মহাশয় ইতিপূর্বে কাউন্সিলার ছিলেন, এবং তারপর তিনি মেওর হয়েছিলেন এবং এখন তিনি পৌরমন্ত্রী হয়েছেন। কলকাতার কর্পোরেশন সম্বন্ধে সমস্ত বিষয় তিনি জানেন এবং এও জানেন যে ট্যাক্সেসন এনকোয়ারী কমিটি ইনভেষ্টিগেশন কমিশন কলিকাতা কর্পোরেশনে হয়েছিল ওঁরা এই রকম একটা বোর্ডের কথা ওঁরা বাতিল প্রতিপন্ন করে দিয়েছেন সে কথা পৌরমন্ত্রী নিজে জানেন। তিনি বলেছেন there is gross under valuation of properties. এই কথা যে বলেছেন এই যে ষ্ট্যাটিসটিক্স এটা তিনি কোথা থেকে পেলেন? আমি যতদূর জানি পৃথিবীতে যত কলকাতা কর্পোরেশনের মত মেট্রোপলিটন বিগ সিটিজ আছে সেখানে এই রকম ব্যবস্থা নাই কোথাও খুঁজে পাবেন না। তা সত্বেও আমাদের পৌরমন্ত্রী বলছেন there is gross under valuation. কোথা থেকে তিনি পেলেন? এ সম্বন্ধে বিভিন্ন দেশে নানা রকম সমীক্ষা হয়, যেমন ইংল্যাণ্ডে ইউনাইটেড কিংডম সেখানে Royal Institute of Public Administration আছে যারা লোক্যাল সেলফ গভর্ণমেন্টের ফাইন্যান্স সম্বন্ধে জনসাধারণকে তথ্য দেন। যারা সরকার পরিচালনা করেন, মিউনিসিপ্যালিটি পরিচালনা করেন বিরাট সিটি গভর্ণমেণ্ট পরিচালনা করেন তারা জনসাধারণকে এইসব দেন। কিন্তু আমাদের দেশে এই রকম কোন ইনষ্টিটিউসন নেই। যা আছে লোক্যাল সেলফ গভর্ণমেন্টে যে ফাইন্যান্স ইনষ্টিটিউট্ আছে সেখান থেকে কিছু কিছু তথ্য সম্প্রতি জনসাধারণকে দেওয়া হচ্ছে। কিন্তু কোথাও পৃথিবীর কোন ইনষ্টিটিউট জানা নাই যে কলকাতা কর্পোরেশনের অবস্থা গ্রস আণ্ডার ভ্যালু রয়েছে এ কথা তারা বলেছে। অথচ আমাদের মন্ত্রী মহাশয় বলছেন যেটা খুব একটা গবেষণা তা তিনি কোথা থেকে পেলেন? মন্ত্রী মহাশয় কলকাতা কর্পোরেশনের সব কিছুই জানেন এবং এটাও জানেন পদ্মা দেবী ভারসেস ক্যালকাটা কর্পোরেশনের মামলার কথা এবং সুপ্রীম কোর্ট যে জাজমেণ্ট দিয়েছিলেন তাও জানেন, মিউনিসিপ্যাল কাউন্সিল ভারসেস রেট পেয়ারস অ্যাসোসিয়েসনের কেস এবং সুপ্রীম কোর্ট-এর রায় এগুলি যদি তিনি বিচার

করেন তাহলে দেখবেন কলকাতা কর্পোরেশন ওভার ভ্যালুয়েসান নয়, আণ্ডার ভ্যালুয়েসন। একথা জনসাধারণ না জানতে পারে কলকাতা কর্পোরেসনের মেয়র ছিলেন আপনার জানা উচিত।

[6-30—6-40 P.M.]

যে জনসাধারণের কাছে আমরা বলছি আণ্ডার ভ্যালুয়েসান এবং এর জন্য ২।৪।১০টি কেস হতে পারে। তার অবজেকসান আছে, অ্যাপিল আছে, সব কিছু আছে, তা সত্বেও আপনি এই রকম একটা আইন করলেন। ( ভয়েস: বীরেন্দ্র নারায়ণ রায়:—আপনি বাড়ীওয়ালা, তাই এত গায়ে লাগছে, কতগুলি বাড়ী আছে ? ) আমি বাড়ীওয়ালা নই, আপনি জমিদার লোক, আপনার অনেক বাড়ী আছে, আমার বাড়ী নেই। আমি জানি ১৯৭৪ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত একজন পশ্চিমবঙ্গের আই. এ. এস. অফিসার তিনি এই লোকাল সেলফ্ গভর্ণমেন্ট-এর ফাইন্যান্স সম্বন্ধে কিছু কিছু আর্টিকেল লিখেছেন, কিছু কিছু বই বেরিয়েছে এবং কিছু কিছু অথার এই রকম একটি বোর্ড সম্বন্ধে দু একটি জায়গায় সাজেসানস রেখেছেন। তার নাম আমি বলে দিচ্ছি। সচ্চিদানন্দ ঘোষ, স্কটিশচার্চ কলেজ, হেড অব দি ডিপার্টমেন্ট, এই সম্বন্ধে তার বই বেরিয়েছে। আমাদের একজন আই. এ. এস. অফিসার তার খুব গুরুত্বপূর্ণ সময় নষ্ট করে কিছু কিছু আর্টিকেল লিখেছেন। আমি সেই বইটি পড়েছি। তার মাথায় ঢুকে গেল যদি এই রকম একটা বোর্ড তৈরী করা যায় তাহলে তার যে চেয়ারম্যান হবেন তিনিই হচ্ছেন একমাত্র যোগ্য ব্যক্তি। সিদ্ধার্থবাবুকে তিনি ঘায়েল করেছিলেন, সুব্রতবাবুকেও রাজী করিয়েছিলেন, কিন্তু শেষ পর্যন্ত যে কিভাবে ফসকে গেল আমি জানি না। বর্তমানে সেই আই. এ. এস. অফিসার প্লেস নিতে আজকে পৌর মন্ত্রীর ঘাড়ে এসে চেপে বসেছেন। একটা অদ্ভুত অবাস্তব জিনিষ আমাদের সামনে নিয়ে এসেছেন। আমি এই প্রসঙ্গে সেকসান ৫ অব দি অ্যাক্ট সম্বন্ধে দু একটি কথা বলছি। এখানে বলা হচ্ছে, The Board shall consist of a Chairman and two other members to be appointed by the State Government. The Chairman shall be a person who is or has been an officer of the State Government not below the rank of a Secretary. One shall be a person who is or has been a member of the judicial service for not less than seven years and has experience in municipal affairs. অমোদের কলকাতার কমিশনার—মিউনিসিপ্যাল কমিশনার যিনি, তিনি হচ্ছেন একজন সিনিয়রমোষ্ট আই. এ. এস. অফিসার, নট লেস দ্যান সেভেন

বার করার জন্য মন্ত্রী মহাশয় তাহলে আপ্রাণ চেষ্টা করতেন এবং তাতে আমরা সকলেই সহযোগিতা করতাম। এই যে কলকাতার সি. সি. রেলওয়ে টার্মিনাস, সেই যে বিরাট জায়গায়, আপনারা সেটা দিয়ে দিয়েছেন, তাদের এগ্রিমেন্ট তারা ফুলফিল করেনি, তাদের বিরুদ্ধে একটা মামলা করে কোটি টাকার সম্পত্তি উদ্ধার করার দিকে আপনাদের নজর নেই। পলতা ওয়াটার ওয়ার্কসের জমি আপনারা ফ্যাক্টারী করবার জন্য দিয়ে দিলেন ব্রিক্স এ্যাণ্ড টাইল্‌স ফ্যাক্টারীর জন্য, যার দাম বহু কোটি টাকা, সেটা আদায় করতে পারলেন না। মিউনিসিপ্যাল মার্কেটে যে সব দোকান পাট দেওয়া হয়েছে, সেইগুলো অদ্ভুৎ ভাবে দেওয়া হয়েছে, সেখানে আইন কানুন মেনে দেওয়া হয়নি। হঠাৎ একজন পেয়ে গেল ইন্টালি মার্কেটে ইটিং হাউস করবার জন্য, তাকে লাইসেন্স দেওয়া হলো কিছু দিন আগে, কোন আইন কানুন মেনে দেওয়া হলো না, টেণ্ডার মানা হলো না, সে পেয়ে গেল। এই ভাবে কর্পোরেশনের রেভিনিউ একদিকে নষ্ট করে দিয়ে—আমি বলবো, আপনারা যেটা করতে যাচ্ছেন, পৃথিবীর কোন মেট্রোপলিটন সিটিতে এই ধরণের বোর্ড নেই। মন্ত্রী মহাশয় ইন্টালি মার্কেটের স্পেশাল ডেপুটি কমিশনারের ঘরে মিটিং করেছিলেন, সেখানে তিনি বলেছিলেন যে সিনিয়ারিটি অনুসারে প্রমোশন দেবেন। কিন্তু পরে দেখা গেল সেখানে থেকে বেরিয়ে এসে তিনি কি করলেন? একজনকে এ্যাপয়েন্টমেন্ট দিলেন এ্যাজ ওয়ার্কস ম্যানেজার—লক্ষ লক্ষ টাকা নষ্ট হচ্ছে এই মোটর ভিকল্‌স ডিরেক্টরেটে ঐ ওয়ার্কস ম্যানেজারের জন্য। কি রকম এ্যাপয়েন্টমেন্ট হলো? চার পাঁচজনকে সুপারসিড করলেন, লেস কোয়ালিফায়েড, লেস লার্নেড একজনকে নিলেন। The Administration by the order of 7-7-78 has been pleased to appoint Shri Tapan Chowdhury, Senior Works Manager, M. V. Directorate, with all the duties and functions to the post in addition to his own duties.

[6-40—6-50 P.M.]

তারপর একটা লোককে কিভাবে কি পরিমাণ ওভার-টাইম দিচ্ছে দেখুন! বুলডোজার মেকানিক মানিক দে, তাকে পৌরমন্ত্রী খুব ভালভাবে জানেন, সে অক্টোবর মাসে ওভার টাইম ও মাইনে নিয়ে ২০০০ টাকা পেয়েছে, অথচ তার মাইনে হচ্ছে ৫০০ টাকা। অদ্ভুত ব্যাপার। সে ৮ ঘণ্টা, ৯ ঘণ্টা রেগুলার ডিউটি দেবার পরেও এত সময় কি করে পেলো? এটা রিসার্চ করার

মত ব্যাপার। আমি পৌরমন্ত্রীকে বলব এই রকম একটা অবাস্তব বিল পৃথিবীর কোথাও কেউ কোনও দিন পাশ করেনি। এটা উদ্দেশ্য প্রণোদিত এবং এটার দ্বারা কলকাতা কর্পোরেশনের এবং সমস্ত মিউনিসিপ্যালিটির রেন্ট পেয়ার্সদের সর্বনাশ ডেকে আনবার প্রচেষ্টা করা হচ্ছে। এই বলেই আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** অন এ পয়েন্ট অফ্ অর্ডার, স্যার, আপনি রুল ১৪-টা একটু দেখুন। আগেই আমরা আপনার কাছে আবেদন করেছিলাম যে, আপনি সাধারণতঃ ৬-টার মধ্যে হাউস শেষ করবেন এবং আপনিও আমাদের সেই রকম আশ্বাস দিয়েছিলেন। কিন্তু স্যার, এখনই পৌনে ৭-টা বাজে। আপনি দয়া করে আমাদের এখন ছুটি দেবেন।

**মিঃ স্পীকার ঃ** বিজনেস এ্যাডভাইসারী কমিটি টাইম ঠিক করে দিয়েছে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** এটা আপনাকে বিবেচনা করতে অনুরোধ করছি, এটা একটা ভাইটাল বিল।

**শ্রীপ্রশান্ত শূর ঃ** স্যার, আমি সার্কুলেশন করার বিরুদ্ধে। তবে আমি এ-সম্বন্ধে এখনই কিছু বলতে চাই না। আমি যখন আলোচনার জবাব দেব তখন বলব। মাননীয় বিনয় ব্যানার্জী কতগুলি কথা বলে গেলেন, কিন্তু হি ওয়াজ্ দি চেয়ারম্যান অফ্ দি মোষ্ট স্ট্রং কমিটি অফ্ দি ক্যালকাটা কর্পোরেশন, দ্যাট ইজ্ দি ফাইনান্স কমিটি। তিনি কর্পোরেশন সম্বন্ধে যা কিছু বলে গেলেন তার সব কিছুর সঙ্গে তিনি যুক্ত ছিলেন। সুতরাং এখন আমি এই ব্যাপারে আর কিছু বলতে চাই না। আমি পরে বলব, এখন আমি বলছি যে, আমি সার্কুলেশনে দেবার পক্ষে নই, আমি বিরুদ্ধে।

He was the Chairman of the most strong committee of the Calcutta Corporation, that is, the Finance Committee..

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

**ডঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেদিন হাউস শেষ হয় আপনি নূতন নিয়ম করেছেন আমাদের খাওয়ান। এটা কি রাখছেন? You are very hospitable. Now you have introduced a new system.

**Mr. Speaker :** Now, Shri Patit Paban Pathak.

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি অন্যভাবে এটা নেবেন না, আমরা জানতে চাই তাহলে কি অপোজিসানের কোন অনুরোধই রাখা হবে না ? তা যদি না হয় তাহলে অপোজিসান থাকার মানে কি ?

**মিঃ স্পীকার ঃ** অপোজিসানের কথা তো শুনি। কালকে আপনারা বলবেন।

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা একটা ছোট্ট রিকোয়েষ্ট করেছি। আপনি কালকে হাউস বন্ধ করে দিচ্ছেন। আমরা জানি ২২ তারিখ পর্যন্ত হাউস চলবে। আমরা কেউ জানিনা যে হাউস কালকে শেষ হয়ে যাচ্ছে। আমরা আজকে এসে সেটা জেনেছি। আমরা সকলে মিলে একটা রিকোয়েষ্ট করেছি, সেটা রাখা গেল না।

**মিঃ স্পীকার ঃ** আর দু'জন বক্তা মাত্র বলবেন।

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর দু'জন বক্তা যদি বলেন তাহলে তাতে সেভিংস হচ্ছে মাত্র আধ ঘন্টা সময়। কালকে যদি আমরা বেশী করে বক্তৃতা দেই তাহলে সেই সময়টুকু চলে যাবে। একটা অনুরোধও যদি বিরোধী দলের না রাখেন তাহলে হাউসের কোন ট্রেডিশান তৈরী হবে না। আপনি করতে চান করুন, তাতে আমাদের কোন আপত্তি নেই। তবে একটা অনুরোধও যদি না রাখেন তাহলে বলার কিছু নেই। আপনি মিনিষ্টারকে রিকোয়েষ্ট করছেন, চীফ হুইপকে বলেছেন, আমরা সকলে রিকোয়েষ্ট করেছি, তাতেও যদি এইটুকু সহযোগিতা না করেন তাহলে তো অসম্ভব ব্যাপার। পার্লামেন্টে আমরা দেখেছি যে একটা ইমপরটেন্ট বিল ৩।৪ দিন ধরে চলে। কাজেই এই রকম একটা ইমপরটেন্ট বিল এইভাবে শেষ করার কোন মানে হয় না।

**শ্রীদীনেশ মজুমদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাউস চলেনি এই রকম কোন নজির আছে কি ? অনেক বিল এই হাউসে পাশ হয়েছে এবং আপনারা পুরোনো সদস্য যাঁরা সকলেই সেটা জানেন। আমরা বিজনেস অ্যাডভাইসরি 'কমিটিতে যখন আলোচনা করেছি তখন আজকে একটু রাত হবে এটা ধরে নিয়েই সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। যখন লীডার অব দি অপোজিশান বলেছেন, আমি প্রাণপণ চেষ্টা করেছি চীফ মিনিষ্টারের সঙ্গে কথা বলার। কিন্তু উনি একটা প্রেগ্রামে বাইরে চলে গেছেন। আমি রাইটার্স

বিল্ডিংস, তাঁর বাড়ীতে বিভিন্ন জায়গায় টেলিফোন করে যোগাযোগ করার চেষ্টা করেছি কিন্তু পাইনি। বিজনেস অ্যাডভাইসরি কমিটিতে আলোচনা করে একটা সিদ্ধান্ত করা হল যে আজকে একটু রাত হবে এবং সেই মত প্রেগ্রামটা সিডিউল্ড করা হয়েছিল। তাছাড়া এই হাউসে অনেক রাত পর্যন্ত আগেও আলোচনা হয়েছে, এটা নতুন কোন ব্যাপার নয় এবং এই হাউসে এই বিষয়ে বহু নজির আছে। সেজন্য আমি অনুরোধ করবো যে আমরা যত তাড়াতাড়ি পারি কাজগুলি শেষ করে নেই।

**শ্রীদেবপ্রসাদ সরকার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি কালকে হাউস ১১টায় আরম্ভ করতে পারেন।

**শ্রী হবিবুর রহমান:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিল না পাশ করলে যদি পশ্চিমবাংলা একেবারে উচ্ছন্নে চলে যাবে বলে মনে করেন তাহলে মন্ত্রী মহাশয় যথাসময়ে এসে বিল পেশ করেননি কেন?

[6-50—7-00 P.M.]

**শ্রীদেবপ্রসাদ সরকার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাল ১১টার সময়ে আপনি হাউস ডাকুন, কাগজে তো অ্যানায়ুন্স হয়ে যাবে।

**শ্রী হাসিম আবদুল হালিম:** দুইজন বক্তাকে বলতে দিন না, দুইজন বক্তাকে বলতে দিতে কি আপত্তি আছে তা আমি বুঝতে পারছি না। এতে টাইমটা অনেকটা সেভড হতো তা নাহলে আপনারা সময় পাবেন না, ঠিকমত বক্তব্য রাখতে পারবেন না।

**ডঃ জয়নাল আবেদিন:** আপনি আইন মন্ত্রীতো সেইজন্যই সবচেয়ে বেশী বেআইনী কাজ করছেন। এইরকমভাবে হাউস চলতে পারে না। আপনি বেআইনী কাজ করতে বাধ্য করছেন। I would invite your attention to rule 14. পেসেন্স। আপনারা অপজিসনের কোন মর্যাদা দিচ্ছেন না।

(গণ্ডগোল)

**শ্রীপত্তিত পাবন পাঠক:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলকে সমর্থন করতে গিয়ে আমি কিছু বলবো। ...(গণ্ডগোল) আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে আমার বক্তব্য সম্পর্কে একটু অবহিত করার জন্য অনুরোধ করছি। এই

বিলটার একটা প্রয়োজন আছে এবং সেই প্রয়োজনেই এই বিলটা আনা হয়েছে—এটা অস্বীকার করে লাভ নেই। ( গণ্ডগোল ) যে বিলটা আনা হয়েছে তার বিভিন্ন ক্লজ সম্পর্কে হয়তো বিরোধীদের আপত্তি থাকতে পারে কিন্তু উদ্দেশ্য সম্পর্কে আমার মনে হয় কোন আপত্তি নেই। তাঁরা কতকগুলি আশঙ্কার কথা প্রকাশ করেছেন, আমি সবিনয়ে নিবেদন করবো তাঁরা যখন আলোচনা করবেন তখন সেই আশঙ্কাগুলি যেন প্রকাশ করেন তাহলে সেই সম্পর্কে ব্যবস্থা নেওয়া যেতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে যে ক্লজগুলির উপর মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই তাহলো ভালুয়েসনস্ বোর্ড এবং ভালুয়েসনস্ অথরিটি সম্পর্কে। আমরা একটা জিনিষ দেখছি ...( গোলমাল ) মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রকমভাবে যদি চেঁচামেচি হয় তাহলে কি করে আমি আমার বক্তব্য রাখবো। যাই হোক, আমি প্রথমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটি ব্যাপারের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে সেকসান ২ যেটার ডেফিনেসান্স ক্লজ তাতে আমি সাব-সেকসান (আই)-এর দিকে নজর দিতে বলছি।

[7-00—7-10 P.M.]

যেটাতে বলা হয়েছে সাব সেকসান (১) তে Land and building includecs a holding. এর পরিষ্কার ব্যাখ্যাটা হওয়ার দরকার আছে। তার কারণ আপনারা জানেন, সহরাঞ্চলে ল্যাণ্ড এ্যাণ্ড বিল্ডিং ছাড়া আর একটা ব্যাপার আছে সেটা হল কল কারখানা—এই কল কারখানা সম্পর্কে স্পেসিফিক প্রভিশন, কো'ন প্রভিশন না থাকলে কলকারখানার মালিকরা সেই সুযোগ নেবে এবং তাতে ভ্যালুয়েশন বোর্ডের আনেক কাজ ব্যাহত হবে। প্রসঙ্গত আপনাদের কাছে ১৯৬৯ সালের একটা এ্যামেণ্ডমেন্ট হয়েছিল তার প্রতি মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তাতে ঐ কল-কারখানার যন্ত্রপাতি মিউনিসিপ্যাল আইন অনুযায়ী ট্যাকসেসন আইন হয়েছিল এবং আমি সেজন্য ঐ ডেফিনেশন ক্লজ ঐ ল্যাণ্ড অব বিল্ডিং ছাড়াও ঐখানে প্ল্যান্ট এ্যাণ্ড মেশিনারী রাখবার জন্য অনুরোধ করছি। তা যদি না হয় ভ্যালুয়েশন বোর্ডের যে উদ্দেশ্য নিয়ে গঠিত হয়েছে তা সম্পূর্ণভাবে ব্যাহত হবে। আপনি জানেন বড় বড় মিউনিসিপ্যালিটি—ক্যালকাটা করর্পোরেশন, দমদম মিউনিসিপ্যালিটি, হাওড়া মিউনিসিপ্যালিটি আমাদের অঞ্চলে বালি মিউনিসিপ্যালিটি যা একটা বিরাট অংশ কল কারখানা থেকে ট্যাক্স আদায় হয় এবং ঐ আপনার ডেফিনেশন ক্লজে সেই ট্যাক্সের কথা উল্লেখ নেই, এটা থাকা দরকার। এবং শুধু প্ল্যান্ট এ্যাণ্ড মেশিনারী নয় এর ডেফিনেশন এ্যানেক্সার হওয়া দরকার। আপনার ১৯৬৯ সালের যে এ্যানেক্সারটা—

**ডাঃ জয়নাল আবেদিন:** স্যার, আমাদের উপর ইনজাষ্টিট হচ্ছে, আমাদের পেশেন্সের উপর ট্যাকসেসন পড়ছে।

**শ্রীপতিতপাবন পাঠক:** যা দেওয়া হয়েছিল তার থেকে পরিষ্কার করে দেওয়া দরকার আছে এবং একটা ক্লজের একটা রাইডার থাকা দরকার, সেটা হচ্ছে একে কটেজ ইনডাষ্ট্রি থেকে যাতে আওতায় আনতে পারে তার দিকে নজর রেখে সমস্ত রকম কলকারখানাকে এই ট্যাক্স আইনের আওতায় আনা দরকার। এটার পরে আমি আপনার কাছে ক্লজ ৪ সম্পর্কে একটু বলি—ক্লজ ৪, ক্লজ ৫এ মেম্বার অফ দি বোর্ড থেকে—এবং ক্লজ ২৭এ একটা অথরিটির কথা বলা আছে

( গোলমাল )

**শ্রীকাশীকান্ত মৈত্র:** স্যার, এভাবে চলতে পারে না।

**ডাঃ জয়নাল আবেদিন:** আপনার এভাবে বক্তৃতায় পার্লামেন্টারী কনভেনসন ব্রেক হচ্ছে। দিজ ইজ ব্রুটালিটি—এ্যাণ্ড দিস হিপোক্রেসী।

**শ্রীপতিতপাবন পাঠক:** স্যার, এই রকম গোলমালে আমি একটু অসুবিধা বোধ করছি। ক্লজ ২৭ সম্পর্কে আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা যারা দীর্ঘদিন ধরে বিভিন্ন মিউনিসিপ্যালিটিতে আছি তাদের এই রকম অবজেক্ট অফ দি অ্যাক্ট সম্পর্কে নিশ্চয় কিছু বক্তব্য আছে। আবরা জানি নির্বাচিত প্রতিনিধিদের কিছু কিছু অসুবিধায় পড়তে হয়। কিন্তু একটা কথা এটা স্বীকার করতে হবে যে মিউনিসিপ্যালিটির নির্বাচিত প্রতিনিধি যাঁরা আছেন কমিশনার, চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান যাঁরা থাকেন তাঁদের যেহেতু সাধারণ মানুষ পাঠিয়েছেন তাঁদের কতকগুলি দায়িত্ব আছে এবং এই বোর্ড তাঁদের যদি গণতান্ত্রিক অধিকার খর্ব করে কোনক্রমে তাহলে গণতান্ত্রিক ব্যবস্থায় সেটা সম্পূর্ণ পরিবর্তন হবে। আমি এই ব্যাপারে মাননীয় মন্ত্রীমহোদয়কে অনুধাবন করতে বলছি—এই সেন্ট্রাল বোর্ড অথবা ভাইটাল অ্যামেণ্ডমেন্ট হবে তার এমন কোন অধিকার যেন না থাকে যাতে নির্বাচিত চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, তাঁদের যে অধিকারটা সেটা যেন কোনক্রমেই না ক্ষুণ্ণ হয়। আমরা জানি আমাদের আয় এবং রিসোরর্সেস তাতে এই রকম হবার সম্ভাবনা আছে।

( গোলমাল )

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** We will not participate in any Committee henceforth.

**শ্রীপতিতপাবন পাঠক ঃ** আমার বক্তব্য পেশ করার জন্য আমার কিছু সময় লাগবে। রিভিয়্যু কমিটি সম্পর্কে আমার একটা বক্তব্য আছে। এই রিভিয়্যু কমিটিতে একজন কমিশনার রাখা হয়েছে, কিন্তু সংশ্লিষ্ট সভ্যের যদি এই অধিকার না থাকে নিজস্ব মতামত ব্যক্ত করার তাহলে সেই কমিটির সঙ্গে নির্বাচিত সদস্যের থাকা বা না থাকা একই রকম হবে। মিউনিসিপ্যালিটি সংক্রান্ত খরচের কথা বলা হয়েছে। খরচের ব্যাপারে দায় দায়িত্ব রাজ্য সরকারকে বহন করতে হবে— অর্থাৎ এর জন্য যে খরচ হবে এটা মিউনিসিপ্যাল ফাণ্ড থেকে নেওয়া ঠিক হবে না। সেন্ট্রাল ভ্যালুয়েশান বোর্ড তৈরী হবে বা ভ্যালুয়েশান অথরিটি হবে তাকে কোন মতে যে সমস্ত মিউনিসিপ্যালিটি বা করপোরেশান আছে তাদের যে স্বাধীকার আছে তা যাতে কোনমতে ক্ষুন্ন না হয় এবং সাধরণ মানুষের যে সুযোগ আছে তা থেকে তারা যাতে বঞ্চিত না হয় সেটা দেখতে হবে। এখানে একটা ক্লজ আছে যাতে রেট পেয়ার্স এর ষ্টেটমেন্ট দিতে হবে। দুর্ভাগ্যবশতঃ শহর অঞ্চলে বহু রেট পেয়ার্স আছে যারা লেখাপড়া জানে না। তারা ঠিক মতন যদি ষ্টেটমেন্ট বা রিটার্ন না দিতে পারে তাহলে তারজন্য একটা পেনালটি ধার্য্য করা হয়েছে। এই আইন চালু করবার আগে সংশ্লিষ্ট মিউনিসিপ্যালিটি যেগুলি এর আওতায় আসবে তাদের সেখানে এই ধারাগুলি সম্পর্কে যথেষ্ট প্রচার করতে হবে—কারণ তা না হলে বহু মানুষ এগুলি না জানার জন্য পেনালটি ক্লজের আওতায় পড়ে যাবে। তারপর ডেফিনেশান ক্লজ সম্পর্কে মন্ত্রী মহাশয়কে অবহিত হতে বলছি, এবং ল্যাণ্ড বিল্ডিং এর মধ্যে কলকারখানা যেন নেওয়া হয়। বোর্ড সম্পর্কে এমন ব্যবস্থা থাকা উচিত যাতে নির্বাচিত প্রতিনিধিদের কোন অধিকার যেন ক্ষুন্ন না হয় এবং সাধারণ মানুষের যাতে অধিকার ক্ষুন্ন না হয়।

[7-10—7-20 P.M.]

ফাইনালি রিভিউ এর ব্যাপারে নির্বাচিত যে বোর্ড থাকবে তাদের অধিকার বর্তমানে যা আছে সেটা যেন থাকে অর্থাৎ বোর্ড ভ্যালুয়েশান করুন কিন্তু রিভিয়্যু এর ব্যাপারে নির্বাচিত প্রতিনিধিদের অধিকার পূর্ণ মাত্রায় থাকা দরকার। আর একটা বিষয়ে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি রিটার্ন এর ব্যাপারে সাধারণ মানুষের যাতে কোন সাজা না হয় সেই রকম সেভিং ক্লজ থাকা দরকার। কিন্তু সেটা এই বিলের মধ্যে দেখছি না। শেষ কথা হচ্ছে পিরিয়ডটা ৬ বছর করা হয়েছে সেই টার্মটা ষ্টেট গভঃ

প্রয়োজন মত কম বা বেশী করতে পারবেন—এই অধিকারটা ষ্টেট গভঃ এর এই বিলের মধ্যেই থাকা উচিত। এই সমস্ত সাজেসান্স যে সমস্ত রাখলাম সেগুলি গ্রহণ করবার জন্য মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি। আমার মনে হয় এগুলি গ্রহণ করলে সেন্ট্রাল ভ্যালুয়েশান বোর্ড বিভিন্ন মিউনিসিপ্যালিটির আর্থিক সচ্ছলতা আনতে সাহায্য করবে এবং মিউনিসিপ্যালিটি তাহলে সাধারণ মানুষের ভাল করতে পারবে এবং নির্বাচিত প্রতিনিধি তাদের যে অধিকার সেগুলি তারা ঠিকমতন প্রয়োগ করতে পারবে। আশাকরি এই সাজেসানগুলি মন্ত্রী মহাশয় গ্রহণ করবেন। এই বলে আমি শেষ করলাম।

**শ্রীঅনিল মুখার্জী**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই এই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয় এই বিলে একটা কেন্দ্রীয় ভ্যালুয়েসান বোর্ড করার কথা বলা হয়েছে। এই বিলের যে উদ্দেশ্য সে উদ্দেশ্য অত্যন্ত মহৎ। আমরা জানি পশ্চিমবঙ্গে এবং কর্পোরেসানে যখন ভ্যালুয়েসান এ্যাসেস করা হয় সেটা যেভাবে বা যে আইনে করা হয় তা হলো ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্টের ধারা অনুসারে। সেই ধারার মধ্যে এগুলি সন্নিবেশিত আছে। ল্যাণ্ড ও বিল্ডিং এর যে ধারা তা ঐ ১৬৫ ধারা থেকে শুরু করে এর মধ্যে সংযোজিত আছে। এই ধারায় লক্ষ্য করা যায় যে বড় বড় ধনীকেরা এ্যাসেসারের উপর প্রভাব খাটিয়ে বিল্ডিং এর যে ভ্যালুয়েশান হওয়া উচিত তা সেখানে হয় না। অনেক সময় দেখা গেছে যে নতুন করে রিকনষ্ট্রাকসান হল, নতুন করে বিল্ডিং এ্যাডিসান হল কিন্তু এ্যাসেসমেন্ট ভ্যালুয়েশানের ব্যাপারে সেখানে পূর্ণ কোন ভ্যালুয়েশান না করে সেই পুরাতন ভ্যালুয়েশানের উপর তার ট্যাক্স ফিক্সড হয়। সুতরাং এটা শুধু ক্যালকাটা কর্পোরেশানে নয়, মিউনিসিপ্যালিটিতে যেভাবে অ্যাসেসমেন্ট হয় সেইসব অ্যাসেসমেন্ট হয় অধিকাংশ ক্ষেত্রে কমিশনারদের বিভিন্নভাবে চাপে পড়ে। কারণ, তাঁরা নির্বাচিত প্রতিনিধি, অনেক সময় নির্বাচিত প্রতিনিধিদের অনেক দায়-দায়িত্ব থাকে নিজের নিজের ওয়ার্ডের উপর। কোন প্রভাবশালী ব্যক্তি সেই কাউন্সিল বা মিউনিসিপ্যালিটির কমিশনারের উপর প্রভাব খাটিয়ে বিল্ডিং এর যা অ্যাকচুয়াল অ্যাসেসমেন্ট হওয়া উচিত সেই অ্যাসেসমেন্ট সেই জায়গায় হয় না। আবার কোন কোন জায়গায় কাউন্সিলর অথবা কমিশনারের সাথে ঝগড়াঝাটি আছে, তিনি যা রিয়েল ভ্যালুয়েশান, রিয়েল অ্যাসেসমেন্ট হওয়া উচিত তার ২ গুণ, ৩ গুণ করে দিলেন। সুতরাং একটা ইমপার্সিয়াল বডি দিয়ে রিয়েল ভ্যালুয়েশান করার জন্য যে প্রস্তাব এসেছে এটা একটা উত্তম প্রস্তাব। কিন্তু এর মধ্যে কিছু কিছু জায়গায়

যেমন এই বোর্ডের যে কম্পোজিসান তৈরী করা হয়েছে সেই কমপোজিসানের ভেতর অর্থাৎ সেকসান ৫ এবং সাব-সেকসান ৩ এ সেখানে বলা আছে—one shall be a person who is or has been a member of the Judicial Service for not less than seven years and has experience in municipal service. এখন সিনিয়ার জুডিসিয়াল সার্ভিস, না, জুনিয়র জুডিসিয়াল সার্ভিসের মেম্বার এর কথা স্পষ্ট করে বলা নেই। সুতরাং যদি একজন হাইকোর্টের জাজ থাকেন কিংবা নিচের যদি একজন মুনসেফ থাকেন তাহলে তাঁদের মধ্যে দু'জনেই জুডিসিয়াল সার্ভিসের লোক এবং কে থাকবেন এর মধ্যে স্পেসিফিক্যালি বলা নেই। এজন্য মনে হয় মাননীয় মন্ত্রীমহাশয় এটার দিকে লক্ষ্য করে মেম্বার ফি এ সিনিয়র জুডিসিয়াল সার্ভিস যাতে হয় এটার দিকে তিনি লক্ষ্য রাখবেন। আর একটা এর মধ্যে লক্ষ্য করেছি রিভিউ কমিটি একটা আছে এবং এই রিভিউ কমিটির যে কমপোজিসান এবং তার যে ডিসিসান সেটা কিন্তু ফাইনাল নয়, সেটা পরে দেখা যাচ্ছে বোর্ডের কাছে ফেরত যেতে পারে। সাধারণতঃ জুডিসিয়াল প্রোসিডিংস লক্ষ্য করলে দেখা যাবে যে জাজের কাছে সাধারণতঃ অ্যাপিল বা হিয়ারিং করি, রিভিউ কিন্তু তাঁর কাছে করি এবং রিভিউ করলে তিনি যে ডিসিসান দেন সেটা ফাইনাল হয়। এখানে শুধু একজন জুডিসিয়াল মেম্বারকে দিয়ে প্রেসিডেন্ট করে রিভিউ কমিটি আরো অন্য মেম্বার দিয়ে করলে তারপর তার যে সাজেসান এ্যানাল, তার যে সেই সাজেসান ডিফার করে যদি বোর্ডের কাছে যায় তাহলে বোর্ড সেটা নাও অ্যাক্সেপ্ট করতে পারে। সুতরাং এই যে ডিফারেন্সটা এরজন্য আমার মনে হয় বোর্ড ইটসেলফ্ যদি রিভিউ কমিটি হয় সেই রকম করলে ভাল হয়। এটা মাননীয় মন্ত্রী মহাশয় ভেবে দেখবেন যে বোর্ডকে রিভিউ কমিটির ফাংকসান করতে দেওয়া যায় কিনা। কারণ, সেখানে জুডিসিয়াল মেম্বার রয়েছেন, সেই মেম্বার যে ডিসিসান করেন—রিভিউ মানে হচ্ছে তাঁর নিজের ডিসিসান নিজে দেখা, সেম বডি সেখানে থাকবে। আর একটা বক্তব্য রয়েছে সেটা হচ্ছে পাবলিকেশান অব ড্যাফ্ট ফাইনাল ভ্যালুয়েশান লিস্ট এবং ফাইনাল পাবলিকেশান অব ভ্যালুয়েশান লিষ্ট এই যে দুটো প্রভিসানের মধ্যে অবজেক্সান, এখানে টাইম বলা নেই যে ডেট অব অবজেক্সান কখন হবে—হোয়েন দি ভ্যালুয়েশান আণ্ডার সেকসান ৯ অব দি ল্যাণ্ডস বিল্ডিংস ইন এনি এরিয়া হ্যাজ বিন কমপ্লিটেড। তারপর নেক্সট সাব সেকসান ২-তে বলা হচ্ছে দি বোর্ড স্যাল কজ সাচ ভ্যালুয়েশান টু বি এনটার্ড এন এ লিষ্ট।

[ 7-20—7-30 P. M. ]

তারপর, সাব-সেকসন টুতে রয়েছে The Board shall publish the valuation list in such manner as may be prescribed and shall specify a date within which objections to the list may be filed. কিন্তু সেটা কয়দিনের মধ্যে হবে—থার্টি ডেজ অর ফর্টি ডেজ ? পরে একটা অবশ্য সিক্সটি ডেজ রয়েছে। এখানে যেমন স্পেসিফিক্যালি বলা হয়েছে সেখানেও যদি সেই রকম স্পেসিফিক্যালি বলা হোত যে থার্টি ডেজ—এর মধ্যে ফ্রম দি ডেট অব ড্রাফট পাবলিকেসন অবজেকসন ফাইল করতে হবে তাহলে ভাল হোত। আমি আশা করি মন্ত্রীমহাশয় এটা বিচার করবেন। এটার পরেই ফাইন্যাল পাবলিকেসন হয়ে যাচ্ছে। পাবলিকেসন ফাইন্যাল ভ্যালুয়েসন লিষ্ট যখন হয়ে গেল তারপর নোটিশ দিল। এখানে তার হিয়ারিং হবে এবং হি মে বি এগ্রিভ্‌ড এগেনষ্ট দি ডিভিসন অব দি ফাইন্যাল পাবলিকেসন। ফাইন্যাল পাবলিকেসনের পরে সে যদি এগ্রিভ্‌ড হয় তাহলে তারজন্য যদি আর একটা জায়গা থাকে সেখানে গিয়ে সে তার গ্রিভানসেস্‌ ভেনটিলেট করতে পারে তাহলে ভাল হোত। কিন্তু সেটা না থাকায় তারা ক্ষুব্ধ হয়ে কোর্টে যাবে রিলিফ পাচ্ছে না বলে এবং তাতে অনেক ডিলে হবে। কাজেই এরকম একটা ব্যবস্থা করা যায় কিনা দেখুন। আমি ক্যালকাটা কর্পোরেসনের এবং মিউনিসিপ্যালিটির অ্যাসেসমেন্ট প্রোসিডিওর দেখেছি এবং আমি দেখেছি ট্রাইবুনালগুলো ইমপার্সিয়াল হয় না। কাজেই যদি একটা ইমপার্সিয়াল বডি অর্থাৎ কোন রিটায়ার্ড হাইকোর্ট জাজকে দিয়ে একটা এ্যাপিলিয়েট অথরিটির প্রভিসন করতে পারেন এবং বলতে পারেন দ্যাট উইল বি ফাইন্যাল তাহলে ভাল হয়। এই অ্যাপিল প্রভিসন যদি একজস্ট না করি তাহলে সে হাইকোর্টে যাবে না। অল্টারনেটিভ রিমেডি যদি না থাকে, রিমেডিয়েল মেজার যদি ইনকর্পোরেট করা না থাকে তখন হাইকোর্ট বলবে অল্টারনেটিভ রিমেডি তুমি একজস্ট করেছ কিনা। অ্যাপিল প্রভিশন অ্যাক্টের মধ্যেই রয়েছে। কাজেই সেটা একজস্ট না করে তুমি টু টুয়েন্টিসিক্সে আসতে পার না। কাজেই এই রকম অ্যাপিল প্রভিশন থাকলে ভাল হয়। মন্ত্রীমহাশয় বিচার করে দেখবেন এটা দেওয়া যায় কিনা। তারপর এখানে একটা রিভিউ-এর প্রভিশন রয়েছে কিন্তু রিভিউ এণ্ড এ্যাপিল এক জিনিষ নয়। রিভিউ হচ্ছে সেম্‌ কোর্টের কাছে যাচ্ছে এবং হি মে অ্যাফার্ম হিজ ওন ডিসিশন। অনেক সময় দেখা যায় তার উপরে উঠতে পারে না। কাজেই রিভিউ করবার প্রভিশন এবং অ্যাপীল করবার প্রভিশন সেপারেট বডি। কাজেই যদি একটা কোয়াসি জুডিশিয়াল বডি রিটায়ার্ড হাইকোর্ট

জাজ দিয়ে রিভিউ প্রভিশন অ্যাপীল প্রভিশন-এর ব্যবস্থা থাকে তাহলে ভাল হয়। তারপর আর একটা জায়গায় দেখলাম ভ্যালুয়েশন অথরিটির কথা আছে। একটা হল—সেন্ট্রাল বোর্ড, তারা সমস্ত জায়গায় লিষ্ট করে দেয়। আমরা দেখেছি মিউনিসিপ্যালিটিকে লিষ্ট দিচ্ছে সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড। ভ্যালুয়েশন অথরিটি যেটা হচ্ছে সেটা হয়ত স্পেসিফিক কোন মিউনিসিপ্যালিটির জন্য করেছে। কাজেই এই দুটো বোর্ডের সাথে ঝগড়ার কোন প্রভিশন থাকবে কিনা বা কণ্ট্রাডিক্‌শন হবে কিনা সেটা ভেবে দেখবেন। এটা মিউনিসিপ্যালিটি করবে বা কর্পোরেশন করবে বা তারা একটা সেন্ট্রাল লিষ্ট করল এবং ওরা একটা আলাদা লিষ্ট করল এবং এই লিষ্টগুলো ফ্রম টাইম টু টাইম আপনারা প্রভিশন রেখেছেন যেখানে নতুন বাড়ী হচ্ছে, সেই নতুন বাড়ী হওয়ার সঙ্গে সঙ্গে তার কাছে লিষ্ট পাঠিয়ে দিচ্ছে। নতুন বিল্ডং, রিকনষ্ট্রাকটেড বিল্‌ডিং বা যেগুলো অল্টার করা হচ্ছে তাদের কাছে লিষ্ট চলে যাচ্ছে। এবং সেই লিষ্ট অনুযায়ী তাদের ভ্যালুয়েশন হয়ে যাচ্ছে। কাজেই ভ্যালুয়েশন অথরিটি যেটা ষ্টেট গভর্ণমেণ্ট করছেন, তার কম্পোজিশন মোর অর লেস সেন্ট্রাল বোর্ডের কম্পোজিশনই হচ্ছে। এবং তাদের পাওয়ারগুলো মোটামুটি এখানে দেওয়া আছে। তবে আপনি একটু চিন্তা করে দেখবেন তাদের মধ্যে কোন কনফ্লিক্টের কোন সম্ভাবনা আছে কিনা এবং ডুয়েল অ্যাডমিনিষ্ট্রেশন হতে পারে কিনা। মন্ত্রীমহাশয় আজকে যে বিল উত্থাপিত করেছেন তাতে দেখছি এখানে এতদিন পর্য্যন্ত মিউনিসিপ্যাল-এর বা ক্যালকাটা কর্পোরেশনের যা হয়েছিল তাতে এটা একটা নতুন পদক্ষেপ। এতদিন পর্য্যন্ত আমরা দেখেছি এই সমস্ত বিল্‌ডিংগুলো প্রপার ভ্যালুয়েশন হত না, ইম্পার্শিয়েল বডি থাকত না। ইলেকটেড পার্টি কমিশনাররা থাকত এবং দিনের পর দিন দেখেছি আণ্ডারভ্যালু করেছে বা ওভারভ্যালু করেছে। ঠিকমত রিয়াল ভ্যালুয়েশন করা ইম্পার্সিয়ালি সব সময় সম্ভব হয় না। কারণ ভোটের জন্য যখন আমি তার কাছে যাবো, যে লোকটা প্রভাবশালী ওয়ার্ডের লোক, তার যদি বাড়ী থেকে থাকে সেই সময় দেখা যায় তার বাড়ীর জন্য ঠিকমত জাষ্টিস হয় না, ভ্যালুয়েশনের ব্যাপারে, অ্যাসেসমেণ্টের ব্যাপারে সেটা হয় না। সুতরাং সেই মিউনিসিপ্যালিটির পক্ষেও এটা হয় এবং অন্য জায়গায় কর্পোরেশনের কাউন্সিলারদের পক্ষেও হয়। সুতরাং এই দিক থেকে বিচার করে একটা ইমপার্সিয়াল বডি রেখে রিয়াল একটা জুডিশিয়াল আই রেখে এর কমপোজিশনটা খুব সুন্দর হয়েছে। কারণ সেখানে একজন ইঞ্জিনিয়ারিং এর লোক রেখেছেন, একজন জুডিশিয়াল সার্ভিসের লোক রেখেছেন এবং উনি যদি হাইকোর্টের জাজকে করেন বা জুডিশিয়াল

হলে আরো ভাল হয় এবং আরো ষ্টেট গভর্ণমেণ্টের অফিসার তিনজনকে নেবেন, এই কম্পোজিশন সুন্দর হয়েছে। এতে আমার মনে হয় রিয়াল ভ্যালুয়েশন অ্যাসেস করা যাবে এবং সহরে যে সমস্ত প্রপার্টি আছে তারজন্য আলাদাভাবে ইমপার্সিয়াল অ্যাসেসমেণ্ট হবে এবং তা কার্য্যকরী হবে এবং সরকারকে যে কর ফাঁকি দেয় তার প্রতিকার করা যাবে। নিশ্চয়ই জয়নাল আবেদিন সাহেব এর বিরোধিতা করবেন, বিরোধীপক্ষরা এর বিরোধিতা করবেন কারণ দীর্ঘদিন ধরে এই ইনফ্লুয়েনশিয়াল লোকেরা, বড় লোকেরাই কর ফাঁকি দিয়ে আসছে, ভ্যালুয়েশান আণ্ডার অ্যাসেস করিয়েছেন ওঁদের সময় থেকেই। এই পদ্ধতি ওঁরা জানতেন যে এইভাবে করা যায় কিন্তু তাঁরা করেননি। করেননি কারণ অধিকাংশ লোক কংগ্রেসের বড় লোক যাদের বাড়ী আছে। সুতরাং ঐ ভাবেই তাঁরা করে রেখেছেন এবং তার ফলে আমরা জানি ঐ সব আণ্ডার ভ্যালুয়েশন করে কর বা অ্যাসেসমেণ্ট ফাঁকি দেওয়া সম্ভব হয়েছে। তাই আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে ধন্যবাদ জানিয়ে এই বিলকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[7-30 — 7-40 P.M.]

**মিঃ স্পীকার ঃ** মাননীয় সদস্যদের আমি জানাচ্ছি যে আগামী কাল আমরা ১১টার সময় এই অধিবেশন সুরু করতে চাই। কিন্তু তার আগে আর একটা বিষয় অনুরোধ করবো যে কালকে কিন্তু আপনারা এমনভাবে প্রস্তুত হয়ে আসবেন যাতে সমস্ত প্রোগ্রামটা শেষ করা যায়। কোশ্চেন আওয়ার থাকবে না।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আমাদের প্রিভিলেজ আছে, স্যার, এখন সরকার পক্ষের সঙ্গে সহযোগিতার কোন প্রশ্ন আসে না। They have turned down our request Shabily.

**মিঃ স্পীকার ঃ** সহযোগিতার প্রশ্ন উঠে বই কি, সহযোগিতা করেই তো এটা ঠিক হল।

**শ্রী হাসিম আবদুল হালিম ঃ** তাহলে, স্যার, আমাদের অনুরোধ হবে যে আজকেই এই বিলটা পাশ করান হোক।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** করুন, করুন, We accept it, we chose to ignore it.

**মিঃ স্পীকার ঃ** আমি স্পীকার, আমি এই কথা বলেছি। তার উপরে আপনি যে কথা বললেন তাঁর উত্তরে তিনি ঐ কথা বলেছেন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আপনার কথা আমরা শিরোধার্য করে নিচ্ছি। কিন্তু উনি যে কথা বললেন We are prepared to accept it.

**মিঃ স্পীকার ঃ** আপনাদের কথাই তো ঠিক হল, আপনাদের কথাই গৃহীত হল, আপনাদের সঙ্গে বসেই তো ঠিক হল যে কালকে ১১টার সময় হাউস হবে।

**ডাঃ জয়নাল আবদিন ঃ** ঠিক হয়নি। স্পীকার মহাশয়, আপনাকে অনুরোধ করেছিলাম, আমাদের অনুরোধ রাখা হয়নি। আপনার সম্মানের জন্য এবং আমি নিজে বক্তৃতা করেছি বলে ওঁদের বক্তৃতা শুনছিলাম। একটা পার্লামেন্টারী কনভেনশন ব্রেক করতে চাইনি বলে ওঁদের বক্তৃতা শেষ মুহূর্ত পর্যন্ত শুনে গিয়েছি। ওদের ব্রুট মেজোরিটি আছে বলে remarks of the Judicial Minister ওরা যদি পারেন বিলটা পাশ করিয়ে নেবেন। Let the people see how democracy functions here in West Bengal.

**শ্রী হাসিম আবদুল হালিম :** ঠিক হয়েছিল যে কালকে ১১টায় হাউস হবে এবং যতক্ষণ প্রয়োজন হয় হাউস চলবে। কিন্তু ওরা যদি বলেন যে ওদের প্রিভিলেজ আছে এবং তার জন্য যদি রাজী না হন তাহলে উচিত হবে আজকেই বিলটা পাশ করিয়ে নেওয়া।

স্যার, আমার অনুরোধ হচ্ছে বিরোধীপক্ষ যখনআমাদের সঙ্গে সহযোগিতা করছে না তখন আজকেই এই বিল যা সভায় চলছে সেটা চলুক এবং আজকেই পাশ হোক।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আপনি সিদ্ধান্ত নিয়েছেন যে কালকে বেলা ১১টায় হাউস বসবে। আপনি কি তাহলে সেই সিদ্ধান্ত পরিবর্তন করবেন ?

**শ্রীদীনেশ মজুমদার ঃ** স্যার, এই হাউসে নজির আছে যে রাত্র ৮।৯.১০টা পর্যন্ত হাউস চলেছে। আমি বুঝতে পারছি-না বিরোধীপক্ষ কেন বারবার এই কথা বলেছেন। আমাদের বিজনেস অ্যাডভাইসরি কমিটির মিটিং যখন হয় তখন সেখানে

বিরোধীপক্ষের প্রতিনিধি উপস্থিত ছিলেন এবং আমরা সবসম্মতভাবে এই সিদ্ধান্ত নিয়েছিলাম যে, আজকে এই বিল পাশ করা হবে এবং তাতে সকলেই একমত হয়ে সময় নির্ধারণ করেছেন। আমি তখন এই বিলে কম সময় রাখার জন্য প্রস্তাব করেছিলাম। কিন্তু বিরোধীপক্ষ থেকে বলা হল, এটা একটা গুরুত্বপূর্ণ বিল কাজেই এর জন্য বেশী সময় দেওয়া উচিত। আমি জানতাম আজকে এই বিল পাশ করার জন্য বেশী রাত্র পর্যন্ত বসতে হবে কারণ এটা একটা গুরুত্বপূর্ণ বিল। বিরোধীদলের নেতা বললেন সময় ১ দিন বাড়ান অর্থাৎ কালকে এক নিয়ে নেওয়া যায় কিনা। আমি তখন লিডার অব দি হাউসের সঙ্গে মিট করবার চেষ্টা করলাম। আমি তাঁকে বাড়ীতে ফোন করলাম, রাইটার্স বিল্ডিংস-এ যোগাযোগ করবার চেষ্টা করলাম এবং লাল বাজারের মারফতেও তাঁর সঙ্গে যোগাযোগ করবার চেষ্টা করেছি। কিন্তু দেখলাম তিনি বাইরে চলে গেছেন। আমি তারপর বামফ্রন্টের নেতাদের সঙ্গে আলোচনা করেছি। আপনি স্যার বলেছেন যে, বিরোধীপক্ষের অনুরোধ আপনি রক্ষা করেছেন এবং আমরাও সেটা মেনে নিলাম যে, দুজন বলার পর আজ আর হবে না। কালকে ১১টা থেকে আবার শুরু হবে এবং কালকের যে বিজনেস রয়েছে সেই দুটোই একসঙ্গে হবে। আপনি তখন বলেছিলেন কালকেও কিন্তু তাহলে রাত হবে। কিন্তু ওঁরা যে সমস্ত আচরণ করছেন তাতে দেখছি সরকারী কাজে বাধা দেওয়াটাই ওঁদের উদ্দেশ্য এবং সেইজন্য আজকে হবে না এই সমস্ত কথা বলছেন। ওঁরা কি জানেন না যে, ওঁদের আমলে গত ৩০ বছরে ৮-৯-১০ টা রাত পর্যন্ত হাউস হয়েছে। আপনার কথা আমরা মেনে নিয়েছি কিন্তু ওঁরা আপনার কথায় মর্যাদা দিলেন না। আগামীকাল এই জিনিষ করবেন এই চ্যালেঞ্জ ওঁরা জানিয়ে গেলেন। কাজেই আমার এখন বক্তব্য হচ্ছে তাহলে আজকেই বিল পাশ করুন।

**শ্রীদেবপ্রসাদ সরকার:** মাননীয় স্পীকার মহাশয়, যখন বলা হল কালকে ১১টায় হাউস বসবে তখন আমরা তার বিরোধিতা করিনি। কিন্তু হালিম সাহেব যখন বললেন আমরা এটা পাশ করিয়ে নিতাম তখন বললাম এটা কি ওঁর জেদ, উনি কি আমাদের থ্রেট করছেন? স্যার, হালিম সাহেবই আমাদের মুখে কথা গুজে দিলেন। হালিম সাহেব বলেছেন আমরা এটা পাশ করিয়ে নিতাম তখনই আমরা তার প্রতিবাদ করেছি।

**শ্রী হাসিম আবদুল হালিম:** আমি সেকথা বলিনি। ডাঃ আবেদিন যখন

বললেন এটা আমাদের প্রিভিলেজ রইল তখনই আমি বলছি ওঁরা যদি আপনার কথা না শোনেন তাহলে আজকেই বিল পাশ হোক। আমি কাউকে থ্রেট করিনি। ওঁরা যেসব কথা বলছেন সেগুলো রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত হয়েই বলছেন। ডাঃ আবেদিন বলেছেন, এটা আমাদের প্রিভিলেজ রইল এবং কালকে এটা আমরা প্রয়োগ করব, তখনই আমি ঐকথা বলেছি।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা লক্ষ্য করেছি যে প্রথম থেকেই উনারা বিলকে ডিলে করান, অবস্ট্রাক্ট করার মোটিভ নিয়ে এই রকম প্রস্তাব দিচ্ছেন। সেটা প্রমাণ হয়ে গেল যখন উনাদের প্রস্তাব মেনে নেওয়ার পরেও ডাঃ জয়নাল আবেদিন সাহেব দাঁড়িয়ে বললেন সরকার পক্ষ আমাদের সঙ্গে সহযোগিতা করছেন না, বিরোধিতা করছেন। আমরা তাঁদের প্রস্তাব মেনে নিয়েছিলাম, আগামীকাল হবে একথা আপনি ঘোষণা পর্য্যন্ত করলেন, এসব কথা বলার পরেও এটা তাঁদের ডেলিবারেট ইন্টেনশন যাতে করে ডিলে হয় অন্ততঃ বিলটাকে অবস্ট্রাক্ট করা যায়, এই ট্যাক্‌টিক্স তাঁরা নিয়েছেন, অতএব আমার মত চীফ হুইফ যে প্রস্তাব দিয়েছেন, যে অনুযায়ী বিল পাশ করা হোক্।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** হাউসের সিদ্ধান্ত আপনি ঘোষণা করেছেন, হাউস বন্ধ থাকবে, আগামীকাল ১১টায় হাউস আরম্ভ হবে, আপনি এখন যদি সেটা পরিবর্ত্তন করেন, পার্লামেন্টারী ইতিহাসে এর নজির আছে কিনা জানি না, সেই সিদ্ধান্ত যদি পরিবর্ত্তিত হয়, হাউস চলে, তবে তার প্রতিবাদে আমরা হাউস পরিত্যাগ করছি।

**মিঃ স্পীকার ঃ** আজকে যে সিদ্ধান্ত ছিল তাই বলেছি, তার আগে আমি হাউস মুলতুবি বলে ডিক্লেয়ার করিনি। উনাদের যে সিদ্ধান্ত ছিল, ওঁরা পার্টিসিপেট করবেন, তার জন্যই ১১টায় বসা ঠিক হয়েছিল। এখন যদি ওঁরা পার্টিসিপেটই না করেন তো সে প্রশ্ন উঠে না। আজকে শেডুল আছে এই বিল তিন ঘন্টায় হবে, যেহেতু ওঁরা বললেন শেষ করতে পারছেন না, ১১ টায় করতে চাইলেন, তইন বলা হল কাল যখন ১১ টায় আরম্ভ হবে তখন তাঁদের ডিস্টার্ব করা চলবে না, একথা বলতে তাঁরা বললেন যে না, তাঁদের সেই প্রিভিলেজ থাকছে। উনাদের কো-অপারেশন নেবার জন্যই ১১ টার কথা উত্থাপন করা হয়েছে। তাঁরা যদি নন্‌কোঅপারেট করেন, অবস্ট্রাক্ট করেন, তাহলে হোয়াই সুড দি বিল বি ডেফারড ?

**শ্রীদেবপ্রসাদ সরকার**ঃ বিরোধী সদস্য শূন্য হাউসে যদি বিল পাস করান গণতন্ত্র সম্মত মনে করেন, তাহলে তাই করুন।

( At this stage the members of the Congress, Congress (I), Janata and S. U. C. banches walked out of the chamber.)

[7-40—7-50 P.M.]

**শ্রীমতীশ রায়**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পৌরমন্ত্রী মহাশয় যে বিল এখানে উপস্থিত করেছেন, সেই বিলকে সমর্থন করতে গিয়ে আমি কয়েকটি কথা বলতে চাই। বিলে যে উদ্দেশ্য বর্ণনা করা হয়েছে, সেই উদ্দেশ্যের সাথে আমি একমত কিন্তু পৌর আইনে অতীতে যে সমস্ত দুর্বলতা ছিল কর আদায়ের ক্ষেত্রে, কর ধার্য্য করার ক্ষেত্রে, সেই ব্যাপারে পৌরমন্ত্রী অভিজ্ঞ ব্যক্তি, তাই তাঁর কাছে আমি কয়েকটি কথা রাখতে চাচ্ছি। আমি বিভিন্ন পৌর সভার সাথে জড়িত, শ্রমিক কর্মচারীদের স্বার্থ নিয়ে আমি দেখেছি পৌরসভাগুলির কর আদায়ের ক্ষেত্রে যে প্রবণতা থাকা উচিত, সেই প্রবণতা নেই। কয়েকজন বন্ধু বলেছেন যে নির্বাচিত কমিশনার কিংবা নির্বাচিত কাউন্সিলার যাঁরা থাকেন, তাঁরা অনেক সময় নিজেদের এলাকার ভোটারদের স্বার্থের কথা চিন্তা করেন এবং সামগ্রিকভাবে পৌরসভার যে আর্থিক সঙ্গতি সেটা সুষ্ঠুভাবে কি করে বজায় রাখা যায় সেকথা অনেক সময় তাঁরা ভুলে যান। আমি পৌর মন্ত্রীকে একথা বলতে চাই যে তিনি নিজেই জানেন বাংলাদেশের অধিকাংশ পৌরসভার ক্ষেত্রে যে আয় হওয়া উচিত, কর ধার্য্য করার ক্ষেত্রে যে নীতি নির্ধারিত হচ্ছে সেই নীতি কার্য্যকরী হয় না। অবশ্য অধিকাংশ পৌরসভাগুলি, মিউনিসিপ্যালিটিগুলি এমন কি কর্পোরেশনেরও একই অবস্থা।

৫০ থেকে ৫৫ ভাগের মতো তাদের আয় হয় কর খাতে। কিন্তু আমি বলতে চাই, মন্ত্রী মহোদয় তিনি যেন সেদিকটায় সজাগ দৃষ্টি দেন। করের স্লাব থেকেও যাতে আয়ের দিকটা দেখা হয় সেজন্য অনুরোধ করছি। যাতে করের দিকটা ঠিকমতো প্রয়োগ করা যায় আদায়ের ক্ষেত্রে সেজন্য দৃষ্টি দিতে অনুরোধ করে বলছি যে তাহলে পৌরসভার অনেকগুলো কাজ করা সম্ভব হবে। আর ভ্যালুয়েশান নির্ধারণ করার ক্ষেত্রে অতীতে পৌর আইনে যে বিধি ব্যবস্থা ছিল এবং নূতন বিলে পৌরমন্ত্রী যেকথা বলেছেন তার উদ্দেশ্য সৎ। কিন্তু অতীত ইতিহাস যা

দেখেছি এই কর নির্ধারণের ক্ষেত্রে আমরা কোন ব্যবস্থার মধ্য দিয়ে চলছি। কোন ব্যবস্থার মধ্যে আজকে ভারতবর্ষ চলছে সেটা আমাদের মনে রাখতে হবে। আজও আমরা জানি এবং আমি নাম উল্লেখ করে বলছি আমার এলাকা অর্থাৎ বরানগর পৌর প্রতিষ্ঠান যে নীতির ভিত্তিতে বাড়ী এবং কল কারখানার ট্যাক্স নির্ধারণ করে পাশ্ববর্ত্তী পৌরসভা ঠিক একই পদ্ধতিতে করে না। এই যে বৈষম্যমূলক নীতি এর পিছনে আছে দুষ্টচক্র। তারা বিশেষ স্বার্থে যারা কর নির্ধারণের দায়ীত্ব নেন তাদের কায়েমী স্বার্থের জন্য প্রভাবিত করে তাদের স্বার্থ চরিতার্থ করে। আর একটা কথা বলবো। আমাদের শহরগুলোর অবস্থা আমরা জানি। আমি প্রাদেশিকতার মনোভাব নিয়ে একথা বলছি না। কিন্তু এটা আমরা দেখছি যে অর্থনৈতিক বিপর্য্যয়ের ফলে বিশেষ এলাকার মানুষ সেখান থেকে চলে যাবার কথা চিন্তা করছেন। আমরা গ্রামাঞ্চলে যদি ভূমি সংস্কারের ক্ষেত্রে ইকনমিক হোলডিং বা নন-ইকনমিক হোলডিং কথা বলতে পারি, তাহলে পৌরসভার যে সমস্ত বাড়ী বা কারখানা আছে তাহলে তাদের ক্ষেত্রেও এই রকম ব্যবস্থার কথা কেন চিন্তা করবো না। আমি পৌরমন্ত্রীকে অনুরোধ করবো তিনি যেন এদিকে দৃষ্টি দেন। দেখা যায় কোন কোন বিশেষ বিশেষ এলাকায় যারা সম্পত্তির মালিক, যারা গরীব এবং খুব দীর্ঘদিন আছেন স্থায়ীভাবে, তারা পরিবারের লোকজন নিয়ে অন্য জায়গায় চলে যাবার কথা ভাবছেন অর্থনৈতিক চাপে। যে হারে ট্যাক্স ধার্য্য হয় সেটা দেবার মতো আর্থিক ক্ষমতা নেই। বিশেষ এলাকায় বাড়ী থাকার ফলে পৌর কর্তৃপক্ষ যে ট্যাক্স নির্ধারণ করেন সেটা তারা দিতে পারে না। এমনও ভাবেন যে এই এলাকায় বাড়ী রেখে লাভ নেই। ফলে অবাঙালীদের হাতে বাড়ী চলে যাচ্ছে। সেইদিকে আমাদের দৃষ্টি রাখতে হবে। আমাদের সমাজে যে সমস্ত ব্যাধিগুলি দেখা দিয়েছে পশ্চিমবাংলার স্বার্থ সামনে রেখে আমাদের এই কাজগুলো করা উচিত। সেইজন্য আইনের মধ্যে সংকল্পের কথা ঘোষণা করা হয়েছে যাতে কর আদায়ের ক্ষেত্রে সুষ্ঠ ব্যবস্থা হয়। কেন এই কথা বলছি? আমাদের দেশে ইনকাম ট্যাক্স, সেলস ট্যাক্স-এর ক্ষেত্রে যে বিধি আছে তাতে কর ফাঁকি দেওয়ার একটা বিরাট সুযোগ আছে। আমাদের বিধানসভার বহু সদস্যই এক এই কথা বলেছেন। আমাদের দেশে একটা প্রবণতা আছে আয়কর ফাঁকি দেওয়ার, সেলস ট্যাক্স ফাঁকি দেওয়ার। তাদের কঠোর দণ্ড দেওয়ার বিধি ব্যবস্থা আইনে তেমন নেই। সেইজন্য আমি পৌরমন্ত্রীকে অনুরোধ করবো, তিনি যে সৎ উদ্দেশ্যে পৌরসভার আয় বাড়াবার জন্য এবং সঠিক কর যাতে নির্ধারিত হয় তার জন্য যে আইন আজকে বিধানসভায় পেশ করেছেন সে

আইন যাতে বাস্তবায়িত হয় সেদিকে যেমন তিনি দৃষ্টি দেন। তাহলে পশ্চিমবাংলার সাধারণ মানুষ যারা শহর এলাকায় থাকেন তারা এর দ্বারা উপকৃত হবেন। যদিও এই আইনের বিধি ব্যবস্থা এটা নাই আমি পৌরমন্ত্রীকে অনুরোধ করবো আগামী দিনে শুধু কলকাতা নয় আরও যাতে করর্পোরেসন করা যায় তার চিন্তা তিনি করবেন। তিনি অর্থনৈতিক সংকটের কথা বলেছেন। আমরা জানি আজকে পশ্চিমবাংলায় তিনটি কর্পোরেশন আছে এবং আরও কর্পোরেশন করবার সুযোগও আছে। আমার কাছে সংবাদ আছে যদি আরও কর্পোরেশন এই পশ্চিমবাংলায় গড়ে তুলতে পারি তাহলে কেন্দ্র থেকে আরও অধিক মাত্রায় সাহায্য পাবার সুযোগ আছে। যে কারণে আজকে এই বিলের আর একটা দিক রয়েছে সেটা হচ্ছে অর্থনৈতিক দিক আয়ের দিক এবং সেদিকে লক্ষ্য রেখে আমি পৌরমন্ত্রীর কাছে অনুরোধ করবো কলকাতার আসেপাশে আগামী দিনে নূতন করে আরো কর্পোরেশন করার চেষ্টা করুন। ট্যাক্স আদায়ের ক্ষেত্রে একটা বড়ির কথা বলা হয়েছে। পৌরমন্ত্রী তিনি নিজে একজন আইনজ্ঞ আমি সত্যি কথা বলতে চাই আমি দেখতে পাচ্ছি বিলের কিছু কিছু জায়গায় ক্রটি আছে বলে মনে করি। এখনও সব কিছু বলতে পারছি না। আমাদের দেশে আইনের দুর্বলতার সুযোগ নিয়ে শুধু পরিভাষার সুযোগ নিয়ে কর ফাঁকি দিয়ে আদালতের আশ্রয় নিচ্ছে। সেইজন্য আমি বলবো যে কমিটির কথা বলেছেন বিচারকদের নিয়ে আমি অনুরোধ করবো ঐ যে ৭ বছরের অভিজ্ঞতাসম্পন্ন পৌরসভা বিষয়ে সেখানে বিচারকদের পদমর্যাদা not below the rank of Additional District Judge এটা থাকা উচিত। কারণ এই ধরণের বিচারক যারা তারা তাদের কাজের মধ্য দিয়ে তাদের পৌরসভার অনেকগুলি কাজ করতে হয় চাকুরী জীবনের মধ্য দিয়ে করতে হয়। সেইজন্য আমি অনুরোধ করবো এখানে যেন এই কথাটা সংযোজন করা হোক ৭ বছরের অভিজ্ঞতাসম্পন্ন তাদের পদমর্যাদা not below the rank of Additional District Judge যেন লেখা হয়। আর একটি কথা রিভিউ কমিটির ব্যাপারে যে কথাটা আছে আমি সেই জায়গায় বলবো আমাদের অভিজ্ঞতা থেকে এবং কেউ কেউ বলেছেনও আমি সেই জায়গায় আমি একমত হতে পারছি না। রিভিউ কমিটির যারা সদস্য থাকবেন যারা ভ্যালুয়েসন কমিটির সদস্য ছিলেন তারা উপর সারির লোক অর্থাৎ সেখানে আমি বলবো বিচার বিভাগের কোন রিটায়ার্ড হাইকোর্ট জাজ নয় সেখানে যদি সম্ভব হয় যেটা আমরা বিভিন্ন সময়ে দেখেছি সিনিয়র সিটি সিভিল কোর্ট-এর চীফ জাজ পদমর্যাদাসম্পন্ন সিনিয়র জজ যারা

আছেন তাদের নিয়ে তাদের চেয়ারম্যান করে রিভিউ কমিটি করা উচিত। তাহলে এটা আরও সুষ্ঠু হবে। তারপর আপনি যে রিটার্নের কথা বললেন, যাদের সম্পত্তি আছে, যিনি সম্পত্তির মালিক তাকে রিটার্ণ দিতে হবে। আমার বক্তব্য হচ্ছে সেই রিটার্ণের চেহারা কি রকম হবে তা আমরা এখনও পাইনি —হয়তো সেটা রুলসের মধ্যে হবে। আমি বলতে চাই সেই রিটার্ণের মধ্যে একটা কলম যেন রাখা হয় যিনি বাড়ীর মালিক বা জমির মালিক রিটার্ণ সাবমিট করবে সেখানে সেই কলমে ওয়ার্ড কমিশনায় বা কমিশনার তাঁর মন্তব্য লিখে দেবেন যে ঐ যে রিটার্ণ দেওয়া হয়েছে যে সব পার্টিকুলার্স ফারনিস করা হয়েছে তার সঙ্গে তিনি এক মত অর আদারওয়াইজ। এই কথা বলে আমি এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[7-50—8-00 P.M.]

**শ্রীকমলকৃষ্ণ ভট্টাচার্য্য :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌরমন্ত্রী যে বিলটি এনেছেন আমি তাকে সমর্থন করছি। আমার অনেক কিছু বলার ছিল। কিন্তু আপনি বলেছেন সংবাদপত্রের লোক নেই, বিরোধীদলের সদস্যরাও নেই, সুতরাং আমার বলার আগ্রহও তেমন আর নেই। আমি দীর্ঘ ২৪ বছর ধরে পৌরসভার সঙ্গে যুক্ত আছি এবং ১০ বছর চেয়ারম্যান ছিলাম। তাই মাননীয় পৌরমন্ত্রী ভ্যালুয়েসান অ্যাসেসমেন্ট সম্পর্কে যে বিলটি এনেছেন সেটিকে সমর্থন না করে উপায় নেই। কারণ আমাদের অভিজ্ঞতায় দেখেছি পৌরসভাগুলি চলে না, খুঁড়িয়ে খুঁড়িয়ে চলে। যখনই টাকার প্রয়োজন হয় তখনই গভর্ণমেণ্টের কাছ থেকে টাকা ধার নিয়ে চালাতে হয়। ইনকাম সম্পর্কে ১৯৩২ সালের পৌর আইনকে সংশোন করার জন্য কমিটি হয়েছিল এবং তারা সংশোধন করে রিপোর্টও দিয়েছেন। সেটা পাশ না হওয়া পর্যন্ত যে বিলটি এসেছে সেটা একটু মন্দের ভাল। এটা ঠিক যে অ্যাসেসমেন্ট বৈজ্ঞানিক ভিত্তিতে হওয়া দরকার। আমরা সহরাঞ্চলের কথা জানি এবং অনেক কর্পোরেশনের কথাও জানি, যেখানে কম ভ্যালুয়েসন দেখিয়ে অনেক টাকা ফাঁকি দেয়। সহরাঞ্চলে এমন অনেক অ্যাসেসার আছেন যারা কম পয়সা পান। তারা যা-তা করেন। মন্ত্রী মহাশয় এই কথা ঠিকই বলেছেন। স্বভাবতঃই আমরা জানি যে অ্যাসেসমেণ্টের সময় ঘুস চলে। ২০০ টাকা দিলে ভ্যালুয়েসান বাড়ে না, আর দিলেই ভ্যালুয়েসান বেড়ে যায়। এইসব ঘটনা বিগত ২৪ বছর ধরে আমরা দেখে আসছি।

মাননীয় সদস্য শ্রীপতিত পবন পাঠক যা বলেছেন আমিও তার সঙ্গে একমত হয়ে বলছি যে বিলটি আরো একটু কমপ্রিহেনসিভ হওয়া দরকার। আমরা জানি উত্তরপাড়া মিউনিসিপ্যালিটির সঙ্গে হিন্দ্ মোটরকে যুক্ত করতে গিয়েও করা গেল না, হাইকোর্টে আটকে গেল। প্ল্যান্ট এণ্ড ল্যাণ্ডের সঙ্গে, প্ল্যান্ট এণ্ড মেশিনারি যদি না থাকে তাহলে কি হবে—কিছুতেই উত্তরপাড়া মিউনিসিপ্যালিটির সঙ্গে যুক্ত করা যাচ্ছে না। ঐ মালিকরা প্রত্যেকবারে হাইকোর্টে গিয়ে আটকে দিচ্ছে। প্ল্যান্ট এণ্ড মেশিনারির নাম করে হাইকোর্টে গিয়ে আটকে দিচ্ছে। কারণ ওরা জানে যে কিভাবে আইনের ফাঁক খুঁজে বের করা যায় সেটা দেখে নিয়ে এই জিনিষ করে। কিছুতেই অ্যাসেসমেণ্ট করা যাচ্ছে না, ওরা আইনের ফাঁক খুঁজে বাধা দিচ্ছে। ৯(৩) সাবস্ট্যানসিয়ালি অলটার্ড—এই আইনের ব্যাখ্যা অনেক কিছু হয়ে যাবে। মিউনিসিপ্যালিটিগুলির এক রকম হবে, আর কলকাতার ট্যাক্স আর এক রকম হবে, সাবস্ট্যানসিয়্যালি অলটারেসান হয় না। মিনিমাম ছিল, সাবস্ট্যানসিয়ালি না করে মেটিরিয়্যাল অলটারেসন করলে ভাল হয়। আর পানিসমেণ্টের যে ক্লজটি আছে সেই বিষয়ে আমি শ্রীপতিত পবন পাঠক মহাশয়ের সঙ্গে খানিকটা একমত। কারণ অনেকে আছেন এইসব আইনটাইন বুঝবেন না, পানিসমেণ্টের প্রশ্ন এসে যাবে। সুতরাং এই দিকটা ফ্লেকসিবল করা যায় কিনা দেখতে হবে। এই কথা বলে আমি এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম। উৎসাহহীন বক্তৃতা আমি এইখানেই শেষ করছি, আশা করি সবাই এই বিলটিকে গ্রহণ করবেন এবং বিলটি পাশ হবে।

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার রিপ্লাই দেবার অনেক কিছু ছিল। কিন্তু বিরোধী দলের লোকেরা চলে গেছেন, তাই আমি আর বেশী কিছু বলতে চাচ্ছি না। তারা বলে গেছেন বলেই আমি শুধু এটা রেকর্ডের জন্য বলছি। ১৯৭৫ সালের জুন মাসে বিগত ক্যাবিনেট সেণ্ট্রাল ভ্যালুয়েসন অর্গানাইজেসন অ্যাক্ট পাশ করেছিলেন এবং মার্চ ৯, ১৯৭৭ সালে সেণ্ট্রাল ভ্যালুয়েসন বোর্ড অর্ডিন্যান্স পাশ করলেন। আমি বুঝতে পারলাম না যে কোন কারণেই হোক পরে সেই বিলটি গৃহীত হয়নি বা হওয়ার মত অবস্থা ছিল কিনা আমি জানি না। কিন্তু আজকে তারা যেভাবে আপত্তি করলেন এটা আমার কাছে খুব খারাপ লাগল। আমার কয়েকটি কথা বলার ছিল। আমাদের মাননীয় সদস্য বন্ধুরা অনেক কথা বলেছেন। আমার বেশী সময় নেই। আমি শুধু একটি

কথা বলতে চাই। এই সভায় আনতে পারিনি, আমরা দুটি বিল আনছি। একটি হল দি বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট, ১৯৩২, সংশোধিত আকারে আনছি—সেখানে অনেক কিছু সংশোধন করা হয়েছে। আর একটি হল ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্ট ১৯৭৮, এটারও আমূল পরিবর্তন হবে। এই দুটি বিল নিয়ে আমরা এখানে যখন আলোচনা করব, তখন মাননীয় সদস্যরা যেগুলি আলোচনা করলেন, যে আমাদের মিউনিসিপ্যালিটি চলে না, টাকা আদায় হয় না, এই সমস্ত প্রশ্নগুলি নিয়ে সেই সময় আলোচনা করতে পারব এবং খানিকটা সমস্যার সমাধান আমরা করতে পারব।

এখানে এই বিলটা আনার প্রধান উদ্দেশ্য—একটা বিষয় আমি পড়ে দিই, With a view to obtaining uniformity in valuation, objectivity in assessment and securing a higher yield of municipal revenue throughout the State.. আপনারা সবাই একমত হবেন রিভিউয়ের ব্যবস্থা এত খারাপ যে আমরা মিউনিসিপ্যালিটিতে কোন সার্ভিস দিতে পারি না। আমাদের যে ১০০টি মিউনিসিপ্যালিটি আছে তার মধ্যে ১৫-২০টি ছাড়া কোন মিউনিসিপ্যালিটিতে নাগরিকদের সুযোগ সুবিধা দিতে পারি না। পশ্চিমবঙ্গের মিউনিসিপ্যালিটিতে সরকার পক্ষ থেকে ৬ কোটি টাকা অনুদান হিসেবে নানাভাবে দেওয়া হয়। এবং তাদের নিজস্ব আয় হল ৫ কোটি টাকা। এটা দিয়ে তারা চালাতে পারে না। আমরা যখন বিভিন্ন খাতে টাকা দিই তখন সেটা স্বাভাবিক ভাবেই শ্রমিক কর্মচারীদের মাইনে দেবার জন্য ব্যয় করে। অর্থাৎ ডাইভারসন হয়ে যায়। এলাকার উন্নয়নের জন্য তাদের টাকা ব্যয় হয় না। এ্যাসেসমেন্টের ব্যাপারে, আমার মনে হয় এখানে বহু মাননীয় সদস্য আছেন যাঁরা মিউনিসিপ্যালিটির সঙ্গে যুক্ত আছেন তাঁরা জানেন যে কিভাবে এ্যাসেসমেন্ট হয়, কিভাবে রিভিউ হয়, আমি তার মধ্যে যাচ্ছি না। আমি শুধু একটি কথা বলি আজকে কলকাতা কর্পোরেশন বা আমাদের মিউনিসিপ্যালিটিগুলোতে কেন এই হাল হয়েছে আমি তথ্য দিয়ে তা জানিয়ে দিচ্ছি। ক্যালকাটা কর্পোরেশনের এ্যানুয়েল ভ্যালুয়েশন হল ৪৬ কোটি টাকা আর বোম্বে কর্পোরেশনের এ্যানুয়েল ভ্যালুয়েশন হল ১২০ কোটি টাকা, তাহলেই বুঝতে পারবেন ক্যালকাটা কর্পোরেশনের প্রপার্টি আণ্ডার এ্যাসেস্ট হয়ে আছে কিনা। এটা ঠিক ক্যালকাটা কর্পোরেশনের স্ল্যাব সিস্টেম আছে তাতে হয়ত আমাদের ট্যাক্স কম হতে পারে। কিন্তু বোম্বে মিউনিসিপ্যালিটিতে তাদের একটাই ট্যাক্সের হার সেটা হল ৪০ পারসেন্ট।

সেই জন্য তাদের একটু বেশী। তাদের এখন আয় হল ৭৫ কোটি টাকা আর ক্যালকাটা কর্পোরেশনের আয় মাত্র ১৪ থেকে ১৫ কোটি টাকা। দুটি শহরে পপুলেসনের দিক দিয়ে যদি বিচার করি তাহলে দেখা যাবে ক্যালকাটা প্রপার যেটা ক্যালকাটা কর্পোরেশনের আওতায় ধরা হয় তার মধ্যে ৪০ লক্ষ লোক বাস করে আর গ্রেটার ক্যালকাটা ধরলে ৮০ লক্ষ পপুলেসন এবং তার মধ্যে আরও ৩২টি মিউনিসিপ্যালিটি আছে। আর বোম্বেতে ৫০-৬০ লক্ষ হবে। এটা বোম্বে কর্পোরেশনের থেকে বড় বোম্বে কর্পোরেশনের থেকে বেশী পপুলেসন। আমি আর একটা ধরি এ্যানুয়েল ভ্যালুয়েশনের হার কি রকম—ধরুন ক্যালকাটা সিটি এ্যাজ এ হোল হাজার টাকা ভ্যালুয়েশন। বাড়ীর বাস্তবিক মূল্য ১ হাজার টাকা। বাস্তবিক মূল্য কিভাবে ধরা হয়? মাসে যে কোন একটা বাড়ীর ভাড়া যদি ১০ টাকা ধরেন তাহলে সেই বাড়ীর মূল্যায়ণ হবে ১২০ টাকা। অর্থাৎ ১২ মাসে যে ভাড়াটা সেটাই হবে মূল্যায়ন, এটাই সাধারণ হিসাব। ক্যালকাটা সিটির যদি সমস্তটা ধরি তাহলে ৫১ পারসেন্ট হলে আমাদের ভ্যালুয়েশন ১০০০ টাকার মধ্যে। এখানে দেড় লক্ষ বাড়ী আছে, ১০০০ টাকা মধ্যে হল ৫১ পারসেন্ট। ডালহৌসী স্কোয়ার এরিয়ার মধ্যে ১০০০ টাকার মধ্যে ভ্যালুয়েশন হল ১২.৩ পারসেন্ট হাউসেস।

[8-00—8-12 P.M.]

এবং এক একটা বাড়ীর কত রেন্ট তারা নেন? একটা বাড়ীতে হয়ত ১০টা ভাড়াটিয়া আছেন, সেই বাড়ীর ভ্যালুয়েশান হল এক হাজার টাকার কম। মিশন রো এরিয়াতে ১ হাজার টাকার কম ভ্যালুয়েশান হচ্ছে ১৩.৭ পারসেন্ট। বড়বাজার এরিয়াতে যেখানে লক্ষ লক্ষ, কোটি কোটি টাকার ব্যবসা হয় সেখানে ১ হাজার টাকার কম ভ্যালুয়েশানের বাড়ী ১৯.১ পারসেন্ট। অর্থাৎ শতকরা ১৯ ভাগ বাড়ীর এক হাজার টাকার কম ভ্যালুয়েশান। আমি এবারে মিউনিসিপ্যালিটির কথা বলি। আমাদের মিউনিসিপ্যালিটির মাননীয় সদস্যরা এখানে আছেন, মিউনিসি-প্যালিটিতে ৫০ টাকা থেকে ২ হাজার টাকার ভ্যালুয়েশান হচ্ছে ৭২.৫ পারসেন্ট। তাহলে বুঝুন যে কত কম। এক হাজার টাকার কম সেটা হল ৫০ টাকা থেকে ২ হাজার টাকার বাড়ী, এটা হল ৭২.৫ পারসেন্ট। আরো কতকগুলো মিউনিসিপ্যালিটি আছে যেমন—নিউ ব্যারাকপুর এক হাজার টাকার কম ভ্যালুয়েশান হচ্ছে ৭৮.১ পারসেন্ট, নর্থ ব্যারাকপুর ৯৭.৩ পারসেন্ট, বজ বজ ৯২.১ পারসেন্ট, বারাসাত ৯৮.১ পারসেন্ট, বালুর ঘাট ৯৭.২ পারসেন্ট, আসানসোল ৭১.৬ পারসেন্ট। আপনি

মিউনিসিপ্যালিটিগুলিকে চালাবেন কি করে? এই বিল সম্পর্কে অনেকে বলেছে, আমিও আরো কিছু বলতে পারতাম। তবে আমি মনে করি এর মধ্যে খুব একটা গলদ নেই। তাছাড়া আইনের মধ্যে যদি গলদ থাকেও সেটা সংশোধন হতে পারে তাতে কোন অসুবিধা নেই। আমি মাননীয় সদস্যদের এই কথা বলি যে আমাদের সরকারের উদ্দেশ্য হচ্ছে এই মিউনিসিপ্যালিটিগুলিকে কি করে ভায়েবল করা যায়। উই মাষ্ট গিভ সাম সার্ভিস টু দি সিটিজেনস। আমরা আমাদের অভিজ্ঞতা থেকে দেখছি যে, আপনি যদি বলেন তাহলে সিটিজেনরা টাকা দেবে। কিন্তু সে রাস্তা চায়, ড্রেন চায়। আমাদের ষ্টেট গভর্ণমেন্ট ৬ কোটি টাকা দিয়েছেন কিন্তু সেই টাকা ডেভেলপমেন্ট খাতে ব্যয় না হয়ে অন্য খাতে ব্যয় হচ্ছে। কাজেই এইভাবে বেশী দিন চলা উচিত নয়। সে জন্য আমি মাননীয় সদস্যদের অনুরোধ করবো, আপনারা এই বিলটা গ্রহণ করুন।

The motion of Shri Prasanta Kumar Sur that the West Bengal Central Valuation Board Bill, 1978, be taken into consideration, was then put and agreed to.

**Clause—1**

The question that clause 1 do stand part of the Bill, was then put and agreed to.

**Clauses 2 to 4.**

Question that clauses 2 to 4 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 5**

**Shri Sachin Sen :** Sir, I beg to move that in clause 5, in sub-clause (4), in line 2, for the words "shall hold office for a period of six years", the words "shall hold office for such period not exceeding six years as the State Government may determine" be substituted.

আমি কোন বক্তব্য রাখছি না।

**Shri Prasanta Kumar Sur :** I accept the amendment.

The motion was then put and agreed to.

The question that clause 5, as amended, do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 6 to 26**

The question that clauses 6 to 26 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 27**

**Shri Sachin Sen :** Sir I beg to move that in clause 27, in sub-clause (5), in line 2, for the words "shall hold office for a period of six years", the words "shall hold office for such period not exceeding six years as the State Government may determine" be substituted.

আমি কোন বক্তব্য রাখছি না।

**Shri Prasanta Kumar Sur :** I accept the amendment.

The motion was then put and agreed to.

The question that clause 27, as amended, do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 28, 29 and Preamble**

The question that clauses 28, 29 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Prasanta Kumar Sur :** Sir, I beg to move that the West Bengal Central Valuation Board Bill, 1978, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**অধ্যক্ষ মহোদয় :** আজকের সভার কার্য্য এখানেই মুলতুবী রাখা হচ্ছে। আগামী কাল বেলা ১টার সময় এই অধিবেশন আবার শুরু হবে।

**Adjournment**

The House was accordingly adjourned at 8-12 p.m. till 1 p.m. on Friday, the 15th December, 1978, at the "Assembly House", Calcutta.

AP(69-II)78—101

**Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 15th December, 1978, at 1 P.M.

**Present**

Mr. Speaker (Sri Syed Abui Mansur Habibullah) in the Chair, 14 Ministers, 5 Ministers of State and 197 Members.

**শ্রীসত্যরঞ্জন বাপুলী**ঃ স্যার, জোর করে ধান কেটে নিয়ে গেছে, ( একগোছা ধানের গাছ দেখাইয়া ) এই দেখুন, জনসাধারণ আমাদের কাছে জমা দিয়ে গেছেন।

( গোলমাল, একসঙ্গে অনেক সদস্য উঠিয়া বলিতে লাগিলেন )

**শ্রীসুনীতি চট্টরাজ**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সি. পি. এম. গুণ্ডাদের কাছ থেকে সীজ করে জনসাধারণ আজকে আকাদের কাছে জমা দিয়ে গেছেন আপনার কাছে দেবার জন্য। সি. পি. এমের লোকেরা লাল পতাকা লাগিয়ে এইভাবে ধান কেটে নিয়ে গেছে। জনসাধারণ কোন রকমে সীজ করে আমাদের হাতে দিয়ে গেছেন আপনাকে দেবার জন্য···( গোলমাল ) আপনি ব্যবস্থা অবলম্বন করুন। পশ্চিমবাংলার মানুষ এইভাবে বাঁচতে পারবে না। পুলিশের সামনে তাঁরা ধান কেটে নিয়ে যাচ্ছে, পুলিশ চুপচাপ দাঁড়িয়ে আছে। ( গোলমাল ) ··আমি এই ধানের গোছা আপনার কাছে দিচ্ছি, আপনি দেখুন।

( গোলমাল )

**শ্রীনির্মলকুমার বোস**ঃ অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, আমার বৈধতার প্রশ্ন হচ্ছে যে, এটা বিধানসভা, সভা তাকেই বলে যেখানে সভ্যরা থাকেন।

কিন্তু একমাত্র বিরোধী দলের সদস্য বন্ধুরা যে আচরণ করলেন সেটা সভ্য জনোচিত নয়—এটা অশালীন, অসভ্য আচরণ, উদ্দেশ্যমূলকভাবে এই জিনিষ করা হচ্ছে। এইজন্য আমি পয়েন্ট অফ অর্ডার তুলেছি।

( গোলমাল )

**মিঃ স্পীকার ঃ** ওঁকে বলতে দিন, নির্মলবাবু পয়েণ্ট অফ অর্ডার তুলেছেন।

**শ্রীনির্মলকুমার বোস ঃ** আমার বক্তব্য হচ্ছে ওঁরা এইভাবে আমাদের বসিয়ে দেবার চেষ্টা করছেন, মুশকিলের কথা। আমার বৈধতার প্রশ্ন হল পশ্চিমবঙ্গের বিধানসভা, এই সংবিধান চালু হবার পর দীর্ঘকাল ধরে চলছে এবং তার আগে ইংরাজ আমলেও বিধানসভা ছিল—বিধান পরিষদ ছিল। আমি বিধান পরিষদেরও সদস্য ছিলাম—( গোলমাল, রজনীকান্ত দোলই এবং অন্যান্য অনেক সভ্য একসঙ্গে বক্তব্য বলিবার জন্য উঠিয়া দাঁড়ান )

**মিঃ স্পীকার ঃ** Why do you say that I did not allow you ? Did I object.

**শ্রীনির্মল কুমার বোস ঃ** আমার বৈধতার প্রশ্ন হল—এইরকম আচরণ কখনও বিধানসভায় ইতিপূর্বে হয়নি—

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাঠের ধান কাটা যাচ্ছে, মধ্যবিত্ত চাষী মার খাচ্ছে। We do not want any advice from you.

**শ্রীনির্মলকুমার বোস ঃ** পৃথিবীর অন্যান্য দেশে দেখুন, ভারতীয় লোকসভায় দেখুন, রাজ্য সভায় দেখুন—এই জিনিষ এইভাবে কোথাও হয় না। অসত্য ভাষণ দিয়ে নাটক সৃষ্টি করতে চাইছেন। এটা যাত্রার আসর নয়, এটা বিধানসভা। বিধানসভার অবমাননা করলে ন্যায্য ব্যবস্থা আপনি ওঁদের বিরুদ্ধে গ্রহণ করুন।

( গোলমাল )

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** কথাটা উইথড্র করতে হবে।

**মিঃ স্পীকার ঃ** অতীশবাবু আপনার পয়েণ্ট অফ অর্ডার বলুন।

**শ্রীঅতীশচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, নির্মলবাবু বললেন আমরা সব সময় অসত্য ভাষণ করি, যতদিন বিধানসভা চলছে আমরা সবসময় অসত্য ভাষণ দিই, সত্য ভাষণ একেবারেই দিই না। আমার পয়েণ্ট অফ অর্ডার হচ্ছে এই—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমি একটি প্রশ্ন দিয়েছিলাম, রাধিকাবাবুকে তাঁর

উত্তর দেবার ডেট বা সময় দিতে বলেছিলাম, অথচ উনি আজও তা দিতে পারেননি, নির্মলবাবু বলছেন আমরা অসত্য ভাষণ করি।

( গোলমাল )

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, আমি একটা নোটিশ দিয়েছি।

**মিঃ স্পীকার ঃ** আগে অতীশবাবুকে বলতে দিন।

**শ্রীঅতীশচন্দ্র সিনহা ঃ** আগ্নেয় অস্ত্র আনতে কি আপনি পারমিশন দিয়েছেন? Sir, if 'Agneyastra is allowed then 'Dhaner Sheesh' should also be allowed. কেউ কেউ আগ্নেয়াস্ত্র আনেন আমরা জানি।

**মিঃ স্পীকার ঃ** ধানের শীষ আনা যাবে কি ধান আনা যাবে সে সম্বন্ধে আমি জানি না। অমলবাবুকে বলতে দিন।

**শ্রীঅমলেন্দ্র রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের হাউসের সামনে লিষ্ট অফ বিজনেস রয়েছে সেই অনুযায়ী আমাদের কাজ এখন শুরু করতে হবে এবং This is a vital point of order that I am placing here.

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মানুষ মারা যাচ্ছে—নীতির কথা শুনতে চাই না।

[1-10—1-20 P.M.]

**শ্রীঅমলেন্দু রায় ঃ** আমি জানতে চাই আমাকে পয়েন্টঅফ অর্ডার তুলতে দেওয়া হবে কিনা? আপনারা গণতান্ত্রিক শাসন ব্যবস্থা কায়েম করতে চান—দিচ্ছেন না শুধু গোলমাল করছেন। দত্ত কমিশন আপনারা বানচাল করেছেন। হাউসের মধ্যে সভ্যদের যা যা বক্তব্য আছে সেটা বলতে দিন। আই এ্যাম অন এ পয়েন্ট অফ অর্ডার, স্পীকার আমাকে বলতে এ্যালাউ করেছেন। আমি এই কথা বলতে চাই আজকে লিষ্ট অফ বিজনেসে যে বিষয়ের অবতারণা আছে সেই অনুযায়ী হবে। অবষ্ট্রাকসান অফ দি প্রসিডিংস অফ দি হাউস কারুর করার ক্ষমতা নেই। কাজেই আমি রুলিং চাইছি যে অবষ্ট্রাকসান অফ দি প্রসিডিংস অফ দি হাউস হবে কিনা?

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** গতকাল আমরা যখন যাই আমরা সুস্পষ্টভাবে আপনার কাছে ঘোষণা শুনেছি যে, হাউস আজকে ১১টায় বসবে। আমরা ১১টার সময় এসে হাউস খোলা পাই নি।

( গোলমাল )

আমি জানতে চাই হাউস কেন বসলো না? আমি একটা প্রিভিলেজ নোটিশ দিয়েছি ১২৬ অনুযায়ী। আমি রুলিং চাচ্ছি কোন্ বিধান অনুসারে আপনি ঘোষণা করেছিলেন যে ১১টায় হাউস বসবে—অথচ হাউস বসে নি—একটার সময় বসেছে। আপনার কাছ থেকে রুলিং চাচ্ছি। ( গোলমাল ) ১১টার সময় হাউস বসার কথা সেখানে ১টায় কেন বসলো এ বিষয় আপনি রুলিং দিন। We heard that the House

( Noise )

We heard it and it is on the record. You have announced it unilaterally I want to bring a motion of privilege today. আমার প্রিভিলেজ নোটিশ আছে এর ফয়শালা আপনি করুন।

**শ্রী হাসিম আবদুল হালিম:** গতকাল হাউসে যে কথা হয়েছিলো তখন আমরা সকলে ছিলাম, জয়নাল সাহেব ছিলেন কাশীবাবু ছিলেন। তারপর তারা ওয়াক আউট করে গেলেন।

**Dr. Zoynal Abedin:** We like to hear the tape.

**শ্রীকাশীকান্ত মৈত্র:** আমি কিছু বলতে চাই। ( গোলমাল ) এতক্ষণ হাউস উত্তপ্ত হয়েছিলো আপনি দেখেছেন আমরা চুপ করেছিলাম।

**শ্রী হাসিম আবদুল হালিম:** আমি বলি তারপর আপনি বলবেন।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** এখানে আপনি রয়েছেন মুখ্যমন্ত্রী রয়েছেন······

( গোলমাল )

**মিঃ স্পীকার:** অর্ডার প্লিজ, আমাকে বলুন কিভাবে হাউস চলবে?

**শ্রীজ্যোতি বসু:** স্পীকার মহাশয়, কি হচ্ছে কিছুই বুঝতে পাচ্ছি না। কাগজ দেখলাম, কি হচ্ছে না হচ্ছে শুনতে পাচ্ছি না। এখন ছিলো প্রশ্ন উত্তর—তা প্রশ্ন উত্তর না হয়ে এ সব হচ্ছে—অমল রায় এ সম্বন্ধে রুলিং চেয়েছেন—এটা কি এইভাবে হতে পারে? আপনি যদি অনুমতি দেন তো চলুক, আমার কোন আপত্তি নেই। তাহলে ২টা থেকে ৩টা প্রশ্ন হবে—আমরা সেটা জানতে চাচ্ছি? আপনি রুলিং দিন কি অর্ডারে কাজ হবে। এইসব হচ্ছে—এগুলো তো প্রশ্ন উত্তরের পরে হয়। আপনি তো সবাইকেই অনুমতি দেন যে যা খুশী বলুক। সেটা তো প্রশ্নের

পরে হয় এখন হঠাৎ এটা কি হচ্ছে—কিছু তো বুঝতে পাচ্ছি না। আপনি আমাদের বলে দিন যে যেভাবে আছে সেভাবে হবে না আমাদের রুলস এর সাসপেনসান হয়েছে।

( গোলমাল )

**মিঃ স্পীকার :** দু পক্ষ যা চাইবে।

**শ্রীজ্যোতি বসু :** এটা দু পক্ষের কথা নয়। আপনি আমাদের বলে দিন যে আপনার রুলিংটা কি ? আপনি কি চান যে অর্ডার এ আছে তাই হবে না কি কেউ গিয়েছিলো আপনার ঘরে—আপনি সেটাকে বদলে দিয়েছেন। আমি সেটাকে জানতে চাচ্ছি।

( গোলমাল )

আপনার রুলিং যদি ওরা না মানেন তাহলে আপনার যা করা সে আপনি করবেন। আপনার রুলিংটা আগে আমি চাই যে কি অর্ডারে হাউস হবে ? একটা একটা করে অর্ডার হবে। আমি সেই অর্ডারের কথাই তুলছি। আপনি সেটা রুলিং দিন। আপনি সেটা রুলিং দেবার পরে অন্য কিছু হবে। আপনার অর্ডারের আগে তো আর অন্য কারোর অর্ডার হতে পারে না। আপনি রুলিং দিন, সেই রুলিং দেবার পর অন্য কথা। আমার পয়েন্ট অব অর্ডার হল অমলবাবু যেটা তুলেছেন সেটাই, আমি তাঁকে সমর্থন করছি। সেটা রুলিং দেবার পর ওঁরা যা বলবেন—কি করবেন, তাঁদের জন্য কিছু আছে বলার, আমি আপত্তি করব কি করে। কিন্তু আমি আপনার কাছে শুনতে চাই যে কি অর্ডারে হাউস চলবে, আমাদের যে বিজনেস আছে সেটা হবে, নাকি কিছু পরিবর্তন করেছেন।

**মিঃ স্পীকার :** আমি কোন পরিবর্তন করিনি, তার আগে পয়েন্ট অব অর্ডার রেজ্ঞ করলে……

**শ্রীজ্যোতি বসু :** পয়েন্ট অর্ডার রেজ্ঞ করতে পারে না। কি করে কোয়েশ্চেনের আগে এইসব হয় ? এইসব হতে পারে না। এখানে ধান এনে, গরুর গাড়ী এনে দেখিয়ে দেবে নাকি ?

( তুমুল হট্টগোল )

[ 1-20—1-30 P.M. ]

**শ্রীকাশীকান্ত মৈত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমিও মাননীয় মুখ্যমন্ত্রীর মত জিজ্ঞাসা করছি, আমি বুঝতে পারছি না, হাউস কিভাবে চলবে, একটা নিয়ম-কানুন মেনে চলবে, না, চলবে না ?

( তমুল হট্টগোল )

স্যার, এটা কারোর বৈঠকখানা বা আড্ডাখানা নয়, কাউকে ধমক দেওয়ার অধিকার নেই।

**মিঃ স্পীকার ঃ** এখন প্রশ্নোত্তর, শ্রীধীরেন্দ্রনাথ সরকার।

( তুমুল হট্টগোল )

**শ্রীঅমলেন্দ্র রায় ঃ** স্যার, লিস্ট অব বিজনেসের বাইরে কিছু হতে পারে না, আই স্টিক টু মাই পয়েন্ট অব অর্ডার।

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** স্যার, যে অর্ডার পেপার, যে কাগজ হাউসে সার্কুলেট করেছেন সেই কাগজের ভিত্তিতে আমি বলছি, এই কাগজে আছে দি ওয়েষ্ট বেঙ্গল সেন্ট্রাল ভ্যালুয়েশান বোর্ড বিল, ১৯৭৮; গতকাল সন্ধ্যা ৬ টার সময় যখন সেন্ট্রাল ভ্যালুয়েশান বিল এল, আপনার এটা মনে রাখা দরকার······

**মিঃ স্পীকার ঃ** কাজ লিস্ট অব বিজনেস অনুসারে চলবে, অন্য কিছু বলা চলবে না।

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** আমায় পয়েন্ট অব অর্ডারের উপর বলতে দিতে হবে।

**শ্রীঅমলেন্দ্র রায় ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পয়েন্ট অব অর্ডার তুলতে চাই, আদার থিংস ক্যাননট বি টেকেন আপ।

**মিঃ স্পীকার ঃ** আমি লিস্ট অব বিজনেসে যেতে চাই। যদি কেউ বিজনেস অনুসরণ না করেন না করবেন, যা আছে তাই হবে।

( তুমুল হট্টগোল )

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** আপনি কয়েকজন সদস্যকে পয়েন্ট অর্ডার তুলতে দিয়েছেন, আমিও সেই পয়েন্ট অব অর্ডার তুলছি।

( তুমুল হট্টগোল )

**Mr. Speaker :** Question No. *193—Shri Dhirendranath Sarkar.

( Noise )

**মিঃ স্পীকার :** আপনারা বসুন। কোয়েশ্চেন আওয়ারের পরে কাশীবাবু প্রথমে বলবেন। তারপর অন্যান্যরা বলবেন।

( Noise )

**শ্রীসুনীতি চট্টরাজ :** কাশীবাবু পয়েন্ট অফ অর্ডারে যা বলতে চেয়েছেন তা বলতে দিতে হবে। তা না হলে হাউস চলবে না।

**Mr. Speakar :** Starred Question No. *193

**Shri Suniti Chattaraj :** No, Sir, Kashibabu must be allowed to speak on his point of order first.

( Noise )

**শ্রীঅমলেন্দ্র রায় :** স্যার, এসব চলতে পারে না। লিষ্ট অফ বিজনেসে যেতে হবে।

(Noise)

**মিঃ স্পীকার :** সভা আজকে বেলা ২টা পর্য্যন্ত মুলতুবী থাকিল।

(At this stage the House was adjourned till 2 p.m.)

**(After Adjournment)**

[2-00—2-10 P.M.]

**Mr. Speaker :** Question Hour is over. Now, Shri Kashi Kanta Maitra.

**ডঃ শাশ্বতীপ্রসাদ বাগ :** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, মুখ্যমন্ত্রী মহাশয় আপনার দিকে কটাক্ষ করে বললেন যে অন্যান্য সদস্যরা আপনার ঘরে গিয়ে আপনাকে পরামর্শ দিয়েছে এবং আপনি সেইভাবে হাউস চালাচ্ছেন। মুখ্যমন্ত্রী যেভাবে উক্তিটি করেছেন তাতে আমি মনে করি এটা চেয়ারের উপর কটাক্ষ করা হয়েছে। এবং আমাদের প্রতিও কটাক্ষ করা হয়েছে। এই জিনিষ সদস্যদের পক্ষে এবং চেয়ারের পক্ষে অবমাননাকর। কাজেই আমি মনে করি মুখ্যমন্ত্রীর কথাগুলো আজকের প্রসিডিংস থেকে বাদ দেওয়া হোক্। আপনি যদি সেই ব্যবস্থা করেন তাহলে আমি আনন্দিত হবে। এ বিষয়ে আমি আপনার সুস্পষ্ট রুলিং চাইছি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথম অধ্যায়ে এখানে যে তুলকালাম হয়েছে তা আপনার স্মরণে আছে। আপনাকে বলেছিলাম সমস্ত বিরোধী

দলের সদস্যরা যারা কিছু কিছু বলতে চায়, তাঁদের যদি আপনি বলতে দেন, তাহলে হাউসের অসুবিধা হয় না, হাউস বেশ ভালভাবে চলতে পারে। লোকের মনে বলার কথা অনেক রয়েছে বিশেষ করে ধানকাটা নিয়ে যে একটা প্রবলেম দেখা দিয়েছে, সে সম্বন্ধে আমরা বলতে চেয়েছিলাম। কিন্তু স্যার, ঠিক সেই সময় মন্ত্রী কমলবাবু আপনার কাছে গিয়ে বললেন—আপনারা কি স্পীকারকে শাসাচ্ছেন ? স্যার, আমরাতো আপনাকে কখনও শাসাইনি ? বরং ওঁরাই কালকে আপনাকে শাসিয়েছেন, খবরের কাগজে বেরিয়েছে। আমরা বিরোধী দল সংখ্যায় কম, কাজেই আমরা শাসাতে পারি না, ওঁরা দলে বেশী ওঁরাই শাসান। যাই হোক্ অবস্থা যা দাঁড়িয়েছে, তাতে আমার মনে সংশয় এসেছে মুখ্যমন্ত্রী এই কথা বলার পর আপনাকে আর ঐ আসনে দেখতে পাব কিনা। আপনি নিরপেক্ষভাবে হাউস চালাচ্ছেন, কাজেই হাউসে যাতে বিরোধী দল তাদের বক্তব্য রাখতে পারে, সেই সুযোগ তারা পায়, সেটা আপনি একটু দেখবেন। স্যার, ধীরেন সরকারকে কমলবাবু মারতে গিয়েছিলেন।

**মিঃ স্পীকার ঃ** আপনার রুল অ্যামেণ্ড করে কোশ্চেন আওয়ারে বক্তব্য রাখার যদি ব্যবস্থা করেন, সেটা তাহলে আমাকে বলুন, আমি সেই ব্যবস্থা করব। এখন যে রুল আছে, তাতে সেই ব্যবস্থা নেই।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** স্যার, চীফ্ মিনিস্টারের বক্তব্য প্রসিডিংস থেকে এক্সপাঞ্জ হল কিনা সে বিষয়ে আপনিতো রুলিং দিলেন না ?

**মিঃ স্পীকার ঃ** এক্সপাঞ্জ হবে না।

**শ্রীঅজয় কুমার দে ঃ** মুখ্যমন্ত্রী আপনাকে যে কথা বললেন—সে সম্বন্ধে শাশ্বতী বাগ যে পয়েণ্ট অব অর্ডার তুলেছিলেন, তার রুলিং আপনি কি দিলেন ?

**মিঃ স্পীকার ঃ** আমি রুলিং দিয়েছি শাশ্বতী প্রসাদ বাগের পয়েণ্ট অব অর্ডার না-মঞ্জুর করলাম।

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** স্যার, আমি কি ধরে নেব যে কোশ্চেন আওয়ার শেষ হয়ে গেছে ?

**মিঃ স্পীকার ঃ** কোশ্চেন আওয়ার ইজ ওভার।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** স্যার, যে কোন কারণেই হোক্ যে ঘটনা আজকে হাউসে ঘটল সেটা অবাঞ্ছিত এবং অপ্রীতিকর, হাউসে যে ঘটনা ঘটল তার জন্য

আপনাকে আধ ঘন্টার জন্য হাউস এ্যাড্জোর্ন করতে হল, অবশ্য এই ঘটনা আগেও ঘটেছে। আমরা সাধারণতঃ জানি সিনিয়ার মেম্বার অব দি হাউস যাঁরা আছেন, তাঁরাই সাধারণতঃ এইসব ক্ষেত্রে রেস্ট্রেন করেন, সংযত করেন, কিন্তু আজকে ইনক্লুডিং দি লীডার অব দি হাউস যেভাবে ডাইরেক্শন দিলেন, সেটা আপনার নজরে আনছি।

**মিঃ স্পীকার**ঃ আপনারা রুল এ্যামেণ্ড করুন যে কোশ্চেন আওয়ারে এই সমস্ত কথা বলবেন কিনা। আমি কাশীবাবুকে আহ্বান করছি তাঁর বক্তব্য রাখার জন্য।

**শ্রীকাশীকান্ত মৈত্র**ঃ মাননীয় স্পীকার মহাশয় West Bengal Central Valuation Bill 1978-এর উপর ভারপ্রাপ্ত মন্ত্রী গতকাল্য যে ভাষণ দেন আমি ব্যক্তিগত ভাবে তাঁর ভাষণ শুনেছি। এ ব্যাপারে আমাদের দলের তরফ থেকে বিনয় ব্যানার্জীর এ্যামেণ্ডমেন্ট ছিল এবং ডঃ জয়নাল আবেদিনের এ্যামেণ্ডমেন্ট ছিল, সার্কুলেশন মোশন ছিল, আপনি দুজনকেই অনুরোধ করেছিলেন, যে হেতু এ্যামেণ্ডমেন্ট আগে এসেছে সার্কুলেশন মোশনের, সেজন্য সেটা আগে শুনে নেবেন এবং তারপর পরের বক্তব্য রাখতে বলবেন।

[ 2-10—2-20 P.M. ]

এবং তারপরে যখন তাঁর বক্তৃতা চলছিল বিশেষ করে মাননীয় বিনয় ব্যানার্জীর ভাষণ যখন চলছিল, তখন প্রায় ৭টা বেজে যায়। আমি তখন এবং আরও কয়েকজন আপনার কাছে অনুরোধ করি, এবং আমি এখানে নাম করতে চাই না, একজন মাননীয় মন্ত্রী আপনার সামনে উপস্থিত ছিলেন, চিফ হুইপ তিনিও উপস্থিত ছিলেন এবং আরও বিশিষ্ট কয়েকজন মাননীয় সদস্য উপস্থিত ছিলেন। আপনার কাছে আমরা দাঁড়িয়ে আলোচনা করছিলাম এবং আপনাকে অনুরোধ করছিলাম এই রকম একটা গুরুত্বপূর্ণ বিলে—আমরা চাই যে বিরোধী পক্ষের এবং অপর পক্ষের বক্তৃতা ভালভাবে শোনা হোক্ এবং মাননীয় সরকার পক্ষের বক্তৃতা আমরা বিশেষ মনোযোগ সহকারে শুনতে চাই, কারণ এই বিলের দ্বারা পশ্চিমবাংলার লক্ষ লক্ষ মানুষের ভবিষ্যত নির্ধারিত হবে। অতএব বিলটা আলোচনা করা প্রয়োজন। আর একদিন পিছিয়ে দেওয়া হোক্, কাল আলোচনা হোক্। আপনি এ বিষয়ে সহৃদয়তার পরিচয় দিয়েছিলেন, আমি একথা অকপটে স্বীকার করব এবং নিজেও এটা ভেবে দেখেছিলেন এবং একজন মাননীয় মন্ত্রী আপনার সামনে

বললেন, তাহলে ঠিক আছে কালকে করা যাবে। কখন হবে? আপনার কাছে আমার সাজেশন ছিল বেলা বারটার সময় যেন আমরা বসি। তখন আপনি বলেছিলেন তাহলে কোশ্চেন আওয়ার? মেনসন আওয়ার? এগুলি কি বাদ দেওয়া হবে? আমরা সবাই বললাম যে না, মেনসন কেস বাদ যেতে পারে না, কোশ্চেন আওয়ারও বাদ যাবে না, মেম্বারদের যা কিছু অধিকার আছে সেদিন তা তুলবে। আপনি সেটা মেনে নিয়েছিলেন। এবং আমরা জানি বেলা ১২ টার সময় হবে এবং আপনি যেটা বলেছিলেন সেটা কিন্তু প্রসিডিংস, টেপ পরবর্তীকালে আপনার ঘরে বাজিয়ে শুনলে দেখবেন, আপনি যখন আমার নামটা ঘোষণা করেছিলেন তখন বলেছিলেন যে বিনয়বাবুর বক্তৃতার পর আপনি আমার নাম করে বললেন, তিনি বলবেন এবং তাঁকে ১৫ মিনিট সময় দেওয়া হবে। আমি এই বিলটার উপর বক্তৃতা করব বলে প্রস্তুত হয়ে এসেছিলাম। তারপর আপনার কাছে যখন অপর সদস্যরা অনুরোধ জানান তখন একজন মাননীয় মন্ত্রী হালিম সাহেব নিজেও ছিলেন এবং উনি সহৃদয়তার পরিচয় দিয়েছিলেন, দীনেশবাবু উপস্থিত ছিলেন। তখন কিন্তু আমি আপনাকে একটা কথা মনে করিয়ে দিচ্ছি—আপনি আমাকে বলেছিলেন আজকে আর অপোজিশনের বক্তৃতা না শুনে বরং পজিশনে যাঁরা আছেন তাঁদের দুজনের বক্তৃতা শুনি, এই বলে স্মিত হাসলেন এবং বলেই বললেন যে মাননীয় সদস্য শ্রীপাঠক বক্তৃতা করবেন আর মাননীয় সদস্য শ্রীঅনিল মুখার্জী বক্তৃতা করবেন। তারপরে যখন মাননীয় শ্রীপাঠক বক্তৃতা করতে যান তখন মাননীয় সদস্য শ্রীসন্দীপ দাস উনাকে অনুরোধ করতে যান যে আপনি একজন ইমপরট্যান্ট মেম্বার, আপনার ভাষণ আমরা গুরুত্বপূর্ণ বলে মনে করি, আমরা আপনার ভাষণ শুনতে চাই, আপনি কালকে বলুন। এমন সময় যাই হোক্ উনি বক্তৃতা আরম্ভ করলেন, বাধা সত্বেও আলোচনা চলতে থাকে, তাঁর বক্তৃতা শেষ হল, মাননীয় শ্রীঅনিল মুখার্জী বক্তৃতা সুরু করলেন। আমরা কিন্তু বাধা দিইনি এবং তিনি সমস্ত বক্তৃতা করে গেলেন এবং যেহেতু আপনি ঘোষণা করলেন যে সরকার পক্ষের বক্তৃতার পর আপনাকে (আমাকে) আগামী কাল বক্তৃতা দিতে দেবেন, এখানে কিন্তু আমি বলছি আমার একটা গুরুত্বপূর্ণ অধিকার লঙ্ঘিত হয়েছে, এটা আমি আপনার কাছে রাখছি। **To-day it is my turn, tomorrow might be somebody else's turn.** কারণ আপনি আমার নাম করে বলেছেন আপনি কালকে বলবেন, সেই—আণ্ডারস্ট্যাণ্ডিং-এর আমি হাউস ছেড়ে চলে যেতে পারতুম, কিন্তু আমি যাইনি, কারণ আমি মনে করি যেখানে মাননীয় মন্ত্রী বিলটা পাইলট করছেন এবং শ্রীপাঠক যিনি পাবলিক এ্যাকাউন্টস্ কমিটির একজন মেম্বার, ওঁর সঙ্গে

আমার যথেষ্ট ঘনিষ্ঠতা আছে, উনি বক্তৃতা করলেন এবং শ্রীঅনিল মুখার্জী বক্তৃতা করলেন, আমরা শুনলুম, কিন্তু আপনি বলা সত্ত্বেও আমি থাকলাম, আপনি কিন্তু আমাকে ডাকেননি। কিন্তু নর্মাল রুল্‌স অব প্রসিডিওর অনুযায়ী কিন্তু বিরোধী পক্ষ থেকে কোন বিল যখন ওপেন করা হয় বলতে দেওয়া হয় এবং চিরকালই এটা হয়ে আসছে। সরকার পক্ষ থেকে বিল তুলবার পর বিরোধী পক্ষের এটা ভেরি ভ্যালুয়েবল্ রাইট স্টাটুটারী রাইট, প্রসেডিওরাল রাইট, কন্‌ভেনশন এবং সেই কন্‌ভেনশন অনুযায়ী আপনি আমাকে আগেই বলে দিলেন আপনি কাল বলবেন, তা সত্ত্বেও আমি হাউসে থাকলাম। পরবর্তীকালে যখন দুজন বক্তার বক্তৃতা শেষ হয়ে গেলে আপনি বললেন, এটা হতে পারে, যা আপনি পরবর্তীকালে এক্সপ্লেন করলেন, আমি ঘরে বসে শুনেছি লাউড স্পীকারে, আমরা যেটা শুনেছিলাম লাউড স্পীকারে, আপনি হাউসে ঘোষণা করলেন যে সভা আগামীকাল বেলা ১১ টায় বসবে, আপনারা কিন্তু কালকের মধ্যে আলোচনা সবাই শেষ করবেন, কালকের মধ্যেই আলোচনা সব শেষ হবে। যখন আপনি একথা বললেন, আপনার এ কথাটা বলাই যথেষ্ট, কারণ এই হাউসে আপনিই হলেন সুপ্রীম অথরিটি আপনার যখন ইচ্ছা বা অভিলাষ আমি মনে করি ইট হ্যাজ দি ফোর্স অব দি কম্যাণ্ড। সুতরাং তার উপর কারও কোন ইচ্ছা বা অভিলাষ প্রাধান্য পেতে পারে না। আপনি যখন বললেন ১১ টার সময়, তার বিরুদ্ধে কিন্তু আমাদের কোন প্রতিবাদ ছিল না এবং সেজন্য যখন সেই সময় তর্ক বিতর্ক হয়, আমি মাইকের সামনে এসে কোন কথাও বলিনি। কারণ আপনার এই ঘোষণার পর আমরা ঘর থেকে সবাই চলে গেছি এবং তাতে আমরা প্রতিবাদও করেছিলাম, তাতে যদি মাননীয় মন্ত্রী দুঃখ পেয়ে থাকেন, তাহলে সেটা অন্য কথা, কারণ তিনি একটা উক্তি করেছিলেন ডঃ জয়নাল আবেদিনের উক্তি, তাতে তিনি বলেছিলেন কালকের মধ্যে আপনাদের বক্তৃতা সব শেষ করতে হবে। তখন ডঃ আবেদিন বলেছিলেন, কত রাত পর্য্যন্ত আলোচনা চলবে আমরা জানিনা কি করতে পারব, আমাদেরও প্রিভিলেজ আছে, কারণ আজকে যেভাবে ওঁদের কথা শুনলেন, ওঁদের বক্তৃতা করতে দিলেন, আমাদেরও কিন্তু প্রিভিলেজ আছে, আমরা প্রিভিলেজ ছাড়ব না, একথা বলার সাথে সাথে হালিম সাহেব উঠে দাঁড়িয়ে বললেন যে এই যদি ওঁরা প্রিভিলেজের প্রশ্ন তোলেন—এটা কিন্তু ডঃ আবেদিনের ব্যক্তিগত মত, একটা অফ্-রিমার্ক এতে কিন্তু সঙ্গে সঙ্গে spark of controversy between him and Shri Hali . , the Hon'ble Minister. এবং সঙ্গে সঙ্গে প্রোভোক্‌ড ওয়েতে বললেন —এই যদি হয় প্রিভিলেজের প্রশ্ন তোলেন, তাহলে আজকেই বিল-এর আলোচনা

হয়ে যাক, We had protested against it. আমরা হাউস থেকে বেরিয়ে গেলাম, পরবর্ত্তীকালে আপনার রুলিং-এ কিন্তু দেখা গেল, একথা বলা সত্বেও, খুব দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, এটা কোন দিন হয়নি, এটা আনইউজুয়েল, আমি মনে করি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলছি—তিনি আমার চাইতে অনেক অভিজ্ঞ, এই হাউসে আমার চাইতে অনেক বেশী দিন মেম্বার ছিলেন, এই রকম ঘটনা হাউসে ঘটেনি। চীফ হুইপ দাঁড়িয়ে স্পীকারের রুলিং এক্সপ্লেন করলেন এবং তার পরে পরবর্ত্তীকালে মাননীয় মন্ত্রী হালিম সাহেব তিনিও এক্সপ্লেন করলেন এবং সঙ্গে সঙ্গে আপনি বললেন যে আমি এই রকম কোন ডিসিসান দিই নি, আমি বলিনি যে that the House stands stands adjourned till 11 A.M. tomorrow. এই রকম কথা আমি ঠিক বলিনি। আমি বলেছিলাম যে ১১ টার সময় বসবে। বিরোধী পক্ষ থেকে আমরা কেউ ছিলাম না। এস. ইউ. সি.-র সদস্য মাননীয় শ্রীসরকার তিনি তাঁর বক্তব্য রেখে বেরিয়ে চলে গেলেন। আমার বক্তব্য হচ্ছে যে কালকে যে ডিসিসান আপনি দিলেন তাতে অন্তত অপোজিশানের রাইটটা ভায়োলেট হল। আমি বলতে পারিনি। অপোজিশান মেম্বারদের আরও অনেকের নাম তালিকায় ছিল, তারাও বক্তৃতা করতে পারেননি। এইটা কি হাউসের নজীর আছে, আমি জানতে চাই। যেখানে মাননীয় স্পীকার মহাশয়ের কাছে লিষ্ট চীফ হুইপ সাবমিট করেছেন কে কে বক্তৃতা করবে এবং স্পীকার মহাশয় যেখানে এ্যাসিওরেন্স দিলেন যে আগামীকাল অর্থাৎ আজ ১৫ তারিখে আপনারা বলবেন, আজকে সরকার পক্ষের দু জন বক্তা বক্তৃতা করবেন, তারপরেও আপনি কি স্যার আপনার ডিসিসানকে সরকার পক্ষ বলল বলেই এইভাবে টেলারড করবেন, এইভাবে পরিবর্ত্তিত করবেন এবং এইভাবে যদি তাদের সুযোগ দেন তাহলে কিন্তু আমাদের ইম্প্রেসান থেকে যাচ্ছে যে স্পীকার মহাশয় আপনার এই যে সুপ্রীম পজিসান তার সুপ্রেমেসি কিন্তু আর থাকছে না। আমরা সংখ্যায় কিন্তু খুবই কম—সেকথা আমরা জানি, কিন্তু যদি আপনারা এইভাবে অপোজিসানকে অপ্রয়োজনীয় সুপারফ্লুয়াস, রিড্যানড্যান্ট মনে করেন এবং অপোজিশান ছাড়াই আমরা হাউসের সব কিছু চালাবো এই রকম মনোভাব নেন, তাহলে সেটা শুধু অত্যন্ত মর্মান্তিক হবে না, অত্যন্ত দুঃখজনক হবে এবং পরিষদীয় গণতন্ত্র একটা প্রচণ্ড আঘাত পাবে এবং পরিষদীয় গণতন্ত্র যেন ভবিষ্যতে এই ধরণের কার্য্যকলাপ দ্বারা পরিষদতন্ত্রে পরিণত না হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সঙ্গে আপনাকে বলতে চাই খুব দুঃখের সঙ্গে, এই হাউসে আমি অনেকদিন আছি, কিন্তু আমি জানি না কোন্ অধিকারবলে হাউস যেখানে স্পীকার প্রধান সুপ্রীম সেখানে চীফ হুইপ

হাউসে দাঁড়িয়ে কি করে বলতে পারেন যেমন গতকাল জানালেন আগামী ১৫ই হাউস শেষ। একথা বলার অধিকার চীফ হুইপের নেই। আমি আপনাকে খুব বিনীতভাবে জিজ্ঞাসা করতে চাই যে বিজনেস এ্যাডভাইসরি কমিটির কাছে কি কোন প্রস্তাব ছিল যে শুক্রবার ১৫ই তারিখ বিধানসভা শেষ হয়ে যাচ্ছে, House will adjourn sine die. তারপর গভর্ণমেন্ট প্ররোগ করে দেবেন। এখানেই প্রথম আমরা জানতে পারলাম। ঠিক একই জিনিষ ঘটেছিল গতবারও। আপনাকে সেকথা স্মরণ করিয়ে দিচ্ছি। ৬ই সেপ্টেম্বর ভয়াবহ বন্যার দিনে এখানে আমরা শুনলাম, মুখ্যমন্ত্রী বললেন, হ্যাঁ, বন্যার উপর ডিবেট হক, ৬ই সেপ্টেম্বর ডিবেট হলো, অনেকক্ষণ ডিবেট হলো। শেষ পর্য্যন্ত আমরা অনুরোধ করেছিলাম, কারণ সেইদিনই শুনলাম যে সেইদিনই বিধানসভা শেষ হয়ে যাচ্ছে, যা কাজ আলোচনা আজই শেষ করতে হবে, আমরা অনেক অনুরোধ করার পর, আপনি রাজী হয়েছিলেন, সেজন্য আপনাকে ধন্যবাদ জানিয়েছিলাম, পরের দিন শনিবার আবার কিছুক্ষণ বিধানসভা বসলো, বিধানসভা শেষ হলো। সেদিন কিন্তু বিধানসভা একটায় বসেনি, আপনি স্মরণ করে দেখবেন, সেদিন ১২টা কিংবা ১১ টায় বসে বিধানসভা। বিধানসভা বসে শনিবারে আমরা সমস্ত কাজ শেষ করেছিলাম। বিজনেস এ্যাডভাইসরি কমিটির যদি তাদের অধিকার কিছু না থাকে, যদি একজন মাননীয় চীফ হুইপ তিনি সম্মানিত ব্যক্তি, তিনি আমাদের বন্ধুস্থানীয় ব্যক্তি, তিনি আমাদের শ্রদ্ধাভাজন ব্যক্তি, তিনি এসে যদি হাউসে বলেন, আমরা ঠিক করেছি আজকে বিধানসভার সব আলোচনা শেষ করতে হবে, বিধানসভা আগামীকাল শেষ হয়ে যাবে, আমি মনে করি এটা হাউসের অধিকারভঙ্গ, হাউসের অবমাননাকর পরিস্থিতি হচ্ছে এবং মনে করবো স্পীকারও আস্তে আস্তে নিস্প্রভ হয়ে পড়বেন। স্পীকারের মর্য্যাদা যদি না থাকে তাহলে আমাদের অধিকার কোথায় থাকবে। সেইজন্য আমি আপনাকে বলতে চাই যে কালকে বিল আমাদের অনুপস্থিতিতে পাশ করালেন, যদি এমন হতো আমাদের বক্তৃতা করবার পরে সেকেণ্ড রিডিংয়ে আমরা ক্লজ বাই ক্লজ আলোচনা করেছি, অপোজিশান পারটি করেছে তারপর হতো, তাহলে উই কুড হ্যাভ সাম সে যে তবু অপোজিশানের বক্তৃতা শুনেছি। কিন্তু এখানে We learnt that we would be called upon to participate on this very important Bill on the 15th of this month and we took it at its face value since it came from no less a person than the Speaker himself. We took it at its face value and we learnt that we will be called upon next day to make our submission on clause by clause consideration of this very important Bill. যে বিলের দ্বারা

পশ্চিমবাংলার একশো মিউনিসিপ্যালটির হোল্ডিংস্-এ ট্যাক্স বসাবার দায়িত্ব কেন্দ্রীভূত হচ্ছে, যে বিলের দ্বারা ডিসেনট্রালাইজেশানের মৌল নীতিকে পদদলিত করা হচ্ছে, নিশ্চয় একথা বলতে হবে, কারণ আমি মনে করি, স্যার, আমরা বারবার বলছি, পঞ্চায়েতের হাতে ক্ষমতা, সবাই বলছে পঞ্চায়েতের হাতে ক্ষমতা কারণ তারা ইলেকটেড রিপ্রেজেনটেটিভ, মিউনিসিপ্যালিটির হাতে ক্ষমতা, কারণ ইলেকটেড রিপ্রেজেনটেটিভ তারা, এ্যাসেম্বলী মেম্বারদের হাতে ক্ষমতা, কারণ তারা ইলেকটেড রিপ্রেজেনটেটিভ, আর আমাদের এখানে যে বিল কালকে মন্ত্রী মহোদয় পাশ করিয়ে নিলেন বিরোধী পক্ষকে বাদ দিয়ে ষ্টিম রোলার চালিয়ে তাতে নির্বাচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা দেওয়া হচ্ছে না।

[2-20—2-30 P.M.]

তার অর্থ হল রিপ্রেজেনটেটিভ যারা ইলেকটেড বডি যারা তাদের সমস্ত ক্ষমতা কেড়ে নেওয়া হোল। তৃতীয় হোল সেন্ট্রালাইজেসনের নীতিকে জোরদার করা হোল এবং ডিসেন্ট্রালাইজেসনের নীতিকে পদদলিত করা হোল। সুতরাং এই একটা গুরুত্বপূর্ণ বিল যেখানে আমাদের অতি দারুণ অভিযোগ আছে নালীশ আছে বক্তব্য সাজেসন আছে প্রস্তাব আছে সেগুলি আপনারা আমাদের বলবার সুযোগ দিলেন না। আমাদের অধিকার ভঙ্গের আর জলন্ত দৃষ্টান্ত আর কি আছে আমি জানি না। আমি আপনার কাছে বিচার চাইছি এবং অনুরোধ করবো যে বিচার করে দেখবেন হালিম সাহেব যতই ইমপর্টেন্ট মেম্বার হোন না কেন আমাদের যতই শ্রদ্ধাভাজন হোন না কেন তাঁর সঙ্গে ব্যক্তিগতভাবে কোন ঝগড়া নেই আমার তো নেই-ই—যখন তিনি প্রস্তাব নিয়ে আসেন আমরা অত্যন্ত শ্রদ্ধাসহকারে শুনি—প্রশান্তবাবু যখন এই সভায় এই কনট্রোভারসিয়াল আনলেন আমরা মুখ বুজে তাঁর কথা শুনেছি কোন এক্সপ্ল্যানেসন করি নি ডাঃ আবেদিনের একটি উক্তি তাঁকে এক্সপ্ল্যানেসন দেবার সুযোগ দেওয়া উচিত ছিল। Dr. Abedin was not speaking on behalf of the opposition members. তার প্রিভিলেজের ব্যাপারে শুধু ওঁরই বক্তব্যকে পটভূমিকা হিসাবে ব্যবহার করে হালিম সাহেব তাঁর প্রত্যুত্তরকে ইগনোর করে আপনার রুলিং চ্যালেঞ্জ করলেন রেজাল্ট ওয়াজ একটা বিল পাশ হয়ে গেল অপোজিসন শূন্য বিধানসভায় এইভাবে বিল পাশ করে আমাদের সমস্ত অধিকারকে লঙ্ঘিত করা হয়েছে এবং আপনাকে অনুরোধ করছি স্যার, যে আপনি এই হাউসে একটা সুস্থ নজীর করুন সেই

নজীর হবে যাতে করে এই বিলে আমাদের বলবার সুযোগ করে দিন আমাদের আলোচনা করবার সুযোগ দিন একটা ট্রাডিসন্যাল প্রিসিডেন্ট তৈরী করুন।

**শ্রীদীনেশ মজুমদার ঃ** মিঃ স্পীকার স্যার, আমাকে একটু বলতে দিন। আমি একটা কথা শুধু স্মরণ করিয়ে দিতে চাই বিনীতভাবে মাননীয় সদস্যদের বিশেষ বিরোধী দলের নেতাকে। এও সভায় দাঁড়িয়ে কাল যখন আলোচনা উঠে বিজনেস অ্যাডভাইসারী কমিটির সিদ্ধান্তের বিষয়ে আমি 'শেষ' হবার কথা এই হাউসে বলিনি যে কবে হাউস শেষ হয়ে যাচ্ছে। স্যার, আপনার কাছে টেপ রেকর্ডার আছে আমি আপনাকে অনুরোধ করবো আপনি সেটা বাজিয়ে দেখবেন এইভাবে বিভ্রান্তির সৃষ্টি করা অনুচিত হবে আমার প্রতি অবিচার করা হবে। বিজনেস লিষ্ট যা আছে সেটা বলতে গিয়ে সম্ভাবনার কথা বলেছি তাও আমি বলেছি যে পদ্ধতি অনুযায়ী লিডার অব দি হাউস-এর সঙ্গে আলোচনা করে চূড়ান্ত সিদ্ধান্ত যেভাবে হয় সেইভাবে হবে। সম্ভবতঃ নাও হতে পারে। এই প্রশ্ন এখানে এসেছে কিন্তু শেষ হবার কথা আমি বলিনি। আপনি টেপ রেকর্ডার বাজিয়ে দেখলে সেটা আপনার পরিষ্কার হয়ে যাবেন। দ্বিতীয় হচ্ছে মাননীয় বিরোধী দলের সদস্য যে কথা বললেন যে গতকাল হাউস যখন চলছিল যখন বিভিন্ন প্রস্তাব এসেছিল এবং এটা ঠিক হয়েছিল যে দু জন বলার পর তারপর একটা অ্যাডজাস্টমেন্টের ব্যাপারে আলোচনাভিত্তিক যে পরে সেটাকে পরের দিন আলোচনার ব্যবস্থা করা যায় কিনা। সেই আলোচনা যখন চলছিল আপনার রুলিং সম্পর্কে বিরোধী দলের নেতা যে কথা বললেন চীফ হুইপ আপনার রুলিংকে এক্সপ্লেন করেছে। এটা ঠিক নয় আমি কোন এক্সপ্লেন করার অধিকারীই নই এবং সে কাজ আমি করিনি। আমি আপনাকে শুধু স্মরণ করিয়ে দিয়ে বলছি যে আপনাকে আমরা এই কথা বলেছিলাম যে ১১ টায় বসতে কারণ তা না হলে রাত অনেক হবে এবং সেইভাবে সদস্যদের প্রস্তুত থাকতে হবে এবং সেইভাবে সহযোগিতার ভিত্তিতে যে কথা বলেছিলাম আমি অ্যাডজর্ণমেন্টের কথা ঘোষণা করিনি। ইতিমধ্যে অত্যন্ত দুঃখের এবং বেদনার যে সমস্ত আলোচনাকে প্রত্যাখ্যান করে দুঃখের সঙ্গে দেখলাম যে বিরোধী দলের পক্ষ থেকে প্রতিবাদ জানিয়ে সভা গৃহ ত্যাগ করলেন এবং জয়নাল আবেদিন সাহেব একেবারে স্পষ্ট ভাষায় উচ্চারণ করলেন যে আজকে যা ঘটলো তারপর আমাদের পক্ষ থেকে আর সহযোগিতার প্রশ্ন আসে না। তিনি এই ঘোষণা করলেন আর তাঁরা বেরিয়ে গেলেন। পরে আমি অনুরোধ করেছি একটা অ্যাডজাষ্টমেন্টের ভিত্তিতে যে যেটা

ঠিক হয়েছিল সেটা যখন ওঁরা স্বীকার করলেন না বরং ওরা ঘোষণা করলেন আর কোন সহযোগিতা করবেন না এবং প্রতিবাদে সভাকক্ষ ত্যাগ করলেন সুতরাং এই মুহূর্তে আপনাকে অনুরোধ করছি আপনি এই বিল চালিয়ে যান আজকেই এ সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত হোক। এই হোল আমার বক্তব্য।

**ডাঃ জয়নাল আবেদিন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে ২২৬টি নোটিশ দিয়েছি এই পয়েন্টে বলার জন্য, আপনি আমাকে একটু সুযোগ দেবেন বলেছেন। কালকে আমার দুটি মোসান দেওয়া ছিল। একটি ইনট্রোডাকসানের পরে আমি চেয়েছিলাম সারকুলেসান করা হোক ফর এলিসিটিং পাবলিক ওপিনিয়ন, আর একটি মোসান ছিল সেকেণ্ড রিডিং-এর পরে অন ক্লজেস আমার অ্যামেণ্ডমেন্ট ছিল। আমি রিকোয়েষ্ট করেছিলাম, তারপর আপনি আমাকে বলতে ডাকেন— মাননীয় মন্ত্রী প্রশান্ত শূর মহাশয়ের বক্তৃতা শোনার পর আপনি আমাকে বলতে ডাকেন। ৩ ঘণ্টা এর পরে চলবে। এতে তো রাত ৯টা হয়ে যাবে। আপনি এটা অ্যাডজোর্ণ করতে পারেন কিনা, এই অনুরোধ আপনাকে করেছিলাম এবং সরকার পক্ষর চীফ হুইপকে অনুরোধ করেছিলাম আপনি লিডার অব দি হাউসকে কনট্যাক্ট করতে পারেন কিনা—আপনি বলুন এমন কি কমপালসান আছে যে কালকেই হাউস শেষ করতে হবে, ইউ ক্যান এক্সটেণ্ড ইট বাই এ ডে—আপনারা একদিন হাউস বাড়াতে পারেন, আমি এই স্পেসিফিক রিকোয়েষ্ট করেছি। তারপর আপনি বলেছিলেন আমার দুটি বক্তব্য একটি অন মাই অ্যামেণ্ডমেন্ট মোসান এবং আর একটি সারকুলেসান-এ আপনাকে আমি বলেছিলাম কনসিডারেসান মোসান যদি উনি মুভ করেন তাহলে আমাকে বলতে দিতে হবে। কারণ আমাদের দলের পক্ষ থেকে আমার নাম সাবমিট করা হয়েছে, এই কথা আপনি জানেন। কালকে আপনি আমাকে বলেছিলেন ওঁর বক্তব্য শুনে সারকুলেসান মোসানের উপর বলুন, কনসিডারেসান মোসানের উপর পরে বলবেন এবং আমার অ্যামেণ্ডমেন্ট ছিল অন ক্লজেস—সেকেণ্ড রিডিং-এ সেই অ্যামেণ্ডমেন্ট মুভ করতে চাচ্ছি না। কারণ, কথা ছিল ও পক্ষের দুজন সদস্য বলার পরে তারপরে আমরা চালিয়ে যাব—এতে আমরা আপত্তি করেছি। মাননীয় সরকার পক্ষের সদস্যরা যে বক্তব্য রাখবেন সেটা আমরা মন দিয়ে শুনতে চাই এবং একটা পরিবেশ হাউসে ছিল—হাউস ফাঁকা ছিল, সবাই যাতে এর গুরুত্ব উপলব্ধি করতে পারে সেইজন্য হাউস আপনি বন্ধ রেখে কালকে আপনি হাউস আর্লিয়ার রিজিউম করতে পারেন —এই কথা নিবেদন করেছিলাম। সেই পয়েন্টে সরকার পক্ষ অনড়, অটল এবং

তাদের সেই প্রতিজ্ঞা অটল ছিল বলেই আমি এই কথা স্পষ্টভাবে বলেছিলাম—চীফ হুইপ দীনেশবাবু এদিকে এসেছিলেন, তাঁকেও অনুরোধ করেছিলাম যে এই সুযোগ আমাদের দিন। কেন না ইট ইজ এ ভাইটাল বিল এবং আমরা নানাবিধ রিকোয়েষ্ট করেছিলাম। আমরা সিলেক্ট কমিটির রিকোয়েষ্ট করেছিলাম, সারকুলেসান মোসানের জন্য রিকোয়েষ্ট করেছিলাম। কিন্তু আপনারা একটি কথাও রাখলেন না। বিরোধীপক্ষের কোন বক্তব্যই আপনারা রাখলেন না, তাই সহযোগিতার প্রশ্ন ওঠে না। কিন্তু এই কথা আমি বলিনি যে আপনার বিলে আমরা পার্টিসিপেট করব না কারণ, আপনি ঘোষণা করে দিয়েছিলেন যে কাল ১১ টায় বসবেন—আমরাও ১১ টায় বসব। আমার মোসান ছিল অন ক্লজেস—ফ্রম রেকর্ড ইট উইল অ্যাপিয়ার—স্যার, রেকর্ড আছে আমি অ্যামেণ্ডমেণ্ট দিয়েছি। আমি আমার অ্যামেণ্ডমেণ্ট মুভ করব এবং কনসিডারেসান মোসানের পরে আমি বলব আমার বক্তব্য। সেই অবস্থায় কালকে আপনি আমাকে বলেছিলেন যে আজকে সেই সুযোগ দেবেন। সেইজন্য আমার আপনার কাছে অনুরোধ সরকার পক্ষ কালকে যদি হাউস চালাতে বাধ্য করে থাকে তাহলে আমরা মনে করি এটা খুব দুঃখ এবং আনফরচুনেট নজীর—তারপর মাননীয় বিচার বিভাগীয় মন্ত্রী মহাশয় বললেন আজকেই আমাদের করতে হবে, বিল পাশ হবে। আমি বলেছিলাম এটা চাইল্ড লাইক হয়ে যাচ্ছে, মন্ত্রীর উপযুক্ত কথা হচ্ছে না। আমি বারবার এই কথা বলেছি যে একি কথা—আফটার সেটেলমেণ্ট এণ্ড প্রোনাউন্সমেণ্ট ফ্রম দি চেয়ার, বিচার মন্ত্রী এই কথা বলতে পারেন না। আমি এইটা বলেছিলাম মাননীয় বিচার মন্ত্রী চাইল্ড লাইক কথা বলছেন, শিশুসুলভ কথা বলছেন। আমরা কিন্তু বিশ্বাস করিনি যে হাউস চলবে। সেই বিল আমাদের অসাক্ষাতে, অনুপস্থিতিতে, কৌশলে সরকার পক্ষ আমাদের পক্ষকে বাহিরে যাবার প্ররোচনা দিয়ে এই বিল পাশ করে নিয়েছেন। ওদের ব্রুট মেজরিটি আছে। স্যার, আপনি দেখেছেন ব্রুট মেজোরিটির কি ফল হয়—এইভাবে কৌশল অবলম্বন করে বিরোধীপক্ষের অনুপস্থিতিতে এই বিলটি পাশ হয়ে গেছে। এই সিদ্ধান্ত আমাদের যদি মেনে নিতে হয় তাহলে এটা খুব দুঃখজনক ঘটনা হবে। সেইজন্য আমি আপনার কাছে অনুরোধ করছি ক্লজের পরে আমার অ্যামেণ্ডমেণ্ট ছিল—আপনি আমাকে আমার সেই অ্যামেণ্ডমেণ্ট মুভ করার সুযোগ দেবেন এবং আমার অ্যামেণ্ডমেণ্টের স্বপক্ষে আমি বক্তব্য রাখব, এই সুযোগ আমাকে দেবেন, আর তা নাহলে একটা ব্যাড প্রিসিডেণ্ট হয়ে থাকবে এই হাউসে যে সরকারপক্ষ একদিকে ব্রুট ফোর্স নিয়ে এবং অন্যদিকে অপকৌশল অবলম্বন করে বিরোধীপক্ষের অনুপস্থিতিতে জনজীবনের পক্ষে একটি গুরুত্বপূর্ণ বিল

হাউসে পাশ করিয়ে নিয়েছেন। আমি স্যার আপনার কাছে অ্যাপিল জানাচ্ছি এবং এই বিষয়ে আপনার বিচার চাইছি।

[ 2-30—2-40 P.M. ]

**শ্রী হাসিম আবদুল হালিম ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কালকে আমরা দেখেছি যে মাননীয় সদস্য জয়নাল আবেদিন সাহেব প্রথম থেকেই রুল ১৪ দেখাচ্ছিলেন এবং বলছিলেন যে রুল ১৪তে আছে সাতটার পরে হাউস চালান যায় না। জয়নাল সাহেব মন্ত্রী ছিলেন এবং মাননীয় সদস্য বিরোধী দলের নেতা, তিনিও মন্ত্রী ছিলেন, তাঁরা এই বিষয়ে ভাল ভাবেই জানেন। কাজেই এই রকম ডবল ষ্ট্যানডার্ড কথার অর্থ কি ? আমাদের কাছে হিসাব আছে যে এই হাউস ৪-৪-৭২ থেকে ১১-৪-৭৮ পর্যন্ত ১২১ বার রাত সাতটার পর চলেছে। তখন ওঁরা মন্ত্রী থাকাকালীন এই নিয়ম পালন করেছেন। ওঁদের সময় ওঁদের মত চলবেন আর আমাদের সময়েও ওঁদের মতে চলতে হবে—এটা হতে পারে না। সরকারের যদি কোন বিল থাকে, কোন কাজ থাকে তাহলে হাউস সাতটার পরেও চলবে। এটা যুক্তফ্রন্টের সময়েও হয়েছে, কংগ্রেসের সময়েও হয়েছে, প্রফুল্লবাবুর সময়েও হয়েছে এবং সিদ্ধার্থবাবুর সময়েও হয়েছে। কাজেই এখানে রুল ১৪ বার বার দেখান হচ্ছে তার মূল কারণ হচ্ছে এঁরা সরকারের কাজে বাধা দিতে চান। তাঁরা ডিসিশান নিয়েছেন যে তাঁরা সরকারকে কোন কাজ করতে দেবেন না। এটা ওঁদের ব্যাপার, এটাতে আমার কিছু বলার নেই।

( গোলমাল )

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য এখনও শেষ হয়নি। আমি জানি সত্যি কথা শুনতে ওঁদের কষ্ট হয় কিন্তু এটা বাস্তব কথা। আমাদের সত্যি কথা বলতে হবে তাতে যদি ওঁদের অসুবিধা হয় তাহলে কিছু করার নেই। আইনসভা হচ্ছে আইন পাশ করার জন্য। একদিন বিধানসভা চলার জন্য সরকারের লক্ষ লক্ষ টাকা খরচ হয়। সরকারের টাকা পাবলিকের টাকা, কোন ব্যক্তিগত টাকা নয়। আমরা দেখছি যখন হাউসে একটা বিলের আলোচনা চলছে, আলোচনার মধ্যে মাননীয় সদস্য অনুরোধ করলেন, যে কোন কারণেই হোক যে আজকে হাউস সাতটার পর যেন না চলে। নানা কথাবার্তার মধ্যে এগ্রিমেন্ট হয়েছিল যে কালকে ১১টা থেকে হাউস চলবে। এখন প্রশ্ন হচ্ছে মোটামুটি একটা

এগ্রিমেন্ট হয়েছিল—স্পীকার মহাশয় আমাদের সঙ্গে, বিরোধীদলের সঙ্গে আলোচনা করে মোটামুটি এগ্রিমেন্ট হয়েছিল যে কালকে ১১টা থেকে হাউস হবে এবং ১২টার সময় বিরতি হবে কারণ শুক্রবার নামাজ আছে তারপর সেইভাবে চলবে। আপনি বললেন, কালকে যে বিজনেস আছে সেটা শেষ করতে হবে। তখন সঙ্গে সঙ্গে মাননীয় সদস্য জয়নাল আবেদিন সাহেব উঠে দাঁড়িয়ে বললেন, আমাদের প্রিভিলেজের ব্যাপার আছে, আপনারা সহযোগিতা করছেন না, আমরা সহযোগিতা করবো কিনা সেটা আমাদের ব্যাপার এবং সঙ্গে সঙ্গে আরো অনেক সদস্য বিরোধিতা করলেন। মাননীয় সদস্য কাশীবাবু বললেন, আমরা কালকে থাকবো না, আমরা কোন সহযোগিতা করবো না। আপনি বারবার বললেন যে শুনুন, শুনুন কিন্তু তাঁরা শুনলেন না, চলে গেলেন। এই অবস্থার মধ্যে যাঁরা দায়িত্বে আছেন তাঁদের পক্ষে এ ছাড়া অন্য কোন ডিসিশান করার উপায় ছিল না। এর আগেও বিরোধী দল ছাড়া বিল পাশ হয়েছে। কাজেই হাউসে আপনাদের বাদ দিয়েও চলতে পারে।

**শ্রীহরিপদ ভারতী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কালকে যে কথা এখানে আলোচিত হয়েছে দুর্ভাগ্যক্রমে আমি সেই সময়ে সভায় ছিলাম না, কিন্তু এই ব্যাপারে সকলের কাছে শুনেছি এবং আপাততঃ যে আলোচনা এখানে শুনলাম তার থেকে আমি আপনার কাছে কিছু নিবেদন করতে চাই।

**মিঃ স্পীকার :** আমি আপনাকে বলতে বলেছি এটা ঠিক, কিন্তু এই ব্যাপারে কি আপনারা সবাই বলবেন ? কাশীবাবু বলেছেন, জয়নাল আবেদিন সাহেব বলেছেন, এবং আপনাদের পক্ষ থেকে অনেকেই বলেছেন।

**শ্রীহরিপদ ভারতী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে অনুমতি চেয়েছি কিছু বলবার জন্য, আপনি অনুমতি দিয়েছেন। আমি এ বিষয় কিছু বলতে চাই। আমার বক্তব্য হচ্ছে এইমাত্র মাননীয় মন্ত্রী মহাশয় অনেক নজির দিলেন। ১৯৭২ সাল থেকে এই সভার অধিবেশন দীর্ঘরাত্রি পর্য্যন্ত চলেছে এবং কালকের অধিবেশনকে সমর্থন জানাবার জন্য তাঁর বক্তব্য রাখলেন কিন্তু উনি বিস্মৃত হয়েছেন এই সরকারের অধীনে সকলে আমরা এই সভায় অনেকদিন ধরে দীর্ঘরাত্রি পর্য্যন্ত উপস্থিত থেকেছি নিশ্চয় মন্ত্রী মহাশয় এই বিষয়ে বিস্মৃত হননি। এটা প্রশ্ন নয়, প্রশ্নটা হচ্ছে কালকে আপনি স্পীকার হিসাবে এমন বক্তব্য এখানে রাখলেন যাতে প্রতিটি বিরোধীদলের মাননীয় সদস্যদের এই ধারণা হয়েছিল যে আপনি কালকে ঐ বিলটা পাশ করবার জন্য চেষ্টা করবেন না, বিরোধীদের সুযোগ দেবেন + পরবর্তী

দিনে আলোচনা রাখবার জন্য, এই বিশ্বাস সমস্ত বিরোধীদলের মানুষদের ছিল। বিরোধীদলরা সেই ধারণা নিয়ে এখান থেকে চলে গেছেন এবং তাঁদের অনুপস্থিতিতে ঐ দীর্ঘরাত্রির নজির টেনে এই বিল যে আপনি পাশ করেছেন, আমি মনে করি আপনার প্রতি সমস্ত সম্মান সত্ত্বেও, এই বিল অবৈধভাবে পাশ হয়েছে এবং এই বিল পাশ হতে পারে না। কাজেই আমি আপনার কাছে অনুরোধ করব আপনি আজকে এই বিলটা পুনরায় রেস্টোর করুন, আলোচনার সুযোগ দিন। আর সরকারপক্ষের বন্ধুদের ভয় কি, তাঁদের তো বিপুল সংখ্যাধিক্য, এই বিল আজকেও পাশ হবে। কিন্তু তথাপি অন্তত: একটা নজির স্থাপনা করুন যাতে আপনি গণতন্ত্র রক্ষার জন্য বিরোধীদলকে মর্য্যাদা দিচ্ছেন, তার একটা নজির স্থাপনা করুন। এইভাবে কেবলমাত্র গোটা মানুষকে গণতন্ত্রের কথাবার্তা বলে এইভাবে কাজ করা চলে না। কাজেই আমি অনুরোধ করব আপনি এই বিল রেস্টোর করবেন এবং বিরোধীদলকে তার বক্তব্য রাখবার সুযোগ দেবেন, গণতন্ত্রের মর্য্যাদা রাখবেন, আপনি নিজেও স্যার, আপনার মর্য্যাদা রাখবেন। কারণ আপনি অপরের অঙ্গুলী হেলনে চালিত হবার জন্য স্পীকার হন নি।

**শ্রী হাসিম আবদুল হালিম ঃ** অন এ পয়েন্ট অফ অর্ডার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য হরিপদ ভারতী এখানে বলেছেন যে অবৈধভাবে বিলটা পাশ হয়েছে। আমি মনে করি এই ষ্টেটমেন্ট হাউসে করা যায় না। এটা প্রসিডিংস থেকে এক্সপাঞ্জ করতে হবে কারণ এটা এখানে বলা যায় না।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে পয়েন্ট অফ কনট্রোভারসি উঠেছে যেটা নিয়ে এতক্ষণ আলোচনা হল। আমি আমার দলের তিনজন সদস্য এই কনট্রোভারসিয়াল পয়েন্ট যতক্ষণ চলছিল ততক্ষণ আমরা এই হাউসে ছিলাম। আমরা ঘটনাটা জানি এবং আমরা শুনতে সবাই ভুল করিনি যার জন্য আমি এই পয়েন্টটা রেজ করলাম যে মিঃ স্পীকার, তিনি ১১টা পর্য্যন্ত হাউস মুলতুবি থাকবে ক্যাটাগরিক্যালি এই কথা তিনি বলেছিলাম তাঁর প্রতি আমরা সমর্থন জানিয়েছিলাম। তাঁর সঙ্গে আমাদের কথা হয়েছিল এইরকম একটা গুরুত্বপূর্ণ বিলের উপর আজকে আলোচনা হবে না। সরকার পক্ষের ২ জন বলবেন এবং স্পীকার আমাকে বলতে অনুরোধ করেছিলেন, আমি বলেছিলাম আমি পরের দিন বলব, আজকে আমি বলতে চাই না। তখন উনি বললেন ঠিক আছে আপনি কালকে বলবেন।

[2-40—2-50 P.M.]

এই সমস্ত কথা হয়েছে। আমার লিষ্টে নাম ছিল। আমার যেটা কুইয়ার লেগেছে, সেটা হচ্ছে আমি বলেছি এটা পার্লামেন্টারি ডেমক্রেসিতে একটা নতুন নজীর হলো যে, মাননীয় স্পীকার তাঁর সিদ্ধান্ত দেওয়ার পর আবার অপরের ইঙ্গিতে তাঁকে সেই সিদ্ধান্ত পরিবর্তন করতে হলো। এটা অত্যন্ত দুঃখজনক হাউসের পক্ষে দুঃখজনক, আমাদের স্পীকারের অপমান, হাউসের অপমান, পার্লামেন্টরি ডেমোক্রেসির অপমান।

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে বিষয়ে এখানে আলোচনা হচ্ছে, এ সম্পর্কে দু' একটি কথা হাউসের কাছে নিবেদন করা দরকার। কালকে যে কার্যসূচী ছিল সেটা বিজনেস অ্যাডভাইসারী কমিটিতে সমস্ত পক্ষের প্রতিনিধিরা উপস্থিত থেকেই করেছিলেন। বিজনেস অ্যাডভাইসারী কমিটিতে এক পক্ষের সিদ্ধান্ত অনুযায়ী ঐ কার্যসূচী গ্রহণ করা হয়নি। একথা আজকে এখানে বলা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার উপর অভিযোগ অরোপ করা হয়েছে এবং সামগ্রিকভাবে আমাদের উপরও কতগুলি অভিযোগ আরোপ করা হয়েছে। কিন্তু এখানে সুস্পষ্টভাবে এটা বলা দরকার যে, আমি বিজনেস অ্যাডভাইসারী কমিটির সেই মিটিং-এ উপস্থিত ছিলাম, মিটিং-এ সর্বসম্মতিক্রমে এটাই ঠিক হয়েছিল যে গতকালের জন্য যে কার্যসূচী গ্রহণ করা হয়েছিল সেই কার্যসূচী গ্রহণ করার ফলে রাত্রি অনেক হয়ে যাবে, তাহলেও সকলে সহযোগিতা করে সেই আলোচনা আমরা শেষ করব এবং যাতে সেই আলোচনায় বেশী সময় দেওয়া যায় সেইজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার হয়ত মনে আছে, কতগুলি আইটেম লিষ্ট অফ বিজনেস থেকে বাদ দেওয়া হয়েছিল। বিজনেস অ্যাডভাইসারী কমিটির মিটিং-এ ওঁদের প্রতিনিধিরা উপস্থিত থেকে যেটা সেখানে ঠিক করেছিলেন তার পরে আজকে সেটা নিয়ে আবার প্রশ্ন ওঠে কি করে? এর পরেও ওঁরা কি করে বলেন যে এত রাত পর্য্যন্ত আমরা আলোচনা করতে পারব না? এটা আমার মাথায় আসছে না। কাজেই ওঁদের তরফ থেকে সেদিন যাঁরা বিজনেস অ্যাডভাইসারী কমিটিতে সর্বসম্মত কার্যসূচী গ্রহণ করতে সাহায্য করেছিলেন তাঁরা দয়া করে তাঁদের বক্তব্য এখানে পরিষ্কার করে বলুন। তাহলেই আমার মনে হয় আমাদের প্রতি সুবিচার করা হবে। নাহলে অবিচার করা হচ্ছে হাউসকে যে, গতকাল আমরা জোর জবরদস্তি একটা কার্যসূচী গ্রহণ করেছি।

( গোলমাল )

## STARRED QUESTIONS

**( to which oral answers were laid on the Table )**

### 'কুশমাণ্ডু-মহীপাল দীঘি'তে টাঙ্গন নদীর উপর সেতু নির্মাণ

*১৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৬।) **শ্রীধীরেন্দ্রনাথ সরকার:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমদিনাজপুর জেলার কুশমাণ্ডু থানার 'কুশমাণ্ডু-মহীপাল দীঘি'তে টাঙ্গন নদীর ওপর সেতু নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, কবে নাগাত ঐ কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায় ?

**Minister-in-charge of Public Works Development Department :**

(ক) হ্যাঁ।

(খ) ১৯৭৯ সালে শুরু হইবে বলিয়া আশা করা যায়।

### কুস্তার্ডর-রঘুনাথপুর রাস্তা নির্মাণ

*১৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৪।) **শ্রীমহাদেব মুখার্জী:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় 'কুস্তার্ডর-রঘুনাথপুর চাষ রোড ভায়া নডিহা' রাস্তা নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি ;

(খ) থাকিলে, বর্তমানে কাজটি কি অবস্থায় আছে ; এবং

(গ) কবে নাগাত শেষ হইবে ?

**Minister-in-charge of Public Works Development Deptt. :**

(ক) হ্যাঁ।

(খ) মাটির কাজ চলিতেছে ;

(গ) ষষ্ঠ পরিকল্পনাকালের মধ্যে শেষ হইবে বলিয়া আশা করা যাইতেছে।

## ক্যারি প্যাকারের ক্রিকেট প্রদর্শনী

*১৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *২২১।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, অস্ট্রেলিয়ার ক্যারি প্যাকার বন্যাত্রাণে সাহায্যের জন্য কলকাতায় একটি প্রদর্শনী ক্রিকেট খেলার প্রস্তাব রাজ্যসরকারের নিকট দিয়েছেন ; এবং

(খ) সত্য হ'লে, প্রস্তাবটি সম্পর্কে রাজ্যসরকার কি কোন সিদ্ধান্ত নিয়েছেন ?

**Minister-in-charge of Education (Sports) Deptt. :**

(ক) না, এরূপ কোন প্রস্তাব সরকারের কাছে আসেনি।

(খ) প্রশ্ন উঠে না।

## পুরুলিয়া-বন্দোয়ান রাস্তায় সেতু নির্মাণ

*১৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৬।) **শ্রীসুধাংশুশেখর মাঝি :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া হইতে বান্দোয়ান (ভায়া বড় বাজার) পর্যন্ত রাস্তায় কয়টি সেতু নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি ;

(খ) থাকিলে, কোথায় কোথায় ঐ সেতুগুলি নির্মিত হইবে ; এবং

(গ) কবে নাগাত ঐ কাজ শুরু হইবে ?

**Minister-in-charge of Public Works Development Deptt. :**

(ক) ও (খ) বরাভূম ( বড় বাজার ) বান্দোয়ান রাস্তার পশ্চিমবঙ্গে অবস্থিত অংশে টোটকা নদীর উপর একটি সেতু নির্মাণের পরিকল্পনা আছে ;

(গ) ১৯৭৯ সালে কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায়।

## কালিন্দ্রী নদীর উপর নেতাজী সেতুর উদ্বোধন

*১৯৯। ( অনুমোদিত প্রশ্ন নং *৪৮৫। ) **শ্রীশুভেন্দু কুমার চৌধুরী :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৭৪ সালে মালদহ জেলায় কালিন্দ্রী নদীর উপর 'নেতাজী সেতু' নামে একটি সেতুর উদ্বোধন হইয়াছিল ;

(খ) হইয়া থাকিলে, ঐ সেতুটি নির্মাণের জন্য এ বাবত এ পর্যন্ত মোট কত টাকা বরাদ্দ ও ব্যয় হইয়াছে ; এবং

(গ) কবে নাগাত ঐ সেতুর নির্মাণকার্য সমাপ্ত হইবে বলিয়া আশা করা যায় ?

**Minister-in-charge of Public Works Development Deptt. :**

(ক) হ্যাঁ।

(খ) ১৯৭৫-৭৬ থেকে ১৯৭৮-৭৯ পর্য্যন্ত প্রতি বৎসর যে বরাদ্দ ধরা হয় তার মোট পরিমাণ ৩২ লক্ষ টাকা। ৩১-৭-৭৯ পর্য্যন্ত ব্যয় হইয়াছে ৮২৮০৬ টাকা।

(গ) আশা করা যায়, আগামী ২ বৎসরের মধ্যে সেতুর নির্মাণ কার্য্য সমাপ্ত হইবে।

## রাজগঞ্জ-চাউলহাটি পর্যন্ত পাকা রাস্তা

*২০০। ( অনুমোদিত প্রশ্ন নং ৪৯৩। ) **শ্রীধীরেন্দ্রনাথ রায় :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজগঞ্জ ব্লকের রাজগঞ্জ হইতে চাউলহাটি পর্যন্ত পাকা রাস্তা করার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি ; এবং

(খ) থাকিলে, কতদিনের মধ্যে উক্ত পরিকল্পনা বাস্তবে রূপায়িত হইবে ?

**Minister-in-charge of Public Works Development Deptt. :**

(ক) হ্যাঁ ;

(খ) ষষ্ঠ পরিকল্পনায় অর্থ বরাদ্দের উন্নতির উপর ইহার বাস্তব রূপায়ণ নির্ভর করিতেছে।

## মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে অর্জিত টাকা ও বণ্টন

*২০১। (অনুমোদিত প্রশ্ন নং *২২৫।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস:** মুখ্যমন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে ১৯৭৮ সালের ৩১এ অক্টোবর পর্যন্ত কত টাকা জমা পড়েছে ;

(খ) ঐ ত্রাণ তহবিলের টাকা বা ত্রাণসামগ্রী সরকারী ব্যবস্থাপনায় কাদের মাধ্যমে দুর্গতদের মধ্যে বণ্টন করা হয়েছে বা হচ্ছে ;

(গ) ইহা কি সত্য যে, বেসরকারী সেবা প্রতিষ্ঠানগুলিকে ঐ তহবিল থেকে অর্থসাহায্য করা হয়েছে ; এবং

(ঘ) 'গ' প্রশ্নের উত্তর হ্যাঁ হ'লে কোন্ কোন্ বেসরকারী সেবা প্রতিষ্ঠানকে কি পরিমাণ অর্থ বা ত্রাণসামগ্রী উল্লিখিত সময় পর্যন্ত বণ্টনের জন্য দেওয়া হয়েছে ?

**Chief Minister's Secretariat :**

(ক) মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে ২৮শে আগষ্ট '৭৮ হইতে ৩১শে অক্টোবর '৭৮ পর্য্যন্ত সংগ্রহের পরিমাণ টাঃ ১.৪০.৭৯.৯৩২-১৫ পঃ।

(খ) ঐ তহবিলের টাকা বা ত্রাণসামগ্রী দুর্গত জেলাগুলির জেলাশাসক ও (ঘ) অনুচ্ছেদে লিখিত সেবা প্রতিষ্ঠানগুলির মাধ্যমে দুর্গতদের মধ্যে বণ্টন করা হয়েছে বা হচ্ছে।

(গ) হ্যাঁ।

(ঘ) বেসরকারী সেবা প্রতিষ্ঠান সমূহকে অর্থ সাহায্যের পরিমাণ ;

(১) রামকৃষ্ণ মিশন— টাঃ ১০০,০০০.০০

(২) ভারত সেবাশ্রম সংঘ— টাঃ ২০০,০০০.০০

(৩) উত্তমেনস্ কো-অর্ডিনেটিং কাউন্সিল, পশ্চিমবঙ্গ— টাঃ ২০,০০০.০০

(৪) পশ্চিমবঙ্গ গণতান্ত্রিক মহিলা সমিতি— টাঃ ৬,০০০.০০

(৫) বন্যাত্রাণে সারা বাংলা ছাত্র সংসদ
কলিকাতা বিশ্ববিদ্যালয়—টাঃ ১০,০০০.০০

(৬) সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটি— টাঃ ৬৫,০০০.০০

**ত্রাণসামগ্রী সাহায্যের পরিমাণ:**

(১) পিপ্‌লস্ রিলিফ কমিটি

(ক) ৩ বাক্স টি. এ. বি. সি. টিকা

(খ) ৫ বাক্স বিভিন্ন ঔষধ

(২) বন্যাত্রাণে সারা বাংলা ছাত্র সংসদ
নূতন—শাড়ী ৩৩টি, ধুতি ১০টি, কম্বল ২টি
পুরাতন—১৬২টি
ঔষধ—(১) ২০ × ৫০ × ৪ মিঃ লিঃ কলেরা টিকা
(২) ২ বাক্স বিভিন্ন ঔষধ

(৩) ছাত্র ফেডারেশন ও গণতান্ত্রিক যুব ফেডারেশন
৩ বাক্স কলেরা টিকা

(৪) পশ্চিমবঙ্গ যুব সংঘ
১ বাক্স কলেরা টিকা ও ১ বাক্স বিভিন্ন ঔষধ।

**মানবাজার-কুইলাপাল পর্যন্ত রাস্তা পাকাকরণ**

*২০২। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮০।) **শ্রীসুধাংশুশেখর মাঝি:** পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার মানবাজার হইতে কুইলাপাল (ভায়া বান্দোয়ান) রাস্তাটি পাকা করার কোন পরিকল্পনা সরকারের আছে কি;

(খ) থাকিলে ঐ রাস্তায় কুমারী নদীর উপর খাড়িতুয়ার ঘাট, টোটকো নদীর উপর বারঘাট ও যমুনা নদীর উপর কুইলাপাল ঘাটে তিনটি পাকা সেতু নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(গ) 'ক' ও 'খ'-এর উত্তর হ্যাঁ হইলে, কবে নাগাত ঐ কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায় ?

**Minister-in-Charge of Public Works Development Deptt.—**

(ক) হ্যাঁ, অদূর ভবিষ্যতে পাকা করবার পরিকল্পনা আছে ;

(খ) আপাততঃ নাই ;

(গ) সড়ক উন্নয়ণ পরিকল্পনার জন্য উপযুক্ত অর্থ বরাদ্দ প্রাপ্তির উপর নির্ভর করিতেছে।

## সি এম ডি এ-র চারজন ইঞ্জিনিয়ারের কাজ থেকে অব্যাহতি

*২০৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৭।) **শ্রীধীরেন্দ্রনাথ সরকার :** পূর্ত (মহানগর উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সি এম ডি এ-র ডেপুটি ডিরেকটর পদমর্যাদার চারজন প্রবীণ ইঞ্জিনীয়ার কাজ থেকে অব্যাহতি চেয়ে কর্তৃপক্ষের নিকট চিঠি দিয়েছেন ; এবং

(খ) সত্য হ'লে,—

(১) অব্যাহতি চাওয়ার কারণ কি, ও

(২) ঐ ইঞ্জিনিয়ারদের নাম কি ?

**Minister-in-Charge of Public Works Development (Metropolitan Development) Deptt.—**

(ক) সি. এম. ডি. এ.'-র ৬ জন ডেপুটি ডিরেকটার যাঁরা ডেপুটেশন আছেন, তাঁরা তাঁদের নিজ নিজ বিভাগে ফিরে যেতে চেয়েছেন।

(খ) (১) তাঁরা আলাদা আলাদা চিঠিতে জানিয়েছেন যে, তাঁদের কাজ এবং অভিজ্ঞতাকে পূর্ণ গুরুত্ব দেওয়া এবং বিবেচনা করা হচ্ছে না এবং···অসুখী··· বোধ করছেন।

(২) ইঞ্জিনীয়ারদের নাম :—

১) শ্রীসিদ্ধানন্দ চট্টোপাধ্যায়।

১) শ্রী এস. কে. তলাপাত্র।

৩) শ্রী এস. সমাজদার।

৪) শ্রী ডি. মজুমদার।

৫) শ্রী বি. জে. মুখার্জী।

৬) শ্রী ইউ. এন. মণ্ডল।

## সরকার বনাম শ্রী হাসিম আবদুল হালিম কেস

*১০৪। [ অনুমোদিত প্রশ্ন নং *৪৮৮ ( এস এন ) ] **শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় ও শচীন সেন :** বিচার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বিচার বিভাগের মন্ত্রী মহাশয়ের বিরুদ্ধে ( সরকার বনাম শ্রীহাসিম আবদুল হালিম ) কয়েকটি ক্রিমিনাল কেস ছিল ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, বর্তমান মন্ত্রীসভা গঠিত হওয়ার পর উক্ত কেসগুলি কি সরকারী নির্দেশে উঠাইয়া লওয়া হইয়াছে ?

**Miuiater-in-Charge of Judicial Deptt.—**

(ক) না, ইহা সত্য নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

### বাঁকুড়া জেলায় ওন্দা থানায় ছিনতাই করা বন্দুক

*২০৫। [অনুমোদিত প্রশ্ন নং *৪৮৩ (এস এন)।] **শ্রীঅনিল মুখার্জী:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৭৭ সালে বাঁকুড়া জেলায় ওন্দা থানার অন্তর্গত সাহাপুর ও বিক্রমপুর গ্রামে নকশাল আন্দোলনে মোট কয়টি বন্দুক ছিনতাই-এর ঘটনা ঘটেছিল ;

(খ) ঐ বন্দুকগুলি উদ্ধার করা হইয়াছে কিনা ;

(গ) 'খ' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, কোন্ কোন্ স্থান হইতে উক্ত বন্দুকগুলি উদ্ধার করা হইয়াছে ; এবং

(ঘ) উক্ত বন্দুক ছিনতাইকারীগণের সহিত অন্য কোন রাজনৈতিক দলের সম্পর্ক আছে কি ?

**Minister-in-Charge of Home (Police) Deptt.—**

(ক) ১৯৭৭ সালে সাহাপুর ও বিক্রমপুর গ্রামে নকশালপন্থীদের দ্বারা কোন বন্দুক ছিনতাই হয়নি।

তবে ১৯৭৮ সালে আগস্ট মাসের ৩ রারিখ রাতে একদল নকশালপন্থী ওন্দা থানার অন্তর্গত ইলাটি গ্রাম থেকে ১টি ও দিগা গ্রাম থেকে ২টি এবং পিংগরাই গ্রাম থেকে ১টি বন্দুক স্থানীয় বন্দুক লাইসেন্সিদের বাড়ী থেকে ছিনতাই করে। ঐ রাতেই উক্ত দল বাঁকুড়া থানার অন্তর্গত গোয়ালআটি গ্রাম থেকে আরো তিনটি বন্দুক ছিনতাই করে।

(খ) হ্যাঁ।

(গ) উক্ত ৮টি বন্দুকের মধ্যে ৬টি বাঁকুড়া থানার কলাবেড়িয়া—গোয়ালআটি গ্রামাঞ্চল থেকে ৩-৯-৭৮ তারিখে এবং বাকী দুটি বন্দুক বড়জোড়া থানার মুচুটি গ্রাম থেকে ৪-৯-৭৮ তারিখে উদ্ধার করা হয়েছে।

(ঘ) নকশালপন্থী ব্যতিরেকে অন্য কোনো রাজনৈতিক দলের সম্পর্ক জানা যায় নাই।

### বিগত বিধানসভার সদস্য মিসায় গ্রেপ্তার

*২০৬। [অনুমোদিত প্রশ্ন নং *৫১১ (এস এন)।] **শ্রীঅনিল মুখার্জী** এবং **শ্রীমতী অপরাজিতা গোপ্পী**ঃ স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত বিধানসভার কতজন সদস্য মিসায় গ্রেপ্তার হইয়াছিলেন; এবং

(খ) তাঁহাদের বিরুদ্ধে কি কি অভিযোগ ছিল?

Minister-in-Charge of Home (Police) Deptt.—

(ক) ১ জন।

(খ) জনশৃঙ্খলা রক্ষার পক্ষে হানিকর কার্য্য হইতে নিবৃত্ত করিবার জন্য।

## UNSTARRED QUESTIONS

**(to which written answers were laid on the table)**

### স্বাস্থ্য বিভাগের কর্মচারী বদলি

৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩১।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস**ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, স্বাস্থ্য বিভাগের কর্মচারীদের বদলির ব্যাপারে ঐ বিভাগের বিভিন্ন সরকারী কর্মচারী সংস্থা বা ইউনিয়নের সঙ্গে কোনরূপ পরামর্শ করা হয় কিনা?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়**ঃ স্বাস্থ্য বিভাগের কর্মচারীদের বদলির ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের আগে কোন সরকারী কর্মচারী সংস্থা বা ইউনিয়নের সঙ্গে কোন পরামর্শ করা হয় না। তবে, এ ব্যাপারে যে পলিসি যুক্ত তৎসম্পর্কে পরামর্শ করা হয় এবং কোন সরকারী কর্মচারী সংস্থা বা ইউনিয়ন বদলির বিষয়ে কোন আবেদন করলে তা বিবেচনা করা হয়।

## কাঁথি মহকুমায় বিদ্যালয়হীন গ্রাম

৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ৬৪।) **শ্রীকিরণময় নন্দ:** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি মহকুমাতে কয়টি বিদ্যালয়হীন গ্রাম আছে :

(খ) ঐ মহকুমায় কোন্ সার্কেলের কোন্ কোন্ গ্রাম বিদ্যালয়হীন গ্রাম হিসাবে গণ্য হইয়াছে ; এবং

(গ) ঐ মহকুমায় কোন্ সার্কেলে কয়টি প্রাথমিক বিদ্যালয়ে কতগুলি রোল স্ট্রেন্থ ভেকেন্সি আছে ?

**শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রীমহাশয়:**

(ক) ১০টি।

(খ) একটি তালিকা এইসঙ্গে দেওয়া হইল।

(গ) এই ব্যাপারে প্রাথমিক বিদ্যালয় অনুযায়ী সংখ্যা না পাওয়া গেলেও সার্কেল ভিত্তিক রোল স্ট্রেন্থ ভেকেন্সির হিসাব এই সাথে পেশ করা তালিকায় দেখানো হইল।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 55 (Admitted question No 64.)

**Statement showing the circle-wise vacancy in respect of Roll strength vacancy of Contai subdivision.**

| Name of Circle | | No. of vacancies |
|---|---|---|
| 1. Contai-II | | 5 |
| 2. Contai-III | .... | 7 |
| 3. Contai-North | .... | 9 |
| 4. Pataspur North | .... | 19 |
| 5. Contai East | .... | 6 |
| 6. Mugberia | .... | 4 |
| 7. Contai West | .... | 5 |
| 8. Digha | | 8 |
| 9. Egra South | .... | 13 |

| Name of Circle | | Name of vacancies |
|---|---|---|
| 10. Khejuri | ... | 9 |
| 11, Pichhaboni | ... | 10 |
| 12. Bhagwanpur | ... | 12 |
| 13. Heria | .... | 9 |
| 14. Egra North | ... | 11 |
| | | 125 |

**রাজ্য সরকারের বিভিন্ন সংস্থা ও রাষ্ট্রীয় কর্পোরেশনগুলিতে কর্মচারী নিয়োগ**

৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ১১০।) **শ্রীদীপক সেনগুপ্ত:** শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের জুলাই মাস হইতে ১৯৭৮ সালের অক্টোবর মাস পর্যন্ত রাজ্যসরকারের বিভিন্ন সংস্থা এবং রাষ্ট্রীয় কর্পোরেশনগুলিতে কতজন কর্মচারী নিয়োগ করা হইয়াছে ;

(খ) উক্ত সংস্থাগুলিতে স্থায়ী ও অস্থায়ী পদে নিয়োগের সংখ্যা কত ; এবং

(গ) উক্ত নিয়োগের ক্ষেত্রে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলিকে যথাযথ মর্যাদা দেওয়া হইয়াছে কি ?

**শ্রমবিভাগের মন্ত্রিমহোদয়:** (ক) জুলাই ১৯৭৭ হইতে জুন ১৯৭৮ পর্যন্ত রাজ্যসরকারের বিভিন্ন শাখায় কর্ম বিনিয়োগ কেন্দ্র মারফত চাকুরি প্রাপ্তির সংখ্যা নীচে দেওয়া হইল :

| | |
|---|---|
| (১) রাজ্যসরকারী অফিস— | ২,৭৮০ |
| (২) রাজ্যসরকারেরর পরিচালনাধীন সংখ্যা— | ১৬৫ |
| (৩) স্থানীয়স্বায়ত্তশাসন সংখ্যা— | ১,৯০৩ |
| মোট— | ৪,৮৪৮ |

(খ) জানা নাই।

(গ) হ্যাঁ।

**Construction of a sluice gate-cum-road over the Pagla river in Birbhum district**

57. (Admitted question No. 165.) **Dr. Motahar Hossain :** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) if it is a fact that previous Government was actively considering a proposal for the construction of a sluice gate-cum-road over the Pagla River near Paikar in the district of Birbhum;

(b) if so, what is the present position thereof ?

**Minister-in-charge of Irrigation and Waterways Department :** (a) A proposal for augmenting irrigation supply in the Mayurakshi command by constructing a sluice across the river Pagla has been under consideration since the time of the previous Government.

(b) The scheme is under preliminary investigation. If after the preliminary investigation, the scheme appears to be feasible, detailed survey and investigation will be taken up to draw up the scheme.

**বন্যাত্রাণে বেসরকারী সেবা প্রতিষ্ঠান**

৫৮। ( অনুমোদিত প্রশ্ন নং ১৯৬। ) **শ্রীরজনীকান্ত দলুই ঃ** ত্রাণ ও কল্যাণ ( ত্রান ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাম্প্রতিক বন্যাত্রাণের কাজে কতকগুলি নামকরা বেসরকারী সেবা প্রতিষ্ঠান এগিয়ে এসেছিলেন ;

(খ) উক্ত প্রতিষ্ঠানগুলির নাম কি ; এবং

(গ) উক্ত প্রতিষ্ঠানগুলিকে কি কি কাজ করতে দেওয়া হয়েছিল ?

**ত্রাণ ও কল্যাণ ( ত্রাণ ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ও (খ) যে সকল নামকরা বেসরকারী প্রতিষ্ঠান সাম্প্রতিক বন্যাত্রাণের কাজে অংশ গ্রহণ করবার জন্যে এগিয়ে এসেছিলেন তাঁদের একটি তালিকা পেশ করা হ'ল।

(গ) এই প্রতিষ্ঠানগুলিকে রান্না করা ও শুকনো খাবার, দুধ, ওষুধ, জামাকাপড়, কম্বল, গৃহনির্মাণ উপকরণ বিতরণ, নলকূপ বসানো ও প্রতিষেধক টিকা দেওয়ার কাজ করতে দেওয়া হয়েছিল।

Statement referred to in reply to clause (Ka) and (Kha) of unstarred question No. 58 (Admitted question No. 196.)

(1) C.A.R.E., West Bengal.
(2) Catholic Relief Services.
(3) C.A.S.A.
(4) Lutheran World Service.
(5) U.N.I.C.E.F.
(6) OXFAM.
(7) Vision of the World.
(8) Seva Kendra.
(9) Missionaries of Charities.
(10) Indian Red Cross Society.
(11) St. John Ambulance Brigade.
(12) Relief Welfare Ambulance Corps.
(13) Bharat Sevashram Sangha.
(14) Ramkrishna Mission.
(15) Marwari Relief Society.
(16) Sree Kashi Viswanath Seva Samity.
(17) Gujrathi Relief Society.
(18) Haryana Nagarik Sangha.
(19) Rammohan Mission.
(20) People's Relief Committee.
(21) Ganatrantik Mahila Samity.
(22) National Council for Women in India.
(23) Shree Chaitanya Math, Mayapur.
(24) I.S.K.C.O.N.
(25) Ramkrishna Ashram, Suri.
(26) Muslim Institute.
(27) Sadharan Brahmo Samaj.
(28) Swamiji Sangha.
(29) Women's Co-ordinating Council
(30) Association for Social Health in India.
(31) Indian Medical Association.

(32) Paschim Banga Mahila Samity.

(33) Christian Social Service.

(34) All India Bhikhhu Sangha.

(35) Bhagaban Shri Satya Sai Seva Orgn.

(36) Lion's International.

(37) The Salvation Army.

(38) Ramkrishna Vivekananda Mission, Barrackpore.

(39) Ramkrishna Sarada Mission.

(40) Jamait-E-Islami Hind.

(41) National Relief Organisation.

**উচ্চশিক্ষার্থে চিকিৎসকদের বিশেষ প্রেরণ**

৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ২১৩।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরে রাজ্যসরকার কতজন চিকিৎসককে উচ্চশিক্ষার জন্য বিদেশ-যাত্রার অনুমতি দিয়াছেন :

(খ) উক্ত চিকিৎসকদের নাম কি ; এবং

(গ) রাজ্য সরকারের চিকিৎসকদের বিদেশযাত্রার অনুমতি দেবার ক্ষেত্রে কি কি শর্ত বা নীতি অনুসরণ করা হয় ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়:** (ক) ছয় জন চিকিৎসককে।

(খ) (১) ডাঃ সুনীতকুমার মিত্র, (২) ডাঃ রঘুনাথ লাহিড়ী, (৩) ডাঃ শিবদাস মুখার্জী (৪) ডাঃ শিপ্রা ব্যানার্জী, (৫) ডাঃ অসিতরঞ্জন ব্যানার্জী ও (৬) ডাঃ সমরেন্দ্রনাথ ভট্টাচার্য।

(গ) সাধারণত নিম্নলিখিত শর্তসাপেক্ষে রাজ্য সরকার তাঁহাদের অধীনস্থ কার্য রত চিকিৎসকদের বিদেশযাত্রার অনুমতি দিয়া থাকেন—

(১) রাজ্য সরকারের অধীনে ন্যূনতম পাঁচ বছর চাকুরী করা চাই অথবা স্থায়ী সরকারী চিকিৎসক হইতে হইবে।

(২) উক্ত পাঁচ বৎসরের মধ্যে অন্তত তিন বৎসরকাল মফঃস্বল এলাকায় চাকুরি করিতে হইবে।

(৩) যে বিষয়ে পড়িতে ইচ্ছুক সে বিষয়ে কোন ভারতীয় বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর ডিগ্রি টাকা আবশ্যক। সাধারণত কোন বা ডিগ্রি বা ডিপ্লোমা কোর্স পড়ার জন্য বিদেশে যাইবার অনুমতি দেওয়া হয় না। যে সমস্ত বিষয়ে ভারতে পড়িবার সুযোগ নাই এবং শিক্ষিত চিকিৎসকের ভীষণ অভাব অভাব আছে কেবলমাত্র সেই সমস্ত বিষয়ে পড়িবার জন্য বিদেশে যাইবার অনুমতি দেওয়া হয়। পাঠ্য বিষয়টি আবার কেন্দ্রীয় সরকারের অনুমোদিত বিষয়ের অন্তর্গত হওয়া প্রয়োজন।

(৪) যে দেশে পড়িতে যাইবে সে দেশের কোন রিকগনাইজড ইনস্টিটিউশন-এর ক্লিনিকাল অ্যাসাইনমেন্ট বা পড়িতে দিবার অনুমতিপত্র প্রদান করিতে হইবে।

(৫) শিক্ষা সমাপান্তে রাজ্য সরকারের অধীনে ন্যূনতম পাঁচ বৎসরকার চাকুরি করার অঙ্গীকারপত্র প্রদান করিতে হইবে।

**স্মল ইনডাস্ট্রিজ কর্তৃক কোক ক্রয়-বিক্রয়**

৬০। ( অনুমোদিত প্রশ্ন নং ২৬২। ) **শ্রীদিলীপ মজুমদার :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ওয়েস্ট বেঙ্গল স্মল ইণ্ডাস্ট্রিজ কর্পোরেশন দুর্গাপুর প্রজেক্ট লিমিটেড হইতে জানুয়ারী, ১৯৭৮ হইতে বর্তমান সময় পর্যন্ত কি কি দরে ব্রীজ কোক, নাট কোক, স্পেশাল নাট কোক এবং বি পি হার্ড কোক ক্রয় করেন ( মাসানুযায়ী ) ;

(খ) কি কি দরে উল্লিখিত দ্রব্যসমূহ উক্ত সময়ে পুনরায় খরিদ্দারদের নিকট বিক্রয় করেন, এবং

(গ) ১৯৭৭ ও ১৯৭৮ সালের অক্টোবর পর্যন্ত ডব্লিউ বি এস আই সি দুর্গাপুর প্রজেক্টস হইতে উপরোক্ত দ্রব্যাদি মোট কত পরিমাণ ক্রয় করেন ( মাসানুযায়ী ) ?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় :** (ক) ও (খ) ওয়েস্ট বেঙ্গল স্মল ইণ্ডাস্ট্রিজ করপোরেশন লিঃ নাট কোক ও স্পেশাল নাট কোকের কোনরূপ ব্যবসা করেন না।

ব্রীজকোক ও হার্ড কোকের জানুয়ারী, ১৯৭৮ হইতে নভেম্বর, ১৯৭৮ পর্যন্ত মাসানুযায়ী ক্রয়মূল্য ও বিক্রয়মূল্য নিম্নে বর্ণিত হইল :

**বি, পি, হার্ড কোক**

| | ক্রয় মূল্য (প্রতি মেঃ টন আনুষঙ্গিক ব্যয় সহ) | বিক্রয় মূল্য (প্রতি মেঃ টন) |
|---|---|---|
| | টাকা | টাকা |
| জানুয়ারী ১৯৭৮ হইতে মার্চ ১৯৭৮ | ৩৯৯.২৪ | ৪১২.০০ |
| এপ্রিল ১৯৭৮ হইতে অক্টোবর ১৯৭৮ | ৪০২.৭৪ | ৪১৬.০০ |
| নভেম্বর ১৯৭৮ | ৪২১.৮৭* | ৪৫০.০০ |

*ক্রয় মূল্যের বিভিন্ন অংশ এইরূপ :

| | |
|---|---|
| প্রাথমিক মূল্য | ৩৩৭.৫০ |
| রয়্যালটি | ৬.০০ |
| সেস | ৩.৬৩ |
| রেলের মাশুল | ২৪.০০ |
| অকট্রয় | ১.০০ |
| দুর্গাপুর প্রোজেক্টস্‌কে দেয় | ৩৭২.১৩ |
| ইনসুরেন্স, পোর্ট সাইজিং, হ্যাণ্ডলিং, ক্ষতি, মূলধনের সুদ | ৪৯.৭৪ |
| মোট ক্রয় মূল্য | ৪২১.৮৭ |

**ব্রীজ কোক**

| | ক্রয় মূল্য (প্রতি মেঃ টন) | বিক্রয় মূল্য (প্রতি মেঃ টন) |
|---|---|---|
| | টাকা | টাকা |
| জানুয়ারী ১৯৭৮—মার্চ ১৯৭৮ | ৯৯.৩৫ | ১০৩.০০ |
| এপ্রিল ১৯৭৮—অক্টোবর ১৯৭৮ | ১০৮.৪১ | ১১৩.০০ |
| নভেম্বর ১৯৭৮ | *১২৮.৪৬ | ১৩৫.০০ |

| | |
|---|---|
| *দুর্গাপুর প্রোজেক্টস্‌কে দেয় | ১০৬.৯৩ |
| আনুষঙ্গিক | ২১.৫৩ |
| মোট ক্রয় মূল্য | ১২৮.৪৬ |

(গ) মোট ক্রীত দ্রব্যের পরিমাণ ( মাসানুযায়ী ) ঃ

| মাস | বি পি হার্ড কোক ( মেঃ টন ) | ব্রীজ কোক ( মেঃ টন ) |
|---|---|---|
| এপ্রিল ১৯৭৭ | ৭,৯১০.১২০ | ২২৩.৭১০ |
| মে ১৯৭৭ | ৭,৮০৫.৪২০ | ৪৫২.২৫০ |
| জুন ১৯৭৭ | ৫,৩৭৬.৩৪০ | ৪৫৬.০৩০ |
| জুলাই ১৯৭৭ | ২,৮৪১.১৬০ | ৭৭৯.৭৩০ |
| আগস্ট ১৯৭৭ | ১,২২০.০৬০ | ৯৭৫.৩০০ |
| সেপ্টেম্বর ১৯৭৭ | ১,২৯২.৪৬০ | ১,৮১৬.৪৭০ |
| অক্টোবর ১৯৭৭ | ৩,৭৯৩.৯২০ | ২৬০.৩৩০ |
| নভেম্বর ১৯৭৭ | ৪,১০১.৭২০ | ১,৮০৫.৯৭০ |
| ডিসেম্বর ১৯৭৭ | ১,৯৩৮.২৮০ | ৭৫৫.২১০ |
| জানুয়ারী ১৯৭৮ | ৩,২৪১.৫৪০ | ৬৯৮.৫৩০ |
| ফেব্রুয়ারী ১৯৭৮ | ৩,৩৩৮.৮২০ | ১৫১.৯৭০ |
| মার্চ ১৯৭৮ | ৩,০১১.৮৪০ | ... |
| এপ্রিল ১৯৭৮ | ২,৩৩৮.৮৪০ | ৬৯২.৬৩০ |
| মে ১৯৭৮ | ৪,২৮৭.০২০ | ২,৫০৩.৭৫০ |
| জুন ১৯৭৮ | ৪,০৩৪.০২০ | ৫,৩২৪.০৩০ |
| জুলাই ১৯৭৮ | ৪,৪৯১.২২০ | ৬,০৪৯.২৯০ |
| আগস্ট ১৯৭৮ | ৩,০২৭.৪৪০ | ৫,১৭১.৬৭০ |
| সেপ্টেম্বর ১৯৭৮ | ৮৫০.০০০ | ১,২৭২.৭১০ |
| অক্টোবর ১৯৭৮ | ২০০.০০০ | ... |

## বীরভূমে আংশিক রেশনের মাধ্যমে ডাল সরবরাহ

৬১। ( অনুমোদিত প্রশ্ন নং ২৭২। ) **শ্রীশশাঙ্কশেখর মণ্ডল ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় আংশিক রেশনের মাধ্যমে ডাল সরবরাহের কোনও ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কিনা ; এবং

(খ) হইয়া থাকিলে, করে নাগাত তাহা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

**খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ** (ক) না।

(খ) এ প্রশ্ন ওঠে না।

## রামপুরহাটে পশুচিকিৎসা কেন্দ্র

৬২। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৬।) **শ্রীশশাংকশেখর মণ্ডলঃ** পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রামপুরহাট ১নং ও ২নং সমষ্টি উন্নয়ন ব্লক এলাকায় পশুচিকিৎসা কেন্দ্রের সংখ্যা কত; এবং

(খ) উপরোক্ত পশুচিকিৎসা কেন্দ্রগুলি কোন্ কোন্ গ্রামে অবস্থিত ও সপ্তাহে কোন্ কোন্ বারে সেগুলি খোলা থাকে?

**পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রী মহাশয়ঃ** (ক) ছয়টি (রামপুরহাট পশুচিকিৎসা হাসপাতাল সহ)।

(খ) ঐ পশুচিকিৎসা কেন্দ্রগুলি রামপুরহাট ১নং ব্লকের অধীনস্থ রামপুরহাট, নিশ্চিন্তপুর, চাকপাড়া ও স্বাধীনপুর এবং রামপুরহাট ২নং ব্লকের অধীনস্থ মারগ্রাম ও কালুহা গ্রামে অবস্থিত।

রবিবার ছাড়া সপ্তাহের বাকি সবদিনই ঐ কেন্দ্রগুলি খোলা থাকে।

## ময়নাগুড়ি ব্লকে এগ্রিকালচারাল ইনপুটস লোন

৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ৩৪০।) **শ্রীতারকবন্ধু রায়ঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ময়নাগুড়ি ব্লক এলাকায় এগ্রিকালচারাল ইনপুটস লোন দেওয়া হয়েছে কিনা;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হ'লে ১৯৭৭ সালে—

(১) কতজন প্রান্তিক চাষীকে,

(২) কতজন ক্ষুদ্র চাষীকে, ও

(৩) কত ভাগ চাষীকে এই লোন দেওয়া হয়েছিল ;

(গ) মোট কত টাকা ও সার লোন হিসাবে দেওয়া হয়েছিল ; এবং

(ঘ) উক্ত এলাকায় গ্রাম পঞ্চায়েতওয়ারী জনসংখ্যা কত ?

**কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) হ্যাঁ।

(খ) (১) ৪৮৫ জনকে।

(২) ৫৯৯ জনকে।

(৩) ৪৮২ জনকে।

(গ) ৭৭,৫০০ টাকা নগদে ও ৭৭,৫০০ টাকার সার লোন হিসাবে দেওয়া হয়েছিল।

(ঘ)

| | জন |
|---|---|
| রামসাই | ১১,৭২৩ |
| আমগুড়ি | ১৪,৬৮০ |
| দোমহনী-১ | ৯,৯৯৬ |
| দোমহনী-২ | ৭,৪৪৫ |
| বার্নেশ | ১৩,২৫৫ |
| মাধবডাঙ্গা-১ | ৮,৭২৭ |
| মাধবডাঙ্গা-২ | ৮,৩০৮ |
| ময়নাগুড়ি | ১৩,৮১১ |
| ঘাগড়াবাড়ী-১ | ৮,৭২৭ |
| ঘাগড়াবাড়ী-১ | ৬,৬৩১ |
| চুড়াভাণ্ডার | ১৪,৫৪৮ |
| সপ্তিবাড়ী-১ | ৮,৭২৪ |
| সপ্তিবাড়ী-২ | ৮,৩২৫ |
| পাড়ামাটি-১ | ৮,৬৭১ |
| পাড়ামাটি-২ | ৮,২৪১ |
| ধর্মপুর | ৯,৭৮৫ |

## ছাতনা থানার ঝাঁটিপাহাড়ীতে সাবসিডিয়ারী হেল্‌থ সেণ্টার নির্মাণ

৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩৪৫।) **শ্রীসুভাষ গোস্বামী :** স্বাস্থ্য ও পরিবা কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার ছাতনা থানার ঝাঁটিপাহাড়ীতে আগামী আর্থিক বৎসরে সাবসিডিয়ারী হেল্‌থ সেণ্টার নির্মাণের কোন পরিকল্পনা আছে কি ;

(খ) উক্ত থানার প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটিকে গ্রামীণ হাসপাতালে পরিণত করার কোন উদ্যোগ গ্রহণ করা হইয়াছে কি ; এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, উক্ত বিষয়টি বর্তমানে কোন্ পর্যায়ে আছে ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) বিষয়টি বিবেচনাধীন।

(খ) না।

(গ) প্রশ্ন ওঠে না।

## বেকার ভাতা

৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ৩৪৬।) **শ্রীসুভাষ গোস্বামী :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে এ পর্যন্ত কোন্ কোন্ জেলায় কতজন বেকার ভাতার সুযোগ লাভ করিয়াছেন ; এবং

(খ) উক্ত সংখ্যা সরকারের ঘোষিত সংখ্যা হইতে কম হইলে অবশিষ্ট রেজিষ্ট্রিকৃত বেকারদের বেকার ভাতা দিবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন ?

**শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) প্রশ্নোক্ত বিস্তারিত বিবরণী নিম্নে দেওয়া হইল :

(খ) উপযুক্ততার নির্দিষ্ট শর্তাবলী পূরণ সাপেক্ষে বর্তমান আর্থিক বৎসরে ১ লক্ষ ৫০ হাজার বেকার ব্যক্তিকে বেকার অনুদান পরিকল্পের অন্তর্ভুক্ত করার সরকারী অভিপ্রায় ঘোষিত হয়। পরিকল্পে উল্লেখিত যোগ্যতার শর্তাবলী পূরণে সক্ষম হইয়াছেন এমন সমস্ত আবেদনকারী বেকার ব্যক্তিদের উক্ত পরিকল্পের অন্তর্ভুক্ত করা হইয়াছে। বর্তমানে এদের সংখ্যা ১ লক্ষ ৪৩ হাজার ৭৩৮। এমতাবস্থায় বর্তমান বৎসরে অবশিষ্ট বেকার ব্যক্তিদের বেকার ভাতা দানের কোন অবকাশ নাই।

Statement referred to in clause (ka) of unstarred question No. 65
( Admitted question No. 346)

**Districtwise number of unemployment Assistance registrants**

| | | |
|---|---|---|
| 1. | Calcutt | 34,484 |
| 2. | 24-Parganas | 26,247 |
| 3. | Nadia | 6,527 |
| 4. | Howrah | 6,569 |
| 5. | Hooghly | 11,328 |
| 6. | Midnapore | 8,063 |
| 7. | Burdwan | 25,527 |
| 8. | Birbhum | 2,055 |
| 9. | Darjeeling | 1,107 |
| 10. | Jalpaiguri | 1,658 |
| 11. | Murshidabad | 5,177 |
| 12. | Purulia | 5,100 |
| 13. | Bankura | 3,810 |
| 14. | Malda | 2,624 |
| 15. | West Dinajpur | 1,739 |
| 16. | Cooch Behar | 1,672 |
| | Total : | 143,732 |
| 1. | University Employment Information and Guidance Bureau, Calcutta University | 3 |
| 2. | University Employment Information and Guidance Bureau, Jadavpur University | — |
| 3. | University Employment Information and Guidance Bureau, Rabindra Bharati | — |
| 4. | University Employment Information and Guidance Bureau, Burdwan University | 3 |
| | Grand Total : | 143,738 |

## পঞ্চায়েতের সরকার ন্যস্ত জমি বণ্টন

৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ৩৪৭।) **শ্রীসুভাষ গোস্বামী ঃ** ভূমির সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সরকারে ন্যস্ত (ভেস্টেড) সমস্ত জমি বণ্টন সাপেক্ষে সাময়িকভাবে (তিন হইতে পাঁচ বৎসরের জন্য) পঞ্চায়েতকে চাষ-আবাদ করার অধিকার এবং কিছু পরিমাণ জমি স্থায়ীভাবে পঞ্চায়েতকে বন্দোবস্ত দেওয়ার সম্বন্ধে সরকারের কি কোন পরিকল্পনা আছে ?

**ভূমির সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় ঃ**

সরকারের এরূপ কোন পরিকল্পনা নেই।

## শুশুনিয়া পাহাড়ের পাদদেশে বাড়ি নির্মাণ

৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ৩৫৫।) **শ্রীসুভাষ গোস্বামী ঃ** যুব কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) যুব কল্যাণ দপ্তর হইতে বাঁকুড়া জেলার শুশুনিয়া পাহাড়ের পাদদেশে বাড়ি নির্মাণের কোন পরিকল্পনা আছে কি ;

(খ) থাকিলে, কোন্ সংস্থাকে উক্ত নির্মাণকার্যের ভার দেওয়া হইয়াছে ; এবং

(গ) ঐ বাড়ি নির্মাণের জন্য কি পরিমাণ অর্থ বরাদ্দ করা হইয়াছে ?

**যুব কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) এই পরিকল্পনাটি রূপায়ণের জন্য স্থান নির্বাচন বিবেচনাধীন আছে। কাজেই এই প্রশ্ন এখন ওঠে না।

(গ) এই প্রশ্ন এখন ওঠে না।

## কৃষি বিভাগে জয়েন্ট ডাইরেক্টর ও ডেপুটি ডাইরেক্টর

৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩৭৭।) **শ্রীবঙ্কিমবিহারী মাইতি ঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মহাকরণে (কলিকাতায়) কৃষি বিভাগে কতজন জয়েন্ট ডাইরেক্টার এবং ডেপুটি ডাইরেক্টার আছেন ;

(খ) ইহা কি সত্য যে, মেদিনীপুরের জয়েন্ট ডাইরেক্টরের পদ বহুদিন যাবৎ খালি অবস্থায় আছে , এবং

(গ) সত্য হইলে, কবে নাগাত এই পদ পূরণ হইবে বলিয়া আশা করা যায় ?

**কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) মহাকরণে ( কলিকাতায় ) কৃষি বিভাগে ৯ জন জয়েন্ট ডাইরেক্টার এবং ১১ জন ডেপুটি ডাইরেক্টার আছেন।

(খ) হ্যাঁ, সত্য। পদটি ২রা ডিসেম্বর, ১৯৭৬ তারিখ হইতে খালি অবস্থায় আছে।

(গ) পদটি পূরণের জন্য প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

## বাঁকুড়ার শ্রীচন্দ্রপুর স্বাস্থ্যকেন্দ্র

৬৯। ( অনুমোদিত প্রশ্ন নং ৩৮৪। ) **শ্রীনবনী বাউরী :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলায় গঙ্গাজলঘাটি থানায় শ্রীচন্দ্রপুর স্বাস্থ্যকেন্দ্রে বর্তমানে কোন ডাক্তার নাই :

(খ) সত্য হইলে, উক্ত স্বাস্থ্যকেন্দ্রে কতদিনের মধ্যে ডাক্তার পাঠানো যাবে ব'লে আশা করা যায় ; এবং

(গ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রে শয্যাসংখ্যা কত ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) হ্যাঁ। ১লা অক্টোবর ১৯৭৮ তারিখ থেকে উক্ত স্বাস্থ্যকেন্দ্রের মেডিকেল অফিসার ডাঃ তারাপদ রায় শালচূড়াতে ডেপুটেশনে কাজ করছেন।

(খ) সাময়িকভাবে ১৫ দিন ক'রে বড়জোড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র হ'তে দুইজন ডাক্তার পাঠানো হচ্ছিল। বর্তমানে আর পাঠানো সম্ভব হচ্ছে না। তবে উক্ত স্বাস্থ্যকেন্দ্রের ডাক্তারকে সত্বর ফিরিয়ে আনার ব্যবস্থা করা হচ্ছে।

(গ) চার।

## মেদিনীপুর জেলায় তাঁতশিল্পী

৭০। (অনুমোদিত প্রশ্ন নং ৩৮৬।) **শ্রীরাসবিহারী পালঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় প্রতি মহকুমায় তাঁতশিল্পে নিযুক্ত শিল্পীগণের সংখ্যা কত ;

(খ) উক্ত জেলায় সমবায় সমিতিগুলির মাধ্যমে কতগুলি তাঁত পরিচালিত হইতেছে ;

(গ) সমবায় সমিতির সদস্য তাঁতশিল্পীগণ মূলধন, প্রস্তুত বস্ত্রাদি বিক্রয়, আবশ্যকীয় যন্ত্রাদি সরবরাহ ইত্যাদি বাবদ কি কি সাহায্য পাইতেছেন ;

(ঘ) সমবায় সমিতির বাহিরের তাঁতশিল্পীগণের কি সুযোগসুবিধা দেওয়া হইতেছে ;

(ঙ) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলায় কাঁথি মহকুমায় হ্যাণ্ডলুম ডেভেলপমেন্ট অফিসারের পদটি কিছুদিন যাবত খালি আছে ; এবং

(চ) সত্য হইলে, উক্ত পদ পূরণের ব্যবস্থা কতদিনে হইবে ?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রীমহাশয়ঃ** (ক) মেদিনীপুর জেলায় প্রতি মহকুমায় তাঁতশিল্পে নিযুক্ত শিল্পীগণের সংখ্যা কমবেশী নিম্নরূপ ঃ

| | | জন |
|---|---|---|
| (১) | ঘাটাল | ১,৫৭০ |
| (২) | ঝাড়গ্রাম | ৩,১৩৫ |
| (৩) | মেদিনীপুর | ৫,১৮৫ |
| (৪) | তমলুক | ১৬,৫১৫ |
| (৫) | কাঁথি | ১০,২৭৫ |
| | মোট | ৩৬,৬৯০ |

(খ) সমবায় সমিতির মাধ্যমে ১৪,৬৭৬টি তাঁত পরিচালিত হইতেছে।

(গ) রিবেট, কার্যকরী মূলধন, শেয়ার ক্যাপিটাল, ব্যাঙ্ক হইতে ঋণ, উন্নত ধরণের যন্ত্রাদির জন্য ঋণ ও অনুদান ইত্যাদি সাহায্য পাইতেছেন।

(ঘ) বঙ্গীয় শিল্পায়ণ আইন অনুযায়ী ঋণ এবং ব্যাঙ্ক ঋণ দেওয়া হয়। ইহা ছাড়া ওয়েস্ট বেঙ্গল হ্যাণ্ডলুম ও পাওয়ারলুম ডেভেলপমেন্ট কর্পোরেশন উক্ত তাঁতীদের উৎপাদিত কাপড় ক্রয় করিয়া থাকে এবং উহাদিগকে সূতা সরবরাহ করে।

(ঙ) হ্যাঁ।

(চ) ব্যবস্থা করা হইতেছে।

**বাঁকুড়ার কাশতোড়া ও রামচন্দ্রপুর স্বাস্থ্যকেন্দ্র**

৭১। (অনুমোদিত প্রশ্ন নং ৪০২।) **শ্রীনবনী বাউরী**ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় শালতোড়া ও মেজিয়া থানার কাশতোডা ও রামচন্দ্রপুর সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার আছে কি ; এবং

(খ) না থাকিলে,—

(১) কতদিন যাবৎ নাই এবং বর্তমানে উক্ত স্বাস্থ্যকেন্দ্রটিতে রোগীদের চিকীৎসা কীভাবে চলিতেছে, ও

(২) উক্ত স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার পাঠানো বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রীমহাশয়ঃ** (ক) নেই।

(খ) (১) কাশতোড়া ও রামচন্দ্রপুর স্বাস্থ্যকেন্দ্র দুটিতে যথাক্রমে দেড় ও তিন বৎসর যাবৎ ডাক্তার নেই। বর্তমানে ফার্মাসিস্টরা রোগীদের চিকিৎসা চালাচ্ছেন। এ প্রসঙ্গে উল্লেখযোগ্য যে, উক্ত সময়ের মধ্যে ঐ দুই স্বাস্থ্যকেন্দ্রেই নতুন ডাক্তার দেওয়া হয়েছিল কিন্তু তাঁরা কাজে যোগদান করেন নি।

(খ) স্বাস্থ্যকেন্দ্রগুলির ডাক্তারের শূন্য পদগুলি পূরণের জন্য পাবলিক সার্ভিস কমিশনকে প্রার্থী নির্বাচিত করতে বলা হয়েছে। তাঁদের সুপারিশ পাওয়া মাত্র স্বাস্থ্যকেন্দ্র দুটির ডাক্তারের শূন্যপদ পূরণ করা হবে। অন্তর্বর্তী ব্যবস্থা হিসাবে অ্যাড হক ভিত্তিতেও ডাক্তার নিয়োগের চেষ্টা করা হচ্ছে।

## ADJOURNMENT MOTIONS

**মিঃ স্পীকার:** এখন মুলতুবী প্রস্তাব। আমি মাননীয় সদস্য সর্বশ্রী অজয় কুমার দে, অতীশ চন্দ্র সিংহ, ধীরেন্দ্র নাথ সরকার, সুনির্মল পাইক, নবকুমার রায়, কৃষ্ণদাস রায়, সত্যরঞ্জন বাপুলী, মহম্মদ সোহরাব, রজনীকান্ত দোলুই, হরিপদ ভারতী ও জন্মেজয় ওঝা এদের কাছ থেকে একটি করে মুলতুবী প্রস্তাবের নোটিশ পেয়েছি। কিন্তু আমি কোনটাই গ্রহণ করতে পারছি না, কেননা কোনটাই বৈধ নয়।

### Calling Attention to Matters of Urgent Public Importance

এখন, জনস্বার্থে গুরুত্বপূর্ণ জরুরী বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ। আমি সংসদ বিষয়ক বিভাগের মন্ত্রী মহদয়কে ডাক্তারদের অভাব পূরণে কর্মরত ডাক্তারদের চাকুরীর মেয়াদ বৃদ্ধি অথবা অবসরপ্রাপ্ত ডাক্তারদের পুনর্নিয়োগ সম্পর্কে একটি বিবৃতি দিতে অনুরোধ করছি।

**Shri Bhabani Mukherjee :** Mr. Speaker, Sir, with reference to the calling attention notice given by Shri Motahar Hussain on 13th December, 1978, I beg to make the following statement :—

From the year 1966 the Department of Health & Family Welfare have been finding it very difficult to properly run the different rural institutions under the Department in view of chronic shoitage of medical officers in the Cadre of the West Bengal Health Service. Every year about 500 or more vacancies in the posts of Medical officers in the Cadre are caused due to manifold reasons including mainly creation of new posts, retirement, death, resignation etc. Inspite of the efforts to fill up the vacancies through the P.S.C., West Bengal, ad-hoc appointment, contract appointment etc., most of the vacancies in the rural areas remain unfilled due to unwillingness of the new recruits to join the appointments in rural areas and as a result about 500 or more vacancies remain unfilled in a year.

In such a compelling situation a principle for filling up those vacancies by the retaired medical officers with good service records and physical fitness and mental alertness was adopted in the year 1967. At first it

was decided to re-employ such retired medical officers upto the age of 60 years but subsequently due to continuance of such chronic shortage of medical officers in the Cadre it was decided to re-employ them upto their age of 65 years provided they are found to be physically fit and mentally alert. In some cases particularly for difficult and remote places medical officers are re-employed even beyond 65 years with approval of the Cabinet.

In May, 1878, 500 vacancies in the Cadre were reported to the P.S.C., West Bengal. No allotment of the P.S.C. has yet been received. It has been gathered that interviews of candidates are nearing completion and P.S.C. will be able to allot candidates as early as possible. From our past experience it may be stated that about half of the P.S.C. allottees will not join their appointment in rural areas. Meanwhile, further vacancies in the posts of medical officer in the Cadre have occurred and will occur resulting in practically about the same number of vacancies in the Cadre in a year. We are, therefore, compelled to give re-employment to doctors for giving medical coverage to the ailing population in rural areas.

According to existing policy medical officers of the Selections Grade/Intermediate Selection Grade/Special Selection Grade are re-employed beyond their age of superannuation upto 65 years of their age on the maximum pay of the Basic Grade scale viz. Rs. 450-950/- less pension and pension equivalent of retiring gratuity plus allowances as admissible under the existing orders of the State Government. Medical Officers belonging to the Basic Grade and Non-Gazetted Medical Officers are however re-employed on the last pay drawn before retirement less pension and pension equivalent of retiring gratuity plus allowances as admissible. Such re-employment is given in areas outside Calcutta and Howrah Corporation subject to their physical fitness and mental alertness and their good records of service.

Re-employment of ex-military personnel is also considered but as P.S.C. is required to be consulted in their re-employment the matter becomes a time-consuming affairs. Experienced teachers particularly in dearth subjects and experienced administrators are also given re-employment

after retirement on last pay drawn as a special case with the approval of the Cabinet for so long suitable substitutes cannot be arranged.

At present about 500 retired medical officers including three ex-army medical personnel are on re-employment.

### Calling Attention to Matters of Urgent Public Importance

**মিঃ স্পীকার ঃ** এখন দৃষ্টি আকর্ষণী। আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি, যথা ঃ—

১। বন্যা অধ্যুষিত এলাকায় ত্রাণ কার্য্যের সুবিধার জন্য ব্লকে পাকাপাকিভাবে নৌকা রাখার ব্যবস্থা—শ্রীঅজয়কুমার দে—

২। পল্লী অঞ্চলে ধান কাটার মরশুমে ফুড ফর ওয়ার্ক বন্ধ রাখা—শ্রীঅজয় কুমার দে—

৩। বিধ্বংসী বন্যায় তাঁতশিল্পীরা এক চরম সংকটের সম্মুখীন—শ্রীঅজয় কুমার দে—

৪। গত ৭ই ডিসেম্বর, ১৯৭৮ বিড়লা কলেজ অধিগ্রহণ সম্পর্কে বিধানসভায় ভুল তথ্য পরিবেশন—শ্রীসুনীতি চট্টরাজ—

৫। বীরভূম জেলা স্কুলের নূতন বাড়ীর কাজ শুরু না করা—শ্রীসুনীতি চট্টরাজ—

৬। পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় ধান কাটায় অরাজকতা—শ্রীসুনীতি চট্টরাজ—

৭। বীরভূমের অবিনাশপুর হেল্‌থ সেণ্টারের নূতন ভবনের কাজ বন্ধ—শ্রীসুনীতি চট্টরাজ—

৮। কালিয়াচকে গত ১১ই ডিসেম্বর পুলিসের গুলিচালনা—শ্রীআবুল হাসনাৎ খান—

৯। প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকদের চাকুরী ভাতা—শ্রীবিশ্বনাথ চৌধুরী—

১০। চালকল শ্রমিকদের নিয়োগপত্র—শ্রীবিশ্বনাথ চৌধুরী—

১১। এভিকশান অব পিপল অব ট্যাঙেল বাগান ইন নর্থ হাওড়া—শ্রীসুনীতি চট্টরাজ—এখন, আমি কালিয়াচকে গত ১১ই ডিসেম্বর পুলিশের গুলিচালনা বিষয়ের উপর শ্রীআবুল হাসনাৎ খান কর্তৃক আনীত নোটিশ মনোনীত করেছি। সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়, যদি সম্ভব হয়, ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন।

**শ্রীজ্যোতি বসু ঃ** এখন দেওয়া সম্ভব নয়, যদি হাউস চলে তাহলে পরে দেবো।

**মিঃ স্পীকার ঃ** এখন আমি পশ্চিমবঙ্গ বিধানসভার কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলীর ৩৪৬ নং নিয়মানুযায়ী শ্রীজ্যোতি বসু মহাশয়কে বাঁকুড়া থানাধীন হরগেহরি গ্রামে ধান কাটা নিয়ে ১৫.১১.৭৮ তারিখে সংঘর্ষ সম্পর্কে বিবৃতি দিতে অনুরোধ করছি।

## STATEMENT UNDER RULE 346

[ 2-50 – 3-00 P.M. ]

**শ্রীজ্যোতি বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাঁকুড়ায় বন্দুকের গুলিতে কৃষক রমণীর মৃত্যু বিষয়ে আমি নিম্নলিখিত বক্তব্য পেশ করতে চাই—

বাঁকুড়া জেলার কারগীহির মৌজার ২৫৯ নং দাগের জমির মালিক সুভাস দাসের পরলোকগত পিতা বলরাম দাস ও অন্যান্যরা। ভূপতি বাউরি ও তার ভাই-এর এই জমির বর্গাদার হিসাবে বহুদিন ধরে চাষ আবাদ করে আসছে। ঘটনার দিন ঐ বর্গাদাররা জমি থেকে ধান কাটছিল। এমন সময় সুভাষ দাস তার লোকজন নিয়ে এসে তাদের উপর হামলা করে। সুভাষ দাস তার বন্দুক থেকে ছয় রাউণ্ড গুলি ছোড়ে; ফলে হাদি বাউরি নামে এক মহিলা ঘটনাস্থলেই মারা যায়। বিজয় বাউরির পায়ে গুলি লাগে এবং ভক্তি বাউরি মাথায় আঘাত পান। ভূপতি বাউরি ও তার এক ভাই করালীও আহত হন। বাউরীরা আক্রমণ প্রতিরোধ করতে গেলে অপর পক্ষের চারজন অল্প আহত হন।

খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে আসে। এবং উভয়পক্ষের অভিযোগক্রমে দুটি মামলা রুজু করে। সুভাষ দাস ও তার দুই ছেলে এবং ভূপতি বাউরি ও আরো কয়েকজন গ্রেপ্তার হয়েছে। সুভাষ দাসের বন্দুকটি পুলিশ ঘটনাস্থল থেকে বাজেয়াপ্ত করেছে। জে. এল. আর. ও. এর রিপোর্টে জানা গেছে যে জমির মালিক সুভাষ দাসের পরলোকগত পিতা ও অন্যান্যরা, ভূপতি বাউরি ও তার ভাইয়েরা ঐ জমিতে বর্গাদার হিসাবে চাষ আবাদ করে—এবং তারা এ বছরও ঐ জমিতে চাষ করেছে। কয়েক বছর আগে ঐ জমিতেই ভাগচাষীর ধান কেটে নিয়ে যাওয়ার অভিযোগে সুভাষ দাসের বিরুদ্ধে একটি মামলা হয়েছিল।

মামলা দুটি তদন্তাধীন আছে।

( গোলমাল )

**Leaving of Reports**

**The Report of the Sarma Sarkar Commission of Inquiry and the State Government's Memorandum thereon**

**Shri Jyoti Basu :** Mr. Speaker, Sir, I beg to lay before the House, as required under the provisions of section 3(4) of the Commissions of Inquiry Act, 1952, Report of the Sarma Sarkar Commission of Inquiry (First Interim Report) set up to inquire into definite matters of public importance, i.e. matters relating to such persistent misuse of authority of power during the period from the 20th March, 1970 to the 31st May, 1975, together with a memorandum of action taken thereon.

**Dr. Kanailal Bhattacharya :** Sir, I beg to lay the Fifth Annual Report of the West Bengal Mineral Development and Trading Corporation Limited for the year 1977-78.

LEGISLATION

The Bangabasi Group of Colleges (Taking over the Management) Bill, 1978

**Shri Sambhu Charan Ghosh :** Sir, I beg to introduce the Bangabasi Group of Colleges (Taking over of Management) Bill, 1978.

(Secretary then read the title of the Bill)

**Shri Sambhu Charan Ghosh :** Sir, I beg to move that the Bangabasi Group Colleges (Taking over of Management) Bill, 1978, be taken into consideration.

মাননীয় স্পীকার স্যার, বঙ্গবাসী গ্রুপ অফ কলেজস-এর বিরুদ্ধে দীর্ঘদিন ধরে নানারকম বিশৃঙ্খলার অভিযোগ হয়ে আসছে। কলিকাতা বিশ্ববিদ্যালয় এবং কলেজের পক্ষ থেকে কলেজ অধিগ্রহণের জন্য সরকারের কাছে অনুরোধ করা হয়, সেই মর্মে অধিগ্রহণ করার জন্য আমি বিল উত্থাপন করছি।

(Noise)

**(At this stage the members of Janata/Benches, Congress (I) and Congress Benches walked out of the Chamber)**

**শ্রীজ্যোতি বসু ঃ** এখন দেওয়া সম্ভব নয়, যদি হাউস চলে তাহলে পরে দেবো।

**মিঃ স্পীকার ঃ** এখন আমি পশ্চিমবঙ্গ বিধানসভার কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলীর ৩৪৬ নং নিয়মানুযায়ী শ্রীজ্যোতি বসু মহাশয়কে বাঁকুড়া থানাধীন হরগেহরি গ্রামে ধান কাটা নিয়ে ১৫.১১.৭৮ তারিখে সংঘর্ষ সম্পর্কে বিবৃতি দিতে অনুরোধ করছি।

## STATEMENT UNDER RULE 346

[ 2-50—3-00 P.M. ]

**শ্রীজ্যোতি বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাঁকুড়ায় বন্দুকের গুলিতে কৃষক রমণীর মৃত্যু বিষয়ে আমি নিম্নলিখিত বক্তব্য পেশ করতে চাই—

বাঁকুড়া জেলার কারগীহির মৌজার ২৫৯ নং দাগের জমির মালিক সুভাস দাসের পরলোকগত পিতা বলরাম দাস ও অন্যান্যরা। ভূপতি বাউরি ও তার ভাই-এর এই জমির বর্গাদার হিসাবে বহুদিন ধরে চাষ আবাদ করে আসছে। ঘটনার দিন ঐ বর্গাদাররা জমি থেকে ধান কাটছিল। এমন সময় সুভাষ দাস তার লোকজন নিয়ে এসে তাদের উপর হামলা করে। সুভাষ দাস তার বন্দুক থেকে ছয় রাউণ্ড গুলি ছোড়ে; ফলে হাদি বাউরি নামে এক মহিলা ঘটনাস্থলেই মারা যায়। বিজয় বাউরির পায়ে গুলি লাগে এবং ভক্তি বাউরি মাথায় আঘাত পান। ভূপতি বাউরি ও তার এক ভাই করালীও আহত হন। বাউরীরা আক্রমণ প্রতিরোধ করতে গেলে অপর পক্ষের চারজন অল্প আহত হন।

খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে আসে। এবং উভয়পক্ষের অভিযোগক্রমে দুটি মামলা রুজু করে। সুভাষ দাস ও তার দুই ছেলে এবং ভূপতি বাউরি ও আরো কয়েকজন গ্রেপ্তার হয়েছে। সুভাষ দাসের বন্দুকটি পুলিশ ঘটনাস্থল থেকে বাজেয়াপ্ত করেছে। জে. এল. আর. ও. এর রিপোর্টে জানা গেছে যে জমির মালিক সুভাষ দাসের পরলোকগত পিতা ও অন্যান্যরা, ভূপতি বাউরি ও তার ভাইয়েরা ঐ জমিতে বর্গাদার হিসাবে চাষ আবাদ করে—এবং তারা এ বছরও ঐ জমিতে চাষ করেছে। কয়েক বছর আগে ঐ জমিতেই ভাগচাষীর ধান কেটে নিয়ে যাওয়ার অভিযোগে সুভাষ দাসের বিরুদ্ধে একটি মামলা হয়েছিল।

মামলা দুটি তদন্তাধীন আছে।

( গোলমাল )

করেছেন প্রায় ৭ লক্ষ টাকা যেটা প্রভিডেন্ট ফাণ্ডের টাকা সেটা তাঁরা জমা দেননি। আরো খোঁজ নিয়ে দেখা গেছে যে তাঁরা যে জমি কিনেছেন এবং জমির উপর যে বাড়ী তৈরী করেছেন সেই জমি কিনেছেন কলেজের টাকায়, আর বাড়ী তৈরী করেছেন কলেজের টাকায় এবং ইউনিভার্সিটি গ্রান্ট কমিশনের টাকায়। তাঁরা প্রায় সাড়ে ছয় লক্ষ টাকা খরচ করে বাড়ী তৈরী করেছেন এবং বলেছেন যে এটা ট্রাষ্টীর বাড়ী। আরো দেখা যাচ্ছে ৪ জন ব্যক্তি যাঁরা এই ট্রাষ্টীর অন্তর্ভুক্ত সদস্য তাঁরাই এই জমির মালিক। এই সমস্ত অদ্ভুত ব্যাপার এই সমস্ত কলেজে ঘটছে। কলেজের টাকা ইউনিভার্সিটি গ্রান্ট কমিশনের টাকায় বাড়ী তৈরী হল, কিন্তু এর মালিকানা থাকল ঐ চারজন লোকের উপর। এইভাবে তাঁরা সমস্ত জিনিসটাকে করেছেন এবং এইভাবে অনাচার সেখানে চলেছে এই জিনিস আমরা দেখছি। তাই কলেজ অধ্যাপকরা, কর্মচারীরা এবং জনসাধারণ দাবী করেছেন যাতে এই কলেজের সুষ্ঠু ব্যবস্থাপনা হয়। তাঁরা এর সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য দাবী করেছেন সরকার এটা অধিগ্রহণ করুন। আজকে মাননীয় উচ্চ শিক্ষা দপ্তরের মন্ত্রী আমারের হাউসের সামনে যে বিল উপস্থিত করেছেন তাকে স্বাগত জানিয়ে আমি এই প্রস্তাবকে সামগ্রিকভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-00—3-10 P.M.]

**শ্রীদেবপ্রসাদ সরকারঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় দি বঙ্গবাসী গ্রুপ অফ কলেজ (টেকিং ওভার ম্যানেজমেণ্ট) বিল ১৯৭৮ যে বিল এনেছেন তাকে সমর্থন করে দু চার কথা বলবো। এই বিলের যে ষ্টেটমেণ্ট অফ অবজেক্ট এণ্ড রিজিন আছে তাতে মিসম্যানেজমেণ্টের টাকা পয়সার মিস অ্যাপ্রোপিয়েসানের নানা অভিযোগ যা করা হয়েছে তার সত্যতা আছে। ফলে অধিগ্রহণের মাধ্যমে এই সমস্যা দূরীকরণের প্রয়োজনীয়তা অস্বীকার করা যায় না। কিন্তু এই প্রসঙ্গে আমার একটি কথা মনে পড়ছে সেটি খুবই গুরুত্বপুর্ণ। পশ্চিমবঙ্গের বিভিন্ন কলেজে এই ধরণের দুর্নীতি আছে। ইতিপূর্বে এই বিধানসভা থেকে আপনারা নেতাজী নগর কলেজ অধিগ্রহণ বিলে সম্মতি জানিয়েছেন বা পাশ করেছেন বিগত ফেব্রুয়ারী মাসে অর্ডিনান্স জারি করে। আমরা সে অধিগ্রহণ-এর স্বপক্ষে আমাদের সমর্থন জানিয়েছিলাম। কিন্তু আমার প্রশ্ন বিলড়া কলেজ অফ সাইন্স এণ্ড এডুকেসান—যার দুর্নীতি চরমতম সীমায় গিয়ে দাঁড়িয়েছে যা শুধু টাকার মিসঅ্যাপ্রোপিয়েসানই নয় সেখানে বিলড়া কলেজের শিক্ষকদের বরখাস্ত করা থেকে সুরু

করে নানান রকম অত্যাচার সেখানে চলেছে। এর বিরুদ্ধে পশ্চিমবঙ্গ শিক্ষক সমাজের মধ্যে প্রচণ্ড বিক্ষোভ কেন্দ্রীভূত হয়েছে। পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি দীর্ঘদিন ধরে এই বিলড়া কলেজ অধিগ্রহণ করবার জন্য দাবী করছেন, তাঁরা আন্দোলন পরিচালনা করে আসছেন সরকারের কাছে বিভিন্নভাবে ডেপুটেসানের মাধ্যমে। কিন্তু আশ্চর্যের কথা আমরা বুঝতে পাচ্ছি না যে বিলড়া কলেজ অধিগ্রহণের ব্যাপারে বামফ্রন্ট সরকারের এত দীর্ঘসূত্রতা কেন? কি রহস্য নিহিত আছে? তাহলে কি বামফ্রন্ট সরকার মনে করেন যে বিলড়া কলেজ এ দুর্নীতি নেই বা দুর্নীতির মাত্রা কম এ সব কলেজ থেকে, সেখানে অন্যায় হচ্ছে না বা অনাচারের মাত্রাটা কি কম? আমরা দেখলাম বামফ্রন্টের অন্যতম শরিক সেই দলের একজন শিক্ষক দিলীপবাবু তিনি বরখাস্ত হয়েছিলেন। সেখানে তৎপরতার অভাব ঘটেনি সেই নেতাজী নগর কলেজ অধিগ্রহণের ব্যাপারে। এমন কি অর্ডিনান্স জারি করে আপনারা করেছিলেন। ভাল কথা—আমরা তা সমর্থন করেছিলাম একে নীতিগতভাবে। কিন্তু এখানে বিলড়া কলেজের চেয়ে অনেক বেশী অন্যায় হচ্ছে—সেখানে ২ জন শিক্ষককে অন্যায়ভাবে বরখাস্ত করা হয়েছে, সেখানে মিসঅ্যাপ্রোপিয়েসান চলেছে তা সত্ত্বেও সেখানে দীর্ঘসূত্রতা কেন এই কলেজ অধিগ্রহণের ক্ষেত্রে? সাধারণ মানুষ যদি ভাবে যে বিলড়া সম্পর্কে সরকার-এর দুর্বলতা আছে তাহলে সেটা কি অমূক হবে? যার আশঙ্কা করে নেতাজী নগর কলেজ অধিগ্রহণের সময় বলেছিলাম যে আপনারা করছেন ভাল কিন্তু বিলড়া কলেজ সম্পর্কে আপনাদের তৎপরতা নেই কেন? তখন উচ্চ শিক্ষা মন্ত্রী বলেছিলেন বিলড়া কলেজ অধিগ্রণের ব্যাপারে তৎপর হচ্ছেন—অধিগ্রহণ করবেন। কিন্তু আজকে ১৬ মাস সরকার ক্ষমতায় এসেছেন ও নেতাজী নগর কলেজ অধিগ্রহণ করার পরও ১০ মাস কেটে গেল কিন্তু আজও পর্যন্ত বিলড়া কলেজ অধিগ্রহণ হল না। অথচ এ ব্যাপারে বারবার মেনসানিং থেকে শুরু করে নানাভাবে আমরা এই প্রসঙ্গ এখানে উত্থাপন করেছি। বিলড়া কলেজ অধিগ্রহণের ব্যাপারে এই ধরণের টালবাহানা দেখা দিয়েছে। সাধারণ মানুষের মধ্যে নানা প্রশ্ন উঠেছে ও তাঁদের মধ্যে যে সমস্ত সৎ কর্মী আছেন তাঁদেরও মধ্যে আজকে সরকারের বিরুদ্ধে সমালোচনা হচ্ছে। তাঁরা সরকারের বিরুদ্ধে বলছেন। সেখানে সরকারের পক্ষ থেকে ষ্টেটমেণ্ট করা হয়েছে—পাবলিক ষ্টেটমেণ্ট। মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রী মহাশয় নিজে সেই ষ্টেটমেণ্ট করেছেন অন্য জায়গায় এবং কাগজেও বেরিয়েছে যে সবকার এই কলেজকে অধিগ্রহণ করেছেন। আমি তার একটা জ্বলন্ত দৃষ্টান্ত হিসাবে মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রী মহাশয় যে কথা বলেছেন তা তুলে ধরছি তাঁরই একটা লেখা

থেকে, 'নেতাজী নগর কলেজ—একাদশ প্রতিষ্ঠা বার্ষিকী দিবস—নেতাজী নগর কলেজ-এর একটা পত্রিকায় একটা বড় প্রবন্ধ মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রী মহাশয় তাঁর উচ্চ শিক্ষা প্রসঙ্গে বলেছেন'। "শম্ভুচরণ ঘোষ—উচ্চ শিক্ষা মন্ত্রী—পশ্চিমবঙ্গ সরকার তিনি তাঁর প্রবন্ধে একটা জায়গায় বলেছেন—এই পত্রিকাটি বেরিয়েছিলো ২৫শে সেপ্টেম্বর '৭৮ তে তাতে তিনি বলেছেন এক জায়গায়", গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠা কল্পে ছাঁটাই শিক্ষক ও শিক্ষাকর্মী পুনঃনিয়োগ করা হয়েছে। চরম শৃঙ্খলার জন্য দীর্ঘ দিনের যে দাবী নেতাজী নগর কলেজ—বিড়লা কলেজকে অধিগ্রহণ করা হয়েছে"—আমি ভুল পড়ছি না এটা এখানে লেখা আছে। এই ধরণের পাবলিক ষ্টেটমেণ্ট টাইমস্ উইদাউট নাম্বার সরকারের পক্ষ থেকে করা হয়েছে অনলি টু বি ফুল দি পাবলিক —জনসাধারণকে বিভ্রান্ত করবার জন্য।— যে বিরুদ্ধে সমালোচনা হচ্ছে তাকে বিভ্রান্ত করার জন্য। ফলে আমার প্রশ্ন হচ্ছে যে, আজকে বিলড়া কলেজ অধিগ্রহণের ব্যাপারে বামফ্রণ্ট সরকার-এর এই ধরণের মনোভাব কেন? এই দীর্ঘসূত্রীতা কেন—এই ধরণের মনোভাব কেন? আমরা জানি যে বিলড়া কলেজ-এর ব্যাপারে বিলড়ার সঙ্গে একটা এগ্রিমেণ্ট হয়। ক্যাবিনেট ডিসিসান পর্যন্ত হয়ে গিয়েছিলো। তারপর এল. এন. বিলড়া চিফ মিনিষ্টারকে একটা চিঠি দেন। সেই চিঠিতে বিলড়ার সঙ্গে এগ্রিমেণ্ট হলো যে ওঁরা নাকি স্বেচ্ছায় কলেজ দিয়ে দেবেন। মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয় একটা ফাংসানে পর্যন্ত গেলেন পজিশান জানবার জন্য। বিলড়া কলেজের বর্ত্তমান অবস্থা আপনারা শুনলে আশ্চর্য হয়ে যাবেন যে বিলড়া কলেজ-এর যে দেড় লাখ টাকা ফিক্সড ডিপোজিট ছিলো সেই দেড় লাখ টাকা ফিক্সড ডিপোজিটের ৯০ হাজার টাকা তারা লিগ্যাল এক্সপানসান খাতে চ্যানেলাইজ করেছে। আর বাকী ৮০ হাজার টাকা তারা উচ্চ শিক্ষা মন্ত্রী মহাশয়ের হাতে তুলে দিয়েছেন কলেজ ফাণ্ড থেকে, সেটা নাকি স্কলারশিপের জন্য ওয়েষ্ট বেঙ্গলকে দেওয়া হবে। এখন সেই বিলড়া কলেজের জেনারেল ফাণ্ডে মাত্র ১৩ টাকা অবশিষ্ট। এই অবস্থায় কলেজটিকে রাস্তায় বসান হয়েছে। আজকে কলেজের যে অবস্থা সেখানে মাত্র ১৩ টাকা ফাণ্ড। মাসের পর মাস শিক্ষকরা ও শিক্ষা কর্মীরা বেতন পাচ্ছেন না। এরূপ পরিস্থিতি কলেজে হয়েছে। আমরা হাউসে চেঁচামেচি সুরু করেছিলাম যে বিলড়া কলেজ অধিগ্রহণ করা হোক। ঐ নেতাজী নগর কলেজ অধিগ্রহণ করবার সময় বিলড়াও তাতে সচেতন হয়ে উঠেছিলো। তারাও ষড়যন্ত্র করছিলো। ফেব্রুয়ারী মাসে অর্ডিনান্স হয়। ফেব্রুয়ারী—মার্চে সে বিল পাশ হয়—নেতাজী নগর কলেজ। বিলড়া ইতিমধ্যে এপ্রিল মাসে কলেজের যে বিল্ডিং সেই বিল্ডিং সেখান থেকে সরিয়ে নিয়ে গিয়ে একটা লিজহোল্ড প্রপার্টিতে তাঁরা বিলড়া কলেজ নিয়ে এলেন।

এরূপ একটা অবস্থায় তাঁরা এনেফেলেছেন। তাই আমার বক্তব্য বিলড়া কলেজ অধিগ্রহণ করার ব্যাপারে যে দীর্ঘসূত্রীতা এটা সাধারণ মানুষের মধ্যে নানান প্রশ্নের সৃষ্টি করেছে এবং অ্যাকচুয়ালি আমরা যে অভিযোগ ইতিপূর্বে করেছি সেটা আজকে প্রমাণিত হতে চলেছে যে, বিগ্ বিজনেস হাউসের সঙ্গে এই সরকারের আনডার দি গার্ব অফ লেফটইজিম—যাই থাকুক বিগ্ বিজনেস হাউসের সঙ্গে তাদের একটা আণ্ডারস্ট্যাণ্ডিং চলেছে—এবং বিগ্ বিজনেস হাউস সম্পর্কে তাদের যে দুর্বল একটা মনোভাব আছে এগুলি তারই একটা জ্বলন্ত দৃষ্টান্ত। তাই আমি বলবো সরকার তার বিরুদ্ধে যে সমস্ত অভিযোগ করা হয়েছে তা যদি তাঁরা নস্যাৎ করতে চান তাহলে বাস্তবে অবিলম্বে বিলড়ার এই সমস্ত অত্যাচারের বিরুদ্ধে রুখে দাঁড়ান। বঙ্গবাসী গ্রুপ অফ কলেজ টেক ওভার করুন তাতে ফাইনানসিয়াল ইমপ্লিকেসান যাই থাকুক। সাড়ে সাত লক্ষ টাকা বঙ্গবাসী গ্রুপ অফ কলেজ-এর ইমপ্লিকেসান রয়েছে। তাহলে বিলড়া কলেজ টেক ওভার-এর অসুবিধা কি? আপনারা দৃষ্টি রাখুন। দৃষ্টিভঙ্গী ডবল স্ট্যানডার্ড যেন না হয়। আজ জনসাধারণের মধ্যে এইসব প্রশ্ন উঠেছে এর সমাধান করুন এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-10—3-20 P.M.]

**শ্রীনির্মলকুমার বসু ঃ** মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, উচ্চশিক্ষা মন্ত্রী আজকে যে বিধেয়ক এনেছেন, আমি সর্বান্তঃকরণে তা সমর্থন করছি। একটা অদ্ভুত পরিস্থিতির মধ্যে এই বিধানসভায় আমরা এই বিধেয়কের আলোচনা করছি। আমি আশা করেছিলাম বিরোধীদলের সব পক্ষের সদস্যরা এখানে থাকবেন এবং এই বিধেয়কের প্রতি তাঁদের সমর্থন জানাবেন। কারণ এই যে জিনিষটা এসেছে এটা পশ্চিমবাংলার কলেজ অধ্যাপকদের আন্দোলনের ফলেই এসেছে এবং এর পিছনে বঙ্গবাসী কলেজের অধ্যাপক এবং অশিক্ষক কর্মচারীদের সম্মিলিত আন্দোলন রয়েছে, পশ্চিমবঙ্গ বিশ্ববিদ্যালয় এবং শিক্ষক সমিতির আন্দোলন এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ের যে দাবী তার ভিত্তিতে এটা হতে চলেছে। কিন্তু দুঃখের বিষয় বিরোধীপক্ষ আজকে থাকলেন না এবং এই বিধেয়কের প্রতি তাঁদের সমর্থন জ্ঞাপন করা থেকে তাঁরা নিজেদের সরিয়ে নিলেন। আমি ধন্যবাদ দিচ্ছি এস. ইউ. সি.-র সদস্য দেবপ্রসাদ বাবুকে কারণ তিনি একে সমর্থন জানিয়েছেন। মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, বঙ্গবাসী কলেজ এবং তার সঙ্গে যুক্ত যে প্রতিষ্ঠানগুলো রয়েছে সেগুলো অধিগ্রহণ করবার জন্য এটা এসেছিল। স্যার, এটি একটি ঐতিহ্যমণ্ডিত পুরাণ প্রতিষ্ঠান। ১৮৮৭ সালে আচার্য

গিরীশ বসু এই প্রতিষ্ঠানটির পত্তন করেন এবং প্রথম থেকেই এই প্রতিষ্ঠানটি পশ্চিমবাংলার শিক্ষার প্রসারে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছেন। প্রথম থেকেই এখানে বিজ্ঞান শিক্ষার ব্যবস্থা ছিল এবং সেই আমলে অন্যত্র যখন ব্যাপক বিজ্ঞান শিক্ষার প্রবর্ত্তন হয়নি তখন এখানে বটানি, এ্যানথ্রোপলজি করান হোতো। আজকে সেইরকম একটি প্রতিষ্ঠান অযোগ্য লোকের হাতে পড়ে এইভাবে এসে দাঁড়িয়েছে। আজকের সেখানের অবস্থা হচ্ছে শিক্ষকরা বেতন পান না, বিধিবহির্ভূতভাবে অর্থের অপচয় হয়েছে, অর্থ আত্মসাৎ করবার অভিযোগ এসেছে এবং পড়াশুনার পরিবেশ নষ্ট হয়েছে। একটি পারিবারিক গোষ্ঠীর অন্যায় কাজের ফলে বঙ্গবাসী কলেজের আজকে এই দুর্দশা হয়েছে এবং বিশ্ববিদ্যালয়কে তার জন্য হস্তক্ষেপ করতে হয়েছে। পুরাণ গর্ভণিংবডি ভেঙ্গে দিয়ে সেখানে এ্যাডহক কমিটি করতে হয়েছে। আমি এই ব্যাপারে আমাদের পূর্বতন শিক্ষামন্ত্রী মৃত্যুঞ্জয় ব্যানার্জীকে ধন্যবাদ দিচ্ছি। তিনি কলেজ অধ্যাপকদের দাবী মেনে নিয়ে, বিশ্ববিদ্যালয়ের দাবী মেনে নিয়ে বঙ্গবাসী কলেজের অনাচার সম্পর্কে একটা তদন্ত কমিটি গঠন করেছিলেন কিভাবে একে বাঁচান যায় এবং কিভাবে এর হাত থেকে অধ্যাপক, কর্মচারী এবং ছাত্রদের রক্ষা করা যায়। সেই তদন্ত কমিটি একটি যোগ্য কমিটি হয়েছিল। এই কমিটির সভাপতি ছিলেন বিশিষ্ট চাটার্ড এ্যাকাউনটেন্ট জি. সাহা, কলকাতা বিশ্ববিদ্যালয়ের তদানীন্তন সিণ্ডিকেটের সদস্য অধ্যাপক অনাদি দাঁ, পশ্চিমবঙ্গ কলেজ এবং বিশ্ববিদ্যালয় অধ্যাপক সমিতির সভাপতির অধ্যাপক রবীন্দ্র ভট্টাচার্য্য প্রভৃতি এই কমিটিতে ছিলেন এবং তার সঙ্গে ছিলেন রাজ্যসরকারের সহকারী একজন সচিব এস. কে. সেনগুপ্ত। ১৯৭৫ সালে সেপ্টেম্বর মাসে কমিটি কাজ শুরু করে এবং ১৯৭৭ সালে তাঁরা রিপোর্ট দেন। এই তদন্তে যে তথ্য বেরিয়েছে তারপর সরকারের পক্ষে আর চুপ করে থাকা সম্ভব নয় এবং তাদের সুপারিসক্রমে রাজ্যসরকার এর পরিচালনার ভার স্বহস্তে গ্রহণ করেন এবং তার ভিত্তিতেই এই বিল আনা হয়েছিল। এতে প্রস্তাব করা হয়েছে দু'বছরের জন্য অধিগ্রহণ করা হোক এবং বলা হয়েছে প্রয়োজন হলে দু'বছর শেষ হবার আগেই সরকার বিশ্ববিদ্যালয়ের আইনমত গর্ভনিংবডি গঠন করে তাদের হাতে দিতে পারবেন। আমি মনে করি বর্তমানে যে পরিস্থিতি দেখা দিয়েছে তাতে রাজ্য সরকার এটা হাতে নিয়ে একজন এ্যাডমিনিষ্ট্রেটার নিয়োগ করে এখানকার সমস্ত জঞ্জাল পরিষ্কার করার ব্যবস্থা করা দরকার। রাজ্যসরকার ৭ লক্ষ ১১ হাজার টাকা দিয়ে এটা অধিগ্রহণ করেছেন সেকথা বিলে রয়েছে। যেটা বকেয়া টাকা শোধ হবে তার অধিকাংশই শিক্ষকদের প্রভিডেন্ট ফাণ্ডের টাকা। সুতরাং এটা নিয়ে সমস্ত জিনিষটা ভালভাবে ফয়সালা করা দরকার, তবে এই প্রসঙ্গে আমি একটা কথা বলব, দু'বছর সময় সীমা

থাকলেও শিক্ষামন্ত্রী মহাশয়কে বলেছি, যত শীঘ্র সম্ভব গণতান্ত্রিকভাবে নির্বাচিত একটি পরিচালক মণ্ডলীর হাতে এই শিক্ষা প্রতিষ্ঠান তুলে দেওয়া উচিত। স্যার, তদন্ত কমিটির রিপোর্ট ছাড়াও কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক সমিতি "প্রবলেমস অফ কলেজের আণ্ডার ট্রাষ্টস এ্যাণ্ড সিউডো ট্রাষ্ট" বলে যে পুস্তিকাখানা ১৯৭৫ সালে বার করেছিলেন সেখানে এই বঙ্গবাসী কলেজ এবং অন্য একটি কলেজ সম্পর্কে তথ্য রয়েছে। বঙ্গবাসী কলেজের অধ্যাপকরা, কর্মচারীরা এবং বিভিন্ন কলেজ যে সমস্ত স্মারকলিপি দিয়েছে তাতে বোঝা যায় বর্তমানে কর্তৃপক্ষ, ঠিক কর্তৃপক্ষ নয়। কিন্তু কয়েকটি কথা বলা প্রয়োজন বলে মনে করি সেই কারণে কয়েকটি বিষয় আপনার কাছে আমি রাখছি। আমার পূর্বে আমাদের মাননীয় সদস্য অধ্যাপক অমিয় বন্দ্যোপাধ্যায় কিছু কথা বলেছেন আমিও যথা সম্ভব পুনরাবৃত্তি না করে দু'একটি তথ্যের উল্লেখ করতে চাই। এই যে কলেজ যেটা এক সময় অত্যন্ত ভাল কলেজ ছিল এবং দেশ বিভাগের পরে যে লোকসংখ্যা বেড়ে গেল এবং তারা শাখা প্রশাখা বিস্তার করে একটা বড় কলেজে, কলকাতার অন্যতম বৃহৎ কলেজে পরিণত হল। তার এই সংকট দেখা দিল কেন? সংকট দেখা দিল বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরী কমিশনের ফেজড রিডাকশন অব রোল ষ্ট্রেন্থ যে পরিকল্পনা তা চালু হবার পর থেকে। এই পরিকল্পনা অনুযায়ী কলকাতায় অন্যান্য বড় কলেজ তারা ছাত্র সংখ্যা কমিয়েছে এবং সেইমত বিভিন্ন ইউনিটের মধ্যে তাদের শিক্ষক কর্মচারী ভাগ করে দিয়েছে। কিছু কিছু সমস্যা থাকলেও সেগুলি মোটামুটি চলছে। অথচ আর একটা বড় কলেজ, বঙ্গবাসী, এই বিপদে পড়লো, তাদের আর্থিক সংকট দেখা দিলো, টাকা এখান থেকে ওখানে সরাতে হল, তার কারণ তারা এই ফেজড রিডাক্শন স্কীমটি আন্তরিকতার সঙ্গে ঠিকভাবে, পরিকল্পিত উপায়ে প্রথম থেকে পালন করেননি এবং তাদের অন্য মতলব ছিল তাই তাঁরা করেননি। ১৯৫৬-৫৭ সালে বঙ্গবাসী কলেজের ছাত্র সংখ্যা ৬ হাজার ছিল সেটা কমিয়ে দেড় হাজার করবার কথা। ১৯৬৪-৬৫ সাল পর্যন্ত তাঁরা করেন নি। যদিও কলকাতার অন্যান্য বড় কলেজ তাদের ক্ষেত্রেও এই পরিকল্পনা ছিল, তারা ১৯৫৮-৫৯ সাল থেকেই করেছে। আরো আশ্চর্যের কথা ১৯৬৪-৬৫ সাল পর্যন্ত এরা ঐ রিডাক্শন না করলেও ১৯৬১-৬২ সাল থেকে এই বাবদ তারা কিন্তু টাকা নিয়ে এসেছে। তাই শেষ দিকে আর তারা সামলাতে পারলো না এবং তার জন্য নানা অসুবিধা হল অমিয় বাবু প্রভিডেন্ট ফাণ্ডের কথা বলেছেন, এই প্রভিডেন্টের ব্যাপারটা অত্যন্ত গুরুতর। কলেজ শিক্ষকদের দেয় প্রভিডেন্টের টাকা এবং সেই টাকার উপরে কলেজের এমপ্লয়ার্স কন্ট্রিবিউশন সেটা জমা পড়বে সেটাই নিয়ম কিন্তু আমরা দেখতে পাচ্ছি এই টাকা তারা নিয়মিত দেয়নি। ১৯৬১-৬২ সালে

কলেজের জমা পড়বার কথা ছিল ১ লক্ষ ৩ হাজার ৯৯১ টাকা কিন্তু তারা টাকা দেয়নি এবং ৩১শে মে ১৯৭৫ সালে এই প্রভিডেন্ট ফাণ্ডের টাকা যেটা কলেজের শিক্ষকদের কাছ থেকে প্রতি মাসে কাটা হচ্ছে, কলেজের এমপ্লয়ার্স কন্ট্রিবিউশন এটা কিছুই জমা না দেবার ফলে ১৯৬১-৬২ সাল থেকে ১৯৭৫ সাল পর্যন্ত চলে এই টাকার পরিমাণ দাঁড়ালো ৬ লক্ষ ৩৪ হাজার ৪১২ টাকা। এই কাজ দিনের পর দিন করা হয়েছে। সেখানে প্রভিডেন্ট ফাণ্ডের টাকা ম্যানেজমেন্ট কমিটি প্রস্তাব করেছে যে এই টাকা দিয়ে দেওয়া হোক কিন্তু, কাকস্য পরিবেদনা, কর্তৃপক্ষ কথা শোনেন নি এবং সাবক্রাইবার বোর্ডের সঙ্গে পরামর্শ না করে, এই কমিটির মতামত না নিয়ে এই কাজটা করে। ১৯৬৪ সাল থেকে তারা এই প্রস্তাত পাশ করছে, প্রভিডেন্ট ফাণ্ডের জন্য যে দেয় টাকা সেই টাকা দিচ্ছে না, কলেজের নাকি টাকা নেই, অথচ দেখা যাচ্ছে এই সময় ১৯৬০-৬১ সালে প্রথম যখন তাঁরা প্রভিডেন্টের টাকা ভাঙলেন এবং ৬৩ হাজার ৭২৪ টাকা জমা দিলেন না, এই বৎসরে এই অধ্যাপক এবং অন্যান্য কর্মচারীদের পূজা রিলিফ হিসাবে তাঁরা দিলেন ৩৯ হাজার ২৭৬ টাকা তাই দেখছি যে তদন্ত কমিটি খুব কঠোর মন্তব্য করেছে। তাদের মন্তব্য হচ্ছে এই যে Authorities never felt any serious concern for payment of provident fund contribution. This impression is further coroborated by the fact that while payment of provident fund dues was going by default the College incurred expenditure of avoidable nature, such as, Puja bonus, construction of buildings. এটাকে মিস এ্যাপ্রোপ্রিয়েশন ছাড়া আর কি বলা যায়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কারখানার কোন মালিক যদি শ্রমিকদের প্রভিডেন্ট ফাণ্ডের টাকা জমা না দেন তাহলে তার শাস্তি হয়, এখানে কলেজ কর্তৃপক্ষ শিক্ষকদের প্রভিডেন্ট ফাণ্ডের টাকা জমা দেননি—আজকে সরকার এটা অধিগ্রহণ করছেন, আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে বলবো যারা এই কাজ করেছে তাদের বিরুদ্ধে শাস্তির ব্যবস্থা করা হোক। কেন পূজা রিলিফ দেওয়া হচ্ছে অথচ প্রভিডেন্ট ফাণ্ডের টাকা জমা দেওয়া হচ্ছে না? তার কারণ এই কর্তৃপক্ষ যারা এখান থেকে ওখান থেকে টাকা সরাবার চেষ্টা করেছে তারা শিক্ষকদের মনে এই ধারণা সৃষ্টি করবার চেষ্টা করেছে যে কলেজের আর্থিক অবস্থা ভাল, সরকারের কাছ থেকে টাকা পেলেই হয়ে যাবে, তোমাদের চিন্তার কোন কারণ নেই।

[3-20—3-30 P.M.]

রিজার্ভ ফাণ্ড প্রত্যেক কলেজেই থাকে কিন্তু আপনি শুনলে আশ্চর্য্য হবেন

এখানে রিজার্ভ ফাণ্ড নেই। ১৯৫৭/৫৮ সালের অডিট রিপোর্টে বলছে এখানে রিজার্ভ ফাণ্ড নেই, অথচ ৫৮ সালের ৩১শে মে তারিখে এদের ব্যাঙ্কে ফিক্সড ডিপোজিট জমা ছিল ১ লক্ষ ৮০ হাজার টাকা। ১৯৬০-৬১ থেকে ১৯৬৫-৬৬ সালের মধ্যে এই টাকা তারা তুলে নিয়েছে। স্যার, যে কোন নতুন কলেজ যখন চালু হয় তখন বলা হয় কত রিজার্ভ ফাণ্ড আছে এবং যদি না থাকে তাহলে বিশ্ববিদ্যালয় তার ব্যবস্থা করে। কিন্তু দেখা যাচ্ছে এদের এক পয়সাও রিজার্ভ ফাণ্ড নেই। এরা বরাবরই বলে আসছে এই সংকটের জন্য আমরা প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা নিয়ে নিচ্ছি। এর ফলে অধ্যাপকদের বেতন বন্ধ দু-তিন মাস। তবে অধ্যাপকরা ঘেরাও করলে দেখা যায় টাকা এসে যাচ্ছে। এরা একটা আর্থিক সংকটের কথা বরাবরই বলবার চেষ্টা করেছেন, এরা বলছে ফিক্সড রিডাকসান স্কীমে সরকারের কাছে টাকা পাওনা যেটা আছে সেটা তারা দিচ্ছে না এই অবস্থা চলছে। তারা বলছে সাড়ে সতের লক্ষ টাকা সরকারের কাছে পাওনা রয়েছে। কিন্তু তদানীন্তন শিক্ষামন্ত্রী ১৯৭৩ সালের ১৩ই জানুয়ারী একটি চিঠিতে বঙ্গবাসী কলেজের টিচারস কাউনসিলের সেক্রেটারীকে এ সম্বন্ধে পরিষ্কার বলে দিয়েছেন যে এটা does not appear to be based on facts Govt. has been releasing grants as admissible under the scheme year to year and since 1970-71 the amount of an account grants paid under this scheme remains unadjusted pending receipt of audited reports from the college.

সুতরাং কলেজের যে বক্তব্য সাড়ে সতের লক্ষ টাকা সরকারের কাছে তাদের পাওনা আছে এটা ঠিক কথা নয়। কলেজের বাড়ীর প্রসঙ্গে মাননীয় সদস্য অমিয়বাবু যে কথা বলেছেন সেটা একটা সাংঘাতিক ব্যাপার। এরা ১৬০ বাই ১ বাই এ, ১৬০ বাই ১ বাই ৩ বৈঠকখানা রোডের ১৫ কাঠা ৬ ছটাক জমি কিনলেন এবং তার জন্য খরচ হল ২ লক্ষ ৩৭ হাজার ৩৪৯ টাকা ৩১ পয়সা, এটা কলেজের ফাণ্ডের টাকা, ইউ. জি. সি.-র দেওয়া টাকা। কিন্তু জমি কেনা হল কলেজের নামে নয়, ট্রাস্ট বোর্ডের নামে কেনা হল অর্থাৎ ৫ জন ট্রাষ্টি শ্রীনরেন্দ্রকুমার বসু, চারুচন্দ্র বিশ্বাস, সুধীর বসু, সুশীল কুমার বসু এবং অজিত কুমার দে এদের ব্যক্তিগত নামে কেনা হল। তদন্ত কমিটি তার রিপোর্টে বলেছেন যে কর্পোরেশনের কাগজপত্র তাঁরা দেখেছেন, ব্যক্তিগত নামে কেনা হয়েছে। স্যার, একেই বলে পরের ধনে পোদ্দারী, নেপোয় মারে দই। কলেজে টিউশন ফি-র টাকা ছাত্ররা দিচ্ছে। ইউ. জি. সি.-র টাকা দিচ্ছে, আর সেই টাকায় কয়েকজন ভদ্রলোক তাদের ব্যক্তিগত নামে জমি কিনলেন। তাদের উদ্দেশ্য হচ্ছে যদি কখন

কলেজ উঠে যায় তাহলে এটা কলেজের সম্পত্তি হিসাবে গণ্য হবে না, এটা তাদের ব্যক্তিগত সম্পত্তি হবে। এ সম্পর্কে তদন্ত কমিশন কঠোর কথা বলেছেন, That the new property etc. etc. should have been acquired in the name of the college and not in the personal names of the trustees. স্যার, এই কর্ম তাঁরা করেছেন। এই গভর্ণিং বডির ট্রাস্ট ডিড যেটা ১৯১০ সালে হয়েছে তাতে বলা হয়েছে ১৮৫৭ সালের কলকাতা বিশ্ববিদ্যালয়ের আইন অনুযায়ী গভর্ণিং বডি হবে এবং সেখানে টিচিং স্টাফের প্রতিনিধি থাকবে—তাছাড়া আর কিছু নেই। সুতরাং ঐ গভর্নিংবডি পরিচালিত হবে কলকাতা বিশ্ববিদ্যালয়ের আইন অনুযায়ী। স্যার, ১০০ ধারায় ট্রাস্ট কলেজের বিশেষ সুযোগ সুবিধা রয়েছে, কিন্তু এঁরা সেই সুযোগ সুবিধা ভোগ করার অধিকারী নয়। সেখানে শিক্ষকদের প্রতিনিধি থাকেন, রাজ্যসরকারের প্রতিনিধি থাকে এবং সিনডিকেটের ৩ জন মাননীয় সদস্য থাকেন। কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য্য অধ্যাপক সত্যেন সেনের আমলে এই কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে বঙ্গবাসী কলেজকে ষ্ট্যাটিউট হানড্রেডের সুযোগ দিয়েছিলেন। অধ্যাপক প্রশান্ত বসু সিণ্ডিকেটের সদস্য ছিলেন এবং তাঁর ভোট মাঝে মাঝে সত্যেন সেনের দরকার হোতো বলে প্রশান্ত বাবুকে খুশী করবার জন্য সমস্ত নিয়ম কানুন ভঙ্গ করে, ট্রাস্ট ডিড অগ্রাহ্য করে এদের জন্য ষ্ট্যাটিউট হানড্রেডের সুযোগ এনে দিলেন এবং তার ফলে এদের গভর্নিং বডিতে ২ জন সদস্য এবং ৮ জন ট্রাস্ট সদস্য এইভাবে করে গভর্নিংবডি তাঁরা করেছেন। তদন্ত কমিশন এ সম্পর্কে পরিষ্কার বলেছেন, Trust deeds of Bangabashi College did not contain any term and condition which create any special privilege for the Board of Trustees and as such the constitution of the Governing Body of the Bangabashi College and the three splinter units should have been governed by section 93 ane not by section 100. এইভাবে তাঁরা দিনের পর দিন অন্যায় কাজ করেছেন এবং তদন্ত কমিটির রিপোর্টে আরও অনেক অভিযোগের কথা আছে। আমি সেই সমস্ত বিস্তৃতভাবে না বলে তাদের একটা মন্তব্য বলছি। তাঁরা বলছেন, In the absence of any list of payments from the granting authorities it was not possible for the committee to verify if the amounts of grants, both recurring and non-recurring, received from time to time from different sources have been properly accounted for or not.

অনেক হিসাবপত্র এঁরা পরিষ্কার করে দেননি। আর একটা জিনিষ, এর

তদন্তের কথা, কেননা আজ সরকার এটা অধিগ্রহণ করেছেন, এই বিল হবে কিন্তু তারপরেও সরকারের দায়িত্ব থাকছে, তদন্ত কমিটি সুপারিশ করেছেন যে ১৭ই অক্টোবর ১৯৩৭ সালে ১৮ নম্বর সংকট লেনে ২৫ হাজার টাকার একটা জমি নেওয়া হল, বাড়ী নেওয়া হল, সেণ্ট জেমস স্কোয়ারে আর একটা জমি নেওয়া হল ২৫ হাজার টাকা দিয়ে, এই সম্পর্কে তদন্ত কমিটি বলেছেন—The matter calls for further probe as to the source of money whether the total sum of Rs. 50 thousand was paid out of the College Fund and, if so, whether the property was acquired in the name of the College. সুতরাং এই অধিগ্রহণ করলেই কাজ শেষ হবে না, এর পরে আরও তদন্তের প্রয়োজন হবে এবং সমস্ত জিনিষ পরিষ্কার করে বের করা দরকার। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তাই এই তদন্ত কমিটি পরিষ্কার করে বলেছেন এটা টেক্‌ওভার করা দরকার, The position being such the Committee feels that there is no difficulty in taking over of the Bangabasi Group of Colleges by the Government if Government so desired. সুতরাং সরকার সিদ্ধান্ত করেছেন এবং এটা আরও নেবার প্রয়োজন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা অদ্ভুত যোগাযোগের কথা আপনাকে বলি এই যে বঙ্গবাসী গ্রুপ অব কলেজে আচার্য্য গিরিশ চন্দ্র যেটা উত্থাপন করেছিলেন, পরবর্ত্তীকালে তার পরিবারের কিছু লোক এমন জায়গায় নিয়ে গেলেন যেখান থেকে এই অসংগতি হল এবং এইসব কাণ্ডকারখানা হল। ১৯১০ সালে যখন এই ট্রাষ্ট ডিড তখন তার রেজিষ্ট্রেশন নাম্বার কত ছিল জানেন? ৪২০, ৪১৯ এর পরে ৪২০ হয়, কিন্তু তখন কে ভেবেছিল এই রকম হবে। আচার্য্য গিরিশ চন্দ্র ভাবেননি ভবিষ্যতে কি তার পরবর্ত্তীকালে তাঁর বংশধরেরা এটাকে চারশ বিশে পরিণত করবেন, এই ধরণের কাণ্ডকারখানায় পরিণত হবে। তাই এই কাণ্ডকারখানার ব্যাপারে তদন্ত হওয়া দরকার। আমি এই কথা বলি তদন্ত কমিটি কিভাবে এই কলেজের আথিক অবস্থার উন্নতি করা যায়, ভালভাবে পরিচালনা করা যায়, সে সম্পর্কে অনেকগুলি সুপারিশ আছে, সে সম্পর্কে সরকার ব্যবস্থা গ্রহণ করুন এটা আমি চাই। আর আমার শেষ কথা হচ্ছে এই যে মাননীয় সদস্য শ্রীদেবপ্রসাদ সরকার বিড়লা কলেজের কথা তুলেছে, সেখানে এই রকম অবস্থা হয়েছে যে তিন মাসের উপর অধ্যাপকরা এবং কর্মচারীরা বেতন পাচ্ছেন না। কয়েকদিন আগে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় এই সভায় বলেছেন তাকে অধিগ্রহণের পুরোপুরি ব্যবস্থা করা হবে। আমি আর একটা অনুরোধ করব—সুরেন্দ্রনাথ গ্রুপ অব কলেজেস্, সেখানে ট্রাষ্ট ডীড্ করে সেখানে নানা রকম অত্যাচার চলেছে, তার বিরুদ্ধে সেখানে অধ্যাপকরা নানা

রকম আন্দোলন করছে, পশ্চিমবঙ্গের কলেজ শিক্ষক এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা তার পেছনে আছেন, আমরা বিশ্ববিদ্যালয় থেকে প্রস্তাব পাশ করেছি—স্ট্যাটুট হাণ্ডরেড বাড়তে দেওয়া হোক, চ্যান্সেলারের কাছে গিয়েছে, অবিলম্বে তাঁর স্বাক্ষর আনা হোক্ এবং সে বিষয়ে ব্যবস্থা করা হোক্। আর আমার সর্বশেষ কথা হচ্ছে এই ট্রাষ্টের নাম করে রেজিষ্টার্ড সোসাইটির নাম করে নানা রকম অত্যাচার চলেছে, আমরা জানি সংবিধানের কিছু বাধা আছে, রিলিজিয়াস মাইনরিটিজ, লিংগুইসটিক মাইনরিটিজ, ডিনোমিনেশন অব দি মাইনরিটিজ—এইসব অসুবিধা আছে। বর্তমানে এখন ভারতবর্ষে যে অবস্থা রিলিজিয়াস মাইনরিটির, লিংগুইষ্টিক মাইনরিটির অধিকার রক্ষিত হোক্, তাদের পরিচালনায় শিক্ষা প্রতিষ্ঠান ঠিকভাবে চলুক, কিন্তু পুরোপুরি অ্যাবোলিশন যদি না হয়, রেগুলেশনের প্রয়োজন আছে। এটা শিক্ষক আন্দোলনের দাবী। আমি শিক্ষামন্ত্রীকে অনুরোধ করব যে ট্রাষ্ট এ্যাক্ট সর্বভারতীয় আইন, কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলে কিভাবে ট্রাষ্ট এ্যাক্টের সুযোগ নিয়ে এই শিক্ষা প্রতিষ্ঠান একাডেমিক ট্রেডারস্, শিক্ষাজগতের ব্যবসায়ীরা কি রকমের কাণ্ড কারখানা করে চলেছে, সেগুলি যাতে বন্ধ হয়, তার ব্যবস্থা গ্রহণ করুন। এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ ডেপুটি স্পীকারঃ** ক্রিকেট এসোসিয়েশন অব বেঙ্গল থেকে একটা চিটি পেয়েছি। এতে জানিয়েছেন প্রত্যেক এম. এল. এ. এবং এম. পি. দুটি করে টিকিট পাবেন। আমি চিঠিটা পড়ে দিচ্ছি। As in the past we are pleased to inform you that for the ensuing Third Cricket Test Match between West Indies and India scheduled to be played at Eden Gardens, Calcutta on 29th, 30th, 31st December, 1978 and 1st and 3rd January, 197 , we are pleased to send two tickets for each MLA and MP of West Bengal to you for favour of taking necessary action at your end.

[3-30—3-40 P.M.]

**শ্রীবিশ্বনাথ চৌধুরীঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বঙ্গবাসী কলেজের ব্যাপারে যে বিল এনেছেন তাকে আমি সমর্থন করি। কারণ দীর্ঘদিন ধরে এই কলেজের ছাত্ররা, অশিক্ষক কর্মচারীরা এবং অধ্যাপকরা যে আন্দোলন করেছেন এবং মাননীয় মন্ত্রী মহাশয়কে তাঁরা বিভিন্ন সময়ে দুর্নীতির ব্যাপারে যে স্মারকলিপি পেশ করেছেন তার ভিত্তিতে মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তাঁকে অভিনন্দন জানাই এবং সাথে সাথে একটা জিনিষ আমাদের অবশ্যই

লক্ষ্য রাখতে হবে যে, যে উদ্দেশ্য নিয়ে কলেজগুলো গঠিত হয়েছে আজকে বঙ্গবাসী গ্রুপ অফ কলেজেস অধিগ্রহণের পর সেখানে যেন গরীব এবং মেধাবী ছাত্ররা পূর্ণ সুযোগ-সুবিধা পায়। সেদিকে আমাদের সরকারকে সচেষ্ট থাকতে হবে। অন্যদিকে আজকে যে সমস্ত কলেজ আছে যেখানে পরিচালন ব্যবস্থার ত্রুটি আছে, এটা যেন শুধুমাত্র পরিচালন ব্যবস্থার খবরদারিতে গিয়ে না দাঁড়ায়। সেখানে ছাত্ররা এবং অভিভাবকেরা যে সুযোগ-সুবিধা পেতে পারেন তার যেন ব্যবস্থা করা হয়। সে ক্ষেত্রে কঠিন আইন করা দরকার। আজকে বঙ্গবাসী গ্রুপ অফ কলেজের অধিগ্রহণের জন্য যে অভিনন্দন আমাদের বামফ্রন্ট সরকার দাবী করে সেখানে আরও কিছু কিছু কলেজ আছে সেখানের ক্ষেত্রেও এই রমক আইন করা দরকার এবং সেখানে যাতে সুযোগ-সুবিধা যাতে ছাত্ররা, শিক্ষকরা এবং অশিক্ষক কর্মচারীরা পেতে পারেন তেমন ব্যবস্থা করা দরকার। যে সমস্ত কলেজ শিক্ষকদের প্রভিডেন্ট ফাণ্ডকে কেন্দ্র করে দুর্নীতি আছে তার পূর্ণ তদন্ত করা দরকার এবং আজকে যারা দুর্নীতির সঙ্গে জড়িত তাদের শাস্তির ব্যবস্থা করা দরকার। আজকে আমরা জানি বঙ্গবাসী গ্রুপ অফ কলেজেসে যে রকম অব্যবস্থা চলছিল, পশ্চিম দিনাজপুরের হরিরামপুর কলেজকে কেন্দ্র করেও নানা রকম অব্যবস্থা চলছে। কাজেই সেখানেও পূর্ণ তদন্ত করা দরকার। এই কথা বলে আমি এই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা আরও ভাল হতো যদি এই বিধেয়কটির উপরে বিরোধী দলের মাননীয় সদস্যরা অংশ গ্রহণ করতেন। মোটামুটিভাবে সরকার পক্ষ থেকে এই বিধেয়কের উপর আমাদের স্পষ্ট বক্তব্য রাখতে চাই। আমরা লক্ষ্য করেছি যে ট্রাষ্ট পরিচালিত যে সমস্ত সংস্থা আছে এবং যে সমস্ত কলেজ দীর্ঘদিন ধরে শিক্ষা প্রসারের নাম করে শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে একটা ব্যবসায় প্রতিষ্ঠানে পরিণত করেছে, বিশেষ করে বঙ্গবাসী গ্রুপ অফ কলেজেস সম্পর্কে যে সমস্ত তথ্য তদন্ত কমিটির মাধ্যমে উত্থাপিত হয়েছে তাতে আমরা দেখতে পাই সরকার এবং ইউ. জি. সি.-র কাছ থেকে তারা লক্ষ লক্ষ টাকা গ্রহণ করেছেন কলেজ সম্প্রসারণের জন্য, কলেজ বাড়ী নানাভাবে তৈরী করার জন্য কিন্তু ট্রাষ্ট বোর্ড মেম্বারদের নিজ নিজ নামে জমি কিনেছেন, কলেজের স্বার্থকে সম্পূর্ণভাবে জলাঞ্জলি দেওয়া হয়েছে। অধ্যক্ষ এবং শিক্ষা কর্মীদের প্রভিডেন্ট ফাণ্ডের টাকা তারা ১৯৬০-৬১ সাল থেকে জমা দেননি। ছাত্রদের কাছ থেকে

বেতন আদায় করা হয়েছে তার ঠিকমতো হিসাব রাখেন নি। তাই ট্রাষ্ট কলেজগুলো কি রকমভাবে নিয়ন্ত্রণ করা যায় শিক্ষার স্বার্থে এইজন্য সরকার অত্যন্ত সচেতনভাবে চেষ্টা করছেন। শুধুমাত্র বঙ্গবাসী গ্রুপ অফ কলেজের নয়, অন্যান্য যে সমস্ত কলেজগুলো ট্রাষ্টি দ্বারা পরিচালিত সেগুলো সম্বন্ধেও আমরা কি ব্যবস্থা অবলম্বন করতে পারি সে বিষয়ে চিন্তা করা হচ্ছে। বিশ্ববিদ্যালয়ে ষ্ট্যাটিউটের সেকসন ১০০-তে ট্রাষ্ট পরিচালিত কলেজগুলিকে স্পেশ্যাল পাওয়ার দেওয়া হয়েছে। সেটা কেমনভাবে সংশোধন করা যায় সে সম্পর্কে বিশ্ববিদ্যালয়ে আলাপ আলোচনা করেছি এবং সেটা চ্যান্সেলারের বিবেচনাধীন আছে। শুধুমাত্র ট্রাষ্ট পরিচালিত কলেজগুলিতে ট্রাষ্টের বর্তরা তাদের নিজেদের খেয়াল খুশীমত কলেজগুলি পরিচালনা করছে এবং একে একটা সম্পূর্ণভাবে ব্যবসায় প্রতিষ্ঠানে পরিণত করেছে। এবং অন্যান্য কতকগুলি প্রতিষ্ঠান আছে সেগুলি সংবিধানের অধিকার বলে তারা প্রতিষ্ঠিত আছে এখনও তাদের হাতে পরিচালনার দায়িত্ব ন্যস্ত আছে সেখানকার বহু ক্রুটি-বিচ্যুতির কথা আমাদের সামনে এসেছে কিন্তু যেহেতু সংবিধানে তাদের অধিকার সুসংরক্ষিত সেই জন্য সরাসরি আমরা তাদের সম্পর্কে কোন ব্যবস্থা অবলম্বন করতে পারি না। কিন্তু কেমনভাবে তাদের উপর আমরা অন্যভাবে বিশেষ করে টাকা কড়ির ব্যাপারে অর্থ লেনদেনের ব্যাপারে নিয়ন্ত্রণ করতে পারি সে বিষয়ে আমরা চিন্তা করছি। বিরোধী দলের মাননীয় সদস্য শ্রী সরকার এখানে ধান ভানতে শিবের গীত গেয়েছেন। উত্তর দেবার প্রয়োজন নাই। তাহলেও আমি মাননীয় সদস্যর অবগতির জন্য জানাচ্ছি আলোচ্য বিষয় হচ্ছে বঙ্গবাসী গোষ্ঠীভুক্ত মহাবিদ্যালয়সমূহের অধিগ্রহণ সংগ্রহস্ত বিধেয়ক। উনি এখানে বিড়লা কলেজের প্রসঙ্গে উল্লেখ করেছেন। ওনার বক্তব্যের মধ্য দিয়ে এটা পরিষ্কার বোঝা গেল আর উনি জানেনও বিড়লা কলেজ অধিগ্রহণ সম্পর্কে সরকারের পক্ষ থেকে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে অর্ডন্যান্স গ্রহণ করা হয়েছে। কিন্তু যখন সেটাকে কার্যকরা করার জন্য সমস্ত ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে তখন স্বেচ্ছায় সেটাকে সরকারের হাতে তুলে দেবার প্রস্তাব তারা আনলেন এবং মোতাবেক সরকারের পক্ষ থেকে কাজ করার জন্য সেই অনুযায়ী যাওয়া হোল। উনি উল্লেখ করেছেন শিক্ষামন্ত্রী নাকি একটা সভায় গিয়েছিলেন। উনি জানেন শুধু শিক্ষামন্ত্রী নয় উবলিউ. বি. সি. ইউ. টি.-এর নেতৃবৃন্দও সেখানে ছিলেন এবং সেখানে হ্যাণ্ডওভারের সমস্ত কিছু ঠিক করার জন্য কর্মসূচী নেওয়া হয়েছিল কিন্তু বিড়লা কর্তৃপক্ষের অনমনীয় মনোভাব এবং হিসাব নিকাশ স্পষ্টভাবে বুঝিয়ে না দেবার জন্য সরকার হ্যাণ্ডওভার সংক্রান্ত যে যুক্তি তাতে তারা সম্মত হতে পারে নি। আমি জানি না উনি কি বলতে চেয়েছেন। উনি কি বলতে চেয়েছেন যে হিসাব গোঁজামিল টাকা পয়সা না বুঝিয়ে দিয়ে জমি সংক্রান্ত সমস্ত কিছু না বুঝিয়ে

দিয়ে হ্যাণ্ড ওভার যখন করতে চেয়েছে তখন সরকারের সম্মত হওয়া উচিত ছিল। আমি জানি না এর মধ্য দিয়ে বিড়লার স্তাবকতা করতে চেয়েছেন কিনা। কিন্তু সরকার পক্ষ থেকে বামফ্রন্ট সরকার আমরা সুস্পষ্টভাবে বলি যে বিড়লার স্তাবকতা করতে চেয়েছেন যাঁরা তাঁরা কিছু অসন্তুষ্ট হয়েছে। কিন্তু এ ছাড়া সরকারের আর অন্য কোন পথ ছিল না। সেইজন্য সরকার নূতনভাবে আবার সমস্ত পথ বন্ধ করে দিয়ে অধিগ্রহণ করবার ব্যবস্থা গ্রহণ করেছেন। সেদিন স্পষ্টভাবে আমি বলেছি এবং আজকেও বলছি যে মাঝখানে ঐ ব্যাপারে আমরা কিছুটা অগ্রসর হয়েছিলাম কিন্তু তারা যখন সরকারের সর্তাদি পূরণ করলেন না তখন সেই পথ বন্ধ করে সরকার অন্য ব্যবস্থা গ্রহণ করবেন। আমার বক্তব্য দীর্ঘায়িত না করে আমি এই হাউসের মাননীয় সদস্যদের কাছে রাখবেন যে ট্রাষ্ট পরিচালিত কলেজগুলিতে যে অব্যবস্থা যে স্বেচ্ছাচারিতা বিভিন্ন দিকে প্রতিষ্ঠিত হয়েছে তার জলন্ত নিদর্শন হোল এই বঙ্গবাসী গ্রুপ অব কলেজ। এটা অধিগ্রহণ করার মধ্যে শুধুমাত্র একটি কলেজের ক্ষেত্রে নয়, সরকার একটি সিদ্ধান্ত গ্রহণ করে ট্রাষ্ট পরিচালিত কলেজ সম্পর্কে সরকারের নির্দিষ্ট দৃষ্টিভঙ্গি এবং মনোভাবকেও প্রতিফলিত করতে সমর্থ হয়েছে এই বলে মাননীয় সদস্যদের কাছে এটা বিবেচনা করার জন্য অনুরোধ রাখছি।

The motion of Shri Sambhu Charan Ghosh that The Bangabasi Group of Colleges (Taking over of Management) Bill, 1978, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 and 2**

The question that clauses 1 and 2 do stand part of the Bill, was then put and agreed to.

[ 3-40—3-50 P.M. ]

**Clause 3**

**Mr. Deputy Speaker :** There is amendment to clause 3 by Shri Sandip Das. But he is not here. So, the question of amendment does not arise, and it is not moved. So, I put clause 3.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 4 to 8**

The question that clauses 4 to 8 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 9**

**Mr. Deputy Speaker :** There is amendment to clause 9 by Shri Sandip Das. It is out of order under rule 81(viii) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. So, I put clause 9.

The question that clause 9 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 10**

The question that clause 10 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 11**

**Mr. Deputy Speaker :** There is amendment to clause 11 by Shri Sandip Das. It is out of order rule 81(viii) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. So, I put clause 11.

The question that clause 11 do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 12 to 15 and preamble**

The question that clauses 12 to 15 and preamble to stand part of the Bill was then put and agreed to.

**Shri Sambhu Charan Ghosh :** Sir, I beg to move that the Bangabasi Group of Colleges (Taking over of Management) Bill, 1978, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**শ্রীতারকবন্ধু রায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে একটি অতি গুরুত্বপূর্ণ জরুরী বিষয়ের প্রতি এই হাউস এবং সংশ্লিষ্ট ইরিগেসান মন্ত্রী

মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। উত্তরবঙ্গের জলপাইগুড়ি জেলায় আই. ডি. পি. এরিয়ায় ইরিগেসানের কাজ করার জন্য -ভারত সরকারের কাছ থেকে প্রচুর অর্থ গেছে। সিডিউল্ড কাষ্টস এণ্ড সিডিউল্ড ট্রাইবস ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট কোন টেকনিক্যাল হ্যাণ্ড বা ইঞ্জিনিয়ার নেই। সেই কাজ করার জন্য ইরিগেসান এবং নর্থ বেঙ্গল ফ্লাড কণ্ট্রোল কমিশনের চেয়ারম্যানকে বলা হয়। তারা সরকারীভাবে চিঠিপত্র দিয়ে বলেছেন আমরা এই কাজ করতে পারব না। বড়ই পরিতাপের বিষয় যে সেই কাজ করতে না পারার ফলে এবং সিডিউল্ড কাষ্ট এণ্ড সিডিউল্ড ট্রাইবস ওয়েলফেয়ার ডিপার্টমেন্টের কোন টেকনিক্যাল হ্যাণ্ড বা ইঞ্জিনীয়ার না থাকার জন্য ভারত সরকারের প্রচুর অর্থ ফিরে যাবে এবং আই. ডি. পি. এরিয়ায় এই কাজ হতে পারবে না। তাই আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে জনস্বার্থে যাতে এই টাকা ফিরে না যায় এবং প্রকৃত কাজ যাতে হয় সেদিকে একটু দৃষ্টি দেবেন। জলপাইগুড়ি জেলায় শীল তোরসা নদীতে বাঁধ দেওয়ার প্রকল্প তৈরী হয়েছে এবং এই ডিপোর্টমেন্টের দ্বারাই হয়েছে। কিন্তু ত্রুটি থাকার ফলে কাজ হতে পারছে না। লক্ষ লক্ষ জনসাধারণ সেখানে ক্ষতিগ্রস্ত হচ্ছে। এই কাজ যাতে তরান্বিত হতে পারে সেই বিষয়ে আমি আপনার মাধ্যমে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীবীরেন্দ্র নারায়ণ রায়ঃ** স্যার, অন এ পয়েন্ট অব প্রিভিলেজ। আমি একটি প্রশ্ন করেছিলাম ষ্টার কোশ্চেন ২০৪, অনুমোদিত প্রশ্ন নং × ৪৮৮—আমার (ক) প্রশ্ন ছিল ইহা কি সত্য যে, বিচার বিভাগের মন্ত্রী মহাশয়ের বিরুদ্ধে (সরকার বনাম শ্রী হাসিম আবদুল হালিম) কয়েকটি ক্রিমিন্যাল কেস ছিল—এর উত্তরে বলা হয়েছে না, ইহা সত্য নয়। আমার তারপরের প্রশ্ন ছিল 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, বর্তমান মন্ত্রীসভা গঠিত হওয়ার পর উক্ত কেসগুলি কি সরকারী নির্দেশে উঠাইয়া লওয়া হইয়াছে—এর উত্তরে বলা হয়েছে প্রশ্ন ওঠে না। ইট ইজ লেড অন দি টেবল। ৫ তারিখের যুগান্তরে এটা বেরিয়েছে।

**মিঃ ডেপুটি স্পীকারঃ** আপনি কি নোটিশ দিয়েছেন?

**শ্রীবীরেন্দ্র নারায়ণ রায়ঃ** স্যার, আমি আজকে এটা পেলাম, তাহলে নোটিশ দেব কি করে? এটা আমাকে তুলতে হবে। স্যার আপনি শুনে নিন, আপনার শোনার রাইট আছে। ফিফথ কালামে খবরটা হচ্ছে প্রাক্তন আইন মন্ত্রী সাত্তার সাহেব একটা কথা বলেছিলেন বর্তমান আইন মন্ত্রী হাসিম আবদুল হালিমের

বিরুদ্ধে। সেটা হচ্ছে, বর্তমান আইন মন্ত্রী হাসিম আবদুল হালিম সাহেবের বিরুদ্ধে কতকগুলি ক্রিমিন্যাল কেস ছিল সেটা তুলে নেবার জন্য সরকার প্রায় ৪০ হাজার কেস তুলে নিয়েছেন—এইভাবে একটা মিথ্যা সংবাদ দিয়ে উনি মাননীয় মন্ত্রী মহাশয়ের চরিত্র হনন করেছেন। আমি এই বিষয়ে পরে একটা নোটিশ দেব।

**মিঃ ডেপুটি স্পীকার:** আপনি লিখে দেবেন তারপর আমি দেখবো যে এটা প্রিভিলেজ হয় কি না।

## MOTION UNDER RULE 185

**Mr. Deputy Speaker:** I now call upon Shri Anil Mukherjee to move the motion.

**শ্রীঅনিল কুমার মুখার্জী:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই মোশানটা আণ্ডার রুল ১৮৫-এ আপনার অনুমতি নিয়ে হাউসের কাছে উপস্থাপিত করছি। বিগত কয়েক দশকে দেশের বিভিন্ন অংশে দ্রুত যাতায়াতের জন্য বিভিন্ন রেলপথে বৈদ্যুতিকরণ করা হলেও মেদিনীপুর-বাঁকুড়া-পুরুলিয়া জেলার বিরাট বনজ সম্পদ, কয়লা, পাথর, উলফ্রাম, চিনেমাটি প্রভৃতি খনিজ পদার্থ ও প্রভৃতি কৃষি সম্পদ সমৃদ্ধ এবং আদিম অধিবাসী ও অনুন্নত সম্প্রদায় প্রধান এলাকা দিয়ে যাওয়া দক্ষিণ-পূর্ব রেলপথের খড়্গাপুর-আদ্রা অংশের রেলপথ আজও বৈদ্যুতিকরণ করা হয়নি।

খড়্গাপুর-আদ্রা অংশের রেলপথ বৈদ্যুতিকরণ না করার ফলে সংশ্লিষ্ট এলাকার অর্থনৈতিক ও সাংস্কৃতিক বিকাশের ক্ষেত্রে এবং সন্নিহিত অঞ্চলের যাত্রী সাধারণের দৈনন্দিন জীবনে এবং কলিকাতার সহিত যোগাযোগের ক্ষেত্রে সম্প্রতি নানান দুর্ভোগ হচ্ছে;

এই সভা মনে করে যে, ভারতবর্ষের পূর্বপ্রান্তের সঙ্গে পশ্চিম ও দক্ষিণ অংশের যোগাযোগের ক্ষেত্রেও এই রেলপথটি অতি গুরুত্বপূর্ণ;

অতএব, এই সভা রাজ্যসরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন জানাচ্ছে অবিলম্বে উক্ত রেলপথের বৈদ্যুতিকরণ-এর প্রকল্প গ্রহণ করা হোক।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে ভারতবর্ষের পূর্বাঞ্চলে এই যে বিরাট অংশটা বাঁকুড়া-মেদিনীপুর-পুরুলিয়া এই জায়গার উপর, যদিও ভারতবর্ষের পূর্বাঞ্চলের বহু জায়গায় বৈদ্যুতিকরণ করা হয়েছে কিন্তু এই আদ্রা-খড়্গাপুর অঞ্চলে

মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। উত্তরবঙ্গের জলপাইগুড়ি জেলায় আই. ডি. পি. এরিয়ায় ইরিগেসানের কাজ করার জন্য ভারত সরকারের কাছ থেকে প্রচুর অর্থ গেছে। সিডিউল্ড কাষ্টস এণ্ড সিডিউল্ড ট্রাইবস ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট কোন টেকনিক্যাল হ্যাণ্ড বা ইঞ্জিনিয়ার নেই। সেই কাজ করার জন্য ইরিগেসান এবং নর্থ বেঙ্গল ফ্লাড কন্ট্রোল কমিশনের চেয়ারম্যানকে বলা হয়। তারা সরকারীভাবে চিঠিপত্র দিয়ে বলেছেন আমরা এই কাজ করতে পারব না। বড়ই পরিতাপের বিষয় যে সেই কাজ করতে না পারার ফলে এবং সিডিউল্ড কাষ্ট এণ্ড সিডিউল্ড ট্রাইবস ওয়েলফেয়ার ডিপার্টমেন্টের কোন টেকনিক্যাল হ্যাণ্ড বা ইঞ্জিনীয়ার না থাকার জন্য ভারত সরকারের প্রচুর অর্থ ফিরে যাবে এবং আই. ডি. পি. এরিয়ায় এই কাজ হতে পারবে না। তাই আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে জনস্বার্থে যাতে এই টাকা ফিরে না যায় এবং প্রকৃত কাজ যাতে হয় সেদিকে একটু দৃষ্টি দেবেন। জলপাইগুড়ি জেলায় শীল তোরসা নদীতে বাঁধ দেওয়ার প্রকল্প তৈরী হয়েছে এবং এই ডিপার্টমেন্টের দ্বারাই হয়েছে। কিন্তু ত্রুটি থাকার ফলে কাজ হতে পারছে না। লক্ষ লক্ষ জনসাধারণ সেখানে ক্ষতিগ্রস্ত হচ্ছে। এই কাজ যাতে তরান্বিত হতে পারে সেই বিষয়ে আমি আপনার মাধ্যমে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীবীরেন্দ্র নারায়ণ রায়ঃ** স্যার, অন এ পয়েন্ট অব প্রিভিলেজ। আমি একটি প্রশ্ন করেছিলাম ষ্টার কোশ্চেন ২০৪, অনুমোদিত প্রশ্ন নং × ৪৮৮—আমার (ক) প্রশ্ন ছিল ইহা কি সত্য যে, বিচার বিভাগের মন্ত্রী মহাশয়ের বিরুদ্ধে (সরকার বনাম শ্রী হাসিম আবদুল হালিম) কয়েকটি ক্রিমিন্যাল কেস ছিল—এর উত্তরে বলা হয়েছে না, ইহা সত্য নয়। আমার তারপরের প্রশ্ন ছিল 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, বর্তমান মন্ত্রীসভা গঠিত হওয়ার পর উক্ত কেসগুলি কি সরকারী নির্দেশে উঠাইয়া লওয়া হইয়াছে—এর উত্তরে বলা হয়েছে প্রশ্ন ওঠে না। ইট ইজ লেড অন দি টেবল। ৫ তারিখের যুগান্তরে এটা বেরিয়েছে।

**মিঃ ডেপুটি স্পীকারঃ** আপনি কি নোটিশ দিয়েছেন?

**শ্রীবীরেন্দ্র নারায়ণ রায়ঃ** স্যার, আমি আজকে এটা পেলাম, তাহলে নোটিশ দেব কি করে? এটা আমাকে তুলতে হবে। স্যার আপনি শুনে নিন, আপনার শোনার রাইট আছে। ফিফথ কালামে খবরটা হচ্ছে প্রাক্তন আইন মন্ত্রী সাত্তার সাহেব একটা কথা বলেছিলেন বর্তমান আইন মন্ত্রী হাসিম আবদুল হালিমের

যে প্লাবণ হয়ে গেল তার ফলে খড়্গাপুর এবং হায়ড়ার যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গিয়েছিল। তখন একমাত্র পথ হল আসানসোল, আদ্রা, খড়্গাপুর হয়ে সমস্ত দক্ষিণ এবং পশ্চিম ভারতের সঙ্গে যোগাযোগ রক্ষা করেছে এই বাঁকুড়া, আদ্রা, খড়্গাপুর লাইন। সুতরাং সমস্ত দিক থেকে বিচার করলে দেখা যায় এই আদ্রা এবং খড়্গাপুর লাইনকে যদি বৈদ্যুতিকরণ করা যায় তাহলে খরচ অনেক কমে যাবে। হলদিয়ায় আগামী দিনে যে পেট্রোকেমিক্যাল কমপ্লেক্স তৈরী হবে, তার মেটিরিয়াল, কয়লা ইত্যাদি সরবরাহের জন্য এই লাইন খুব কার্য্যকরী হবে যদি বৈদ্যুতিকরণ করা হয় এবং এতে সরকারের খরচ কমে যাবে। তা ছাড়া বাঁকুড়া-পুরুলিয়ার মানুষ যারা যোগাযোগের অভাবে তাদের সমস্ত কাঁচা জিনিষপত্র কৃষিজাত দ্রব্য সেইগুলো তারা কম দামে, কষ্ট অফ প্রোডাকসনের বিলোতে বিক্রি করতে বাধ্য হয়, যদি বৈদ্যুতিকরণ করা হয় তাহলে সেই সমস্ত মানুষ কলকাতায় এসে তাদের জিনিষপত্র বিক্রি করে লাভ করতে পারবে। এর দ্বারা তাদের অর্থ নৈতিক দিক এবং সাংস্কৃতিক দিক উন্নত হবে। খনিজ সম্পদের দিকে উন্নতি হবে। সুতরাং জনসাধারণের সুবিধার জন্য অবিলম্বে এই আদ্রা, খড়্গাপুর লাইনকে বৈদ্যুতিকরণ প্রয়োজন বলে আমি মনে করি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅচিন্ত্যকৃষ্ণ রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, খড়্গাপুর থেকে আদ্রা পর্যন্ত দক্ষিণ পূর্ব রেলপথ আছে তা বৈদ্যুতিকরণ করার জন্য যে প্রস্তাব রাখা হয়েছে তার সপক্ষে আমি দু'একটি কথা বলছি। যাঁরা এই রাস্তা দিয়ে গিয়েছেন তাঁরা নিশ্চয়ই লক্ষ্য করেছেন খড়্গাপুর থেকে আদ্রা পর্যন্ত এই অংশের দূরত্ব মাত্র ১৬৮ কিলোমিটার পথের। খড়্গাপুর পর্যন্ত হাওড়া থেকে যে রেলপথ রয়েছে সেখানে বৈদ্যুতিকরণ করা হয়েছে, আবার আদ্রা থেকেও বৈদ্যুতিকরণ করা আছে। কিন্তু মাঝের এই যে অঞ্চলটি রয়েছে এখানে বৈদ্যুতিকরণ করা হয়নি। এই অঞ্চলের মধ্যে আমাদের তিনটি জেলা রয়েছে এবং এই রয়েছে তিনটি জেলার মানুষের সঙ্গে পূর্বাঞ্চলের মানুষের অর্থ নৈতিক জীবন-যাত্রা জড়িত। এই কথাটা আমি আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই। কিন্তু দুঃখের বিষয় হচ্ছে ওখানে যেতে হলে সকালে ট্রেনে চাপলে কখন গিয়ে যে পৌছবেন তার কোনও ঠিক নেই। ঐ পথে যে সমস্ত ট্রেন চলে সেগুলি প্রথম অথবা দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়ের ইঞ্জিন দিয়ে চালানো হয়। প্রায় সব জায়গায়ই মানুষের জীবনযাত্রার মান কিছু কিছু বেড়েছে এবং কিছু কিছু দ্রুত হয়েছে। কিন্তু ওখানকার অবস্থা একই রয়েছে। সেই জন্য আমি মনে করি ওখানে রেল লাইন পরিবর্তীত হলে ঐ অঞ্চলের ব্যাপক পরিবর্তন হবে। এছাড়া ঐ তিনটি জেলার মোট যে জনসংখ্যা সেই জনসংখ্যার ১/৪ অংশর বেশী হচ্ছে আদিবাসী ও তপসিলী সম্প্রদায়ভুক্ত মানুষ এবং তাঁদের মধ্যে বেশীর-

ভাগই ওখানে বনজ, কৃষি এবং খনিজ সম্পদের উপর নির্ভর করে আছেন। এই তিনটি জেলার বেশীরভাগ খনিজ পদার্থ এখানে অব্যবহৃত হয়ে রয়েছে। ওখানে যথেষ্ট পরিমাণে ডলোমাইট, কয়লা, পাথর, উলফ্রাম, চিনেমাটি, অভ্র প্রভৃতি খনিজ পদার্থ রয়েছে এবং বিরাট বনজ সম্পদ রয়েছে। কিন্তু পরিবহনের সুব্যবস্থা না থাকার জন্য আজকে এই অবস্থা হচ্ছে। যদি এই লাইনকে দ্রুত বৈদ্যুতিকরণ করা যায় তাহলে জল ইত্যাদির যে অভাব ঐ অঞ্চলে আছে সেই অভাব আর থাকবে না। ঐ তিনটি জেলার ঐ অঞ্চলকে আমরা গোটা পূর্বাঞ্চলের মূল অর্থ নৈতিক জীবন-যাত্রার সঙ্গে যুক্ত করতে পারব। সেই কারণে আজকে এই প্রস্তাব আনা হয়েছে. কেন্দ্রীয় সরকারকে এই কাজ করার জন্য অনুরোধ করা হচ্ছে এই প্রস্তাবের মাধ্যমে। আশা করি আপনারা সকলে এই প্রস্তাবকে সমর্থন করবেন, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুভাষ গোস্বামী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি নিজে এই প্রস্তাবের একজন উথাপক। কিন্তু এই দাবী আমার একার নয়, এই দাবী বাঁকুড়া, পুরুলিয়া এবং মেদিনীপুরের লক্ষ লক্ষ বিড়ম্বিত, অবহেলিত মানুষের। যদি কেন্দ্রীয় সরকার এবং রেলওয়েমন্ত্রক নিছক ব্যবসায়ী দৃষ্টিকোণ থেকে এই সমস্ত কাজ করে থাকেন— রেলের সম্প্রসারণ বা বৈদ্যুতিকরণ, তাহলে এই সমস্ত এলাকার মানুষদের উপর চরম অবিচার করা হবে এবং এই অঞ্চলগুলি যে তিমিরে আছে সেই তিমিরেই থেকে যাবে, ওরা আর আলো দেখার সুযোগ পাবে না। তাই আজকে আমরা অত্যন্ত যথার্থ কারণেই এই সভার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের নিকট এই দাবী জানাতে বাধ্য হচ্ছি, এবং আশা করছি কেন্দ্রীয় সরকার অত্যন্ত সুবিবেচনার সঙ্গে এই দাবী মেনে নেবেন এবং অত্যন্ত গুরুত্বপূর্ণ খড়্গপুর থেকে আদ্রা অংশের রেলপথকে বৈদ্যুতিকরণের জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন। আমরা প্রস্তাবের মধ্যেই যেটা উল্লেখ করেছি যে, ঐ অঞ্চলে যে সমস্যাগুলি আছে সেগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ সমস্যা এবং এর ফলে সেগুলির সমাধান হবে। তারপর আর একটা বিষয় হচ্ছে চিত্তরঞ্জনে যে রেলওয়ে ইঞ্জিন তৈরীর কারখানা আছে সেখানে আর ষ্টিম ইঞ্জিন তৈরী হচ্ছে না। যার ফলে ঐ লাইনে মান্ধাতার আমলের পুরোনো ইঞ্জিন দিয়ে এখনো গাড়ীগুলি কোনক্রমে গুটি গুটি করে চলছে। ট্রেনে করে বাঁকুড়া থেকে হাওড়া আসতে ৬ ঘণ্টা থেকে ৮ ঘণ্টা সময় লাগছে এবং মানুষের প্রচণ্ড ধৈর্য্যচ্যুতি ঘটছে। এই অব্যবস্থার ফলে রেলে যাত্রীর সংখ্যা দিনের পর দিন কমে যাচ্ছে এবং বাসে অত্যন্ত দুর্ভোগের মধ্যে দিয়েও যাত্রীরা যাতায়াত করছে। এ ছাড়া ষ্টিম ইঞ্জিন দিয়ে গাড়ী চালাতে প্রচুর পরিমাণে কয়লার প্রয়োজন হয়। কিন্তু আজকে আমরা দেখছি বিভিন্ন কারণে, খনিতে ধর্মঘট হওয়ার জন্য, লক-আউট হওয়ার জন্য, বা পরিবহণ ব্যবস্থার কোন

গোলোযোগের জন্য হঠাৎ যদি কয়লার সরবরাহ ব্যাহত হয় ঐ লাইনের গাড়ী যাবে বন্ধ হয়ে। এই অবস্থায় এটা একটা প্রচণ্ড ঝুকির ব্যাপার। তাই আমার অনুরোধ যে আমাদের এই সভার মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অবিলম্বে এই লাইন বৈদ্যুতিকরণের জন্য অনুরোধ করতে হবে।

[ 4-00—4-10 P. M. ]

এ যদি না হয় তাহলে ট্রেন চলাচলের ক্ষেত্রে নৈরাজ্যকর অবস্থা থেকেই যাবে। ভুক্তভোগী জানেন সেখানে ট্রেন চলে খুশিমত এবং এর ফলে অনেক টাইম লেগে যায়। হঠাৎ যদি কোন প্যাসেঞ্জারের ধৈর্য্যচ্যুতি ঘটে যায় এবং তার ফলে তিনি যদি স্টেশন মাস্টারকে জিজ্ঞাসা করেন—কি মশাই, ট্রেনের টাইম টেবল বের করেছেন কিন্তু ঠিকমত ট্রেন চলে না কেন? তিতি পরিহাসের ছলে জবাব দেন একটা গাড়ির যদি ৬-৩৫ মিনিটে ছাড়ার কথা থাকে তাহলে তার অর্থ সেটা ৬-৩৫ মিনিটের পূর্বে যাবে না; তার পরে যখন হোক যাবে। সুতরাং এই হচ্ছে অবস্থা। ঐ সমস্ত এলাকার যাত্রিরা বিভিন্ন কাজে বিভিন্ন জায়গায় যাতায়াত করেন। রেলমন্ত্রক টাকা-পয়সার হিসাব দিচ্ছেন যে ঐ অংশে রেল-গাড়ির লাভ হচ্ছে না। এই অজুহাতে তারা এমনও ষড়যন্ত্র করেছিলেন যে সেখানের ডব্‌ল লাইন তুলে নেওয়া হবে এবং তার বদলে সিঙ্গল লাইন করে দেওয়া হবে। কিন্তু এই পরিকল্পনা আর কার্যে রূপান্তরিত হয়নি। তার কারণ ডিফেন্স সার্ভিস থেকে বাধা দেওয়ার জন্য। তা-সত্বেও লক্ষ্য করলাম সাম্প্রতিক অতি বর্ষণের সময় যখন যোগাযোগ ব্যবস্থা বিপর্যস্ত হতে সুরু করেছে সেই সময় রেল-দপ্তর ঐ অংশের রেল লাইন অপসারণের কাজে উদ্যোগী হয়েছেন। সেখানে ১২০ পাউণ্ডের রেল লাইন তুলে নিয়ে ৯০ পাউণ্ডের লাইন বসিয়ে দেওয়া হলো। ঐ লাইন দিয়ে আর এক্সপ্রেস ট্রেন চালানো যাবে কিনা তা আমি বুঝতে পারছি না। সুতরাং আমাদের উচিৎ কেন্দ্রীয় সরকারকে এর প্রতিকারের ব্যবস্থা করার জন্য চাপ দেওয়া যাতে করে কেন্দ্রীয় সরকার আর কালবিলম্ব না করে ঐ লাইনের প্রতি গুরুত্ব দেন এবং বৈদ্যুতিকরণের দায়িত্ব নেন।

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পুরুলিয়া এবং বাঁকুড়া জেলা সবচেয়ে অবহেলিত জেলা। কেন্দ্রীয় সমীক্ষায় দেখা গেছে, যে ২০টি জেলা সবচেয়ে গরীব তার মধ্যে পুরুলিয়া এবং বাঁকুড়া আছে। আমাদের বুকের উপর দিয়ে,—আমাদের চারিদিকে ষ্টীল কমপ্লেক্স আছে—দুর্গাপুর, ভিলাই, রাউরকেলা, বোকারো এবং জামসেদপুর প্রভৃতি আছে এবং এই সমস্ত কারখানার জন্য যে

সমস্ত খনিজ সম্পদের প্রয়োজন হয়, কাঁচা মালের প্রয়োজন হয় তা এই জেলার উপর দিয়েই যায়। কিন্তু আমরা লক্ষ্য করেছি, আগেকার দিনে যে দৃষ্টি-ভঙ্গি নিয়ে ইংরাজ শাসকরা এর পত্তন করেছিলেন এবং তার পরেও যারা দিল্লীর মসনদে বসেছিলেন সেই কংগ্রেসীরা তারা যে দৃষ্টিভঙ্গি নিয়ে রেলের সম্প্রসারণের কথা, সুযোগ-সুবিধার কথা যেমন চিন্তা করতেন না তেমনি আজকে আমাদের জনতা সরকারও এদের বাইরের পন্থা অবলম্ব করেনি। যে মুহূর্তে এই প্রশ্ন তুলেছি, বৈদ্যুতিকরণ করতে হবে, দূর পাল্লার ট্রেন, এক্সপ্রেস গাড়ি দিতে হবে, আমাদের প্ল্যাটফর্মের উন্নতি করতে হবে তখনই একটা প্রশ্ন তুলে ধরা হয়েছে কষ্ট বেনিফিট রেসিও—এটা একটা ওয়েলফেয়ারের লক্ষণ নয়, যেখানে মানুষের কল্যাণ করতে হবে যেখানে অগণিত মানুষের স্বার্থ এর সঙ্গে জড়িত আছে সেখানে এই রকম কথা বললে তো হবে না। তাই যদি হয় তাহলে সমস্ত শিল্প কেন্দ্রীভূত হয়ে পড়বে, সমস্ত টাকা-পয়সা ধনিকের স্বার্থে, মিল-মালিকদের স্বার্থে, কারখানার মালিকদের স্বার্থে তাহলে কি রক্ষীত হবে? ইংরাজরাই তাই তো করেছিলেন। তারা বিদেশী পুঁজিতে রূপান্তরিত করেছিলেন এবং তার ফলে শাসকদের স্বার্থ রক্ষিত হয়েছিল। আজকে যদি এরা এই রকম করেন, যদি কষ্ট বেনিফিট রেসিওর কথা বলেন যে লাভজনক হবে না তাহলে যারা পিছিয়ে পড়ে আছে তাদের মঙ্গল হতে পারে না। তাই আমি বলবো, পশ্চিমবঙ্গ বিধানসভা আজকে এই প্রস্তাবকে সমর্থন করে কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করুন এবং বলুন —যে, দৃষ্টিভঙ্গির পরির্ত্তন করতে হবে, শুধু বৈদ্যুতিকরণ করলেই হবে না এখানে দূর পাল্লার গাড়ি, এক্সপ্রেস গাড়ি চালু করতে হবে এবং তার সঙ্গে পুরুলিয়া টু কোটশিলা যেটা ছোট লাইন আছে তাকে পরিবর্ত্তন করে বর্ড গেজে রূপান্তরিত করতে হবে এবং রেল পরিবহনের ক্ষেত্রে সামগ্রিকভাবে দৃষ্টিভঙ্গি নিয়ে দেখতে হবে। আমি আশা করি, মাননীয় মুখ্যমন্ত্রী এবং মন্ত্রীসভার অন্যান্য সদস্যরা এ ব্যাপারে একমত হবেন এবং দিল্লীর কাছে সুপারিশ পাঠাবেন। এইটুকু বলে এই প্রস্তাবকে সমর্থন করে এবং অভিনন্দন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুন্দর হাজরা:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই প্রস্তাবকে সমর্থন করে এই মর্মে দু-একটি কথা বলছি। মেদিনীপুরে আদিবাসী অধ্যুষিত এলাকার মধ্য দিয়ে লাইন গিয়েছে দক্ষিণ-পূর্ব রেলওয়েতে মাত্র ১৯টি ষ্টেশন অ'ছে—১৬৮ কিলোমিটার রাস্তা। ইলেকট্রিফিকেশন হলে ভাল হবে ওখানকার কৃষিজ, খনিজ, বনজ সব সম্পদ আসতে পারবে, বিশেষ করে জঙ্গল অধ্যুষিত এলাকা থেকে জ্বালানী কাঠ, যা বনে জঙ্গলে পাওয়া যায়। চীনামাটি

ও লোহাও পাওয়া যায়, সেগুলি নিয়ে যেতে কলকাতার সঙ্গে যোগাযোগ দ্রুত হবে এবং মানুষেরও দ্রুত যাতায়াতের পক্ষে সুবিধা হবে। যাতে করে এই রাস্তা বৈদ্যুতিকরণ করা যায় সেই চেষ্টা আমাদের করা দরকার—পশ্চিমবঙ্গ সরকারের মাধ্যমে সেই চেষ্টা আমাদের সকলেরই করা দরকার। এই কথা বলে আমি এই প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশম্ভুনাথ মাণ্ডিঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মেদিনীপুর ডিসট্রিক্টের পক্ষ থেকে আমি অনিলবাবুর সমর্থনে কয়েকটি কথা বলছি। বাবুই পাখী বলে একরকম ছোট্ট পাখী আছে, দেখতে খুব সুন্দর, খুব ভাল লাগে—রাত্রে তারা বাসায় আলো জ্বালায় নূতন টেকনিকে, জোনাকী বলে একরকম পোকা আছে যার পিছনে আলো জ্বলে, সেই পোকা ধরে গোবরের মধ্যে তার মাথা গুঁজে দেয় এবং জোনাকির আলোয় ওদের বাসা আলো হয়। খুব আশ্চর্য্য। আপনি হয়ত জানেন যে মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া মেনলি ট্রাইবাল অধ্যুষিত এলাকা। অন্যান্য জেলা থেকে সমস্যা আলাদা না হলেও এই এলাকাগুলিতে চাষী, ক্ষেত মজুর, গরীব কৃষক পাশাপাশি বাস করেন এবং এর উপর দিয়ে যে ট্রেন যোগাযোগ আছে তাতে এদের সঙ্গে এবং আশেপাশে যেসব কলকারখানা আছে সেই এলাকায় যে ট্রাইবলরা বাস করেন তাদের সকলেরই গুরুত্ব অনেক বেশী। কাজেই ঐ সব এলাকার বনজ এবং অন্যান্য সম্পদ কো-অপারেটিভের মাধ্যম দিয়ে যে ব্যবসা তাঁরা করতে পারেন সেগুলি দূরের যোগাযোগের জন্য হয়ে ওঠে না। কাজেই মালপত্র এবং মানুষ আনাগোনার জন্য ট্রেনে বৈদ্যুতিকরণ প্রয়োজন সে বিষয়ে কোন সন্দেহ নাই। বিগত সরকার ৩০ বছর ধরে এদের দাবী দাওয়ার কথা কিছুই চিন্তা করেন নাই। আজকে আমরা তাদের কথা চিন্তা করছি, এবং আমাদের যে ৩৬ দফা কর্মসূচী আমরা হাতে নিয়েছি এবং সমস্ত মানুষের সহযোগিতায় একে একে সাফল্যমণ্ডিত হচ্ছি, তার সাথে সাথে এই বৈদ্যুতিকরণের কথাও ভাবছি। আমরা কেন্দ্রের কাছে এই দাবী রাখব এবং আমি আশা করছি সকলে একমত হয়ে যাতে বৈদ্যুতিকরণ হয় তার জন্য দাবী জানাব এবং মেদিনীপুর জেলার একজন আদিবাসী হয়ে এর প্রয়োজনীয়তাকে বুঝে আন্তরিকভাবে এই প্রস্তাবকে সমর্থন জানিয়ে এবং আপনাকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-10—4-20 P.M.]

**শ্রীঅনিল মুখার্জীঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যাঁরা আলোচনা করলেন তাঁরা সকলেই এই দাবী সম্পর্কে একমত এবং এর প্রয়োজনীয়তার জন্য আজকে বিধানসভায় এক বাক্যে সকলে কেন্দ্রের কাছে এই দাবী উত্থাপন করতে চলেছেন।

এই সম্পর্কে আমি শুধু দু চারটি কথা বলতে চাই। আমি যে কথা বলতে চাই যে, ইতিপূর্বে দক্ষিণ-পূর্ব রেলওয়ের কর্তৃপক্ষ বৈদ্যুতিকরণের একটা প্রস্তাব ডিপার্টমেণ্ট থেকে তারা করেছিলেন। কিন্তু আনরেমুন্যারেটিভ বলে নাকি তাঁরা এই প্রস্তাব বাতিল করেছিলেন। কারণটা কি? কারণটা হচ্ছে, ইতিমধ্যে অনেক বাস চলাচল সুরু হয়েছে। আপনারা জানেন যে মাননীয় মন্ত্রী মাণ্ডি বললেন যে এটি একটি অনুন্নত ও উপজাতি অধ্যুষিত অঞ্চল ও এই সকল উপজাতিরা নানা ব্যাপারে এক জেলা থেকে অন্য জেলায় যাতায়াত করেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তাঁরা বাসের উপর এ অমানুষিকভাবে যাতায়াত করেন। বৈদ্যুতিকরণ করলে এদের যাতায়াতের যেমন সুবিধা হবে—যারা বাসে যাচ্ছেন তাঁরা সবাই ট্রেনে যাবেন এখন ট্রেনে যারা যাচ্ছেন তাঁদের ৭।৮ ঘণ্টা সময় লাগে অথচ বাসে ৩।৪ ঘণ্টার মধ্যে তাঁরা কলকাতায় আসতে পাচ্ছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রেল কর্তৃপক্ষ বলেন এটা আনরেমুন্যারেটিভ—এটা গ্রহণযোগ্য নয়। এটা তাঁদের একটা চক্রান্ত ও তাঁরা ইচ্ছা করেই এতদিন করেন নি। সমস্ত অনুন্নত মানুষকে তাঁরা অবহেলা করেছেন। তাই আমি আজকে প্রস্তাব করছি যে, আজকে বিধানসভায় যে প্রস্তাব এসেছে সে প্রস্তাব গৃহীত হোক।

**Motion under rule 185**

**Shri Anil Mukherjee moved the following motion :**

"বিগত কয়েক দশকে দেশের বিভিন্ন অংশে দ্রুত যাতায়াতের জন্য বিভিন্ন রেলপথ বৈদ্যুতিকরণ করা হলেও মেদিনীপুর-বাঁকুড়া-পুরুলিয়া জেলার বিরাট বনজ সম্পদ, কয়লা, পাথর, উলফ্রাম চিয়নমাটি প্রভৃতি খনিজ পদার্থ ও প্রভূত কৃষি সম্পদ এবং আদিম অধিবাসী ও অনুন্নত সম্প্রদায় প্রধান এলাকা দিয়ে যাওয়া দক্ষিণ-পূর্ব রেলপথের খড়্গাপুর-আদ্রা অংশের রেলপথ আজও বৈদ্যুতিকরণ করা হয় নি ;

খড়্গাপুর-আদ্রা অংশের রেলপথ বৈদ্যুতিকরণ না করার ফলে সংশ্লিষ্ট এলাকার অর্থনৈতিক ও সাংস্কৃতিক বিকাশের ক্ষেত্রে এবং সন্নিহিত অঞ্চলের যাত্রী সাধারণের দৈনন্দিন জীবনে এবং কলিকাতার সহিত যোগাযোগের ক্ষেত্রে সম্প্রতি নানান দুর্ভোগ হচ্ছে ;

এই সভা মনে করে যে, ভারতবর্ষের পূর্বপ্রান্তের সঙ্গে পশ্চিম ও দক্ষিণ অংশের যোগাযোগের ক্ষেত্রেও এই রেলপথটি অতি গুরুত্বপূর্ণ ;

অতএব এই সভা রাজ্যসরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন জানাচ্ছে অবিলম্বে উক্ত রেলপথের বৈদ্যুতিকরণের প্রকল্প গ্রহণ করা হোক।"

**Rulings on Privilege Motions**

**Mr. Deputy Speaker** : I have received notice of privilege under Rule 226 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly from Shri Kashi Kanta Maitra, Leader of the Opposition. The main point involved in the notice may be stated as follows :—

Shri Maitra states that the House has expressed certain legislative intendment in the West Bengal Land Reforms Act, 1955 and West Bengal Land Reforms (Amendment) Act, 1977 and West Bengal Panchayat Act, 1973 in clear terms and such intendment must prevail while implementing the policy manifest in Land Reforms Act. Shri Maitra claims that clear legislative intendment and statutory rules are in serious breach and since as a result of such breach there has been widespread disturbances over harvesting and loss of life. He wants to raise the issue as the breach of privilege.

The matter is related to operation of Acts and Rules and function of the Executive Government. If there is any breach in implementing any statute the issue cannot be raised as a matter of privilege. Privilege of the House are granted to members in order that they may be able to perform the duties in the House without let or hindrance. They apply to individual members only so far as they are necessary in order that the House may freely perform its functions. So far as the Legislature is concerned the issue can be raised in the form of a motion or resolution and this legislature has no business to see whether any law is being properly implemented. There is court of law and other forums through which the member can get the point settled.

Shri Dipak Sengupta, M.L.A., gave a notice of privilege motion on 23.11.1978.

**Mr. Deputy Speaker** : I would not allow you to speak. I am on my legs. Please take your seat.

Shri Dipak Sengupta, M.L.A. gave a notice of a privilege motion on 23.11.1978 alleging that certain allegations of Shri Naba Kumar Roy, M.L.A., against the Deputy Speaker made in the House on 22.11.1978 which were ordered to be expunged from the proceedings of the House on that day, had appeared in three daily newspapers of Calcutta on 23.11.1978, namely :—

(1) The Dainik Basumati, (2) The Satyajug and (3) *The Gazi* (an Urdu daily). I have gone through the two Bengali dailies as also the English rendering of the relevant part of Urdu daily. All the three papers have

directly or by implication reproduced the expunged portion of the proceedings of the House.

It is certainly a breach of privilege and contempt of the House to publish expunged proceedings of the House. In this regard the Supreme Court held that--

"The effect in law of the order of the Speaker to expunge a portion of the speech of a member may be as if that portion had not been spoken. A report of the whole speech in such circumstances though factually correct may, in law, be regarded as perverted and unfaithful report and the publication of such a perverted and unfaithful report of a speech, i.e. including the expunged portion in derogation to the orders of the Speaker passed in the House may, prima facie, be regarded as constituting a breach of the privilege of the House arising out of the publication of the offending news item.

In the meanwhile I have received letters from the "Satyajug" and the "Basumati" expressing regret for publishing the said expunged portion of the proceedings while explaining how this happened due to technical reasons.

With regard to the other paper namely the Gazi I have decided to ask the Editor and Publisher to appear before me and to explain their position in this matter. On the basis of the explanation I would bring the matter before the House if the House is session or otherwise bring it to the notice of the members in such manner as I would think fit and proper.

[4-20—4-30 P.M.]

Yesterday I received two notices, one from Shri Nirmal Kumar Bose, MLA and the other from Shri Jayanta Kumar Biswas, MLA, raising a question of privilege against Shri Satya Ranjan Bapuli, MLA, for making certain allegedly inaccurate statement on the floor of the House on the 13th December, 1978, regarding the amount of arrear seat-rents due from the members staying at Legislators' Hostel. Both the members believe that the amount quoted by Shri Bapuli, is inaccurate and allege that the publication of such inaccurate statement in newspapers has lowered the dignity of the members as well as that of the House as a whole.

On an earlier occasion I had given my ruling when a question of privilege was raised against Shri Kashi Kanta Maitra, MLA, for making certain allegedly inaccurate statement on the floor of the House regarding quantum of assistance given by the Centre to the State for flood relief. The present issue is almost similar to the earlier one as the main point

involved being an inaccurate statement made by a member on the floor of the House Accordingly, I reiterating my earlier ruling I observe.

If any statement is made on the floor of the House by a Member which another member believes to be untrue, incomplete or incorrect it does not constitute a breach of privilege. If any incorrect statement is made, there are other remedies by which the issue can be decided. A breach of privilege can arise only when a member makes false statement or incorrect statement wilfully, deliberately and knowingly.

The alleged incorrect statement of the member cannot be said to have been made wilfully, deliberately and knowingly to mislead the House. There are other sources from which the accuracy or otherwise of his statement can be verified. House generally does not take it upon itself to verify the validity of such statement by collecting information from authentic sources. It is a business of the House to see whether the false statement was deliberately made to mislead the House. Only in very exceptional cases false statement made by a member with a view to deliberately misleading the House may constitute a breach of privilege of the House.

Accordingly, I cannot give my consent to the Motions of Shri Nirmal Kumar Bose and Shri Jayanta Kumar Biswas.

I have received a notice of breach of privilege this day from Shri Suniti Chattaraj, MLA on the question of an alleged untrue statement by the Minister-in charge of Higher Education on the floor of the House on 7.12.78 regarding taking over of the Birla College of Science and Technology.

It has been previously ruled that alleged untrue statements by a Minister or Member unless they are proved to be deliberate do not constitute breach of privilege. On the same ground I have disallowed notices of privilege given by other members.

Hence I disallow the motion.

I have received two notices of breach of privilege this day from Shri Shamsuddin Ahmed, MLA and Shri Suniti Chattaraj, MLA on the question of an alleged untrue statement by the Chief Minister made on the floor of the House on 14.12.78 regarding an incident at Alinagar in Kaliachak P. S. in Malda District.

It has been previously ruled that alleged untrue statements by a Minister or Member unless they are proved to be deliberate do not constitute breach of privilege. Therefore, I disallow both the notices.

The point raised by Dr. Zainal Abedin is that Shri Kamal Kanti Guha, Minister-in-charge of Agriculture rushed to the opposition benches and

tried to assault one of the members of the House and thus caused a breach of privilege and contempt of the House. Any disorderly behaviour in the House such aa rushing of a member to another member as has been alleged does not in itself constitute a breach of privilege. At best it can be said to be not in keeping with the parliamentary conventions or etiquette.

A point was raised by Dr. Zainal Abedin, M.L.A., on the floor of the House on the 7th December, 1978, questioning as to whether a Member can authorise another Member to move an amendment to a non-efficial resolution standing in his name.

Mr. Deputy Speaker allowed Shri Atish Chandra Sinha to move the amendment standing in the name of Shri Suniti Chattaraj but informed the House that he would look into the matter and give his considered views on it afterwards.

There is no specific provision in our Rules of Procedure with regard to the moving of an amendment to a resolution although there is a specific provision for authorising another Member to move a resolution on other's behalf [Rule 173(3)].

Different authorities on parliamentary procedure appear to have interpreted the matter differently.

Kaul and Shakder specifically mentions that 'unlike a motion', a resolution can be moved with the permission of the Speaker by another member authorised by and on behalf of the one in whose name the resolution stands in the List of Business' (Page 561—2nd Edition). But in the matter of moving of an amendment to a resolution it is silent. But it appears that the procedure in Lok Sabha, even in the case of amendment to a Bill, is that an amendment may be moved only by the Member in whose name it stands in the List of Business (Page 500-501) and (Page 575 ibid). In this respect the procedure followed here is different from that at Lok Sabha in that in a number of cases amendments to the provisions of a bill had been allowed to be moved by other members.

A resolution is one of the categories of motions and that an amendment proposed to a motion is also a motion and must confirm to the rules governing motions of the particular class to which the main motion belongs. In view of above and in pursuance of rule 173(3) of our Rules of Procedure, an amendment to a resolution can be moved by another Member, if authorised by the Member concerned and approved by the Speaker.

May (p. 519—2nd Edition) states that if the Member called does not move the amendment, any other Member may do so. This again relates

to an amendment to a motion generally, and there is however nothing specific about amendment to a resolution.

So far as this House is concerned Mr. Speaker Azizul Haque ruled on 12th September, 1940 that Mr. Charu Chandra Roy could move the amendment standing in the name of Mr. Atul Krishna Ghosh if the latter had left instructions to that effect (Vol. LVII, No.7 p. 110). It also appears that the same procedure had been followed in previous cases. One obviously concludes from these that an amendment to a main motion can be moved by another Member if the Member in whose name the amendment stands leaves instructions in that behalf.

In this connection it may be stated that the established procedure in this Assembly is that after a non-official resolution is moved by a Member, all the amendments to it, if they are in order, are taken as moved irrespective of whether the Members concerned are present or not (C. f. pp. 178-79) Assembly Proceedings dt. 25.9.59).

In view of above, I am of the opinion that an amendment to a resolution standing in the name of a Member can be moved by another Member if he is so authorised by the Member concerned and takes the permission of Mr. Speaker beforehand.

[4-30—4-40 P.M.]

I have received a notice of privilege from Shri Rajani Kanta Doloi, M.L.A. alleging that certain libellous statements against the Speaker, the Deputy Speaker, the Secretary and some of the members of the House have appeared in the Weekly paper "Swastika" in its issue dated the 4th December, 1978. A copy of the paper has been submitted by the Member along with the notice.

It is a breach of privilege and contempt of the House to make speeches or to print or publish any libels reflecting on the character or proceedings of the House or on any member of the House for or relating to his character or conduct as a member of the House. Examples of speeches and writings which have been held to constitute breach of privilege and contempt of the House may be categorised as reflection on the House, reflection on the character and impartiality of the Speaker in the discharge of his duties, reflection on the members in the execution of their duties, reflection on members serving on a Committee of the House, reflection on the conduct of the Chairman of a Committee of the House.

I have carefully gone through the relevant portions of the reports appearing in the said paper. I am definitely of the opinion that the reports do constitute reflections on the character of the speaker in the discharge

of his duties as also on members in execution of their duties. The reports as a whole do cast reflections on the House as a whole.

But I do consider that the House must not take serious notice of all defamatory statements made by irresponsible press or persons. It is beyond the degnity of the House to take serious note of such irresponsible defamatory statements.

Accordingly the matter may be dropped.

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা জরুরী বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে মেনশন হয়নি যার ফলে সেখানে আমরা এটা প্লেস করতে চেয়েছিলাম এই বিষয়টাকে কিন্তু পারিনি। ইতিপূর্বে বিধানসভাতেও বিপক্ষ দলের সদস্য এবং দীপক সেনগুপ্ত মহাশয়ও উত্থাপন করেছেন, যে ঘটনাটা নিয়ে সমস্ত কুচবিহার ও উত্তরবঙ্গ অগ্নিগর্ভ হয়ে উঠেছে। আপনি জানেন যে এই কুচবিহারে মেখলিগঞ্জের তিন বিঘা নামে যে ভূখণ্ড যা ১৯৭৪ সালে ইন্দিরা-মুজিব চুক্তি অনুযায়ী বাংলাদেশকে উপঢৌকন দেবার জন্য লোকসভাতে চুক্তি আসছে তার বিরুদ্ধে উত্তরবাংলার মানুষ বিক্ষুব্ধ হয়ে উঠেছে এবং এই ঘটনা নিয়ে কিছু আন্দোলন সেই এলাকাতে গড়ে উঠতে যাচ্ছে। আমাদের বামফ্রন্ট সরকারের ঐ ছিট-মহল সম্পর্কে কি দৃষ্টিভঙ্গী হবে সেটা সুস্পষ্ট করে রাখার জন্য আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি যে তিনি যেন একটা বিবৃতি দেন যাতে করে বামফ্রন্ট সরকারের মতামতটা ঐ ছিটমহল সম্পর্কে স্পষ্ট হয়ে উঠতে পারে। এই ছিট মহল চলে গেলে ২৬ হাজার মানুষ যারা ভারতবর্ষের নাগরিক হয়েও ভারতবর্ষ থেকে বিচ্ছিন্ন হয়ে পড়বে এবং এর ফলে ৪০ বর্গমাইল এলাকা বাংলাদেশের মধ্যে চলে যাবে। এই অবস্থায় স্বাধীন ভারতবর্ষের যে ভূখণ্ড সেই ভূখণ্ড ইন্দিরা-মুজিব বা কারো নাম দিয়ে যদি আজকে বাংলাদেশকে উপঢৌকন দেওয়া হয় তাহলে পশ্চিম বাংলার মানুষ তা মেনে নেবে না এবং কুচবিহার এবং উত্তরবাংলাতে যে আন্দোলন গড়ে উঠছে তা সমস্ত পশ্চিমবাংলা ব্যাপী ছড়িয়ে পড়বে, তীব্র প্রতিবাদ ও প্রতিরোধ আন্দোলন গড়ে উঠবে একথা আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে জানাতে চাই এবং দাবী করছি তিনি একটা সংবাদপত্রে এবং প্রচার মাধ্যমের মধ্যে দিয়ে একটা বিবৃতি দেবেন যাতে করে বামফ্রন্টের সেই সম্পর্কে মতামত স্পষ্ট হয়ে উঠে।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** আমাদের আজকে এই সেসনের লাষ্ট ডে, আপনারা নিশ্চয়ই লক্ষ্য করেছেন যে এই সেসনের মধ্যে অনেক জিনিস ঘটে গেল। আমাদের অপোজিশন বেঞ্চ থেকে ট্রেজারি বেঞ্চ-এর সঙ্গে অনেক সময় বিতর্ক

হয়েছে যার জন্য অপোজিশন হয়তো এই হাউসের মধ্যে আমাদের সঙ্গে কো-অপারেট করতে পারেনি বা আমরা হয়তো অপোজিশনকে তাদের মনমত সুযোগ দিতে পারিনি। আশা করি এই ঘটনা আর ঘটবে না। আজকে আমরা লাষ্ট ডে অব দি সেসনে বসে আছি, আমরা দেখছি অপোজিশন এখানে নেই। কেন নেই, কারণটা কি? (এ ভয়েস: তিন জন আছে।) আমাদের জনতা বন্ধু ও কংগ্রেস বন্ধুরা নেই।

কিন্তু এই শেষ দিনে যদি তাঁরা এখানে থাকতেন তাহলে আমি খুশী হতাম। আপনারা হাউস চালাবার জন্য যে সহযোগিতা করেছেন তার জন্য আপনাদের ধন্যবাদ দিচ্ছি এবং আশা করি আমরা আবার যখন মিলব তখন আপনারা আমাদের সঙ্গে সহযোগিতা করে হাউস সুষ্ঠুভাবে চালাবেন। এ কথা বলে ট্রেজারী বেঞ্চের সকলকে এবং অপোজিসনের সমস্ত সদস্যকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীভবানী মুখার্জী:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, একমাস আগে আমাদের বিধানসভার অধিবেশন সুরু হয়েছিল, কিছুদিন আগে আমাদের এখানে এক বিরাট বিপর্যয়কারী বন্যা হয়েছিল এবং সেই বন্যা পরিস্থিতি সামলাবার পর আমরা এখানে এসেছিলাম এবং একমাস ধরে এই বিধানসভার কার্য্যসূচী পরিচালিত হয়েছে এবং আজকের অধিবেশন শেষ হতে চলেছে, কিন্তু ঠিক এই দিনে বিরোধীপক্ষ এখানে উপস্থিত নাই দেখে আমি দুঃখিত হয়েছি। এই প্রসঙ্গে আমি বলতে চাই যে আপনি, মাননীয় স্পীকার মহাশয় এবং মাননীয় চেয়ারম্যান মহাশয় যাঁরা এই সভা পরিচালনা করেছেন তাঁরা পরিষদীয় নীতি এবং পদ্ধতি অনুসারে কাজ করেছেন এবং আমি লক্ষ্য করেছি আপনারা বিরোধীপক্ষকে সুযোগ দেবার চেষ্টা করেছেন। আনি জানি পরিষদীয় গণতন্ত্রে তাঁদের অধিকার অনেকটা রয়েছে এবং সরকারের ভুল-ত্রুটি সরিয়ে দেবার অধিকার তাঁদের আছে এবং সমালোচনা করবার সুযোগও তাঁদের আছে, এ ব্যাপারে আপনারা তাঁদের যথাসম্ভব সুযোগ দিয়েছেন এবং দেখেছি তার জন্য অনেক সময় সরকারপক্ষের সদস্যরা ক্ষুব্ধ হয়েছেন আমাদের বিরোধীপক্ষের সহযোগিতা নিয়ে এবং তাদের কঠিন সমালোচনা নিয়ে কাজ করতে হবে একথা ঠিক, কিন্তু সেই সমালোচনার সুযোগ নিয়ে যদি এরকমভাবে কাজে বাধা সৃষ্টি করা হয় তাহলে সেটা দুর্ভাগ্যজনক। গত একমাস ধরে অনেক গুরুত্বপূর্ণ কাজ করবার সুযোগ এই সভায় আপনারা পেয়েছেন এবং আজকে সেই সভা শেষ হতে চলেছে। তবে আমার মনে একটা আতঙ্ক হচ্ছে যে সমস্ত দেশের পরিস্থিতি দেখে এবং এখানকার পরিস্থিতি দেখে।

সংশোধীয় গণতন্ত্রের সুযোগ নিয়ে সংখ্যালঘুরা সংখ্যাগুরুর উপর আধিপত্য করবেন এটা যদি বাইরে চালাবার চেষ্টা করেন তাহলে কিন্তু বিধানসভার মধ্যে এবং বাইরে জটিল পরিস্থিতির সৃষ্টি হবে। বিধানসভার আইন কানুনের মধ্যে এবং অনেক সময় আইন কানুন শিথিল তাঁদের যথাসম্ভব সুযোগ দেওয়া সত্বেও আমরা শেষের দিনের অধিবেশনে দেখলাম একটা দুঃখজনক পরিস্থিতির সৃষ্টি হয়েছে। যাই হোক আপনি এবং মাননীয় স্পীকার মহাশয় যাঁরা সভার কার্য্য পরিচালনা করেছেন তাঁদের নিরপেক্ষতার জন্য আমি তাঁদের আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

**শ্রীনির্মলকুমার বসু ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, একমাস অধিবেশন চলার পর আজকে বিধানসভার স্বল্পকালীন অধিবেশন শেষ হচ্ছে। পরিষদীয় মন্ত্রী যে কথা বললেন তাঁর সঙ্গে সুর মিলিয়ে আমিও বলতে চাই যে বিধানসভায় বিরোধীপক্ষ একটা গুরুত্বপূর্ণ অঙ্গ। আমাদের দেশে এই যে পার্লামেন্টারী সিস্টেম বর্ত্তমানে চলেছে এটা বিরোধীপক্ষ না থাকলে চলে না। বিরোধীপক্ষের সমালোচনা যদি গঠনমূলক হয় তাহলে সেটা সরকারকে সাহায্য করে এবং দেশে গণতন্ত্র প্রতিষ্ঠায় সেটা সহায়ক হয়।

[4-40—4-51 P.M.]

আমরা বিরোধী পক্ষের কাছে এই গঠনমূলক সমালোচনা চেয়েছি, কিন্তু দুর্ভাগ্যের কথা বিরোধী পক্ষ কিন্তু সব সময় গঠনমূলক দৃষ্টিভঙ্গী নিতে পারেন নি। অনেক সময় তাঁদের আচরণে বাধা সৃষ্টি করতে দেখা গেছে, অবশ্য বাধা সৃষ্টি অনেক সময়ে দরকার পড়ে বা সেটা দরকার, কিন্তু তাঁরা অনেক সময় মাত্রা ছাড়িয়ে গেছেন। কিন্তু তবু আপনি এবং মাননীয় অধ্যক্ষ মহাশয় অনেক সময় বিরোধীপক্ষকে সুযোগ সুবিধা বেশী দিয়েছেন এবং আমরা লক্ষ্য করেছি সরকারপক্ষের অনেকে তাতে ক্ষুব্ধ হয়েছেন। তবু আমি বলব এটা সব জায়গাতেই হয়, বৃটিশ হাউস অব কমন্স-এ হয়, আমাদের লোকসভাতেও হয়, স্পীকার এবং ডেপুটি স্পীকার বিরোধীপক্ষকে বেশী সুযোগ-সুবিধা দেন। তাঁদের কথা বলবার সুযোগ বেশী দেন। আমাদের এখানেও এটা আপনারা করেছেন, তার জন্য আপনাকে ধন্যবাদ জানাই, কৃতজ্ঞতা জানাই। তা সত্ত্বেও বিরোধীপক্ষ সন্তুষ্ট হলেন না এবং আজকের দিনে যে আচরণ করলেন, তার জন্য দুঃখিত, আমি আশা করি বিরোধীপক্ষ এটা বুঝতে পারবেন যে বিরোধীপক্ষ সমালোচনা করবেন ঠিকই কিন্তু সেই সমালোচনা করবেন নিয়ম-কানুনের মধ্য থেকে, তাঁদের কঠোর কথা বলতে হবে কিন্তু সেটা নিয়ম-কানুন ভঙ্গ করে নয়, যদি তারা রীতি বিরুদ্ধ কাজ করে তবে সেটা তাঁদের পক্ষে শোভন নয় এবং সেটা বিধানসভার কাজের পক্ষে ঠিক নয়। তাই আমি বিরোধীপক্ষের কাছে—যদিও কিছু সদস্য এখানে আছেন, যাঁরা অনুপস্থিত তাঁদের কাছে তাঁরা অনুপস্থিত থাকা সত্ত্বেও আপনার মাধ্যমে এই আবেদন জানাই যে তাঁরা অবস্থাটা বুঝতে পারবেন এবং পরবর্ত্তী অধিবেশনের সময় আমাদের সঙ্গে মিলিতভাবে, সরকারপক্ষের সঙ্গে মিলিতভাবে কাজ চালাতে হবে এবং আমরা এবং তাঁরা একটা জায়গায় এসে পৌছুতে পারব। আমি এবং অধ্যক্ষ মহাশয় যেভাবে

এই অধিবেশন চালিয়েছেন, তার জন্য ধন্যবাদ জানাই এবং এই অধিবেশন গুরুত্বপূর্ণ হয়ে থাকবে এই জন্য যে বিগত নির্বাচনের পরে এই অধিবেশনেই এতগুলি বিল আমরা পাশ করতে পারলাম এতে দেশের কাজকর্ম চালানোর পক্ষে সহায়ক হবে। আমি আপনাকে এবং অধ্যক্ষ মহাশয়কে আবার ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের এবারকার শীতকপালী অধিবেশন খুব অল্প সময়ের জন্য ডাকা হয়েছিল, যদিও এর সামনে অনেকগুলি গুরুত্বপূর্ণ কাজ ছিল। সেই গুরুত্বপূর্ণ কাজগুলি আমরা করেছি এবং এটা সম্ভব হয়েছে আপনি এবং মাননীয় অধ্যক্ষ মহাশয় সুষ্ঠুভাবে এই সভার কাজ পরিচালনা করেছেন বলে। অবশ্য আমি আপনাকে ধন্যবাদ দিতে উঠে বিরোধীপক্ষের আচরণ সম্পর্কে কোন কথা এখানে বলতে চাই না। তবে আমরা সকলেই যদি একটা কথা মনে রাখি, তাহলে বোধ হয়, এই পরিষদীয় ব্যবস্থা আমাদের দেশে যথাযথভাবে চলতে পারে। সেটা হচ্ছে এটা একটা নিয়ম নিগড়ে গড়া একটা খেলা—রুলস অব দি গেম, আপনি জানেন আপনি উপাধ্যক্ষ মহাশয় এট আমাদের মেনে চলতে হবে। সেটা আপনিও হোন্ অধ্যক্ষ মহাশয়ই হোক, আমরা ট্রেজারী বেঞ্চে যারা আছি তারাই হই বা ওঁরা যাঁরা বিরোধীপক্ষে বসে আছেন, তাঁরাই হোক, এই রুলস অব দি গেম সম্বন্ধে যদি সচেতন থাকি এবং থেকে সেটা মেনে চলেই এখানে দেশের বিভিন্ন রকম বড় বড় সমস্যায় যাতে দেশ ভুগছে, সেই সমস্যার হাত থেকে কি করে উদ্ধার পাওয়া যায়, সেই সম্পর্কে আলোচনা করে রাস্তা বার করবার চেষ্টা করি, তাহলে কিন্তু সুবিধা হবে। কিন্তু সেখানে যদি গেলমাল থাকে, আমরা এই ব্যাপারে সচেতন হয়ে ও অচেতন হই, ইচ্ছাকৃতভাবে, তাহলে তখন কিছু করার থাকবে না। সুতরাং এটা আমরা সকলেই আশা করি যে আপনি সেদিকে কঠোর হবেন। আপনিও হোক্, অধ্যক্ষ মহাশয়ই হোক্ অপোজিসানের হোন আর ট্রেজারী বেঞ্চেরই হোক্—যেই হোননা কেন, যে তরফেরই হোননা, রুলস অব দি গেমের বাইরে গেলে আপনাকে কঠোর হতেই হবে, তাছাড়া উপায় নাই। উপাধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ জানাই, অনেক ক্ষেত্রে আপনি আমাদের ইণ্ডালজেন্স দিয়েছেন, ওঁদেরও দিয়েছেন, ওঁরা একথা বলতে পারবেন না যে ইণ্ডালজেন্স এক তরফা দেওয়া হয়েছে। আপনি চেষ্টা করেছেন, যে ধরণের পরিস্থিতি হয়েছে, তার মোকাবিলা করেছেন। এবার দেখলাম নতুনভাবে যে ধরণের পরিস্থিতি এখানে উপস্থিত হয়েছে, আজকে পার্লামেন্টে দেখলাম, সেই ধরণের পরিস্থিতি সেখানেও উপস্থিত হয়েছে এবং মাননীয় অধ্যক্ষ মহাশয়কে তা ফেস করতে হচ্ছে এবং সোমবারে কি হবে জানিনা। অবশ্য কি হচ্ছে সারা দেশে, তারই কিছু কিছু ছবি ছোটখাট নাটকের মতো দেখি। যাই হোক না কেন, আমরা এই বিষয়ে আশ্বস্ত যে আপনারা সুষ্ঠভাবে কাজ পরিচালনা করেছেন এবং সেইজন্য আন্তরিকভাবে আমি আপনাকে এবং অধ্যক্ষ মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি।

**শ্রীবিমলানন্দ মুখার্জীঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে এবং আপনার

মারফত অধ্যক্ষ মহাশয়কে, বিধানসভার সমস্ত কর্মচারীকে ধন্যবাদ জ্ঞাপন করছি এবং খুব দুঃখের সঙ্গে যে কথাটা উপলব্ধি করেছি আপনার কাছে তা নিবেদন করতে চাই। হেমন্তকালীন অধিবেশন এক মাস পরে শেষ হতে চলেছে। এই বিধানসভায় বসে ব্যথিত হয়েছি, নিজেদের সম্পর্কে খুব উচ্চ ধারণা পোষণ করতে পারি নি। মনে হয়েছে, বইরের জগতে যে সংকটাপন্ন অর্থনৈতিক অবস্থা তা সারা দেশের ভিতরে সৌজন্যবোধ, শালিনতাবোধ, শৃঙ্খলা, গুরুত্বপূর্ণ গাম্ভীর্যময় আচরণ সমস্ত নষ্ট করে দিয়েছে। ভ্যালু অফ লাইফ বলে বোধ হয় কিছু নেই, তারই প্রতিফলন বোধ হয় বিধানসভায় দেখা যাচ্ছে। আলোচনা খুব দুঃখের সঙ্গে বলছি, খুব উচ্চ মানের নিজেরা লক্ষ্য করতে পারি নি এবং এটাও লক্ষ্য করেছি, আলোচনা যুক্তিপূর্ণ, পাণ্ডিত্যপূর্ণ না হয়ে কিছু বাগাড়ম্বর, কিছু উচ্ছ্বাস, কিছু গালমন্দ, কপটাচার, উত্তেজনা সৃষ্টি বোধ হয় সেগুলোই অনেকটা প্রাধান্য পায় এবং সংবাদপত্রেও সেগুলো ফলাও করে প্রকাশিত হয়। এটা বোধ হয় একই অস্বাস্থ্যের লক্ষণ, যে অস্বাস্থ্য সারা দেশে অর্থনৈতিক সংকটের কারণে জনজীবনে দেখা দিয়েছে। কিন্তু সরকার পক্ষ আমরা দেশের একটা সুস্থ ভবিষ্যৎ তৈরী করতে চাই। সুতরাং আমাদের আচরণে আদর্শ আচরণবোধ, কথাবার্তায় যুক্তি, শোভনতা, এগুলি যেন উপস্থিত থাকে। আমরা জানি বিরোধী পক্ষ কোণঠাসা হওয়ার ফলে তাদের আচরণ গত কয়েক বছরে যে চেহারায় দেখেছি বিধানসভাতেও তারা সেই চেহারা দেখাতে চাইছেন। আপনারা অধ্যক্ষ মহাশয় এবং মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যতদূর সম্ভব, এই অদ্ভুত অবস্থায়, এই ধরণের সঠিক আলোচনার বদলে যে বিপর্যয়কারী আলোচনা, যুক্তিহীন আলোচনা, ধ্বংসের আলোচনা, তাণ্ডব সৃষ্টির আলোচনা, গণ্ডগোল পাকানোর আলোচনা, সেগুলো যথাসম্ভব নিয়ন্ত্রণ করবার চেষ্টা করেছেন। কতটা সার্থক হয়েছেন, অজকের শেষ ঘটনাতেও তা বোঝা যাচ্ছে। আপনারা যতদূর সম্ভব নিরপেক্ষ থেকে চেষ্টা করেছেন বিধানসভার অধিবেশন সুষ্ঠুভাবে চালানোর জন্য। এজন্য ধন্যবাদ শুধু জানাই, সকলকেই ধন্যবাদ জানাই। এই অধিবেশনে যে ধরণের আলোচনা হয়েছে তা শুনে নিজেকে ধন্য মনে করতে পারছি না। যারা শ্রোতা এখানে আসেন, তারাও খুব যে প্রশংসা করতে পারছেন, খুব একটা ধন্য হচ্ছে, খুব যে প্রশংসা করতে পারছেন, এটাও নয়। এই ক্ষোভটা মনে রেখে আর একবার সকলকে ধন্যবাদ জানিয়ে শেষ করলাম আমার কথা।

**শ্রীদেবপ্রসাদ সরকার:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আজকে হাউস শেষ হয়ে যাচ্ছে। ইতিপূর্বে হাউস শেষ হবার সময়কালীন মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, চেয়ারম্যান মহোদয়দের হাউসকে নিরপেক্ষভাবে পরিচালনার জন্য ধন্যবাদ জানিয়েছি তাঁকে অভিনন্দন জানিয়েছি। কিন্তু ক্রমাগত হাউসের পরিবেশ যে জায়গায় চলে যাচ্ছে তাতে নিরপেক্ষভাবে পরিচালনার ক্ষেত্রে অধ্যক্ষের এবং উপাধ্যক্ষের উপর যে এক্সট্রা পার্লামেন্টারী প্রেসার আসছে সেটা হাউসের কাছে অত্যন্ত অবাঞ্ছিত ও দুঃখজনক একথা আমি বলতে বাধ্য হচ্ছি।

**Mr. Deputy Speaker :** The House stands adjourned sine die.

**Adjournment**

The House was a accordingly adjourned sine die at 4-51 P. m.

Note : The Assembly was subsequently prorogued with effect from the 19th December, 1978 of the Home(P.A) Government of West Bengal.

# INDEX TO THE
# West Bengal Legislative Assembly Proceedings

## ( OFFICIAL REPORT )

**VOL—69 No. 2** **Sixty Ninth Session**

**[ November-December 1978 ]**

( The 1st, 4th, 5th, 6th, 7th, 8th, 13th, 14th and the 15th December, 1978 )


**Abedin Dr. Zainal :**

Resolution regarding Unemployment Problem in India. pp 512-517

The Motor Vehicles (West Bengal Second Amendment) Bill, 1978. pp 725-726

The West Bengal Central Valuation Board Bill, 1978. pp 768-773

The West Bengal Fire Services (maintenance of Discipline) Repealing Bill, 1978. pp 755-756

The West Bengal Gambling and Prize Competitions (Amendment) Bill, 1978. p 50

The West Bengal Land ( Farm-Holding) Revenue Bill, 1978. pp 57-62

**Abdus Sattar, Shri :**

Mation Under Rule 185 regarding law and order situation in village Lakhidanga in the district of Birbhum. pp 86-89

The West Bengal Land (Farm-Holding) Revenue Bill, 1978. pp 67-68

The West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 8978. pp 49-50

**Abdul Hasan, Shri :**

Resolution regarding unemployment problem in India. pp 504-506, 507-509, 533-534

**Banerjee, Shri Amiya :**

The West Bengal Collage Service Commission Bill, 1978. pp 269-275

**Banerjee, Shri Benoy :**

The West Bengal Central Voluation Board Bill, 1978. pp 773-779

The West Bengal Gambling and Prize Competitions (Amendment) Bill, 8978. pp 489-492

**Banerjee, Shri Madhu :**

Resolution regarding unemployment porblem in India. pp 523-525

**Bapuli, Shri Satya Ranjan :**

The West Bengal Relief Undertakings (Special Provisions) (Amendment) Bill, 1978. pp 225-226

**Barman, Shri Kalipada :**

The West Bengal College Service Commission Bill, 1978. pp 258-259

**Basu, Shri Debiprosad :**

Motion under Rule 185 regarding law and order situation in village Lakhidanga in the district of Birbhum. pp 103-104

The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1978. pp 351-352

**Basu, Shri Jyoti :**

Mation Under Rule 185 regarding law and order situation in village Lakhidanga in the district of Birbhum. pp-105-108

The West Bengal Gambling and Prize Compititions (Amendment) Bill, 1978. pp 488-489, 501-504

**Basu Roy, Shri Sunil :**

Resolution regarding unemployment problem in India. pp-519-523

**Bera, Shri Sasabindu :**

The West Bengal Requisitioned Land ( Continuance of powers ) (Amendment) Bill, 1978 pp-666-668

**Bharati, Shri Haripada :**

Motion Under Rule 185 regarding Report of the Shah Commission. pp-117-121

The Calcutta Trmways Company (Acquisition of Undertaking) (Amendment) Bill, 1978. pp-733-736

The West Bengal College Service Commission Bill, 1978. pp 241-247

**Bhattacharya, Shri Kamal Krishna** :

The West Bengal Central Valuation Board Bill, 1978. pp 796-797

**Bhattacharyya, Dr. Kanailal** :

The West Bengal Relief Undertaking (Special Provisions) (Amendment) Bill, 1978. pp 221-223, 231-233

**Bhattacharya, Shri Nani** :

The Bengal Smoke-Nuisances (Amendment) Bill, 1978. pp 620-621, 625-626, 635-636

**Bhattacharyya, Shri Satyapada** :

Motion Under Rule 185 regarding law and order situation in village Lakhidanga in the district of Birbhum. pp 100-102

**Bill**

The Bangabasi Group of Colleges (Taking over Management) Bill, 1978 pp 853-869

The Bengal, Agra, and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1978. pp 178-182

The Bengal Legislative Assembly (Members Emoluments) (Amendment) Bill, 1978. pp 329-354

The Bengal Smoke-Nuisaeces (Amendment) Bill, 1978. pp 620-636

The Calcutta Tramways Company (Acqusition of Undertaking) (Amendment) Bill, 1978. pp 728-745

The Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1978. pp 188-190

The Motor Transport Workers (West Bengal Amendment) Bill, 1978. pp 427-447

The Motor Vehicles (West Bengal Secomd Amendment) Bill, 1978 pp 708-727

The Presidency Small Cause Courts ( West Bengal Amendment ) Bill 1978. pp 184-187

The West Bengal Bhudan Yagna (Amendment) Bill, 1978. pp 674-681

The West Bengal Central Valuation Board Bill, 1978. pp 763-801

The West Bengal College Service Commission Bill, 1978. pp 235-289

The West Bengal Fire Services (Maintenance of Discipline) Repealing Bill, 1978. pp 746-759

The West Bengal Gambling and Prize Competitions (Amandment) Bill, 1978. pp 488-504

The West Bengal Land (Farm-holding) Revenue Bill, 1978. pp 55-74

The West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1978. pp 657-665

The West Bengal Legislative Assembley Proceedings (Protection of Publication) Bill, 1978. pp 636-556

The West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill 1978. pp 46-54

The West Bengal Relief Uudertakings (Special Provisions) (Amendment) Bill, 1978. pp. 221-233

The West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1978. pp 665-674

**Biswas, Shri Jayanta Kumar :**

Motion Under Rule 185 regarding Report of the Shah Commission. pp 114-117, 130-131

Resolution regarding application of the West Bengal Land Reforms Act, 1956. pp. 555-557

Resolution regarding unemployment problem in India. pp 526-528

The Motor vehicles (West Bengal Second Amendment) Bill, 1978. pp 721-723

The West Bengal Legislative Assembly Proceeding (Protection of Publication) Bill, 1978. pp 648-650

**Biswas, Thri Kanti :**

Resolution regarding application of the West Bengal Land Reforms Act, 1956. pp 562-563

**Bose, Shri Ashoke Kumar :**

Motion Uuder Rule 185 regarding Law and Order situation in village Lakhidanga in the District of Birbhum. pp 92-95

**Bose, Shri Nirmal Kumar** :

Motion Under Rule 185 regarding law and order situation in village Lakhidanga in the district of Birbhum. pp 96-99

The Bangabasi Group of Colleges (Taking over the Management) Bill, 1978. pp 858-865

The West Bengal College Service Commission Bill, 1978. pp 251-255

The West Bengal Legislative Assembly Proceedings (Protection of Publication) Bill, 1978. pp 645-647

**Calling Attention**

Statement on high rent of LIG flats.
—Shri Jatin Chakraborty. pp 204-205

Statement on searcity of Kendu leaves.
—Shri Parimal Mitra. p 203

Statemrnt regarding Accident of a North Bengal State Transport Corporation Bus on the 1st December, 1978.
Shri Sibendra Narayan Chowdhury. pp 483-484

Statement regarding allegad forceful occupation of a Madical stop at Lankagarh—by Shri Jyoti Basu. pp 611-612

Statement regarding Asian Games 1972—by Shri Jatin Chakraborty. pp 481-482

Statement regarding attempt to murder of two lawyer
—by Shri Joyti Basu. pp 606-607

Statement regarding extention of service of the Doctors
—by Shri Bhabani Mukherjee. pp 849-851

Statement regarding modernisation and expansion of Bharat Opthalmic Glass Ltd. (B.O.G.L.) at Durgapur.
—Dr. Kanailal Bhattacharya. pp 411-413

Statement regarding seting up of 'Gana Adalat' in Dantan and Belda Police Stations, Midnapore.
—by Shri Jyoti Basu pp 482-483

**Chakraborti, Shri Subhas** :

Motion under Rule 185 regarding. Report of the Shah Commission. pp 121-122

**Chattarj Shri Suniti** :

The Calcutta Tramways Company (Acquisition of undertaking) (Amendment) Bill, 1978. pp 738-739

The Mator Transport Workers (West Bengal Amendment) Bill, 1978. pp 429-432

The Motor Vehicles (West Bengal Second Amendmeet) Bill, 1978. pp 716-718

The West Bengal Bhudan Yagna (Amendment) Bill, 1978. pp 678

The West Bengal Gambling and Prize competition (Amendment) Bill, 1978. pp 494-495

The West Bengal Land (Requisition and Acquisition) Bill, 1978. pp 661-662

The West Bengal Premises Requisition and con trol (Temparary Provisions) (Amendment) Bill, 1978. pp 50-52

**Chowdhury, Shri Biswanath** :

The Bangabasi Group of Colleges (Taking over the Management) Bill, 1978. pp 865-866

The Calcutta Tramways Company (Aquisition of undertaking) (Amendment) Bill, 1974. pp 742-743

**Chowdhury, Shri Benoy Krishna** :

The West Bengal Bhudan Yagna (Amendment) Bill, 1978. pp 674-675, 680

The West Bengal Land (Farm-Holding) Revenue Bill, 1978. pp 55-56, 68-71

The West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill 1978. pp 657-658, 663-664

The West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1978. pp 46-47, 52-53

The West Bengal Requisitions Land (Continuance of Powers) (Amendment) Bill, 1978. pp 665-666, 673-674

**Das, Shri Sandip** :

The Bengal Smoke-Nuisances (Amendment) Bill, 1978. pp 621-625

The West Bengal College Service Commission Bill, 1978. pp 238-239

The Motor Transport Workers (West Bengal Amendment) Bill, 1978. p 443

The Motor Vehicles (West Bengal Second Amendment) Bill, 1978. pp 720-721

**Das Mahapatra, Shri Balailal :**

The West Bengal Fire Services (Maintence of Discipline) Repealing Bill, 1978. pp 750-752

The Motor Transport Workers (West Bengal Amendment) Bill, 1978. pp 432-434

**Deb, Shri Saral :**

The West Bengal Bhudan Yagna (Amendment) Bill, 1978 p 679

The West Bengal Gambling and Prize Comptetions (Amendment) Bill, 1978. pp 498-500

**Deo Prakash Rai, Shri :**

The Bengal Legislative Assembly (Members' Emaluments) (Amendment) Bill, 1978. pp 339-340

**Dey, Shri Partha :**

Resolution regarding application of the West Bengal Land Report Act, 1956. pp 559-562

**Ghosh, Shri Krishnapada :**

The Motor Transport Workers (West Bengal Amendment) Bill, 1978. pp 427-428, 444-446

**Ghosh, Shri Nirmal Kanti :**

The West Bengal College Service Commission Bill, 1978. pp 255-257

**Ghosh, Shri Sambhu Charan :**

The Bangabasi Group of Colleges (Taking over the Management Bill, 1978. pp 853, 866-868

The West Bengal College Service Commission Bill, 1978. pp 235-237, 275-281

**Goppi, Sm. Aparajita :**

Motion under Rule 185 regarding Report of the Shah Commission. pp 122-125

The West Bengal Fire Services (Maintenance of Discipline) Repealing Bill, 1978. pp 756-757

**Goswami, Shri Subhas :**

Motion under Rule 185 regarding electrification of Kharagpur-Adra Railway line. pp 874-875

The West Bengal Gambling and Prize Competition (Amendment) Bill, 1978. pp 500-501

**Gupta, Shri, Jyatsna Kumar :**

The Motor Transport Workers (West Bengal Amendment) Bill, 1978. pp 439-440

**Habibur Rahman, Shri :**

Resolution regarding unemployment problem in India. pp 517-519

The Motor Vehicles (West Bengal Second Amendment) Bill, 1978. pp 714-716

The West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1978. pp 660-661

The Bengal Legislitive Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1978. pp 332-336

The West Bengal Relief undertaking (Special Provisions) (Amendment) Bill, 1978. p 225

**Halder, Shri Renupada :**

The Motor Transport Workers (West Bengal Amendment) Bill, 1978. pp 440-442

The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill 1978. p 350

**Hashim Abdul Halim Shri :**

Motion under Rule 185 regarding Report of the Shah Commission. pp 128-130

The Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1978. pp 178-179

The Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Second Amendment) Bill, 1978. pp 181-182-183

The Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1978. pp 188-189

The Presidency Small Cause Courts (West Bengal Amendment) Bill, 1978. pp 185-186

The West Bengal Legislative Assembly Proceedings (Protection of Publication) Bill, 1978. pp 644-645

**Hazra, Shri Sundar :**

Motion under Rule 185 regarding electrification of Kharagpur-Adra Railway line. pp 876-877

**Jana, Shri Haripada :**

Resolution regarding unemployment problem in India. pp 510-512

**Laying of Reports**

Presentation of the Annual Reports of the West Bengal Forest Development Corporotion Limited.

—by Shri Parimal Mitra. p 328

Presentation of the twenty-first Report of the Committee on Estimates, 1977-79.

—by Shri Rabin Mukherjee. p 484

The Annual Accounts and Administration Report of Durgapur State Transport Corporation for the year 1973-74.

—by Sibendra Narayan Chowdhury. p 708

The Report of the Sarma Sarkar Commission of Inquiry and the State Governments Memorandum theron.

—by Shri Jyoti Basu. p 853

**Mahanti, Shri Pradyot Kumar :**

The West Bengal Premises Requisition and Control (Temparay Provisions) (Amendment) Bill, 1978. pp 47-48

**Maitra, Shri Birendra Kumar :**

The Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1978. pp 179-180

The Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Second Amendment) Bill, 1978. pp 181-182, 183-184

The Presidency Small Cause Courts (West Bengal Amendment) Bill, 1978. pp 185-186

The West Bengal College Service Commission Bill, 1978. p 237

The West Bengal Land (Farm-Holding) Revenue Bill, 1978. p 64-67

The West Bengal Legislative Assembly proceeding (Protection of Publication) Bill, 1978. pp 639-642

The West Bengal Relief Undertakings (Special Provision) (Amendment) Bill, 1978. pp 223-225

**Maitra, Shri Kashikanta :**

Motion under Rule 185 regarding law and order situation in village Lakhidanga in the district of Birbhum. p 81-86

The West Bengal College Service Commission Bill, 1978. p 261-269

**Maity, Shri Bankim Behari :**

The West Bengal Bhundan Yagna (Amendment) Bill, 1978. pp 675-677

**Mandi, Shri Sambhu Nath :**

Motion under Rule 185 regarding electrification of Kharagpur-Adra Railway line. p 877

**Mention Cases**

pp 36-46, 163-178, 207-221, 318-327, 417-427, 484-487, 614-620

**Mitra, Dr. Ashoke :**

Resolution regarding unemployment problem in India. pp 531-533

**Mohommad Amin, Shri :**

The Calcutta Tramways Company (Acquisition of Undertaking) (Amendment) Bill, 1978. pp 728-754

The Motor Vehicles (West Bengal Second Amendment) Bill, 1978. pp 708-710, 713-714, 723-724, 726

**Mohammad Sohrab, Shri :**

The West Bengal College Service Commission Bill, 1978. pp 240-241

**Mondal, Shri Ganesh Chandra :**

The West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1978. p 673

**Mondal, Shri Subhendu :**

The West Bengal Land (Requisition and Acquisition) Bill, 1978. pp 662-663

**Motahar Hossain, Dr.**

Motion Under Rule 185 regarding law and order situation in village Lakhidanga in the district of Birbhum. pp 89-92

**Mantion Under Rule 185**

Regarding Law and Order situation in village Lakhidanga in the district of Birbhum. p 75

Regarding electrification of Kharagpur-Adra Railway line. pp 871-878

**Mukherjee, Dr. Ambarish :**

Motion Under Rule 185 regarding electrification of Kharagpur-Adra Railway line. pp 875-876

**Mukherjee, Shri Anil :**

Motion Under Rule 185 regarding electrification Kharagpur-Adra Railway line. pp 871, 877-878

Resolution regarding application of the West Bengal Land Reforms Act, 1956. pp 552-555

The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1978. pp 345-348

The Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1978. pp 189-190

The West Bengal Central Valuation Board Bill, pp 785-789

The West Bengal Relief Undertaking (Special Provisions) (Amendment) Bill, 1978. pp 227-229

The West Bengal Requisitioned Land (Continuance of powers) (Amendment) Bill, 1978. pp 671-673

**Mukherjee Shri, Bhabani :**

The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1978. pp 319-330 352

The West Bengal Legislative Assembly Proceedings (Protection of of publication) Bill, 1978. pp 636-639, 655

**Mukherjee, Shri Joykesh :**

The West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1978. p 671

**Mukherjee, Shree Mahadeb :**

The Motor Vehicles (West Bengal Second Amendment) Bill, 1978. pp 718-720

**Mukherjee, Niranjan :**

The Calcutta Tramways Company (Acquisition of Undertaking) (Amendment) Bill, 1978. pp 739-741

The Motor Transport Workers (West Bengal Amendment) Bill, 1978. pp 437-439

**Ojha, Shri Janmenjay :**

The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1978. pp 330-332

The Motor Vehicles (West Bengal Second Amendment) Bill, 1978. pp 710-713

The West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1978. pp 658-660

**Pathak, Shri Patit Paban :**

The West Bengal Central Valuation Board Bill, 1978. pp 781-785

The West Bengal Relief Undertaking (Special Provision) (Amendment) Bill, 1978. pp 226-227

Persentation of the Report of B. A. Committee 31st Report B. A. Committee.

By Mr. Speaker. p 102

Presentation of the 32nd Report of Business Advisory Committee.

By Mr. Speaker. pp 354-356

**Questions**

Construction of a sluice-gate—cum-road over the Pagla river in Birbhum District.

Dr. Motahar Hossain. p 835

Construction of a subsidiary Health Centre in Birbhum.

Dr. Motahar Hossain. p 371

Death of patients at Ranaghat sub-divisional Hospital.

By Shri Gour Chandra Kundu. p 575

Governing Body of Ranaghat Government Sponsored College.

By Shri Gour Chandra Kundu. pp 143-144

Site for Kalimpong College.

By Shrimati Renu Leena Subba. pp 146-147

অজমৎপুর গ্রামে কৃষিজমি চাষ নিয়ে সংঘর্ষ—শ্রীরাসবিহারী পাল। pp-466-468
অসাধু ব্যবসায়ীর শাস্তি—শ্রী রজনীকান্ত দলুই। pp-14-15
অসামাজিক কার্যকলাপ—শ্রী রজনীকান্ত দোলুই। pp-458-462
আঞ্চলিক পরিবহণ সংস্থায় বেসরকারী সদস্য মনোনয়ন—ডাঃ মোতাহার হোসেন— pp-372-373
আবাদযোগ্য জমিতে জলসেচ আওতায় আনয়ন—শ্রী সরল দেব। p-591
ইনজাংশনের অধীন সরকারে ন্যস্ত.জমি—শ্রী অনিল মুখার্জী। pp-579-580
উচ্চশিক্ষার্থে চিকিৎসকদের বিশেষ প্রেরণ—শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস। pp-837-838
এনকেফেলাইটিস রোগ—শ্রী প্রবোধচন্দ্র সিংহ। pp-588-589
এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে চাকুরি—ডাঃ মোতাহার হোসেন। pp-30-31
কলেজগুলিতে অধ্যক্ষের শূন্য পদ—শ্রী প্রবোধচন্দ্র সিংহ। pp-150-152
কর্মসংস্থান কেন্দ্রের মাধ্যমে সরকারি চাকরি—শ্রী কিরণময় নন্দ। p-32
কসবা এগরা পানীয় জল সরবরাহ প্রকল্প—শ্রী প্রবোধচন্দ্র সিংহ।—p-407
কড়ুই গ্রামের পার্টি অফিসে জনৈক ব্যক্তিকে আটকের সংখ্যা—শ্রী সামসুদ্দিন আহমেদ। p-469
কাটোয়া থানার আলমপুরে জোরপূর্বক ধানকাটার অভিযোগ—শ্রী সামসুদ্দিন আহমেদ। pp 470-471
কান্দী ও আরামবাগের বন্যা সম্পর্কে বিভ্রান্তিকর সংবাদ প্রচারের অভিযোগ—শ্রী সন্দীপ দাস। pp-300-304
কাঁথি ন্যাশনাল ফাইলেরিয়া কণ্ট্রোল পোগ্রাম ইউনিট—শ্রী ধীরেন্দ্রনাথ সরকার। pp-582-583
কাঁথি মহকুমার বিদ্যালয়হীন গ্রাম—শ্রী কিরণময় নন্দ। pp-833-834
কাঁথি সমুদ্র উপকূলে লবণ তৈরীর কারখানা—শ্রী জন্মেঞ্জয় ওঝা। pp-293-294
কালিন্দী নদীর উপর নেতাজী সেতুর উদ্বোধন—শ্রী শুভেন্দু কুমার চৌধুরী। p-826
ক্যারি প্যাকারের ক্রিকেট প্রদর্শনী—শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস। pp-825
কুশমণ্ডে—মহীপাল দীঘিতে টাঙ্গন নদীর উপর সেতু নির্মাণ—শ্রী ধীরেন্দ্রনাথ সরকার। pp-824
কুস্তার্ডর—রঘুনাথপুর রাস্তা নির্মাণ—শ্রী মহাদেব মুখার্জী। pp-824-825
কৃষি বিভাগে জয়েন্ট ডাইরেক্টর ও ডেপুটি ডাইরেক্টর—শ্রী বঙ্কিমবিহারী মাইতি। pp-845-846
কেলেঘাই পরিকল্পনায় ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের অর্থ মঞ্জুর—শ্রী জন্মেঞ্জয় ওঝা। pp-367-368
কেন্দ্রীয় পুনর্বাসন দপ্তরের বিলোপ—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস। pp-23-24
খেলাধূলায় পশ্চিমবঙ্গকে উন্নতকরণ—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস। pp-20-21

গড়িয়াহাটা এগ্রি মেকানিক্যাল ডিপার্টমেন্ট—শ্রী সরল দেব। pp-598-599

গ্রাম বৈদ্যুতিকরণ—শ্রী সুনীতি চট্টরাজ। pp-369-370

গ্রামবাংলার শান্তিশৃংখলা রক্ষার্থে অতিরিক্ত ফাঁড়ি প্রতিষ্ঠার পরিকল্পনা—শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস। p-470

গোকর্ণ ১নং গ্রামে খয়রাতি সাহায্য বণ্টন—শ্রী অতীশচন্দ্র সিংহ। pp-359-367

চণ্ডী নদী সংস্কার—শ্রী সন্দীপ দাস। p-28

চন্দ্রপুরায় ডি, ভি, সি'র টিউব লিকেজ—শ্রী সন্দীপ দাস। p—368

ছাতনা থানার ঝাঁটিপাহাড়িতে সাবসিডিয়ারী হেল্‌থ সেন্টার নির্মাণ—শ্রী সুভাষ গোস্বামী p-843

জপুর গ্রামে চাষীদের জলসরবরাহের পরিবর্তে বড় জোতের মালিকদের জমিতে জল সরবরাহের অভিযোগ—শ্রী সরল দেব। pp-575-576

জলপাইগুড়ি সদর ব্লক ও ময়নাগুড়ি ব্লকে সেচের জন্য নলকূপ—শ্রী তারকবন্ধু রায়। pp-596-597

জেলা স্কুল বোর্ড কর্তৃক শিক্ষক ও অন্যান্য কর্মচারী নিয়োগের পদ্ধতি—শ্রী হরিপদ জানা। pp-140-142

ঝাড়গ্রাম শহরে পৌরসভা গঠন—শ্রী রামচন্দ্র শতপথী। pp-406-407

টুটোমারী বাঁধ—শ্রী নাতুরাম রায়। p-297

তমলুকে বেসিক স্যাজের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়—শ্রী বঙ্কিমবিহারী মাইতি। pp-586-587

তসর শিল্প—শ্রী সুনীতি চট্টরাজ। pp-306-308

তারাপীঠে টুরিস্ট লজ নির্মাণের পরিকল্পনা—শ্রী শশাঙ্কশেখর মণ্ডল। p-31

তিলপাড়া ব্যারেজের অ্যাফ্লক্স বাঁধের ভাঙ্গনের ফলে ফসলের ক্ষতি—শ্রী শশাঙ্কশেখর মণ্ডল p-568

তিলপাড়া ব্যারেজের জলের বিপদসীমা—শ্রী কিরণময় নন্দ। pp-294-297

তিলপাড়া ব্যারেজের বাঁধের ভাঙ্গন—শ্রী অতীশচন্দ্র সিন্‌হা। pp-568 574

দাঁইহাট পৌরসভার প্রশাসক নিয়োগ—শ্রী সামসুদ্দীন আহম্মদ। pp-196-199

দাঁতন ১নং ব্লকের বন্যাবিধ্বস্ত গ্রামসমূহে পাইপের মাধ্যমে পানীয় জল সরবরাহ—শ্রী প্রদ্যোৎকুমার মহান্তি। pp-404-405

দুর্গাচক কলোনিতে পুনর্বাসনযোগ্য প্লট—শ্রী শিবনাথ দাস। pp-358-359

নওদা থানার ডাকবাংলো সংস্কার—শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস। p-196

নয়ঘাটে হুগলী নদীর উপর সেতু নির্মাণ—শ্রী প্রবোধচন্দ্র সিংহ। p-469

নারিকেলডাঙ্গা গার্লস স্কুলের প্রধান শিক্ষিকার পদচ্যুতি—শ্রী সন্দীপ দাস। p-28

ন্যায় পঞ্চায়েত গঠন—শ্রী শশাঙ্কশেখর মণ্ডল। pp-401-402

নিউজপ্রিন্ট কারখানা—শ্রী দীপক সেনগুপ্ত। pp-297-300

নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপন ও শিক্ষক নিয়োগ—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস। pp-156-159

পঞ্চায়েতের সরকার ন্যস্ত জমি বন্টন—শ্রী সুভাষ গোস্বামী। p 845

পশ্চিমবঙ্গ হইতে কেন্দ্রের রাজস্ব প্রাপ্তি—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস। pp-155-156

পশ্চিমবঙ্গে খুনের ঘটনা—শ্রী কিরণময় নন্দ। pp-464-465

পশ্চিমবঙ্গে গ্যাসটারবাইন স্থাপন—শ্রী রজনীকান্ত দলুই। pp-18-20

পশ্চিমবঙ্গে চৌকিদার ও দফাদারের শূন্য পদের সংখ্যা—শ্রীদেবনারায়ণ চক্রবর্তী। pp-193-195

প্রশিক্ষণ প্রাপ্ত কম্যুনিটি হেল্‌থ ওয়ার্কার্সের ভাতা—শ্রী সুভাষ গোস্বামী! p-32

পাঁউসী ও কালিনগর সেক্‌শনে স্লুইস গেট নির্মাণ—শ্রী কিরণময় নন্দ। p-27

পুনর্বাসন বিভাগের অধীন উৎপাদন কেন্দ্র—শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায়। pp-31-32

পুরুলিয়া-নন্দায়ান রাস্তায় সেতু নির্মাণ—শ্রী সুধাংশুশেখর মাঝি। pp-825-826

ফরাক্কায় সুপার থার্মাল পাওয়ার স্টেশন—শ্রী আতাহার রহমান। pp-22-23

বর্গাদারদের নাম রেকর্ডভূক্তিকরণ—শ্রী প্রবোধচন্দ্র সিংহ। pp-591-595

বন্যাকবলিত জেলাসমূহে চাষের জন্য বলদ, ট্রাক্টর ও বীজ সরবরাহ—শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস। pp-373-374

বন্যাকবলিত বাঁকুড়ার বিভিন্ন ব্লকে প্রদত্ত ত্রাণ সামগ্রির পরিমাণ—শ্রী সুভাষ গোস্বামী। pp-694-696

বন্যাত্রাণে বেসরকারী সেবা প্রতিষ্ঠান—শ্রী রজনীকান্ত দলুই! pp-835 837

বন্যাক্লিষ্ট রেশম চাষীদের সাহায্য—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস! pp-304-306

বহরমপুর শহরে কংগ্রেস ও ছাত্রপরিষদকে বিলিকৃত খাসজমি—শ্রী বীরেন্দ্রনারায়ণ রায়। pp-595-596

বঁড়শি কারখানা—শ্রী নবনী বউড়ী। p-598

বাগনান থানায় ত্রাণসামগ্রী ছিনতাই—শ্রী সন্দীপ দাস। pp-1-4

বালি অঞ্চলে চাষের জমি হইতে বালি তোলার ব্যবস্থা—শ্রী নাহুরাম রায়। pp-12-13

বারাসাত মহকুমায় ক্ষতিগ্রস্ত প্রান্তিক চাষীদের সার ও বীজ সরবরাহ—শ্রী সরল দেব pp-10-11

বারাসাত রবীন্দ্র ভবনে সংস্কার—শ্রী সরল দেব। p-139

বারাসাতে দেগঙ্গা ব্লকে কৃষিখাতের টাকা বন্টন—শ্রী সরল দেব। pp-17-18

বারাসাতে স্টেডিয়াম নির্মাণ—শ্রী সরল দেব। pp-21-22

বাঁকুড়া জেলায় ওন্দা থানায় ছিনতাই করা বন্দুক—শ্রী অনিল মুখার্জী। pp-831-832

বাঁকুড়া জেলায় চীনামাটি শিল্প স্থাপনের প্রস্তাব—শ্রী অনিল মুখার্জী। pp-311-312

বাঁকুড়ার কাশতোড়া ও রামচন্দ্রপুর স্বাস্থ্যকেন্দ্র—শ্রী নবনী বাউরী। p-848

বাঁকুড়ার শ্রীচন্দ্রপুর স্বাস্থ্যকেন্দ্র—শ্রীনবনী বাউরী। p-846

ব্যারাকপুর, বনগাঁ ও বারাসাত মহকুমার বিভিন্ন ব্লকে গৃহনির্মাণ বাবদ অর্থ মঞ্জুরে—শ্রী সরল দেব। pp-451-453

বিগত বিধানসভার সদস্য মিসায় গ্রেপ্তার—শ্রী অনিল মুখার্জী। p-832

বিদ্যালয় পরিদর্শকের শূন্য পদ—শ্রী শান্তনু চট্টোপাধ্যায়। pp-144-146

বীরভূম জেলার কানদীঘী গ্রামে হাসপাতাল নির্মাণ—শ্রী বীরেন্দ্রনারায়ণ রায়। pp-567-568

বীরভূম জেলায় নব-নির্মিত স্বাস্থ্য সাব-সেন্টারগুলির কার্যারম্ভ—ডাঃ মোতাহার হোসেন। p-373

বীরভূমে আংশিক রেশনের মাধ্যমে ডাল সরবরাহ—শ্রী শশাঙ্কশেখর মণ্ডল। pp-840-841

বীরভূমের নানুর থানায় সমাজবিরোধীর আক্রমণ।—শ্রী সুনীতি চট্টরাজ। p-10

বেকার ভাতা—শ্রী সুভাষ গোস্বামী। p 844

বেকারদের কর্মসংস্থান—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস। p-23

বেসরকারী প্রতিষ্ঠানের মাধ্যমে সরকারী রিলিফ দ্রব্য বন্টন—শ্রী মনোরঞ্জন হাজরা। pp-683-694

মধ্য কলিকাতায় আক্রান্ত জেলা কংগ্রেস সভাপতি—শ্রী সুনীতি চট্টরাজ। pp-399-400

ময়নাগুড়ি ব্লকে এগ্রিকালচারাল ইনপুটস লোন—শ্রী তারকবন্ধু রায়। pp-841-842

ময়নাগুড়ি ব্লক এলাকায় রিভার লিফটিং প্রকল্প—শ্রী তারকবন্ধু রায়। pp.583-584

ময়নাগুড়ি ব্লকে পশুচিকিৎসার ব্যবস্থা—শ্রী তারকবন্ধু রায়। p-140

মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদন—শ্রী সরল দেব। p-153

মাধ্যমিক বিদ্যালয়ে প্রশাসক নিয়োগ—শ্রী মহঃ সোহরাব। pp-147-150

মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের পদ্ধতি—শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস। pp-136-139

'মাদ্রাসা অলিয়া' প্রদত্ত 'আলিম,' 'ফাজিল' ডিগ্রীর মান—শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস। pp-135-136

মানবাজার—কুইলাপাল পর্যন্ত রাস্তা পাকাকরণ—শ্রী শুধাংশুশেখর মাঝি। pp-828-829

মালিয়াড়া জোড় প্রকল্প—শ্রী নবনী বাউরী। pp-310-311

মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে অর্জিত টাকা ও বন্টন—শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস। pp-827-828

মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে প্রাপ্ত সাহায্য—শ্রী দেবনারায়ণ চক্রবর্তী। p-399

মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে প্রাপ্ত সাহায্য ও সাহায্যকারীদের তালিকা—শ্রী দেবনারায়ণ চক্রবর্তী। pp-374-399

মুর্শিদাবাদে কানপুর বহুতালী সড়ক নির্মাণ—শ্রী মহঃ সোহরাব। p-468

মুর্শিদাবাদ জেলার পুর এলাকায় জমি জবরদখল—শ্রী দীনবন্ধু মাঝি। pp-191-193

মুর্শিদাবাদ জেলায় সংঘর্ষ, খুন ও জখমের ঘটনা—শ্রী বীরেন্দ্রনারায়ণ রায়।
pp-461-464

মুর্শিদাবাদে বৈদ্যুতিক তার চুরির জন্য বৈদ্যুতিক সঙ্কট—শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস।
p-471

মেজিয়া থানায় ক্ষুদ্র সেচ প্রকল্প—শ্রী নবীন বাউরী। pp-589-591

মেজিয়া শালতোড়া ( ভায়া কালিকাপুর, শালমা, বামুনতোড়, ইতুড়ি ) রাস্তা নির্মাণ—
শ্রী নবীন বাউড়ী। pp-469-470

মেডিক্যাল কলেজে পুজন দাসগুপ্তের মৃত্যু—শ্রী সুনীতি চট্টরাজ। pp-453-457

মেদিনীপুর জেলায় তাঁতশিল্পী—শ্রীরাসবিহারী পাল। pp-847-848

মেদিনীপুর জেলায় সিমেন্ট ডিলার—শ্রীরামচন্দ্র শতপথী। pp-405-406

মেদিনীপুরে বন্যায় ক্ষতিগ্রস্ত কাঁচা রাস্তা ও পুল—শ্রী প্রদ্যোৎ কুমার মহান্তি। p-404

মেদিনীপুরে বন্যায় ক্ষতিগ্রস্ত প্রাথমিক বিদ্যালয়—শ্রী প্রদ্যোৎ কুমার মহান্তি।
pp-403-404

মেদিনীপুরে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়—শ্রী প্রবোধচন্দ্র সিংহ। p-156

মেদিনীপুরে সরকারী রিলিফের আটা লুঠ—শ্রী সন্দীপ দাস। pp-4-7

রাজগঞ্জ চাউলহাটি পর্যন্ত পাকা রাস্তা—শ্রী ধীরেন্দ্রনাথ রায়। pp-826-827

রাজ্য বিদ্যুৎ পর্ষদের কর্মচারীদের ধর্মঘট—ডাঃ মোতাহার হোসেন। p-30

রাজ্য সরকারের অধীন কর্মচারিদের বদলির নীতি—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস। pp-465-466

রাজ্য সরকারের বিভিন্ন সংস্থা ও রাষ্ট্রীয় কর্পোরেশনগুলিতে কর্মচারী নিয়োগ—
শ্রী দীপক সেনগুপ্ত। p-834

রাজ্যের প্রতি থানায় তথ্য ও সাংস্কৃতিক বিষয়ক দপ্তর খোলার পরিকল্পনা—
শ্রী নবীন বাউড়ী। p-599

রানীগঞ্জ কোল্ডফিল্ড ওয়াটার সাপ্লাই স্কীম—শ্রী সুনীল বসু রায়। p-597

রামপুরহাট থানা এলাকায় গ্রামীন গ্রন্থাগার—শ্রীশশাঙ্কশেখর মণ্ডল। pp-400-401

রামপুরহাট উপ-কারাগার—শ্রী শশাঙ্কশেখর মণ্ডল। p-400

রামপুরহাট থানা এলাকায় রাসায়নিক সারের অভাব—শ্রী শশাঙ্কশেখর মণ্ডল। p-579

রামপুরহাট থানার বন্যায় ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের অনুদান ও ঋণ প্রদান—
শ্রী শশাঙ্কশেখর মণ্ডল p-370

রামপুরহাট মহকুমার বিদ্যুৎ সরবরাহ—শ্রী শশাঙ্কশেখর মণ্ডল। pp-11-12

রামপুরহাট মহকুমায় স্টেডিয়াম নির্মাণ—ডাঃ মোতাহার হোসেন। pp-371-372

রামপুরহাট মহাবিদ্যালয়ের অধ্যক্ষের শূন্য পদ—শ্রী শশাঙ্কশেখর মণ্ডল। p-54

রামপুরহাটে পশুচিকিৎসা কেন্দ্র—শ্রী শশাঙ্কশেখর মণ্ডল। p-841

রামপুরহাটে শ্রমিকদের ট্রেড ইউনিয়ন-এর অধিকার – শ্রী শশাঙ্কশেখর মণ্ডল। pp-370-371

লোডশেডিং-এর ফলে শ্রমদিবস অপচয়—শ্রী কিরণময় নন্দ। pp-27-28

শস্য বীমা—শ্রী দীপক সেনগুপ্ত। pp-580-582

শালতোড়া ও মেজিয়া থানায় দামোদর নদীর উপর নদীজলোত্তোলন প্রকল্প—শ্রী নবীন বাউড়ী। pp-597-598

শালতোড়া থানা এলাকার সেচ প্রকল্প—শ্রী নবনী বাউড়ী। p-315

"শিশু উদ্যান" নির্মাণ—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস। pp-199-200

শিক্ষণ শিক্ষা ( বি এড ) সম্প্রসারণ—শ্রী শশাঙ্কশেখর মণ্ডল। p-401

শুশুনিয়া পাহাড়ের পাদদেশে বাড়ি নির্মাণ—শ্রী সুভাষ গোস্বামী। p-845

সরকার বনাম শ্রীহাসিম আবদুল হালিম কেস—শ্রী বীরেন্দ্রনারায়ণ রায়। p-830

"সরকারী ক্রীড়া উন্নয়ন সংস্থা গঠন—শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস। Pp-15-16

স্মল ইনডাস্ট্রিজ কর্তৃক কোক ক্রয়-বিক্রয়—শ্রী দিলীপ মজুমদার। pp-838-840

সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়—শ্রীজন্মেজয় ওঝা pp-24-26

স্বাস্থ্য বিভাগের কর্মচারী বদলি—শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস। Pp-832

সি, এম, ডি, এর চারজন ইঞ্জিনিয়ারের কাজ থেকে অব্যাহতি—শ্রী ধীরেন্দ্রনাথ সরকার। pp-829-830

সিজিমারী নদীর ধারে বাঁধ দেওয়ার পরিকল্পনা—শ্রী দীপক সেনগুপ্ত। pp-574-575

সুবর্ণরেখা নদীর বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প —প্রবোধচন্দ্র সিংহ। pp-308-310

হলদিয়া পেট্রো-কেমিক্যাল কারখানা—শ্রী কিরণময় নন্দ। pp-576-579

হরিণঘাটা দুগ্ধ প্রকল্পে গাভী ও বাছুরের মৃত্যু—শ্রী সরল দেব। pp-402-403

হলদিয়ায় পেট্রো কেমিক্যাল ও অন্যান্য শিল্প স্থাপন—শ্রী শিবনাথ দাস। pp-584-586

হুগলী জেলায় উপ-স্বাস্থ্যকেন্দ্র—শ্রী দেবনারায়ণ চক্রবর্ত্তী। pp-29-30

হুগলী জেলায় নৈশ বিদ্যালয়—শ্রী দেবনারায়ণ চক্রবর্ত্তী। pp-133-135

হুগলী জেলায় রুর‍্যাল লাইব্রেরি—শ্রী দেবনারায়ণ চক্রবর্ত্তী। p-369

হোমগার্ড—শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস। pp-7-9

২৪ পরগণা জেলায় খুনের ঘটনা—শ্রী সরল দেব। pp-457-458

২৪ পরগণার মধ্যমগ্রাম উচ্চ বিদ্যালয়ে প্রশাসক নিয়োগ—শ্রী সরল দেব। p-159

১৯৭৮ সালে নূতন মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদন—শ্রী সুভাষ গোস্বামী। pp-152-153

**Ray, Shri Deo Prakash :**

The Motor Transport Workers ( West Bengal Amendment ) Bill, 1978 pp-434-436

**Ramjan Ali, Shri :**

The West Bengal Relief Undertakings ( Special Provisions ) ( Amendment ) Bill, 1978 pp-230-231

**Ray, Shri Achintya Krishna :**

Motion under Rule 185 regarding electrification of Khargpur— Adra Railway line. pp-873-874

The West Bengal College Service Commission Bill, 1978 pp 247-249

**Ray, Shri Naba Kumar :**

The Bengal Legislative Assembly ( Members' Emoluments ) ( Amendment ) Bill, 1978 pp-336-338

**Ray, Shri Amalendra :**

The West Bengal Relief Undertakings ( Special Provisions ) ( Amendment ) Bill, 1978 pp-229-230

**Ray, Shri Hemanta Kumar :**

Resolution regarding application of the West Bengal Land Reforms Act, 1966 pp-549-652

**Ray, Shri Krishna Das :**

Resolution regarding application of the West Bengal Land Reform Act, 1956, pp-547-549

The West Bengal Legislative Assembly proceedings ( Protection of Publication ) Bill, 1978 pp-642-643

**Ray, Shri Matish**

The West Bengal Central Valuation Board Bill, 1978 pp 793-796

**Ray, Shri Tarak Bandhu :**

The Bengal Smoke nuisances ( Amendment ) Bill, 1978 pp 634-635

**Saha, Shri Jamini Bhusan :**

The Bengal Smoke Nuisances ( Amendment ) Bill, 1978 pp 631-632

**Sen, Shri Deb Ranjan :**

The Bengal Smoke Nuisances ( Amendment ) Bill, 1978 pp 632-634

The Calcutta Tramways Company Acquisition of Undertaking ( Amendment ) Bill, 1978 pp 741 742

**Sengupta, Shri Prabir :**

The West Bengal Gambling and Prize Competition ( Amendment ) Bill, 1978 pp 495-497

Statement under Rule 346—Statement regarding alleged attack on Shilpashram, Purulia—by Shri Jyoti Basu pp 612-614

Statement regarding alleged of a member of Panchayat in Nakashipara Police station, District Nadia —Shri Jyoti Basu pp 206-207

Statement regarding birth of "Test Tube Baby by Shri Nani Bhattacharyya pp 609-610

Statement regarding detoriation of Law and order situation —by Shri Jyoti Basu pp 607-608

Statement regarding an intident at Alinagar village, District – Malda pp 698-701

Statement—regarding killing of a female farmer in Gun firing by Shri Jyoti Basu pp 852

Statement—regarding rise of price of wheat – Shri Sudhin Kumar pp 205-206

Statement—regarding taking over of Birla College of Science and Education by the Government of West Bengal. —Shri Sambhu Charan Ghosh pp 413-414

**Sarkar, Shri Debaprasad :**

Motion under Rule 185 regarding law and order situation in village Lakhidanga in the district of Birbhum. pp 104 105

Motion under rule 185 regarding Report of the Shah Commission. pp 125-128

Resolution regarding application of the West Bengal Land Reforms Act, 1956. pp 557-558

Resolution regarding unemployment problem in India. pp 528-531

The Bangabasi Group of Colleges (Taking over the Management) Bill, 1978. pp 855-858

The West Bengal College Service Commission Bill, 1978 pp 259-261

The West Bengal Legislative Assembly Proceedings (Protection of Publication) Bill, 1978 pp 643-644, 653-655

**Sarkar, Shri Dhirendranath :**

The West Bengal Legislative Assembly Proceedings (Protection of Publication) Bill, 1978 pp 643-644

**Shri Shamsuddin Ahmed :**

The Bengal Smoke Nuisances (Amendment) Bill, 1978 pp 626-627

The Calcutta Tramways Company (Acquisition of Undertaking) (Amendment) Bill, 1978 pp 736-738

The West Bengal College Service Commission Bill, 1978
pp 239-240, 249-251

The West Bengal Gambling and Prize Competitions (Amendment)
Bill, 1978 pp 492-494

**Sheikh Imajuddin, Shri**

The Motor Transport Workers (West Bengal Amendment)
Bill, 1978 pp 428-429

The West Bengal Bhudan Yagna (Amendment)
Bill, 1978 pp 577-678

The West Bengal Fire Services (Maintenance of Discipline)
Repealing Bill, 1878 pp 752 754

The West Bengal Requisitioned Land (Continuance of Powers)
(Amendment) Bill, 1978 pp 669-671

**Sinha Shri Atish Chandra :**

Motion under Rule 185 regarding law and order situation in village
Lakhidanga in the district of Birbhum pp 75-81, 109-111

The Bengal Smoke-Nuisances (Amendment) Bill. 1978 pp 627-630

Resolution regarding application of the West Bengal Land Reforms
Act, 1956. pp 538-543. 563-564

**Singha, Shri Probodh Chaudra :**

Resolution regarding application of the West Bengal Lane Reforms
Act, 1956 pp 543-547

**Sur, Shri Prasanta Kumar :**

The West Bengal Central Valuation Board Bill, 1978
pp 763-766, 797-800

The West Bengal Fire Services (Maintenance of Discipline)
Repealing Bill, 1978 pp 746-747, 758-759

**Tirkey Shri Manohar :**

The Bengal Legislature Assembly (Members' Emoluments)
(Amendment) Bill, 1978 pp 348-350

*Printed at*
**BASUMATI CORPORATION LIMITED**
(A GOVERNMENT OF WEST BENGAL UNDERTAKING)
166 Bipin Behari Ganguly Street,
Calcutta - 700012